Barcode - 4990010123337
Title - Bengal Legislative Assembly Proceedings (1997) vol.109, no. 4
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 720
Publication Year - 1997
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 123337

Vol. 109 No—IV

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and Ninth Session

(January to July, 1997)

(The 6th, 10th, 11th, 12th, 13th, 16th, 17th, 18th & 19th June 1997)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 150/-

Vol. 109 No—IV

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and Ninth Session

(January to July, 1997)

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc No 16392
Dated 4.9.2001
Call No 328.(DL)/v 109 No iv (97)
Price Rs. 15/-

(The 6th, 10th, 11th, 12th, ~~13th, 16th, 17th, 18th &~~ 19th June 1997)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

328BL 1.109 NON (197)

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor

## SHRI K.V. RAGHUNATHA REDDY

## Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister, Minister-in-charge of Home (Excluding Police) Department. Hill Affairs Deptt.
2. Shri Buddhadeb Bhattacharjee, Minister-in-charge of Home (Police) Department, Information & Cultural Affairs Department.
3. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge of Land and Land Reforms Department, Rural Development Department & Panchayat Department.
4. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department, Development & Planning Department and Excise Department.
5. Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Power Department and Science & Techonology Department.
6. Shri Santi Ghatak, Minister-in-charge of Labour (excluding Employment & ESI) Department.
7. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Transport Department, & Sports Department.
8. Shri Mohammad Amin, Minister-in-charge of Deptts. of Minority Affairs, Wakf & Urdu Academy and Haj.
9. Shri Kanti Biswas, Minister-in-charge of Department of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation.
10. Shri Gautam Deb, Minister-in-charge of Department of Housing and Public Health Engineering.
11. Shri Partha De, Minister-in-charge of Department of Health & Family Welfare.
12. Shri Bidyut Ganguly, Minister-in-charge of Commerce & Industries Department.
13. Shri Satyasadhan Chakraborty, Minister-in-charge of Department of Higher Education.
14. Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Food processing, Horticulture and Sundarban Affairs Department.
15. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of S.C., S.T. & OBC Welfare

16. Smt. Chhaya Bera, Minister-in-charge of Department of Self Employment Generation Programmes (Urban) & Employment Exchange & ESI

17. Shri Asok Bhattacharya, Minister-in-charge of Department of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning.

18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of Department of Youth Services, Environment and Tourism

19. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Co-operation.

20. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Agriculture Department (excluding Horticulture)

21. Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Irrigation & Waterways Department.

22. Shri Kshiti Goswami, Minister-in-charge of Public Works Department.

23. Shri Nanda Gopal Bhattacherjee, Minister-in-charge of Water Investigation and Development Department.

24. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Fisheries Department.

25. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Department.

26. Shri Upen Kisku, Minister of State for S.C.S.T. and OBC Welfare Department

27. Shri Pratim Chatterjee, Minister of State for Department of Fire Services.

28. Shri Mrinal Banerjee, Minister-in-charge of Department of Public Undertakings & Industrial Reconstruction.

29. Shri Pralay Talukdar, Minister-in-charge of Cottage & Small Scale Industries Department.

30. Shri Bansa Gopal Choudhury, Minister-in-charge of Department of Technical Education & Training

31. Shri Anisur Rahaman, Minister-in-charge of Animal Resources Development Department.

32. Shri Nisith Adhikary, Minister-in-charge of Law and Judicial Department.

33. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge of Forests Department.

34. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department.

35. Shri Birendra Kumar Maitra, Minister-in-charge of Agriculture Marketing Department

36. Shri Satya Ranjan Mahata, Minister-in-charge of Relief Department.

37. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Social Welfare & Jails Department.

38. Smt. Anju Kar, Minister of State of Mass Education Extention Department.

39. Shri Maheswar Murmu, Minister of State of Special Tribal Areas Development including Jhargram Affairs Department.

40. Shri Nimai Mal, Minister of State Department of Library Services.

41. Dr. Shrikumar Mukherjee, Minister of State of Civil Defence Department.

42. Shri Kamalendu Sanyal, Minister of State of Land & Land Reforms, Panchayats and Rural Development Department.

43. Shri Susanta Ghosh, Minister of State of Transport Department.

44. Smt. Minati Ghosh, Minister of State of Health & Family Welfare Department.

45. Smt. Bilasi Bala Sahis, Minister of State of Forests Department.

46. Shri Ganesh Mondal, Minister of State of Irrigations & Waterways Department.

47. Shri Monohar Tirkey, Minister of State of Public Works Department.

48. Shri Dhiren Sen, Minister of State of Excise Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

## SECRETARIAT

**Secretary : Shri Sudhangshu Ranjan Chattopadhyaya**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdul Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
4. Abu-Ayes Mondal, Shri (278-Manteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri, (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharjee, Shri Maniklal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nisith (270-Burdwan North—Burdwan)
11. Akbor Ali Khandoker, Shri (178-Chanditala—Hooghly)
12. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
13. Ankure, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]
14. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
15. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
16. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
17. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
18. Bagdi, Shri Natabar [241 - Raghunathpur (SC)—Purulia]
19. Bakshi, Shri Sanjoy (142- Jorabagan—Calcutta)
20. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
21. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Calcutta)
22. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
23. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
24. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)
25. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I—Burdwan)
26. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Calcutta)
27. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)
28. Banerjee, Tapas (260-Asansol—Burdwan)
29. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Midnapore)

## *Alphabetical List of Names of Members of the* West Bengal Legislative Assembly

30. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
31. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)—Jalpaiguri]
32. Basu, Shri Baren (87-Habra—North 24-Parganas)
33. Basu, Dr. Hoimi (149-Rash Behari Avenue—Calcutta)
34. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
38. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)
39. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24 Parganas)
42. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)
43. Bhattacharjee, Shri Sudhir (118-Falta—South 24 Parganas)
44. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
45. Biswas, Shri Ananda Kumar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
46. Biswas, Shri Binay Krishna [80-Ranaghat East (SC)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Jayanta Kumar (61 - Nadia - Murshidabad)
49. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
50. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
51. Biswas, Shri Kanti [89-Sandeshkhali (SC)—North 24-Parganas]
52. Biswas, Shri Shashanka Shekhor [79-Hanskhali (SC)—Nadia]
53. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
54. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)
55. Bose, Shri Shyama Prosad (271-Burdwan South—Burdwan)
56. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
57. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Gautam (46-Englishbazar—Malda)
60. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
61. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)
62. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)
63. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)
64. Chattopadhyay, Shri Sobhan Deb (104-Baruipur—South 24-Parganas)
65. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)
66. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)
67. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)
68. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)
69. Choudhuri, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Ranigunj—Burdwan)
71. Chowdhary, Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)
73. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankura)
74. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)
75. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
77. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC)—Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Shibprasad (272-Khandaghosh (SC)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC)—Birbhum]
81. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
82. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)—North Dinajpur]
83. Das, Shri Nirmal (12-Alipurduar—Jalpaiguri)
84. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC)—Murshidabad]
85. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]
86. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

87. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
88. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
89. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
90. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
91. Das, Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)
92. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)
93. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)
94. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)
95. De, Shri Ajoy (78-Santipur—Nadia)
96. De, Shri Partha (251-Bankura—Bankura)
97. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24 Parganas)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
99. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)
100. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)
101. Dey, Shrimati Ibha (177-Jangipara—Hooghly)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
104. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
105. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
106. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)
107. Dutta, Shri Himagshu (279-Purbasthali—Burdwan)
108. Duta, Shri Sabuj (173-Bagnan—Howrah)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Ganguly, Shrimati Kanika (161-Bally—Howrah)
111. Ganguly, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
112. Gayen, Shri Nripen [199-Hingalganj (SC)—North 24-Parganas]
113. Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
114. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
115. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

116. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Paganas)
117. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)
118. Ghosh, Shri Rabinda (171-Uluberia South—Howrah)
119. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
120. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
121. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)
122. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
123. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
124. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)
125. Goswami, Shri Subhas (284-Chhatna—Bankura)
126. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
127. Gulsan Mullick, Shri (168-Panchla—Howrah)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
130. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)
131. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore]
132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Samar [274-Jamalpur (SC)—Burdwan]
134. Hembram, Shrimati Deblina [246-Ranibandh (ST)—Bankura]
135. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]
136. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST)—Malda]
137. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)
138. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
139. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)
140. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
141. Idrish Mondal, Shri (269-Golsi—Burdwan)
142. Kabi, Shri Pelab (262-Jumuria—Burdwan)
143. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)
144. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
145. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

146. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
147. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)
148. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia]
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]
151. Kujur, Shri Sushil [14-Madarihat (ST)—Jalpaiguri]
152. Kundu, Shri Ranji (129-Naihati—North 24-Parganas)
153. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)
155. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum]
156. M. Ansar Uddin, Shri (167-Jagatballavpur—Howrah)
157. Mahammuddin, Shri (27-Chopra—North Dinajpur)
158. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
159. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Khagendranath (222-Salbani—Midnapore)
162. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
163. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
164. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)
165. Maikap, Shri Chakradhar (210-Contai North—Midnapore)
166. Mainul Haque, Shri (50-Farakka—Murshidabad)
167. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]
168. Maitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)
169. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]
170. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]
171. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]
172. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]
173. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly]
175. Mallik, Shrimati Sadhana (281-Mangalkot—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

176. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
177. Mondal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Mandal, Dr. Ram Chandra [290-Khajuri (SC)—Midnapore]
181. Mandal, Shri Ram Prabesh (47-Manikchak—Malda)
182. Mandal, Shri Subhas (286-Bhatar—Burdwan)
183. Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]
184. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]
185. Md. Fazle Haque, Dr. (6-Sitai—Cooch Behar)
186. Md. Sohrab, Shri (52-Suti—Murshidabad)
187. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
188. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
189. Minj, Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]
190. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
191. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapur)
192. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas]
193. Mitra, Shri Asit (174-Kalyanpur—Howrah)
194. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
195. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
196. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
197. Mohammad Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)
198. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
200. Mondal, Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]
201. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
202. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
203. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
204. Mozammel Haque, Shri (58-Murshidabad—Murshidabad)
205. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)

Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)

Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)

Mukherjee, Shri Kamal (182-Chandanagore—Hooghly)

Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)

Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)

Mukherjee, Shri Narayan (95-Basirhat—North Parganas)

Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)

Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)

Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)

Mukherjee, Shri Samar (43-Ratua—Malda)

Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)

Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)

Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Calcutta)

Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Daspur—Midnapore)

Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]

Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]

Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]

Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)

Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)

Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)

Naskar, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)

Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]

Nath, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)

Nazmul Haque, Shri, (225-Kharagpur Rural—Midnapore)

Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]

Paik, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]

Paik, Shrimati Sakuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]

Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

235. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
236. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)
237. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
238. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
239. Paul, Shrimati Maya Rani (63-Berhampore—Mushidabad)
240. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)
241. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
242. Pramanik, Shri Sudhir [2-Setalkuchi (SC)—Cooch Behar]
243. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South Parganas]
244. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24 Parganas)
245. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
246. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)
247. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)
248. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
249. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
250. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
251. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Banamali [15-Dhupguri (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
254. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
255. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas)
256. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
257. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
258. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—Malda]
259. Roy, Shri Ramesh [1-Mekliganj (SC)—Cooch Behar]
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)
262. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24-Parganas)
263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

265. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]
266. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC)—Purulia]
267. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)
268. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)
269. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
270. Saren, Shri Subhas Chandra [299-Nayagram (ST)—Midnapore]
271. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24 Parganas)
272. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—South 24 Parganas)
276. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbor—South 24-Parganas)
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)
281. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)
282. Sinha, Shri Anay Gopal (131-Jagatdal—North 24-Parganas)
283. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
284. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—South 24-Parganas]
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra-Midnapore)
287. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]
289. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Monohar [11-Kalchini (ST)—Jalpaiguri]
292. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]
293. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24 Parganas)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 6th June, 1997 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 20 Ministers, 7 Ministers of State and 125 Members.

[11-00 — 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble members, before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Ex-members of this Legislative and Parliament and other personalities in the Social, Political and Cultural spheres who passed away after the last sitting of the House.

**Smt. Renuka Roy :** Former State Minister breathed her last in April, 10, 1997 at SSKM hospital, Calcutta after a prolonged illness. She was 94.

Smt. Ray was born on January 4, 1903 at Calcutta. She had her education at Loretto House School, Dioessan College, Calcutta and London School of Economics. Her political career started in 1920 with her participation in non-cooperation movement. She worked as a volunteer in Sabarmati Ashram and become famous through Gandhiji's village reconstruction scheme. In 1935 she became a member of AICC. She was a member of Central Legislative Assembly from 1943 to 1946. She was also a member of Constituent Assembly. She was elected to the West Bengal Legislative Assembly in 1952 and held the portfolio of Minister-in-charge of the Department of Refugee, Relief and Rehabilitation in the State Cabinet led by Dr. Bidhan Chandra Roy. She was elected a member of Lok Sabha from Malda Parliamentary Constituency first in 1957 and then in 1962. She was a member of Central Board of Education, Governing body of Viswa Bharati, Estimates Committee of Parliament, Familly Planning Board, Central Silk Board. She was the President of Consumer's Action forum and All India Women's Conferance and was the Chairperson of School Health Committee under Ministry of Health. She was one of the members of the Indian Delegation to the U.N. General Assembly in 1949. She wrote a number of books on the

subject of welfare of Women. She was a vrelentless fighter for women's right and delivered a number of speeches in different countries on the topics of women's right.

At the demise of Smt. Ray the State has lost a veteran freedom fighters, a dedicated social worker and an able administrator.

**Shri Kamakshya Charan Ghosh** : former member of the West Bengal Legislative Assembly breathed his last on April 20, 1997 following a protracted illness. He was 81.

Shri Ghosh was born on the 4th April, 1916 at Midnapore. While a school student he joined Bengal Volunteers Group in 1928 under the influence of the famous revolutionary saheed Dinesh Gupta. In 1933 when he was a 2nd year college student he was arrested in connection with the murder cases of Mr. Burge, the then district Magistrate, Midnapore. He was spared from death sentence for this tender age but was sentenced to transportation for life and exiled to the Andamans. After this release from Andaman in 1946 he was attracted by Marxism, Leninism and became a member of Communist Party of India. When the Party was banned, he had again suffered imprisonment during the period from 1949 to 1952. He was mainly associated with Kisan Trade Unionism and led a number of Trade Union as well as mass movements like transport Workers movement, Bengal-Bihar anti merger movement, Goa Liberation movement and Food movement from the Front. He was the Secretary of Midnapore district Committee of Communist Party of India from 1969 to 1980. He was the Chairman of State's Control Commission of his party and was associated with World Peace Organisation for a brief period.

He was elected a member of the West Bengal Legislative Assembly first in 1967 and then in 1969, 1981, 1982, 1987 and 1991 from Midnapore Assembly Constituency as a CPI candidate.

At the demise Shri Ghosh the state has lost a freedom fighter and a veteran Political and peasant leader.

**Shri Biswanath Chakraborty** : former member of the West Bengal Legislative Assembly breathed his last on the 20th May, 1997 following a cardiac arrest. He was 65.

Shri Chakraborty was born on the 31st October, 1932 at Lodna in Bihar. He had his education at Hariaha High School, Bangabasi College, Ashutosh College, and Calcutta University. He started his career first

as a lecturer and thereafter became the head of the Department of Bengali at Bangabasi College. He was reputed as a good educationist. He was a member of the General Council of West Bengal College and University Teachers' Association besides the President and Secretary of number of academic institutions. He was a commissioner of South Sub urban Municipality (Behala) also. He joined Communist Party of India in 1954. Apart from politic he possessed keen interest in literature and contributed several essays on literary and political subjects.

He was elected a member of the West Bengal Legislative Assembly in 1972 from Behala West Assembly Constituency as a candidate of the Communist Party of India.

At the demise of Shri Chakraborty the state has lost an educationist as well as a veteran political leader.

**Shri Trilochan Das :** Former member of the West Bengal Lagislative Assembly breathed his last on April 11, 1997. He was 50.

Shri Das was born on the 6th November, 1947 at Dharampur, Birbhum. He had his edcuation at M. High School. He was a whole time political worker of R. C. P. I. He was associated with several social organisations. He also possessed keen interest in different fields of Art and Culture.

He was elected a member of the West Bengal Legislative Assembly in 1991 from Hanasn (SC) constituency as a RCPI candidate.

At the demise of Shri Das the State has lost a veteran political Leader as well as a social worker.

**Shri Surendra Bhattacharjee :** former member of Rajya Sabha and veteran leader breathed his last on April, 25, 1997 at SSKM hospital after a protracted illness. He was 71.

Shri Bhattacharjee was born on January 30th 1926 at Cooch Behar. He has his edcuation at Cooch-Behar Jenkins School and Vidyasagar College. He was a teacher by profession. He joined freedom movement while he was still a student. He was one of the veteran leaders of Leftist Movements in the State. He was pioneer of the education movement in the State and was a founder member of the teachers organisation 'WEBCUTA'. He had a long association with the University of Calcutta. He was a member of the senate since 1969 and also a member of its Syndicate and Council at different times.

He was associated with Revolutionary socialist party for a long period and was a member of the Party's both State and Central Secretariat.

He was also associated with social organisation like Adarsha Patragar, Cooch-Behar and Social Worker's Council, Shakkris.

He was elected a member of Rajya Sabha for two tenures, first from 1978 to 84 and then from 1988 to 1994.

He authorised various text books on history and also a number of articles on academic, social and political issues.

At the demise of shri Bhattacharjee, the State has lost a veteran freedom fighter, an educationist and ardent political leader.

**Shri Biju Patnaik :** Former Chief Minister of Orissa breathed his last on April 17, 1997 at the Escorts Heart and Research Institute, Delhi after a prolonged illness. He was 81.

Shri Patnaik was a versatile genius. He was an ardent freedom fighter, a dare-devil air pilot, a venturing industrialist and an able politician. He was born on March 5, 1915 in a Brahmo family of Cuttack. He had his schooling at Ravenshaw Collegiate School. He discontinued studies for a B.Sc. degree to undergo training as a pilot at the aeronautical Training Institute of India and Delhi Flying Club to fulfil his passion for flying which he cherished since his boyhood. He became an Air Force Pilot. navigator and aeronautical Engineer. He pioneered risky operation across the Himalaya to help revolutionist in Chieng. Kaishak's China during World war II. He also helped to evacuate British families from Rangon during Japanese invasion of Mayanmar. He dared to carry the first contingent of Indian Troops to Srinagar to fight the Pakistani raidens after independence. He also rescued Indonesian freedom fighters including Sukeorno and Dr. Sultan Shahrian from the clutches of Dutch forces on the request of Pandit Nehru. Grateful Indonesia honoured him with the highest civilian honour, 'Bhumiputra' after its independence and also bostowed on him the highest National honour 'Bintang Jasa Utama' on the occasion of its 50th anniversary of Independence day. He was put behind the bare during the Quit India Movement in connection with air dropping of leaflets in support of Netaji's Indian National Army. On being released he joined freedom movement. He was associated with the movement led by Lok Nayak Joyprakash Narayan and Ram Monohar Lohia in 1942. He was also closely associated with Nepalese democratic movement during 1953. He was a successful industrialist and to make

Orissa an industrially developed state he himself established Kaling Airlines, Kalinga Tubas and laid the foundation stone of Orrisa Textiles Mills, Rourkella Steel Plant, Paradeep Port and a factory for building aircraft is the result of his efforts towards industrialisation of Orissa.

He was elected a Member of Orissa, Legislative Assembly eight times, Member of Lok Sabha three times and Member of Rajya Sabha for once. He first adorned the Chair of Chief Minister of Orissa in 1961 for a brief period of two years. He again resumed the same office for the second time after a lapse of 27 years in 1990. He was Minister for Steel and Coal during 1977-78 in the Union Cabinet of Late Morarji Desai. In 1969 he founded Utkal Congress which is merged with the Janata Party in 1977. He was also a sitting member of the present Lok Sabha.

He was a good sportsman in his young age and led university team in football, Cricket, Hockey and Athletics. He was deeply interested in popularising science for which he set apart funds from his Kalinga Foundation trust and instituted the Kalinga Prize which is monitored by the UNESCO. He possessed keen interest in literature. He is called the architect of modern Orissa.

At the demise of Shri Patnaik the country has lost a veteran political leader, freedom fighter, an able administrator and a men of courage and self-esteem.

**Shri Sambhu Mitra** : the doyen of Bengali theatre breathed his last on May 18, 1997 at his residence in South Calcutta. He was 82.

Shri Mitra was born on the 22nd August, 1915 in South Calcutta. He had his education at Ballygange Government High School and St. Xevier's College, Calcutta. He appeared at the stage in 1939. He first joined Rangmahal as an actor and subsequently worker in Minerva and Natyaniketan. In his first phase he acted in 'Mala Roy', Ratan Deep and Ghurni directed by Bidhayak Bhattacherjee, Provat Mukhopadhyay and Ahindra Chowdhury respectively besides acting in a good number of other plays. He came in the close contact with the then stalwarts of theatre world like Sisir Bhaduri, Ahindra Chowdhury, Nirmalendu Lahiri and Monoranjan Bhattacharya. He joined IPTA in 1943. He first came in the limelight as an eminent actor through the revolutionary play 'Nabanna', which had different dimension in stage craft, back-drop, lighting and use of space. In 1948 he dissciated himself with Gana Natya Sangha and formed his own group Bohurupee. He directed and acted in a member of plays alongwith his group. The characters he potrayed

represented his vision and outlook towards life and he potrayed the characters in his own style often totally different from that of the author and audience used to accept the characters as he potrayed.

Shri Mitra was always critical of the stage, the decor and kind of acting that was prevalent in those days. He brought into the stage his immaculate directorial acumen and natural acting with his deep, resonant voice and had virtually liberated the theatre from both the chemp sentimental stuff of professional theatre and ideological strait-jacket. His fascination for depicting reality revealed in the roles of Rahimuddin in Chenra Taar, Atin in Char Adhyhay, Binod in Ulukhagra, Tapan in Putul Khela, Dr. Purnendu Guha in Dashachakra, Chanakya in Mudrarakshasa, besides the characters of Oadipus and Galileo. His forays into films also earned him Leurels. He acted in the film Dharti ke Lal directed by Rhwaja Ahmed Abbas. He was the joint script writer and director of the film Jagte Roho which won the Grand Prix at Karlovy Very in 1957.

Besides acting in theatre, he had authored several essays and books including one on the relevance of Rabindranath Tagore's Rakta Karabi, He also wrote under the Pseudonym of Shri Sanjiv and Sri Batak. He was a good reciter too.

He was honoured with many coveted awards althrough his career. He received Padma Bhusan in 1970. Magsayssy Award in 1976 and the Kalidas Samman in 1983. He was also awarded the Deshikottam by Viswa-Bharati University in 1992, honorary D. Litt by Rabindra Bharati and Jadavpur University.

He was an upholder of human dignity. He tried to overcome mundane trivilities by imparting realisation of life and wisdom through theatre.

With the demise of shri Sombhu Mitra, the theatre has lost its most legendary figure and the State has lost a versatile genius actor, director, producer, writer and a thinker.

[11-10 — 11-16 a.m.]

**Dr. Durgadas Basu :** a renowned jurist and a constitutional expert breathed his last on the 16th May, 1997 following cardiac arrest at his residence in South Calcutta. He was 87.

Mr. Basu was born in the year 1910 in Khulna District of undivided Bengal. He graduated from Presidency College, Calcutta and completed

his post graduation with political science from Calcutta University. He then studied Law. He was a member of the Bengal Judicial Service from 1955 to 1957. As an officer on special duty in the Law department of the Govt. of West Bengal he brought about a tremendous legal reforms. He was a legal adviser to the Central Law Ministry for a brief period. He was elevated to the Bench of the Calcutta High Court in 1963 and adorned that Chair till 1971. He was deeply associated with the administration of education System of the Calcutta University. He was conferred the honorary degrees of L.L.B. in 1971 and D. Lit in 1980 from various Universities. He was a Tagore Law Professor and Ashutosh Memorial Lecturer in Calcutta University. He was a professor too. In 1985, he was awarded Padma Bhusan. In 1986 he was honoured as the Indian National professor and in 1991 he was confirmed the title of the Citizen of the Nation. He authored several books on Indian Constitution interpreting it thoroughly from different angles.

He also wrote several books on law of which, "Commentories on the Constitution of India," "Constitutional Documents," "Cash book on Indian Constitutional Law," Comparative Administrative "Law, Law of the Press in India." "Criminal procedure Code" etc., were much so acclaimed and appreciated both at home and abroad. He was recognized and honoured as the authority on Constitution of India.

At the demise of Dr. Basu the Country has lost a constitutional authority, a legal luminary and an educationist.

Now I would request the Hon'ble Member to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceaseds.

(at this stage Hon'ble Member stood in Silence for two minutes)

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceaseds.

## Adjournment

The House was then adjourned at 11-16 a.m. till 11-00 a.m. on Tuesday, the 10th June 1997, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 10th June, 1997 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 23 Ministers, 10 Ministers of State and 138 Members.

[11-00 — 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the House I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Prititosh Roy, Former Secretary of the West Bengal Legislature breathed his last on the 10th February, 1997 following a massive heart attack. He was 80.

Shri Roy was born in the year 1917 in Calcutta. He had a uniformly brilliant academic record allthrough his academic life and was a Goldmedalist of Calcutta University in Modern History. He ensured the judicial service of undivided Bengal in 1941. In between 1942 and 1952 he served in several districts and Calcutta as a Judicial officer and had also long stint in Legislative Assembly with the Government of West Bengal and Ministry of Law of the Govt of India. In 1962 he joined West Bengal Legislature as Additional Secretary and was elevated to the post of secretary in 1964. He held that office till 1969. Thereafter, he was appointed to the newly created post of Deputy Election commissioner of the Election Commission of India and served in that capacity till his retirement in 1978.

He was awarded "Anauthnauth Deb Memorial Gold Medal and cash prize for his thesis on the subject of parliamentary privilege in India" on updated' adition of which was published by the Oxford University press in 1991 and acclaimed widely both at home and abroad.

He was an intellectual and a man of good humans and was admired for his erudition, scholarship, efficiency and above all his sense of humility in discharging public duties.

At the demise of Shri Roy, the Country has lost a Scholar and a good administrator.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage, the Hon'ble Members rose in their Seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

(At this stage, all the Congrees (I) Members rose in their seats shouting—Sir, there is no list of business.)

**Twenteeth Report of the Business Advisory Committee**

**Mr. Speaker :** I beg to present the 20th Report of the Business Advisory Committee which met in my chamber on the 5th June 97, and recommended the programme of business from the 10th June to the 12th June, 1997.

| | | | |
|---|---|---|---|
| 10.6.97, Tuesday | (i) | The Registration (West Bengal Amendment) Bill 1997 (Introduction, Consideration and Passing) | —1 hour |
| | (ii) | The Vidyasagar University (Amendment) Bill 1997 (Introduction, Consideration and Passing) | —2 hours |
| 11.6.97, Wednesday | (i) | The Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997 (Introduction, Consideration and Passing) | —1 hour |
| | (ii) | The Chandernagore Municipal Corporation (Amendment) Bill 1997 (Introduction, Consideration and Passing) | —1 hour |
| | (iii) | The Asansol Municipal Corporation (Amendment) Bill 1997 (Introduction, consideration and Passing) | —1 hour |
| 12.6.97, Thursday | | Demand No. 39—Labour Department | 4 hours |

I would now request the Minister-in-charge of Parliamentary Affairs Department to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 20th Report of the Business Advisory Committee, as presented today, be agreed to by the House.

The motion was then put and agreed to.

## Heldover starred Questions
## (to which oral Answers were given)

### অচল অগভীর নলকূপ

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৮) **শ্রী মোজাম্মেল হক :** জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি অগভীর গুচ্ছ নলকূপ প্রকল্প সম্পূর্ণ বা আংশিক অচল অবস্থায় পড়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ অচল প্রকল্পগুলি সচল হবে বলে আশা করা যায়?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য :**

(ক) সারা রাজ্যে ২৩৬৪টি।

(খ) উক্ত প্রকল্পগুলি বহু পুরাতন এবং বর্তমানে সংস্কারযোগ্য নয়। এই প্রকল্পগুলি সত্তরের দশকের প্রথমভাগে স্থাপিত হয়েছিল।

**শ্রী মোজাম্মেল হক :** এই ২৩৬৪টি প্রকল্প অচল অবস্থায় আছে। এই প্রকল্পগুলোর মধ্যে কোনও কাজ নেই অথচ কর্মচারিরা মাইনে পাচ্ছেন, এরকম কর্মচারীর সংখ্যা কত?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য :** নোটিশ দিলে বলতে পারব। এটা এই মুহূর্তে বলা সম্ভব নয়।

**শ্রী মোজাম্মেল হক :** এই সেচ প্রকল্পগুলো কি কি কারণে অচল অবস্থায় আছে, এবং তা যদি রিপেয়ার করা না যায় তাহলে এটাকে সেচ বিহীন এলাকা হিসাবে ঘোষণা করার কোনও প্ররিকল্পনা সরকারের আছে কি না? চাষীরা নিজস্ব শ্যালো বসাতে পারবে এরকম কোনও চিন্তা-ভাবনা সরকার করছেন কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য :** এই প্রকল্পগুলো তৈরি হয়েছিল সত্তরের দশকের শেষ ভাগ এবং তার ফলে বহু পুরানো প্রকল্প হওয়ার দরুন এগুলোর অধিকাংশ খারাপ হওয়ার কারণ হচ্ছে, অনেক জায়গায় ট্রান্সফর্মার চুরি হয়ে গেছে, অনেক জায়গায় বৈদ্যুতিক তার এবং তার নানা সাজসরঞ্জাম, পাম্প মোটর, চুরি হয়েছে। কোনও কোনও ক্ষেত্রে মাটি খুঁড়ে পাইপ লাইন চুরি করে নিয়ে গেছে। এটা অনেকদিন অরক্ষিত অবস্থায় আছে। কিছু করার নেই। সেই অবস্থায় দাঁড়িয়ে এই ফিগারটা হচ্ছে। আমি মনে করি বিধানসভায় মাননীয় সদস্যদের কাছে সত্যি করে বলা ভাল, সেজন্য ফিগারটা আমি সঠিকভাবে উপস্থিত করেছি। আরেকটি যে প্রশ্ন করেছেন সেটা হল, অসেচ এলাকা হিসাবে ঘোষণা করা হবে কি না। আমরা অসেচ এলাকা হিসাবে ঘোষণা করছি না এই কারণে যে, আই আই ডি এফ (২) তে নতুন প্রকল্প নেওয়া হয়েছে এবং এই নতুন প্রকল্পে এইসব এলাকায় কাজ করা হবে। কাজেই অসেচ এলাকা হিসাবে ঘোষণা করার কারণ নেই। এইসব এলাকায় একদম কোনও প্রকল্প চালু নেই তা তো নয়। এটা সারা রাজ্যের ফিগার এবং সত্তরের দশকের প্রথম দিকে এগুলো চালু হয়েছিল। মানুষ যেমন আদি অনন্তকাল বাঁচতে পারে না, তেমনি কোনও যন্ত্রও চিরকাল ভাল থাকতে পারে না।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী মোজাম্মেল হক ঃ** অতিরিক্ত প্রশ্ন স্যার, এই মোটরগুলো পুড়ে যাচ্ছে, ফলে বেশিরভাগ ক্ষেত্রে সরকারের স্কীমগুলো ক্ষতিগ্রস্থ হচ্ছে। বহু আগে ইলেকট্রিকের যে লাইন তৈরি হয়েছিল সেগুলো রিপেয়ার করা হয়নি। বারে বারে বলা সত্ত্বেও বিদ্যুৎ দপ্তর তাতে কর্ণপাত করেনি। বারে বারে মোটর পুড়ে যাচ্ছে। কিন্তু ডিপার্টমেন্ট পুরানো মোটরগুলো বদলে নতুন মোটর দিচ্ছে না। এর ফলে সেচ এলাকা ক্ষতিগ্রস্থ হচ্ছে। এই ব্যাপারে চাষীদের সরঞ্জাম সরবরাহ করা এবং বিদ্যুৎ দপ্তরের সঙ্গে যোগাযোগ করে ঠিকমতো ব্যবস্থা নেওয়ার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** জেলা ভিত্তিতে, মহকুমা ভিত্তিতে এবং ব্লক ভিত্তিতে নতুন প্রকল্প চালু করা এবং পুরানো প্রকল্পগুলিকে আবার নতুন করে চালু করা যায় কি না, তা খতিয়ে দেখার জন্য আমরা সাধারণত আমাদের বিভাগের অফিসার এস ই বি-র অফিসার রুর‍্যাল ইলেকট্রিফিকেশনের অফিসার, জেলা সভাধিপতি, পঞ্চায়েত সমিতির সভাপতি, কর্মাধ্যক্ষ, পঞ্চায়েতের বিভিন্ন নেতৃস্থানীয় সকলের সঙ্গে মিটিং করি, যাতে বিদ্যুৎ বিভাগ প্রকল্প ধরে ধরে নতুন প্রকল্পগুলিতে বৈদ্যুতিকরণের কাজ ত্বরান্বিত করেন, সেটা মনিটারিং করার চেষ্টা করি। পুরানো প্রকল্পগুলি খতিয়ে দেখি। বিদ্যুৎ বিভাগকে এইজন্য আমাদের অগ্রিম টাকা দেওয়া আছে। আবার কেন্দ্রীয় ভাবে মনিটরিং করার জন্য আমি এবং বিদ্যুৎ মন্ত্রী রাইটার্স বিল্ডিংসে দুই বিভাগের অফিসারদের নিয়ে মিটিং করি। তবে, যেটা বিদ্যুৎ বিভাগের কাজ সেটা তারা না করলে আমাদের পক্ষে সম্ভব নয়। তবে বিদ্যুৎ মন্ত্রীর চেষ্টার অভাব নেই।

**শ্রী দিলীপ দাস ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন এই যে ২,৫০০ কোটি টাকা পি এল অ্যাকাউন্ট চলে গেল, চুরি হয়ে গেল, তার মধ্যে আপনার দপ্তর থেকে কত চুরি গেছে?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** এটা আজকের প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়। মাননীয় সদস্য যদি আলাদা ভাবে নোটিশ দেন, তাহলে কোনও সত্য গোপন না করে, এই বিধানসভায় উত্তর দিতে প্রস্তুত আছি।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** সুইড, ওয়াটার ইনভেস্টিগেশন এজেন্সির দ্বারা জলের লেয়ার দেখে, অ্যাকুয়াফার দেখে অগভীর গুচ্ছ নলকূপগুলোতে জল আসবে কি না, এসব ইনভেস্টিগেশন করে কি করা হয়?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** আমাদের সুইড আছে। প্রত্যেকটা জেলায় প্রকল্প স্থাপন করার ব্যাপারে একটা সাইট সিলেকশন কমিটি আছে। এক্সপার্ট কমিটি, সুইড, এগ্রিকালচার ডিপার্টমেন্ট, টেকনিক্যাল এক্সপার্ট কমিটি, তাদের প্রতিনিধিদের নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করি কোথায় গভীর বা অগভীর নলকূপ হতে পারে। পরীক্ষা না করে কিছু করা হয় না। আবার জেলার সভাধিপতি তার চেয়ারম্যান, সেইজন্য যথেষ্ট যত্নের সঙ্গেই করে থাকি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে রিপোর্টি করলেন তাতে মাটি খুঁড়ে পাইপ চুরি হয়েছে এবং অন্যান্য কারণে সচল প্রকল্প অচল হয়েছে বললেন। আমার স্পেসিফিক প্রশ্ন হচ্ছে, জলের ব্যাপারে যে ক্রিমিন্যাল অফেন্স, কোনওরকম ক্রিমিন্যাল অফেন্স কার্য

করার জন্য কত জায়গায় কী সরকারি পদক্ষেপ নেওয়া হয়েছে বা কোনও কেস করেছেন কি না?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** আমি একটু আগেই বলেছি যে, প্রকল্পগুলো ৭০ দশকের প্রথম ভাগে হয়েছে। অচল হওয়ার কারণ অনেকগুলো। পুরনো হয়ে যাওয়া, চুরি হয়ে যাওয়া, বৈদ্যুতিক তার চুরি হয়ে যাওয়া, ট্রান্সফর্মার চুরি হয়ে যাওয়া ইত্যাদি অনেক কারণ আছে। আবার আয়ু নষ্ট হয়ে যাওয়াও একটা কারণ। অচল হয়ে যাওয়ার ঘটনার ক্ষেত্রে বলতে পারি। আমরা ডাইরি করি, পুলিশকে জানাই এবং ব্যবস্থা নেওয়ার কথা বলি। কিন্তু ধরুন তিন মাইল লম্বা কোনও পাইপ লাইন মাটির নিচ দিয়ে গেছে। কিন্তু সেক্ষেত্রে আমার ডিপার্টমেন্টের একজন লোকের পক্ষে এটা পাহারা দেওয়া সম্ভব নয়। আমাদের প্রকল্পগুলোর শেষ হওয়ার পরে পঞ্চায়েতের হাতে ট্রান্সফার করে দেওয়া হয় পার্টিসিপেটরি ম্যানেজমেন্টের জন্য। পঞ্চায়েত সেখানে বেনিফিসিয়ারি কমিটি তৈরি করে এবং সেই কমিটি প্রকল্পগুলো দেখভাল করে। এইরকম অনেকগুলো আমরা ট্রান্সফার করেছি। বাকিগুলো ট্রান্সফার করার ক্ষেত্রে পঞ্চায়েতের নিজস্ব কিছু কিছু অসুবিধা আছে। সেগুলো শর্ট-আউট করতে হবে। এই অবস্থার মধ্যে আছি। এগুলো পুরানো প্রকল্প। আর, সংখ্যাটা আমি আগেই বলে দিয়েছি। সারা রাজ্যে ২,৩৬৪টা। এগুলো আংশিক বা সম্পূর্ণ অচল।

আর, অপরাধমূলক কাজকর্ম সম্বন্ধে আপনি যেটা বললেন তার উত্তরে বলি, এই মুহূর্তে এসম্বন্ধে জানানো সম্ভব নয়। কত কেস ডায়েরি থানায় করা হয়েছে সে সম্বন্ধে যদি জানতে চান তাহলে নোটিশ দেবেন জানিয়ে দেব।

**শ্রী সমর হাজরা ঃ** জেলাওয়াড়ি কতগুলো অগভীর নলকূপ অকেজো হয়ে গেছে? বিশেষ করে বি এম-২৩৩ কারলা(পূর্ব) নলকূপ কি অবস্থায় আছে?

**মিঃ স্পিকার ঃ** জেলাওয়াড়ি কি করে দেবেন। এটা তো অনেক বড় হয়ে যাবে। দরকার হলে পরে লিখিত দিয়ে দেবেন।

**শ্রী আকবর আলি খোন্দকর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আংশিক অকেজো নলকূপের কথা বললেন। এগুলো ঠিক করতে তো অল্প খরচ হবে। তাহলে এগুলো কবে নাগাদ ঠিক করা যাবে?

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** আমি বলেছি, আংশিক এবং সম্পূর্ণ। আংশিক যেগুলো আছে সেগুলোর ক্ষেত্রে আমরা ঠিক করার চেষ্টা করছি। তবে আমাদের অর্থাভাব আছে। আমরা লক্ষ্যমাত্রা নিয়েই চেষ্টা করছি—এই নলকূপগুলির মধ্যে যেগুলিকে সারানো যায়—আমরা বিভিন্ন জায়গায় ক্রমে ক্রমে সারিয়ে সচল করার চেষ্টা করছি। কিন্তু এ ক্ষেত্রে কত দিনের মধ্যে হবে এ রকম প্রতিশ্রুতি আমি দিতে পারব না। এটা অর্থের উপর নির্ভর করে, আমাদের কাজ করবার কোনও সীমাবদ্ধতা নেই, এটা অর্থের উপর নির্ভর করে।

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্নটি হচ্ছে সরকার কর্তৃক বিভিন্ন জায়গায় যেসব মিনি-ডিপ টিউবওয়েল করা হয়েছে অথচ এখনও

ইলেকট্রিফিকেশনের কাজ হয়নি, এগুলি কবে নাগাদ হবে এবং কিভাবে তার অগ্রগতি ঘটবে?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য :** সব মিনি-ডিপ টিউবওয়েল নয়, এর মধ্যে আছে মিনি ডিপ টিউবওয়েল, ডিপ-টিউবওয়েলের বিভিন্ন প্রকল্প। এই প্রকল্পগুলির বৈদ্যুতিকরণের ব্যাপারে আমি আগেই বলেছি যে বিভিন্ন জেলায় গিয়ে এ সি পি, আর ই ডি, পঞ্চায়েত ও জেলাপরিষদ, ব্লকস্তরে এবং জেলাস্তরে সর্বত্র এবং কেন্দ্রীয় ভাবে দুই মন্ত্রী, বিদ্যুৎমন্ত্রী এবং আমি এবং দুই দপ্তরের টপ অফিসাররা টপ টু বটম মনিটরিং করার চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি এই বিদ্যুৎ সংযোগ হয়। কিন্তু আমি উপলব্ধি করি যে ৬ বছর আগে যে ডিপ-টিউবওয়েলটি হয়েছে সেখানে যদি বৈদ্যুতিকরণ না করা হয় তাহলে সেই ডিপ টিউবওয়েলগুলি চোক্‌ড হয়ে যাবে এবং সরকারের পয়সা নষ্ট হবে এবং একে কেন্দ্র করে সেই এলাকায় সেচ সৃষ্টির যে সম্ভাবনা ছিল সেটা নষ্ট হবে এবং চাষীরা হতাশ হবে। মনিটরিং করার ব্যাপারে দুই বিভাগের কোনও ত্রুটি নেই। আমরা চেষ্টা করছি এটা আমার বিভাগের উপর নির্ভর করে না, বিদ্যুৎ দপ্তরের উপর নির্ভর করে। তারা কবে বৈদ্যুতিকরণের কাজ শেষ করতে পারবেন, এর উত্তর আমার দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট নয়।

## রাজ্যে অপরাধমূলক কাজ

*৩৫৫।(অনুমোদিত প্রশ্ন নং *১৩৯) **শ্রী আব্দুল মান্নান :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫-৯৬ সালে রাজ্যে কতগুলি খুন, ধর্ষণ, ডাকাতি ও রাজনৈতিক সংঘর্ষের ঘটনা ঘটেছে ;

(খ) তার মধ্যে কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশ এলাকায় উক্ত অপরাধের সংখ্যা কত ;

(গ) নথীভুক্ত রাজনৈতিক সংঘর্ষের সংখ্যা ক'টি ; এবং

(ঘ) উক্ত অপরাধে শাস্তি প্রাপ্তের সংখ্যা কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

| | | ১৯৯৫ সালে | ১৯৯৬ সালে |
|---|---|---|---|
| (ক) | খুন | ১৭৮৮টি | ১৯২৯টি |
| | ধর্ষণ | ৭৮৭টি | ৮৫৫টি |
| | ডাকাতি | ৪৮১টি | ৫১০টি |
| | রাজনৈতিক সংঘর্ষ | ৩৯৪টি | ৫০৭টি। |
| (খ) | **কলকাতা পুলিশ এলাকা :** | | |
| | খুন | ৮৩টি | ৯১টি |
| | ধর্ষণ | ৫৪টি | ২৯টি |
| | ডাকাতি | ৩৫টি | ৩৫টি |
| | রাজনৈতিক সংঘর্ষ | ৮টি | ৬টি |

328BL/1.109 NO14(97)



রাজ্য পুলিশ এলাকা ঃ

| | | |
|---|---|---|
| খুন | ১৭০৫টি | ১৮৩৮টি |
| ধর্ষণ | ৭৩৩টি | ৮২৬টি |
| ডাকাতি | ৪৪৬টি | ৪৭৫টি |
| রাজনৈতিক সংঘর্ষ | ৩৮৬টি | ৫০৯টি |

(গ) ১৯৯৫ সালে ৩৯৪টি এবং ১৯৯৬ সালে ৫০৭টি।

(ঘ) ১৯৯৫ সালে ২৫৬টি এবং ১৯৯৬ সালে ১৯১টি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী যা হিসাব দিলেন তাতে মনে হচ্ছে আমরা শান্তির স্বর্গরাজ্যে বাস করছি। খুনের সংখ্যা গত বারে ২ হাজারের কাছাকাছি, ধর্ষণের সংখ্যা ১ হাজার থেকে কম, ডাকাতি প্রায় ১ হাজার। এখানে খুনের সংখ্যা প্রতি বছর যে হারে বাড়ছে সে হারে অপরাধীদের শাস্তি হচ্ছে না। খুনের ঘটনার তুলনায় শাস্তি প্রাপ্তদের সংখ্যা অনেক কম, এর কারণ কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, ঘটনা ঘটার পর মামলা রুজু হয়, চার্জ-সিট হয় এবং অনেকগুলো প্রক্রিয়ার মধ্যে দিয়ে আমাদের মামলা পরিচালনা করতে হয়, মামলার নিষ্পত্তি হতে হতে ১/২ বছর সময় চলে যায় এবং তারপর সাজা হয়। সুতরাং অপরাধ যত সংঘটিত হয়েছে এবং বিভিন্ন পদ্ধতির মধ্যে যে মামলাগুলো রয়েছে তার মধ্যে সামঞ্জস্য আছে। অতএব মিলিয়ে—অপরাধ এবং শাস্তি প্রাপ্তির মধ্যে শেষ পর্যন্ত খুব একটা পার্থক্য থাকবে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমার প্রশ্ন হচ্ছে, ১৯৯৬ সালে যত অপরাধ সংঘটিত হয়েছে তার ১%-এরও সাজা হয়নি। মাত্র .৫% এর সাজা হয়েছে ; এর কারণ কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** যে কটা মামলার তাড়াতাড়ি নিষ্পত্তি হয়েছে সে কটা ক্ষেত্রেই শুধু এখন পর্যন্ত অপরাধীদের সাজা হয়েছে। বেশির ভাগ মামলাই এখনও চলছে। বেশির ভাগ ক্ষেত্রেই অপরাধীদের গ্রেপ্তার করা হয়েছে, চার্জশিট দেওয়া হয়েছে, মামলা চলছে। মামলা এখনও শেষ হয়নি। মামলা শেষে যথার্থ বিচারের পর শাস্তি হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ১৯৯৬ সালে কতগুলো ক্ষেত্রে অপরাধীদের চার্জশিট দেওয়া হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ১৯৯৬ সালে ১১১০টি খুন, ৭৬৯টি ধর্ষণ এবং ২৩২টি ডাকাতির চার্জশিট দেওয়া হয়েছে। আমরা আশা করছি ১/২ বছরের মধ্যেই মামলাগুলোর ফয়সালা হবে। ফয়সালা হলে শাস্তি প্রাপ্তের সংখ্যাটা অনেক বাড়বে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনারা দাবি করেন, অন্যান্য রাজ্যের তুলনায় এ রাজ্যে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত। অথচ আমরা লক্ষ্য করছি যে, ১৯৯৫ সালে এ রাজ্যে রাজনৈতিক সংঘর্ষ হয়েছে ৩৯৪টি এবং ১৯৯৬ সালে তা বেড়ে হয়েছে ৫০৭টি। এই রাজনৈতিক সংঘর্ষগুলো কোন্ কোন্ রাজনৈতিক দলের মধ্যে হয়েছে? আপনাদের শরিক

দলগুলোর মধ্যে কতগুলো হয়েছে? আপনাদের নিজেদের দলের মধ্যে কতগুলো হয়েছে? আপনাদের সঙ্গে অন্যান্য দলের কতগুলো হয়েছে? আপনাদের সঙ্গে বা অন্য দলের সঙ্গে কংগ্রেসের কতগুলো হয়েছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এর জন্য আলাদা নোটিশ দিতে হবে। নোটিশ দিলে বলতে পারব, কতগুলো আপনাদের নিজেদের মধ্যে হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনাদের মধ্যেও হয়েছে, কালীপদবাবু মার্ডার হয়েছেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি নোটিশ দিলে আমি সমস্ত সত্যি কথাই বলব। তবে এটা বলছি যে, গণতন্ত্র এখানে এবং যে কোনও রাজ্যের চেয়ে ভালভাবেই প্রতিষ্ঠিত আছে। কিন্তু গণতন্ত্র তো এক তরফা হয় না। গণতন্ত্র সরকারি দল এবং বিরোধী দলের দায়িত্ব বোধের ওপর এক সঙ্গে নির্ভর করে। নোটিশ দিলে দেখিয়ে দেব সংঘর্ষ কতগুলো হয়েছে এবং সেগুলোয় কে কে দায়ী।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কোন্ দলের সঙ্গে কোন দলের কতগুলো সংঘর্ষ হয়েছে এবং তাতে কত জনের মৃত্যু হয়েছে, তা কি বলতে পারবেন?

[110-30 — 11-40 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এখানে আপনার মূল প্রশ্নের মধ্যে এটা নেই। আর সব সংঘর্ষই যে রাজনৈতিক সংঘর্ষ, তা প্রমাণ করা মুশকিল। কিছু ঘটনা আছে— দুটি রাজনৈতিক দলের মিছিলে মারামারি হয়েছে। কোন পার্টি অফিসে গিয়ে গুলি করা হয়েছে, কোন পঞ্চায়েত অফিসে গিয়ে গুলি করা হয়েছে। অনেক ক্ষেত্রে নির্দিষ্ট রাজনৈতিক চরিত্র নেই। রাজনৈতিক ব্যক্তিকে তার সঙ্গে জড়িয়ে রাজনৈতিক সংঘর্ষ বলে জড়িয়ে দেওয়া হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি তো স্পেসিফিক বলছি, রাজনৈতিক দল বলে চিহ্নিত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমিও তো স্পেসিফিক বলছি, এই ঘটনার জন্য কতজনের মৃত্যু হয়েছে এ ব্যাপারে নোটিশ না দিলে বলতে পারব না, কারণ আমার কাছে এখন নেই, আমার কাছে চাইলে আমি দিয়ে দেব।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** একটা প্রবণতা লক্ষ্য করছি, ডাকাতি প্রতিরোধ করতে মহিলারা পর্যন্ত এগিয়ে আসছেন। পুলিশের একটা জায়গায় অসুবিধা হচ্ছে, কিন্তু মহিলারা এগিয়ে আসছেন। আমার বিধানসভা কেন্দ্রে হিন্দু সিনেমার পাশে সম্প্রতি ৩ জন মহিলা তৎপরতার সঙ্গে ডাকাতদের প্রতিরোধ করেছিলেন। তারা ডাকাতি করতে এসে রীতিমতো শায়েস্তা হলেন। কিন্তু তাদের গুলিতে একজন যুবক, শ্রী বিরাজ দে কে প্রাণ দিতে হল। আপনি অবশ্য তার বাড়িতে গিয়েছিলেন। পুলিশ তার দায়িত্ব কতটা পালন করছে সে ব্যাপারে একটা প্রশ্ন চিহ্ন থেকে যায়। তারা অবশ্য মাহিনা পায়। কিন্তু যারা এই সাহসিকতার সঙ্গে তৎপরতার সঙ্গে নিজেদের জীবন বিপন্ন করে প্রতিরোধ করতে এগিয়ে এসেছিলেন তাদের বিশেষভাবে পুরষ্কৃত করতে সরকারের এগিয়ে আসা উচিত। একটা যুবক ডাকাতের গুলিতে মারা গেল। তার ২১-২২ বছরের বিধবা স্ত্রী আছে। এইসব ক্ষেত্রে রাজ্য সরকার বিশেষ দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা দরকার। এইসব ক্ষেত্রে পুরস্কৃত করার ক্ষেত্রে কোনও ভাবনা-চিন্তা করছেন কি না?

আমরা আলোচনা করেছি। আলোচনা করার পর আমরা দেখেছি, সাধারণ মানুষের মধ্যে থেকে এই ধরনের ঘটনার ক্ষেত্রে প্রতিরোধ হয়েছে এবং সাহসিকতা দেখানো হয়েছে যেখানে, সেখানে আমরা যেমন পুলিশ কর্মিদের পুরস্কৃত করি, তেমনি সাধারণ মানুষের ক্ষেত্রে এটা আমাদের করা উচিত। আগে কিছু কিছু ঘটনায় বিচ্ছিন্নভাবে, পিস-মিলভাবে দেওয়া হত। এখন নীতিগতভাবে করার চেষ্টা করছি। কোন কোন ঘটনার ক্ষেত্রে কি কি ভাবে দিতে পারব সেটা আমরা দেখছি যেরকম আপনি একটু আগে যে ঘটনার কথা বললেন। কয়েক মাস আগে বেনিয়াপুকুরে ডাকাত ধরতে গিয়ে একজন স্কুটার ড্রাইভার যে অসম সাহসিকতা দেখিয়েছেন তাকে আমরা পুরস্কৃত করেছি। আর আপনার নির্বাচন কেন্দ্রে যে ঘটনার কথা বললেন সেখানে আমি গিয়েছিলাম। তার পরিবারের কাছে আমি কমিটেড, তার স্ত্রীকে কাজ দেব। তার বাড়ির সমস্যা আছে, সেই সমস্যার সমাধান করব। তার মানসিক অবস্থা আস্তে আস্তে ভাল হয়ে আসছে। আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। তার চাকরির ব্যবস্থা করব, এটা আমরা মেনে নিয়েছি, এটা আমাদের দায়িত্ব।

**শ্রী মোজাম্মেল হক :** সাধারণ মানুষের এইরকম ধারণা এবং অ্যান্টিসোশ্যালদেরও এইরকম ধারণা যে অপরাধ ঘটালে কিছুই হয় না। খুব তাড়াতাড়ি ছাড়া পেয়ে যায়। হয়ত ৩ মাস হাজত বাস করতে হবে। এর ফলে অ্যকুইজ্ডরা বেপরোয়া হয়ে যাচ্ছে, পাল্টা ঘটনা ঘটাচ্ছে। এরফলে অপরাধের সংখ্যা বাড়ছে। যেহেতু মানুষ বিচার ব্যবস্থার প্রতি আস্থা হারিয়ে ফেলছে সেহেতু এই ব্যাপারে সরকার চিন্তা-ভাবনা করছেন কি না যে যারা ডায়রেক্ট মার্ডার করছে তারা যাতে ৩ মাসের মধ্যে ছাড়া না পায় তাদের যাতে শাস্তি হয়, তারজন্য তাড়াতাড়ি চার্জশিট দেওয়ার ব্যাপারে সরকার চিন্তা-ভাবনা করছেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য যে কথাটা বললেন, যে তুলনায় অপরাধ হচ্ছে সেই তুলনায় অপরাধীদের শাস্তি পাওয়া সম্পর্কে মানুষের আস্থা খানিকটা নষ্ট হচ্ছে, আমি এটা শুনেছি, অস্বীকার করতে পারি না। আমরা সবাই জানি যে আইনের শাসন বলে একটা কথা আছে। আমাদের আইনের পথেই চলতে হবে। সেখানে হচ্ছে, পুলিশের পক্ষ থেকে অপরাধীদের গ্রেপ্তার করা, চার্জসিট দেওয়া—এসব ব্যাপারে গাফিলতি আছে কি না বা যথাসময় তারা তা করছেন কি না? এই দায়িত্বটা আমাদের। তারপর বিচার বিভাগে গিয়ে কি হচ্ছে না হচ্ছে, বিচার বিভাগে গিয়ে কেন শাস্তি পাচ্ছে না—এর সবটা দায়িত্ব সরকার নিতে পারেন না। এইসব মিলিয়ে একটা সমস্যা থেকে যাচ্ছে। আইনের শাসন থেকে তো বেরিয়ে আসা যাবে না। কয়েকজন মাননীয় সদস্য আমাকে চিঠি লিখে বলেছেন যে আপনি দৃষ্টান্তমূলক শাস্তি দিন। তার মানেটা কি? সেখানে তো আইন মেনেই আমাকে চলতে হবে এবং কোর্টে যেতে হবে। পুলিশ এবং বিচারালয়—এই দুটি একসঙ্গে কাজ করতে না পারলে মানুষের মনে যে খানিকটা আস্থার অভাব এসেছে সেটা কাটিয়ে ওঠা যাবে না। তবে আমাদের দিক থেকে যা করণীয়—পুলিশ ঠিক সময় যাবে, গ্রেপ্তার করবে, চার্জশিট দেবে, এটা আমরা চেষ্টা করছি যাতে দ্রুত করে।

**শ্রী তাপস ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন, পশ্চিমবঙ্গে গণতন্ত্র খুব সুন্দরভাবে চলছে, এখানে গণতন্ত্র পুরোমাত্রায় বিরাজমান। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে যদি তুলনা করা যায় এবং তাদের পরিসংখ্যান নেওয়া যায় তার থেকে নাকি পশ্চিমবঙ্গের

অবস্থা খুব ভাল। আপনার তথ্য কিন্তু সেকথা বলে না। সম্প্রতি আমরা যে ঘটনার কথা জানলাম যে সেখানে ট্রেনের ভেতরে গুলি করে খুন করা হয়েছে। অনেকদিন আগে একটা হিন্দি সিনেমাতে দেখেছিলাম যে হাতে সিগারেটের ছেঁকা দিয়ে গুলি করে মারছে, সেই রকম ঘটনা এখানে ঘটে গেল।

**মিঃ স্পিকার ঃ** আপনার প্রশ্নটা বলুন।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, ভারতবর্ষে খুব কম জায়গা আছে যেখানে এই রকম প্রকাশ্য দিবালোকে একটা মানুষকে সুপরিকল্পিতভাবে চলন্ত ট্রেনের মধ্যে খুন করা হয়েছে, সেই রকম ঘটনা এখানে ঘটেছে।

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি গত এপ্রিল মাসে পুলিশ বাজেটের উপর বিতর্কের জবাবি ভাষণে বলেছিলেন যে আমাদের রাজ্যে ন্যাশনাল হাইওয়ে, ট্রেন ইত্যাদিতে যে ডাকাতি, রাহাজানি, চুরির ঘটনা ঘটছে সেগুলি দমনের জন্য আপনি উল্লেখযোগ্য ব্যবস্থা গ্রহণ করবেন। আমার প্রশ্ন, বাজেট ভাষণের পর আপনি ইতিমধ্যে কি কি উল্লেখযোগ্য এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন তা জানাবেন কি?

**(এই সময় মাননীয় সদস্য শ্রী তাপস ব্যানার্জি উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)**

**(গোলমাল)**

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য সঠিকভাবেই যে প্রশ্নটা করেছেন তার জবাব দিতে গিয়ে বলছি, ন্যাশনাল হাইওয়ে এবং ট্রেন এই দুটি ক্ষেত্রে যে ডাকাতিগুলি হচ্ছে বা ঘটনাগুলি ঘটছে তা যাতে কমে আসে তারজন্য আমরা বিশেষভাবে একটি কমিটি করেছি। এটা কেন্দ্র থেকেও যেমন আমরা ব্যাপারটি মনিটারিং করছি তেমনি কয়েকটি জেলাতে যেখান দিয়ে বিশেষ করে ঐ ন্যাশনাল হাইওয়ে গিয়েছে সেখানে কো-অর্ডিনেশন কমিটি করেছি যাতে এই অপরাধগুলি দমন করা যায়। বিশেষ করে রাত্রিবেলাতে হাইওয়ে দিয়ে যে বাসগুলি যায়, নর্থ বেঙ্গলের বাসগুলি সেগুলি পাহারা দেওয়ার কাজ শুরু করেছি। কতটা ফলাফল পাওয়া যাবে তা জানতে একটু সময় লাগবে।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় হাউসে যে হিসাবটা রাখলেন [illegible] যাচ্ছে যে ১৯৯৫ সালের তুলনায় পরে খুনের সংখ্যা বেড়েছে কলকাতায় [illegible] তার বাইরের এলাকায়, ধর্ষণের সংখ্যাও বেড়েছে কলকাতা এবং রাজ্য পুলিশের এলা[illegible] পুলিশের দুটি কাজ-কোনও অপরাধ সংগঠিত হলে চার্জশিট দেওয়া এবং কনভিকট করার চেষ্টা করা। আর একটা আছে, পুলিশের প্রিভেন্টিভ ব্যবস্থা—অপরাধীদের প্রতি নজর রাখা। এই যে ক্রম-বর্ধমান অপরাধ এটাকে নিয়ন্ত্রণ করবার জন্য পুলিশ দপ্তর কি ব্যবস্থা নিয়েছে জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** প্রিভেন্টিভের ব্যাপারে শুধু একটি সংখ্যা দেখতে বলছি—কলকাতা পুলিশে ১৯৯৬-৯৭ আর্থিক বছরে দেখবেন—ডাকাতির সংখ্যা প্রায় দাঁড় করিয়ে রেখেছি এবং ধর্ষণের ব্যাপারটাও কলকাতায় অর্ধেক হয়ে গেছে ১৯৯৭ সালে। আশা করছি, এই বছর সংখ্যাটা আরও কম হবে। তবে প্রিভেন্টিভের স্বার্থে ডিটেকটিভ ডিপার্টমেন্টকে আরও একটু উন্নত করা দরকার, মডার্নাইজ করা দরকার। এক্ষেত্রে খানিকটা সাহায্য পাচ্ছি কেন্দ্র থেকে। সেটা পেলে ডাকাতি এবং ধর্ষণের ক্ষেত্রে আমরা অবস্থা অনেকটাই উন্নতি করতে পারব। কিন্তু ক্রিমিনাল ইনটেলিজেন্স এটা ডিটেকটিভ ডিপার্টমেন্ট বা আই বি ডিপার্টমেন্ট করে না, সি আই ডি করে থাকে। সি আই ডি-র চেহারা এখনই বলতে পারছি না, তবে একটা জায়গায় উঠতে পেরেছি। আগের অবস্থায়ই প্রায় চলছে। তবে কলকাতায় এক্ষেত্রে একটা নিয়ন্ত্রণে আনতে পেরেছি। গত চার-পাঁচ মাসে সাত-আটটি ডাকাতি হয়েছে এখানে এবং প্রায় ডাকাতির শুরুর মুখেই এসব ক্ষেত্রে ডাকাতদের গ্রেপ্তার করতে পেরেছি। অর্থাৎ আমাদের কাছে খবর ছিল আগেই এবং তারই জন্য পরেই দিনই ডাকাতদের ধরতে পেরেছি। গত সাত মাসে কলকাতার বুকে ডাকাতি হয়েছে অথচ তার ফয়সালা হয়নি এরকম একটি ঘটনাও নেই। এক্ষেত্রে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা সম্ভব হয়েছে পুলিশের প্রিভেন্টিভ মেজার এবং আগে থেকে ইনটেলিজেন্স ওয়ার্ক করবার জন্য। রাজ্য পুলিশে এই তৎপরতা আর একটু বাড়াতে হবে।

### অসামাজিক কাজে অভিযুক্ত পুলিশকর্মী

*৪৪৪।(অনুমোদিত প্রশ্ন নং *৯৪৯) **শ্রী কমল মুখার্জি** এবং **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে পুলিশের কত জন কর্মী ধষর্ণ ও ডাকাতির অভিযোগে অভিযুক্ত হয়েছে ; এবং

(খ) উক্ত কর্মিদের ক্ষেত্রে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) ১৯৯৪-৯৫ সালে ৫ (পাঁচ) জন। ১৯৯৫-৯৬ সালে ৪ (চার) জন ধর্ষণের অভিযোগে অভিযুক্ত। ডাকাতির অভিযোগে কেউ অভিযুক্ত হয়নি।

(খ) প্রত্যেকের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হয়েছে। ১৯৯৪-৯৫ সালে ১ (একজন) সাব-ইন্সপেক্টর, ২ (দুইজন) কনস্টেবলকে চার্জশিট দেওয়া হয়েছে, ১ (একজন) কনস্টেবলকে গ্রেপ্তার করা হয়েছে এবং মামলা তদন্তাধীন আছে। আর ১ (একজন) পুলিশ কর্মীর বিরুদ্ধে একটি মামলা তদন্তাধীন আছে। ১৯৯৫-৯৬ সালে ২ (দুইজন) অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। ১(একটি) মামলায় চার্জশিট দেওয়া হয়েছে এবং আর ১ (একটি) মামলায় সম্প্রতি অভিযুক্ত আসামীকে মৃত্যুদন্ড দেওয়া হয়েছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হল ১৯৯৬-৯৭ আর্থিক বছরে পুলিশের কতজন কর্মী ডাকাতি এবং ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার হয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কারেন্ট ইয়ারের তথ্য দিতে পারছি না, এরজন্য সময় লাগবে। সাপ্লিমেন্টারি করছেন ১৯৯৬-৯৭ সালের উপর, কিন্তু প্রশ্ন ছিল তার আগের দুই আর্থিক বছরের। কাজেই মনে হয় প্রশ্নটা আসে না। নতুন করে প্রশ্ন করতে হবে।

**শ্রী কমল মুখার্জি ঃ** ঐ দুই বছরে পুলিশের যাদের নামে ডাকাতি এবং ধর্ষণের অভিযোগ ছিল তাদের অনেককে অভিযুক্ত করেছেন এবং বিচার চলছে। কিছু কিছু ক্ষেত্রে বিচার শেষ হয়েছে। আমার প্রশ্ন, হিসাব বহির্ভূত কতজন পুলিশ কর্মীর বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন এই দুই বছরে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** হিসাব বহির্ভূত হয় না। পুলিশ অপরাধ করলে সেটা হিসাবের বাইরে যায় না. সমস্ত কেসই রেকর্ডেড হয়। ঐ দুই বছরের প্রথম বছর পাঁচজন এবং দ্বিতীয় বছরে চারজন, মোট নয়জনের বিরুদ্ধে মামলা শুরু হয় এবং তাদের মধ্যে একজনের যাবজ্জীবন হয়। গ্রেপ্তার না হয়ে কেউ বাইরে চলে গেছে, এরকম ঘটনা আমার জানা নেই। অপরাধ করেছে, অথচ ছাড়া পেয়ে গেছে এরকম কোনও ঘটনা আপনার জানা থাকলে আমায় জানাবেন, ব্যবস্থা নেব।

**শ্রী কমল মুখার্জি ঃ** তাহলে কি আপনি বলছেন যে ১৯৯৪-৯৫ সালে ডাকাতির অভিযোগে কেউ অভিযুক্ত হয়নি, সকলে ধর্ষণের অভিযোগে অভিযুক্ত হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** প্রথমেই আমি উত্তর দিয়েছি ঘটনা যেগুলি ঘটেছে তাতে ধর্ষণের অভিযোগে এদের অভিযুক্ত করা হয়েছে, ডাকাতির কোনও প্রশ্ন নেই।

**শ্রী কমল মুখার্জি ঃ** পশ্চিমবঙ্গে যে রেল ডাকাতি হয়েছে তার মধ্যে কত জন জি আর পি জড়িত ছিল এবং কত জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ দিতে হবে। এই রকম অ্যাটর্যান্ডাম প্রশ্ন করলে তো উত্তর দেওয়া যাবে না।

**শ্রী কমল মুখার্জি ঃ** জি আর পি তো রাজ্য পুলিশের ব্যাপার। পশ্চিমবঙ্গে যে রেল ডাকাতি হয়েছে তার মধ্যে কত জন জি আর পির বিরুদ্ধে অভিযোগ পেয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ১৯৯৪-৯৫ সালে ডাকাতির অভিযোগে কোনও পুলিশ অভিযুক্ত হয়নি। যদি জি আর পি ডাকাতির অভিযোগে অভিযুক্ত হত তাহলে সেটা এই পরিসংখ্যানের মধ্যেই আসত।

**শ্রী কমল মুখার্জি ঃ** রেলে মাল চুরির ব্যাপারে কোনও পুলিশ অভিযুক্ত হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ দেবেন, বলে দিতে পারব। তা ছাড়া মাল চুরির ক্ষেত্রে

জি আর পি, আর পি এফ এই সমস্ত মিলেমিশে করে। এই পরিসংখ্যান আমার জানা নেই, নোটিশ দেবেন, বলে দেব।

## পুলিশ প্রশাসনের আধুনিকীকরণ

*৪৪৬।(অনুমোদিত প্রশ্ন নং *১০০৭) **শ্রী সুকুমার দাস :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে পুলিশ প্রশাসনকে আধুনিকীকরণের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

(ক) করেছেন।

(খ) (১) সদর দপ্তরের সঙ্গে বিভিন্ন বিভাগ ও থানার যোগাযোগ ব্যবস্থার আধুনিকীকরণ ;

(২) অপরাধ নির্ণয় এবং নিয়ন্ত্রণের জন্য সর্বাধুনিক বৈজ্ঞানিক যন্ত্রপাতি ব্যবহারের ব্যবস্থা ;

(৩) বম্ব-ডিস্পোজাল স্কোয়াড-এর আধুনিকীকরণ ;

(৪) জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে পুলিশ কর্মচারিদের বিশেষ প্রশিক্ষণ প্রদান ;

(৫) নৈশ টহলদারি এবং দ্রুত উপদ্রুত এলাকায় পৌছানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ি ক্রয় ; এবং

(৬) অপরাধ সংক্রান্ত তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং স্বয়ংক্রিয় হিসাব ব্যবস্থা ও কর্মচারী সংক্রান্ত তথ্যাদির সংকলনের জন্য কমপিউটার স্থাপন।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আছে। আপনার আগে যিনি স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন অর্থাৎ মাননীয় মুখ্যমন্ত্রী যখন পুলিশ দপ্তরে ছিলেন তখন তিনি বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন পুলিশের আধুনিকীকরণের প্রশ্নে জল কামানের ব্যবহার চালু করবেন। কারণ পুলিশ ওপেন ফায়ারিং করার ফলে ডেথের সংখ্যা বেড়ে যাচ্ছে বলে। এই জল কামানের ব্যাপারে কেন্দ্রীয় সরকারে সাহায্য করতে চেয়েছিল। রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের সহায়তায় জল কামানোর প্রশ্নে আপনার পদক্ষেপ কতখানি এগিয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** না, আমরা জল কামানের ব্যাপারে কিছু ফাইনালাইজ করিনি। পরীক্ষামূলক ভাবে কতখানি কার্যকর হবে কি হবে না সেটা দেখার বিষয়। আমাদের লক্ষ্য ছিল প্লাসটিক বুলেট। পরীক্ষামূলক ব্যবস্থা করে এটা আমরা করতে পেরেছি।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় তার পরিকল্পনার রূপরেখার ব্যাপারে উত্তর দিয়েছেন। আমি আপনার কাছে স্পেসিফিক জানতে চাই যে রাজ্যের প্রতিটি থানায় বেটার কমিউনিকেশনের জন্য গাড়ির ব্যবস্থা করতে পেরেছেন কিনা এটা হল নাম্বার ওয়ান, নাম্বার টু হচ্ছে কমিউনিকেশন সিস্টেম ইজি করার জন্য টেলিফোনিক অর ইলেকট্রনিক্স অ্যারেঞ্জমেন্ট করতে পেরেছেন কি না?

[11-50 — 12-00 Noon]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটা আমাদের চাহিদার তুলনায় সমস্যা খুব বেশি। তবুও আপনাকে একটা হিসাব আমি দিতে পারি। আমাদের লক্ষ্য হচ্ছে ২ বছরের মধ্যে ১৯৯৮-৯৯ সালের মধ্যে কেন্দ্রীয় সরকারের আমরা সাহায্য পেয়েছি—প্রতিটি থানা টেলিকমিউনিকেশন সিস্টেমের মধ্যে কভার করে আনতে পারব। খুব প্রত্যন্ত এলাকা, পুরুলিয়া, মেদিনীপুর, জলপাইগুড়ি, কুচবিহার এই সমস্ত এলাকার সমস্ত থানাগুলিকে সেন্ট্রালি টেলি-কমিউনিকেশন সিস্টেমের মধ্যে নিয়ে আসতে পারব। গাড়ি আছে, কম আছে, ভাঙা গাড়িও আছে। এটা ক্রমান্বয়ে আমরা রিপ্লেস করছি। ক্যালকাটা পুলিশের এবং ওয়েস্ট বেঙ্গল পুলিশের জন্য কতকগুলি গাড়ি কিনেছি, এই বছরও কিনেছি। গত বছর যা কিনেছি তার হিসাব আছে। অ্যাম্বাসাডার ৮টি, প্রিজন ভ্যান ৪টি, এল পি টাটা ৪০৭, ১০টি, মারুতি জিপসি ১০টি, এনফিল্ড বুলেট মোটর সাইকেল ১৯টি কমান্ডার ভ্যান ১০টি স্টেট পুলিশের যে প্রয়োজন রাজ্য সরকার তার এক তৃতীয়াংশ টাকা দিতে পারে। তার বেশি টাকা তারা দিতে পারে না। সুতরাং সেই ভাবেই কাজটা এগোতে হচ্ছে। আমি এটাও বলেছি যে, টেলিকমিউনিকেশন সিস্টেমের মধ্যে সমস্ত থানাগুলোকে যাতে নিয়ে আসতে পারি তার চেষ্টা করছি এবং আগামী ২ বছরের মধ্যে কাজটা সম্পন্ন হবে।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, নিশ্চয় জানেন সারা পৃথিবীতে অপরাধীদের রেকর্ড রাখার জন্য কমপিউটারের ব্যবস্থা করা হচ্ছে। এতে দাগী-অপরাধীদের বিভিন্ন ক্রাইমের রেকর্ড থাকবে এবং এরসঙ্গে একটা ইন্টার নেটের ব্যবস্থা আছে যার মাধ্যমে অপরাধীদের সঙ্গে যাদের যোগাযোগ আছে তারও রেকর্ড পাওয়া যাবে। অর্থাৎ টোটাল ক্রিমিনাল রেকর্ড রাখার ব্যবস্থা করা হয়েছে। আমাদের রাজ্যে এই রকম পুলিশে কমপিউটারের মাধ্যমে ইন্টার নেটের ব্যবস্থা করা যায় কি না যার মাধ্যমে আন্তর্জাতিক ক্রাইমের সঙ্গে যুক্ত লোকেদেরও ধরা যাবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি প্রথমেই প্রশ্নোত্তর পর্বে বলেছি যে, ক্রাইম রেকর্ডের একটা উইংকে আমরা সম্পূর্ণভাবে কমপিউটারাইজড করেছি। এই ব্যাপারে গতকাল একটা কনফারেন্স হয়েছে, তাতে আমি গেছিলাম। আমরা ক্রাইম রেকর্ডটিকে কমপিউটারাইজড করছি এবং এছাড়া ফিংগার প্রিন্টের একটা ব্যাঙ্ক করছি। ফিংগার প্রিন্টের অনেকগুলো প্রোগ্রামও করছি, এর মডার্নাইজেশনের চেষ্টা করা হচ্ছে, তবে ইন্টারনেটের কিভাবে হবে তা আমার জানা নেই। ক্রাইম রেকর্ড এবং ক্রিমিনালদের রেকর্ড রাখার জন্য বিশেষ ধরনের একটা ট্রাক মেনটেন করা হবে। অর্থাৎ পুরানো যে পদ্ধতি আছে সেটাকে কমপিউটারাইজড করা হচ্ছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন যে, থানাগুলোকে অস্ত্রসস্ত্রে সজ্জিত করে কমপিউটার ব্যবস্থা করা হচ্ছে, এই প্রসঙ্গে আমার প্রশ্ন যে, স্বাধীনতা লাভের আগে ব্রিটিশ পিরিয়ডে যে থানা তৈরি হয়েছে সেই থানা এখনও নিয়ন্ত্রণ করে চলেছে, সেক্ষেত্রে বিভাজন করে দ্রুত মানুষের কাছে উপকার পৌঁছে দেবার ক্ষেত্রে কোনও ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সমস্যাটা যে কোথায় সেটা তো আপনারা জানেনই। তবে আমরা প্রতি বছরেই ৫টি, ৬টি করে নতুন থানা করছি বা বাইফারকেশন করা হচ্ছে। এই মুহূর্তেই উদয়নারায়ণপুরে এবং ডায়মন্ডহারবারে হয়েছে। এছাড়া প্রতিটি জেলাতেও করা হচ্ছে। এসব শুনে অশোক দেব মহাশয়ও বলবেন আমার ওখানে থানা করা হোক। সুতরাং ৫০ বছরের মধ্যে ইন্ডাস্ট্রিয়াল বেল্টে ৮টি বাড়তি থানা হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে সেই তুলনায় থানা হয়নি। মেদিনীপুরে যে থানাটি আছে সেটা ৩টে মিউনিসিপ্যালিটি কভার করছে যেমন কন্টাই থানা। আমরা প্রতি বছরে ৫টি ৬টি করে থানা করছি। আমরা আর্থিক সঙ্গতি দেখে প্রায়োরিটি হিসাবে আমরা থানা করি কারণ আমাদের টাকার সমস্যা রয়েছে।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে একটা প্রশ্ন করছি, এই প্রশ্নটা আমাদেরকে প্রতি মুহূর্তে পুলিশ বিভাগের কাছে শুনতে হয়। ওরা বলেন, আমরা যখন কোনও দুষ্কৃতকারীকে ধরার কথা বলি, খুনীকে ধরার কথা বলি, অপরাধীকে ধরার কথা বলি, তখন ওরা বলেন মানবাধিকার আছে তো জানেন, আমরা ধরে কিছু করতে পারব না, ওরা কেস করলে, আমাদের চাকরি চলে যাবে। এইসব অভিযোগ ওরা তোলে, ফলে খুনীরা, ডাকাতরা রেহাই পাচ্ছে। এই সম্পর্কে আপনারা কিছু ভাবনা-চিন্তা করছেন কিনা বলবেন কি? এই সমস্যার সমাধানের জন্য কিছু যদি ভেবে থাকেন তাহলে দয়া করে বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি যে হিউম্যান রাইটস কমিশনের কথা বলছেন, এদের কাজ এবং উদ্দেশ্যের সঙ্গে রাজ্য সরকার একমত। আমাদের রাজ্যে, প্রথম রাজ্যস্তরে হিউম্যান রাইটস কমিশন তৈরি করি। হিউম্যান রাইটস এর লক্ষ্য হচ্ছে, মানবাধিকার রক্ষা করা। অপরাধীদের দমন করার বিরুদ্ধে নয়। অপরাধীদের যে অবস্থায় দমন করতে হয়, সেই অবস্থাতেই করতে হবে। অপরাধীদের দমন করতে গিয়ে সাধারণ মানুষকে হেনস্তা করতে হবে, শাস্তি দিতে হবে, তাদের অধিকার হরণ করতে হবে, এই জিনিস কখনই হতে পারে না। মানবাধিকার কমিশন চলবে, অপরাধীদের বিরুদ্ধে যা কিছু করার আমরা করব।

**মিঃ স্পিকার ঃ** পুলিশের হচ্ছে ইনভেস্টিগেশন মেশিনারি, তদন্ত করার যন্ত্র। তদন্তর মাধ্যমে শাস্তির ব্যবস্থা করতে হবে। মানবাধিকার কমিশন হচ্ছে, নাগরিকদের উপর যাতে প্রশাসনিক কোনও অত্যাচার না হয়, পার্থক্যটা এখানেই।

**শ্রী অসিত মিত্র ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়, পুলিশের আধুনিকীকরণের কথা বললেন। কমপিউটারাইজেশনের কথা বলেছেন। অন্যান্য যন্ত্রপাতির কথাও বলেছেন, কেমন করে আধুনিকীকরণ করতে চান। লক-আপে মৃত্যুর কথা আমরা এখনও শুনি, বিংশ শতাব্দির শেষভাগে লক-আপে পুলিশ মারছে লোক মারা যাচ্ছে, যারা অপরাধী তাদের ক্ষেত্রেও ঘটছে, যাদের নামে মিথ্যা মামলা আছে তাদের ক্ষেত্রেও ঘটছে। প্রত্যেকটি থানার লক-আপের যে

অবস্থা সেটা নিজের চোখে না দেখলে বিশ্বাস করা যাবে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, এই লক-আপগুলিকে নতুন করে সংস্কার করা এবং পুলিশের মানসিকতাকে নতুন করে আধুনিকীকরণ করার কোনও ব্যবস্থা করছেন কি না বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এই প্রশ্নটা আসে না। এই সম্পর্কে আমাদেরও অভিজ্ঞতা আছে। পুরানো থানাগুলিতে লক-আপে বন্দিদের জায়গায় সংকুলান হয় না, ছোট জায়গার মধ্যে একসঙ্গে বন্দিদের ঢুকিয়ে দেওয়া হয় এটা আমরা জানি। আমি শুধু বলব নতুন যেখানে থানা হচ্ছে, সেখানে লক আপগুলিতে যারা গ্রেপ্তার হবে, তারা যাতে একটু বসতে [illegible] সেই চেষ্টা করছি। থানা পরিবর্তন না করলে লক আপ করা যাবে না, থানা এক জায়গায় আর লক আপ অন্যত্র এটা তো হতে পারে না। তাই থানার জন্য যেখানে নতুন বাড়ি করতে হবে, সেখানে ঐ ব্যবস্থা নেওয়ার [illegible] করা হচ্ছে। এইসব সমস্যার জন্য আমাদের কাজে দেরি হচ্ছে, লক-আপ এর জন্য যে সমস্ত বন্দিদের গ্রেপ্তার করা হচ্ছে, তাদের যে অসুবিধা হচ্ছে এই ব্যাপারে আমরা একমত।

### থানার অফিসারদের কর্তব্যে অবহেলার ঘটনা

*৪৫৪।(অনুমোদিত প্রশ্ন নং *১৭৪১) **শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৪ সাল থেকে ১৯৯৬ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত রাজ্যের বিভিন্ন থানার ভারপ্রাপ্ত অফিসারদের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার কোনও অভিযোগ আছে কি না ; এবং

(খ) থাকলে, কোন কোন থানায়?

**শ্রী [illegible]দেব ভট্টাচার্য :**

(ক) আছে।

(খ) বর্ধমানের কোক্ ওভেন, বীরভূমের দুবরাজপুর, বোলপুর ও ময়ূরেশ্বর, মেদিনীপুরে নন্দীগ্রাম, পাঁশকুড়া, কাঁথি, ভগবানপুর ও বীনপুর, দক্ষিণ ২৪ পরগনার নোদাখালি, উত্তর ২৪ পরগনার বনগাঁ, বাদুড়িয়া, নোয়াপাড়া, আমডাঙ্গা, সন্দেশখালি, নৈহাটি ও টিটাগড় এবং জলপাইগুড়ি জেলার কালচিনি ও নাগরাকাটা থানা ভারপ্রাপ্ত অফিসারদের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার অভিযোগ আছে।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** যে সমস্ত অফিসার ইনচার্জের বিরুদ্ধে আপনি কর্তব্যে অবহেলার অভিযোগ পেয়েছেন, তাদের আপনি আবার অন্য থানায় অফিসার ইনচার্জ হিসাবে বহাল করছেন, এই রকম কোনও সংবাদ আপনার কাছে আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এই ব্যাপারে আপনার সঙ্গে আমার কথা হয়েছিল। অন্য থানা থেকে সরিয়ে তাকে ঐ থানাতে দেওয়া হয়েছে। কিছু ক্ষেত্রে আমাদের এটা করতে হয়

অপরাধের মাত্রা দেখে, তবে সব ক্ষেত্রেই এটা করা হয় না। তার বিরুদ্ধে অন্য যে শাস্তিমূলক ব্যবস্থা যেমন ব্লাক মার্ক করা, সেন্সর করা সেগুলো তার চাকরির ক্ষেত্রে একটা শাস্তিমূলক ব্যবস্থা। কিন্তু যখন আমরা দেখি যে সে ভয়ঙ্কর ধরনের অপরাধ করেছে, তখন তাকে থানাতে পোস্টিং করা হয় না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয়, থানায় অফিসার ইনচার্জ হিসাবে কর্তব্যে অবহেলা এবং মানবাধিকার কমিশন থেকে তাকে ডিটেকটেড করা হয় এবং তাকে ৩০ হাজার টাকা দিতে হয়েছে। তাকেই আবার ছয় মাসের মধ্যে পোস্টিং দেওয়া হয়েছে। নিয়ম হচ্ছে যে সমস্ত অফিসার ইনচার্জ কর্তব্যে অবহেলা করবে তাদের অন্যত্র সরিয়ে দেওয়া হবে, তাদের আর থানাতে পোস্টিং দেওয়া হয় না। যদি তাকে ডি এ ডি এই রকম কোনও জায়গায় পোস্টিং দেওয়া হয় তাহলে তিনি বুঝতে পারেন তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। চূড়ান্ত শাস্তি দেওয়ার ব্যাপারে আপনি কিছু ভাবছেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** শাস্তি পাওয়ার একটা মাত্রা আছে। যদি সে খুব খারাপ কাজ করে বা হিউম্যান রাইটস কমিশন নির্দেশ দেয়, তাহলে তাকে আমরা ঐ জায়গায় দিই না। যদি সে ছোটখাট ভুল করে, তবে তাকে আমরা আবার একটা সুযোগ দেবার চেষ্টা করি। তবে বেশির ভাগ ক্ষেত্রেই তাকে আর ও সি করা হয় না, এটাই হচ্ছে সাধারণ নীতি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আমি নির্দিষ্ট কেসটা বলছি, ও সি মগরাহাটের বিরুদ্ধে হিউম্যান রাইটস কমিশনের ডেফিনিট ফাইন্ডিং ছিল, হি ইজ অ্যান অ্যাকিউজড কেস নম্বর ৩০২, জেলের ভেতরে একজন কয়েদিকে মারা হয়েছে। তাহলে কোন ধারা আসামী হলে সে ন্যূনতম পানিশমেন্ট পেতে পারে। একজন মার্ডার কেসের আসামী, যার বিরুদ্ধে হিউম্যান রাইটস কমিশনের ফাইন্ডিং আছে, তাকে আপনি মগরাহাট থেকে নিয়ে মথুরাপুরে ও সি করে দিলেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মামলা চলছে, রায় বেরোক, তারপরে আপনি দেখবেন ও সি-র কি হয়, সে কোথায় থাকে।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### সরকারি দুধের মূল্য

*৫০২।(অনুমোদিত প্রশ্ন নং *১৪৩) **শ্রী আব্দুল মান্নান :** প্রাণী-সম্পদ বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৯২ লিটার প্রতি সরকারি (বিভিন্ন প্রকার) দুধের দাম কত ছিল ;

(খ) ১লা জানুয়ারি, ১৯৯৭ উক্ত দাম কত ; এবং

(গ) উক্ত সময়ে দুধের দাম কত বার বৃদ্ধি করা হয়েছে?

**প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) গরুর দুধ ৫টাকা প্রতি লিটার।

(২) টোনড্ দুধ ৩টাকা ৩০ পয়সা প্রতি লিটার।

(৩) ডবল টোনড্ দুধ ২ টাকা ৭০ পয়সা প্রতি লিটার।

(খ) (১) গরুর দুধ ১০টাকা প্রতি লিটার।

(২) টোনড্ দুধ ৭টাকা প্রতি লিটার।

(৩) ডবল টোনড্ দুধ ৫ টাকা প্রতি লিটার।

(গ) একবার।

**নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা**

*৫০৩।(অনুমোদিত প্রশ্ন নং *২৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি বাজার সমিতি ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের স্বার্থে বন্ধকী লগ্নি প্রকল্প চালু করেছে?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪৭ (সাতচল্লিশটি)

(খ) এখন পর্যন্ত ৫টি নিয়ন্ত্রিত বাজার সমিতি যেমন

(১) ধূলগুড়ি (২) কালনা, (৩) ইসলামপুর, (৪) সামসী ও (৫) বেথুয়াডহরী
• এই প্রকল্প হাতে নিয়েছেন।

**Selling of the vacant Land**

*504. (Admitted Question No. *493) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

how many Industrial Units in Calcutta have been permitted to sell their vacant land?

**Minister-in-charge of the Industrial Reconstruction Department :**

The State Govt. in the I. R. Deptt. has not yet accorded permission to any industrial units to sell their vacant land.

## পুরুলিয়ায় প্রত্নতাত্ত্বিক নিদর্শন

*৫০৫।(অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩) **শ্রী তপন হোড় ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলার "পাক বিড়রার ভৈরবথান" এলাকায় প্রাচীন যুগের প্রত্নতাত্ত্বিক নিদর্শন পাওয়া গিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি কিভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ সত্যি। পুরুলিয়া জেলার পাকবিড়রা গ্রামের উত্তরপ্রান্তে একটি জৈন প্রত্নস্থল আছে। তিনটি পাথরের মন্দির, একটি সংলগ্ন ঢিপি এবং সেখানে থেকে প্রাপ্ত মূর্তিগুলি ১৯৭০ সালে রাজ্য সরকার কর্তৃক সংরক্ষিত ঘোষণা করা হয়েছে। ঐ প্রত্নস্থলটি লৌকিকভাবে ভৈরবথান নামে পরিচিত।

(খ) পাকবিড়রা গ্রামে মন্দিরগুলি ১৯৭৭-৭৮ সালে সংরক্ষণ করা হয়েছে। মূর্তিগুলি এখন একটি পাথরের মন্দিরের মধ্যে এবং স্থানীয় স্কুলবাড়িতে রক্ষিত আছে। সরকারের পক্ষ থেকে একটি আঞ্চলিক সংগ্রহালয় (site Museum) গঠন করার প্রস্তাব করা হয়। পরে 'শ্রী ভারতবর্ষীয় দিগম্বর জৈন মহাসভা' ঐ স্থানে একটি ধর্মশালা উদ্বোধন করেন এবং ঐ স্থানে সংগ্রহালয় তৈরির অনুমতি চেয়েছেন। তথ্য ও সংস্কৃতি বিভাগের তরফে ঐ আবেদন অনুমোদিত হয়েছে।

## জাতীয় পতাকা উত্তোলন

*৫০৬।(অনুমোদিত প্রশ্ন নং *১০১২) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ১৫ই আগস্ট ১৯৯৬ স্বাধীনতা দিবসে মহাকরণের সামনে জাতীয় পতাকা উত্তোলনকালে খুলে পড়ে যায় ; এবং

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কি না?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

**ডিপ-টিউবওয়েল**

*৫০৭।(অনুমোদিত প্রশ্ন নং *২০২৮) **শ্রী বিনয় দত্ত ঃ** জলসম্পদ ও অনুসন্ধান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিশ্বব্যাঙ্কের সহায়তায় কতগুলি মিনি ডিপ-টিউবওয়েল বা গুচ্ছ ডিপ-টিউবওয়েল প্রোথন করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি বর্তমানে কার্যকর অবস্থায় আছে?

**জলসম্পদ ও অনুসন্ধান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২৭৪৫টি।

(খ) ২০২৬টি।

**বাধ্যতামূলক বাংলা ছবির প্রদর্শন**

*৫০৯।(অনুমোদিত প্রশ্ন নং *১৪৮০) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সিনেমা হলগুলিতে বছরে কমপক্ষে কিছুদিন বাধ্যতামূলকভাবে বাংলা ছবি দেখানোর জন্য সরকারি স্তরে কোনও পদক্ষেপ নেওয়া হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, তার ফলাফল কি?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের সিনেমা হলগুলিতে বছরে বাধ্যতামূলকভাবে বাংলা ছবি দেখানোর জন্য ১৯৮৯ সালে ওয়েস্ট বেঙ্গল সিনেমা (রেগুলেশন অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট ১৯৮৯ বিধানসভায় গৃহীত হয়। ঐ সংশোধনী অনুসারে যে কোনও শ্রেণীর লাইসেন্সধারী সিনেমা হল মালিকদের বছরে অনধিক ১২ সপ্তাহ বাংলা চলচ্চিত্র প্রদর্শনের জন্য রাজ্য সরকারকে মূল আইনের পাঁচ ধারা একটি নতুন উপধারা অন্তর্ভুক্ত করার ক্ষমতা দেওয়া হয়েছে।

(খ) পরবর্তীকালে পর্যাপ্ত সংখ্যক বাংলা কাহিনী চিত্রনির্মিত না হওয়ার ফলে এবং পরিবেশকদের কাছ থেকে কোনও উদ্যোগ না দেখানোর জন্য আইনটির ব্যবহার এখনও হয়নি।

**Loss-making Public Undertakings**

*510. (Admitted Question No. *2252) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Public Undetakings Department be pleased to state—

(a) whether it is fact that Government planning to disinvest in some loss-making Public Undertakings ; and

(b) if so, details thereof ?

**Minister-in-charge of the Public Undertakings Department :**

(a) No.

(b) Does not arise.

**এম এ এম সি এবং বি ও জি এল কারখানার পুনরুজ্জীবন**

*৫১১।(অনুমোদিত প্রশ্ন নং *২০৫০) **শ্রী দেবব্রত ব্যানার্জি ও শ্রী লক্ষ্মণ বাগদি ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এম এ এম সি এবং বি ও জি এল কারখানার পুনরুজ্জীবনের সর্বশেষ পরিস্থিতি কি?

**শিল্প ও পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এম এ এম সি (মাইনিং অ্যান্ড অ্যালায়েড মেশিনারি) কোম্পানিটি বি আই এফ আর-এ ১৯৯২ সালে নথিভুক্ত হয়। ৩-১-১৯৯৫ তারিখে বি আই এফ আর কোম্পানিটি লিক্যুইডিশনে পাঠাবার জন্য প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে। বি আই এফ আর-এর উক্ত আদেশের বিরুদ্ধে উচ্চ আদালত স্থগিতাদেশ জারি করেছে। সেই থেকে বি আই এফ আর এর শুনানি বন্ধ রয়েছে।

বি ও জি এল (ভারত অফথালমিক গ্লাস) ১৯৯২ সালে বি আই এফ আর-এ নথিভুক্ত হয়। বি আই এফ আর ৯-২-৯৬ তারিখে কোম্পানিটি তুলে দেওয়ার আদেশ জারি করে। উক্ত আদেশের বিরুদ্ধে পরিচালন কর্তৃপক্ষ ও কর্মচারিদের আবেদনের পরিপ্রেক্ষিতে আপীলেট অথরিটি পুনরায় একটি পুনরুজ্জীবন প্রকল্প তৈরি করার জন্য নির্দেশ জারি করে। বর্তমানে কোম্পানিটি বি আই এফ আর-এর শুনানির অপেক্ষায় রহিয়াছে।

**নিয়ন্ত্রিত বাজার**

*৫১২।(অনুমোদিত প্রশ্ন নং *২১৫৬) **শ্রী ঈদ মহম্মদ ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি নিয়ন্ত্রিত বাজার আছে ; এবং

(খ) সমস্ত নিয়ন্ত্রিত বাজারে কমিটি আছে কি না?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪৭টি।

(খ) না।

## প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি

*৫১৩।(অনুমোদিত প্রশ্ন নং *৩৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি প্রকল্প চালু আছে কি না ;

(খ) থাকলে, মাথাপিছু মাসিক কত টাকা হারে বৃত্তি দেওয়া হয় ; এবং

(গ) বিগত আর্থিক বছরে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ছিল (জেলাওয়ারি)?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) মাসিক ৬০ টাকা।

(গ) ২৪৭৭ জন। (জেলাওয়ারি) হিসাব নিম্নরূপ ঃ-

| | জেলা | সংখ্যা |
|---|---|---|
| ১। | বর্ধমান | ৪৭৫ |
| ২। | বীরভূম | ১০৩ |
| ৩। | মালদা | ২২৬ |
| ৪। | মেদিনীপুর | ১০৮ |
| ৫। | নদীয়া | ০০৯ |
| ৬। | মুর্শিদাবাদ | ১২৬ |
| ৭। | হুগলি | ৫৪ |
| ৮। | দক্ষিণ ২৪ পরগনা | ৯০ |
| ৯। | উত্তর ২৪ পরগনা | ৩৯১ |
| ১০। | দক্ষিণ দিনাজপুর | ৫৫ |
| ১১। | উত্তর দিনাজপুর | ৮১ |

| | | |
|---|---|---|
| ১২। | বাঁকুড়া | ৭২ |
| ১৩। | পুরুলিয়া | ৬১ |
| ১৪। | জলপাইগুড়ি | ৮০ |
| ১৫। | কোচবিহার | ২২০ |
| ১৬। | হাওড়া | ২০৬ |
| ১৭। | কলকাতা | ১২০ |
| ১৮। | দার্জিলিং | ০০০ |
| | | ২৪৭৭ |

**বাংলাদেশে গরু মহিষ পাচার**

*৫১৪।(অনুমোদিত প্রশ্ন নং *৪৪০) **শ্রী তপন হোড় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলা থেকে বাংলাদেশে অসংখ্য গরু-মহিষ পাচার হয়ে যাচ্ছে ;

(খ) সত্যি হলে, উক্ত গরু-মহিষ পাচাররোধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে ; এবং

(গ) উক্ত বিষয়ে কত জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিচ্ছিন্নভাবে কিছু কিছু গবাদি পশু পাচার হয়ে থাকে।

(খ) পাচাররোধে সীমান্ত রক্ষী বাহিনী ও রাজ্য পুলিশের নজরদারী বাড়ানো হয়েছে।

(গ) ১৯৯৪ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত মোট ৩৭টি মামলায় ৬৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

**রাজ্যে প্রতিবন্ধীদের বিনামূল্যে সহায়ক সামগ্রী প্রদান**

*৫১৫।(অনুমোদিত প্রশ্ন নং *১৪৮১) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রতিবন্ধীদের জন্য সরকার কর্তৃক বিনামূল্যে সহায়ক সামগ্রী প্রদানের কোনও ব্যবস্থা আছে কি না ;

(খ) থাকলে, কোন পদ্ধতিতে একজন প্রতিবন্ধী মানুষ এই সাহায্য পেতে পারেন ; এবং

(গ) ১৯৯৬ সালে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কত জন প্রতিবন্ধীকে উক্ত সাহায্য দেওয়া হয়েছে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) নির্দিষ্ট আবেদন পত্রে (কলকাতার ক্ষেত্রে সমাজ কল্যাণ অধিকার জেলা ও ব্লক স্তরে জেলা শাসক) আবেদনের ভিত্তিতে অনুসন্ধান সাপেক্ষে পারিবারিক আয় ও প্রতিবন্ধীকতার মান বিবেচনা করিয়া এই সাহায্য দেওয়া হয়।

পারিবারিক এক হাজার টাকা আয় সীমার সম্পূর্ণ বিনামূল্যে ও বারো শত টাকা আয় সীমার স্কীমে এই সাহায্য দেওয়া হয়।

৪০ প্রতিবন্ধীকতার ওপরে এই সাহায্য বিবেচনা করা হয়।

(গ) ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ১২৪০ জন প্রতিবন্ধীকে এই সাহায্য দেওয়া হয়েছে।

## Unstarred Questions
## (to which written Answers were laid on the Table)

### ধান উৎপাদনে ক্ষতি

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৬ সালের খারিফ মরশুমে বর্ধমান জেলার একাধিক ব্লকে ধ্বসা রোগ বা পোকার আক্রমণে ব্যাপকভাবে ধান উৎপাদন ক্ষতিগ্রস্থ হয়েছে ;

(খ) ক্ষতি হলে, উক্ত জেলার কোন কোন ব্লকে এর জন্য ধান উৎপাদন ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে ; এবং

(গ) উক্ত ক্ষতির পরিমাণ কিরূপ?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, ধ্বসা রোগ বা পোকার আক্রমণে বর্ধমান জেলার কোনও ব্লকেই ১৯৯৬ সালে ধান উৎপাদনে ক্ষতি হয়নি। তবে ঐ জেলার ১১টি ব্লকে টুংরো ভাইরাস রোগে কিছু ক্ষতি হয়েছে।

(খ) ও (গ) ক্ষতিগ্রস্ত ব্লকগুলির নাম এবং ক্ষতিগ্রস্ত এলাকার পরিমাণ নিচে দেওয়া হল ঃ

| ব্লকের নাম | ক্ষতিগ্রস্ত এলাকার পরিমাণ (হেক্টর) | উৎপাদনের সম্ভাব্য ক্ষতির পরিমাণ শতাংশ |
|---|---|---|
| ১। ভাতার | ৯.০০০ | ৩০ |
| ২। মন্তেশ্বর | ৩,৩০০ | ১৫ |
| ৩। বর্ধমান ১ ও ২নং | ১,০০০ | ৫ |
| ৪। গলসি ২নং | ১,৩০০ | ৫ |
| ৫। রায়না ১নং | ১,০০০ | ৫ |
| ৬। খন্ডকোষ | ৪০০ | ২ |
| ৭। আউসগ্রাম ১নং | ৯০০ | ৫ |
| ৮। মঙ্গলকোট | ২,৭০০ | ১০ |
| ৯। মেমারি ২নং | ১,০০০ | ১০ |
| ১০। কালনা ১নং | ৬০০ | ৫ |
| ১১। পূর্বস্থলী ২নং | ৫০০ | ৫ |

## বর্ধমানে পর্যটক আবাস

৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭০) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পর্যটক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুসারে বর্ধমান শহরে পর্যটক আবাস নির্মাণের কাজটি কোন পর্যায়ে আছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্ধমান শহরে বর্তমানে পর্যটন আবাস নির্মাণের কোনও প্রকল্প পর্যটন দপ্তরের বিবেচনাধীন নেই, তবে ১৯৯০-৯১ সালে কেন্দ্রীয় সরকার বর্ধমান শহরের উপকণ্ঠে পর্যটকদের জন্য একটি ওয়েসাইড ফেসিলিটি বা পথিপার্শ্বের সুবিধা নির্মাণ প্রকল্প ১৩.৭১ লক্ষ টাকা আর্থিক সাহায্য মঞ্জুর করেন এবং মঞ্জুরীকৃত অর্থের মধ্যে প্রথম ৭ লক্ষ টাকা বরাদ্দ করেন। নির্মাণকাজটি সম্পন্ন করার জন্য পর্যটন দপ্তর বর্ধমান জেলাপরিষদকে নির্বাহিক অনুসংগঠন (এক্সিকিউটিভ এজেন্সি) নিযুক্ত করেছেন। আশা করা যায় কাজটি ১৯৯৭ সালের প্রথম ভাগেই আরম্ভ করা যাবে।

**পুরসভাকে মেগাসিটি প্রকল্পের আওতাভুক্তিকরণ**

৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০) **শ্রী আব্দুল মান্নান ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের কতগুলি পুরসভাকে মেগাসিটি প্রকল্পের আওতায় আনার পরিকল্পনা ছিল ;

(খ) ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত কোন্ কোন্ পুরসভায় উক্ত প্রকল্পে কত টাকা বরাদ্দ করা হয়েছিল এবং কত টাকা মঞ্জুর হয়েছিল ; এবং

(গ) (১) বর্তমানে ঐ প্রকল্প চালু আছে কি না, এবং

(২) না থাকলে, তার কারণ কি?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলকাতা মহানগরীর অন্তর্গত ৩টি মিউনিসিপ্যাল কর্পোরেশন ও ৩৮টি মিউনিসিপ্যালিটির সবকটিই মেগাসিটি প্রকল্পের অন্তর্ভুক্ত।

(খ) মেগাসিটি প্রকল্পে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচির কিছু সি এম ডি এ-র দ্বারা কেন্দ্রীয়ভাবে এবং কিছু পুরসভাগুলির দ্বারা ওয়ার্ডভিত্তিতে রূপায়িত হচ্ছে। পুরসভাগুলোর মাধ্যমে ওয়ার্ডভিত্তিক কর্মসূচিগুলিতে ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত বরাদ্দকৃত মোট অর্থের পরিমাণ ৪৯.৬৮ কোটি টাকা এবং খরচের পরিমাণ ৩৬.১৪ কোটি টাকা। পুরসভাভিত্তিক হিসাব গ্রন্থাগারের টেবিলে দেওয়া হল।

(গ) (১) হ্যাঁ।

(২) প্রশ্ন ওঠে না।

**বরাকরে এস বি এস টি সি-র বাস ডিপো নির্মাণ**

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি** এবং **শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এস বি এস টি সি-র বরাকরে বাস ডিপো নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে ; এবং

(গ) উক্ত কাজে কত টাকা ব্যয় হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## চালকলগুলি থেকে লেভি সংগ্রহ

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৫) **শ্রী জটু লাহিড়ী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল, ১৯৯১ সাল থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত (বছরওয়ারী) রাজ্যে চালকলগুলি থেকে লেভি লক্ষ্যমাত্রা কি ছিল ; এবং

(খ) ঐ বছরগুলিতে লেভি আদায়ের পরিমাণ কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) লেভি আদায়ের লক্ষ্যমাত্রা আর্থিক বছর অর্থাৎ ১লা এপ্রিল থেকে স্থিরীকৃত হয় খরিফ বর্ষ অনুযায়ী অর্থাৎ ১লা অক্টোবর থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত খরিফ বর্ষ অনুযায়ী ১৯৯০-৯১ থেকে ১৯৯৬-৯৭ পর্যন্ত (বছরওয়ারী) রাজ্যে চালকলগুলি থেকে লেভি সংগ্রহের লক্ষ্যমাত্রা ও লেভি আদায়ের পরিমাণ নিম্নে দেওয়া হল ঃ—

| ক্রমিক নং | খরিফ বর্ষ | লেভি সংগ্রহের লক্ষ্যমাত্রা | লেভি সংগ্রহের পরিমাণ |
|---|---|---|---|
| ১। | ১৯৯০-৯১ | ২,০০,০০০ টন | ১,০১,৯০০ টন |
| ২। | ১৯৯১-৯২ | ২,০০,০০০ টন | ৭৯,৮০০ টন |
| ৩। | ১৯৯২-৯৩ | ৪,০০,০০০ টন | ১,৭১,৬০৭ টন |
| ৪। | ১৯৯৩-৯৪ | ৩,৫০,০০০ টন | ১,৬৩,০৩৩ টন |
| ৫। | ১৯৯৪-৯৫ | ৩,৫০,০০০ টন | ১,৫০,০২৪ টন |
| ৬। | ১৯৯৫-৯৬ | ৩,৫০,০০০ টন | ১,৩৩,৪৭৮ টন |
| ৭। | ১৯৯৬-৯৭ | ৩,৫০,০০০ টন | ৭৪,২৯১ টন (১৩-১-৯৭ পর্যন্ত) |

## সরকারি হাসপাতালে সি টি স্ক্যান

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৫) **শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতার বাঙ্গুর ইনস্টিটিউট অব নিউরোলজি ছাড়া আর কোনও সরকারি হাসপাতালে সি টি স্ক্যান আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না।

### Electricity generation capacity of Durgapur Project Ltd.

323. (Admitted Question No. 680) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) What is the generation capacity of electricity of Durgapur Project Ltd.; and

(b) How much did it prodrce in 1994-95 and 1995-96?

**Minister-in-charge of the Power Department :**

(a) The total Installed Capacity of the DPL Power Station is 395 MW but the present derated capacity is 390 MW.

(b) Generation of electricty by Durgapur Porject Ltd. as follows:

| | |
|---|---|
| 1994-95 | 907 MU |
| 1995-96 | 905 MU |

The Company operates generally units III, IV, V & VI. It also operates unit II only under emergencies. Unit I is not available for operation. Except Unit No. VI, all other units are very old. Under normal good condition, the station should be able to generate about 1875 MU at 60% PLF.

### De-requisition of Land

324. (Admitted Qustion No. 685) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the R. R. & R. Department be pleased to state—

(a) Whether the Government has any scheme to de-requisition any land duly requisitioned by the Government for rehabilitating refugees from East Bengal (now Bangladesh); and

(b) If the answer 'A' be in the affirmative, the salient features thereof?

**Minister-in-charge of the R. R. & R. Department :**

(a) There is no such scheme of de-requisitioning any land duly requisitioned for rehabilitating displaced persons from East-Pakistan (now Bangladesh), but in some stray cases, the land so requisitioned had to be de-requisitoned either by the order of the Court or to meet any definite excegency.

(b) Does not arise.

**Number of projects for providing flats for LIG/MIG people**

325. (Admitted Qustion No. 688) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

How many projects are being run by the Housing Board for providing flats for LIG/MIG people in Calcutta ?

**Minister-in-charge of the Housing Department :**

There are, at present 4 on going projects for LIG/MIG people in Calcutta under the control of West Bengal Housing Board.

They are :

| | |
|---|---|
| at Thakurpukur | = MIG |
| at Siriti | = MIG |
| at Purba (Tilzala) | = MIG |
| at Rajapur | = MIG/LIG |

**Number of Double Decker Bus in CSTC**

326. (Admitted Qustion No. 692) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

How many Double Decker Buses are there in CSTC ?

**Minister-in-charge of the Transport Department :**

225 Nos.

**জৈবসারের প্রস্তুতি ও বিক্রয়**

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৬) **শ্রী কমল মুখার্জি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জৈবসার প্রস্তুত ও বিক্রয় করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে এবং কোথায় কোথায় উৎপাদন হবে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কৃষকদের মাধ্যমে/ব্যক্তিগত মালিকানায় ও বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে জৈবসার প্রস্তুত করার পরিকল্পনা এই রাজ্যে বহুদিন যাবৎ চালু আছে। বর্তমানে বড় আকারের কারখানা করে জৈবসার করার কোনও পরিকল্পনা রাজ্য কৃষি দপ্তরের নেই।

(খ) কৃষকরা তাদের সুবিধে মতো জায়গায়, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, মোহনপুর ও ব্যক্তিগত মালিকানাধীন সংস্থাগুলি নিজেদের কারখানায় প্রস্তুত করেন।

## চন্দননগরে ইনডোর স্টেডিয়ামের কাজ

৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩১) **শ্রী কমল মুখার্জি ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের ডিসেম্বর মাস পর্যন্ত হুগলি জেলার চন্দননগর শহরে ইনডোর স্টেডিয়াম-এর কাজ কতটুকু সম্পন্ন হয়েছে ;

(খ) উক্ত ইনডোর স্টেডিয়াম নির্মাণে ঐ সময় পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ; এবং

(গ) কবে নাগাদ ইনডোর স্টেডিয়ামের কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ভিত-এর কাজ শেষ হয়ে পিলার স্থাপনের কাজ শুরু হয়েছে।

(খ) ঐ সময় পর্যন্ত ১৯,৪৭,৯৩১ টাকা খরচ হয়েছে।

(গ) অর্থের অভাবে বর্তমানে কাজ স্থগিত আছে।

## চন্দননগর ও ভদ্রেশ্বর পৌরসভার শূন্যপদের সংখ্যা

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭০) **শ্রী কমল মুখার্জি ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার চন্দননগর ও ভদ্রেশ্বর পৌরসভায় শূন্যপদের সংখ্যা কত (আলাদাভাবে) ; এবং

(খ) উক্ত পৌরসভা দুটিতে অস্থায়ী কর্মচারিদের স্থায়ীকরণের কোনও সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি না?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শূন্য পদের সংখ্যা—চন্দননগরে—৩৮, ভদ্রেশ্বর—৫।

(খ) এই বিষয়ে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**চন্দননগর পৌরসভা এলাকায় পানীয় জলের সঙ্কট**

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭২) **শ্রী কমল মুখার্জি ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চন্দননগর পৌরসভার মধ্যে (অধুনালুপ্ত খালিসানী গ্রাম পঞ্চায়েত) কিছু এলাকায় পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে ,

(খ) সত্যি হলে সরকার এজন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন , এবং

(গ) ঐ এলাকায় বর্তমানে পানীয় জলের নলকূপের সংখ্যা কত ও তার মধ্যে কতগুলি অকেজো?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কিছু এলাকায় পানীয় জলের সমস্যা আছে।

(খ) চন্দননগর পুর কর্পোরেশনকে এই সমস্যার বিষয়ে অবহিত করা হয়েছে।

(গ) হাত টিউবওয়েলের সংখ্যা আনুমানিক ২০০টি, তার মধ্যে আনুমানিক ৪২টি কাজ করছে না।

**সিঙ্গুরে ইন্দিরা আবাস প্রকল্পে নির্মিত বাড়ির সংখ্যা**

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৫) **শ্রী কমল মুখার্জি ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় সিঙ্গুর ব্লকের বিঘাটি গ্রাম পঞ্চায়েত এলাকায় কোথায় কোথায় ইন্দিরা আবাস প্রকল্পে কতগুলি বাড়ি তৈরি করা হয়েছে ;

(খ) উক্ত প্রকল্পের আর কোথায় কোথায় (উপরোক্ত এলাকায়) বাড়ি তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(গ) এ পর্যন্ত ঐ সব এলাকায় উক্ত প্রকল্পের ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বছর অনুযায়ী যতগুলি ঘর তৈরি করা হয়েছে তার সংখ্যা দেওয়া হল ঃ—

| | |
|---|---|
| ১৯৯৩-৯৪ | ৫টি |
| ১৯৯৪-৯৫ | ৬টি |
| ১৯৯৫-৯৬ | ১০টি |
| ১৯৯৬-৯৭ | ২টি |
| | মোট ২৩টি |

এছাড়া নাম ও ঠিকানার তালিকা গ্রন্থাগারের টেবিলে দেওয়া হল।

(খ) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে এখনও প্রকল্প নেওয়া হয়নি।

(গ) বছর অনুযায়ী ব্যয়িত অর্থের পরিমাণ দেওয়া হল ঃ—

| | |
|---|---|
| ১৯৯৩-৯৪ | ৬৮,৬০০.০০ টাকা |
| ১৯৯৪-৯৫ | ৮২,৩২০.০০০ টাকা |
| ১৯৯৫-৯৬ | ১,১৭,২০০.০০ টাকা |
| ১৯৯৬-৯৭ | ২৬,৮০০.০০ টাকা |
| | মোট ২,৯৪,৯২০.০০ টাকা |

## হুগলি জেলায় ত্রাণসামগ্রী বিলি

৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৮) **শ্রী কমল মুখার্জি ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৯৪, ১৯৯৫ ও ১৯৯৬ সালে 'বন্যায়' হুগলি জেলায় কোন কোন ব্লকে/টাউনে কত পরিমাণ ত্রিপল, ধুতি, শাড়ি, শিশুবস্ত্র, লুঙ্গি, চাল, গম ও গৃহ-নির্মাণ বাবদ কত টাকা বরাদ্দ হয়েছিল ; এবং

(খ) উপরোক্ত বিলি-বণ্টন কাদের মাধ্যমে করা হয়েছিল?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ (১৪-৩-৯৭) পর্যন্ত আর্থিক বছরে বন্যায় হুগলি জেলায় ব্লক ও মিউনিসিপ্যালিটিতে বর্ষভিত্তিক ত্রাণসামগ্রী বিতরণের বিবরণ নিম্নে প্রদত্ত হল।

(খ) প্রচলিত নিয়ম অনুযায়ী গ্রাম পঞ্চায়েত ও মিউনিসিপ্যালিটির মাধ্যমে ত্রাণসামগ্রী বিতরণ করা হয়েছিল।

## প্রত্যেক ব্লক ও মিউনিসিপ্যালিটিতে ত্রিপল, ধুতি, শাড়ি, শিশুবস্ত্র, লুঙ্গি, চাল, গম ও গৃহনির্মাণ বাবদ বরাদ্দের বিবরণ

| বৎসর | মহকুমা | ব্লক/ মিউনিসিপ্যালিটি | ধুতি | শাড়ি | লুঙ্গি | শিশুবস্ত্র | ত্রিপল | গৃহনির্মাণ বাবদ বরাদ্দ | চাল (মে. ট.) | গম (মে. ট.) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | (লক্ষ টাকা) | | |
| ১৯৯৪-৯৫ | চন্দননগর | সিঙ্গুর | ১০০ | ২৭০ | ৬৫ | ৪৭৫ | ৪৬ | ০.৬৭৫ | | ২.০০ |
| | | হরিপাল | ৯০ | ২৩৬ | ৬০ | ৪০৫ | ৩০ | ১.০০০ | | ১.৫ |
| | | তারকেশ্বর | ৮০ | ২০২ | ৫৫ | ৩৫৫ | ৩০ | | | ১.৫ |
| | | তারকেশ্বর মিউ. | ০৬ | ২০ | ০৫ | ৫১ | | | | |
| | | ভদ্রেশ্বর মিউ. | ২০ | ৪৫ | ০৯ | ১০২ | | | | |
| | | চাঁপদানি মিউ. | ২৪ | ৬০ | ১১ | ১২৪ | | | | |
| | | চন্দননগব কর্পো. | ৩০ | ৭৫ | ১৫ | ১৬৭ | | | | |
| ১৯৯৪-৯৫ | আরামবাগ | | | | | | | | | |
| ১৯৯৪-৯৫ | সদর | বলাগড় | ৫০ | ৬০ | ২৫ | ২৪০ | ৯০ | ২.৬৮ | | ১.৫০ |
| | | পান্ডুয়া | ২৫ | ৩৫ | ১৩ | ১৪৫ | ৭০ | | | ২.০০ |
| | | ধনিয়াখালি | ৩০ | ৪০ | ১৫ | ১৬৫ | ৭৫ | | | ২.৫০ |
| | | পোলবা-দাদপুব | ৪০ | ৫০ | ২০ | ২০০ | ৭০ | | | ১.৫০ |
| | | চিনসুরা-মগরা | ৩০ | ৪০ | ১২ | ১৫০ | ৭০ | ০.৫০ | | ১.৫০ |
| | | এস ডি ও সদর | ২৫ | ২৫ | ১৫ | ১০০ | ৩৫ | | | |
| ১৯৯৪-৯৫ | শ্রীরামপুর | শ্রীরামপুর মিউ. | ১২০ | ১২০ | ৮০ | ৮০ | | | | |
| | | বৈদ্যবাটি মিউ. | ৬০ | ৬০ | ৪০ | ৪০ | | | | |
| | | কোন্নগর মিউ. | ৩০ | ৩০ | ২০ | ২০ | | | | |

| বৎসর | মহকুমা | ব্লক/ মিউনিসিপ্যালিটি | ধুতি | শাড়ি | লুঙ্গি | শিশুবস্ত্র | ত্রিপল | গৃহনির্মাণ বাবদ বরাদ্দ | চাল (মে. ট.) | গম (মে. ট.) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | (লক্ষ টাকা) | | |
| | | রিষড়া | ৬০ | ৬০ | ৪০ | ৪০ | | | | |
| | | উত্তরপাড়া- | | | | | | | | |
| | | কোটরাঙ্গ | ৯০ | ৯০ | ৬০ | ৬০ | | | | |
| | | জঙ্গিপাড়া ব্লক | | | | | | ১.০০ | | ৩.২৫ |
| | | চন্ডিতলা-১ | | | | | | | | ২.৭৫ |
| | | চন্ডিতলা-২ | | | | | | ১.০০ | | ৩.২৫ |
| | | শ্রীরামপুর-উত্তরপাড়া | | | | | | | | ২.৭৫ |
| ১৯৯৬-৯৭ | শ্রীরামপুর | জঙ্গিপাড়া | ১৪১ | ১২৫ | ১০০ | ৫০ | ২২৫ | | ৫.০০ | ১২.৮৬ |
| (১৪-৩-৯৭ | | চন্ডিতলা-১ | ১২৫ | ১২৫ | ১০০ | ৫০ | ১০০ | | ৬.০০ | ৪.০০ |
| পর্যন্ত) | | চন্ডিতলা-২ | ১২৫ | ১২৫ | ১০০ | ৫০ | ৭৫ | | ২.০০ | ৫.১৪ |
| | | শ্রীরামপুর-উত্তরপাড়া | | | | | | | | |
| | | শ্রীরামপুর মিউ. | ৩০ | ৩০ | ১০ | ২০০ | | | | |
| | | বৈদ্যবাটি মিউ. | ৩০ | ৩০ | ১০ | ২০০ | | | | |
| | | কোন্ননগর মিউ. | ৩০ | ৩০ | ১০ | ২০০ | | | | |
| | | রিষড়া মিউ. | ৩০ | ৩০ | ১০ | ২০০ | | | | |
| | | উত্তরপাড়া- | | | | | | | | |
| | | কোটরাঙ্গ মিউ. | | | | | | | | |

| বৎসর | মহকুমা | ব্লক/ মিউনিসিপ্যালিটি | ধুতি | শাড়ি | লুঙ্গি | শিশুবস্ত্র | ত্রিপল | গৃহনির্মাণ বাবদ বরাদ্দ | চাল (মে. ট.) | গম (মে. ট.) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | (লক্ষ টাকা) | | |
| ১৯৯৬-৯৭ | চন্দননগর | বি.ডি.ও. সিঙ্গুর | ১২০ | ১২০ | ৪০ | ১৭০ | ১১৫ | | | ৪.০০ |
| (১৪.৩.৯৭ | | হরিপাল | ১৬০ | ১৬০ | ৬০ | ২০০ | ২১০ | | | ৬.৫০ |
| পর্যন্ত) | | তারকেশ্বর | ১২০ | ১২০ | ৪০ | ১৭০ | ৮০ | | | ৪.০০ |
| | | তারকেশ্বর মিউ. | ৩০ | ৩০ | ১০ | ৪০ | ২০ | | | ১.৫০ |
| | | ভদ্রেশ্বর মিউ. | ৩০ | ৩০ | ১০ | ৩০ | | | | |
| | | চাঁপদানি মিউ. | ৫০ | ৫০ | ২৫ | ৫০ | | | | |
| | | চন্দননগর মিউ. কর্পো. | ৪০ | ৪০ | ১৫ | ৪০ | | | | |
| ১৯৯৬-৯৭ | আরামবাগ | খানাকুল-১ | ৩২৫ | ৩২৫ | ৮৫ | ৩৩০ | ৪২০ | | ০.৮০ | ২.০৬ |
| (১৪.৩.৯৭ | | খানাকুল-২ | ৩১০ | ৩১০ | ৭৫ | ৩৪৫ | ৩৯০ | | ১.২০ | ২.৫৬ |
| পর্যন্ত) | | পুরশুরা | ২০৫ | ২০৫ | ৬৮ | ১৯০ | ১৭০ | | | ০.৮৫ |
| | | আরামবাগ | ২৮৫ | ২৮৫ | ৯৫ | ২৬৫ | ৩১০ | | | ১.১৮ |
| | | গোঘাট-১ | ১৮৫ | ১৮৫ | ৫৭ | ১৮৫ | ১৬০ | | | ০.৯৫ |
| | | গোঘাট-২ | ১৭৫ | ১৭৫ | ৬০ | ১৬৫ | ২০ | | | ০.৫৫ |
| | | আরামবাগ মিউ. | ৭৫ | ৭৫ | ৬০ | ৭০ | ৬০ | | | ০.২০ |
| ১৯৯৬-৯৭ | সদর | বলাগড় | ৯৭ | ৯৭ | ১৬ | ১০৮ | ১০৮ | | | ৫.০০ |
| (১৪.৩.৯৭ | | পাণ্ডুয়া | ৮৩ | ৮৩ | ১৪ | ৯২ | ৫২ | | | ৪.০০ |
| পর্যন্ত) | | ধনিয়াখালি | ৮৩ | ৮৩ | ১৪ | ৯২ | ৫২ | | | ৭.০০ |

| বৎসর | মহকুমা | ব্লক/ মিউনিসিপ্যালিটি | ধুতি | শাড়ি | লুঙ্গি | শিশুবস্ত্র | ত্রিপল | গৃহনির্মাণ বাবদ বরাদ্দ | চাল (মে. ট.) | গম (মে. ট.) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পোলবা-দাদপুর | ৮৩ | ৮৩ | ১৪ | ৯২ | ৩২ | | | ৩.০০ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | (লক্ষ টাকা) | | |
| | | চিনসুরা-মগরা | ৭৩ | ৭৩ | ১৪ | ৭২ | ৩২ | | | ৩.০০ |
| | | চিনসুরা মিউ. | ৭৩ | ৭৩ | ১৪ | ৭২ | ১২ | | | |
| | | বাঁশবেড়িয়া মিউ. | | | | | | | | |
| | | চিনসুরা মিউ. | ৮৩ | ৮৩ | ১৪ | ৮২ | ১২ | | | |
| ১৯৯৫-৯৬ | চন্দননগর | সিঙ্গুর | ২২৫ | ২২৫ | ১০২ | ২২৫ | ৮৫ | | | ৪.০০ |
| | | হরিপাল | ১৯০ | ১৯৫ | ৮৫ | ১৯৫ | ৯৫ | | | ৩.৫০ |
| | | তারকেশ্বর | ১৫০ | ১৫৫ | ৭০ | ১৫৫ | ৯০ | | | ৩.৫০ |
| | | তারকেশ্বর মিউ. | ১৫ | ২০ | ০৮ | ২০ | ১০ | | | |
| | | ভদ্রেশ্বর মিউ. | ৪০ | ৫০ | ২০ | ৫০ | | | | |
| | | চাঁপদানি মিউ. | ৫৫ | ৬৫ | ২৮ | ৬৫ | | | | |
| | | চন্দননগর মিউ. | ৭৫ | ৯০ | ৩৭ | ৯০ | | | | |
| ১৯৯৫-৯৬ | আরামবাগ | খানাকুল-১ | ১,২৫০ | ১,২০০ | ৫৫০ | ১,৫০০ | ১,৬০০ | ৩৭,০০,০০০ | ১৯.৫০ | ৩.১০ |
| | | খানাকুল-২ | ১,৬০০ | ১,৫৫০ | ৬৫০ | ১,৯৫০ | ১,৩২৫ | ৪৩,০০,০০০ | ২৩.০০ | ৩.১০ |
| | | পুরশুরা | ৯৭৫ | ৯৫০ | ৩২৫ | ৭৫০ | ৭৪০ | ২৫,০০,০০০ | ১২.৫০ | ০.১০ |
| | | আরামবাগ | ৮৫০ | ৮০০ | ৩০০ | ৮০০ | ১,১২২ | ১৩,৪৫,০০০ | ১৫.২০ | ০.৭৫ |
| | | গোঘাট-১ | ২২৫ | ২০০ | ১২৫ | ২০০ | ২১০ | ২,০০,০০০ | | ১.৩৫ |
| | | গোঘাট | | | | | | | | ০.১০ |
| | | আরামবাগ মিউ. | ১৬০ | ১১৫ | ১১৫ | ১৭৫ | ১১৫ | ৪০,০০০ | ১.০০ | ০.২০ |

| বৎসর | মহকুমা | ব্লক/ মিউনিসিপ্যালিটি | ধুতি | শাড়ি | লুঙ্গি | শিশুবস্ত্র | ত্রিপল | গৃহনির্মাণ বাবদ বরাদ্দ | চাল (মে. ট.) | গম (মে. ট.) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | (লক্ষ টাকা) | | |
| ১৯৯৫-৯৬ | সদর | বলাগড় | ৩২০ | ৩৮০ | ১৮০ | ৪২০ | ৯০ | ১৯,০০,০০০ | ২০.০০ | ১৭.০০ |
| | | পান্ডুয়া | ১৭৫ | ১৪৫ | ৮০ | ২২০ | ৭০ | | | |
| | | ধনিয়াখালি | ১৭৫ | ১৪৫ | ৮০ | ২২০ | ৭০ | ১৫,০০০ | | |
| | | পোলবা-দাদপুর | ১৭৫ | ১৪৫ | ৮০ | ২২০ | ৭০ | | | |
| | | চিনসুরা-মগরা | ১৭৫ | ১৩৫ | ৮০ | ২২০ | ৬০ | | | |
| | | এস.ডি.ও অফিস | ১০০ | ৫০ | ৫০ | | ৪০ | | | |
| ১৯৯৫-৯৬ | শ্রীরামপুর | জঙ্গিপাড়া | ৬৫ | ৫৭ | ৩৪ | ২১২ | ১১৫ | | | ১.২৫ |
| | | চন্ডিতলা-১ | ৬৭ | ৫০ | ৩৪ | ২১২ | ১১৫ | | | ১.২৫ |
| | | চন্ডিতলা-২ | ৬৫ | ৫০ | ৩৬ | ২১২ | ১২৫ | | | ১.২৫ |
| | | শ্রীরামপুর-উত্তরপাড়া | ৬৫ | ৫০ | ৩৪ | ২২৪ | ১১৫ | | | ১.২৫ |

## গাটরা হাসপাতালের ঘর দখল

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩২) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার গাটরা হাসপাতালের ঘরগুলি কিছু পুলিশ দখল করে রেখেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ঘরগুলি দখলমুক্ত করতে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, হাসপাতালের ঘর (কোয়ার্টার)-গুলি পুলিশের হাতে রয়েছে।

(খ) উক্ত ঘরগুলি স্বাস্থ্য দপ্তরের হাতে আনার জন্য জেলাশাসক ও পুলিশ সুপারিনটেনডেন্ট মহাশয়গণকে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়েছে।

## বজবজ এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯২০) **শ্রী অশোককুমার দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ এলাকার চট্টা, আশুতি-১ এবং ২নং গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) কোনও প্রশ্নই ওঠে না।

## নুঙ্গী-পারবাংলা এলাকায় হাসপাতাল স্থাপন

৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯২২) **শ্রী অশোককুমার দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ নুঙ্গী-পারবাংলা এলাকায় হাসপাতাল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) কোনও প্রশ্ন ওঠে না।

## বিদ্যুৎবিহীন মৌজা

৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭১) **শ্রী শ্যামদাস ব্যানার্জি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ৩১-১২-৯৬ পর্যন্ত বিদ্যুৎবিহীন মৌজার সংখ্যা কত ; (জেলাওয়ারী হিসাব)

(খ) উক্ত সময় পর্যন্ত রাজ্যে বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা কত ; এবং

(গ) বর্ধমান জেলার হীরাপুর এলাকায় অবশিষ্ট ৩১টি মৌজায় কবে নাগাদ বিদ্যুৎ সংযোগ করা হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১-১২-৯৬ পর্যন্ত রাজ্যে 'ভারজিন' হিসাবে বিদ্যুৎহীন মৌজার সংখ্যা জেলাওয়ারী হিসাব নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| ১) | ২৪ পরগনা (উত্তর) | ৩৮৮ |
| ২) | ২৪ পরগনা (দক্ষিণ) | ১১৬ |
| ৩) | হাওড়া | ০ |
| ৪) | হুগলি | ১ |
| ৫) | বর্ধমান | ১৪৮ |
| ৬) | মেদিনীপুর | ৫০৬৪ |
| ৭) | বাঁকুড়া | ১১৬০ |
| ৮) | পুরুলিয়া | ৯১৩ |
| ৯) | বীরভূম | ১৬ |
| ১০) | নদীয়া | ০* |
| ১১) | মুর্শিদাবাদ | ১৩৮ |
| ১২) | মালদা | ১৯ |
| ১৩) | দঃ দিনাজপুর | ৩৯০ |
| ১৪) | উঃ দিনাজপুর | ২৩৬ |
| ১৫) | জলপাইগুড়ি | ১১ |
| ১৬) | কুচবিহার | ২১ |
| ১৭) | দার্জিলিং | ১৪৩ |

*বর্তমানে জনামানবশূন্য।

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ এলাকায় ৩১-১২-৯৬ পর্যন্ত গ্রাহকের সংখ্যা ছিল ২৪,৮৭,২৮৪ এবং ৩১-৩-৯৬ পর্যন্ত রাজ্যে মোট বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা (সি ই এস সি, ডি পি এল, ডি ভি সি, ডি এস পি সি সহ) ছিল ৩৬,২৩,৫৬৩।

(গ) প্রয়োজনীয় অর্থ বরাদ্দ একসঙ্গে পাওয়া গেলে তার এক বছরের মধ্যে কাজ শেষ করা যায়।

**পরিবেশ দূষণরোধে সরকারি ব্যবস্থা**

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৭) **শ্রী সুকুমার দাস ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন কোন শহরে পরিবেশ দূষণরোধে কি কি সরকারি ব্যবস্থা নেওয়া হয়েছে ; এবং

(খ) প্রতিবছর এর জন্য কত পরিমাণ অর্থ ব্যয় করা হয়?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরে নানা প্রকার দূষণ নিরোধক ব্যবস্থা নেওয়া হয়েছে।

**বায়ুদূষণ ঃ** হাওড়া, হুগলি এবং কলকাতার নিয়মিতভাবে যথাক্রমে ৪টি, ২টি ও ১২টি জায়গায় বায়ুদূষণ মাপা হচ্ছে।

এছাড়া বছরে দু-তিন বার পুলিশের ও ট্রান্সপোর্ট দপ্তরের সাহায্যে বিশেষ ক্যাম্প করে যানবাহনজনিত দূষণ পরীক্ষা করা হয়।

**শব্দদূষণ ঃ** কলকাতা শহরে বিশেষ করে উৎসবের সময় শব্দদূষণ মাপা হয়, তবে কোর্টের রায় অনুসারে এখন নিয়মিত মাপা হচ্ছে।

পশ্চিমবঙ্গের সবকটি বড় শহরেই মাইক বা পটকার শব্দদূষণ কমাতে মাননীয় হাইকোর্টের নির্দেশে জেলা প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষ ব্যবস্থা নিচ্ছে। গাড়ির এয়ার হর্ণ খুলে নেওয়া হচ্ছে। শব্দদূষণ রোধে জেলা-প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষ ব্যবস্থা নিচ্ছে। গাড়ির এয়ার হর্ণ খুলে নেওয়া হচ্ছে। শব্দদূষণ রোধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য উপযুক্ত প্রচারসহ প্রশাসনিক সকল ব্যবস্থা নেওয়া হয়েছে।

**জলদূষণ ঃ** গঙ্গায় সারা বছর বহরমপুর, পলতা, দক্ষিণেশ্বর, উলুবেড়িয়া ও ডায়মন্ডহারবারে জলদূষণ মাপা হয়। এ পর্যন্ত ১৯৪টি শিল্পসংস্থা বায়ু এবং জলদূষণ নিরোধক ব্যবস্থা গ্রহণ করেছে। এমতব্যবস্থা গ্রহণ না করার পরিপ্রেক্ষিতে ১৮টি বড় ও মাঝারি শিল্প এবং ২৬টি ফাউন্ড্রিকে বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে। কয়েকটি শিল্প-প্রতিষ্ঠানের মহামান্য আদালতের নির্দেশে ফাইন হয়েছে।

এছাড়া হাওড়া, হলদিয়া ও কলকাতায় গঙ্গার ধারে কোন শিল্পসংস্থা কতটা দূষণ নির্গমন করছে তার প্রতি পশ্চিমবঙ্গ দূষণ-নিয়ন্ত্রণ পর্ষদ নজরদারি অব্যাহত রেখেছে। গঙ্গা প্রকল্পে ১২টি পৌরসংস্থাতে জলদূষণ নির্গমনকে আংশিক দূষণমুক্ত করার ব্যবস্থা রয়েছে। দামোদর নদীর সঠিক দূষণসীমাও পরিমাপ করা হচ্ছে, যাতে তীরবর্তী শহর উপকৃত হয়।

এছাড়া কলকাতা ও শহরতলীতে দূষণ নিবারণের জন্য প্রকল্প করা হয়েছে। আসানসোল-দুর্গাপুর এলাকার দূষণ সমস্যা কতটা ক্ষতিকর হয়েছে তার জন্য প্রকল্প করা হয়েছে।

কলকাতা, আলিপুরদুয়ার, শিলিগুড়ি, চন্দননগর এলাকায় পরিবেশ সচেতনতা বৃদ্ধির বিশেষ প্রচার করা হয়েছে।

কলকাতা শহরে সীসা এবং PAH জাতীয় জৈব পদার্থের-দূষণ, বায়ুদূষণ সমস্যা নিয়ে গবেষণার জন্য সাহায্য করা হয়, যাতে উপযুক্ত ব্যবস্থা নেওয়া সম্ভব হয়।

(খ) প্রতি বছর এই জন্য কোনও নির্দিষ্ট বরাদ্দ অর্থ নেই। প্রয়োজন অনুসারে বাজেটের সামগ্রিক অর্থ থেকে এইসব কাজের জন্য অর্থ ব্যয়িত হয়।

### বিদ্যাসাগর সেতু থেকে বাসচলাচল বাবদ আয়

৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৫) **শ্রী সুকুমার দাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিদ্যাসাগর সেতুতে প্রত্যহ কত গাড়ি যাতায়াত করে ; এবং

(খ) উক্ত বাবদ প্রত্যহ কত পরিমাণ অর্থ আদায় হয়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিদ্যাসাগর সেতু দিয়ে প্রত্যহ ১৮,০০০ থেকে ২০,০০০ সংখ্যক যানবাহন চলাচল করে।

(খ) উক্ত যানবাহনের কাছ থেকে আদায়কৃত প্রাত্যহিক টোল ট্যাক্স এর পরিমাণ ২ লক্ষ ৬০ হাজার টাকা থেকে ২ লক্ষ ৮০ হাজার টাকা।

### পূজালি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৮) **শ্রী অশোককুমার দেব ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পূজালি এলাকায় সি ই এস সি-র বিদ্যুৎ কেন্দ্রে উৎপাদন কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(খ) *উক্ত কেন্দ্রে স্থানীয় বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের ব্যাপারে সি ই এস সি-র সাথে সরকারের কোনও আলোচনা হয়েছে কি না?*

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সি ই এস সি-র দেওয়া তথ্য অনুযায়ী পূজালির বজবজ তাপ বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের বয়লার গত ৩০শে মার্চ, ১৯৯৭ তারিখে প্রজ্জ্বলিত হয়। আশা করা যায় আগামী জুন, ১৯৯৭ থেকে ইউনিটটি বিদ্যুৎ উৎপাদন শুরু করবে।

(খ) উক্ত বিদ্যুৎকেন্দ্রে স্থানীয় বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের ব্যাপারে সি ই এস সি-র সাথে সরকারের কোনও আলোচনা হয়নি। তবে রাজ্য সরকারের নির্দেশে সম্ভাব্য উদ্যোগী সংস্থার দ্বারা মাঝারি মাপের শিল্পস্থাপন করার জন্য সি ই এস সি একটি শিল্পকেন্দ্র স্থাপন করেছে যেখানে ইতিমধ্যে কাজ শুরু হয়েছে। বজবজ বিদ্যুৎ প্রকল্প স্থাপন করার জন্য ক্ষতিগ্রস্থ পরিবারে যাদের বাড়ি ও জমি অধিগৃহীত হয়েছে, এমন পরিবার থেকে ১৪০ জনকে উক্ত শিল্প নগরীতে চাকরি দেবার ব্যবস্থা হচ্ছে বলে সি ই এস সি জানিয়েছে।

**বজবজ এলাকায় কেরোসিন তেল বিক্রয় কেন্দ্র**

৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭২) **শ্রী অশোককুমার দেব ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ এলাকায় নিত্য প্রয়োজনীয় 'কেরোসিন তেল' বিক্রয়কেন্দ্রের সংখ্যা বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়তি হবে বলে আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বজবজ এলাকায় নতুন ছয়টি কেরোসিন তেল বিক্রয়কেন্দ্রের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

(খ) যত তাড়াতাড়ি সম্ভব ঐ পরিকল্পনা বাস্তবায়িত করার প্রচেষ্টা চালানো হচ্ছে।

**চন্দননগর পুরসভার অনিয়ম ও দুর্নীতির অভিযোগ**

৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৩) **শ্রী তপন হোড় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চন্দননগর পুরসভায় বিভিন্ন অনিয়ম এবং দুর্নীতির সম্পর্কে রাজ্য সরকার অভিযোগ পেয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, রাজ্য সরকার এ ব্যাপারে কোনও পদক্ষেপ গ্রহণ করেছেন কি না?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) চন্দননগর পৌর নিগমে বিধি সম্পর্কীয় অনিয়ম এবং অন্যান্য কিছু অভিযোগ পাওয়া গিয়েছে।

(খ) এই সকল অভিযোগ পরীক্ষা করে দেখা হচ্ছে।

**মেগাসিটি প্রকল্পে জন-প্রতিনিধিদের প্রস্তাব গ্রহণ**

৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৯) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেগাসিটি প্রকল্প দক্ষিণ ২৪ পরগনা জেলার কোন কোন মৌজা অন্তর্ভুক্ত করা হয়েছে ; এবং

(খ) উক্ত পরিকল্পনায় জন-প্রতিনিধিদের প্রস্তাব গ্রহণ করা হয়েছে কি?

**নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার যে কটি অঞ্চল কলকাতা মেট্রোপলিটন এলাকার অন্তর্ভূক্ত, এই সবগুলি অঞ্চলই মেগাসিটি প্রকল্পের অন্তর্ভূক্ত।

(খ) এই পরিকল্পনা কর্মসূচি চূড়ান্তকরণের পূর্বে কলকাতা মহানগর-এলাকার অধীন সমস্ত স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থার সঙ্গে আলাপ-আলোচনা করা হয়েছে।

**মেগাসিটি প্রকল্পে দক্ষিণ ২৪ পরগনার মৌজা অন্তর্ভুক্তি**

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮২) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেগাসিটি প্রকল্পে দক্ষিণ ২৪ পরগনা জেলার কোন কোন মৌজা অন্তর্ভুক্ত করা হয়েছে ;

(খ) উক্ত মৌজাগুলিতে মোট কত টাকা ব্যয় করার পরিকল্পনা আছে ; এবং

(গ) মেগাসিটি প্রকল্পে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ কত?

**নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার যে কটি অঞ্চল কলকাতা মেট্রোপলিটন-এলাকার অন্তর্ভুক্ত, সেই সবগুলি এলাকাই মেগাসিটি প্রকল্পের অন্তর্ভুক্ত।

(খ) কলকাতা মেগাসিটি প্রকল্পে দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত অঞ্চলের জন্য আপাতত বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৯০.৭৮ কোটি টাকা।

(গ) ১৯৯৬ সালের ডিসেম্বর পর্যন্ত মেগাসিটি প্রকল্পে রাজ্য সরকার কর্তৃক দেয় অর্থের পরিমাণ ১৬৭.৬৫ কোটি টাকা এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক দেয় অর্থের পরিমাণ ৬৭.৭৮ কোটি টাকা।

**খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ**

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৪) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বিগত ১৯৯১ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ কত ছিল (বছরওয়ারী) ; এবং

(খ) ১৯৯৬ সালে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ছিল এবং মোট সংগৃহীত চালের পরিমাণ কত?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বিগত ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত বছরওয়ারী খাদ্যশস্যের উৎপাদনের পরিমাণ ছিল নিম্নরূপ।

| বৎসর | খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ (হাজার টনে) |
|---|---|
| ১৯৯০-৯১ | ১১,২৭০ |
| ১৯৯১-৯২ | ১২,৮৫৬ |
| ১১৯২-৯৩ | ১২,৩৮৯ |
| ১৯৯৩-৯৪ | ১৩,১০০ |
| ১৯৯৪-৯৫ | ১৩,২৭৮ |
| ১৯৯৫-৯৬ | ১২,৮৮৬ |

(খ) বিষয়টি খাদ্য ও সরবরাহ বিভাগের সম্পর্কীত। এ বিষয়ের কৃষি বিভাগের কোনও বক্তব্য নেই।

**দেগঙ্গা এলাকার জুনিয়র হাইস্কুলগুলির আপগ্রেডেশন**

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৭) **শ্রী মহম্মদ ইয়াকুব :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

উত্তর ২৪-পরগনা জেলার দেগঙ্গা বারাসাত ও হাবড়া এলাকার জুনিয়র হাইস্কুলগুলিকে আপগ্রেডেশন অর্থাৎ দশম শ্রেণী পর্যন্ত করার কোনও পরিকল্পনা আছে কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এলাকার চাহিদা এবং নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলির গুণগত মানের বিচারে ধাপে ধাপে অন্যান্য এলাকাস্থিত বিদ্যালয়ের সাথে ঐ এলাকায় প্রতিষ্ঠিত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলির উন্নীতকরণের বিষয়টি বিবেচনা কবা হবে।

**বজবজ ও সাতগাছিয়ায় সরকারি হাসপাতাল স্থাপন**

৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৮) **শ্রী অশোককুমার দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বজবজ ও সাতগাছিয়া এলাকায় সরকারি হাসপাতাল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কোথায় এবং কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বয়স্ক হাইস্কুল**

৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৬) **শ্রী অশোককুমার দেব ঃ** শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বয়স্ক হাইস্কুল চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না : এবং

(খ) থাকলে দক্ষিণ ২৪ পরগনা বজবজ এলাকায় কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই রাজ্যে বয়স্ক উচ্চবিদ্যালয় প্রকল্প ১৯৬২ সাল থেকেই চালু আছে।

(খ) এ ধরনের কোনও প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই।

**বজবজ তাপ বিদ্যুৎ কেন্দ্রে কর্মী নিয়োগ**

৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৮) **শ্রী অশোককুমার দেব ঃ** বিদ্যুৎ বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ তাপ বিদ্যুৎ-কেন্দ্রে লোক নিয়োগ অথবা ক্যাজুয়াল লেবার নিয়োগের

*ব্যাপারে সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং*

(খ) থাকলে কি পদ্ধতিতে এই নিয়োগ সম্পন্ন হবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বজবজ তাপ বিদ্যুৎ কেন্দ্রে লোক নিয়োগের ব্যাপারটি সি ই এস সি-র অভ্যন্তরীণ ব্যাপার। এ ব্যাপারে রাজ্য সরকারের কোনও পরিকল্পনা থাকার কথা নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**কৃষ্ণনগর থেকে বহরমপুর পর্যন্ত ডাবল লাইন**

৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫১) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষ্ণনগর থেকে বহরমপুর পর্যন্ত ট্রেন চলাচলের জন্য ডাবল লাইন ও বৈদ্যুতিকরণ সম্পর্কে রাজ্য সরকার কেন্দ্রীয় সংশ্লিষ্ট মন্ত্রকের সঙ্গে কোনও যোগাযোগ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, ঐ বিষয়ে রেলমন্ত্রকের বক্তব্য কি?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) যোগাযোগ করা হয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ বিধানসভার ২০-৩-৯৫ তারিখের প্রস্তাব প্রসঙ্গে রেলমন্ত্রক, পরিকল্পনা কমিশন, এবং রেলওয়ে স্ট্যান্ডিং কমিটিকে ২৫টি রেলপ্রকল্প ১৯৯৫-৯৬ সালে সম্পন্ন করবার জন্য লেখা হয়েছিল, যা হয় বাদ পড়ে গেছে অথবা রেলওয়ে বাজেটে উক্ত প্রকল্পের জন্য বরাদ্দ অপর্যাপ্তভাবে রাখা হয়েছিল। এগুলির মধ্যে কিছু কৃষ্ণনগর থেকে করিমপুর হয়ে বহরমপুর পর্যন্ত রেললাইন নির্মাণ। ঐ সমস্ত প্রকল্পগুলি পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৫-১১-৯৫ তারিখে সর্বদলীয় প্রতিনিধিদ্বারা কেন্দ্রীয় রেলমন্ত্রীর সঙ্গে আলোচিত হয়েছিল। লোকসভা সচিবালয়ের নং ১০-১ রি ই পি এস সি আর-৯৬ তারিখ ২৭-২-৯৬ দ্বারা প্রাপ্ত রেলওয়ে স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যানকে লেখা পত্রের উত্তরে রেলমন্ত্রকের নোট বলা হয়েছে যে কৃষ্ণনগর থেকে বহরমপুর ভায়া করিমগঞ্জ (১৫০ কিমি) লাইন সেতু সংযোগ প্রয়োজন এবং ২০০ কোটি টাকার কমে সম্পন্ন করা সম্ভব নয়। প্রচুর নতুন লাইনের প্রকল্প থাকার জন্য, প্রস্তাবিত লাইনটি নির্মাণের বিবেচনা করা সহজসাধ্য হবে না যতক্ষণ না আয়ের উন্নতি ঘটানো যাচ্ছে এবং চলতি পরিকল্পনা সম্পন্ন হচ্ছে।

**হাজারদুয়ারিতে আলো ও ধ্বনির মাধ্যমে ঐতিহাসিক ঘটনাবলী প্রদর্শন**

৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৫) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাজারদুয়ারিতে (মুর্শিদাবাদ) কবে থেকে 'আলো ও ধ্বনি' মাধ্যমে ঐতিহাসিক ঘটনাবলী বিষয়ক প্রদর্শন শুরু হতে পারে বলে আশা করা যায় ;

(খ) আলো ও ধ্বনির মাধ্যমে দর্শনীয় বিষয়বস্তু কি ; এবং

(গ) ঐ বিষয়বস্তু রচয়িতার নাম কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এরকম একটি পরিকল্পনা থাকলেও কবে নাগাদ হাজারদুয়ারিতে 'আলো ও ধ্বনি' প্রদর্শন শুরু হবে তা এখনই বলা সম্ভব নয়।

(খ) বিষয়বস্তু এখনও স্থির হয়নি।

(গ) বিষয়বস্তুর রচয়িতা এখনও নির্বাচিত হননি।

**বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বিদেশি কোম্পানির সঙ্গে চুক্তি**

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৫) **শ্রী সুলতান আহমেদ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১-১২-৯৬ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বিদেশি কোম্পানির সঙ্গে যে চুক্তি হয়েছে তার বিস্তারিত বিবরণ।

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবঙ্গে কয়লাচালিত তাপ ও জল বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য সরাসরি কোনও বিদেশি কোম্পানির সঙ্গে ৩১-১২-৯৬ তারিখ পর্যন্ত কোনও প্রকার চুক্তি স্বাক্ষরিত হয়নি। তবে কলকাতার জমা জঞ্জাল থেকে ১৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন করার জন্য আমেরিকার বায়ো মাস সিস্টেমস্ ইন্ডিয়া ও পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের মধ্যে ১৪-১২-৯৬ তারিখে একটি বিদ্যুৎ ক্রয় চুক্তি সম্পন্ন হয়। এই প্রকল্পের সম্পূর্ণ ব্যয়ভার (আনুমানিক ৬৩০ কোটি টাকা) বায়োমাস ও স্কট কোম্পানির বহন করার কথা।

**রতুয়া বিধানসভাকেন্দ্রে ভূমি-সংস্কার কাজ**

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৬) **শ্রী সমর মুখার্জি ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

*(ক) এটা কি সত্যি যে, মালদহ জেলার রতুয়া বিধানসভাকেন্দ্রের অধীন বিভিন্ন ব্লকে ভূমি-সংস্কারের কাজ চলছে ;*

(খ) সত্যি হলে, গত ১৯৭৭ সাল থেকে ১৯৯৬ সাল অবধি সংশ্লিষ্ট ব্লকগুলির অধীন কত পরিমাণ কৃষিজমি খাস হিসাবে সরকারের হাতে ন্যস্ত হয়েছে ;

(গ) গত ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সংশ্লিষ্ট ব্লকগুলিতে কত পরিমাণ কৃষিজমি খাস হিসাবে সরকারের হাতে ন্যস্ত হয়েছে ;

(ঘ) ১৯৭৭ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত কত পরিমাণ কৃষিজমি ভূমিহীনদের মধ্যে বণ্টন করা হয়েছে ; এবং

(ঙ) ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কত পরিমাণ কৃষিজমি ভূমিহীনদের মধ্যে বণ্টন করা হয়েছে?

**ভূমি ও ভূমি-সংস্কার ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রতুয়া বিধানসভাধীন রতুয়া-১ ও হরিশ্চন্দ্রপুর ২নং ব্লকে ভূমি-সংস্কারের কাজ চলছে।

| | | |
|---|---|---|
| (খ) | রতুয়া-১ | ৬৩৬.৮৭ একর |
| | হরিশ্চন্দ্রপুর-২ | ৫৯২.৩৪ একর |
| | | মোট ১,২২৯.২১ একর |
| (গ) | রতুয়া-১ | ৬৬.২৫ একর |
| | হরিশ্চন্দ্রপুর-২ | ১৬৭.৫২ একর |
| | | মোট ২৩৩.৭৭ একর |
| (ঘ) | রতুয়া-১ | ৫২২.৬১ একর |
| | হরিশ্চন্দ্রপুর-২ | ৩৬৮.৩৫ একর |
| | | মোট ৮৯০.৯৬ একর |
| (ঙ) | রতুয়া-১ | ২,৯৯৫.৩০ একর |
| | হরিশ্চন্দ্রপুর-২ | ১,৭৭৬.৯০ একর |
| | | মোট ৪,৭৭২.২০ একর |

**এল-৩১ রুটে সরকারি বাসের সংখ্যা বৃদ্ধি**

৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৮) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্রীরামপুর থেকে এসপ্ল্যানেড এল-৩১ রুটে সরকারি বাসের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

## ডানকুনি এলাকায় বৈদ্যুতিকরণের কাজ

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৪) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার ডানকুনি, ঘড়িয়াল ও চাকুন্দি মৌজা এলাকায় বৈদ্যুতিকরণের কাজ কতদিনে শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হুগলি জেলার চন্ডীতলা থানার ডানকুনি (৯৩), ঘড়িয়াল (৯৬), চাকুন্দি (৯৪) মৌজাগুলিতে পূর্বেই 'ভারজিন' হিসাবে বিদ্যুতায়নের কাজ হয়েছে।

বর্তমানে উক্ত মৌজাগুলিতে নিবিড়করণের কোনও মঞ্জুরীকৃত প্রকল্প নেই, তবে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে জেলা পরিষদ পাওয়ার ডেভেলপমেন্ট প্রোগ্রামের মাধ্যমে এই মৌজাগুলিতে নিবিড়করণের কাজ করা যেতে পারে।

## মুর্শিদাবাদে সরকারি বাসের সংখ্যা

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৫) **শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কত সংখ্যক সরকারি বাস চলাচল করে ;

(খ) উক্ত জেলায় সরকারি বাস চলাচল বৃদ্ধি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, কোন কোন রুটে চালানো হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলায় চলাচলকারী সরকারি বাসের সংখ্যা নিম্নরূপ ঃ

১। সি এস টি সি ১৮টি

২। এস বি এস টি সি ৩০টি

৩। এন বি এস টি সি ৭০টি

(খ) হ্যাঁ, আছে।

(গ) এস বি এস টি সি-র প্রস্তাবিত রুট নিম্নরূপ ঃ—

১। আসানসোল—বহরমপুর

২। আসানসোল—চাঁচল ভায়া বহরমপুর।

৩। আসনসোল—কালিয়াগঞ্জ ভায়া বহরমপুর।

৪। কলকাতা—চাঁচল ভায়া বহরমপুর।

৫। মেদিনীপুর—লালগোলা।

এন বি এস টি সি মুর্শিদাবাদ জেলার মধ্যে বিভিন্ন রুটে এবং নদীয়া ও বীরভূম জেলার সাথে সংযোগকারী রুটে।

### রামানন্দপুর হাই মাদ্রাসা স্কুলের অনুমোদন

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৫) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গোঘাটের রামানন্দপুর সমিরিয়া হাই মাদ্রাসা স্কুলটি অনুমোদনের জন্য বিবেচনা করেছেন কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

### আরামবাগে হিন্দি স্কুল অনুমোদন

৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬০) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আরামবাগে হিন্দি স্কুল অনুমোদন দেওয়ার বিষয়টি সরকার বিবেচনা করবেন কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আপাতত বিবেচনার মধ্যে নেই।

### রাজ্যে শিশু-শ্রমিকদের সংখ্যা

৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৮) **শ্রী অজয় দে ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে শিশু-শ্রমিকদের সংখ্যা ক্রমশ বাড়ছে ;

(খ) সত্যি হলে,

(১) বর্তমানে শিশু-শ্রকিমদের সংখ্যা কত (জেলাওয়ারী) ; এবং

(২) শিশু-শ্রকিমদের কল্যাণ ও পুনর্বাসনের জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) শিশু-শ্রমিকদের ব্যাপারে সাম্প্রতিকালে কোনও নিরীক্ষা করা হয়নি। সুতরাং শিশু-শ্রমিকের সংখ্যা বাড়ছে কি না বলা সম্ভব নয়।

(খ) ১৯৮১ সালে আদমসুমারি অনুযায়ী পশ্চিমবঙ্গে শিশু-শ্রমিকের সংখ্যা ছিল ৫.২৫ লক্ষ। ১৯৯১ সালের আদমসুমারি সংক্রান্ত তথ্য এখনও জানা যায়নি। ১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী জেলাওয়ারী শিশু-শ্রমিকের সংখ্যা সম্বলিত তালিকাটি লাইব্রেরি টেবিলে রাখা হল।

জাতীয় শিশু-শ্রমিক প্রকল্প এন সি এল পি পরিকল্পনার মাধ্যমে রাজ্যের ৭টি নির্বাচিত জেলা প্রশাসনকে বিপজ্জনক কাজে নিযুক্ত জেলাপ্রতি ২০০০ শিশু-শ্রকিমদের কল্যাণ ও পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় অনুদান দেওয়া হয়। এই প্রকল্পে শিশু-শ্রমিকের জন্য চেতনা জাগরণ, প্রথা-বহির্ভুত শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা, মাসিক স্টাইপেন্ড ও মধ্যাহ্নকালীন আহারের ব্যবস্থা আছে। এর মাধ্যমে এ পর্যন্ত ১৮০টি বিশেষ বিদ্যালয় স্থাপন করা হয়েছে।

এছাড়া আন্তর্জাতিক শ্রম-সংস্থার আই পি ই সি পরিকল্পনা অনুসারে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থাকে শিশু-শ্রমিকদের কল্যাণ ও পুনর্বাসনের অনুরূপ কাজের জন্যও কেন্দ্রীয় অনুদানের ব্যবস্থা আছে।

আর্থিক কারণে রাজ্য সরকারের নিজস্ব কোনও পরিকল্পনা নেই, তবে শিশু-শ্রমিকদের কল্যাণার্থে পরিকল্পনাদি যথাযথভাবে রূপায়ণের জন্য রাজ্যে একটি শিশু-শ্রমিক পরামর্শদাতা বোর্ড আছে।

১০-১২-৯৬ তারিখের সুপ্রীম কোর্টের আদেশ রূপায়ণের জন্য জেলায় শিশু-শ্রমিক নিরীক্ষার কাজে সম্প্রতি হাত দেওয়া হয়েছে। বিপজ্জনক কাজে নিযুক্ত শিশু-শ্রমিকদের কাজ থেকে তুলে নেওয়া, ঐসব কাজে নিয়োগকর্তাদের কাছ থেকে শিশু-শ্রমিক পিছু ২০,০০০ টাকা আদায় করা, জেলাভিত্তিক একটি কল্যাণ তহবিল গঠন করা ইত্যাদি—এই কাজের লক্ষ্য।

**শাঁকতোড়িয়া ও বেগুনিয়া জুনিয়র হাইস্কুলকে হাই স্কুলে উন্নীতকরণ**

৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৭) **শ্রী মালিকলাল আচার্য :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

*(ক) শাঁকতোড়িয়া জুনিয়র হাইস্কুল ও বেগুনিয়া জুনিয়র হাইস্কুলকে হাই স্কুলে উন্নীতকরণ* করার কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে তা কতদিনের মধ্যে কার্যকর হবে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজগ্রাম মহামায়া উচ্চ বিদ্যালয়কে উচ্চতর বিদ্যালয়ে উন্নীতকরণ**

৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৯) **ডাঃ মোতাহার হোসেন ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রাজগ্রাম মহামায়া উচ্চ বিদ্যালয়কে উচ্চতর বিদ্যালয়ে উন্নীত করার কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**হাঁসখালি উপ-স্বাস্থ্যকেন্দ্রের ঘর জবর দখল**

৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭২) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার হাঁসখালি ব্লকে কতগুলি উপ-স্বাস্থ্যকেন্দ্রের ঘর বে-আইনিভাবে দখলীকৃত বা জবর দখলীকৃত অবস্থায় আছে ; এবং

(খ) সত্যি হলে, এ ঘরগুলি দখলমুক্ত করতে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না ;

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐ ব্লকের উপ-স্বাস্থ্যকেন্দ্রে ঘর দখলীকৃত নাই। তবে সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের (সাব-সেন্টার) কয়েকটি (যেমন—মামজোয়ান ও চাপরি) দখলীকৃত অবস্থায় আছে।

(খ) দখলমুক্ত করার ব্যাপারে এলাকার পঞ্চায়েত সমিতির সাহায্য নেওয়া হচ্ছে।

### ডিগ্রি কলেজ স্থাপন

৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৮) **শ্রী নিরোদ রায়চৌধুরি :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> ১৯৭৭ সাল থেকে ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে কতগুলি ডিগ্রি কলেজ স্থাপন করা হয়েছে (জেলাওয়ারী হিসাব)?

**উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৭৭-৯৬ সাল পর্যন্ত স্থাপিত ডিগ্রি কলেজের সংখ্যা ৮২।

জেলাওয়ারী হিসাব ঃ-

| | | | |
|---|---|---|---|
| কলকাতা- | ৫ | নদীয়া | ২ |
| উত্তর ২৪-পরগনা | ৬ | মুর্শিদাবাদ | ৫ |
| দক্ষিণ ২৪-পরগনা | ৬ | মালদা | ৩ |
| হাওড়া | ৪ | দার্জিলিং | ৪ |
| হুগলি | ৬ | জলপাইগুড়ি | ৬ |
| বর্ধমান | ১১ | কুচবিহার | ৩ |
| বীরভূম | ৩ | উত্তর দিনাজপুর | ২ |
| বাঁকুড়া | ৫ | দক্ষিণ দিনাজপুর | ২ |
| পুরুলিয়া | ৪ | | |
| মেদিনীপুর | ৫ | | ৮২ |

### Expenditure incurred by the W.B.E.C.S.C. Ltd.

363. (Admitted Question No. 1760) **Shri Nirmal Ghosh :** Will the Minister-in-charge of the Department of Food and Supplies be pleased to state—

> The details of expenditure incurred by the West Bengal Essential Commodities Supply Corporation Limited on account of advertisement during the years 1995-96 and 1996-97 (up to 15.1.97)?

**Minister-in-charge of the Food and Supplies Department :**

1995-96 = Rs. 3,01,307.65

1996-97 = Rs. 2,37,283.50

(up to 15.1.97)

**কলকাতা থেকে বাগমুন্ডি এস বি এস টি সি-র বাস চালুকরণ**

৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৪) **শ্রীমতী দেবলীনা হেমব্রম** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা হইতে (পুরুলিয়ার) বাগমুন্ডি ভায়া রাণীবাঁধ রাইপুর এস বি এস টি সি রাত্রিকালীন কোনও বাস সার্ভিস চালু করার পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, কবে নাগাদ চালু হবে ;

(গ) মালদা থেকে ঝাড়গ্রাম ও হলদিয়া থেকে মুকুটমণিপুর বাস সার্ভিস চালু করার পরিকল্পনা আছে কি না ; এবং

(ঘ) থাকলে, কবে নাগাদ চালু হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**আমতলা এলাকায় লোডশেডিং**

৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৮) **ড. নির্মল সিন্‌হা** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪ পরগনা জেলার আমতলা গ্রুপ ইলেকট্রিসিটির অধীনস্থ এলাকায় বিগত ডিসেম্বর ১৯৯৬ হইতে প্রচন্ড লোডশেডিং হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আমতলা ৩৩/১১ কেভি সাব-স্টেশন-এর ট্রান্সফরমার ওভার লোডিং। এজন্য দক্ষিণ ২৪ পরগনা জেলার আমতলা গ্রুপ সাপ্লাইয়ের অধীনস্থ এলাকায় ডিসেম্বর ১৯৯৬ থেকে স্থানীয়ভাবে লোডশেডিং হচ্ছিল।

(খ) উক্ত সমস্যা দূর করার জন্য আমতলা ৩৩/১১ কে ভি সাব-স্টেশনটির ক্ষমতা ২×৫ এম ভি এ থেকে বৃদ্ধি করে ৩×৫ এম ভি এ করা হয়েছে। ট্রান্সফরমারটি

গত ৬-৩-৯৭ তারিখে বসানো হয়েছে। এর ফলে বর্তমানে, আমতলা গ্রুপ সাপ্লাইয়ের উক্ত সমস্যা আপাতত নেই। তবে বিদ্যুৎ বণ্টন ব্যবস্থার সার্বিক পরিস্থিতির জন্য কখনও কখনও লোডশেডিং হতে পারে।

**দক্ষিণ ২৪-পরগনার আংশিক বিদ্যুতায়িত মৌজাগুলিতে বিদ্যুৎ সরবরাহ**

৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯১) **শ্রী নির্মল সিন্‌হা :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার আংশিক বিদ্যুতায়িত মৌজাগুলিতে ইন্টেন্সিফিকেশন অফ এক্সটেনশন স্কীম মারফৎ বিদ্যুৎ পৌঁছে দেওয়ার বিষয়ে সরকার পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ;

(খ) করে থাকলে, উক্ত প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাদ সম্পন্ন করা যাবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার আংশিক বিদ্যুতায়িত মৌজাগুলিতে নিবিড়করণের জন্য বর্তমানে আর ই সি অনুমোদিত কোনও প্রকল্প নেই। ১৯৯৫-৯৬ এবং ১৯৯৬-৯৭ আর্থিক বছরে গ্রামীণ বৈদ্যুতিকরণ খাতে আর ই সি থেকে কোনও ঋণ পাওয়া যায়নি। তবে জেলা পরিষদ বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এবং ১৯৯৬-এর ডিসেম্বর পর্যন্ত বৈদ্যুতিকরণ খাতে যে অর্থ পাওয়া গেছে তা দিয়ে ৩৪টি মৌজায় ইন্টেন্সিফিকেশন এবং ১১টি মৌজায় রিভাইটালাইজেশন-এর কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) উপরোক্ত প্রকল্পে বরাদ্দকৃত এবং প্রাপ্ত অর্থের পরিমাণ ১২০.৮২ লক্ষ টাকা।

(গ) ইন্টেন্সিফিকেশন প্রকল্পে ৩৪টি মৌজার মধ্যে ৩০টি মৌজায় এবং রিভাইটালাইজেশন প্রকল্পে ১১টি মৌজার সবগুলিতেই কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ৪টি মৌজায় ইন্টেন্সিফিকেশন-এর কাজ বাকি টাকা জমা না পড়ার জন্য আটকে আছে।

**গ্রামোন্নয়ন খাতে নিয়োজিত অর্থ**

৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৭) **শ্রী অজয় দে :** পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫-৯৬ ও ১৯৯৬-৯৭ (৩১শে জানুয়ারি পর্যন্ত) আর্থিক বছর দুটিতে গ্রামোন্নয়ন খাতে মোট কত অর্থ সংশ্লিষ্ট দপ্তরকে দেওয়া হয়েছিল ;

(খ) উক্ত দপ্তরের বরাদ্দ অর্থের কত অংশ নদীয়া জেলাকে দেওয়া হয়েছে ; এবং

(গ) ব্লকওয়াড়ি দেয় অর্থের পরিমাণ কত?

**পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই প্রশ্নের উত্তর তালিকা মাধ্যমে নিচে দেওয়া হল।

(খ) নিচে দেওয়া হল।

(গ) সংশ্লিষ্ট নিচে দেওয়া হল।

(ক) নং প্রশ্নের উত্তর ঃ ১৯৯৫-৯৬ ও ১৯৯৬-৯৭ (৩১শে জানুয়ারি পর্যন্ত) আর্থিক বছর দুটিতে গ্রামোন্নয়ন খাতে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রাপ্ত অর্থের পরিমাণ নিচে দেওয়া হল।

| প্রকল্প | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ (৩১-১-৯৭) লক্ষ টাকায় |
|---|---|---|
| আর আর ডি পি | ৪,৬৪৫.৯৫ | ১,৭২০.৭৪ |
| ট্রাইসেম | ৪৫৯.২৮ | ২৭৬.৮৮ |
| জে আর ওয়াই (এম ডব্লিউ এস এ আই ও ওয়াই সহ) | ৩৩,৫৩৩.৮৭ | ১৪,৭১৪.০৮ |
| ই এ এস | ১১,৫৮৫.০০ | ৯,০৭০.০০ |
| রুর‍্যাল স্যানিটেশন | ২০৪.৩৩৬ | ৮৫.৬১৮ |
| আই ডব্লিউ ডি পি | ৩১২.০০ | ৭৫.০০ |
| ডি ডব্লিউ সি আর এ | ১৩৮.৭২৩ | ৩০.৯৯ |

(খ) নং প্রশ্নের উত্তর ঃ উক্ত দপ্তরে বরাদ্দ অর্থের যত অংশ নদীয়া জেলাকে দেওয়া হয়েছে তা নিচে দেওয়া হল।

**নদীয়া**

| প্রকল্প | ১৯৯৫-৯৬ | লক্ষ টাকায় ১৯৯৬-৯৭ (জানুয়ারি ১৯৯৭) |
|---|---|---|
| ট্রাইসেম | ৫৬.৫৬ | ২৮.২৮ |
| আই আর ডি পি | ৩৭৪.০০ | ৩৭৪.০০ |
| জে আর ওয়াই | ১,৬১৮.৮৬ | ৭০৩.১৮ |
| ই এ এস | ০০ | ২৫০.০০ |
| রুর‍্যাল স্যানিটেশন | ০০ | ১০.৩৬ |
| আই ডব্লিউ ডি পি | ০০ | ০০ |
| ডি ডব্লিউ সি আর এ | ৩.২৫ | ০০ |

(গ) নং প্রশ্নের উত্তর ঃ ব্লকওয়াড়ি দেয় অর্থের পরিমাণ নিচে দেওয়া হলঃ

লক্ষ টাকায়

| ব্লকের নাম | প্রকল্প আই আর ডি পি | | প্রকল্প জে আর ওয়াই | | প্রকল্প কর্ম নিশ্চয়তা প্রকল্প | | প্রকল্প গ্রামীণ স্বাস্থ্যবিধান |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ (জানুয়ারি) | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ (জানুয়ারি) | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ | |
| ১। কৃষ্ণনগর-১ | ২৮.৪৮ | ২৯.৬৮ | ৬৯.০৯ | ৭০.০০ | | [illegible] | ব্লকওয়ারি |
| ২। কৃষ্ণনগর-২ | ১২.৯০ | ১০.৩২ | ২৬.৯৭ | ৭.৫০ | এই | | টাকা |
| ৩। নবদ্বীপ | ১৩.৭০ | ৮.৪০ | ৩০.৮০ | ৮.০০ | | [illegible] | দেওয়া হয় |
| ৪। চাপড়া | ২৮.৩৪ | ২১.৯৬ | ৩৭.৪২ | ১৩.০০ | প্রকল্প | ২৫.০০ | না। |
| ৫। কৃষ্ণগঞ্জ | ১৭.০০ | ১২.৫২ | ৫৪.৫০ | ৮.০৭৩৫০ | | ২৫.০০ | প্রয়োজন |
| ৬। করিমপুর-১ | ১৭.২০ | ১১.৮০ | ৪৫.৮৭ | ৩.৫০ | ছিল | - | ভিত্তিক |
| ৭। করিমপুর-২ | ১৮.৪৫ | ১৭.০০ | ৪১.৩৪ | [illegible] | | - | দেওয়া হয়। |
| ৮। তেহট্ট-১ | ২৪.৭৯ | ১৯.৫৬ | ৩৪.১৬ | ৭.৮০ | না | | |
| ৯। তেহট্ট-২ | ১৫.৮১ | ১৭.৮৪ | ২৮.৬২ | [illegible] | | [illegible] | |
| ১০। কালীগঞ্জ | ২৩.৬৭ | ২২.৬০ | ৫৪.৭৪ | ৮.৯২ | - | [illegible] | |
| ১১। নকশীপাড়া | ২৮.১০ | ৩৩.৩৬ | ৪১.৫৭৮৫০ | ৭.০০ | | - | |
| ১২। শান্তিপুর | ৩২.০০ | ২২.৮৪ | ২২.৯০ | [illegible] | | [illegible] | |
| ১৩। রানাঘাট-১ | ১৯.২৩ | ২৪.৮০ | ৩৯.০৩ | [illegible] | | | |
| ১৪। রানাঘাট-২ | ২৫.৯৯ | ২৪.৬৮ | [illegible] | [illegible] | - | [illegible] | |
| ১৫। হাঁসখালি | ২৩.১৩ | ২৭.৩২ | [illegible] | ৮.০০ | | [illegible] | |
| ১৬। চাকদহ | ৩১.২৯ | ৩২.৬০ | [illegible] | [illegible] | | [illegible] | |
| ১৭। হরিণঘাটা | ২২.৯২ | ১৬.৬০ | [illegible] | [illegible] | | | |

## শান্তিপুরে অগ্নি-নির্বাপককেন্দ্র স্থাপন

৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০০) শ্রী অজয় দে ঃ পৌর-বিষয়ক [illegible] ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদীয়া জেলার শান্তিপুরে অগ্নি-নির্বাপককেন্দ্র স্থাপন করার সরকারি উদ্যোগ [illegible] বিবরণ দেবেন কি?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

নদীয়া জেলার শান্তিপুরে একটি নতুন অগ্নি-নির্বাপককেন্দ্র স্থাপন [illegible] সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কিন্তু প্রয়োজনীয় জমি না পাওয়ার জন্য পরিকল্পনাটি এখনও পর্যন্ত বাস্তবায়িত হয়নি। এই ব্যাপারে শান্তিপুর পুরসভা তাদের দখলীকৃত বড়গাছি মৌজায় ২ (দুই) বিঘা জমি দানপত্রের মাধ্যমে সরকারের হাতে দিতেই ইচ্ছুক।

কিন্তু সেই জমি কিছু বে-আইনি দখলদার কর্তৃক দখলীকৃত থাকায় উক্ত পুরসভা শান্তিপুর থানা ও মৌজার অন্তর্গত ১১১৮ নং খতিয়ান ও ৪৭৯৭ নং প্লটের ০.৪৩ একর জমি নতুন অগ্নি-নির্বাপককেন্দ্রের জন্য চিহ্নিত করেছেন। জমি হস্তান্তরের বিষয়টির এখনও নিষ্পত্তি হয়নি।

**রাজ্য সরকারি পরিবহন পরিষেবা বৃদ্ধি**

৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০১) **শ্রী অজয় দে ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৬-৯৭ আর্থিক বছরে (৩১শে ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত) রাজ্য সরকারি পরিবহন পরিষেবা বৃদ্ধি পেয়েছে ; এবং

(খ) সত্যি হলে, দূরপাল্লার কোন্ কোন্ রুটে এই পরিষেবা বেড়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, নিম্নলিখিত দূরপাল্লার রুটে নতুন পরিষেবা চালু হয়েছে ঃ

(খ) ১। কলকাতা-কাকদ্বীপ—কামারপুর ;

২। কলকাতা-বাদুড়িয়া—বদনগঞ্জ ;

৩। কলকাতা-বীরসিংহ ;

৪। সল্টলেক (করুণাময়ী)—দীঘা ;

৫। কলকাতা (যাদবপুর)-কাঁচরাপাড়া ;

৬। কলকাতা-হরিহরপাড়া (পুনরায় চালু করা হয়েছে)।

**এস বি এস টি সি**

১। বর্ধমান-শিলিগুড়ি (ভায়া কৃষ্ণনগর) ;

২। বর্ধমান-মালদা (ভায়া কৃষ্ণনগর) ;

৩। বর্ধমান-মালদা (ভায়া কাটোয়া) ;

৪। বাঁকুড়া-নামখানা ;

৫। বাঁকুড়া-টাটা (ভায়া পুরুলিয়া) ;

৬। বাঁকুড়া-বর্ধমান (ভায়া দুর্গাপুর) ;

৭। দুর্গাপুর-বোকারো (অতিরিক্ত) ;

৮। সিউড়ি-দুমকা ;

৯। দুর্গাপুর-বালুরঘাট ; (অতিরিক্ত) ;

১০। আসানসোল-মালদা ;

১১। দীঘা-মেচদা ;

১২। হলদিয়া-বীরসিংহ ;

১৩। কলকাতা-বালুরঘাট ;

১৪। ডানলপ-কল্যাণী ;

১৫। হাবড়া-আসানসোল ;

১৬। কালনা-বাঁকুড়া ;

১৭। আরামবাগ-কলকাতা ;

১৮। আরামবাগ-তারকেশ্বর ;

১৯। আরামবাগ-বর্ধমান ,

২০। আরামবাগ-বেনাচিতি ;

২১। পুরুলিয়া-হাজারিবাগ ;

**ডবলু বি এস টি সি**

১। কলকাতা-বীরসিংহ (ডে-সার্ভিস) ;
২। কলকাতা-খেতুয়া ;
(নাইট-হল্ট সার্ভিস) ;
৩। কলকাতা-গঙ্গাধরপুর
(নাইটহল্ট সার্ভিস) ;
৪। কলকাতা-দীঘা (ডে-সার্ভিস) ;
৫। কলকাতা-দীঘিরপাড়
(নাইটহল্ট সার্ভিস) ;
৬। কলকাতা-ডায়মন্ডহারবার
(নাইটহল্ট সার্ভিস)।

### মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ছাত্র ভর্তির সমস্যা

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০২) **শ্রী অজয় দে :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শ্রেণীকক্ষ ও শিক্ষকের অভাবে ছাত্র ভর্তির সমস্যা দেখা দিয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত সমস্যা সমাধানে ১৯৯৬-৯৭ সালে (ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত) রাজ্যের কতগুলি বিদ্যালয়ের গৃহনির্মাণের জন্য অনুদান দেওয়া হয়েছে, এবং

(গ) তন্মধ্যে, নদীয়া জেলার কোন্ কোন্ বিদ্যালয় আছে?

**বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উল্লিখিত কারণ দুটির জন্য রাজ্যের সর্বত্র নয়—তবে কোথাও কোথাও ছাত্র ভর্তির সমস্যা দেখা দিয়েছে।

(খ) ১৯৯৬-৯৭ আর্থিক বছরে রাজ্যের ১৯৫টি মাধ্যমিক বিদ্যালয়কে গৃহনির্মাণ বাবদ অর্থ মঞ্জুর করা হয়েছে। গৃহ মেরামতের জন্য ১ কোটি ৮ লক্ষ টাকা বিদ্যালয়গুলিকে অর্থ সাহায্য করা হয়েছে।

(গ) নদীয়া জেলার ১৮টি বিদ্যালয়কে গৃহনির্মাণের জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে। গৃহ মেরামত করার জন্য এখনও জেলাগুলির মধ্যে অর্থ বন্টন করা হয়নি।

### উলুবেড়িয়ার অনুন্নত এলাকায় বিদ্যুৎ সরবরাহ

৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৪) **শ্রী রামজনম মাঝি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়ার অনুন্নত এলাকায় বিদ্যুৎ সরবরাহ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উলুবেড়িয়া থানার অন্তর্গত ১২২টি মৌজার সব কটি ভারজিন হিসাবে বিদ্যুতায়িত হয়েছে এবং ৪টি মৌজায় বিদ্যুৎ নিবিড়করণের কাজও হয়েছে। সেগুলি হল যথাক্রমে—খালিসানি (৯৬), বড়রামপুর (৯৭), বসোরিয়া (৯৭) এবং সুরিখালি (৯৮)।

(খ) বর্তমানে আর ই সি প্রকল্পে কোনও অর্থ না পাওয়ায় বিদ্যুৎ নিবিড়করণের কাজ করা যায়নি। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে জেলা পরিষদ বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে উক্ত থানার মৌজাগুলিতে বিদ্যুৎ নিবিড়করণের কাজ পর্যায়ক্রমে করা যেতে পারে। তবে আর্থিকভাবে অনুন্নত আদিবাসীদের জন্য লোকদীপ প্রকল্পের মাধ্যমে বিদ্যুতায়িত করা যেতে পারে, যার জন্য রাজ্য সরকারের বরাদ্দ অর্থ আছে। এই প্রকল্প রূপায়ণ করতে হলে ২৫০ মিটারের মধ্যে লাইন থাকা আবশ্যক এবং গ্রাহকদের তালিকা সংশ্লিষ্ট পঞ্চায়েত, জেলা পরিষদের দ্বারা অনুমোদিত হওয়া দরকার।

**নদীয়া জেলার তাহেরপুর স্বাস্থ্যকেন্দ্রের চালু শয্যা সংখ্যা**

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২২) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার তাহেরপুর প্রজ্ঞাপিত অঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে কোনও শয্যা চালু আছে কি না ; এবং

(খ) থাকলে, কয়টি শয্যা চালু আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, চালু আছে।

(খ) ছয়টি (৬টি)।

**নদীয়া জেলার তাহেরপুর প্রজ্ঞাপিত অঞ্চলের উন্নয়ন**

৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২৪) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার তাহেরপুর প্রজ্ঞাপিত অঞ্চলে ১৯৯৬ সালের ডিসেম্বর পর্যন্ত মোট কত টাকা উন্নয়ন বাবদ বরাদ্দ করা হয়েছে ;

(খ) উন্নয়ন খাতে বরাদ্দ টাকা অন্য কোন খাতে ব্যয় করা হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, সরকার উক্ত বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩,৯০,৫৪২.০০ টাকা ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত বরাদ্দ করা হয়েছে।

(খ) এই বিষয়ে কোনও তথ্য নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

**রায়না বিদ্যুৎ সাব-স্টেশন চালুকরণ**

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫০) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রায়না বিদ্যুৎ সাব-স্টেশন কবে নাগাদ চালু করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

বর্ধমান জেলার রায়না থানার অন্তর্গত মাধবর্ডিহি মৌজায় একটি ৩৩/১১ কে ভি সাব-স্টেশন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। সাব-স্টেশনের জমি অধিগ্রহণ এবং তা উন্নয়নের কাজ শেষ করা হয়েছে। সাব-স্টেশনের ট্রান্সফরমার এবং ট্রান্সফরমার প্লিন্থ-এর কাজ শেষ হয়েছে। ৩৩ কে ভি লাইন টানার জন্য পি সি সি পোল বসানোর কাজ এবং ৩০% তার টানার কাজও শেষ হয়েছে। বর্ধমান জেলা পরিষদের আর্থিক সহায়তায় এই সকল কাজ এগোচ্ছে। একটি ৩ এম ভি এ ৩৩/১১ কে ভি ট্রান্সফরমারের সাথে একটি ১১ কেভি Series trip outdoor OCB বসিয়ে আশা করা যায় ঐ সাব-স্টেশনটি অস্থায়ীভাবে ৯৭-এর মাঝামাঝি চালু করা যাবে।

**মাইথন ও বর্ধমানে যুব-আবাস নির্মাণের পরিকল্পনা**

৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৪) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাইথন এবং বর্ধমানে যুব-আবাস নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কত দিনে উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) মাইথনে যুবকল্যাণ বিভাগের যুব-আবাস আছে তবে মেরামতি চলছে। বর্ধমানে যু., আবাস নির্মাণের কোনও পরিকল্পনা আপাতত এই বিভাগের নেই।

(খ) মেরামতির কাজ সম্পূর্ণ হলে মাইথনের আবাস চালু হবে। আগামী আর্থিক বছরে চালু হবে বলে আশা করা যায়।

**আসানসোল গার্লস কলেজে উচ্চ-মাধ্যমিক কোর্স চালুকরণ**

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৭) **শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল গার্লস কলেজে মর্নিং শিফ্‌টে উচ্চ-মাধ্যমিক কোর্স চালু করার জন্য কর্তৃপক্ষ কোনও অনুমোদন দিয়েছেন কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর না হলে কবে নাগাদ এইচ এস কাউন্সিলের অনুমোদন পাওয়া যাবে আশা করা যায়।

**স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোনও অনুমোদন দেওয়া হয়নি।

(খ) আপাতত কোনও পরিকল্পনা নেই।

**ডিগ্রি কলেজগুলিতে বিভিন্ন ভাষা শিক্ষার ব্যবস্থা**

৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৪) **শ্রী হাফিজ আলম সেইরানী ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট ডিগ্রি কলেজের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে কতগুলিতে বর্তমানে

(১) উর্দু, (২) আরবী, (৩) সংস্কৃত শিক্ষার ব্যবস্থা আছে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩২৩।

(খ) (১) ১৪, (২) ৮, (৩) ১৮০।

**শিক্ষিত বেকারের সংখ্যা**

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৯) **শ্রী হাফিজ আলম সেইয়ানী ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মুসলমান সম্প্রদায়ভুক্ত বেকারের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে শিক্ষিত বেকারের সংখ্যা কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১-১২-৯৬ পর্যন্ত মুসলমান সম্প্রদায়ভুক্ত রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৬,৮৯,৮৭৪ জন।

(খ) উক্ত পরিসংখ্যান পৃথকভাবে সংগ্রহ করার পদ্ধতি বর্তমানে নেই।

**মালদহ জেলার অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন**

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৬) **শ্রী মহবুবুল হক ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলায় ১লা জানুয়ারি ১৯৯২ সাল থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ সাল পর্যন্ত কত জন প্রাথমিক শিক্ষক অবসর নিয়েছেন ,

(খ) তন্মধ্যে কত জন ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত পেনশন পেয়েছেন ; এবং

(গ) পেনশন না পেয়েই মারা গেছেন এরূপ শিক্ষকের সংখ্যা কত?

**বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪৩৫ জন।

(খ) তন্মধ্যে ফাইনাল পেনশন পেয়েছেন ২৫৫ জন এবং প্রভিশনাল পেনশন পেয়েছেন ১৩৫ জন।

(গ) পেনশন না পেয়ে কেউ মারা গেছেন এ ধরনের খবর আমাদের কাছে নেই।

**মালদা জেলায় জুনিয়র হাই ও হাই মাদ্রাসা স্থাপন**

৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১২) **শ্রী মহবুবুল হক ঃ** মাদ্রাসা-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে আর্থিক বছরে মালদা জেলার কোন কোন ব্লকে জুনিয়র হাই ও হাই মাদ্রাসা স্থাপনের পরিকল্পনা আছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত মাদ্রাসাগুলি স্থাপন করা হবে বলে আশা করা যায়?

**মাদ্রাসা-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এখনও ঐ ধরনের কোনও পরিকল্পনা চূড়ান্ত করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## গভীর ও অগভীর নলকূপে বিদ্যুৎ-সংযোগ

৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৭) **শ্রী মহবুবুল হক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৭-এর জানুয়ারি পর্যন্ত মালদা জেলার চাঁচল ১নং ও ২নং ব্লকে চাষের জন্য অগভীর ও গভীর নলকূপে বিদ্যুৎ-সংযোগের আবেদনকারীর সংখ্যা কত ;

(খ) উক্ত সময়ে কতগুলি আবেদন মঞ্জুর করা হয়েছে ;

(গ) বর্তমান আর্থিক বছরে অবশিষ্ট আবেদন মঞ্জুর করার পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(ঘ) থাকলে, কবে নাগাদ বিদ্যুৎ-সংযোগ দেওয়া সম্ভব হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাপ্ত তথ্যানুযায়ী ১৯৯২-৯৭-এর জানুয়ারি পর্যন্ত মালদা জেলার উক্ত এলাকায় গভীর ও অগভীর নলকূপে বিদ্যুৎ-সংযোগের আবেদনকারীর সংখ্যা নিম্নরূপ ঃ

চাঁচল ১নং ব্লক ৬২ জন

চাঁচল ২নং ব্লক ৫২ জন

মোট ১১৪ জন

(খ) উক্ত সময়ে আবেদনকারী ১১৪ জনের সব কজনের আবেদনই মঞ্জুর করা হয়েছে আর ই সি-র মঞ্জুরীকৃত এস পি এ প্রকল্পে।

(গ) প্রযোজ্য নহে।

(ঘ) উক্ত ১১৪টি আবেদনের চাঁচল ১নং ব্লকের ৬২টি অগভীর নলকূপের মধ্যে ২৯টিতে এবং চাঁচল ২নং ব্লকের ৫২টি অগভীর নলকূপের ৬টিতে বিদ্যুৎ-সংযোগ দেওয়া হয়েছে। কিন্তু বর্তমানে আর ই সি থেকে ঐ প্রকল্পে অর্থ সাহায্য আর পাওয়া যাবে না। তাই মালদা জেলা পরিষদ থেকে আর্থিক সাহায্য পাওয়া গেলে চাঁচল ১নং ব্লকে ৩৩টি এবং চাঁচল ২নং ব্লকে ৪৬টি মোট ৭৯টি অগভীর নলকূপে বিদ্যুৎ-সংযোগ দেওয়া যেতে পারে।

## নবগ্রামে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ-সংযোগ

৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮২) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্যামপুর ১নং ব্লকের নবগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ-সংযোগ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত স্বাস্থ্যকেন্দ্রটিতে বিদ্যুৎ-সংযোগ দেওয়ার জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের উলুবেড়িয়া গ্রুপ সাপ্লাই অফিস থেকে এস এ ই হাওড়া ইলেক্ট্রিক্যাল সেকশন, সি বি পি ডব্লু ডি-কে গত ২২-৫-৯৫ তারিখে ১,৯২,০১৬ টাকার একটি কোটেশন পাঠানো হয়। কিন্তু রিমাইন্ডার দেওয়া সত্ত্বেও ঐ টাকা পর্ষদের অফিসে জমা পড়েনি। ইতিমধ্যে আবার সংশ্লিষ্ট পি ডব্লু ডি কর্তৃপক্ষের আবেদনের ভিত্তিতে পর্ষদের উলুবেড়িয়া ডিভিসনের ডিভিসনাল ইঞ্জিনিয়ার ৯-১২-৯৬ তারিখে উক্ত কানেকশনের জন্য ১,৯৪,৮৭৬ টাকার একটি সংশোধিত কোটেশন দেন। কিন্তু ঐ টাকাও এখনও পর্ষদের অফিসে জমা পড়েনি।

এখানে উল্লেখযোগ্য যে, কোটেশনের মেয়াদ কোটেশন জারি করার তারিখ থেকে ৬ (ছয়) মাস পর্যন্ত থাকে।

(খ) কোটেশনের টাকা জমা দেওয়ার পরেই যথাসম্ভব তাড়াতাড়ি বিদ্যুৎ-সংযোগ দেওয়ার ব্যবস্থা করা হবে।

আমতলা-এলাকার লোড-শেডিং সমস্যা

৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৬) **শ্রী শঙ্করসরণ নস্কর ঃ** বিদ্যুৎ বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার আমতলা ও বাঘরাহাট পঞ্চায়েত-এলাকায় ঘন-ঘন লোড-শেডিং সমস্যার প্রতিকারে রাজ্য সরকারের কোনও স্পষ্ট পরিকল্পনা আছে কি না ;

(খ) গ্রামীণ বিদ্যুৎ সম্প্রসারণের জন্য গ্রাম পঞ্চায়েত সমিতিকে বিদ্যুৎ বিষয়ে নির্দিষ্ট আর্থিক বরাদ্দ করার পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) বে-আইনি বিদ্যুৎ-সংযোগ বন্ধ করার জন্য গ্রাম পঞ্চায়েতের ওপর তদারকির দায়িত্ব দেওয়ার কোনও পরিকল্পনা আছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার আমতলা ও বাঘরাহাট পঞ্চায়েত-এলাকায় ঘন-ঘন লোড-শেডিং সমস্যার প্রতিকারের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছে ;

[ 10th June, 1997 ]

১। আমতলা ৩৩/১১ কে ভি সাব-স্টেশনের ক্ষমতা ২×৫ এম ভি এ থেকে ৩×৫ এম ভি এ করা হয়েছে। তৃতীয় ৫ এম ভি এ, ৩৩/১১ কে ভি ট্রান্সফর্মারটি ৬-৩-৯৭ তারিখে ঐ সাবস্টেশনে চালু করা হয়েছে।

২। একটি ১৩ প্যানেল ১১ কেভি স্যুইচ গিয়ার আমতলা ৩৩/১১ কে ভি সাব-স্টেশনে চালু করা হয়েছে।

৩। ১১ কে ভি বাঘরাহাট ফিডারটি ১১ কে ভি আমতলা ফিডার থেকে আলাদা করা হয়েছে।

৪। ১১ কে ভি বাঘরাহাট ফিডারের রক্ষণাবেক্ষণের কাজ হাতে নেওয়া হয়েছে।

৫। দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর থানার দেউলবাড়ি মৌজাতে একটি ৩৩/১১ কে ভি সাবস্টেশন চালু করতে পরিকল্পনা নেওয়া হয়েছে। ঐ সাবস্টেশনে ৩৩ কে ভি-তে বিদ্যুৎ আনার জন্য ২০ কি মি দৈর্ঘ্যের একটি ৩৩ কে ভি লাইন ফলতা ১৩২ কে ভি সাবস্টেশন থেকে টানার পরিকল্পনাও হাতে নেওয়া হয়েছে। ঐ সাব-স্টেশনে একটি ৬.৩ এম ভি এ ও একটি ৩.১৫ এম ভি এ ৩৩/১১ কে ভি ট্রান্সফর্মার একটি ৩৩ কেভি ও একটি ৮ প্যানেল ১১ কে ভি স্যুইচ গিয়ার বসানোর পরিকল্পনা আছে। ঐ সাব-স্টেশন থেকে ১২ কি মি ১১ কে ভি লাইন বাহির হওয়ার পরিকল্পনা আছে। ঐ পরিকল্পনা খাতে ২,৩৩,৫১১ লক্ষ টাকা ধরা হয়েছে।

(খ) বিদ্যুৎ পর্ষদের আর্থিক অনটনের জন্য কোনও বিদ্যুতায়ন বা বিদ্যুৎ সম্প্রসারণের কাজ করা সম্ভব হচ্ছে না। এ অবস্থায় গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিকে বিদ্যুৎ বিষয়ে নির্দিষ্ট আর্থিক বরাদ্দ করার কোনও পরিকল্পনা পর্ষদের হাতে নেই।

তবে জেলা পরিষদ অথবা পঞ্চায়েত সমিতি তাদের বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনা খাতে পর্ষদকে যথাযথ অর্থ দিয়ে সাহায্য করলেও এলাকা নির্দিষ্ট করলে বিদ্যুৎ পর্ষদ ঐ কাজ দ্রুততার সাথে সম্পন্ন করে।

(গ) হুকিং, ট্যাপিং দ্বারা বে-আইনি বিদ্যুৎ-সংযোগ একটি গুরুতর সামাজিক সমস্যা এবং অবিলম্বে এই সমস্যার সমাধান ও প্রতিবিধান প্রয়োজন। তাই বিদ্যুৎ পর্ষদে পুলিশ প্রশাসন ও পঞ্চায়েত সমিতির সক্রিয় ও যৌথ তদারকির প্রয়োজন। বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি স্থায়ী সমিতিকে এই ব্যাপারে সক্রিয় সহযোগিতার জন্য সরকারের পক্ষ থেকে এবং পর্ষদের পক্ষ থেকে সময়ে সময়ে অনুরোধ জানানো হয়ে থাকে।

**আমতলা-বারুইপুর রাস্তায় বাস চালানোর পরিকল্পনা**

৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০০১) **শ্রী আনন্দকুমার বিশ্বাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার আমতলা-বারুইপুর রাস্তায় সরকারি বা বেসরকারি বাস চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নও ওঠে না।

**ফলতা-এলাকায় প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল চালুকরণ**

৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০০৪) **শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ফলতা বিধানসভা-এলাকায় ১৯৯৭ সালে প্রাথমিক বিদ্যালয়ের মিড-ডে মিল প্রকল্প চালু হবে ; এবং

(খ) সত্যি হলে, ১৯৯৭ সালের কোন মাস নাগাদ চালু হতে পারে বলে আশা করা যায়?

**স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৭-৯৮ সালে ১০ মাসের জন্য প্রয়োজনীয় চালের বরাদ্দ জেলাশাসককে জানিয়ে দেওয়া হয়েছে। বিদ্যালয়ে পাঠরত শিশুদের উপস্থিতিসাপেক্ষে এ-বছরের এপ্রিল-মে মাসেই এ-প্রকল্প চালু হবে বলে আশা করা যায়।

**খানাকুল-এলাকায় মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীতকরণ**

৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৮) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খানাকুল থানা এলাকায় কোনও মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করার সরকারি পরিকল্পনা আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কোন স্কুলকে করা হবে।

**বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## কাটোয়া-এলাকায় মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্কুলে উন্নীতকরণ

*৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৪)* ***শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ*** *বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—*

(ক) কাটোয়া বিধানসভা-এলাকায় কোনও মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কোন বিদ্যালয়কে করা হবে?

**বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## মাইথনে যুব-আবাস তৈরির পরিকল্পনা

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫২) **শ্রী দেবব্রত ব্যানার্জি ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাইথনে যুব-আবাস তৈরি করার কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, বিষয়টি কোন পর্যায়ে আছে?

**ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মাইথনে যুব-কল্যাণ বিভাগের একটি পুরানো যুব-আবাস আছে। সেটি বর্তমানে চালু নেই।

(খ) সংস্কারের জন্য বর্ধমান জেলা পরিষদের সঙ্গে আলোচনা চলছে।

## দিসেরগড়ে ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার পরিকল্পনা

৩৮৯।*(অনুমোদিত প্রশ্ন নং ২০৫৬) **শ্রী দেবব্রত ব্যানার্জি ও শ্রী পেলব [illegible] ঃ** উচ্চ-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার দিসেরগড়ে কোনও ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার পরিকল্পনা নেওয়া হয়েছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, পরিকল্পনাটি কিরূপ ; এবং

(গ) কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**উচ্চ-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দিসেরগড় পাওয়ার সাপ্লাই কর্পোরেশন, 'ইউল কলেজ অব ইঞ্জিনীয়ারিং' নামে একটি প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার পরিকল্পনা ১৯৯৬-৯৭ সালে নিয়েছিল। কিন্তু এই সংস্থা কলেজটি খোলার ব্যাপারে আর অগ্রসর হয়নি।

(খ) যেহেতু কলেজটি খোলার ব্যাপারে আর অগ্রসর হওয়া যায়নি, তাই কোনও পরিকল্পনা করা হয়নি।

(গ) পরিকল্পনাটি আপাতত বন্ধ থাকায় নির্দিষ্ট সময় বলা যাচ্ছে না।

**বাঁকুড়ার বিহারীনাথ পাহাড়ে পর্যটনকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা**

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৫) **শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিহারীনাথ পাহাড়ে পর্যটনকেন্দ্র গড়ে তোলা ও পর্যটন আবাস নির্মাণ করার কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা শুরু করা হবে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে কোনও পরিকল্পনা নেই।

(খ) এখনই প্রশ্ন ওঠে না।

**শালতোড়া কো-অপারেটিভ সোসাইটিতে গোডাউন তৈরি**

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৭) **শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শালতোড়া ব্লকের কো-অপারেটিভ সোসাইটিতে গোডাউন করার জন্য কত টাকা মঞ্জুর হয়েছে ; এবং

(খ) ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত কাজে কি পরিমাণ অর্থ খরচ হয়েছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শালতোড়া ব্লকের ইউনাইটেড ফার্মার্স সার্ভিস কো-অপারেটিভ সোসাইটিকে গোডাউন করার জন্য দুবারে মোট ১,৬০,৫০০ টাকা (এক লক্ষ ষাট হাজার পাঁচ শত টাকা) মঞ্জুর করা হয়েছে।

(খ) ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত কাজে মঞ্জুরীকৃত সমস্ত অর্থই খরচ হয়ে গেছে।

## ভূ-গর্ভস্থ জলসেচের কাজে নিষেধাজ্ঞা

৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭২) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** জলসম্পদ অনুসন্ধান উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন কোন ব্লকে ভূ-গর্ভস্থ সঞ্চিত জল জলসেচের কাজে ব্যবহারের উপর নিষেধাজ্ঞা আছে কি না ;

(খ) থাকলে, আরোপিত নিষেধাজ্ঞার কারণ কি ; এবং

(গ) ঐ সমস্ত ব্লকে সেচের কাজের জল ব্যবহারের কোনও বিকল্প পরিকল্পনা সরকারের আছে কি না ?

**জলসম্পদ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বেসরকারি উদ্যোগে সেচের ক্ষেত্রে সাব-মারসীবল পাম্পযুক্ত নলকূপে বৈদ্যুতিকরণের জন্য দক্ষিণবঙ্গের সাতটি জেলার সব কয়টি সুইড-এর সম্মতির প্রয়োজন। ঐ জেলাগুলি হল ঃ— বর্ধমান, বীরভূম, হুগলি, মেদিনীপুর, মুর্শিদাবাদ, নদীয়া এবং উত্তর ২৪ পরগনা।

(খ) সংশ্লিষ্ট অঞ্চলে ভূ-গর্ভস্থ জলসম্পদের মাত্রাতিরিক্ত উত্তোলনরোধে ও তার ভারসাম্য বজায় রাখার উদ্দেশ্যে এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

(গ) বিভিন্ন অঞ্চলে ভূ-প্রাকৃতিক গঠনের কথা বিবেচনা করে ব্লকের ভূ-গর্ভস্থ সঞ্চিত জলের ব্যবহারের মাত্রানুসারে পরিকল্পনা গ্রহণ করা হয়। তা ছাড়া, ভূ-পৃষ্ঠস্থ জলকে সেচের কাজে ব্যবহারের জন্য ক্ষুদ্র কৃষি-পরিকাঠামো তৈরি করা হয়ে থাকে।

## বাঁকুড়া জেলায় পর্যটনকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা

৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৯) **শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন কোন গ্রামে পর্যটনকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) ১৯৯৬-৯৭ সালে উক্ত পরিকল্পনা বাবদ কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বাঁকুড়া জেলার কোনও গ্রামে এখনও পর্যটনকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা নেই। তবে বিষ্ণুপুরে বিষ্ণুপুর পর্যটন-আবাসের সম্প্রসারণের কাজ চলছে। মুকুটমনিপুরে

প্রায় সম্পূর্ণ হয়ে এসেছে। বাঁকুড়া শহরে একটি পর্যটন-আবাস তৈরির জন্য প্রস্তুতি চলছে। বাঁকুড়ায় কেন্দ্রীয় পূর্ত দপ্তর নির্মাণকাজটি পরিচালনা করবে।

(খ) বিষ্ণুপুর লজের উক্ত সম্প্রসারণ প্রকল্প বাবদ এ পর্যন্ত মোট ১১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং কিছু বিলের টাকা মেটানো বাকি আছে। কাজটি সমাপ্তির পথে।

বাঁকুড়া শহরের পর্যটক-আবাস নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার ২৯.৯০ লক্ষ টাকা মঞ্জুর করেছে এবং মঞ্জুরীকৃত অর্থ থেকে ১০ লক্ষ টাকা বর্তমানে বরাদ্দ হয়েছে। নির্মাণকাজটি কেন্দ্রীয় পূর্ত দপ্তর সম্পন্ন করবে।

### বাউরিয়া ময়লাপুকুর হাসপাতালের অচল-অবস্থা

৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯১) **শ্রী রামজনম মাঝি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ াগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাউরিয়া ময়লাপুকুর হাসপাতালটি কয়েক বছর যাবৎ অচল হয়ে পড়ে আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত হাসপাতালটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ময়লাপুকুর নামে কোনও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র কিম্বা গ্রামীণ হাসপাতাল নেই।

(খ) সুতরাং চালু করার প্রশ্ন ওঠে না।

### অঙ্গনওয়াড়ি প্রকল্পের অধীন কেন্দ্রগুলিতে জ্বালানি সরবরাহ

৩৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪১) **শ্রী ঈদ মহম্মদ ঃ** সমাজ-কল্যাণ বিভাগের াপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অঙ্গনওয়াড়িকেন্দ্রে রান্নার জ্বালানির টাকা কি নিয়মিতভাবে দেওয়া হচ্ছে ; এবং

(খ) দেওয়া না হলে, দেওয়ার জন্য কি পদক্ষেপ নেওয়া হচ্ছে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের শিশু-বিকাশ প্রকল্পগুলির অন্তর্গত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে রান্নার জ্বালানির টাকা নিয়মিতভাবে ত্রৈমাসিক বরাদ্দ দেওয়া হয়। এই বছর এই বাবদ বাজেটে সংরক্ষিত অর্থের সংকুলান না হওয়ায় অর্থ দপ্তরের কাছে কিছু টাকা চাওয়া হয়েছিল। বিষয়টি নিয়ে সাময়িক অসুবিধে হয়েছিল। বর্তমানে কোনও সমস্যা নেই।

(খ) সম্প্রতি রান্নার জ্বালানি বাবদ প্রয়োজনীয় অর্থ দেওয়া হয়েছে এবং এ ব্যাপারে আর কোনও সমস্যা আপাতত নেই।

**সাবমারসিবল টিউবওয়েল বসানোর পদ্ধতি**

৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪৬) **শ্রী ঈদ মহম্মদ ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাবমারসিবল টিউবওয়েল কি পদ্ধতিতে বসানো হয় ; এবং

(খ) সাবমারসিবল টিউবওয়েল বসানোর ক্ষেত্রে কোন্ সুপারিশের ভিত্তিতে উক্ত কাজ সম্পন্ন হয়?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সাবমারসিবল পাম্পযুক্ত উচ্চ এবং মধ্যম-ক্ষমতাসম্পন্ন টিউবওয়েল ড্রিলিংরিগ-এর সাহায্যে এবং স্বল্প-ক্ষমতাসম্পন্ন টিউবওয়েল ওয়াটার জেট্ পদ্ধতিতে বসানো হয়।

(খ) বেসরকারি উদ্যোগে সেচের জন্য সাবমারসিবল পাম্পযুক্ত টিউবওয়েলের বৈদ্যুতিকরণের পূর্বের দক্ষিণবঙ্গের সাতটি জেলায় যথাক্রমে—বর্ধমান, বীরভূম, হুগলি, মেদিনীপুর, উত্তর ২৪ পরগনা, নদীয়া এবং মুর্শিদাবাদে সুইডের সম্মতির প্রয়োজন।

**ফার্মাসিস্টের শূন্যপদ**

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪৮) **শ্রী ঈদ মহম্মদ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কতগুলি প্রাথমিক এবং সাবসিডিয়ারি হসপিটাল-এ ফার্মাসিস্ট-পদ খালি আছে ; এবং

(খ) ফার্মাসিস্ট নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১২০টি ফার্মাসিস্ট পদ শূন্য আছে।

(খ) ফার্মাসিস্ট নিয়োগের ৯২ জনের প্যানেল অনুমোদনের অপেক্ষায়। শীঘ্রই ৯২টি নতুন নিয়োগের মাধ্যমে পূরণ করা হবে।

**রাজ্যে আর এল আই সেন্টারের সংখ্যা**

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪৯) **শ্রী ঈদ মহম্মদ ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি আর এল আই সেন্টার আছে (জেলাওয়ারী হিসাবসহ) ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি সেন্টারের ক্ষেত্রে পাইপলাইন হতে বাকি আছে?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে ৩,৩৫৫টি আর এল আই সেন্টার আছে। জেলাওয়ারী হিসাব নিম্নরূপ ঃ—

| জেলার নাম | নদী জলত্তোলন প্রকল্পের সংখ্যা |
|---|---|
| কোচবিহার | ১১১ |
| জলপাইগুড়ি | ৯০ |
| দার্জিলিং (শিলিগুড়ি) | ১৮ |
| উত্তর দিনাজপুর | ১০৫ |
| দক্ষিণ দিনাজপুর | ২৫৭ |
| মালদহ | ৩৪০ |
| মুর্শিদাবাদ | ৩৫১ |
| নদীয়া | ৩০০ |
| উত্তর ২৪ পরগনা | ১৭৪ |
| দক্ষিণ ২৪ পরগনা | ৪৯ |
| হাওড়া | ৯৭ |
| হুগলি | ৩১৭ |
| বর্ধমান | ২৭৪ |
| বীরভূম | ১১৪ |
| মেদিনীপুর | ৪২৫ |
| বাঁকুড়া | ১৯৫ |
| পুরুলিয়া | ১১৮ |
| | মোট ৩,৩৫৫টি |

(খ) ২১১টি।

## উন্নতমানের বীজ উৎপাদন

৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৯) **শ্রী ঈদ মহম্মদ ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সমস্ত ব্লকের কৃষি ফার্মে উন্নতমানের বীজ উৎপন্ন হয় কি না ; এবং

(খ) না হলে, তার কারণ কি?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের সমস্ত ব্লকের কৃষি ফার্মে উন্নতমানের বীজ উৎপন্ন হয়।

(খ) সমস্ত ফার্মেই উন্নতমানের বীজই উৎপন্ন হয়। সুতরাং এ প্রশ্ন ওঠে না।

## সব্জি সংরক্ষণের পরিকল্পনা

৪০০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬৭) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সব্জি সংরক্ষণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে তা কি?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হিমঘরে যেমন আলু সংরক্ষণ করা হয় তেমনি ব্যাপকভাবে সব্জি সংরক্ষণের কোনও প্রকল্প এখনও নেওয়া সম্ভব হয়নি। এই বিষয়ে ভারত সরকারের সাহায্য চাওয়া হচ্ছে।

(খ) মন্তব্য নিষ্প্রয়োজন।

## রূপনারায়ণ নদে চিংড়ি চাষ

৪০১। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬৮) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রূপনারায়ণ নদের গড়ের ঘাট পয়েন্টে চিংড়ি চাষের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে। গড়েরঘাট থেকে মায়াপুর পর্যন্ত মোট ২৬ (ছাব্বিশ) হেক্টর জলাশয়ে

চিংড়ি চাষের জন্য 'সিডব্যাঙ্ক' স্থাপন করার পরিকল্পনা রয়েছে।

(খ) পূর্ত বিভাগের অধীনস্থ এই জলাশয়টি মৎস্য বিভাগকে হস্তান্তর করা হলে পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

**কারাসমূহের উন্নতি বিধান**

৪০২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৪) **শ্রী ব্রহ্মময় নন্দ :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৭৭ থেকে ১৯৯৬, ৩১শে ডিসেম্বর পর্যন্ত সরকার কারাসমূহের উন্নতি বিধানে কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৮৬ সাল থেকে কারাসমূহের আধুনিকীকরণের কাজ শুরু হয়েছে। এই কাজে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার উভয়ের দেয় অর্থই ব্যবহৃত হয়। কোন কোন ক্ষেত্রে ৫০ঃ৫০ এবং কোন কোন ক্ষেত্রে ৭৫ঃ২৫ (কেন্দ্রীয় ও রাজ্য সরকার) অংশীদার।

১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সমস্ত কেন্দ্রীয় কারা, যথা—প্রেসিডেন্সি, আলিপুর, দমদম, বহরমপুর, মেদিনীপুর এবং হাওড়া জেলা কারা, বর্ধমান, জেলা কারা, বাঁকুড়া জেলা কারা, কুচবিহার জেলা কারা, জলপাইগুড়ি জেলা কারা দার্জিলিং জেলা কারা আসানসোল বিশেষ কারা এবং ডায়মন্ডহারবার ও ব্যারাকপুর মহকুমা কারায় ডিজেল গ্যাস চুল্লি বসানো হয়েছে। এতে রান্নার সময় কমে গেছে। অর্থ কম লাগছে এবং পরিবেশ দূষণ বন্ধ হয়েছে। পশ্চিমবঙ্গের অন্যান্য কারাতেও ডিজেল গ্যাস চুল্লি বসানোর প্রস্তাব বর্তমানে অর্থ দপ্তরের বিবেচনাধীন।

ভি এইচ এবং নেটওয়ার্ক সিস্টেম প্রেসিডেন্সি, আলিপুর, দমদম কেন্দ্রীয় কারা এবং মহাকারা পরিদর্শকের কক্ষে বসানো হয়েছে। যার ফলে যোগাযোগ ব্যবস্থায় অনেক উন্নতি হয়েছে। পাঁচটি কেন্দ্রীয় কারা এবং হুগলি জেলা কারায় ই পি এ বি এক্স সিস্টেম চালু করা হয়েছে। এতে করে অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে।

প্রেসিডেন্সি, দমদম ও আলিপুর কেন্দ্রীয় কারাতে রুটি তৈরির মেশিন বসানো হয়েছে। এগুলি মোটর চালিত হওয়ায় বন্দিদের খাবার বানানোর কাজে অনেক সুবিধা হয়েছে।

আলিপুর ও বহরমপুর ডিসইনফেকশন স্টেরিলাইজার বসানো হচ্ছে।

প্রেসিডেন্সি, বহরমপুর, মেদিনীপুর কেন্দ্রীয় কারায় এবং দার্জিলিং জেলা কারায় উলবোনার মেশিন বসানো হয়েছে। এতে বিশেষভাবে মহিলা বন্দিদের উলবোনা

শেখানো হচ্ছে যাতে তারা কারামুক্তির পর পুনর্বাসন-এ সুবিধা পান।

এছাড়াও, কারিগরি শিক্ষাদপ্তর বিভিন্ন কারায় কমিউনিটি পলিটেকনিক-এর মাধ্যমে বন্দিদের হাতে কলমে শিক্ষা দেবার জন্য বিভিন্ন প্রকল্প চালু করেছেন। যেমন দমদম কারাতে ছুতোর-এর কাজ এবং ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং-এর কাজ, প্রেসিডেন্সি কারাতে রেডিও ও টিভি সারাইয়ের কাজ, বর্ধমান জেলে ইলেক্ট্রনিক ঘড়ি মেরামতি এবং ফ্রুট প্রসেসিং-এর কাজ, ধুপকাঠি তৈরির কাজ, হুগলি এবং মালদা কারাতে মটকা স্পিনিং ও দর্জির কাজ শেখানো হচ্ছে।

দীর্ঘদিন বন্ধ থাকার পর প্রেসিডেন্সি জেলে সর্ষের তেল তৈরির কাজ এবং অ্যালুমিনিয়ামের থালা বাসন তৈরির কাজ শুরু হয়েছে। লোহার পাতের তৈরি ড্রাম ও রাইসট্রে ইত্যাদিও তৈরি হচ্ছে।

এছাড়াও কারাগুলি উন্নতিকল্পে আরও বহু প্রকল্প নেওয়া হয়েছে যেমন—স্টেনলেস-স্টিলের বাসনপত্র তৈরি, প্রেসিডেন্সি ও দমদমে একটি মোটরচালিত তাঁত বসানো ইত্যাদি।

কারাগুলির উন্নতিকল্পে কয়েকটি জেলে মহিলা সংলগ্ন কারা তৈরি করা হয়েছে এবং ঘেরার কাজ সম্পন্ন হয়েছে। জেলে কর্মিদের বসবাস করবার জন্য কোয়ার্টার্স নির্মাণের প্রস্তাব অর্থ দপ্তরের বিবেচনাধীন রয়েছে। অধিকাংশ জেলে মেরামতিকরণের কাজ হয়েছে এবং যে সমস্ত জেলে মেরামতিকরণ হয়নি তা সত্বর করবার জন্য প্রস্তাব নেওয়া হয়েছে। দুর্গাপুর ও বোলপুরে নতুন সাব-জেল তৈরি হয়েছে এবং বালুরঘাটে নতুন জেলা কারা তৈরি হয়েছে। এছাড়া পুরুলিয়ায় মহিলাদের জন্য জেল, বহরমপুর, কৃষ্ণনগর ও কুচবিহারে কোয়ার্টার্স নির্মাণ এবং নতুন করে জঙ্গীপুর সাব-জেল তৈরি করা হয়েছে।

### মেদিনীপুর জেলায় অনাথ আশ্রম

(অনুমোদিত প্রশ্ন নং ২১৯০) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলায় মোট কয়টি সরকারি অনুদান প্রাপ্ত অনাথ আশ্রম আছে

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**

### Development of Barrackpore Surendranath College

404. (Admitted Question No. 2199) **Dr. Pravin Kumar Shaw :** Will the Minister-in-charge of Higher Education Department be pleased to State—

(a) whether the Government has any plan for development of Barrackpore Rastraguru Surendranath College at Barrackpore . and

(b) if so, the details thereof ?

**Minister-in-charge of Higher Education** :Yes.

The project of construction of 1st floor of Block 'A' at an estimated cost of Rs. 23.94.500/- has been approved and the total amount has also been released for this project. An amount of Rs. 1,75,000/-has also been sanctioned during the financial year, 1996-97 for purchasing of Laboratory equipment of the College.

**Shifting of Barrackpore Criminal Court**

405. (Admitted Question No. 2206) **Dr. Pravin Kumar Shaw :** Will the Minister-in-charge of Judicial Department be pleased to State—

(a) Is there any programme for shifting of the Barrackpore Criminal Court ; and

(b) if so, the details thereof ?

**Minister-in-charge of the Judicial Department :**

(a) A programme for construction of a suitable building for shifting the Courts of the SDJM and the Judicial Magistrates at Barrackpore from the existing buildings which are old, dingy and in a very bad shape is under active consideration of the State Government.

(b) A scheme for construction of a new Court building for housing of the Courts of Judicial Magistrates, Sub-Divisional Judicial Magistrates, etc. will be taken up with all seriousness as and when a suitable plot of land for the purpose will be available. A vacant plot of land adjacent to the new Administrative Building at Barrackpore has been found most suitable for the purpose. The District Magistrate of North 24 Parganas has already been requested to take necessary steps for making available that plot of land to the Judicial Department for construction of a new court building for the Courts at Barrackpore. Necessary effective steps for construction of the building will be taken up by the Judicial Department as soon as the land will be available.

### হিমঘরের সংখ্যা

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৯) **শ্রী হাফিজ আলম সেইরাণী :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গের ছয়টি জেলার উৎপাদিত আলুর পরিমাণ কত ;

(খ) উক্ত জেলাগুলিতে হিমঘরের সংখ্যা কত ;

(গ) সেখানে সামগ্রিক ধারণ ক্ষমতা কত ; এবং

(ঘ) উক্ত জেলাগুলিতে নতুন কোনও হিমঘর স্থাপনের প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কৃষি দপ্তরের স্যোসিও-ইকনমিক ইভ্যালুয়েশন বিভাগ সূত্রে প্রাপ্ত পরিসংখ্যান (১৯৯৫-৯৬) থেকে বলা যায় উত্তরবঙ্গের ছয়টি জেলায় মোট উৎপাদিত আলুর পরিমাণ প্রায় পাঁচ লক্ষ চার হাজার মেট্রিক টন।

(খ) উক্ত জেলাগুলিতে মোট ৬ (ছয়)টি হিমঘর আছে।

(গ) উক্ত জেলাগুলিতে হিমঘরগুলির মোট ধারণ ক্ষমতা ছত্রিশ হাজার মেট্রিক টন।

(ঘ) কোচবিহার এবং জলপাইগুড়ি জেলায় একটি করে সমবায় সমিতি প্রতিষ্ঠান নতুন হিমঘর নির্মাণের ব্যাপারে উদ্যোগ নিয়েছেন তবে এ ব্যাপারে প্রয়োজনীয় নক্সাদি এখনও দপ্তরে জমা পড়েনি।

### উত্তর দিনাজপুর জেলায় খাদ্য-প্রক্রিয়াকরণ শিল্প

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৮) **শ্রী হাফিজ আলম সেইরাণী :** খাদ্য-প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর-দিনাজপুর জেলায় বর্তমানে সরকারি ব্যবস্থায় কোনও খাদ্য-প্রক্রিয়াকরণ শিল্প চালু আছে কি না ;

(খ) থাকলে, (১) তাদের সংখ্যা ও (২) ঐ শিল্পে নিযুক্ত কর্মীসংখ্যা কত ;

(গ) উক্ত জেলায় নতুন খাদ্য-প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কোথায়?

**খাদ্য-প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**বাঁশবেড়িয়া-এলাকায় সাব-স্টেশন নির্মাণের কাজ**

৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৬) **শ্রী রবীন মুখার্জি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার বাঁশবেড়িয়া-এলাকায় ৩৩ কেভি সাব-স্টেশন নির্মাণের কাজ কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হুগলি জেলার বাঁশবেড়িয়া-এলাকায় একটি ৩৩/১১ কে ভি সাব-স্টেশন তৈরি করার পরিকল্পনা সম্প্রতি নেওয়া হয়েছে, এখনও কাজ শুরু করা হয়নি। প্রস্তাবমতো এর জন্য প্রয়োজনীয় জমি মেঃ গ্যাঞ্জেস ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ বিনামূল্যে দেবে এবং খরচ আনুমানিক ৪২৫ লক্ষ টাকা ধরা হয়েছে। এখানে দুটি ৬-৩ এম ভি এ ক্ষমতাসম্পন্ন ৩৩/১১ কে ভি ট্রান্সফর্মার থাকবে। এই সাব-স্টেশন চালু হলে, উক্ত গ্যাঞ্জেস ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ সহ বাঁশবেড়িয়া অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে ব্যাপক উন্নতি ঘটবে।

**হুগলি জেলার দেবানন্দপুরে পর্যটন-আবাস**

৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১১) **শ্রী রবীন মুখার্জি :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার দেবানন্দপুর গ্রামে পর্যটন-আবাস তৈরির কোনও পরিকল্পনা আছে কি না ?

**পর্যটন-আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

বর্তমানে দেবানন্দপুরে পর্যটন-আবাস তৈরির কথা বিবেচনা করা হচ্ছে। এ ব্যাপারে হুগলি জেলা সমাহর্তার কাছে জমি পাওয়ার সম্ভাবনার কথা জানতে চাওয়া হয়েছে।

**তফসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত সরকারি কর্মচারীর শতকরা হার**

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২১) **শ্রী সালিব টৌপ্পো :** তফসিলি জাতি, উপজাতি ও আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গ্রুপ এ বি সি এবং ডি অন্তর্ভুক্ত রাজ্য সরকারি কর্মচারিদের মধ্যে তফসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত কর্মচারীর কত শতাংশ নিযুক্ত আছে (পৃথকভাবে)?

**তফসিলি জাতি, উপজাতি ও আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| কর্মচারী | তফসিলি জাতি | | তফসিলি উপজাতি | |
|---|---|---|---|---|
| | জন | শতাংশ | জন | শতাংশ |
| গ্রুপ এ | ৩,৮৮০ | ১১.৬ | ৩৪৮ | ০.৯ |
| গ্রুপ বি | ৭,৪২১ | ৯.১ | ৮২৮ | ১.০ |
| গ্রুপ সি | ১৬,৫৯৮ | ৮.৩ | ৯,০০৯ | ৪.৫ |
| গ্রুপ ডি | ১৩,৫০৯ | ১৬.২ | ৩,৬১৭ | ৪.৩ |

## কৃষি পেনশন

৪১১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৫) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কৃষকদের নিয়মিতভাবে প্রতি মাসে কৃষি পেনশন দেবার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কি না?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কৃষকদের পেনশন ত্রৈমাসিক ভিত্তিতে দেওয়া হয়। প্রতি মাসে পেনশন দেবার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

## প্রতিবন্ধী সংখ্যা

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩২) **শ্রী কমল মুখার্জি ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মোট জনসংখ্যার কত শতাংশ প্রতিবন্ধী ;

(খ) রাজ্যে প্রতিবন্ধীদের জন্য কত শতাংশ চাকুরি সংরক্ষণের ব্যবস্থা আছে ; এবং

(গ) ১৯৯৫-৯৬ সালে প্রতিবন্ধীদের সাহায্য বাবদ রাজ্য সরকারের কত টাকা ব্যয় হয়েছে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের প্রতিবন্ধী সংখ্যা নির্ণয়ের কোনও সমীক্ষা এতাবৎ করা হয়নি। কেন্দ্রীয় সরকারের কল্যাণ-মন্ত্রকের নমুনা সমীক্ষা অনুসারে ভারতবর্ষের মোট জনসংখ্যার [illegible] (শতাংশ) প্রতিবন্ধী। সেই সাপেক্ষে রাজ্যের প্রতিবন্ধীদের সংখ্যা মোট [illegible] পারে।

(খ) ২% (দুই শতাংশ)।

(গ) ১৯৯৫-৯৬ সালে প্রতিবন্ধীদের সাহায্য বাবদ রাজ্য সরকারের মোট ব্যয়—১,২৫,২৯,০৩১ টাকা।

**মেদিনীপুরের মুসলিম ছাত্রী-নিবাসটি চালু না হওয়ার কারণ**

৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৬) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** সংখ্যালঘু বিধায়ক বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর শহরে মুসলিম ছাত্রী-নিবাসটি পূর্ণাঙ্গভাবে চালু না হওয়ার কারণ কি ; এবং

(খ) উক্ত ছাত্রী-নিবাসে নাইট গার্ড ও অন্যান্য কর্মী নিয়োগ করা হয়েছে কি না?

**সংখ্যালঘু বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ছাত্রী-নিবাসটি বর্তমানে পূর্ণাঙ্গভাবে চালু আছে।

(খ) উক্ত ছাত্রী-নিবাসে নাইট গার্ডসহ মোট ৫ (পাঁচ) জন কর্মীকে নিয়োগ করা হয়েছে।

**পাণ্ডুয়া শহরে পর্যটন-আবাস তৈরির পরিকল্পনা**

৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫৪) **শ্রী রবীন মুখার্জি ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত ন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার পাণ্ডুয়া শহরে পর্যটন আবাস তৈরির কোনও চিন্তা-ভাবনা রাজ্য সরকার করছে কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না! পাণ্ডুয়া শহরে পর্যটন উন্নয়নের জন্য এখনও কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

**গোকর্ণ-এলাকায় ঘূর্ণিঝড়ে মৃতের সংখ্যা**

৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩৫) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত ন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৯ই এপ্রিল ১৯৯৩ মুর্শিদাবাদ জেলার কান্দি থানার অন্তর্গত গোকর্ণ-এলাকায় ভয়াবহ ঘূর্ণিঝড়ে মৃতের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, কত জনকে ত্রাণ ও পুনর্বাসন বাবদ কি পরিমাণ আর্থিক সহায়তা দেওয়া হয়েছে?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৯ই এপ্রিল ১৯৯৩ মুর্শিদাবাদ জেলার কান্দি থানার গোকর্ণ-এলাকায় ভয়াবহ ঘূর্ণিঝড়ে (টর্ণেডো) মৃতের সংখ্যা ৪৯।

(খ) মৃত ৪৯ জন ব্যক্তির নিকট-আত্মীয়দের ত্রাণ ও পুনর্বাসন বাবদ রাজ্য সরকারের তহবিল থেকে (মৃত ব্যক্তি পিছু ৫,০০০ টাকা করে) মোট ২,৪৫,০০০ টাকা এককালীন অনুদান এবং প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে মঞ্জুরীকৃত অনুদানের অর্থ থেকে (মৃত ব্যক্তি পিছু ২০,০০০ হাজার টাকা করে) মোট ৯,৮০,০০০ আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

**পানাকুয়া গ্রাম পঞ্চায়েত বিভাজন**

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪২) **শ্রী আনন্দকুমার বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার বিষ্ণুপুর ১নং পঞ্চায়েত সমিতি-এলাকার পানাকুয়া গ্রাম পঞ্চায়েত বিভাজনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এরূপ কোনও প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শুশুনিয়া পাহাড়ের পাদদেশে স্বাস্থ্যকেন্দ্র খোলার পরিকল্পনা**

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭৩) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শুশুনিয়া ও নিকটবর্তী আদিবাসী প্রধান গ্রামগুলির জন্য শুশুনিয়া পাহাড়ের পাদদেশে স্বাস্থ্যকেন্দ্র খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion, from Shri Saugata Roy, Shri Sudip Bandyopadhyay and Shri Deba Prasad Sarkar, all on the subject of alleged illegal transfer of money to P. L. Account maintained in several District Treasuries.

The subject matter of the Motions relates to day-to-day administration of the Government and do not call for adjournment of the business of the House.

The Members may invite attention of the Government through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**Shri Sudip Bandyopadhyay :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely

The Comptroller and Auditor General detected shortage of Rs. 50 lakhs cash only in 15 treasuries of West Bengal out of 2500 treasuries. If CAG completes verification of cash in all treasuries of West Bengal the amount of shortage of cash would be around Rs. 100 crores.

For years together the State Government without obtaining permission of Principal Auditor General of State illegally opened Personal and Ledger Account in Complete breach of existing laws and transferred more than Rs. 2500 crores tax-payers tax in the said Personal and Ledger Accounts. The said transferred amount have been spent by the State Government without keeping any accounts in an unauthorised manner.

The State Government is opening the illegal Personal and Ledger Account and transferring the tax collected from the tax-payers in the said account only with a view to meet the expenses of the ensuing Panchayat election in the State of West Bengal.

I demand CBI investigation into the financial irregularities which are being perpetrated in the State of West Bengal.

(Noise)

**শ্রী দেবপ্রসাদ সরকার :** কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা খরচ না করে এ জি ঘর অনুমোদন ছাড়াই অবৈধ পি এল অ্যাকাউন্টে কোটি কোটি টাকা সরিয়ে ফেলা, সরকারি সিন্দুকের টাকা লোপাট, ট্রেজারি এবং নাজিরখানা কেলেঙ্কারি এবং পঞ্চায়েতের টাকা আত্মসাৎ করার ঘটনা রাজ্য অর্থ দপ্তরের নথি থেকেই পাওয়া যাচ্ছে যে অবৈধ পার্সোনাল লেজার অ্যাকাউন্টে আড়াই হাজার কোটিরও বেশি টাকা সরিয়ে ফেলা হয়েছে। গ্রামোন্নয়ন ও কর্মসংস্থানের জন্য বরাদ্দ এই অর্থ কাগজে কলমে খরচ দেখানো হলেও বাস্তবে তা খরচ হয়নি। মাত্র ১২টি ট্রেজারিতেই ২২১টি অবৈধ পি এল অ্যাকাউন্টে সরানো হয়েছে প্রায় ৯০ কোটি টাকা এবং এই টাকা সরানোর জন্য এ জি-র কোনও অনুমোদন নেওয়া হয়নি বলে অভিযোগ। ট্রেজারি ছাড়াও বিভিন্ন স্তরে অবৈধ পি এল অ্যাকাউন্ট খোলা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। আরও অভিযোগ যে আগামী পঞ্চায়েত নির্বাচনে খেয়ালখুশি মতো খরচ করার জন্য বিপুল পরিমাণ অর্থ সংস্থান করতে রাজ্য সরকার এর গোপন নির্দেশে এ জি-র নিয়ন্ত্রণের বাইরে জেলা পরিষদের অবৈধ পি এল অ্যাকাউন্ট খুলে কোটি কোটি টাকা সরিয়ে ফেলা হচ্ছে। ট্রেজারি ও ফিনান্স রুল মেনে সরকারি অর্থ যে খাতে বরাদ্দ হয়ে সেই খাতেই ব্যয় হয় তা সুনিশ্চিত করার জন্য উত্থাপিত সমগ্র বিষয়ের পর্যালোচনা ও তদন্ত অত্যন্ত জরুরি।

[12-10 — 12-20 p.m.]

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day I have received five notices of Calling Attention on the following subjects, namley :

| | | |
|---|---|---|
| 1. Reported murder of one Kalipada Sarkar on 6.6.97 in North 24 Parganas | : | Shri Abdul Mannan |
| 2. Reported death of a prisoner in Contai Sub-Jail in the Midnapore district | : | Shri Sailaja Kr. Das |
| 3. Alleged misappropriation of public fund in the district-Treasury Offices | : | Shri Sukumar Das |
| 4. Alleged illegal transfer of public fund to the PL Account | : | Shri Sanjib Kr. D[illegible] nd<br>Shri Ajoy De |
| 5. External pressure for sanctioning of illegal house building plan in some Municipalities in the district Hooghly | : | Shri Rabin Mukherjee<br>Shri Abdul Mannan |

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of reported murder of one Kalipada Sarkar on 6.6.97 in North 24 Parganas.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 17th June, 1997.

## PRESENTATION OF REPORT

### Presentation of the 7th and 8th Reports of the subject Committee on Agriculture, Agriculture (M), Food & Supplies, Food Processing and Horticulture, Fisheries, Forest and Animal Resources on Pre-voting Budget Scrutiny for 1997-98

**Shri Saugata Roy :** Sir, I beg to present the 7th and 8th Reports of the subject Committee on Agriculture, Agriculture (M), Food & Supplies, Food Processing and Horticulture, Fisheries, Forest and Animal Resources on Pre-voting Budget Scrutiny for 1997-98.

### Presentation of the Fourteenth and Fifteenth Reports of the Subject Committee on Panchayat, Rural Development, Land Reforms and Co-operation (1996-97), West Bengal Legislative Assembly

**Shri Chittaranjan Dasthakur :** Sir, with your permission, I beg to present :

(i) The Fourteenth Report of the Subject Committee on Panchayat, Rural Development, Land Reforms and Co-operation (1996-97) on Panchayat System in West Bengal ; and

(ii) The Fifteenth Report of the subject Committee on Panchayat, Rural Development, Land Reforms and Co-operation on Pre-voting Budget Scrutiny of the Panchayat, Rural Development and Co-operation Department for the year 1997-98.

### Presentation of the 1st Report of the subject Committee on Labour Commerce & Industries Reconstruction, Cottage and Small Scale Industries, 1996-97

**Shri Gyan Singh Sohanpal :** Sir, with your kind permission I beg to present the First Report of the subject Committee on Labour, Commerce & Industries, Industrial Reconstruction, Cottage & Small Scale Industries, 1996-97 on Pre-voting Budget Scrutiny relating to Labour and Industrial Reconstruction Department for the year 1997-98.

## *LAYING OF REPORTS*

### *The 21st and the 22nd Annual Reports of the West Bengal Essential Commodities Supply Corporation Limited for the years 1994-95 and 1995-96 respectively*

**Shri Kalimuddin Shams :** Sir, I beg to lay the 21st and the 22nd Annual Reports of the West Bengal Essential Commodities Supplies Corporation Ltd for the years 1994-95 and 1995-96 respectively.

### Audited Annual Report of the Webel Telecommunication Industries Limited for the period from the 1st April, 1994 to 31st December, 1994

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Audited Annual Report of the Webel Telecommunication Industries Limited for the period from the 1st April, 1994 to the 31st December 1994.

## STATEMENT UNDER RULE-346

**Dr. Asim Kumar Dasgupta :** In pursuance of Article 151(2) of the Constitution of India, I beg to present before the House, the report of the Comptroller and Auditor General of India for the year 1995-96 (Commercial) No. 1; Report of the Comptroller and Auditor General of India for the year 1995-96 (Revenue Receipts) No. 1; Report of the Comptroller and Auditor General of India for the year 1995-96 (Civil) No.3; Report of the Comptroller and Auditor General of India for the year 1995-96 (Civil) No. 4; Finance Accounts for the year 1995-96 ; and Appropriation Accounts for the year 1995-96.

Sir, I beg to make a statement with your permission.

With your permission I rise to make a statement on important procedural issues regarding consideration of the Report of the Comptroller & Auditor General (CAG) and related matters.

I have just laid on the table of the House Report of the CAG pertaining to the year 1995-96 on Revenue Receipts, Commercial and Civil Accounts of the State of West Bengal as also the Finance and Appropriation Accounts of the State for the year ended on 31st March, 1996. Officers of the CAG have prepared this Report after conducting inspections of various offices of this State Government. The accounts have been prepared on the basis of accounts compiled and submitted by the Treasuries, Pay and Accounts Office and the Divisional Accounts

Offices of the State Government. The entire exercise of preparation of these reports involves a close interaction between the various offices of the State Government and the Accountant General (AG) through a well-established and time-honoured set of conventions and procedures, including responses by the State Government on points of audit, and due consideration of these responses before preparation of the final Report.

As the Honourable Members are aware, these Reports of the CAG would be examined in minute details by the Public Accounts Committee, who would again have detailed interaction with various Departments of the State Government, before finalising their recommendations. This Report of the Public Accounts Committee is, then, placed before the State Assembly. Thus, it is clear that the State Assembly is the supreme body to oversee that the various transactions of the State Government are carried on as per mandate given to the State Government by the State Assembly. It is in this background that I would like to point out certain general issues and seek directions of this Assembly regarding the procedure to be followed.

Honorable Members are aware that as per the Panchayat Act and Rule and also in terms of the provisions of Subsidiary Rules under Treasury Rules, funds of the Panchayat bodies are to be statutorily maintained with the Treasuries in terms of Local Fund Account (which is also sometimes incorrectly referred to as P.L. Account). The deposits of the Local Fund Account form a part of the State Budget. Transactions in these Accounts can be subject to audit by AG in details, just like several other transactions of the State Government. Therefore, so far as access to audit by AG is concerned, these accounts are far more superior to Bank Accounts in terms of transparency and accountability. In fact, these Local Fund/PL Accounts are audit-accessible to the last paise. Following the provisions of the Panchayat Act and Rules and for these reasons of audit-accessiblitly, it is, therefore, the considered decision of the State Government to keep the Funds of the Panchayat bodies in the Local Fund Account with the Treasuries rather than in any Bank Account.

There is a misconception regarding operation of Personal Ledger Accounts or P.L. Accounts. Like Local Fund Accounts mentioned above, these Accounts are banking Accounts with Treasury. In terms of the Subsidiary Rules under Treasury Rules the State Government has inherent powers to open such Accounts, whenever there is a necessity for doing so. Subsidiary Rules also provide for prior consulation with A.G. in this regard. In general this consultation is concluded before an Ac-

count is actually opened. However, in certain exigencies of situation and where certain time bound schemes demand immediate action, P.L. Accounts are allowed to be opened by the State Government and the AG is being kept informed through the due process of interaction.

I would also like to inform the Honourable Members about the procedure for the audit of Panchayat Bodies. The right to choose the agency of auditing of the Panchayat bodies lies with the State Government. In fact, many of the other States have chosen an agency of the State Government for purpose of the audit of Panchayat Bodies. However, in West Bengal, we have decided to entrust this work of audit of Zilla Parishad and Panchayat Samiti Accounts to an independent and Constitutional boby like the CAG. The cost of audit, I may mention, is borne by the State Government. These has been a delay in finalisation of audit of these Panchayat Bodies. I understand that this is due to some internal problems of the office of the AG relating to shortage of staff. A programme of timely and proper completion of the pending audits is supposed to be worked out by the AG in consultation with the State Government. We are awaiting the details of the scheme.

While, on the subject, I would also like to bring to the attention of the Honourable Members the provisions of Panchayat Act which provide for setting up of District Councils for Panchayats in each District. The Chairman of these Councils, as per the Act, would be the leader of the largest opposition party. The Act empowers the Council to examine Accounts of any Panchayat body. Such Councils have been set up in each District.

Honouable Members would be happy to know that the Accounts of the State Government could be finalised by the AG for the last two years well in time because of close cooperation between the AG and the State Government and timely submission of Accounts by the Treasuries and Divisional Offices of the State Government. This fact has also been appreciated by the CAG. This year also the State Government, on its part, have transmitted the primary accounts more or less, as per the agreed time-schedule with the AG and it is expected that this year also the AG will be able to finalise the Accounts well in time.

Recently, the AG has brought to our notice some reports pursuant to their verification of cash balances in some offices of the State Government. In each such case, enquiries have been ordered and in most cases completed, and the AG is also being kept informed of actions taken after enquiry. If and when these are included in the Final

Report of the CAG after duly taking into account the responses and actions of the State Government, the same will be placed before the State Assembly following the due procedures and conventions.

It is in this way that we have been working to uphold the norms of democracy, accountability and transparency by submitting the Final Report of the CAG, first, to the State Assembly, the elected representatives of the people, as per the constitutional provision. While we shall remain firm to this accountable procedure, we find it necessary, at the same time, to alert the Honourable Members about some motivated attempts which are being made by certain quarters to give an unauthorised and distorted version of some preliminary audit points before these are finally included in the CAG Report after duly taking into account responses and actions of the State Government, and thus bypassing the State Assembly. It is, therefore, for the State Assembly to take a firm view of these unauthorised infringements into the Constitutional procedures and privilege of the State Assembly.

(noise)

[12-20 — 12-30 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে অ্যাডজর্নমেন্ট মোশন আমাদের তরফ থেকে মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় এনেছেন, এটা [illegible] আসলে এই আন্দাজ করে মাননীয় মন্ত্রী এই রিপোর্টটা আমাদের কাছে পেশ করেছেন। গত কয়েকদিন ধরেই আপনারা কাগজে দেখছেন পি এল অ্যাকাউন্ট নিয়ে, সিন্দুকের টাকা-কড়ির হিসাবে শর্টেজ নিয়ে বিভিন্ন তথ্যাদি পরিবেশিত হচ্ছে। এবং এটা সত্যিই দুঃখের এত দিন পর কাগজে লেখালেখির পর, শুধু তাই নয়, পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান[illegible] ঐ কমিটিতে এসব আলোচনা করেছেন এবং তার যেসমস্ত অভিযোগ, সেসবও কাগজে বেরিয়েছে, সেইসব গোলমালগুলো বেরিয়েছে। এগুলো অত্যন্ত দুর্ভাগ্যজনক স্যার। এটা দু-এক লক্ষ টাকার ব্যাপার নয় বা দু এক কোটি টাকার ব্যাপার নয়। আমরা দেখছি পি এল অ্যাকাউন্টে আড়াই হাজার কোটি টাকার হিসাবে গরমিল। মাত্র ১৫টা সরকারি দপ্তরের সিন্দুক পরীক্ষা করে এই ৫০ লক্ষ টাকার হিসাবের গরমিল দেখা যাচ্ছে। কিন্তু এই রকম সব সিন্দুক যদি পরীক্ষা করা হয় তাহলে দেখা যাবে ১০০ কোটি টাকার মতো শর্টেজ। [illegible] দায়িত্ব কে নেবে? এখানে একটা রেসপনসিবল সরকার চলছে আর আমরা [illegible] অ্যাকাউন্ট বেশি করে জওহর রোজগার যোজনা বা এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স [illegible] যে টাকা পাওয়ার কথা, দিনের পর দিন পঞ্চায়েতে সেই টাকা [illegible] থেকে তিন বছর আগে পঞ্চায়েতে যে অ্যালটমেন্ট হত তা এখন অর্ধেকেরও [illegible] এসেছে। অথচ এখানে প্রশ্ন করলে আমরা দেখতে পাচ্ছি আপনারা উত্তর দিচ্ছেন, যা কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া যাচ্ছে এবং সরকারের যে ২০ পারসেন্ট দেবার কথা [illegible] দিয়ে দেওয়া হচ্ছে এবং সব খরচ হয়ে যাচ্ছে কিন্তু পঞ্চায়েতের হাতে সেই টাকা গিয়ে পৌঁছচ্ছে

না। আজকে এই যে কাগজে বেরিয়েছে, এই যে ধারণা এবং সন্দেহ তা সত্যে পরিণত হয়েছে। কোথায় যাচ্ছে এই টাকা? আপনি এর হিসাব করে দেখুন। তিন বছর আগে আপনার এলাকার আমডাঙ্গার গ্রাম পঞ্চায়েত কত টাকা পেত জওহর রোজগার যোজনা আর এ বছরে কি পেয়েছে? আপনি স্যার আর্শ্চয হয়ে যাবেন। এই টাকা কোথায় যাচ্ছে? আমাদের ধারণা পি এল অ্যাকাউন্টে নিয়ে গিয়ে সমস্ত টাকা অন্য খাতে খরচ করা হচ্ছে। যে টাকা গ্রামের মানুষের দৈন্য দূর করবার জন্য, তাদের বিভিন্ন দাবি-দাওয়া দূর করবার জন্য কেন্দ্রীয় সরকার দিচ্ছেন সেই টাকা অন্য খাতে খরচ হয়ে যাচ্ছে। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এবং অন্যান্য মাননীয় মন্ত্রীরা আছেন। এটা একটা খুবই সিরিয়াস ব্যাপার, শুধু একটা স্টেটমেন্ট দিয়ে উতরে যাওয়ার মতো জিনিস নয়। আমি আশা করব এ বিষয়ে একটা প্রকৃত সি বি আই এনকোয়ারি করা হবে। যতক্ষণ পর্যন্ত না প্রকৃত তথ্য এর মধ্যে দিয়ে বেরিয়ে আসছে ততক্ষণ পর্যন্ত নিশ্চয় আপনারা অ্যাসেম্বলিতে মেজরিটির ভিত্তিতে এটা পাস করিয়ে নিতে পারেন। কিন্তু পশ্চিমবাংলার সাধারণ মানুষ তা মানবে না। আমরা দেখতে পাচ্ছি এই টাকা তছরূপ হচ্ছে এবং এই টাকা তছরূপ যাতে না হয় তার ব্যবস্থা যতক্ষণ পর্যন্ত না আপনারা গ্রহণ করছেন ততক্ষণ বা ততদিন আমরা এ ব্যাপারে কিন্তু বিরোধী দলের ভূমিকা পালন করে শান্ত থাকব না। স্যার, আমি আশা করব, মাননীয় অর্থমন্ত্রী আজকে যে স্টেটমেন্ট এখানে দিয়েছেন তার জন্য আপনি আমাদের আলোচনার একটা সুযোগ দেবেন। আপনি সুযোগটা এখনই দিলে ভাল। আর, যদি না দেন তাহলে আমাদের নিজেদের অন্য কোনও ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গোলমাল)

(এই সময় বিভিন্ন বক্তা এবিষয়ে বক্তব্য রাখতে চান।)

**মিঃ স্পিকার ঃ** নো ডিবেট অন দিজ। আই উইল নট অ্যালাউ এনি ডিবেট।

(গোলমাল)

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** স্যার, এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আছেন, উনি বলুন এ বিষয়ে সি বি আই এনকোয়ারি হবে কি না? আমরা সি বি আই এনকোয়ারি চাচ্ছি।

**(একটু থেমে।)**

স্যার, সি বি আই এনকোয়ারির প্রতিশ্রুতি না পাওয়ার জন্য আমরা ওয়াক-আউট করছি।

**(এই সময় কংগ্রেস সদস্যরা ওয়াক-আউট করেন।)**

## MENTION CASES

[12-30 — 12-40 p.m.]

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয়

রেলমন্ত্রী তথা পশ্চিমবাংলার স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা মর্মান্তিক ঘটনার ব্যাপারে। গত ৬.৬.৯৭ তারিখ শুক্রবার, যেদিন আমাদের সেসন পুনরায় শুরু হয়েছিল সেদিন আমাদের পার্টির নেতা, জোনাল কমিটির সদস্য। ডি পি সি সি-র সদস্য অশোকনগর ২১ নম্বর ওয়ার্ডের কমিশনার কমরেড কালিপদ সরকার অশোকনগর স্টেশন থেকে ট্রেনে ওঠেন। বিড়া স্টেশন অতিক্রম করার পর কিছু দুষ্কৃতকারী তার উপর গুলি ছোঁড়ে। কিছু দুষ্কৃতী তার উপর পর পর চারটে গুলি ছোঁড়ে এবং কালিপদ সরকার মারা যান। শুধু তাই নয়, তার মৃতদেহ গাড়ি থেকে ঠেলে ফেলে দেওয়া হয়। এই ঘটনায় ওই এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়। বারাসাত থেকে হাবড়া থানা বন্ধ পালিত হয় এবং পরের দিনও বন্ধ পালিত হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সেসনের গোড়ার দিকে আমি এই ট্রেনের দুষ্কৃতীদের সম্পর্কে বলেছিলাম। মাননীয় মন্ত্রীকে বলেছিলাম যে বনগাঁ লাইনের ট্রেনে চড়া যায় না। সাট্টা, জুয়া, মদ নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে পড়েছে, মানুষ চলাফেরা করতে পারছে না, যাতায়াত করতে পারছে না। সে দিন যদি দৃষ্টি দেওয়া হত, তাহলে আজকে এই দুঃখজনক ঘটনা হত না এবং আমাদেব পার্টির নেতা নিহত হতেন না। আমি দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি এবং এই অপরাধীদের খুঁজে বের করতে হবে। ভবিষ্যতে যাতে ট্রেনের অভ্যন্তরে সুস্থভাবে, ভদ্রভাবে যাতায়াত করা যায় তার ব্যবস্থা করতে হবে। কিছু দিন থেকেই ট্রেনের ভেতরে যে অত্যাচার চলছে তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এ কথা বলে এবং কালিপদ সরকারের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আকরব আলি খন্দেকর ঃ** (হাউসে উপস্থিত নেই।)

**শ্রী কমলাক্ষ্মি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বনগা টু বয়রা, দত্তফুলিয়া এই রাস্তা দিয়ে লোকে যাতায়াত করে, রাস্তাটি খানা, খন্দ, গর্ত হয়ে মাছ চাষের মতো অবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন, উনি বনগাঁয় বলেছিলেন যে রাস্তা সারানো হবে। আমি অনুরোধ করব এই মাসের মধ্যে যাতে রাস্তাটি সারানো হয়।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** (হাউসে উপস্থিত নেই।)

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮ই মে পবিত্র মহরম ছিল। বাগনান লাইনে হাল্লেন গুনীন পাড়ায় দুটি দল তাজিয়া নিয়ে কে আগে ঝাঁন্ডা পুঁতবে এনিয়ে তাদের মধ্যে একটা কমপিটিশন হচ্ছিল, তাদের মধ্যে কোনও অশান্তি ছিল না। হঠাৎ পুলিশ রতন বিশ্বাসকে গুলি করে, নিহত রতন বিশ্বাস নিরীহ ট্রলি চালক, সে রাস্তায় দাঁড়িয়ে ছিল তাকে হত্যা করা হল। আমার বক্তব্য হচ্ছে পুলিশ ইচ্ছামতো গুলি চালায়, কিন্তু গুলি চালাবার নিয়ম আছে যে, পালালে তাকে গুলি করা হয়, মানুষ অশান্তি করলে টিয়ার গ্যাস, লাঠি চার্জ করা হয়। কিন্তু আজকে পুলিশ গুলি চালায় বামফ্রন্ট সরকারকে অপ্রিয় করার জন্য এবং এলাকার মানুষের মধ্যে বিক্ষোভ সৃষ্টি করার জন্য একটা চক্রান্ত চালাচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি এখনই এ ব্যাপারটা তদন্ত করা হোক। এই পুলিশ যখন ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট ভেঙে গেল তখন এই পুলিশ বিশ্বনাথ মুখার্জি ও অমর চক্রবর্তীকে মেরে ছিল, এই রকম ঘটনা ঘটেছিল, তাই আপনাকে অনুরোধ করছি। কিছু পুলিশ বি জে পি, কংগ্রেস মাইন্ডেড, এরা অশান্তি

সৃষ্টি করছে। এর তদন্ত করা হোক এবং রতন বিশ্বাসের পরিবার যাতে অনাহারে না থাকে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** (হাউসে উপস্থিত নেই।)

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে একটা আবেদন রাখছি। স্যার, মেদিনীপুর জেলার পিংলার নয়া থেকে রাধামোহনপুর রেল স্টেশন পর্যন্ত সোজা উত্তরে ১৩ কিলোমিটার একটা রাস্তা বামফ্রন্ট শাসনকালে মোরাম দিয়ে নির্মিত হয়েছে। এই রাস্তাটির গুরুত্ব অসীম। এই রাস্তা দিয়ে প্রতিদিন অসংখ্য নিত্য যাত্রী, ব্যবসায়ী, ছাত্র-ছাত্রী এবং রুগীরা যাতায়াত করেন। এই রাস্তাটি ঐ এলাকায় রাধামোহনপুর রেল স্টেশনের সঙ্গে একমাত্র সংযোগকারী রাস্তা। প্রতিদিন এই রাস্তার উপর সাইকেল, রিক্সা, ভ্যান ইত্যাদির চাপ বাড়ছে। সম্প্রতি পঞ্চায়েত সমিতি এই রাস্তা দিয়ে ট্রেকার চালাবার অনুমতি দিয়েছে। ফলে রাস্তাটি নষ্ট হয়ে যাচ্ছে—বিশেষ করে সামনেই বর্ষা আসছে, রাস্তাটি আরও নষ্ট হবে, মানুষ চলাচলের পক্ষে অনুপযুক্ত হয়ে উঠবে। সেজন্য আমার আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন, উনি অবিলম্বে রাস্তাটিকে পিচ দিয়ে পাকা করার ব্যবস্থা করুন। তাহলেই রাস্তাটা মানুষ এবং যান চলাচলের পক্ষে উপযুক্ত হয়ে উঠবে। সে জন্য আমি মেদিনীপুর জেলার পিংলার নয়া থেকে রাধামোহনপুর রেল স্টেশন পর্যন্ত মোরাম রাস্তাটিকে পিচ দিয়ে পাকা করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** (হাউসে অনুপস্থিত)

[12-40 — 12-50 p.m.]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে রাখতে চাইছি। স্যার, আপনি জানেন ১৯৮৪ সালে বেলুড় স্টেশন সংলগ্ন ন্যাশনাল আয়রন অ্যান্ড স্টিল কোম্পানিটি বামফ্রন্ট সরকার অধিগ্রহণ করেন। কিন্তু সেটা এখনও সিক। কিছু পুজির অভাবে কারখানাটি ঠিকমতো চলছে না। সরকারকে প্রতি মাসে লক্ষ লক্ষ টাকা দিতে হচ্ছে। ঐ এলাকার পঞ্চায়েত সমিতির প্রতিনিধিদের নিয়ে আমি, বালি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এবং বালির এম এল এ কনিকা গাঙ্গুলি মিটিং করে সিদ্ধান্ত করি যে, নিস্কো কারখানা থেকে বোম্বে রোড পর্যন্ত একটা রাস্তা নির্মাণ করা দরকার। আমাদের ইন্ডস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন দপ্তরের মাননীয় মন্ত্রী মৃণাল বন্দ্যোপাধ্যায় মহাশয় ঐ কারখানার বিভিন্ন বিষয়গুলো খুবই গুরুত্ব দিয়ে বিবেচনা কবছেন। আমাদের পি ডবলু ডি মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তার দপ্তর থেকে রাস্তার প্ল্যান অলবেডি তৈরি করা হয়ে গেছে। রাস্তাটি তৈরি হলে ওখানে সরকারের যে কোটি কোটি টাকা নষ্ট হচ্ছে তা বন্ধ হবে। বর্তমানে ওখানে খব সামান্য পরিমাণ প্রোডাকশন হচ্ছে। ওখানে বোম্বে বোড থেকে যাবার ব্যবস্থা নেই। বেলুড় স্টেশনে কোনও লেভেল ক্রসিং না থাকায়, বেলুড় স্টেশনের তলা দিয়ে কোনও লরি যাতায়াত করতে পারছে না। কারখানাটি অনেক দিনের পুরানো, ইস্কোর মতো নিস্কো কারখানাও ভারতবর্ষের একটা ঐতিহ্যশালী কারখানা। ওদের ১০০ একর জমি আছে। ওরা সিদ্ধান্ত গ্রহণ করেছে, কিছু জমি বিক্রি করে কারখানা চালাবার পুজি সংগ্রহ করবেন।

কিন্তু রাস্তাটি নির্মিত না হলে বিলেট সংগ্রহ করে প্রোডাকশন শুরু করা যাচ্ছে না। এক সময় আবাসন দপ্তরের মন্ত্রী মহাশয় ঐ কারখানাকে টর স্টিলের অর্ডার দিয়েছিলেন। কিন্তু পুঁজির অভাবে ঐ কারখানাটি চালানো যায়নি। সেই কারণে আমি বলব, এই রাস্তাটি বোম্বে রোড থেকে নিস্কো কারখানা পর্যন্ত তৈরি করার জন্য মন্ত্রিসভা গুরুত্ব দিন। মাননীয় মুখ্যমন্ত্রী নিজে ঐ নিস্কো কারখানায় গিয়েছিলেন। নিস্কো কারখানাটি যাতে ভায়াবেল হয় এবং ঐ ন্যাশনালাইসড ফ্যাক্টরিটি যাতে ভালভাবে চলে তারজন্য পি ডব্লু ডি মন্ত্রী আছে, আই আর ডিপার্টমেন্টের মন্ত্রী আছে অর্থাৎ গোটা মন্ত্রী সভার কাছে আবেদন রাখছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** (অনুপস্থিত)

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি মেদিনীপুর শহরে কয়েক হাজার বাস্তুজমির মালিকদের উপর ডি এল আর ও অফিস থেকে নোটিশ জারি করেছেন ঐ সমস্ত জমি ভেস্ট অর্থাৎ খাস হয়ে গেছে। সুতরাং বাস্তুজমির উপর যারা বাড়ি ঘর করেছেন তারা নতুন করে সরকারের সাথে লিজ চুক্তিতে আসতে হবে। এইরকম প্রায় ২৫/৩০ বছর ধরে যারা চাকরি থেকে অবসর নেবার পর বাড়িঘর বানিয়েছেন, দুই তিনতলা বাড়ি করে বসবাস করছেন তাদের উপর নোটিশ জারি হওয়ার ফলে তাদের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে, অনেকে উদ্বিগ্ন বোধ করছেন। সেই ৩রা জুনের নোটিশে একটা জায়গায় উল্লেখ করা হয়েছে, যারা বাস্তুজমির মালিক তারা যদি সরকারের সঙ্গে লিজ চুক্তিতে আবদ্ধ না হয় তাহলে যারা ভাড়াটিয়া আছেন অথবা কেউ যদি লিজ নিতে চায় তাহলে ঐসব জমি লিজ দেবে। সুতরাং আমি সমগ্র বিষয়টি সহানুভূতির সঙ্গে বিচার-বিবেচনা করার জন্য মন্ত্রী সভার কাছে আবেদন রাখছি। ডি এল আর ও এইভাবে একটার পর একটা নোটিশ জারি করছে আর এক থেকে দেড় হাজার বাড়ির মালিক অস্বস্তিতে পড়েছে। বামফ্রন্ট সরকারের জামানায় এই ধরনের ঘটনাকে মেনে নিতে পারি না। তাই আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, অনতিবিলম্বে সুষ্ঠ সমাধানে যাবার জন্য আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** (অনুপস্থিত)

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রায়না, মাধবডিহি ও খণ্ডঘোষ থানার মধ্য দিয়ে দামোদর ও দ্বারকেশ্বর নদী বয়ে গেছে। বহু খাল ও বড় বড় দিঘি ও পুকুর আছে। হাজার হাজার মৎস্যজীবী বাস করে। উচালন ও তার আশে-পাশে শত শত বিঘা খাস কয়েকটি দিঘি আছে। ঐ স্থানে মৎস্য চাষ বিষয়ে উচ্চশিক্ষার কলেজ স্থাপনের জন্য মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, জামালপুরের নবগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে উন্নীত করা হোক। নবগ্রাম প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে গড়ে ২০০ থেকে ২৫০ রোগী

আসে। সেখানে একজন চিকিৎসক আছেন কন্ট্রাক্ট বেসিসে। তিনি প্রতিদিন ২-৩ ঘণ্টা ডিউটি করে চলে যান। বাকি সময় মহকুমা হাসপাতালে যেতে হয়। এই অবস্থায় সাধারণ মানুষ আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্থ হচ্ছে। এখানে আই পি পি (৪) একটা বাড়ি আছে। সুতরাং সাধারণ শ্রমজীবী মানুষের স্বার্থে যাতে নবগ্রাম প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে উন্নীত করা হয় তারজন্য আবেদন রাখছি।

## ZERO HOUR

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁশবেড়িয়া মিউনিসিপ্যালিটিতে কংগ্রেস পরিচালিত পৌর বোর্ড আছে। সেখানে বিগত বেশ কিছু বছর ধরে নানারকম দুর্নীতিমূলক কাজ হয়। সেখানে বিভিন্ন পদে কর্মী নিয়োগ নিয়ে বে নিয়ম মূলক কাজ হচ্ছে। তাছাড়া সেখানে নানা রকমভাবে স্বজনপোষণ চলছে। টেন্ডারকে কেন্দ্র করে টাকা তছরূপের অভিযোগ উঠছে, সরকার সেখানে যে ১।। কোটি টাকা দিয়েছেন তাও তছরূপের অভিযোগ উঠছে, করদাতাদের করের টাকাও তছরূপের অভিযোগ উঠছে। সেখানে নিয়োগ নিয়েও নানা রকমের অভিযোগ আসছে। গত ৩০-৫-৯৭ তারিখে সেখানকার ৮নং ওয়ার্ডের কাউন্সিলর তার দেবরকে কোনও নিয়মনীতি না মেনে গার্ডের পদে চাকরি দেন। এ ব্যাপারে সেখানকার বড়বাবু প্রতিবাদ করলে কংগ্রেসি লোকেরা এবং তাদের মদতপুষ্ট লোকরা তাকে মারধোর করতে যায় ফলে সেখানে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কর্মচারিরা কোনও প্রতিবাদ করলে তা দমন করার জন্য তাদের উপর নানা রকমের আক্রমণ চলে। সেখানে একজন অফিসার আছেন তাকে দিয়েই এইসব কাজ করানোর চেষ্টা হচ্ছে। সেখানকার বড়বাবু এবং অন্যান্য কর্মচারিদের উপেক্ষা করা হচ্ছে। যারা প্রতিবাদ করছেন তাদের তাড়িয়ে দেওয়া হচ্ছে। কংগ্রেসের যারা পুরানো লোক, অবসর নিয়েছেন সেই ধরনের লোককে সমস্ত নিয়মনীতি লংঘন করে ঢোকানো হচ্ছে। স্যার, এ ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, বাঁশবেড়িয়ার মানুষ কংগ্রেস পরিচালিত এই পৌরসভার বিরুদ্ধে বিক্ষুব্ধ হয়ে পড়েছেন, সেখানকার মানুষের জীবনযাত্রা বিপন্ন হয়ে পড়েছে, এ ব্যাপারে তিনি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী অজয় দে ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী শ্যামাপ্রসাদ পালু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, এ বারে আলুর অতি ফলন হয়েছে ফলে চাষীরা আলুর বাজার পাচ্ছেন না। বাংলাদেশ এবং অন্যান্য রাজ্যে আলু পাঠানোর ব্যবস্থা হলেও বাস্তবে চাষীরা আলু বিক্রি করতে পারছেন না ফলে মাঠেই আলু নষ্ট হচ্ছে। তিলও অতি ফলন হয়েছে ফলে বিক্রি হচ্ছে না। বোরো ধানও বিক্রি হচ্ছে না। অতি উৎপাদনের ফলে গ্রামাঞ্চলে একটা সঙ্কট সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে সত্বর ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** (নট প্রেজেন্ট)

[12-50 — 2-00 p.m. (icluding adjournment)]

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** স্যার, আমরা সবাই জানি যে আমাদের রাজ্যে ব্যাঙের ছাতার মতন শতদল, ভেরেনা, ফেবারিট, কোহিনুর প্রভৃতি কোম্পানিগুলি গজিয়ে উঠেছিল। বর্তমানে এই সমস্ত নন-ব্যাঙ্কিং কোম্পানিগুলির কর্মকর্তারা এই কোম্পানিগুলিকে লাটে তুলে দিয়েছেন। হাজার হাজার বেকার যুবক এইসমস্ত কোম্পানিগুলির এজেন্ট হিসাবে কাজ করতেন। তাদের প্রচারের ফলে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ মানুষ তাদের সঞ্চিত কোটি কোটি টাকা এইসব সংস্থাগুলিতে জমা রেখেছিলেন। বর্তমানে যারা টাকা রেখেছিলেন সেই সমস্ত মানুষরা সেখান থেকে টাকা পাচ্ছেন না। ফলে তারা এজেন্টদের ধরছেন। বেকার যুবক, যারা ঐ সমস্ত কোম্পানিতে এজেন্ট হিসাবে কাজ করতেন প্রত্যেকদিন তারা নিগৃহীত হচ্ছেন, কারুর কারুর বাড়ি আক্রান্ত হচ্ছে, কারুকে কারুকে প্রহারও করা হচ্ছে। এইভাবে টাকা আদায় করার চেষ্টা হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন, পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ নিরপরাধ মানুষ যারা এই সমস্ত কোম্পানিগুলিতে তাদের কোটি কোটি টাকা রেখেছিলেন তারা যাতে তাদের টাকা ফেরত পায় এবং বেকার যুবকরা যাতে অযথা হয়রান না হয় তারজন্য অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আবার আমরা মিলিত হব দুটোর সময়।

(At this stage the House was adjourned till 2-00 p.m.)

[2-00 — 2-10 p.m.]

(After recess)

## LEGISLATION

### The Registration (West Bengal Amendment) Bill, 1997

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the Registration (West Bengal Amendment) Bill, 1997.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Registration (West Bengal Amendment) Bill, 1997 be taken into consideration.

**শ্রী মুরসালিন মোল্লা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী রেজিস্ট্রেশন অ্যাক্ট বিল যা পেশ করেছেন সেটা একটা অভিনন্দনযোগ্য প্রয়াস আমাদের রাজ্যের জন্য। আমাদের ইতিপূর্বে যে রেজিস্ট্রেশন অ্যাক্ট ছিল সেটা অনেক পুরানো একটি অ্যাক্ট ১৯০৮

সালের অ্যাক্ট সেটা। স্বাধীনতা লাভের পূর্বে থেকে ঐ আইনটা আমাদের পশ্চিমবঙ্গে এবং অন্যান্য রাজ্যে চালু ছিল। ঐ আইন বলে যে সমস্ত শহরগুলি প্রেসিডেন্সি স্টেট হিসাবে গণ্য হয়েছিল ভারতবর্ষে. তারমধ্যে কলকাতাসহ দিল্লি, বোম্বে, মাদ্রাজ প্রভৃতি শহরগুলি ছিল। ঐ আইনবলে হস্তান্তরযোগ্য জমি বিক্রি করবার ক্ষেত্রে এক রাজ্য থেকে অন্য রাজ্যে ক্যাপিটাল শহরে রেজিস্ট্রেশন করা যেত। তারফলে আমাদের রাজ্যের খাজাঞ্জীখানার আয় অনেক কমে যেত। কয়েক বছর আগে দেখা গেল, শহর এবং শহরতলির বড় বড় প্লট যা উন্নয়নের কাজে লাগছে তার একটা বড অংশ আমাদের কলকাতার রেজিস্ট্রেশন অফিস থেকে রেজিস্ট্রি না হয়ে, নথিভুক্তকরণের কাজ সম্পন্ন না করে, দিল্লি থেকে, কোনও কোনও ক্ষেত্রে মহারাষ্ট্র থেকে রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করা হচ্ছে। তারফলে আমাদের রাজ্যের আর্থিক ক্ষতি হচ্ছে দেখা গেল, রেজিস্ট্রেশন ফি থেকে বঞ্চিত হল আমাদের রাজ্য। এর আগে যে বিল এখানে মাননীয় অর্থমন্ত্রী রেখেছিলেন সেটা অত্যন্ত যোগ্যতার সঙ্গে সবদিক বিবেচনা করে রেখেছিলেন যাতে আমাদের রাজ্যের জমি অন্যান্য রাজ্যের রাজধানী থেকে রেজিস্ট্রেশন না করে আমাদের রাজ্য কে সেটা করতে সবাই বাধ্য হন। তারই ফলে দেখা গেল যে, আমাদের কোষাগারের জন্য একটা বড় উৎসামুখ আমরা গঠন করতে পেরেছি, রেজিস্ট্রেশনের জন্য ধার্য্য ফি থেকে আমরা যথেষ্ট লাভবান হয়েছি। এর বিরুদ্ধে যারা, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা আজকে এখানে উপস্থিত নেই তাদের নানাভাবে বলতে শোনা গিয়েছে যে বাইরে থেকে রেজিস্ট্রেশন বন্ধ করার ফলে আমাদের দেশের যারা নাগরিক তাদের অধিকারে হস্তক্ষেপ করা হচ্ছে। আমরা জানি যে আমাদের রাজ্যের রেজিস্ট্রেশন অফিস গুলিকে এড়িয়ে বাইরের রাজ্যে গিয়ে রেজিস্ট্রি করে আসার একটা মাত্র উদ্দেশ্য হল যদিও রাজ্য যে স্টাম্প ডিউটি ধার্য্য করেছে তা ধার্য্য করার আগে যে অবস্থা ছিল তাতে অনেক কম স্টাম্প ডিউটি ছিল—বাইরে থেকে রেজিস্ট্রি করতে কম টাকায় হচ্ছে। অর্থাৎ তাদের একটা প্রবণতা ছিল যারা সব রেজিস্ট্রি করতেন বাইরে থেকে করাবেন এবং তারা মনে করতেন কম টাকায় হচ্ছে। লক্ষ লক্ষ কোটি কোটি টাকা মূল্যের জমি ক্রয়-বিক্রয় করতেন। লক্ষ লক্ষ কোটি কোটি জমি কিনছে কিন্তু সরকারকে তারা তার নায্য পাওনা থেকে বঞ্চিত করছে। সরকারের স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন ফি থেকে বঞ্চিত করার জন্য তারা এই কাজগুলি করতেন। আমরা দাবি করে থাকি রাজ্যের উন্নয়ন হোক, রাজ্যের উন্নয়নের গতিশীলতা বাড়ানো জন্য সাহায্য করা হোক। রাজ্যের নায্য আর্থিক সংস্থানগুলিকে সুদৃঢ় করার জন্য যে যে উৎস মুখগুলি আছে সেইগুলি সুসংহত করা দরকার। রাজ্যের অর্থ সংস্থানের যে উৎস মুখ এই স্টাম্প ডিউটি একটা বড় ভূমিকা পালন করে। এই ক্ষেত্রে অর্থমন্ত্রীর যে সিদ্ধান্ত তা যথেষ্ট সহায়তা দিয়েছে রাজ্যের অর্থনৈতিক আয় বাড়ানোর ক্ষেত্রে। তবে এই কাজগুলি করতে গিয়ে অনেক বাধার সম্মুখীন হতে হয়েছিল। কলকাতার বাইরে যারা বাস করেন, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের শহরগুলিতে যারা বাস করেন, সরকার যে সিদ্ধান্ত করেছিল তাতে জেলাওয়ারি রেজিস্ট্রি অফিসগুলিতে গিয়ে জমি ক্রয় বা বিক্রয় করতে হবে তাদের। তার ফলে ভিন্ন জেলায় গিয়ে সেখানকার রেজিস্ট্রি অফিসে গিয়ে রেজিস্ট্রি করতে হবে। ফলে একটু অসুবিধার মধ্যে পড়তে হত। এই ক্ষেত্রে অর্থমন্ত্রী মহাশয় বাস্তব অসুবিধার কথা চিন্তা করে এই ব্যাপারে সংশোধনী এনেছেন। এই সংশোধনী পাস হলে আমাদের রাজ্যের রাজধানীতে বসে জমি ক্রয় বা বিক্রয় নির্দিষ্ট স্ট্যাম্প ডিউটি দিয়ে করা সম্ভব হবে। যে নিয়ম ছিল তা হল জেলাগুলিতে রেজিস্ট্রির কাজ

সম্পন্ন করতে হত এবং সেটা রাজ্যের বাইরে বসে বা প্রেসিডেন্সি সিটিতে বসে করা যাবে না। এই ব্যাপারে বাস্তব সমস্যার সম্মুখীন হতে হত। তাকে সামনে রেখেই এই অ্যামেন্ডমেন্ট বিল পেশ করা হয়েছে। এর ফলে সত্যিই যারা অসুবিধার মধ্যে পড়েছিল, সত্যিই জমি ক্রয় বিক্রয় করতে গিয়ে জেলার রেজিস্ট্রি অফিসে গিয়ে হয়রানি হতে হত তারা মুক্তি পাবে। আজকে আমাদের অর্থমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট এখানে রেখেছেন তার ফলে কলকাতায় বসে জেলার রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করতে পারা যাবে। সেই দিক থেকে মাননীয় অর্থমন্ত্রী যে বিল পেশ করেছেন তাকে সমর্থন করছি। আমি মনে করি সাধারণ মধ্যবিত্ত নিম্ন-মধ্যবিত্তদের যে কষ্ট ছিল সেটা লাঘব হবে। তা ছাড়াও স্ট্যাম্প ডিউটি থেকে রাজস্ব আয় কমানোর ক্ষেত্রে যারা কৌশল নিয়েছিল সেই কৌশল পরাস্ত হবে।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রেজিস্ট্রেশন অ্যামেন্ডমেন্ট বিল যেটা এসেছে তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি এবং এটা বলার অপেক্ষা রাখে না যে, এই বিল একটা সুচিন্তিত অ্যামেন্ডমেন্ট বিল, কারণ এই বিলের দ্বারা যেমন পশ্চিমবঙ্গে বসবাসকারী বড় বড় ধনিক শ্রেণীরা বাইরে গিয়ে বিভিন্ন কারচুপির মাধ্যমে কর ফাঁকি দেওয়ার তাদের সুযোগ ছিল, সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হবে এবং অনেকের কালো টাকা উপার্জনের যে সুযোগ ছিল সেটাও বন্ধ হবে। সেইকারণে এই বিলকে সমর্থন করছি। সাথে সাথে এখানকার স্থানীয় লোকেরা কেন্দ্রীয়ভাবে কলকাতায় রেজিস্ট্রি করতে পারে তার যে দরকার ছিল সেটা এই বিলের মাধ্যমে সম্ভব হবে। সেইকারণে একদিকে যেমন সোর্স অর্থাৎ রেভিনিউ সোর্সের সাশ্রয় হবে তেমনি অপর দিকে যেমন বিভিন্ন রকম কারচুপির মাধ্যমে ট্রানজাকশন করত, জমিজমা রেজিস্ট্রেশন করত, সেটাও বন্ধ হবে, তারজন্য এই অ্যামেন্ডমেন্টটাকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** (অনুপস্থিত)

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে রেজিস্ট্রেশন আইনের একটা সংশোধনী এনে যে বিল উপস্থাপিত করেছি তাকে সমর্থন করে বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন এবং এই হাউসও অবগত আছেন যে, মূল যে রেজিস্ট্রেশন আইন ১৯০৮ সালের ছিল তাতে অনেক সমস্যা ছিল। সেখানে আইনে একটা ক্ষমতা দেওয়া ছিল যে, প্রেসিডেন্সি টাউনের মধ্যে যেমন কলকাতা, দিল্লি এইরকম বড় শহরের রেজিস্টাররা ভারতবর্ষের যে কোনও প্রদেশে, যে কোনও জায়গায় অবস্থিত জমির নথিভুক্ত করতে পারতেন। এরফলে আমরা দেখলাম যে, আমাদের রাজ্যের বিভিন্ন লোকেরা তাদের জমির নথিভুক্তকরণের জন্য দিল্লি চলে যেতেন। এরজন্য আমরা ১৯৬৬ সালে একটা সংশোধনী আনলাম রেজিস্ট্রেশন আইনে, ৩০নং ধারায় আনলাম, সেটা এই সভা অনুমোদনও করেছিল। সেখানে সংশোধনী করে বলা হয়েছিল যে, পশ্চিমবঙ্গে যে কোনও জেলায় যদি জমি নথিভুক্ত করণ করতে হয় তাহলে সেই জেলার সাব রেজিস্ট্রেশন বা রেজিস্ট্রেশন অফিসে করতে হবে। এই ব্যাপারে দিল্লির সঙ্গে আলোচনা করেছিলাম তারাও এই একই ব্যবস্থা গ্রহণ করেছে। এই ব্যবস্থার ফলে আমাদের রাজ্যের থেকে বাইরে গিয়ে নথিভুক্ত করার ব্যাপারটা

কমে যায় এবং এরফলে এই খাতে আমাদের রাজস্ব আদায় এবং অন্যান্য কারণেও রাজস্ব আদায় বৃদ্ধি পেয়ে ১৯৯৩-৯৪ সালে ১৪৪ কোটি টাকা হয়েছিল। এটা স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন ফি বাবদ রাজস্ব আদায় করতে পেরেছি, এর পরিমাণ ১৯৯৬-৯৭ সালে বৃদ্ধি পেয়ে ২৮২ কোটি টাকাতে দাঁড়িয়েছে। এটা যেমন সুবিধা হয়েছে, তেমনি অসুবিধাও কিছু হয়েছে। সুবিধা যেমন হয়েছে এরফলে আমাদের রাজ্য থেকে দিল্লিতে গিয়ে নথিভুক্তকরণ করাটা থেমে যাচ্ছে, তেমনি অসুবিধা হচ্ছে যে, কলকাতায় বসবাসকারী লোক যদি কোনও একটা জেলায় গিয়ে জমি কেনে তাহলে তাকে সেই জেলাতেই গিয়ে জমি নথিভুক্ত করতে হচ্ছে। সেখানে কলকাতায় থেকে জমি নথিভুক্ত করতে পারছে না, এটাই অসুবিধা হচ্ছে। তাই আমরা এই সংশোধনীটি আনছি। এতে রাজস্বের কোনও ক্ষতি হবে না। কারণ গোটা রাজ্যে যেভাবে রাজস্ব বৃদ্ধি পাওয়ার তা পাবে। সাধারণ মানুষ যারা কলকাতায় এসে রেজিস্ট্রি করতে চান তারা যাতে সেটা করতে পারেন তার জন্য আবার এই সংশোধনীটি আনা, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the Registration (West Bengal Amendment) Bill, 1997, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill, was then put and agreed to.

### Preamble

The question that preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Registration (West Bengal Amendment) Bill, 1997 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### The Vidyasagar University (Amendment) Bill 1997

**Shri Satyasadhan Chakraborty :** Sir, I beg to introduce the Vidyasagar University Amendment) Bill, 1997.

(Secretary then read the Title of the Bill)

**Shri Satyasadhan Chakraborty :** Sir, I beg to move that the Vidyasagar University (Amendment) Bill, 1997 be taken into consideration.

**Shri Saugata Roy :** (Absent.)

[2-20 — 2-30 p.m.]

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের উচ্চশিক্ষামন্ত্রী বিদ্যাসাগর ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল ৯৭ যেটা নিয়ে এসেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এর সাথে দু-চারটি কথা নিবেদন করছি এই বিলের সমর্থনে। ৮১ সালে বিদ্যাসাগর ইউনিভার্সিটি অ্যাক্ট যেটা চালু হয়েছিল সেটাকে পরিবর্তন করার কিছু দরকার ছিল, এই কারণে যে হলদিয়াতে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। বিদ্যাসাগর ইউনিভার্সিটির অ্যাফিলিয়েশনের জন্য সেখানে ইঞ্জিনিয়ারিং কলেজে বিভিন্ন বিষয় যেগুলি রয়েছে তার অন্তর্ভুক্তির জন্য এবং কাজের সুষ্ঠু পরিচালনার জন্য এই বিল নিয়ে আসা হয়েছে। এতে রাজ্য সরকারের কোনও আর্থিক দায়-দায়িত্ব অতিরিক্ত হিসাবে বর্তাচ্ছে না। এই সম্পর্কে দু-একটি কথা বলতে চাই, বামফ্রন্ট সরকারের মূল কথা হচ্ছে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে বামফ্রন্ট সরকার বিভিন্ন ধাপের সিঁড়ি বেয়ে এগিয়ে চলেছেন। ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে কৃষি শিল্প ইত্যাদির ক্ষেত্রে যে বিশাল উন্নতি পরিলক্ষিত হয়েছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে এবং শিক্ষাকে বিভিন্ন জেলাতে ছড়িয়ে দেওয়ার জন্য এই উদ্যোগকে স্বাগত জানাতে চাই। আমরা জানি, মানুষের আগুন ঝরা ক্ষোভ ছিল হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স ইত্যাদি নিয়ে, সেটা কার্যকর হওয়ার পরে, সেখানে প্রয়োজন দেখা দিয়েছিল ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার জন্য, এবং সেখানে যাতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এর গুরুত্বপূর্ণ বিষয়গুলি পড়ানো হয়। একটা দেশের উন্নতি আমরা বুঝতে পারব শিক্ষাতে সে কতটা উন্নতি করতে পেরেছে এবং সেই উন্নতির হাত ধরে, শিল্পের হাত ধরে প্রযুক্তি বিরাজ করে। সুতরাং শিল্প ও শিক্ষা অঙ্গাঙ্গিভাবে জড়িত। আমরা রাজ্য সরকারকে ধন্যবাদ জানাই। তবে এসবের মানে এই নয়, আমরা সমস্ত শিক্ষাটাকে বেসরকারীকরণ করে দিচ্ছি। এটা সরকারি কলেজ হিসাবেই থাকছে। হলদিয়া বা মেদিনীপুর হচ্ছে বৃহত্তর একটি জেলা, সেই জেলাতে শিক্ষার অগ্রগতির সাথে সাথে মানুষের আরও বেশি করে জানার আগ্রহ বেড়েছে, তাই এই রকম একটি ইঞ্জিনিয়ারিং কলেজ খুব প্রয়োজন ছিল। এর সাথে সাথে আমি বলি, এই বিশ্ববিদ্যালয় আমাদের সমীহ আদায় করে নতুন সংযোজন ঘটিয়েছে এবং প্রশাসনিক কাজকর্ম ইত্যাদি চালানোর ক্ষেত্রে যোগাযোগটা ছিল না, ইউনিভার্সিটির সঙ্গে এটা আইনগত অনুমোদন হওয়ার সাথে সাথে এটা কার্যকর হবে। তাই এই বিলকে আমি সমর্থন করছি। তার সাথে সাথে বলতে চাই, আমাদের মেদিনীপুর জেলাতে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে, ইঞ্জিনিয়ারিং কলেজটার ক্ষেত্রেও তাদের একটা দায়িত্ব থাকবে। সেখানকার মেধাবি ছাত্র-ছাত্রীরা ঐ ইঞ্জিনিয়ারিং কলেজে এসে ভর্তি হবে। আমাদের আরও গর্বের বিষয় বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নজিরবিহীনভাবে তিনি নিজে এখনও ক্লাস নেন এবং এখনও তিনি প্রশাসনিক কাজকর্ম করেন এবং কলেজগুলিতে কাজের উন্নতির জন্য তিনি মাঝে মাঝে পরিদর্শন করেন এবং এই বিশ্ববিদ্যালয়কে যাতে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার প্রচেষ্টা চালানো। তাই আমাদের এই হাউস থেকে আমরা সবাই এই বিলকে সমর্থন করছি। তার সাথে সাথে আমরা দেখছি নবকলেবরে বিশ্ববিদ্যালয়ের বৃদ্ধি ঘটছে এবং নতুন কলেজ খুলে চলেছে। অ্যামেন্ডমেন্ট সেখানে সেভেনটিন কোর্টের সদস্যদের মধ্যে হলদিয়া ইঞ্জিনিয়ারিং কলেজের একজন আসবেন এবং

এটা যুক্ত হবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে। পরিচালনার ক্ষেত্রে যাতে অসুবিধা না হয় তার জন্য আগে তিনজন সদস্য ছিল, এখন হলদিয়া ইঞ্জিনিয়ারিং কলেজের একজন মেম্বার যুক্ত হয়ে চারজন করা হচ্ছে এবং পাওয়ার অব ফাংশন অব দি কোর্ট, এই বিষয়টা সেকশন এইট্টিনে বলা আছে, সেখানে ওয়ার্কশপ কথাটা যুক্ত করা হয়েছে। পরিশেষে বলি, ইন্ডাস্ট্রি ইজ ব্লাইন্ড উইদাউট টেকনোলজি, টেকনোলজি ইজ ব্লাইন্ড উইদাউট ইন্ডাস্ট্রি। টেকনোলজি এবং ইন্ডাস্ট্রি এই দুটোকেই এগিয়ে আমরা নিয়ে যাব এবং শিল্প বিকাশ, কৃষি বিকাশ এইসব ক্ষেত্রে আমরা এগিয়ে চলব। তাই যে অ্যামেন্ডমেন্ট এসেছে তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী যে বিদ্যাসাগর ইউনিভার্সিটি বিল উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। এই বিলের বিষয়বস্তু অত্যন্ত প্রাসঙ্গিক। নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত এবং ওই ইউনিভার্সিটি পরিচালন ব্যবস্থা, নতুন ইঞ্জিনিয়ারিং কলেজের প্রতিনিধিত্ব থাকবে বিভিন্ন ফ্যাকালটি ইত্যাদিতে। সে দিক থেকে এটা অপরিহার্য ছিল। যে সুযোগটা ছিল না এই বিলের ফলে সেই সুযোগটা তৈরি হচ্ছে। আমি এই কারণে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাই। সাম্প্রতিক কালে কল্যাণীতে এবং হলদিয়াতে নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ শুরু হচ্ছে। বামফ্রন্ট সরকারের উদ্যোগের ফলেই এই অধ্যয়নগুলো চলছে। বর্তমানে ইঞ্জিনিয়ারিং এবং কারিগরি শিক্ষার প্রসারের জন্য বামফ্রন্ট সরকার যত্নবান হয়েছেন। সেদিক থেকে আমাদের রাজ্যের যারা কৃতী ছাত্র আমাদের রাজ্যের যে সমস্ত ইঞ্জিনিয়ারিং কলেজগুলো আছে সেখানে পড়াশুনার সুযোগ স্বভাবতই সীমাবদ্ধ হয়ে পড়ে—অন্যান্য যেসব রাজ্যে প্রাইভেট ইনস্টিটিউশন আছে যেমন মাদ্রাজ, কর্ণাটক, সেখানে এই বিত্তশালী পরিবারের ছেলেরা এই প্রাইভেটাইজেশনের সুযোগ নিয়ে সেখানে অনেক টাকা ডোনেশন দিয়ে পড়তে পারছে। কিন্তু পশ্চিমবাংলায় অনেক মেধাবি ছাত্র আছে নিম্নবিত্ত, মধ্যবিত্ত যারা এই সুযোগ পাচ্ছে না। এই ইঞ্জিনিয়ারিং কলেজ হলে অধিক মাত্রায় ছাত্ররা পড়ার সুযোগ পাবে। এই কারিগরি শিক্ষার মাধ্যমে স্বনির্ভরতা বৃদ্ধি পাবে। এই দিকে দৃষ্টি রেখে আরও ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা দরকার। অত্যন্ত সুখের কথা আমরা দেখতে পাচ্ছি যে শুধু ইঞ্জিনিয়ারিং কলেজই নয়, পশ্চিমবঙ্গ সরকার কারিগরি শিক্ষার জন্যও নানা বিদ্যালয় গড়ে তুলছে। যারা অল্প পড়াশুনা করেছে যেমন ক্লাস সেভেন, এইট পর্যন্ত পড়াশুনা করেছে তাদের জন্য কারিগরি শিক্ষার সুযোগ তৈরি করা হচ্ছে। যেসব পলিটেকনিক স্কুল আছে সেইসব পলিটেকনিক স্কুলে ছেলেদের কারিগরি শিক্ষার সুযোগ করা হচ্ছে, যার ফলে শুধু চাকরি নয়, যারা চাকরি পাবে না তারা যাতে নিজেরা স্বনির্ভর হতে পারে সেটা বামফ্রন্ট সরকারের নতুন উদ্যোগে প্রতিফলিত হচ্ছে। আমি শুধু বলব যে বিধানসভার অভ্যন্তরে একটা কথা প্রায়ই ওঠে যে উত্তরবঙ্গ সামাজিক, অর্থনৈতিক কারণে পশ্চাৎপদ। সেখানে এই ধরনের প্রতিষ্ঠান গড়ে তুলে একটা রিজিওন্যাল ব্যালেন্স রাখার জন্য সেদিকে দৃষ্টি রাখতে হবে। আরেকটা কথা, বিদ্যাসাগর ইউনিভার্সিটিও পশ্চিমবঙ্গে ইউনিভার্সিটি কিন্তু এখনও পর্যন্ত সেখানে সেসব স্ট্রীমগুলো আছে তাতে দেখা যাচ্ছে যে বিদ্যাসাগর ইউনিভার্সিটি অনুমোদিত যেসব কলেজগুলো আছে ভর্তির ক্ষেত্রে তারাই ৯০ শতাংশ অগ্রাধিকার পাচ্ছে। আমি জানি না, আমার ইনফরমেশন যদি ঠিক থাকে তাহলে এই ব্যাপারটা যাতে না থাকে

তার জন্য মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করি। উচ্চশিক্ষার ক্ষেত্রে যেসব অ্যাফিলিয়েটেড কলেজগুলো আছে সেখানে পাশ করে যারা যাচ্ছে তারা যেন মেরিটের ভিত্তিতে ভর্তি হতে পারে। যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে স্বাভাবিকভাবে তা সমস্ত দিক থেকেই অভিনন্দন যোগ্য্য উচ্চশিক্ষা মন্ত্রী যে উদ্যোগ গ্রহণ করেছেন তাকে স্বতঃস্ফূর্তভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় সম্পর্কে যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন, তাকে আমি সমর্থন জানাই। সময়ের চাহিদা অনুযায়ী এটা করা প্রয়োজন ছিল। বিশেষ করে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে যখন একটা নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন হল, তার পরিচালক মন্ডলী কিভাবে হবে, বা না হবে, সেই ব্যাপারে প্রয়োজনীয়তা দেখা গিয়েছিল এবং আপনারা জানেন যে আমাদের জেলায় যে নতুন শিল্পনগরী গড়ে উঠছে, তাতে প্রয়োজন আমাদের দক্ষ শ্রমিকের। আমাদের জেলায় কয়েকটা পলিটেকনিক বা আই টি আই থাকলেও এই ধরনের ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল না। সুতরাং আমরা আশা করছি যে, হলদিয়ায় সরকার শিল্প গড়ে তোলার যে প্রয়াস নিচ্ছেন, তাতে সহায়ক হিসাবে ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে ছাত্র ছাত্রীরা বেরিয়ে এসে এখানে কর্মসংস্থানের সুযোগ সুবিধা পাবে। আমাদের উচ্চশিক্ষামন্ত্রী ঘোষণা করেছিলেন যে, আমাদের রাজ্যে সবচেয়ে কনিষ্ঠতম বিশ্ববিদ্যালয় হচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। সুতরাং তার উন্নয়নের জন্য, তার সম্প্রসারণের জন্য এবং বিভিন্ন স্ট্রিম খোলার জন্য, যুগপোযোগী করে তোলার জন্য সরকার যে প্রয়াস নিয়েছেন, তাতে আমরা গর্বিত এবং মেদিনীপুরবাসীও আনন্দিত। সুতরাং এই বিল সমর্থিত। তবে এই বিলের একটা জায়গায় মহিলাদের ব্যাপারে একটা আসন রেখেছেন। এটাতেও তার নজর এড়ায়নি। সেই দিক থেকে আমার ভাল লেগেছে। আজকাল আমরা এই ধরনের চিন্তা ভাবনা কম করি যে, পরিচালক মন্ডলীতে মহিলাদের নেওয়া প্রয়োজন। কিন্তু উনি সেটা করেছেন এবং আমরা দেখছি যে, লোকসভাতেও সংরক্ষণ বিল পাস হল না। সেই ক্ষেত্রে উনি একটা নজির সৃষ্টি করলেন। কিন্তু সেই সঙ্গে সঙ্গে ভবিষ্যতের কথা চিন্তা ভাবনা করে আমাদের দেখতে হবে যে, উনি বিভিন্ন জায়গায় প্রফেসার অর প্রফেসরস অব দ্য ডিপার্টমেন্ট অব ডিপার্টমেন্টস এইসব জায়গা থেকে ৭ ও ৮ কলামে যে সমস্ত জায়গায় এক এক করে রেখেছেন, ভবিষ্যতের কথা চিন্তাভাবনা করেই। আমার মনে হয় যে, এই সংখ্যাটা যদি আমরা বাড়িয়ে দিই তাহলে ভবিষ্যতে জটিলতা দেখা দিতে পারে। তখন অবশ্য আপনারা অ্যামেন্ডমেন্ট করতে পারেন। সেটা কোনও কথা নয়। তবে এই সমস্ত বিলগুলি পেশ করি, তখন এই সমস্ত চিন্তা ভাবনার মধ্য দিয়ে রাখলে ভাল হয় বলে আমার মনে হয়। ল্যাবরেটারির জায়গায় আমরা যে ওয়ার্কশপ এখানে রেখেছি, এখন আমাদের দেশে ইঞ্জিনিয়ারিং কলেজ বলুন, কলেজই বলুন, বিভিন্ন জায়গায় ওয়ার্কশপ টার্মস ইউজ করি। আমরা দেখেছি যে, স্কুল কলেজে ল্যাবরেটারি, ওয়ার্কশপগুলি স্বয়ম্ভর হয়ে উঠতে পারছে না। সুতরাং এই দিকে আমাদের চিন্তাভাবনা করতে হবে। আমাদের দায় দায়িত্ব নিতে হবে। মোটামুটিভাবে এই বিল আমাদের দেশের পক্ষে মঙ্গলজনক বলে মনে করছি। মেদিনীপুর জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল না। সেখানে একটা নতুন একটা ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন হওয়ার প্রয়োজন ছিল।

সেটা রাজ্য সরকার করেছেন। উচ্চশিক্ষা দপ্তর থেকে তার অনুমোদন পাওয়া গেছে।

এখন চালুও হয়েছে। সেটা যাতে সম্পূর্ণ হতে পারে এই সঙ্গে সঙ্গে সেদিকেও নজর দিতে হবে। কারণ আমরা দেখেছি, আমরা একটা জিনিস চালু করে শেষ পর্যন্ত তা ধরে রাখতে পারি না। সুতরাং আমি আবার এই বিলের সপক্ষে সমর্থন জানিয়ে আমরা বক্তব্য শেষ করলাম।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে একটা ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যে আমার নাম রামাপদ সামন্ত নয়। আমার নাম রামপদ সামন্ত। পশ্চিমবঙ্গের উচ্চ শিক্ষা মন্ত্রী মাননীয় সত্যসাধন বাবু বিদ্যাসাগর ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯৭ নিয়ে এসেছেন এবং আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থনের কারণ, বর্তমানে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের যে শিল্পায়ন নীতি, বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের জনকল্যাণ মুখী যে কর্মসংস্থান নীতি, যে শিক্ষা নীতি তার সঙ্গে এই বিলের সংশোধনী সম্পূর্ণ রূপে সামঞ্জস্যপূর্ণ। তাই এই বিলকে পুরোপুরি সমর্থন জানাচ্ছি। বিশেষভাবে আমাদের হলদিয়ায় নতুন যে ইন্সটিটিউট অব টেকনোলজি অর্থাৎ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হয়েছে সেই শিক্ষা প্রতিষ্ঠানকে আইনগত মর্যাদা দিতে গেলে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়কে সেই ধরনের ক্ষমতা দিতে হয়। কারণ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অটোনমাস যে ক্ষমতা সেই ক্ষমতাকে ঠিকমতো প্রয়োগ করে যদি হলদিয়া ইন্সটিটিউট অব টেকনোলজিকে যদি অনুমোদন না দেয় তাহলে আইনগতভাবে এই প্রতিষ্ঠানের অস্তিত্ব সম্পূর্ণ হয় না। সুতরাং সেই দিক দিয়ে ১৯৮১ সালের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের যে আইন, সেই আইনের কিছু কিছু ধারাকে সংশোধন করে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে হলদিয়া ইন্সটিটিউট অব টেকনলোজির যে দায়িত্ব দেওয়া হয়েছে সেটা যুক্তিযুক্ত হয়েছে বলে আমি মনে করি। দ্বিতীয়ত বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ১৯৮১ সালের যে আইন ছিল তাতে বলা ছিল যে ইলেকটেড মেম্বারস ৬ জন থাকবেন। কিন্তু এখন যেহেতু নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা হয়েছে সেজন্য তার স্বার্থ সুরক্ষার জন্য ইলেকটেড মেম্বারস ৬-এর জায়গায় ৭ জন করা হয়েছে এবং ১৯৮১ সালের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আইনের ২০ নম্বর ধারা সংশোধনী করে ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে একজন শিক্ষক যাতে নির্বাচিত হতে পারেন তারও ব্যবস্থা রেখেছেন। তৃতীয়ত সংশোধনীর ১৮ নম্বর ধারায়, তিনি ল্যাবরেটরিস এই কথাটির স্থলে ওয়ার্কশপ কথাটি যুক্ত করতে চেয়েছেন। আমি মনে করি এই ওয়ার্কশপ বা কর্মশালা কথাটি যুক্ত করার ফলে আরও বেশি বেশি করে কারিগরি বিষয় নিয়ে বিশদভাবে আলোচনা করার জন্য আরও সুযোগসুবিধাকে প্রসার করার ব্যবস্থা রাখা হয়েছে। এবং এখানে বহু অভিজ্ঞ, দক্ষ ব্যক্তির সহজভাবে আলোচনায় অংশ নিয়ে পরস্পরের মত বিনিময়ের সুযোগ সৃষ্টি করেছেন। সেদিক থেকে সংশোধনীটি যুক্তিযুক্ত বলে আমি মনে করি। ১৯৮১ সালের আইনের ২০ নম্বর ধারার আইনের সংশোধনী অনুয়ায়ী ‘এক্স অফিসিও মেম্বারস’- এই কথার পরে, তিনি যুক্ত করেছেন প্রিন্সিপ্যাল্ কথাটি। এই ব্যবস্থার ফলে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের মধ্যে দিয়ে এই হলদিয়া ইন্সটিটিউট অব টেকনোলজি প্রতিষ্ঠানকে যাতে প্রসারিত করা হয় তার ব্যবস্থা এই সংশোধনীর

মধ্যে রাখা হয়েছে। তাছাড়া ২৪নং ধারাতে দেখতে পাই আন্ডার গ্র্যাজুয়েট স্টাডিস অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি গঠন করার ক্ষেত্রে তিনি নতুন কতগুলি ব্যবস্থা করেছেন যাতে ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে যে প্রতিনিধি নেওয়া হয়, সেখানকার ডিপার্টমেন্টাল হেড-কে সংযোজিত করা হয়। ফ্যাকালটি কাউন্সিল ফর পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিস ইন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, সেখানেও পরিকাঠামোগত পরিবর্তন করা হয়েছে। আমি মনে করি যথেষ্ট চিন্তা-ভাবনা করেই সংশোধনী আনা হয়েছে, তাই আমি এই বিলকে পূর্ণ সমর্থন করছি।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ, যেসব মাননীয় সদস্য বিতর্কে অংশগ্রহণ করেছেন, তাদের আন্তরিক ধন্যবাদ জানাই। আমি আনন্দিত, সকলেই এই বিলকে সমর্থন করেছেন। এই বিলটা মূলত আনতে হয়েছে—হলদিয়াতে ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠিত হওয়ার পর বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এটা অ্যাফিলিয়েট করতে রাজি হয়েছে, এ আই সি টি অনুমোদন দিয়েছে। যেহেতু বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে কোনও ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল না, ফলে ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজির কোনও ফ্যাকালটি আন্ডার গ্র্যাজুয়েট অফ পোস্ট গ্র্যাজুয়েট ছিল না। স্বভাবতই নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ করার ফলে দুটো ফ্যালাকটি তৈরি করতে হবে আন্ডার গ্র্যাজুয়েট এবং পোস্ট গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির জন্য। তা না হলে বিশ্ববিদ্যালয় তার কাজ করতে পারবে না, এই কলেজও কাজ করতে পারবে না। সেইজন্য এই বিলটা এখানে আনা হয়েছে।

মাননীয় সদস্যরা জানেন, এখানেও আমি বহুবার বলেছি, পশ্চিমবাংলার কৃষিতে এবং শিল্পে যে অগ্রগতি ঘটেছে এবং আগামী দিনে ঘটবে, তার সঙ্গে সামঞ্জস্য রেখেই আমাদের উচ্চশিক্ষাকে গড়ে তুলতে হবে। শিল্প, কৃষি এবং তার সঙ্গে যুক্ত অন্যান্য বিষয়গুলো যদি প্রসারিত হয়, তাহলে দরকার হবে অনেক পরিমানে কারিগরি বিদ্যায় প্রভূত শিক্ষণপ্রাপ্ত মানুষের এবং বিশ্ববিদ্যালয়কেই এই ব্যবস্থা করতে হবে। আপনাদের মনে আছে, কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজ যখন করা হয় এবং পশ্চিমবাংলায় বহু বছর পর এই প্রথম কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজ হল, সরকারি কলেজ। তাই আমি বললাম, আমাদের আরও অনেকগুলো ইঞ্জিনিয়ারিং কলেজ করতে হবে। আজকে আমাদের সরকারের পক্ষ থেকে আমরা আলাপ-আলোচনা করে হলদিয়াতে সরকারি নয়, বেসরকারি, কিন্তু সরকারি সাহায্যপ্রাপ্ত আর একটা ইঞ্জিনিয়ারিং কলেজ আমরা করতে পেরেছি। তার ইতিমধ্যেই জমি-টমি সংগ্রহ করে নিজেদের বাড়ির ডেভেলপমেন্টের কাজ শুরু করেছে। এ আই সি টি চারটে বিষয়ে পড়াবার অনুমতি দিয়েছিল। সেই চারটে হল কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং যেহেতু অনেক ওয়ার্কশপ ইত্যাদি করতে হয়, সেইজন্য সেটা পরে করবেন, বাকি তিনটে শুরু করেছে। গত বছর ৯০ জন ছাত্রছাত্রী সেখানে ভর্তি হয়েছে। যেদিন প্রথম ক্লাস শুরু হয়, আমি নিজে গিয়েছিলাম সেখানে ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলেছি, তাদের অভিভাবকদের সঙ্গে কথা বলেছি, ওরা খুব খুশি। কারণ এই ছাত্রছাত্রীরা আমাদের পশ্চিমবাংলায় সুযোগ না পেলে তাদের সুদুর কর্ণাটক, নাহলে অন্ধ্র, নাহলে মহারাষ্ট্র, না হয় তামিলনাড়ুতে যেতে হত। কেননা আমাদের তুলনায় সেসব জায়গায় ইঞ্জিনিয়ারিং বা কারিগরি পড়াবার প্রতিষ্ঠানের সংখ্যা একটু বেশি। সেই জন্য বলেছি, পশ্চিমবাংলা কখনও পিছিয়ে থাকতে পারে না। আমরা কৃষিতে এগিয়ে চলেছি, শিল্পে

এগিয়ে চলেছি এবং শিক্ষা বিশেষ করে উচ্চ-শিক্ষার ক্ষেত্রে, ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি ইত্যাদি যে সমস্ত বিষয়গুলো আছে, বিজ্ঞানের যে সমস্ত বিষয়গুলো আছে—সব ব্যাপারেই আমাদের এগিয়ে যেতে হবে। এ বিষয়ে আমাদের সঙ্গে কথা হয়েছে। তারা গতবার ৩০ করে এক-একটা ডিসিপ্লিনে নিয়েছিলেন এবারে ৪০ করে নেবেন। গত ২ বছরে আমাদের পশ্চিমবাংলায় পৌনে ৪০০ আসন বেড়েছে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় ভর্তি হওয়ার ক্ষেত্রে। এটা না করা হলে একটা বড় অংশ বাংলার বাইরে চলে যেত। আমরা আরও ইঞ্জিনিয়ারিং কলেজ করার পরিকল্পনা করেছি। কারণ হচ্ছে ৪০-৪৫ হাজার ছেলেমেয়ে মেডিকেল, ইঞ্জিনিয়ারিং পরীক্ষা দেন। কিন্তু ইঞ্জিনিয়ারিং-এ সুযোগ করে দিতে পারি মাত্র ২২০০ মতো, বাকিদের করা সম্ভব হয় না। সুতরাং, আমাদের এই সুযোগ আরও বাড়াতে হবে। কিন্তু কর্ণাটক, মহারাষ্ট্রের মতো ব্যবসায়িক ভিত্তিতে আমরা করতে চাই না। আমরা চাই ভাল ইঞ্জিনিয়ারিং কলেজ। ওরা ক্যাপিটেশন ফি লক্ষ লক্ষ টাকা নিয়েছেন। কিন্তু আমরা এটা করতে চাই না। তার কারণ হচ্ছে, বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতির একটা বড় উদ্দেশ্য হল যে, শুধু টাকার জোরে নয়, যাদের মেধা আছে উচ্চ-শিক্ষার সুযোগ তারাও পাবে এবং শিক্ষাকে যতটা সম্ভব সহজলভ্য করা হবে। অভিভাবকদের উপর অতিরিক্ত বোঝা চাপালে তারা সেটা বহন করবেন না, সেটা নয়, তবে অতিরিক্ত বোঝা চাপিয়ে দেওয়া চলবে না। আগামীদিনে আমরা কয়েকটা ইঞ্জিনিয়ারিং কলেজ করব। এবিষয়ে আমাদের সঙ্গে কথা বার্তা চলছে। বাঁকুড়ায় একটা ইঞ্জিনিয়ারিং কলেজ করা হবে। বর্ধমানের আসানসোলের কাছে আরেকটা ইঞ্জিনিয়ারিং কলেজ করা হবে। মাননীয় সদস্য জয়ন্তবাবু উত্তরবাংলার শিলিগুড়িতে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ করার কথা বলেছেন। এব্যাপারে একটা প্রতিষ্ঠানের সঙ্গে কথা বলেছি। মূলত সব বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং ফ্যাকালটি তৈরি হয়ে গেল। বর্ধমানের আর ই কলেজে আছে। কল্যাণীতে আগে ছিল না। কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজ করার পর ইঞ্জিনিয়ারিং ফ্যাকালটি তৈরি হয়ে গেল। বিদ্যাসাগরে হলদিয়া হওয়ার পরে এটা হল। যাদবপুর নিজেই একটা ইউনিভার্সিটি এবং কলকাতাতে তো আছেই। আপনারা জানেন, বামফ্রন্ট আসার পরে আমরা ৯০টার বেশি কলেজ করেছি বিভিন্ন জায়গায়। উত্তরবঙ্গে এবং দক্ষিণবঙ্গে অনেকগুলো কলেজ করেছি। আমাদের লক্ষ্য হচ্ছে উন্নয়ন। উন্নয়ন বলতে আমরা বুঝি সামগ্রিক ভাবে, সব অংশের মানুষের শিক্ষা। উচ্চ শিক্ষার ক্ষেত্রে জেলার ছেলে-মেয়েরা যাতে আরও সুযোগ-সুবিধা পেতে পারে সেজন্য আমরা চেষ্টা করছি। উত্তরবঙ্গে যেমন নতুন বিষয়ে কলেজগুলোকে পড়াবার সুযোগ দেওয়া হয়েছে, নতুন কলেজ খোলার হয়েছে তেমনি কারিগরি এবং অন্যান্য বিষয় উত্তরবঙ্গে ছড়িয়ে দিতে চাই। জলপাইগুড়িতে একটা সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ আছে। মাঝে মাঝে আমরা সমস্যায় পড়ি। উচ্চ শিক্ষিত হওয়ার পরে অনেকে দূরে যেতে চান না, থাকতে চান না। আমরা এবিষয়ে প্রায় একটা উদ্যোগ নিয়েছি যাতে এই অসুবিধা দূর করা যায়। আপনারা জানেন, একটা সাধারণ কলেজের থেকে ইঞ্জিনিয়ারিং কলেজ করতে অনেক বেশি টাকা খরচ হয়।

[2-50 — 2-57 p.m.]

ওয়ার্কশপ, ল্যাবরেটরি ইত্যাদি অনেক বিষয় আছে এগুলি অনেক খরচের ব্যাপার। শুনে আপনারা আনন্দিত হবেন বিশেষ করে যারা মেদিনীপুরের তারা হয়তো খুশি হবেন আমার কাছে আরেকটা প্রস্তাব এসেছে কোলাঘাটে আরেকটা ইঞ্জিনিয়ারিং কলেজ করার জন্য,

আমার বিভাগ এটা পরীক্ষা করে দেখছে। আমার ধারণা আমরা আরও করতে পারব। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সব থেকে বেশি জোর দিয়েছি বিজ্ঞান ও আধুনিক বিষয়গুলি পড়ার উপর, যাতে শিক্ষাটা অর্থবহ হয়। আমাদের ছেলেমেয়েরা অনেক বিষয় নিয়ে লেখাপড়া করে কিন্তু তারা যাতে বেকার না থাকে সেটাও দেখতে হবে, এই জন্যই আমরা ধীরে ধীরে পরিবর্তন আনছি। আগামী দিনে আরও কিছু নতুন ধরনের ইঞ্জিনিয়ারিং কলেজ এবং অন্যান্য বিষয় শুরু করা হবে শুধু তাই নয়, যে সব ইঞ্জিনিয়ারিং কলেজ আছে তাদের আসন সংখ্যাও বেড়েছে, টেকনিক্যাল কলেজ, বি ই কলেজের, আসন সংখ্যা বাড়াতে প্রিন্সিপ্যাল, ভাইস চ্যান্সেলরের সঙ্গে মিটিং করেছি। যেটাকে আমরা বলি এগজিস্টিং ফেসিলিটিজ, তার পূর্ণ সদ্ব্যবহার আর নতুন নতুন সুযোগ করে দেওয়া এ দিকে আমরা এগিয়ে যাচ্ছি। নতুন আর পুরানো কলেজ মিলে আমরা ৪০০-র কাছাকাছি আসন বাড়াতে পেরেছি। সেই সঙ্গে সঙ্গে আপনারা জানেন যে শিল্পের সঙ্গে সামঞ্জস্য রেখে নতুন নতুন বিষয়ে যেমন হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স হওয়ায় আমরা সেখানে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং কলেজ খুলব। যেখানে যে রকম চাহিদা হবে সেই অনুসারে আমরা বিষয় ঠিক করব। আমাদের পশ্চিমবাংলায় শিক্ষার মান খুব উন্নত। আমাদের ছেলেমেয়েরা যারা এখান থেকে ইঞ্জিনিয়ারিং পাশ করে যায়, তারা কিন্তু সব জায়গায় প্রতিযোগিতায় অন্যদের থেকে আগে থাকে। তার একটা বড় কারণ হল আমাদের এখানে বিশ্ববিদ্যালয় তার মানকে নিয়ন্ত্রণ করে। এবং অন্যান্য জায়গায় এটা যেমন ব্যবসায়িক ভিত্তিতে হয় আমাদের এখানে কিন্তু তা হয় না। আপনারা জানেন হলদিয়ায় যে ইঞ্জিনিয়ারিং কলেজ হবে সেখানে গভর্নিং বডিতে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা আছেন, সরকারের প্রতিনিধিরা আছেন, বিজ্ঞানের এবং প্রযুক্তির সঙ্গে যুক্ত ব্যক্তিরা আছেন। এইভাবে গভর্নিং বডিগুলি করা হয়েছে। সেদিক থেকে আমাদের রাজ্যে গত ৩,৪ বছর ধরে আপনারা লক্ষ্য করেছেন যে একটা পরিবর্তন হচ্ছে। যেমন বিজ্ঞান বিষয় পড়াবার সুযোগ দেওয়া এবং অন্যান্য নতুন নতুন বিষয় যেগুলিকে আমরা বলি ভোকেশনাল কোর্স সেগুলি ইন্ট্রোডিউস করছি। ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে আসন সংখ্যা বাড়ানো হচ্ছে। এইভাবে পশ্চিমাবংলায় যে অগ্রগতি তার সাথে উচ্চশিক্ষাকে সামঞ্জস্যপূর্ণ করে তোলার দিকেও আমরা লক্ষ্য রাখছি। আমার ভাল লাগল যে আপনারা সকলে এটাকে সমর্থন করেছেন। আমি মেদিনীপুরের মাননীয় সদস্যদের বলেছিলাম যে আপনাদের জেলাতে কিছু হবে। আমি এটা করতে পেরেছি এবং আরেকটা কলেজ করার সম্পর্কে কথাবার্তা চলছে। বাঁকুড়াতে, আসানসোলে, অনেকটা পরিমাণে কাজ এগিয়েছে জয়ন্তবাবুকে বলছি বহরমপুরেও একটা করা যায় কি না, সে ব্যাপারে কিছু দিন আগে আমি গিয়েছিলাম, আলোচনা করে এসেছি। আমি চাইছি পশ্চিমবাংলার বড় জেলাগুলিতে একটা আধটা করে গড়ে উঠুক। সুতরাং বহরমপুরে করা যায় কিনা তা নিয়ে কিছু প্রাথমিক আলোচনা হয়েছে। তবে এখনই নিশ্চিত করে বলা যাবে না। কারণ বিষয়টা অনেক ব্যয়সাপেক্ষ। কিন্তু আমি নিজে গিয়ে আলোচনা করেছি, সম্ভাবনাগুলো খতিয়ে দেখার চেষ্টা করেছি। মাননীয় সদস্যরা যেটা দাবি করেছেন সেটার সম্বন্ধে আমি প্রতিশ্রুতি দিতে পারি যে, পশ্চিমবাংলায় উচ্চ শিক্ষার ক্ষেত্রে কোনও রিজিয়ন যাতে বঞ্চিত না হয়— ব্যালান্স ডেভেলপমেন্ট যাকে আমরা বলি,—সুযোগ যাতে প্রতিটি জায়গা পায় সেদিকে লক্ষ্য রেখে আমরা ধীরে ধীরে এগুচ্ছি। যে সমস্ত মাননীয় সদস্যরা এই বিলের আলোচনায় অংশগ্রহণ করলেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Satyasadhan Chakraborty that the Vidyasagar University (Amendment) Bill, 1997 be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 to 8 and Preamble

The question that the clauses 1 to 8 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shi Satyasadhan Chakraborty :** Sir, I beg to move that the Vidyasagar University (Amendment) Bill, 1997 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

At this stage, the Hosue was then adjourned at 2-57 p.m. till 11-00 a.m. on Wednesday, the 11th June 1997, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 11th June, 1997 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 6 Ministers of State and 149 Members.

### Held over starred Questions (to which oral Answers were given)

[11-00—11-10 a.m.]

**মিঃ স্পিকার ঃ** এটা পরে নিচ্ছি। মন্ত্রী মহাশয় এইমাত্র এলেন। উনি বললেন, পরে উত্তর দেবেন।

### আদাবী সোসাইটি হাই মাদ্রাসায় প্রধান শিক্ষকের শূন্যপদ

***১৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৪) **শ্রী জ্যোতি চৌধুরি ও শ্রী আব্দুল মান্নান ঃ** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার চাঁপদানী পুর এলাকায় আদাবী সোসাইটি হাই মাদ্রাসায় প্রধান শিক্ষকের পদটি কত দিন যাবত শূন্য আছে,

(খ) উক্ত পদটি পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, এবং

(গ) উক্ত পদটি তফসিলি জাতির জন্য সংরক্ষিত আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) উক্ত মাদ্রাসার প্রধান শিক্ষকের পদটি ১.৮.৯৪ তারিখ থেকে শূন্য আছে।

(খ) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক) হুগলির পত্র নং ২৯৬। তাং ১৯.১.৯৬-এ বিদ্যালয় কর্তৃপক্ষকে উক্ত পদ পূরণের জন্য যথাযথ অনুমতি প্রদান করা হয়েছে।

(গ) হ্যাঁ।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, মাদ্রাসার প্রধান শিক্ষকের

পদটি শিডিউল কাস্ট-এর জন্য রিজাভর্ড অর্থাৎ রিজাভর্ড ফর শিডিউল কাস্ট ক্যানডিডেট। এটা কি সত্যি—ঐ মাদ্রাসাটা উর্দু মিডিয়াম মাদ্রাসা এবং মুসলিম অধ্যুসিত ছাত্রছাত্রীদের জন্য?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** হ্যাঁ তফসিলি জাতির জন্য সংরক্ষিত। ১৯৭৬ সালের তফসিলি জাতি আদিবাসী পদ সংরক্ষণ আইনের দ্বারা পরিচালিত। সেইজন্য তফসিলি জাতির জন্য প্রধান শিক্ষকের পদটি সংরক্ষিত হয়। পরে বিদ্যালয়ের পক্ষ থেকে প্রস্তাব নেওয়া হয় অসংরক্ষিত করার জন্য অর্থাৎ সাধারণ করার জন্য। এরজন্য জেলা শাসকের কাছে পাঠানো হয়। প্রধানত মন্ত্রিসভাই সংরক্ষিত পদ সাধারণ পদ হিসাবে ঘোষণা করতে পারেন। জেলা শাসক তফসিলি কল্যাণ দপ্তরের কাছে পাঠায়, তপসিলি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে মন্ত্রিসভার কাছে আসলে তবেই বিষয়টি বিবেচনা করা হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি উত্তরটা ঠিক পেলাম না। এটা উর্দু মিডিয়াম স্কুল কি না? উর্দু মিডিয়াম স্কুলের প্রধান শিক্ষকের পদটি আপনি রিজাভর্ড করে দিলেন। ১৯৯৪ সাল থেকে পদটি শূন্য হয়ে পড়ে আছে। সাধারণত আমাদের রাজ্যে যারা মুসলমান তারাই উর্দু ভাষা শেখেন এবং তারাই পড়েন। আপনি সেই উর্দু ভাষা স্কুলের হেড মাস্টারের পদটি শিডিউল কাস্ট-এর জন্য রিজার্ভড করে দিলেন। এখন সেই শিডিউল কাস্ট ক্যানডিডেট পাওয়া যাচ্ছে না, ১৯৯৪ সাল থেকে পদটি খালি পড়ে আছে। আপনি কি গ্রাউন্ডে হেড মাস্টারের পদটি রিজার্ভড করলেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, আপনি তখন বিধানসভার সদস্য ছিলেন। ১৯৭৬ সালের আগস্ট মাসে এই আইন আপনারাই পাস করেন। তখন আপনারাই সরকারে ছিলেন। সেই আইনে বলা আছে, যে প্রতিষ্ঠান সরকারি সাহায্যপ্রাপ্ত হবে সেই প্রতিষ্ঠানে এই আইন প্রযোজ্য হবে। আমরা নতুন কিছু করিনি। এটাকে বাস্তবায়িত করার চেষ্টা করছি। বিশেষ বিশেষ ক্ষেত্রে যদি অসুবিধা হয়, তখন জেলা শাসকের কাছ থেকে প্রস্তাব আসলে আমরা সাধারণ পদ হিসাবে ঘোষণা করি। বিশেষ বিশেষ ক্ষেত্রে যদি এইরকম প্রস্তাব মন্ত্রিসভার কাছে আসে নিশ্চয়ই সেটা আমরা বিবেচনা করব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এটা অমানবিক সিদ্ধান্ত। আমি আবার বলছি, মাননীয় স্পিকার মহাশয় আপনি জানেন, উর্দুভাষা হচ্ছে আপনার ফার্স্ট ল্যাঙ্গুয়েজ। উর্দুভাষা সাধারণ মুসলমানরাই ব্যবহার করেন। উর্দুভাষা জানা লোক তফসিলি সম্প্রদায়ের মধ্যে নেই। মুসলমানদের মধ্যেও শিডিউল কাস্ট নেই।

ও. বি. সি. এখন কিছু কিছু হচ্ছে। এ ক্ষেত্রে ঐ পদটি যাতে জেনারেল ক্যাটাগরিতে আসে, যেটার ব্যাপারে আপনি বলছিলেন যে মন্ত্রিসভার সিদ্ধান্ত দরকার, ১৯৯৪ থেকে ১৯৯৭—তিন বছর হয়ে গেল একটা স্কুলে হেড মাস্টার নেই, এটা যাতে জেনারেল ক্যাটাগরিতে আসে তারজন্য অবিলম্বে সিদ্ধান্ত গ্রহণ করবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি আগেই বলেছি যে, যে পদ্ধতিতে আসা দরকার সেই পদ্ধতিতে আসলে নিশ্চয় মন্ত্রিসভা সেটা বিবেচনা করবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** পশ্চিমবঙ্গে কেবল এই একটি মাত্র মাদ্রাসা নয়, বহু হায়ার সেকেন্ডারি স্কুলে হেড অব দি ইন্সটিটিউশনের ক্ষেত্রে এই অবস্থা রয়েছে সেটা মন্ত্রী মহাশয় জানেন। এই রকমভাবে হানড্রেড পয়েন্ট রোস্টার অনুসারে যে রিজারভেশন হয়েছে তার বিরুদ্ধে হাইকোর্ট থেকে অর্ডার দেওয়া হয়েছে। স্পেসিফিকভাবে অর্ডার দেওয়া হয়েছে হেড অব দি ইন্সটিটিউশনকে আলাদাভাবে পদ ধরে তারজন্য আলাদা রোস্টার থাকা সত্ত্বেও এবং এ ক্ষেত্রে হাইকোর্টের অর্ডার থাকা সত্ত্বেও তা না মেনে সেটা রিজারভেশনের রোস্টারের মধ্যে রেখে দেওয়া হচ্ছে। এই ব্যাপারটি আপনি বিশেষভাবে দেখবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এখানে আইনগত একটা বিষয় আছে। একাধিক আদেশ আছে। তফসিল জাতি এবং আদিবাসী বিভাগের পক্ষ থেকে বলা হচ্ছে যে এটা কোনও পোস্টকে রিজার্ভ করা হয় না, এই আইনে ভেকেন্সীকে রিজার্ভ করা হয়। হাইকোর্ট যে আদেশটা দিয়েছেন যে পোস্টকে রিজার্ভ করা তার বিরুদ্ধে সরকার পক্ষ থেকে বলা হয়েছে যে আমরা কোনও পোস্টকে রিজার্ভ করিনি। একটা হেড মাস্টারের পোস্ট রিজার্ভ নয়। কিন্তু যদি নাকি একটা পার্টিকুলার ভেকেন্সী, থার্ড ভেকেন্সী হয় তাহলে সেটা রিজার্ভ হবে, আবার তার পরের ভেকেন্সীটা রিজার্ভ হবে না। সেইজন্য হাইকোর্টের অর্ডার হচ্ছে সিঙ্গল পোস্টকে রিজার্ভ করা যাবে না, আর সরকারের বক্তব্য হচ্ছে, আমরা কোনও পোস্টকে রিজার্ভ করিনি, আমরা ভেকেন্সীকে রিজার্ভ করছি। হাইকোর্টের অর্ডারকে আমরা অমান্য করছি না। এখানে ব্যাখ্যাগত ব্যাপারে কিছুটা জটিলতা আছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** নন-টিচিং স্টাফদের জন্য আলাদা রোস্টার। সেখানে হাইকোর্ট বলছে যে হেড অব দি ইন্সটিটিউশন—দ্যাট শুড বি এ সেপারেট রোস্টার। এটা তো আলাদা। সিঙ্গল ভেকেন্সী ধরে নিয়ে সেই অনুসারে রোস্টার করতে হবে এবং মেন্টেন করতে হবে। হাইকোর্টের স্পেসিফিক অর্ডার আছে। তা সত্ত্বেও আপনার ডিপার্টমেন্ট এটাকে ব্যাখ্যা বা অপব্যাখ্যা যাই বলুন না কেন তা করে নিয়ে এটা করছে। হেড অব দি ইন্সটিটিউশনের ক্ষেত্রে বহু জায়গায় এই রকম ভেকেন্সী হয়ে পড়ে থাকছে। যে ব্যাখ্যা আপনি চাইছেন তা করে-নিয়ে ভেকেন্সিগুলি অবিলম্বে পূরণ করবার ব্যবস্থা করবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এ বিষয়ে ব্যাখ্যা দেবে মূলত তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগ। এতদসত্ত্বেও যদি নাকি কোনও জায়গা থেকে আমাদের কাছে প্রস্তাব আসে যে একটা পদ দীর্ঘদিন ধরে খালি পড়ে থাকছে, পূরণ করা যাচ্ছে না তাহলে সে ক্ষেত্রে আমি যেটা আগে বললাম—মন্ত্রিসভার সামনে সেই প্রস্তাব আসলে মন্ত্রিসভা সহানুভূতির সঙ্গে তা বিবেচনা করেন এবং কোনও কোনও ক্ষেত্রে সংরক্ষিত পদকে সাধারণ পদ হিসাবে ঘোষণা করা হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** রিজারভেশনের ব্যাপারটা যখন স্ট্রিক্টলি ফলো করা হচ্ছিল না সেই সময় এক্সচেঞ্জ থেকে নাম না পাওয়া গেলে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবসদের ক্ষেত্রে বিজ্ঞাপন দেওয়া হত এবং বিজ্ঞাপনের মাধ্যমে চেষ্টা চলত। এ ছাড়া শিক্ষা ভবন থেকে ডি. আই. রা করে দিতেন যে সেই পোস্ট-এ ক্যানডিডেট পাওয়া না গেলে সেটাকে জেনারেল করে দিয়ে পরের পোস্টটাকে রিজার্ভ করে দিতেন। এই ধরণের একটা নিয়ম করলে স্কুলগুলিতে -বাস্তবিকই প্রচন্ড সমস্যা হচ্ছে বিশেষ করে ট্রাইবাল যেখানে চাওয়া হচ্ছে। আমার এলাকায় দেখেছি এ নিয়ে প্রচন্ড সমস্যা হচ্ছে। বছরের পর বছর পোস্টগুলি পড়ে থাকছে, শ্যাংসন্ড পোস্ট কিন্তু টিচার দেওয়া যাচ্ছে না। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু চিন্তাভাবনা করছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় সদস্য শ্রী জয়ন্ত বিশ্বাস যথার্থ কথাই বলেছেন। যদি কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকে নাম না আসে তাহলে আমরা বিজ্ঞাপন দেবার অনুমতি দিই। অনেক সময় দেখা যায় যে বিজ্ঞাপন দেবার পরও নাম আসে না। এটা দুর্ভাগ্যের বিষয় হলেও সত্য ঘটনা যে এতদিন পরেও তফসিল জাতি বিশেষ করে আদিবাসীদের মধ্যে থেকে উপযুক্ত প্রার্থী পাওয়া যায় না। এটা আমাদের সমাজ ব্যবস্থার মধ্যে একটা কটাক্ষ মাত্র যে এতদিন পরেও তফসিলি জাতি এবং আদিবাসীদের মধ্যে সেইভাবে আমরা উপযুক্ত শিক্ষিত লোক তৈরি করতে পারিনি। এটা ভারতীয় সমাজ ব্যবস্থার চরম ব্যর্থতা। দ্বিতীয়ত যে কথাটি বলতে চাই, অনেক ক্ষেত্রে দেখা যায়, আপনি জানেন যেহেতু আপনি মাধ্যমিক শিক্ষার সঙ্গে যুক্ত, একটা বিদ্যালয়ে যদি দুটি পোস্ট ভেকেন্ট হয় তাহলে কখনও কখনও পরিচালকমন্ডলি বাংলার পোস্টটাকে রিজার্ভ না করে হয়ত পদার্থবিদ্যা অথবা রসায়ন বিদ্যার পোস্টটাকে রিজার্ভ করে দেন যাতে আদিবাসী বা তফসিলি প্রার্থী পাওয়া না যায়। এই ধরনের ব্যাপারও হয়। এ সত্ত্বেও যদি নাকি প্রার্থী পাওয়া না যায় তাহলে পরে সেই ক্ষেত্রে আমরা মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুসারে সেটাকে সাধারণ করি। একটা বিষয় আপনি বলতে পারেন যে মন্ত্রী সভায় ব্যাপারটা আনছেন কেন? আগে তো মন্ত্রিসভা পর্যন্ত আসত না। দায়িত্বটা জেলা শাসকের উপর অর্পিত ছিল। দীর্ঘদিনের অভিজ্ঞতায় দেখা গেছে যে, জেলা শাসকের পক্ষে সে ব্যাপারে

[11-10—11-20 p.m.]

নজর দেওয়া সম্ভব হয়নি। তারজন্য অনেক সংরক্ষিত পদকে সাধারণ পদ হিসাবে ঘোষণা করা হয়। এস. সি., এস. টিস বিভাগ থেকে তখন এই ধরনের প্রস্তাব আসায় আমরা সিদ্ধান্ত নিতে বাধ্য হই যে, জেলা শাসকের হাতে ক্ষমতাটা আর থাকবে না, কোনও সংরক্ষিত পদকে যদি সাধারণ পদ হিসাবে ঘোষণা করতে হয় তাহলে মন্ত্রিসভাই সে ব্যাপারে সিদ্ধান্ত নেবে। তারপর থেকে মন্ত্রী সভা এরকম কোনও প্রস্তাব এলে দ্রুত সিদ্ধান্ত নিচ্ছে। তা সত্ত্বেও অনেক পদ শূন্য থেকে যাচ্ছে। তারজন্য বলছি, যত দ্রুত এরকম ঘটনা মন্ত্রিসভার নজরে আনা হবে, সঙ্গে সঙ্গে সেই সংরক্ষিত পদকে সাধারণ পদ হিসাবে ঘোষণা করব আমরা।

**শ্রী রবীন মুখার্জি :** আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, হুগলি জেলাতে নতুন কোনও মাদ্রাসা স্কুল স্থাপনের প্রস্তাব রাজ্য সরকার নিয়েছেন কিনা ; নিয়ে থাকলে কতদিনের মধ্যে সেই মাদ্রাসা স্কুলের অনুমোদন দেওয়া হবে?

**শ্রী কান্তি বিশ্বাস :** আলাদাভাবে প্রশ্ন করবেন, উত্তর দেব।

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে সোজাসুজি উত্তর চাইছি, কারণ উনি ঘুরিয়ে বলছেন। এই যে সমস্যা সৃষ্টি হয়েছে প্রধান শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে, সেই সমস্যা কাটাবার জন্য নিজেরা উদ্যোগী হয়ে মন্ত্রিসভার কাছে প্রস্তাব আনবেন কিনা এবং সেটা কতদিনের মধ্যে আনবেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** আগেই বলেছি, আপনিও জানেন, এক্ষেত্রে সমস্যা আছে। যদি আমাদের কাছে কোনও সংরক্ষিত প্রধান শিক্ষকের পদকে সাধারণ পদ করবার প্রস্তাব আসে তাহলে মন্ত্রিসভা একটা প্রস্তাবও খারিজ করে না। এই ধরনের প্রস্তাব যা মন্ত্রিসভার কাছে এসেছে, সঙ্গে সঙ্গে মন্ত্রিসভা সম্মতি দিয়েছে। এই ধরনের প্রস্তাব যা আসবে, আমরা সম্মতি দেব। তবে সুনির্দিষ্টভাবে কোনও স্কুলের পক্ষ থেকে প্রস্তাবটা আসতে হবে, সাধারণভাবে নয়।

**শ্রী হাফিজ আলম সৈরানী :** এই যে সমস্যা উর্দু মিডিয়াম এবং হিন্দি মিডিয়াম স্কুলের—তফসিলি এবং আদিবাসীদের জন্য সংরক্ষিত পদে শিক্ষক পাওয়া যাচ্ছে না—তারজন্য অনেক দিন ধরে ঐ পদগুলি শূন্য অবস্থায় পড়ে থাকছে। আপনি বলছিলেন সুনির্দিষ্টভাবে মন্ত্রিসভার কাছে কোনও প্রস্তাব এলে সেটা বিবেচনা করা হবে। কিন্তু বামফ্রন্ট সরকার ক্ষমতা বিকেন্দ্রীকরণে বিশ্বাস করে। সেজন্য এরকম একটা ব্যাপারকে ক্যাবিনেট পর্যায়ে প্রস্তাব আসার পর সিদ্ধান্ত নেওয়া হবে না করে ক্ষমতাটা ডি. আই.-এর হাতে তুলে দেবার কথা চিন্তা-ভাবনা করবেন কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** আগেই বলেছি যে, জেলাস্তরে ক্ষমতাটা দেওয়া ছিল। কিন্তু অভিজ্ঞতাটা বড়ই তিক্ত। তারজন্য বাধ্য হয়ে অনিচ্ছা সত্ত্বেও বিষয়টা মন্ত্রিসভা হাতে নিয়েছে। যদি পরে অবস্থার পরিবর্তন হয় তাহলে মন্ত্রী সভার সিদ্ধান্তও পরিবর্তন হতে পারে।

## আধুনিক ভারতীয় ভাষার উন্নয়ন

***১৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী আবু আয়েশ মন্ডল :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আধুনিক ভারতীয় ভাষার উন্নতিকল্পে রাজ্যে কয়েকটি সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান নিয়োজিত আছে,

(খ) সত্যি হলে, মোট কয়টি প্রতিষ্ঠান এবং তাদের নাম কি কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকারের অধীনস্থ নিয়োজিত প্রতিষ্ঠানের সংখ্যা ৪ (চার), যথা—পশ্চিমবঙ্গ উর্দু আকাডেমী (অধুনা সংখ্যালঘু কল্যাণ ও উন্নয়ন বিভাগের অধীনস্থ), পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমী (তথ্য ও সংস্কৃতি বিভাগের প্রশাসনিক তত্ত্বাবধানাধীন), পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ এবং পশ্চিমবঙ্গ হিন্দি আকাদেমী (উভয়েই উচ্চশিক্ষা বিভাগের প্রশাসনিক তত্ত্বাবধানাধীন)।

যেহেতু বেসরকারি পর্যায়ে এই উদ্দেশ্যে বহুসংখ্যক সংস্থা নিয়োজিত আছে আর সঠিক সংখ্যা এবং নাম নিরূপণ করা যায়নি।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ভারতীয় ভাষা উন্নতিকল্পে ৪টি সরকারি সংস্থা নিয়োজিত আছে। আমি জানতে চাই এই সংস্থাগুলি কখন থেকে ভাষা উন্নতিকল্পের কাজ শুরু করেছে? এখন পর্যন্ত কি উল্লেখযোগ্য সাফল্য অর্জন করতে পেরেছে দয়া করে জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তি :** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, আগেই বলেছি এর ভেতর উচ্চ শিক্ষা দপ্তরের অধিনস্থ শুধু দুটি সংস্থা আছে। একটা হল রাজ্য পুস্তক পর্ষদ এবং আর একটি হল হিন্দি এ্যাকাডেমি। রাজ্য পুস্তক পর্ষদ, অনেক দিন আগে থেকে, ৭০ দশক থেকে সিদ্ধান্ত নেওয়া হয় যে বাংলা ভাষায় বিশ্ববিদ্যালয় স্তরে পুস্তক রচনা করবে। তার কারণ অধিকাংশ পুস্তক হচ্ছে ইংরাজি ভাষায় বাজারে চালু ছিল। বাংলা ভাষায় বেশি বই পাওয়া যেত না। ৭০-এর দশক থেকে রাজ্য পুস্তক পর্ষদ কাজ শুরু করেছে এবং তারা বহু বিষয়ে এমন কি কারিগরি বিষয়ে কিছু কিছু বই বাংলাতে প্রকাশ করেছে। তা ছাড়া বাংলাতে একটা অভিধান তারা সংকলন করেছে। সেই দিক থেকে পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ বাংলা ভাষায় উন্নতির প্রসার বিশেষ করে উচ্চ শিক্ষার ক্ষেত্রে কাজ করে চলেছে। আমাদের হিন্দি অ্যাকাডেমি কাজ শুরু করেছে ৭০ দশক থেকে এবং তারা প্রতি বছর রাহুল এবং প্রেমচন্দ্র পুরস্কার দিয়ে হিন্দি ভাষার লেখকদের পুরস্কৃত করছে। সুনীতি চট্টোপাধ্যায়ের লেখা হিন্দি ভাষায় অনুবাদ করে। বিদ্যাসাগরের রচনার হিন্দিতে অনুবাদ করেছে এবং সেটা প্রকাশের অপেক্ষায় আছে। আমরা উদ্যোগ নিয়েছি যাতে এটা তাড়াতাড়ি প্রকাশ করা যায়। এ ছাড়াও কিছু কিছু অভিধান রচনার জন্য রাজ্য পুস্তক পর্ষদ পদক্ষেপ নিয়েছে। হিন্দি অ্যাকাডেমিকে আরও জোরদার করা হয়েছে। এখানে সর্বক্ষণের জন্য একজন সেক্রেটারি নিয়োগ করা হয়েছে এবং তাদের বাজেট বরাদ্দ আরও বাড়িয়ে দেওয়া হয়েছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আপনি বললেন যে উচ্চ শিক্ষা দপ্তরের অধীনে রাজ্য পুস্তক পর্ষদ এবং হিন্দি অ্যাকাডেমি ৭০ দশক থেকে কাজ চালিয়ে যাচ্ছে। আপনি বললেন যে

রাজ্য পুস্তক পর্ষদ ইংরাজি থেকে বাংলা ভাষায় অনুবাদ করে অনেক পাঠ্য পুস্তক রচনা করে উল্লেখযোগ্য সাফল্যের দিকে এগিয়ে যাচ্ছে। আমি জানতে চাই এই রাজ্য পুস্তক পর্ষদের মধ্যে যে সমস্ত সাহিত্যিক এবং ভাষাবিদ আছেন তাঁরা অনেকে খুব দুঃস্থ অবস্থায় আছেন, তাঁদের আর্থিক সাহায্য করার জন্য এই বিভাগের কোনও পরিকল্পনা আছে কি না? যদি পরিকল্পনা থাকে তাহলে সেটা কি এবং তার দ্বারা কত জন দুঃস্থ সাহিত্যিককে সাহায্য করা হয়েছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তি ঃ** রাজ্য পুস্তক পর্ষদের দায়িত্ব হচ্ছে বিশ্ববিদ্যালয় স্তরে ছাত্র-ছাত্রীদের জন্য বাংলা ভাষায় পাঠ্য পুস্তক বা যে গুলিকে আমরা রেফারেন্স বুক বলি সেই গুলিকে প্রকাশ করা। দুঃস্থ সাহিত্যিক, লেখক এবং শিল্পীদের সাহায্য করার পরিকল্পনা রাজ্য সরকারের আছে। উচ্চ শিক্ষা দপ্তর এবং তথ্য সংস্কৃতি দপ্তর এঁদের সাহায্য করে থাকেন। এই সব দুঃস্থ শিল্পী সাহিত্যিকদের সাহায্য করার জন্য একটা কমিটি আছে, দরখাস্ত পাওয়ার ভিত্তিতে আমরা সাহায্য করে থাকি। বর্তমানে সর্ব্বনিম্ন ৫০০ টাকা থেকে ১০০০ টাকা পর্যন্ত।

[11-20—11-30 p.m.]

আমাদের সুপারিশে কেন্দ্রীয় সরকার তাদেরকে কিছু কিছু সাহায্য করেন। আমার দপ্তর থেকে যে সাহায্য করা হয় তার সংখ্যাটা এই মুহূর্তে আমার পক্ষে বলা সম্ভব নয়। তবে আপনি আলাদা করে জানতে চাইলে নিশ্চয়ই জানাব। তবে এটুকু বলতে চাই যে, আমাদের দপ্তরে যারা যারা সাহায্যের জন্য আবেদন করেছেন, আমরা নিজেরা সুপারিশ করেছি, যখন তদন্ত করে আমরা নিশ্চিত হয়েছি যে নিয়ম মেনে দেওয়া যায়। আমরা কাউকে বিমুখ করিনি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আধুনিক ভারতীয় ভাষা বলতে আপনি কোন কোন ভাষাকে বলছেন? এর মধ্যে সংস্কৃত ভাষাকে উন্নত করার জন্য রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তা খুবই গুরুত্বপূর্ণ। আধুনিক ভারতীয় ভাষা বলতে আমরা কি সংবিধান স্বীকৃত যে ভাষা সেগুলোকে বলব, এটা যেমন একটা প্রশ্ন, তেমনি আবার সংবিধানে স্বীকৃত নয়, কিন্তু আমাদের জনগণ-এর একটা অংশ যে ভাষায় কথা বলেন, তাকে ধরব? আমি মোটামুটিভাবে আমাদের অধীনস্থ যেগুলো আছে, সেগুলোকেই বলছি। সংস্কৃত ভাষাকে এর ভেতরে আমরা ধরিনা। যারজন্য আমার দপ্তরে সংস্কৃত ভাষার উন্নয়নের জন্য আলাদা কোনও সংস্থা নেই। তবে কেন্দ্রের সংস্থা আছে। তারা এই কাজগুলো করছে। ইদানিং আমাদের রাজ্যের একটি প্রতিষ্ঠানকে তারা স্বীকৃতিও দিয়েছে। তবে একটা কথা আমি মাননীয় সদস্যকে জানাতে চাই, ভাষাগুলোর উন্নয়ন বলতে আমরা যা বলি, এই অর্থে [illegible] ব্যাকরণ [illegible] পরিভাষা রচনা, সাহিত্য রচনা ইত্যাদি, এই

কাজগুলো আমাদের বিশ্ববিদ্যালয়গুলো করে থাকে। সেই ভাষাগুলো বিশ্ববিদ্যালয়ে পড়ানো হয়ে থাকে এবং বিশ্ববিদ্যালয়গুলো তাদের উন্নয়ন ও প্রসারে যত্নবান আছে। আমার দপ্তরে সংস্কৃত ভাষার উন্নয়নের জন্য আলাদা কিছু নেই। কিন্তু সংস্কৃত কলেজ এই বিষয়ে কিছু গবেষণা করেন, আর বিশ্ববিদ্যালয়গুলো করেন।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** মাননীয় স্পিকার মহাশয়ের মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, আপনারা জানেন, পশ্চিমবাংলায় বিরাট সংখ্যক মানুষ সাঁওতালি ভাষায় কথাবার্তা বলেন। পশ্চিমবাংলায় প্রাথমিকভাবে সাঁওতালি ভাষায় শিক্ষাদানের বিষয়টি অনুষ্ঠানিকভাবে স্বীকৃতি লাভ করেছে। এই প্রসঙ্গে বলতে চাই, পশ্চিমবাংলার জনদরদী সরকার সাঁওতালি ভাষার উন্নতির জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না, কোনও পরিকল্পনা আছে কি না? সাঁওতালি ভাষায় বহু কবি, সাহিত্যিক তাঁদের বহু মূল্যবান লেখা লিখেই চলেছেন। সাঁওতালি ভাষার উন্নতিকল্পে সরকারের তরফে কোনও 'সাঁওতালি সাহিত্য অ্যাকাডেমি' গঠন করার কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, এটি আমার বিভাগের মধ্যে পড়ে না। এরজন্য আলাদা দপ্তর আছে, আলাদা মন্ত্রীও আছেন। আপনি আলাদা করে তাঁকে যদি প্রশ্ন করেন তাহলে ভাল হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি জানতে চাইছি, রাজ্য পুস্তক পর্ষদ নতুন লেখকদের গবেষণা থেকে শুরু করে বই প্রকাশের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার আসার পর থেকে সাহায্য করছেন। টাকার অঙ্ক এত কম যে, যে পরিমাণে খরচ হয় সেই পরিমাণে কিন্তু পাওয়া যায় না। এরফলে নতুন লেখক বা নতুন গবেষকদের বই প্রকাশ করার ক্ষেত্রে অসুবিধার মধ্যে পড়তে হয়। আপনারা তো আবার কাউকেই বিমুখ করেন না। টাকার অঙ্ক এত কম যে প্রকাশ করাটাই খুব কষ্টসাধ্য হয়ে পড়েছে, এই বিষয়টা একটু বিবেচনা করবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে, রাজ্য পুস্তক পর্ষদের যে বাজেট সেটা কিন্তু প্রকাশ করার জন্য দেওয়া হয় আর শিল্পী, সাহিত্যিকদের যে সাম্মানিক দেওয়া হয় সেটা পেনশন বলে দেওয়া হয়, ফলে দুটোই আলাদা। কারুর সঙ্গে কারুর সম্পর্ক নেই। তবে টাকার জন্য কোনও পুস্তক প্রকাশের অসুবিধা হয়েছে এইরকম ঘটনা নেই। বরং আমাদের যে টাকা আছে তাতে উপযুক্ত মানের লেখা হলে পড়ে যে কোনও বই ছাপানো সম্ভব এবং আমরা তা ছাপাচ্ছিও। সেইদিক থেকে রাজ্য পুস্তক পর্ষদ কেন্দ্রীয় সরকারের কোনও অনুদান পায় না। সম্পূর্ণভাবে রাজ্য সরকারের উপর নির্ভরশীল। রাজ্য পুস্তক পর্ষদের অর্থের অভাব নেই। আমাদের শিল্পী এবং লেখকদের যে পেনশন দেওয়া হয় তার বাজেট আলাদা এবং তার সীমাবদ্ধতা আছে। কিন্তু তাসত্ত্বেও আমরা কাউকেই বিমুখ করি না। মাননীয় সদস্যর যদি কেউ এইরকম জানাশুনো থাকেন যিনি বই ছাপাচ্ছেন

বা প্রকাশ করতে চান, তার নাম আমাদের কাছে পাঠাবেন, আমাদের নিয়মের মধ্যে হলে পড়ে আমরা ব্যবস্থা নেব।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় মন্ত্রী কিছুক্ষণ আগে এক সদস্যর প্রশ্নোত্তরে জানিয়েছেন যে, সংস্কৃতর উপরে জোর দিতে পারেননি এবং এই কাজগুলো ভারত সরকার করে অথবা সংস্কৃত কলেজ এই কাজগুলো করে থাকে। আমরা যারা সাহিত্য সম্পর্কে ন্যূনতম ধ্যান-ধারণা আছে, তাতে বলতে পারি যে, বাংলা সাহিত্য নিয়ে গবেষণা করতে গেলে সংস্কৃতের ব্যবহার অপরিহার্য। সেখানে আপনারা সংস্কৃত ভাষাটিকে ডেড ল্যাঙ্গুয়েজ বলে মনে করছেন। অথবা সংস্কৃত ভাষা প্রকাশের ক্ষেত্রে একটা অনীহা প্রকাশ করছেন যার ফলে সংস্কৃতের উপর জোর দিতে চাইছেন না। অথচ অন্যান্য রাজ্যে এই ভাষার উপরে বেশ গুরুত্ব দিয়েছে। সেই হিসাবে আমার প্রশ্ন, সংস্কৃত ভাষা প্রচারের জন্য প্রকাশের ক্ষেত্রে আপনাদের অনীহার কারণ কী জানাবেন দয়া করে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই যে, সংস্কৃত অতি প্রাচীন ভাষা এবং এই ভাষার জন্যে আমরাও গর্ব অনুভব করি। আমি নিজে ব্যক্তিগতভাবে এই ভাষার গুণগ্রাহী। আমরা সংস্কৃতর উপরে জোর দিতে চাই না একথা ঠিক নয়। আমরা সংস্কৃত কলেজকে ডিম ইউনিভার্সিটি করার জন্য কেন্দ্রের কাছে আবেদন করেছি। তাতে কেন্দ্র বলেছেন যে তাদের উপযুক্ত পরিকাঠামো না থাকার জন্যে অনুমোদন দেবে না। তখন আমরা কেন্দ্রের কাছে জানতে চেয়েছি কি কি হলে পরে তারা অনুমোদন করবেন সেটা জানান। সেটা ওরা আমাদের জানিয়েছে। আমরা ইতিমধ্যেই পি. এস. সিকে বলেছি যে, ওই কলেজের প্রফেসরের পোস্টগুলো ফিল আপের ব্যবস্থা করতে এবং রিক্রুটমেন্ট রুলস্ তৈরি করার কথা বলেছি। তাছাড়া পি এস সিকে রিক্রুটগুলো করে নিতে বলেছি। তাছাড়া অর্থের কথা যেটা বলেছেন সেটা যদি হত তাহলে তো আমরা বাজেটে বরাদ্দই করতাম না। আমরা বিশ্ববিদ্যালয়গুলোতে সংস্কৃত পড়াবার জন্যে টাকা বরাদ্দ করেছি এবং তার ব্যবস্থাও করা হয়েছে। এছাড়া কিছুদিন আগে কাগজে আপনি দেখেছেন যে, সংস্কৃত পন্ডিতদের সাম্মানিক দেওয়ার ব্যবস্থা করা হবে ঠিক হয়েছে এবং তাদের যে কৃতিত্ব সেটা স্বীকার করে নিয়েছি।

[11-30—11-40 p.m.]

আমরা পন্ডিতদের প্রত্যেক বছরে পুরস্কৃত করি, উৎসাহিত করি। হাওড়ায় যে সংস্কৃত সমাজ আছে তাদের সঙ্গে আমাদের কথা হয়েছে। আমি বলেছি, আপনাদের গবেষণা ও অন্যান্য বই প্রকাশ করার জন্য কি পরিমাণ টাকা ইত্যাদি দরকার, আমার দপ্তরকে আপনারা জানান। ওরা জানাবেন। আমরা যে সংস্কৃত চর্চার উপর জোর দিতে চাইনা, আমি জানিনা মাননীয় সদস্যর কোথা থেকে এই ধারণা হল। যদি হয়েও থাকে, আমি আপনাকে অনুরোধ করব এটা ঠিক নয়। আমরা চাই আরও আরও বেশি করে আমাদের ছেলে-মেয়েরা সংস্কৃত পড়ুক, আমাদের সংস্কৃত ভাষাকে জানুক, আমাদের সংস্কৃতর সঙ্গে তারা পরিচিত হোক।

**ডঃ নির্মল সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি, বিজ্ঞান বিষয়ে যারা পড়াশুনা করছেন তাদের গবেষণাপত্রগুলি বা পুস্তকাদি ছাপানোর জন্য সরকার কোনও সাহায্য করেন কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য নিশ্চয় জানেন, গবেষণার যে সমস্ত বই—এটা ছাপানো বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে করে, তার পরেও প্রাইভেট পাবলিশার্স যারা তারা করেন। আমাদের রাজ্য পুস্তক পর্ষদ থেকেও করা হয়। কোনও গবেষণার পুস্তক যদি দেখা যায় যে সেটা ছাত্রদের বা বিশ্ববিদ্যালয় স্তরে তাদের পক্ষে প্রয়োজনীয় সেই ধরনের যারা গবেষক তারা দরখাস্ত করলে পরে আমরা সেইগুলি বিবেচনা করি এবং সেইগুলি ছাপাই। যদি দেখা যায় সেটা বিশ্ববিদ্যালয়-এর ছাত্রদের প্রয়োজনে লাগেনা, সেইগুলি যে আমরা ছাপাই না, তা নয়, সেই রকমও কিছু কিছু বই ছাপাই। যদি আমরা দেখি যে কোনও প্রাইভেট পাবলিশার্স—তারা তো মুনাফার কথা চিন্তা করেন—সেটা ছাপাচ্ছে না, অথচ আমাদের জ্ঞান ভান্ডার পূরণ করতে এইগুলি ছাপানোর দরকার তখন সেইগুলি আমরা ছাপাই।

## প্রাথমিক বিদ্যালয়হীন গ্রাম

***২১২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৫) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়হীন গ্রামের সংখ্যা কত,

(খ) উক্ত গ্রামগুলিতে নূতন বিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি না, এবং

(গ) থাকলে, কবে নাগাদ স্থাপন করা হবে বলে আশা করা যায়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** গ্রামের সংজ্ঞায় ভিন্নতা থাকার জন্য এবং উক্ত সর্বভারতীয় শিক্ষা সমীক্ষায় পুর্ণাঙ্গ বিবরণ প্রকাশিত না হওয়ার জন্য এখনই বিদ্যালয়হীন গ্রামের সংখ্যা বলা সম্ভব নয়।

সরকারের নির্ধারিত বরাদ্দের মধ্যে এ বিষয়ে জেলা প্রাথমিক বিদ্যালয়সংসদ সিদ্ধান্ত নেবার অধিকারী।

এখনই বলা সম্ভব নয়।

**শ্রী লক্ষ্মীরায় কিস্কু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন এর ব্যাপারে সরকারের নিয়ম নীতি কি আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমাদের আর্থিক ব্যয়-বরাদ্দের মধ্যে দাঁড়িয়ে আমরা সিদ্ধান্ত গ্রহণ

করি প্রতি বছরে কতকগুলি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হবে। গত আর্থিক বছরে আমরা ১ হাজার প্রাথমিক বিদ্যালয় খোলার জন্য প্রয়োজনীয় অনুমোদন দিয়েছি বিভিন্ন জেলার মধ্যে। তার সংখ্যা নির্দ্ধারণ করে তাদের জানিয়েও দেওয়া হয়েছে। এই বছরে বাজেট পাস হওয়ার পর আমরা সিদ্ধান্ত গ্রহণ করব কতকগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা সম্ভব হবে। জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদ তাদের কাছে যে তথ্য আছে, সেই তথ্যের উপর ভিত্তি করে তারা স্থির করে, কোনও এলাকায় কোনও গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে হবে, এটা জেলার প্রাথমিক শিক্ষার দায়িত্বে যারা আছেন তারা এটা করবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমরা দেখছি, সরকার প্রাথমিক বিদ্যালয় স্থাপন করবেন বলছেন। যেমন আপনি বলছেন ১ হাজার বিদ্যালয় হবে। পুরুলিয়া প্রসঙ্গে বললেন, ষষ্ঠ রিপোর্ট বেরোয়নি, সেইজন্য পূর্ণাঙ্গ রিপোর্ট দিতে পারছেন না।

আপনি বললেন এক হাজারটি বিদ্যালয় স্যাংশন করেছেন। কিন্তু এই ব্যাপারে তো সরকারের একটা স্ট্যান্ডিং থাকবে। আগে বিদ্যালয়হীন গ্রামের একটা রেডিমেড তালিকা থাকত, যার বেসিসে বিদ্যালয়গুলো স্যাংশন করা হত। কিন্তু আপনি বললেন প্রাথমিক শিক্ষা সংসদ এই ব্যাপারটা ঠিক করবে। আমরা বিধানসভায় বার বার জানতে চেয়েছি সারা পশ্চিমবাংলায় বিদ্যালয়হীন গ্রামের সংখ্যা কত? কিন্তু আমরা সেই চিত্রটা পাচ্ছি না, এই ব্যাপারে সরকারের গ্যাপ কেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি জানেন ব্যাপক সমীক্ষা কোনও রাজ্য সরকারই পারেন না। এটা এন. সি. ই. আর. টির পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের সাহায্যে এডুকেশন সার্ভে হয় প্রতি চারবছর পরপর এবং এটাই হচ্ছে প্রামাণ্য দলিল। এর উপরেই ভিত্তি করে আমাদের তথ্য পেশ করতে হয়। সিক্সথ্ এডুকেশন সার্ভে শেষ হয়েছে, ওরা এটা কম্পিউটারাইজ করছে, আমরা আশা করছি অল্প দিনের মধ্যেই তথ্যটা আমরা পেয়ে যাব। সর্বভারতীয় শিক্ষা সংস্থার প্রতিবেদনের ভিত্তিতেই আমরা প্রাথমিক বিদ্যালয়গুলো স্থাপন করবার অনুমতি দিই।

**শ্রী অজিত খাঁড়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রাথমিক স্কুল সম্পর্কে আপনি যে কথাগুলো বললেন, সেন্ট্রাল গভর্নমেন্টের সংস্থা পরিসংখ্যান যোগাড় করে কোন কোন জায়গায় প্রাইমারী স্কুল নেই। ২১ বছর ধরে রাজ্য সরকারের কাছে কোনও পরিসংখ্যান থাকবে না প্রাথমিক শিক্ষার অগ্রগতি কি। ২১ বছরে সারা পশ্চিমবাংলায় ২১টি স্কুল স্যাংশন হয়েছে। কোনও জায়গায় প্রাথমিক স্কুল নেই, সেখানে লোকসংখ্যা কত, সেখানে তফসিলি জাতি, উপজাতির লোকসংখ্যা কত এইসব কোনও তথ্য থাকবে না। তাহলে আমরা কি থেকে বুঝব বাস্তবে আপনারা প্রাথমিক শিক্ষার উন্নয়নের জন্য দারুণ আগ্রহী।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি কখনোই একথা বলিনি কুড়ি, একুশ বছর ধরে আমাদের কাছে কোনও তথ্য নেই। ফিফথ্ এডুকেশন সার্ভের উপর ভিত্তি করেই প্রাইমারী স্কুলগুলো স্যাংশন হয়েছে। সিকসথ্ এডুকেশন সার্ভে এখনো প্রকাশিত হয়নি, এটাই আমি বলেছি।

**শ্রী অজিত খাঁড়া :** ২১ বছরে যত স্কুল খোলা হয়েছে তার একটা তালিকা আপনি ঘোষণা করুন এবং কতগুলো খোলা যায়নি তার একটা তালিকা প্রকাশ করুন।

**শ্রী কান্তি বিশ্বাস :** দশ হাজার প্রাথমিক স্কুল আমরা স্থাপন করেছি, কিন্তু উচ্চ আদালতের নিষেধাজ্ঞা থাকার জন্য আমরা আর করতে পারিনি।

(নয়েজ)

**শ্রী লক্ষ্মীরাম কিস্কু :** মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই, পুরুলিয়া জেলায় স্পনসর বেসিস স্কুলের সংখ্যা ছিল ১৭। বর্তমানে সেই সমস্ত স্কুলে শিক্ষক মহাশয় যারা ছিলেন তারা অবসরগ্রহণ করার ফলে সেই ১৭টি গ্রামে বা মৌজায় কার্যত এখন স্কুল গুলো ভিলেজ হয়ে গেছে।

[11-40—11-50 p.m.]

সেই সমস্ত ১৭টা স্পনসর্ড বেসিক স্কুলে যেখানে করলেন, সেইগুলোতে সরকারের চিন্তাভাবনা কি? নতুন স্কুলগুলোতে ডি. পি. এস. ই-কে শিক্ষক নিয়োগ করার ক্ষমতা দেওয়া হচ্ছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমরা ১ হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার জন্য জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদকে একটা নির্দেশিকা দিয়েছি। সেই নির্দেশিকার উপর ভিত্তি করে বিদ্যালয় সংসদ তারা বিদ্যালয় স্থাপন করতে পারে। আদিবাসী তফসিলি, ভাষাগত সংখ্যা লঘু, আর্থিক দিক থেকে পশ্চাদপদ্ এই সমস্ত এলাকাতে প্রাথমিক বিদ্যালয়গুলো স্থাপন করার ক্ষেত্রে অগ্রাধিকার পাবে পুরুলিয়া প্রাথমিক বিদ্যালয় সংসদও ওই সমস্ত এলাকাতে বিদ্যালয় স্থাপন করবে আশা করা যেতে পারে।

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, একটু আগে মাননীয় মন্ত্রী বলেছেন যে ওঁদের আমলে গত ২০ বছরে ১০ হাজার প্রাইমারী স্কুল স্থাপন করেছেন। কিন্তু ওঁর দপ্তর যে তথ্য পরিবেশন করেছে তা ওঁর সঙ্গে মিলছে না। আমি জানতে চাই যে ৭৭ সালে প্রাইমারী স্কুলের সংখ্যা কত ছিল, আর বর্তমানে প্রাইমারী স্কুলের সংখ্যা কত?

**শ্রী কান্তি বিশ্বাস :** ৭৭ সালে পশ্চিমবাংলায় প্রাইমারী স্কুলের সংখ্যা ছিল ৪২ হাজার এর কিছু কম আর বর্তমানে প্রাইমারি স্কুলের সংখ্যা ৫১ হাজারের কিছু বেশি।

**শ্রী রবীন ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কোন জেলায় কত প্রাথমিক বিদ্যালয় এই ২০ বছরে করেছেন এবং এস. সি এলাকায় কত এবং এস. টি এলাকায় কত?

**শ্রী কান্তি বিশ্বাস :** আপনি আলাদাভাবে প্রশ্ন করুন আমি এর উত্তর দেব।

**শ্রীমতী মায়ারাণী পাল :** মাননীয় স্পিকার স্যার, আমি কান্তিবাবুকে বারবার বলেছি বহরমপুরের বলরামপুরে আদিবাসী মেয়েদের পড়াশুনোর জন্য নিজেদের উদ্যোগে একটি স্কুল করেছে সেই স্কুলটির জন্য আমি মন্ত্রীর কাছে অনেকবার বলেছি, তা সত্ত্বেও উনি বলেছেন যে এটি হবে না। এই স্কুলটি যাতে হয় তার জন্য ওঁর কাছে আবেদন করছি।

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয়া সদস্যাকে আমি একাধিক বার চিঠি দিয়ে জানিয়েছি উনি যে জুনিয়র হাই স্কুল এর কথা বলেছেন সে ব্যাপারে। ৭৫ সালে যে সমস্ত স্কুল মধ্যশিক্ষা পর্ষদের কাছে আবেদন করেছে সেগুলো আমরা বিচার-বিবেচনা করেছি। তারপর যে সমস্ত বিদ্যালয় স্থাপন করা হয়েছে আমরা সেগুলো স্বীকৃতি দিতে পারব না। যেহেতু নতুন কোনও মাধ্যমিক বিদ্যালয় আমরা স্থাপন করতে পারব না। পঞ্চায়েত এবং পৌরসভা তারা যদি কোথাও বিদ্যালয় স্থাপন করার প্রস্তাব দেয় সরকার সেগুলো বিবেচনা করবে। কিন্তু ৭৫ সালের পর নিজ উদ্যোগে বিদ্যালয় স্থাপিত হলে সেগুলো আমরা করতে পারব না। আমি একথা বিনীতভাবে একাধিকবার তাঁকে চিঠিতে জানিয়েছি।

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে আমাদের বিভিন্ন জেলায় একজন শিক্ষক দিয়ে প্রাইমারি স্কুল চালানো হচ্ছে, এমন স্কুলের সংখ্যা কত?

**শ্রী কান্তি বিশ্বাস :** এই মুহূর্তে সংখ্যাটা বলা যাবে না।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় মূল প্রশ্নটা খুব সতর্কতার সঙ্গে এড়িয়ে গেছেন। প্রশ্নটা ছিল পুরুলিয়ায় প্রাথমিক বিদ্যালয়হীন গ্রামের সংখ্যা কত? উনি বললেন গ্রামের সংখ্যাটা ঠিক বলতে পারছেন না। গ্রামের সংজ্ঞা কি? কটা মৌজা নিয়ে একটা গ্রাম এসব নিয়ে সার্ভে চলছে। উনি বলতে পারবেন না। আমি বলছি পুরুলিয়া জেলায় কয়েকশো গ্রাম আছে যেখানে প্রাথমিক বিদ্যালয় নেই। রেকর্ডে থাকুক এক হাজার গ্রাম আছে যেখানে প্রাথমিক বিদ্যালয় নেই। ২০ বছরের বামফ্রন্ট সরকারের আমলে, যে কথা অজিতবাবু তুলেছেন যে, আপনারা প্রায় ৬-৭ বছরের মধ্যে কোনও প্রাথমিক স্কুল তৈরি করেননি এবং যে ৫১ হাজার ফিগারটা বললেন সেটা ৭-৮ বছর ধরে ঐ ৫১ হাজারই রয়েছে। এখন আপনারা প্রাইমারী স্কুল প্রতিষ্ঠা করা ছেড়ে দিয়েছেন। অর্থ মন্ত্রীর ভাষণে এই সিস্টেম ভেঙ্গে দিয়ে নতুনভাবে কন্ট্রাক্টে প্রাইমারি স্কুল টিচার নিয়োগ করবেন। পুরুলিয়া প্রত্যন্ত জেলা। গত বছরের বাজেট বক্তৃতায় বলেছিলেন যে টাকা আছে, এবারে বলেছেন যে টাকা রিলিজ হয়নি। আপনারা দাবি করেছেন যে আপনারা নতুন স্কুল তৈরি করেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, এবছরের বাজেটে পুরুলিয়া জেলার কোন স্কুলহীন গ্রামে আপনারা প্রাথমিক স্কুল বসানোর পরিকল্পনা নিয়েছেন কি না? তাহলে বোঝা যাবে যে আপনাদের দাবি অমূলক ও অসত্য নয়।

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় সদস্য সৌগতবাবু জানেন, সর্বশেষ যে তথ্য কেন্দ্রীয়

সরকারের পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে তাতে পশ্চিমবঙ্গের ১৮টি জেলার আলাদা আলাদা হিসাব দেওয়া হয়েছে। তাতে এক-একটি জেলার একটি প্রাথমিক বিদ্যালয় পিছু জনসংখ্যাকে স্কুলের সংখ্যা দিয়ে ভাগ করেছে। প্রাথমিক বিদ্যালয় পিছু জনসংখ্যা দিলে বুঝতে পারবেন যে কোন জেলায় কত বিদ্যালয় আছে। আমরা পুরুলিয়া, বাঁকুড়া এই দুটি জেলা পশ্চাৎপদ বলে এই দুটি জেলার উপর বেশি গুরুত্ব দিয়েছি। সর্বশেষ যে তথ্য প্রকাশিত হয়েছে তাতে বাঁকুড়া ও পুরুলিয়ায় প্রাথমিক বিদ্যালয় পিছু জনসংখ্যা সবচেয়ে কম। অর্থাৎ সেখানে বেশি প্রাথমিক বিদ্যালয় করা হয়েছে। এ সব সত্ত্বেও আমরা এবার এক হাজার প্রাথমিক বিদ্যালয় করার অনুমতি দিয়েছি। পুরুলিয়া ও বাঁকুড়া আদিবাসী অধ্যুসিত এলাকা ও এখানে বিচ্ছিন্ন গ্রাম আছে বলে এদের গুরুত্ব বিবেচনা করে আমরা এবছরের বাজেটে বেশি টাকা রেখেছি, যাতে সেখানে বেশি পরিমাণে স্কুল করা যায়। গত ১০ বছরে আমরা প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারিনি। যদিও প্ল্যান বাজেটে টাকা ধরা ছিল, কিন্তু মহামান্য আদালতের নিষেধাজ্ঞা থাকার জন্য আমরা গত ১০ বছরে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারিনি। তবে আগামী বছরে পশ্চাৎপদ এলাকায় আমরা বেশি বেশি প্রাথমিক বিদ্যালয় তৈরি করব বলে আমাদের সিদ্ধান্ত আছে।

হেল্ডওভার *২২১—নট্ কল্ড।

## Held over Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### বন্যায় শস্যহানির পরিমাণ

***২২১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০৮) **শ্রী সুকুমার দাশ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালে রাজ্যে কোন কোন জেলায় বন্যা হয়েছে,

(খ) বন্যায় শস্যহানিসহ অন্যান্য ক্ষয়-ক্ষতির পরিমাণ কত, এবং

(গ) কেন্দ্রীয় সরকার কর্তৃক ১৯৯৬-৯৭ আর্থিক বছরে অর্থ সাহায্যের পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের মোট ১৭টি জেলার মধ্যে বাঁকুড়া এবং দক্ষিণ ২৪-পরগনা এই দুটি জেলা বাদে বাকি ১৫টি জেলাতেই ১৯৯৬ সালে কম বেশি বন্যা হয়েছে।

(খ) শস্যহানি, ঘরবাড়ির ক্ষতি এবং জনহিতকর অন্যান্য সরকারি সম্পত্তির মোট ক্ষয়ক্ষতির আর্থিক পরিমাণ প্রায় ৩৭৬ কোটি টাকা।

(গ) বন্যাজনিত ক্ষয়ক্ষতির আর্থিক দায়ভার একটি বিশেষ তহবিল ক্যালামিটি রিলিফ ফান্ড থেকে বহন করা হয়। পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ দপ্তরের বিভাগীয় বাজেটে ১৯৯৬-৯৭ সালে ক্যালামিটি রিলিফ ফান্ড-এ বরাদ্দ ছিল ৫১.৩২ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের তহবিল বাবদ শতকরা ৭৫ : ২৫ আনুপাতিক হারে অর্থ যোগানের কথা। উক্ত বছরে কেন্দ্রীয় সরকার তাদের প্রদেয় ৩৮ কোটি ৪৯ লক্ষ টাকায় পুরোটাই দিয়েছিলেন।

রাজ্যের তরফ থেকে ক্যালামিটি রিলিফ ফান্ড-এ কেন্দ্রের দেয় টাকা ছাড়াও ১৯৯৬-৯৭ সালে শস্যহানিসহ অন্যান্য ক্ষয়ক্ষতি বাবদ আরও ৩০৯ কোটি টাকার কেন্দ্রীয় অর্থ সাহায্যের দাবি রাখা হয়েছিল। এই দাবির কোনও অংশ অবশ্য কেন্দ্রীয় সরকার মেটাননি।

## Starred Question
## (to which oral Answers were given)

[11-50—12-00 Noon]

### সুবর্ণরেখা সেচপ্রকল্প

*৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬) শ্রী আব্দুল মান্নান ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুবর্ণরেখা সেচ প্রকল্পের কাজ কোন পর্যায়ে রয়েছে ;

(খ) উক্ত প্রকল্পে ৩১.১.৯৭ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ;

(গ) প্রকল্পটি কবে নাগাদ শেষ হবে ; এবং

(ঘ) কত পরিমাণ জমি উক্ত প্রকল্পের আওতায় পড়বে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) ১৯৯৫ সালের মার্চ মাসে যোজনা পর্ষদ থেকে সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের 'বিনিয়োগ সংক্রান্ত ছাড়পত্র' পাওয়ার পর এই প্রকল্পের কাজ ১৯৯৫-৯৬ সাল থেকে হাতে নেওয়া হয়েছে। এবং ইতিমধ্যে কিছু অগ্রগতি করা গেছে। জমি অধিগ্রহণের কাজ এবং সেচখালের জন্য জমি-জরিপের কাজ দ্রুতগতিতে চলছে। এছাড়া হরিণঘাটাতে অবস্থিত নদী বিজ্ঞান মন্দির-এ ব্যারেজের মডেল পরীক্ষার কাজ চলছে।

(খ) ১১১৯-৬০ লক্ষ টাকা।

(গ) আগামী দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে প্রকল্পটির কাজ শেষ করা যাবে বলে আশা করা যায়, যদিও এটা মূলত নির্ভর করবে বাৎসরিক চাহিদা অনুযায়ী অর্থের যোগানের উপর।

(ঘ) খরিফ সেচে ৮৭, ১৭৪ হেক্টর এবং রবি সেচে ২৭,৩২৪ হেক্টর পরিমাণ জমি উক্ত সেচ প্রকল্পের আওতায় আসবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এইটি কত টাকার প্রকল্প?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ৫৬১ কোটি টাকার প্রকল্প।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই প্রকল্পটির জন্য মোট কত জমি লাগবে এবং তিস্তা প্রকল্পে জমি সংগ্রহ করতে যে সমস্যা হয়েছিল, সুবর্ণরেখার ক্ষেত্রেও কি সেরকম সমস্যা হতে পারে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কত জমি লাগবে ঠিক এই মুহূর্তে বলা যাবে না। তবে জমি সংগ্রহ করার ক্ষেত্রে তিস্তা প্রকল্পের মতো সমস্যা হবে না। আমরা ইতিমধ্যেই কিছু জমি পেয়েছি এবং কাজও শুরু হয়েছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** এই প্রকল্পটি অনেক আগেই তৈরি হয়েছিল, কিন্তু বাস্তবে দেখছি কয়েকটি অফিস ছাড়া কিছু হয়নি। কতদিনের মধ্যে এইটি শেষ করা যাবে এবং বাস্তবায়িত হবে, তার কোনও নির্দিষ্ট সময়সীমা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** খুব ভালো প্রশ্ন। ১৯৯৪ সালের অক্টোবর মাসে পরিবেশ এবং বন দপ্তর থেকে ছাড়পত্র পেয়েছিলাম। মাননীয় সদস্য জানেন যে, সেখান থেকে ছাড়পত্র পেলেই কাজ শুরু করা যায় না, সেইজন্য প্ল্যানিং কমিশন থেকে ছাড়পত্র লাগে। সেটা পেয়েছি ১৯৯৫ সালে এবং গত বছর কাজ করতে পেরেছি। মাননীয় সদস্য হয়ত অবগত আছেন, অতি সম্প্রতি আমি সরেজমিনে দেখতে গিয়েছিলাম সেখানে। মেদিনীপুর শহরের ওপর, ৫ একর জমির উপর স্টোর, গোডাউন, হোস্টেল, চিফ্ ইঞ্জিনিয়ারের অফিস তৈরি হয়েছে। ভরগাঘাটে যেখানে ব্যারেজ হচ্ছে হোসিয়ারির কাছে নেপোয় ১০ একর জমি নিয়ে কাজ শুরু হয়েছে।

এছাড়া ব্যারেজ সাইট থেকে এক্জিকিউটিভ ইঞ্জিনিয়ারিং-এর অফিস পর্যন্ত রাস্তা, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট ওয়ার্ক-এর কাজ হিসাবে আমরা অনেকখানি এগিয়ে আছি। বাই-পাস তৈরির জায়গায় এগিয়ে গেছি। ব্যারেজ জরিপের কাজ শেষ হয়ে গেছে। আমরা একসিলারিটেড ইরিগেশন বেনিফিট প্রোগ্রাম—আপনারা জানেন, যেটার জন্য আমি তৎকালীন প্রধানমন্ত্রী নরসিমা রাওয়ের কাছে তদ্বির করে এসেছিলাম। আবার অক্টোবর মাসে গিয়েছিলাম। সেটা যদি আমরা পেয়ে যাই তাহলে আপনাদের সামনে এই কথা দিতে পারি আগামী ২ বছরের মধ্যে ব্যারেজ কমপ্লিট করা যাবে, মেইন ক্যানেল কমপ্লিট করা যাবে এবং

ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্টের ওয়ার্কের কাজ শেষ করা যাবে। অর্থাৎ নবম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে ৬০ ভাগ কাজ শেষ হয়ে যাবে।

**শ্রী অশোককুমার দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, যাদের জমি প্রথমে একোয়ার করেছেন তাদের কি সেই পরিমাণ টাকা দেওয়া হয়েছে? আমাদের কাছে খবর আছে, অনেকে টাকা পাচ্ছেন না।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় সদস্য হয়তো জানেন, জমি অধিগ্রহণের যে আইন আছে তাতে অ্যাক্ট-২ থেকে অ্যাক্ট-১-এ আসতে কিছু বিঘ্ন হচ্ছে। তবে কিছু কমপেনসেশন দিতে পেরেছি। আপনার অভিযোগ সত্য, এখনও অনেককেই দিতে পারিনি।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন, এই প্রকল্প রূপায়িত করতে ৫৬১ কোটি টাকা খরচ হবে। এই টাকার মধ্যে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার কত টাকা দিচ্ছেন এবং কত একর জমিতে এই 'সেচ পরিকল্পনা নেওয়া হয়েছে।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি আগেই বলেছি, এই প্রোগ্রাম আমাদের রাজ্য সরকারের বাজেট থেকে করা সম্ভব নয়। যদি বা করা সম্ভব হয় সেটা খুব শ্লথগতিতে চলবে। কারণ আমাদের বাজেটে যে টাকা বরাদ্দ রয়েছে তার সিংহ ভাগই তিস্তা ব্যারেজ প্রকল্পের জন্য খরচ করতে হচ্ছে। বর্তমানে কেন্দ্রীয় সরকার একটা আইন করেছেন যে, ৫০০ কোটি টাকার উপর কোনও পরিকল্পনা হলে সেটাতে এক্সিলারেটেড ইরিগেশন বেনিফিট প্রোগ্রাম বা এ. আই. বি. পি.-র টাকা পাওয়া যেতে পারে। সেইভাবে আমরা বলেছি। এটা বিবেচনাধীন রয়েছে। এই টাকা পেলে আমরা দ্রুত কাজে অগ্রসর হতে পারব।

**শ্রী আনন্দ বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য, সুবর্ণরেখা সেচ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যে টাকা পাওনা তার কত টাকা পাওয়া গেছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি আগেই বলেছি, এ. আই. বি. পি. প্রোগ্রামে আমরা একটা টাকা চেয়েছিলাম। তার আগে ১৯৯৬ সালে সর্বদলীয় প্রতিনিধিরা ২০০ কোটি টাকা চেয়েছিলেন।

## জেলা পরিকল্পনা কমিটি

***৫১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৪২২) **শ্রী তপন হোড় :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলার উন্নয়নের স্বার্থে জেলা পরিকল্পনা কমিটি গঠনের পরিকাঠামোর কিছু রদবদল করার জন্য রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটির রূপরেখা কিরূপ?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত :**

(ক) না, বিষয়টি বিবেচনাধীন।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রী ..পন হোড় :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য, ডি. পি. সি. এবং ডি. পি. সি. সি.-র মধ্যে সমন্বয় সাধনের কোনও পরিকল্পনা বা প্রস্তাব রাজ্য সরকারের আছে কি না? এবং সঙ্গে সঙ্গে এম. এল. এ. ও মন্ত্রীদের এর সঙ্গে কিভাবে যুক্ত রাখা যেতে পারে? এ ব্যাপারে কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** প্রশ্নটা ডি. পি. সি.-র সঙ্গে ডি. পি. সি. সি.-র সংযুক্তির ব্যাপারে ছিল। সংবিধানের ৭৪তম যে সংশোধন, তার যে আইন, তার ২৪৩ জেড (ডি) ধারাতে উল্লেখ করা আছে যে, ডি. পি. সি. কাদের সঙ্গে কনসাল্ট করতে পারেন।

[12-00—12-10 p.m.]

একটা চিন্তা আমাদের বিবেচনাধীন আছে। যেহেতু বিষয়টা বিধানসভায় একাধিকবার উল্লেখে এসেছে। আমরা এই রকম বিবেচনা করছি যে ডি. পি. সি.কে আমরা পুনর্জিবিত করতে চাই, যাতে জেলার মাননীয় মন্ত্রী তিনি থাকতে পারেন সভাধিপতি হিসাবে। জেলায় যাঁরা মাননীয় বিধায়ক আছেন তাঁরা প্রত্যেকে যুক্ত হতে পারেন, জেলায় যাঁরা মাননীয় সদস্যরা আছেন তাঁরাও এবং ডি. পি. সি সঙ্গে ডি. পি. সি সির সম্পর্ক সংবিধানে যেটা উল্লেখ করা আছে যে "The DPC may consult any institutional organisation which the State Government may specify" আমাদের বিবেচনাটা এই স্টেট গভর্নমেন্ট এইরকম স্পেসিফিকেশন করতে পারেন এখনও সিদ্ধান্তে বলা হয়নি তাই বলছি ডি. পি. সি. সি. সেই সংগঠন হবে যার মাধ্যমে ডি. পি. সি. সির সঙ্গে ডি. পি. সির সম্পর্ক—এখানে লেখা আছে ল্যাঙ্গুয়েজটা হচ্ছে ডি. পি. সি. মে কনসাল্ট such institutional organisation as the Government may be order specify. ডি. পি. সি. কিন্তু সবচেয়ে বড়। আমরা এইরকম চিন্তা করছি গভর্নমেন্ট শ্যাল্ কথাটা লেখা হবে। ডি. পি. সি. সির তার যেটা কম্পোজিশন যেটা বিবেচনাধীন আছে। জেলার মন্ত্রী না থাকলে ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী—একটা জেলা আছে, সেখানে মন্ত্রী নেই, তাঁর কাছাকাছি যিনি মন্ত্রী তিনিই সভাপতি হবেন, সভাধিপতি থাকবেন, বিধায়করা থাকবেন, প্রত্যেক সাংসদরা থাকবেন। আমরা একইসঙ্গে বলেছি জেলাস্তরে সংশ্লিষ্ট দপ্তরের অফিসারদের যুক্ত করতে চাইছি, ডি. এম. আছেন। তার একটা লিস্ট ইতিমধ্যেই হবে, সেই অর্ডার আমরা ইস্যু করেছি ২৪ মে ১৯৮৫, একটা জি. ও. ইস্যু হয়েছে ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং ডিপার্টমেন্ট ৩২৩০-পি ১ এস ৬/৮৫ এটা আমি ইস্যু করেছিলাম।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা খুব ইমপর্টেন্ট কোয়েশ্চেন, কারণ সমস্ত জেলাপরিষদে আগামী দিনে সরকারি অর্থ কি ভাবে ব্যয় হবে সেটা নির্ভর করছে এর উপর। মাননীয় মন্ত্রী ঠিক বলেছেন, ডি. পি. সির যেটা ৭৪তম অ্যামেন্ডমেন্ট হয়েছে কনস্টিটিউশনে এমনভাবে করা হয়েছে যে সমস্ত এম. এল. এ., এম. পি. করার কোনও সম্ভাবনাই নেই। তাঁদের জন্য, বিধানসভার সদস্য, সাংসদদের যুক্ত করার ব্যাপারে তার কোনও স্বীকৃতি সংবিধানে নেই। এখন যেখানে সংশ্লিষ্ট বিধায়করা, সংশ্লিষ্ট মন্ত্রীরা থাকছেন তাঁদের প্রায়োরিটি ডি. পি. সির কাছে যদি কম হয়, তাহলে এটা একটা অসম্মানজনক পরিস্থিতি হবে। ডি. পি. সি. যদি ডি. পি. সি.সিকে রেক্‌মেন্ড করে এঁরা থাকবে, আর ডি. পি. সি. যদি এ্যালাও না করে, গ্রহণ না করে তাহলে সমস্ত মন্ত্রী, লোকসভার সদস্য প্রত্যেকের এটা একটা অপমানকর অবস্থার সৃষ্টি হবে। আমি মনে করি ৭৪তম অ্যামেন্ডমেন্ট যেটা হয়েছে, সেটা পুনরায় অ্যামেন্ডমেন্ট করার কোনও সুযোগ আছে কি না, সরকার এটা ভাবনাচিন্তা করছেন কি না, এটা কেন্দ্রীয় সরকারের কাছে এই এম. এল. এ., এম. পি, মন্ত্রীদের এতে যুক্ত করার ব্যাপারে সুপারিশ করার জন্য কিছু চিন্তাভাবনা করছেন কি না সেটা জানতে চাইছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয়, সময় হয়ে গেছে, তথাপি যেহেতু প্রশ্নটা গুরুত্বপূর্ণ সেহেতু আমি আপনার কাছে দু'এক মিনিট সময় চেয়ে নিচ্ছি। বিরোধী দলের মাননীয় নেতা অতীশচন্দ্র সিংহ নিশ্চয়ই অবগত আছেন যে, জেলা পরিকল্পনা কমিটি আমরাই রাজ্যে প্রথম শুরু করি এবং ১৯৮৫ সালে আমরা ডি. পি. সি. সি. করি। আমি দায়িত্ব নিয়ে বলছি, ডি. পি. সি.কে আমরা একটা স্থানে রেখেছিলাম—প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এখানে এসেছিলেন, তাঁর সঙ্গে আমাদের এ বিষয়ে আলোচনা হয়েছিল। আমরা তখন পর্যন্ত যে ভাবে এগিয়েছিলাম তাতে উনি আমাদের অ্যাপ্রিসিয়েট করেছিলেন—পাবলিকলি বলেছিলেন। কিন্তু যখন অ্যামেন্ডমেন্ট হয় এবং অন্যান্য প্রক্রিয়া ইত্যাদি হয় তখন আমরা তার সঙ্গে কোনও ভাবেই সেখানে যুক্ত ছিলাম না। এক মাত্র আপনারাই যুক্ত ছিলেন ; আপনারা অ্যামেন্ডমেন্ট এনেছিলেন। বস্তুত লক্ষ্য করবেন ডি. পি. সি. গঠনে পঞ্চায়েত সমিতির সভাপতির সঙ্গে যোগাযোগ রাখার ব্যাপারটার প্রতি। আপনারা সব পঞ্চায়েত, সমিতির সভাপতিকে স্থান দিতে পারেননি। আমার মনে আছে যখন রাজীব গান্ধী সভা ডেকেছিলেন তখন আমি সেখানে আমাদের রাজ্যের প্রতিনিধিত্ব করেছিলাম। আমি জেলার সঙ্গে ব্লককে এবং জেলার সঙ্গে পৌরসভাগুলোকে যুক্ত করতে বলেছিলাম। তখন সেই সভায় সবাই তা মেনে নিয়েছিলেন, কিন্তু যখন অ্যামেন্ডমেন্ট এলো তখন দেখা গেল আমার ঐ প্রস্তাব গৃহীত হয়নি। এখনো আমরা যেটা করবার চেষ্টা করছি সেটার সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের কোনও চিন্তা ভাবনা আছে কিনা জানিনা! আমরা নিজেরা উদ্যোগী হয়ে চেষ্টা করছি—এই কনসালটেশনটাকে 'স্যাল' মানে গুরুত্বপূর্ণ করার চেষ্টা করছি। কিন্তু বলে রাখা ভাল, এখনো পর্যন্ত সংবিধানে যা আছে তাতে ডি. পি. সি. সাংবিধানিক বডি, তারা কনসাল্ট

করবে। তাহলে এখন প্রশ্ন হচ্ছে—মাননীয় এম. এল. এ., এম. পি., মন্ত্রীদের কথা ভাবতে হবে, তাঁদের কথা যদি অগ্রাহ্য হয় তখন কি হবে? আমি আপনার অনুমতি নিয়ে বলছি, নেসেসারিলি কনফনট্রেশনালি হওয়ার দরকার নেই—একজন এম. এল. এ. যদি ডি. পি. সি.-র সঙ্গে এক-মত না রাখতে পারেন তাহলে লিখিতভাবে তাঁকে বলতে হবে যে, তিনি কেন রাখতে পারছেন না। হালকাভাবে এটা নেওয়া উচিত হবে না। আগে প্রসেস শুরু হোক, তারপর একটা জায়গায় যাওয়া যাবে।

## Starred Question
## (to which written Answers were laid on the Table)

### তিস্তা ফ্রুট প্রসেসিং কোম্পানি

***৫১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩০) **শ্রী পঙ্কজ ব্যানার্জিঃ** খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে তিস্তা ফ্রুট এবং ভেজিটেবল প্রসেসিং লিমিটেড নামক কোম্পানিতে উৎপাদন ও বিক্রয়লব্ধ আয়ের পরিমাণ কত?

**খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

১৯৯৫-৯৬ আর্থিক বছরে তিস্তা ফ্রুট এবং ভেজিটেবল প্রসেসিং লিমিটেড নামক কোম্পানিতে উৎপাদিত পণ্যের মূল্য ৮৬,০০০ টাকা (ছিয়াশি হাজার টাকা মাত্র) এবং বিক্রয় লব্ধ আয়ের পরিমাণ ছিল ১,৯৩,০০০ টাকা (এক লক্ষ তিরানব্বুই হাজার টাকা মাত্র)

### সবুজ দ্বীপে পর্যটনকেন্দ্র

***৫১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলী জেলার বলাগড় থানার অন্তর্গত গঙ্গা নদীর ওপর গড়ে ওটা "সবুজ দ্বীপ"কে রাজ্যের নতুন পর্যটনকেন্দ্র হিসাবে আকর্ষণীয় করার জন্য রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

না! এব্যাপারে পর্যটন দপ্তরের বর্তমানে কোনও পরিকল্পনা নেই। কিন্তু হুগলি জেলাপরিষদ সবুজ দ্বীপকে পর্যটনকেন্দ্র হিসাবে গড়ে তোলার পরিকল্পনা নিয়েছেন।

## দূষণ-নিয়ন্ত্রণ পর্ষদ

***৫২০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮১৮) **শ্রী কমল মুখার্জি :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

'পশ্চিমবঙ্গ রাজ্য দূষণ-নিয়ন্ত্রণ পর্ষদ' কি সম্পূর্ণ সরকারি নিয়ন্ত্রণাধীন?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না।

## ভৈরব নদীর ভাঙ্গন

***৫২১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৪) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার দৌলতবাদ থানার অন্তর্গত নিধিনগর গ্রাম এবং ইসলামপুর থানার অন্তর্গত চক্ বাজারের ভৈরব নদীর ভাঙ্গনের পরিধি প্রায় ২৫০/৩০০ মিটার ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ভাঙ্গন প্রতিরোধকল্পে এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

ক) হ্যাঁ।

খ) ১৯৯১-৯২ আর্থিক বছরে নিধিনগর গ্রামে মোট ৬১৫ মি দৈর্ঘ্য জুড়ে ভাঙ্গন প্রতিরোধের কাজ হাতে নেওয়া হয়েছিল এবং এর মধ্যে প্রায় ১২৬ মিটার দৈর্ঘ্যের কাজ এখনও বিভিন্ন কারণে সম্পূর্ণ করা সম্ভব হয়নি।

এছাড়া চক বাজার গ্রামের ভাঙ্গন প্রতিরোধের জন্য ইতিমধ্যে একটি প্রকল্প রচনা করে কারিগরি অনুমোদনের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## জুনিয়ার মাদ্রাসার অনুমোদন

***৫২২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯১৬) **শ্রী অশোক দেব :** মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বজবজ থানা এলাকায় জুনিয়র মাদ্রাসা বিদ্যালয়গুলির মধ্যে একটিমাত্র সরকার অনুমোদিত ;

(খ) সত্যি হলে, বাকি বিদ্যালয়গুলিকে অনুমোদন দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**মাদ্রাসা শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) থানা ভিত্তিক জুনিয়র মাদ্রাসা বিদ্যালয়ের তালিকা শিক্ষা বিভাগে রাখা হয় না। তবে মহেশতলা পোষ্ট অফিসের অন্তর্গত সন্তোষপুর জুনিয়র হাই মাদ্রাসাকে ১.৫.৯৫ তারিখ থেকে সরকারি অনুমোদন দেওয়া হয়েছে।

খ) আপাতত নাই।

গ) প্রশ্ন ওঠে না।

**ময়ূরাক্ষী ক্যানালের জলাধার**

*৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৩) **শ্রী আনন্দগোপাল দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার ময়ূরাক্ষী ক্যানালের জলাধার সংস্কার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, ঐ জলাধারটির জলধারণের ক্ষমতা কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) ময়ূরাক্ষী জলাধার প্রকল্পের জলাধারটি বিহারের দুমকা ডিভিসনের অন্তর্গত সাঁওতাল পরগনা জেলায় অবস্থিত এবং পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন। এই মুহূর্তে জলাধারটির পলি সংস্কারের কোনও পরিকল্পনা নেই, তবে নির্মিত স্ট্রাকচারটির (বোল্ডার ম্যাসন্রি ড্যাম্-এর কংক্রিট অংশটির) সংস্কার পরিকল্পনার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

খ) জলাধারটির মোট (ডেড্ স্টোরেজ এবং লাইভ স্টোরেজ মিলিয়ে) জলধারণের ক্ষমতা ৫ লক্ষ একর ফুট।

## High Courts order about Noise Pollution

*524. (Admitted Question No.*1682) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state—

(a) the steps taken by the Government to enforce the High Court's order about the noise pollution ; and

(b) results of the drive in this matter ?

**Minister-in-charge of the Environment Deptt :**

A Statement is laid on the table of the House. In pursuance of the order of the Hon'ble High Court with regard to Noise Pollution the following steps have been taken

i) A meeting was held at Nandan with the Puja Organizers, Police Officials of West Bengal Pollution control Board, NGOs, CBOs for compliance of the order of the Hon'ble High Court for the purpose of curbing noise pollution, in view of the fact that considerable rise in noise level is expected during the festive seasons. This apart, meetings were held with Police officials and Officials of West Bengal Pollution Control Board at Rotanda for necessary compliance of different directions of Hon'ble Calcutta High Court.

ii) The Department took up with the Home Department, Director General of Police, Commissioner of Police, Calcutta ; Information & Cultural Affairs Department, Station Director of All India Radio, Director of Doordarshan. District Magistrates and Superintendent of Police at different stages for compliance of orders of the Hon'ble High Court.

iii) In pursuance of the order of Hon'ble High Court, Calcutta, West Bengal Pollution Control Board as well issued notices to the Director General of Police, Commissioner of Police, all District Magistrates and all Superintendent of Police to restrict noise level and time schedule of Microphones.

iv) During Durgapuja, Kalipuja, Sabe Barat, Jagadhatri Puja and other festivals State Pollution Control Board, along with the Calcutta Police and West Bengal Police, monitored at the different places in West Bengal and took all precautionary measures as per order of the Hon'ble Court.

v) During Durgapuja, Kalipuja, Saraswati Puja, Shiva Ratri, 'Id', State Pollution Control Board temporarily opened a Control

Room in its office at 10, Camac Street (2nd floor), Calcutta and received a number of complaints and took necessary action in pursuance of the public complaints. Apart from this, as per the assignment of Calcutta High Court, State Board received public complaints on noise pollution and had been taking action as provided under the law.

vi) Moreover, duirng Kalipuja, State Board banned different types of fireworks generating noise level beyond 65 dB(A).

vii) During Durgapuja, Kalipuja, Jagadhatri Puja, Saraswati Puja, 'Id' and Shiva Ratri, nearly 100 Barwari/Organizers had been identified as violators of the order of the Hon'ble Court and reports were placed by the State Board before the Hon'ble High Court, Calcutta. Hon'ble Court issued necessary orders against the offenders. Apart from this Calcutta Police and Bengal Police also seized a number of microphones and lodged cases against the offenders in Calcutta and in different districts.

On 31st December, 1996 (night time) a number of big hotels and clubs were visited by the State Board officials and 5(five) clubs and hotels were identified in respect of violation of the order of the Hon'ble High Court, Calcutta and directions of the State Pollution Control Board by using microphones. Against such organizations Hon'ble Court had already issued orders.

viii) Metro Rail Authority has also been persuaded to take appropriate steps to reduce noise pollution during operation of Metro Rail and to suspend commercial announcement.

ix) After the order of the High Court regarding restriction of microphones for religious places, a meeting was held by the Government with religious leaders to explain to them the implication of such a judicial order.

Order of the Hon'ble High court, Calcutta has been welcomed by the people and this year use of microphones has been reduced substantially and the trend of use of fireworks has been comparatively less than that in previous years.

## Number of Refugee Rehabilitation Centre

***525.** (Admitted Question No.*2207) **Dr. Pravin Kumar Shaw :** Will the Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department be pleased to state—

(a) number of Refugee Rehabilitation Centres in the State ; and

(b) whether the government has any plan to close down different Refugee Rehabilitation Centres in the State ?

**Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Deptt :**

(a) There is no Refugee Rehabilitation Centre named as such in the State. But there are 9(nine) Refugee Rehabilitation Camp and Homes and 4(four) Production Centres spread over in 3(three) districts of North 24-Parganas, Hooghly and Nadia.

(b) There is a proposal for maintaining 3(three) Homes viz. Habra composite Home, Bansberia women's Home and Chandmari P.L. Home & permanent Homes and winding up 6(six) other Homes in a phased manner.

## মুসলিম মেয়েদের শিক্ষার হার

*৫২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১৬) **শ্রী মুরসালিন মোল্লা ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বাঙালি মুসলিম মেয়েদের শিক্ষার হার কত ; এবং

(খ) সাখাওয়াত মেমোরিয়াল গার্লস হাইস্কুলে উর্দুভাষী মেয়েদের এবং বাঙালি মুসলিম মেয়েদের ভর্তির হার কত?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) জন গণনার নথিতে এরকম তথ্য রাখা হয় না। রাজ্য বিদ্যালয় শিক্ষাদপ্তরেও এ ধরনের কোনও তথ্য নেই।

খ) বিদ্যালয় শিক্ষা দপ্তরে এই ধরনের তথ্য রাখা হয় না।

## Question Hour is over

**Mr. Speaker :** Before I take up other matter, I have received a privilage notice from Shri Abu Ayes Mondal under rule 226 of the

Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I call upon Shri Abu Ayes Mondal to move his motion.

## Motion Under Rule-226

**Shri Abu Ayes Mondal :** Sir, I give notice under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly to move the motion of privilege against the Anandabazar Patrika and the Economic Times for publishing distorted and malafide news item under the captain.

"পশ্চিমবঙ্গে সরকারি সিন্দুকে হদিস নেই পঞ্চাশ লক্ষ টাকার" (২৯।৫।৯৭) ; "অডিট এড়াতে পি. এল অ্যাকাউন্টে কোটি কোটি টাকা সরাচ্ছে রাজ্য"—(৩০।৫।৯৭) ; "সিন্দুক থেকে টাকা লোপাট মেডিক্যালে" (৩১।৫।৯৭) ; "সিন্দুকে তছরূপ, করদাতার অর্থ গায়েবের আরও অভিযোগ" (১।৬।৯৭) ; "পঞ্চায়েত ভোটে ঢালতেই টাকা সরানো হচ্ছে অবৈধ অ্যাকাউন্টে' (২।৬।৯৭) ; "বহু পি এল অ্যাকাউন্টই অবৈধ ঃ পিএজি' (৩।৬।৯৭) ; "বন্ধ হচ্ছে অবৈধ পি এল অ্যাকাউন্ট" (৪।৬।৯৭) ;

"CAG Samells sticky deals in W.B. development schemes" The Economic Times. (30.5.97).

I draw your attention to the statement made by the Finance Minister, Government of West Bengal on important procedural issues regarding consideration of the report of the Comptroller and Auditor General on the 10th June, 1997 wherein it is stated that some motivated attempts which are being made by certain quarters to give an unauthorised and distorted version of some priliminary audit points before these are finally included in the CAG report.

The news items published in the Anandabazar Patrika and in the Economic times on the dates as mentioned above is not corraborated by the statement made by the Finance Minister. The reports of the CAG for the year '95-'96 were presented to the House on the 10th June, 1997 under the provision of Art. 151(2) of the Constitution and under rule (222) of the Rules Procedure and Conduct of Business in the West Begnal Legislative Assembly.

The news item published in both the papers, quoting the spokesman of the CAG office is utterly distorted. malafide and baseless.

The constitutional provision is that the public Accounts Committee examinees those reports presented to the Assembly and recommends to the Government the action to be taken. The news item published in both the papers is based on information received from unauthenticated sources and as such it is an infringement upon the parliamentary practice and norms.

Thus it constitutes a breach of privilege and contempt of the House by publishing such malafide, baseless and distorted news item in their publications.

I enclose the paper cuttings of both the papers of dates mentioned in my notice and the statement of Finance Minister for ready reference.

স্যার, এইভাবে সংবাদ পরিবেশন করে বিধানসভার অধিকার খর্ব করা হয়েছে। গতকাল মাননীয় অর্থমন্ত্রী এ সম্পর্কে যে বিবৃতি দিয়েছে তাতে দেখা যাচ্ছে যে, সি. এ. জি. রিপোর্ট এখানে পেশ হওয়ার আগে পর্যন্ত সম্পূর্ণ কনফিডেন্সিয়াল থাকে। গতকালই তিনি ভারতীয় সংবিধানের ১৫১(২) ধারা অনুযায়ী সি. এ জি. রিপোর্ট এখানে পেশ করেছেন। তাই আমি মনে করি এইভাবে সংবাদ পরিবেশন করে বিধানসভার স্বাধিকার ভঙ্গ করা হয়েছে। আমরা চাই সত্য উদ্‌ঘাটিত হোক। অতএব বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক, এই প্রস্তাব আমি এখানে রাখছি।

[12-10—12-20 p.m.]

(Noise)

**Mr. Speaker :** No debate. Now there has been a notice under rule 226 by the Hon'ble Member Abu Ayes Mondal on the ground that there has been a breach of privilege relating to the Comptroller and Auditor General's disclosures in two newspapers, Anandabazar Patrika and Economic Times.

(interruption)

Please, please. If you don't have patience how can you be a member of Parliament? পার্লামেন্ট, ধৈর্য্যই হচ্ছে প্রথম কোয়ালিটি। বসুন। বসুন Now as it is our past practice we will call for an explanation from the newspapers. Let them explain their position what they have got to say on this. After that we will decide the matter. Secretary will call them. Letters will be sent to these newspapers asking for the explanation. Then we will deal with this matter.

**শ্রী সৌগত রায় :** কালকেই অসীমবাবু ভয় দেখিয়েছিলেন। প্রিভিলেজ আনবো।

(Noise)

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Abdul Manna MLA on the subject of failure of the State Government to Audit the accounts of the Gram Panchayats, Panchayat Samities and Zila Parishads in the State since 1991-92.

Yesterday Hon'ble Finance Minister made a statement in the House which covers all the points raised in the present Motion. Morever the Members will get ample scope to raise the matter during the discussion and voting on the budget estimates of panchayat Department which will be taken up in the current session.

The Motion thus appears to be out of order and I do not accept it.

**শ্রী কমল কান্তি গুহ :** আলোচনার সুযোগ না দিয়েই প্রিভিলেজে দিয়ে দিলেন।

**মিঃ স্পিকার :** আলোচনা হয় না। We will call for explanation. that is the rule. এখানে আলোচনা হয় না। that is not procedure.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | Name |
|---|---|---|
| i) | Steps taken by the Calcutta Corporation to clean up Calcutta. | : Shri Sougata Roy |
| ii) | Reported misappropriation of public money in purchasing relief materials from Benfed | : Shri Mozammal Haque |
| iii) | Reported death of a prisoner in Contai Sub-Jail, Midnapore. | : Shri Sailaja Kumar Das |
| iv) | Non payment of salary to the employees of Eastern Explosive (Chhinpali-Birbhum) since October '96 | : Shri Suniti Chattaraj |

I have selected the notice of Shri Sougata Roy on the subject of Steps taken by the Calcutta Corporation to clean up Calcutta.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

(At this stage members of Congress walked out of the Chamber.)

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 19th June.

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অতীতে নজীর আছে যে আলোচনা করে তারপর দুপক্ষের কথা শুনে, সবার কথা শুনে স্পিকার প্রিভিলেজ কমিটিতে পাঠান অতীতে এই নজির আছে। আপনি জোর করে আমাদের মুখ বন্ধ করে দিতে চাচ্ছেন। এটা কিন্তু (ভাল) সুস্থ লক্ষ্যণ নয়।

(At this stage Shri Deba Prasad Sarkar rose to speak)

**Mr. Speaker :** Mr. Sarkar please, please. In the past we have followed a certain procedure. I am just following the procedure that has been followed in the past. নতুন কোনও প্রসিডিওর আমি স্থাপন করিনি। যেটা অতীতে আমরা করেছি খবরের কাগজের ব্যাপারে সেই পদ্ধতি এখানে গ্রহণ করেছি। we call for explanation.

এক্সপ্ল্যানেশন করার পর তারপর যদি আমি মনে করি। explanation is not satisfactory or that there appears to be a breach of privilege then I will send it to be privilege committee or we debate in the House. এই ফরমেই করি আমরা without hearing the newspapers এটা করি না। এটা ঠিক না। they have to be heard fast. তারপর যা হবে, তা হবে। এক তরফা হয় না। They are not being heard তাদের কিছু বলার থাকতে পারে। Letter will go to them. They will give their explanation. তারপর যদি কোনও ডিবেট করতে হয় হবে। আর যদি দরকার না হয়, হবে না। আগে আমরা বিচার করে নেব? না এভাবে হয় না। We do not do it in this way. I am sorry. It is not done in that way.

যে প্রসিডিওর আছে সেই প্রসিডিওর অনুযাই হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এটা খুব একটা এক্সেপশন্যাল ব্যাপার স্যার। এরকম একটা ইরেগুলারিটিজ অফ ফান্ড এক্সেপশন্যাল ব্যাপার?

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনি আলোচনা করতে দিলেন না। এটা ডেমোক্রাসির উপর আঘাত। এটা স্যার একটা এক্সেপশন্যাল ব্যাপার। আপনি প্রোটেকশন দিচ্ছেন।

**Mr. Speaker :** there is no such thing as exceptional in the matter of privilege.

(interruption)

It is an established procedure. There is no question of protection. এটাই করি আমরা। এটা আগে এক হাজার বার হয়েছে। আজকে আবার প্রোটেকশনের প্রশ্ন উঠছে কেন।

## PRESENTATION OF REPORT

**Presentation of the 3rd and 4th Reports of the Subject Committee** on Education, Information and Cultural Affairs, Sports and Youth Services, 1996-97.

**Shri Padma Nidhi Dhar** (The Chairman) : Sir, I beg to present the 3rd Report on Pension Cases of School Teachers and Non-Teaching Staff and 4th Report on Pre-Voting Budget Scrutiny of the Subject Committee on Education, Information and Cultural Affairs, Sports and Youth Services, 1996-97.

**Presentation of the 10th Report of the Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation, Tourism and Welfare, 1997-98.**

**Shri Bidyut Kumar Das** (The Chairman) : Sir, I beg to present the 10th Report of the Subject committee on Relief, Refugee Relief & Rehabilitation, Tourism and Welfare, 1997-98 on Pre-Voting Budget Secrutiny relating to Relief, Refugee Relief & Rehabilitation, Tourism and Welfare Departments for the year 1997-98.

## MENTION CASES

**শ্রী গোপালকৃষ্ণ দে :** (নট প্রেজেন্ট)

**মিঃ স্পিকার :** ডঃ নির্মল সিনহা, আপনি এখানে উল্লেখ করেননি যে মেনশনে আপনি কি বলবেন, এটা কিন্তু ঠিক নয়, এটা নিয়মবিরুদ্ধ। যাইহোক, আপনি বলুন।

**ডঃ নির্মল সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে শিরাকোল থেকে আমড়াতলা পর্যন্ত পি. ডবলু. ডি'র যে রাস্তাটি আছে সেই রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। গত তিনমাস যাবৎ ঐ রাস্তায় বাস চলাচল বন্ধ হয়ে আছে। বাস-ই ঐ এলাকার সঙ্গে কলকাতার

যোগাযোগের একমাত্র উপায়। এর ফলে সেখানেকার জনগণ অত্যন্ত বিক্ষুব্ধ এবং উত্তেজিত হয়ে পড়ছেন। বারবার বলা সত্ত্বেও ঐ রাস্তাটির মেরামতির কাজ হচ্ছে না কিছুতেই। মাননীয় মন্ত্রী মহাশয়ও সেখানে গিয়েছিলেন এবং তিনি সেখানে পি. ডবলু. ডি'র একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে বলেও এসেছিলেন রাস্তাটি অবিলম্বে মেরামত করার জন্য কিন্তু তা সত্ত্বেও উনি বিভাগীয় টাকার অভাব এই অজুহাতে কাজ করছেন না। পরবর্তীকালে জেলা পরিষদ থেকেও ৮ লক্ষ টাকা এরজন্য দেওয়া হয়েছে কিন্তু কোনও কাজ উনি শুরু করছেন না। গত সপ্তাহে ওখানকার বাস যাত্রী সমিতির পক্ষ থেকে এরজন্য ডেপুটেশনও দেওয়া হয়েছে এবং তাকে বলা হয়েছে অবলম্বে রাস্তাটির মেরামতের জন্য, উনি কথাও দিয়েছিলেন যে গত সপ্তাহের শুক্রবার থেকে কাজ শুরু হবে কিন্তু তা সত্ত্বেও উনি কাজ শুরু করেননি। জানি না কি কারণে তার এই গাফিলতি। আমরা তো মনে করি বামফ্রন্ট সরকারের ভাবমূর্তিকে বিনষ্ট করার জন্য পরিকল্পিতভাবে উনি এইসব কাজ করছেন। উনি মন্ত্রী মহাশয়কে পর্যন্ত অপমান করলেন। আমি আশা করি ওর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। অবিলম্বে ঐ রাস্তাটি মেরামত করে বাস চলাচলের উপযোগী করে তোলার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মানিক উপাধ্যায় :** (নট প্রেজেন্ট)

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে ভারত সরকারের রেল দপ্তরের কাছে একটি বিষয় তুলে ধরতে চাই। স্যার, আমরা জানি যে পৃথিবীর মধ্যে দ্বিতীয় বৃহত্তম রেল ব্যবস্থা হচ্ছে ভারতীয় রেল ব্যবস্থা। কিন্তু বেশ কিছুদিন ধরেই আমরা লক্ষ্য করছি হাওড়া ও শিয়ালদহ ডিভিসনের রেল পরিচালনা ব্যবস্থার চূড়ান্ত অবনতি ঘটেছে। সঠিক মেরামতির অভাবে এখানকার অধিকাংশ রেক এবং কামরা ক্ষতিগ্রস্ত—জানলা নেই, পাখা নেই, আলো নেই। নিত্যযাত্রীরা এর ফলে প্রচন্ড অসুবিধার মধ্যে পড়ছেন। তা ছাড়া রেলের যা ট্রাক তাও ঠিকমতোন মেরামত হয়না ফলে কোথাও প্যানটোগ্রাফ ভেঙ্গে পড়ছে, একটু ঝড় হলেই কোথাও বা তার ছিঁড়ে পড়ছে। স্যার, গত ৬ই জুন হাওড়া ষ্টেশনে যে ঘটনা ঘটলো তা মারাত্মক। রাত্রি ৮টা ২০ মিনিট থেকে রাত্রি ১২টা পর্যন্ত কোনও ট্রেন চলল না কারণ কোনও গার্ড নেই। ২৬জন গার্ডের পদ এখানে শূন্য পড়ে রয়েছে। স্যার, এর আগে স্টেশনে, লেভেল ক্রশিং-এ কেবিনে লোক না থাকার কথা শুনেছি কিন্তু এখন শুনছি গার্ডও নেই। ইষ্টার্ন রেলওয়ের হাওড়া ডিভিসনে ২৬টি গার্ডের পদ শূন্য রয়েছে, সেগুলি পূরণ করা হচ্ছে না। আপনার মাধ্যমে, এই সভার মাধ্যমে, ভারত সরকারের রেল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি যেন অবিলম্বে সমস্ত শূন্য পদ পূরণ করা হয়, নতুন রেক দেওয়া হয় এবং রেল বিভাগে যে অচলাবস্থা চলছে তা যেন অবিলম্বে দূর করা হয়।

**মিঃ স্পিকার :** বিষয়টা আপনার এম. পি. কে দিয়ে দিল্লিতে তুলছেন না কেন? এখানে বলা যায় এটা?

**শ্রী সবুজ দত্ত ঃ** (অনুপস্থিত)

**ডাঃ তপতী সাহা ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ তথা লজ্জাজনক ঘটনার প্রতি। মহিলার নাম পাপিয়া চ্যাটার্জি, বয়স ২৩, স্বামীর নাম শুভেন্দু চ্যাটার্জি—সুপারভাইজর, হরিণঘাটা দুগ্ধ প্রকল্প, পশ্চিমবঙ্গ সরকার, ওদের বাসস্থান মোহনপুর কোয়ার্টার নম্বর এন-৯, ঘটনার দিন ২৭.৫.৯৭, সময় রাত ৮.৩০ মিনিট। ঐ দিন ঐ সময়ে মহিলার উপর অত্যাচার করা হয় এবং শরীরে কেরোসিন ঢেলে জ্বালিয়ে দেওয়া হয়, ফলে মহিলার দেহ ১০০ পারসেন্ট পুড়ে যায়। এর কারণ হ'ল তথাকথিত অভিজাত পরিবারের বেলেল্লাপনার প্রতিবাদ ও মানিয়ে নিতে না পারা। আসামী শুভেন্দু চ্যাটার্জির কাকা, কল্যাণী থানার কুখ্যাত ও. সি. সমস্ত বিষয়টা চেপে দেবার চেষ্টা করেন এবং এখনও বিষয়টা চেপে দেবার চেষ্টা করে চলেছেন, এখনও পুলিশ প্রশাসনকে প্রভাবিত করবার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তাঁর শাশুড়ি অন্নপূর্ণা চ্যাটার্জি কোয়ার্টার থেকে এখনও পলাতক। এই লজ্জাজনক ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত আমি দাবি করছি, সঙ্গে সঙ্গে আসামীদের শাস্তির দাবি করছি।

**শ্রী রামজনক মাঝি ঃ** (অনুপস্থিত)

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাজ্যের কৃষি-বিপণন মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। সমস্যাটা হচ্ছে, পশ্চিমবঙ্গে এবারে যে আলুর উৎপাদন হয়েছে, সরকারি পরিসংখ্যান অনুযায়ী যার পরিমাণ ৭০ লক্ষ মেট্রিক টন, তার মধ্যে মাত্র ৩০ লক্ষ মেট্রিক টন আলু হীমঘরে ঢুকেছে। বাকি যে আলু সেটা চাষীদের ঘরে পড়ে পড়ে নষ্ট হচ্ছে। সেই আলু তারা ৬০-৭০ টাকা কুইন্টল দরে বিক্রি করতে বাধ্য হচ্ছেন। গত বছর এই সময়ের এক মাস আগেই কোল্ড স্টোরেজগুলি খুলেছিল, কিন্তু এবছর এখনও সেগুলো খুলছে না। তার জন্য চাষীদের ঘরে আলু নষ্ট হচ্ছে। এখান থেকে আলু আশপাশের রাষ্ট্রগুলিতে পাঠাবার ব্যাপারে মন্ত্রিসভায় আলোচনা হয়েছে এবং খবরের কাগজেও সেটা বেরিয়েছে। আন্তঃরাজ্য চলাচলও ওপেন হয়েছে। সেটাও এক মাস হয়ে গেল। তাই যাতে অবিলম্বে বাংলাদেশ, নেপাল, শ্রীলঙ্কা প্রভৃতি দেশগুলিতে এখান থেকে আলু রপ্তানি করা যায় তারজন্য কৃষি-বিপণন মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** (অনুপস্থিত)।

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার দামোদর নদের বাম তীরবর্তী আমতা থেকে জয়নগর পর্যন্ত নদী-বাঁধগুলির কয়েকটি জায়গায় গভীর ভাঙ্গন দেখা দিয়েছে। শুধুমাত্র ভাঙ্গনই নয়, দীর্ঘ দিনের গোটা নদী-বাঁধটি বর্ষনের ফলে নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত অবস্থায় রয়েছে। অবস্থা সামাল দিতে গেলে অবিলম্বে প্রয়োজনীয় মেরামত এবং ভাঙ্গন প্রতিরোধ করা দরকার। কারণ এর মধ্যেই বর্ষা প্রায় শুরু হয়ে গেছে এবং তারফলেই সেখানকার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। সে কারণে ঐ এলাকার বিধায়ক হিসাবে

আশপাশের জনসাধারণের পক্ষ থেকে সেচ বিভাগের মন্ত্রীকে আমি বলছি যে, বিভাগীয় ইঞ্জিনিয়াররা এস্টিমেট করেছেন।

কিন্তু প্রয়োজনীয় বরাদ্দ না পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। অবিলম্বে এই বিষয়ে প্রয়োজনীয় বরাদ্দ মঞ্জুর করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানাচ্ছি। বিষয়টি জনগণের পক্ষে বিশেষ গুরুত্বপূর্ণ। সেই কারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** (নট প্রেজেন্টে)

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** স্যার, আমাদের ভারত সরকার পশ্চিমবঙ্গে ৪২ হাজার সি. এইচ. জি কর্মী নিয়োগ করেছেন। গরিব জনগণের স্বাস্থ্য সম্পর্কিত বিষয় দেখার জন্য এই ৪২ হাজার সি. এইচ. জি কর্মিদের নিয়োগ করা হয়েছে। তাদের মাসিক বেতন বলুন আর ভাতা বলুন তা হল মাসে মাত্র ৫০ টাকা। তাও আবার ৯ মাস বন্ধ হয়ে আছে। আমি এই সভার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর মারফৎ কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন জানাচ্ছি যে এই সি. এইচ. জি কর্মিদের ভাতা বৃদ্ধি করা হোক। তা যদি না করা হয় তাহলে আমাদের রাজ্য সরকার এই ৪২ হাজার কর্মিদের কিছু বাড়াতে পারেন কি না সেটা গুরুত্ব দিয়ে বিচার করুন। এই গত ৯ মাস যে ভাতা বন্ধ হয়ে আছে তা যাতে তারা অতি সত্তর পায় তার জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর এবং স্বাস্থ্যমন্ত্রীর মারফৎ কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ফনীভূষণ রায় ঃ** (নট প্রেজেন্ট)

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবেশ মন্ত্রী এবং পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের খেঁজুরীতে একটা ভয়াবহ সমস্যা দেখা দিয়েছে। আমাদের ওখানে দুটি পুজো হয়ে গেল, খেঁজুরী এবং জঙ্কাতে। সেই পুজোতে একটা প্যান্ডেলে ৪টি থেকে ৬টি বক্স এবং ৮ থেকে ১০ টি বড় মাইক বাজানো হয়েছে এবং সেই মাইক সারা রাত্রিব্যাপী বাজানো হয়েছে। এখানে ১২ বছর বয়সের একটি মেয়ের কানে তালা লেগে গেছে, তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে, সে ভাল হবে কি না জানিনা। এইভাবে সেখানকার লোক একটা মারাত্মক শব্দ দূষণের প্রকোপে পড়েছে। এই ব্যাপারে পুলিশকে খবর দেওয়া হয়েছে, কিন্তু পুলিশ কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। এইভাবে গ্রামাঞ্চলের মানুষ শব্দ দূষণের জালায় অতিষ্ঠ হয়ে উঠেছে। এই ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ না করলে, আমরা শব্দ দূষণ নিয়ে বিধানসভার ভেতর এবং বাইরে নানা কথা বলি, তাহলে তার কোনও অর্থ থাকবে না। মাননীয় পুলিশমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন প্রতিটি থানার ও. সি.কে সতর্ক করে দেন এই বিষয়ে। এম. এল. এ-র কথাতেও তাঁরা বক্স আটক করে না। এমনভাবে মাইক চালানো হয় যে মানুষ সারা রাত্রি ঘুমোতে পারে না। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোককুমার দেব :** (নট প্রেজেন্ট)

**শ্রী হাফিজ আলম সৈরানী :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার যে ভারতবর্ষে প্রায় ২০ কোটি কৃষি শ্রমিক আছে। এই ২০ কোটি কৃষি শ্রমিকদের জন্য ভারতবর্ষে কোনও আইন করা হয়নি। কিন্তু সুখের খবর এই যে কেরালা এবং ত্রিপুরা সরকার তাদের রাজ্যে কৃষি শ্রমিকদের জন্য আইন করেছে যদিও আমাদের বামফ্রন্ট সরকারের মতো এক নাগাড়ে তারা ২০ বছর ধরে রাজত্ব করার সুযোগ পায়নি। আমাদের বামফ্রন্ট সরকার ২০ বছর ধরে ক্ষমতায় আছে, পশ্চিমবঙ্গে ২ কোটি কৃষি শ্রমিক আছে, তাদের স্বার্থে বামফ্রন্ট সরকার যাতে একটা আইন প্রণয়ন করে তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, রাজ্যের জনগণের রক্ত নিসৃত অর্থ দেয় করের টাকা সরকারি কোষাগার, অর্থাৎ ট্রেজারীতে জমা হচ্ছে।

[12-30—12-40 p.m.]

ট্রেজারীতে তহবিল যেভাবে নয়ছয় হওয়ার ঘটনা ঘটছে, একের পর এক যে অভিযোগ পাওয়া যাচ্ছে, তাতে রাজ্যবাসীর সাথে আমরাও গভীরভাবে উদ্বিগ্ন। একআধ কোটি নয়, প্রায় ৬২ কোটির মতো টাকা রাজ্যের ট্রেজারীগুলো থেকে অ্যাডভান্স বিল করে তুলে নেওয়া হয়েছে। পরবর্তী পর্যায়ে টাকা খরচ করে ডিউ ভাউচার দিয়ে সেখানে যে ডিটেল্ড কন্টিনজেন্সী বিল, সেই কন্টিনজেন্সী বিল সাবমিট করে দেওয়া হয়েছে। সেই খরচের কোনও হিসাব ট্রেজারীতে নেই। ১৯৮৭ থেকে ১৯৯৫ সালের মধ্যে এইরকম ৬২ কোটি টাকা অ্যাডভান্স বিল করে তুলে নেওয়া হয়েছে জনগণের টাকা। এই টাকা কিভাবে খরচ হয়েছে রাজ্যবাসী তা জানে না। সরকার সে সম্পর্কে জনসাধারণকে এখনও পর্যন্ত ওয়াকিবহাল করেননি। এ সম্পর্কে প্রশ্ন উঠেছে এবং আমরা খুবই উদ্বিগ্ন, বিশেষ করে পি. এল. (পার্সোনাল লেজার) অ্যাকাউন্ট খুলে নির্দিষ্ট প্রকল্পের জন্য বরাদ্দকৃত টাকা তুলে নিয়ে ইচ্ছামতো ব্যয় করা হয়েছে। গতকাল আমরা এই প্রশ্ন তুলেছিলাম যে আড়াই হাজার কোটি টাকা পি. এল. অ্যাকাউন্ট খুলে তুলে নেওয়া হয়েছে। এই যে বিশৃঙ্খল অবস্থা, এর ফলে গ্রামের কৃষক বঞ্চিত হচ্ছে, গ্রামের বেকাররা বঞ্চিত হচ্ছে। কেন্দ্রের টাকা এইভাবে পি. এল. অ্যাকাউন্টে যদ্রুপ ব্যবহার হচ্ছে, তছরূপ হচ্ছে। করদাতাদের টাকা যা ট্রেজারিতে জমা থাকার কথা, সেই টাকা বেহিসাবী থেকে যাচ্ছে, সেই টাকার কোনও হিসাব ট্রেজারিতে নেই। এরফলে সরকারি কর্মচারিরা বিপন্ন হয়ে পড়ছে। সরকারি কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা যা ট্রেজারিতে রাখা হয়, তার হিসাব থাকছে না। তারা সুদ থেকে বঞ্চিত হচ্ছে। সংবাদপত্রে যখন এইরকম খবর বেরোচ্ছে, এটা উদ্বেগজনক যে, সরকারের এই সমস্ত দুর্বলতা ঢাকার জন্য আপনি

এখানে প্রিভিলেজ অ্যালাউ করছেন। আজকে সংবাদপত্রের কণ্ঠরোধ করার চেষ্টা করা হচ্ছে। এইভাবে কণ্ঠরোধ করে এটা বন্ধ করা যাবে না। এর ফলে জনগণের মধ্যে সন্দেহ প্রবলভাবে দেখা দেবে। সরকারের অ্যাকাউন্টেবিলিটি সম্বন্ধে সন্দেহ দেখা দেবে। নির্বাচিত সরকার কিভাবে টাকা খরচ করল তার হিসাব বিধানসভার কাছে দিতে বাধ্য। সরকারি টাকা, ট্রেজারিতে জমা থাকা জনগণের টাকা এইভাবে নয়ছয় হবে, এই ঘটনায় একজন রেসপন্সিবল্ সদস্য হিসাবে, পিপল্স্ রিপ্রেজেন্টেটিভ হিসাবে আমরা নীরব দর্শক হয়ে থাকতে পারিনা। আজকে সংবাদপত্রে এই সমস্ত অভিযোগ উঠেছে। এই সমস্ত সংবাদ যাতে সংবাদপত্রে না বেরোতে পারে তারজন্য এখানে প্রিভিলেজ এনে সংবাদপত্রের কণ্ঠরোধ করা হবে? আমি এই ঘটনার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সরকারের যে ট্রেজারি রুলস্ আছে, যে ফিনান্স রুলস্ আছে তা যেন এই সমস্ত ঘটনায় যথাযথভাবে প্রয়োগ করা হয়। আমি সরকারি নিয়মকানুন যা আছে সেই অনুযায়ী যথাযথ তদন্ত দাবি করছি।

**শ্রী দেবনাথ মুর্মু ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন এলাকা হলো গাজল। ওখানে একলক্ষী ষ্টেশন থেকে আলমপুর পর্যন্ত ৩৪নং জাতীয় সড়কের মধ্যে যোগাযোগ রক্ষাকারী যে রাস্তা, সেটি একলক্ষী বালুরঘাট রেল লাইনের কাজ চলার ফলে অত্যন্ত সংকীর্ণ হয়ে পড়েছে। ওখানে রেল লাইনের কাজ যেহেতু চলছে তার ফলে ইদানিং এই রাস্তাটির গুরুত্ব খুব বেড়েছে। ভারি ভারি লোড করা গাড়ি ঐ রাস্তায় ঢুকছে। ঐ রাস্তায় ম্যাক্সী, ট্যাক্সী, ট্রেকার প্রচুর চলছে। সরু থাকার ফলে রাস্তা দিয়ে গাড়ি ক্রসিং করার খুব অসুবিধা হচ্ছে এবং অচলাবস্থার সৃষ্টি হয়েছে। এই ব্যাপারে গতবারের বিধানসভাতে মেনশন করেছিলাম, এবারও পূর্ত দপ্তরের মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, অবিলম্বে ওই রাস্তা চওড়া করা দরকার এবং তারজন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। সেই কারণে পূর্ত মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, অবিলম্বে ওই রাস্তা চওড়া করার ব্যবস্থা করা হোক।

**শ্রী অজয় দে ঃ** (অনুপস্থিত)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রিসভা এবং ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি কর্ণাটকে যে জাতীয় গেমস্ হয়ে গেল তাতে দেখা গেল যে অন্যান্যবারের তুলনায় এবার মান ক্রমশ নেমে আসছে। অন্যবার তবুও মাঝামাঝি জায়গায় ছিল,এবার আরও নিচে নেমে এসেছে। এবং এইভাবে পশ্চিমবঙ্গের মান ক্রমশ নেমে আসছে। কিন্তু তবুও এবার ব্রোনজ, রুপো এবং সোনা লাভ করেছে। ফুটবল এবং টেবিল টেনিসে যে একটা বিশেষ স্থানে ছিল, তারও মান নেমে এসেছে। অর্থাৎ সামগ্রিক অবনতি ঘটেছে। আমাদের দেশে খেলাধূলোর ক্ষেত্রে টেবিল-টেনিস এবং ক্রিকেট ছাড়া অন্যান্য খেলায় মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত শ্রেণীর ছেলে মেয়েরা বিশেষ স্থান অধিকার করে থাকে। তারা নিজেদের উদ্যোগে গুগলী সামুক খেয়ে খেলাধূলোর চর্চা করে থাকে। খেলাধূলোর ক্ষেত্রে

আমাদের হয়ে তারা প্রতিনিধিত্ব করে থাকে। তারা পশ্চিমবঙ্গের হয়ে প্রতিনিধিত্ব করছে। কেউ কেউ আবার প্রথম স্থানও অধিকার করেছে। সেই কারণে আমার ক্রীড়ামন্ত্রীর কাছে আবেদন তাদের অন্তত একটা কর্মসংস্থানের ব্যবস্থা করা হোক। এই ব্যাপারে আমি আবেদন জানাচ্ছি যে, স্পোর্টসের জন্য ওয়ান পারসেন্ট, টু পারসেন্ট কোটার ব্যবস্থা করা হোক। নিম্ন, মধ্যবিত্ত শ্রেণীর ঘরের ছেলে মেয়েরা এই খেলাধূলায় অংশ গ্রহণ করে। পশ্চিমবঙ্গ যেভাবে খেলাধূলার পিছিয়ে যাচ্ছে তাতে যদি এই কোটার ব্যবস্থা করা হয় তাহলে এই খেলাধূলার প্রতি উৎসাহ আরও বাড়বে। সেই কারণে আমার আবেদন একটা ১ পারসেন্ট বা টু পারসেন্টের কোটার ব্যবস্থা করে কর্মসংস্থান দিতে পারলে পরে অনেক ছেলের উপকার হবে।

**শ্রীমতী মায়ারাণী পাল:** (অনুপস্থিত)

**শ্রী বংশীবদন মৈত্র:** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র খানাকুল এলাকায় বিশেষ করে আরামবাগের দ্বারকেশ্বর, রূপনারায়ণ, মুন্ডেশ্বরী এবং হরিণখালি নদীগুলো ওইসব এলাকার ভেতর দিয়ে প্রবাহিত। প্রতি বছরেই ওইসব নদীর সংস্কার হয়ে থাকে। ইরিগেশন দপ্তর এই ব্যাপারে ব্যবস্থা নিয়ে থাকে। কিন্তু এই বছরে এখনও কোনও কাজ শুরু হয়নি। সামনেই বৃষ্টির সিজন, বন্যা আসবে, নদীগুলোর যদি সংস্কারের ব্যবস্থা করা না হয় তাহলে ওইসব এলাকাগুলো ভেসে যাবে। গত বছরে দু একটি জায়গায় কাজ হয়েছে, এবার কোনও কাজই হয়নি। খানাকুল এলাকায় প্রায় আড়াই লক্ষ লোক বাস করে, এর ফলে তারা বন্যার কবলে পড়বে।

[12-40—2-10 p.m.] (including adjournment)

এছাড়া হাওড়া জেলায় উদয় নারায়ণপুর এলাকায়ও লক্ষাধিক মানুষ-এর সঙ্গে যুক্ত হয়ে যাবে। সেই হিসাবে বিশেষ বিশেষ জায়গাগুলি বিশেষ করে মুন্ডেশ্বরী নদীর যে নিমতলা পয়েন্ট আছে বালিপুর এলাকায় সেই, এলাকায় ইরিগেশন দপ্তর কাজ করেছে আগের বৎসর পর্যন্ত, গত বছরে কাজ করেনি। ঐ এলাকা ভেঙ্গে গেলে মোট এলাকার দুই থেকে আড়াই লক্ষ মানুষ বন্যার কবলে পড়বে। যাতে সেচ দপ্তর গুরুত্ব সহকারে এখানে কাজ করে বন্যা প্রতিরোধের জন্য, তাই আমি এই আবেদন করছি।

## ZERO HOUR

**Shri Akbar Ali Khondakar:** (Was not present in the House)

**Shri Saugata Roy:** (Was not present in the House)

**Shri Ajay Dey:** (Was not present in the House)

**Shri Abdus Salam Munshi:** (Was not present in the House)

**Shri Gopal Krishna Dey:** (Was not present in the House)

**Shri Manik Upadhyay:** (Was not present in the House)

**Shri Tapas Banerjee:** (Was not present in the House)

**Shri Pankaj Banerjee:** (Was not present in the House)

**Shri Asoke Kr. Deb:** (Was not present in the House)

**Shrimati Shanta Chhetri**; I would like to draw the attention of the Hon'ble Education Minister through you, sir. Sir, Napali community of Naxalbari in the district of Darjeeling managed to open a Nepali medium Junior high School at Naxalbari in 1982 to feed children of about ten Nepali medium primary schools of that locality. The managing committee, however, started the school with voluntary centribution and donation etc. with the expectation that the school would be recognised and taken up by the Government soon. Inspite of submission of several memoranda and appeals to the Government by the managing committee of the schools since its inception the school is yet to be recognised and taken by the Government. Hon'ble Speaker, sir, I would like to draw the attention of the Government through you to take immidiate necessary step to recognise the school to safeguard the sentiment of the community of the place. I would also like to apprise you that there is not a single high school for Nepali medium students at Naxalbari except the said Naxalbari Junior High School.

**মিঃ স্পিকার:** এখন বিরতি, আমরা আবার মিলিত হব ২টার সময়।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2-00—2-10 p.m.] (After recess)

## LEGISLATION

**Mr. Speaker:** There are three Bills—1. The Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997. 2. The Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997. 3. The Asansol Municipal Corporation (Amendment) Bill, 1997. We will take up the three Bills together for debate. But the voting will be separate. The first one is the Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997.

**The Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997.**

**Shri Ashok Bhattacharyya :** Sir, I beg to introduce the Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashok Bhattacharyya :** Sir, I beg to move that the Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997, be taken into consideration.

**The Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997.**

**Shri Ashok Bhattacharyya :** Sir, I beg to introduce the Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashok Bhattacharyya :** Sir, I beg to move that the Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997, be taken into consideration.

**The Asansol Municipal Corporation (Amendment) Bill, 1997.**

**Shri Ashok Bhattacharyya :** Sir, I beg to introduce the Asansol Municipal Corporation (Amendment) Bill, 1997.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashok Bhattacharyya :** Sir, I beg to move that the Asansol Municipal Corporation (Amendment) Bill, 1997, be taken into consideration.

**Mr. Speaker :** There is a motion for circulation by Shri Shyamadas Banerjee. I call upon Shri Banerjee to move his motion. As he is not present in the House, his motion is not moved.

**Shri Abdul Mannan :** (Not present in the House)

**শ্রী প্রকাশ মিন্‌জ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী এই বিধানসভায় শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন অ্যামেন্ডমেন্ট যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি কিছু বলতে চাই। এখানে বিরোধীদলের বন্ধুরা উপস্থিত নেই যদি থাকতেন তাহলে ওনারা কিছু বলতেন। আজকে বিরোধীদলের বন্ধুদের যে দায়িত্ব সেই দায়িত্ব পালন না করে ওঁরা

হাউসকে বয়কট করেছেন। স্যার, আপনি জানেন যে বামফ্রন্ট সরকার আসার পর কিভাবে শিলিগুড়ি শহরকে আজ অবধি সাজিয়ে তোলা হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি যে স্বাধীনতার ৩০ বছর পরেও কংগ্রেসি শাসন ব্যবস্থায় কর্পোরেশনকে, মিউনিসিপ্যালিটিকে যেভাবে গুরুত্ব দেওয়া উচিত ছিল বা আইন সংশোধন করে যে ভাবে গুরুত্ব দেওয়া, মর্যাদা দেওয়া উচিত ছিল সেটা দেওয়ার প্রয়োজন তারা মনে করেননি। আমরা দেখছি বামফ্রন্ট সরকার আসার পর পশ্চিমবাংলায় আজকে কলকাতা শহরের পর বামফ্রন্ট সরকার উত্তরবঙ্গ এবং তার সঙ্গে সঙ্গে শিলিগুড়ি শহরকে যথেষ্ট গুরুত্ব দিয়ে, মর্যাদা দিয়ে এই শহরের উন্নয়ন খাতে বিভিন্ন সময়ে টাকা দিয়েছেন, বিশেষ করে এই শিলিগুড়ি শহরকে। স্যার, আপনি জানেন যে উত্তরবঙ্গের যে প্রবেশ দ্বার, আসাম, মেঘালয়, ভুটান, বাংলাদেশ উত্তরবঙ্গের যে কোনও রাজ্যে যদি যাওয়া যায় তাহলে মহানন্দার উপর দিয়ে যেতে হয়। বামফ্রন্ট সরকার আসার পর এই মহানন্দার যে সমস্যা ছিল, খুব অল্প সময়ের মধ্যে সেই দ্বিতীয় মহানন্দা সেতু নির্মাণ করে সেই সমস্যাকে দুর করা হয়েছে। স্যার, আপনি জানেন যে শিলিগুড়ি শহরে খেলার কোনও স্টেডিয়াম ছিল না। স্টেডিয়াম গড়ে তুলে এই শহরকে মর্যাদা দেওয়া হয়েছে। বামফ্রন্ট সরকার শুধু এই কলকাতার বুকেই নাট্যমঞ্চ গড়ে তোলেননি, উত্তরবঙ্গের মানুষের জন্য শিলিগুড়ি শহরে দীনবন্ধু নাট্যমঞ্চ করা হয়েছে। দার্জ্জিলিং শহরে পর্যটনের জন্য শুধু পশ্চিমবাংলা নয়, ভারতবর্ষ নয় বিদেশ থেকেও বহু পর্যটক আসে। সেই কারণে শিলিগুড়ি শহরকে বামফ্রন্ট সরকার গুরুত্ব দিয়ে দেখেছেন, টাকা দিয়েছেন। যেভাবে কেন্দ্রীয় সরকারের নজর দেওয়া দরকার ছিল তা দেননি। আমরা দাবি করি এই শহরের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিন। বামফ্রন্ট সরকার আসার পর রাস্তাঘাট উন্নয়ন, এই এলাকার পর্যটনের উন্নয়ন, প্রত্যেকটি উন্নয়নে বামফ্রন্ট সরকার টাকা দিয়েছেন এবং এই শিলিগুড়ি শহরকে কর্পোরেশনকে আরও শক্তিশালী, আরও সুষ্ঠুভাবে গড়ে তোলার জন্য, প্ল্যান মোতাবেক গড়ে তোলার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় বিধানসভায় এই বিল এনেছেন। আমি এই বিলকে সমর্থন করি। আজকে যে ভাবে গুরুত্ব দিয়ে কলকাতাকে উপনগরী গড়ে তোলার জন্য চেষ্টা করা হচ্ছে, আজকে শিলিগুড়ির জন্যও তাই করা হচ্ছে। জনসংখ্যা বাড়ছে। শিলিগুড়ির বুকে ৫ লক্ষ মানুষ বসবাস করে। কি ভাবে প্ল্যান মোতাবেক এই শিলিগুড়ি শহরকে গড়ে তোলা যায়, সেজন্য চাঁদমণি চা বাগান যে চা বাগানকে রুগ্নই বলা চলে সেই এলাকার কিছু অংশ জমি নিয়ে শিলিগুড়িকে উপনগরী করে গড়ে তোলার পরিকল্পনা করা হচ্ছে।

[2-10—2-20 p.m.]

স্যার, শিলিগুড়িতে যাতে গ্যাঞ্জাম না বাড়ে তার জন্য শিলিগুড়ি ডেভেলপমেন্ট অথরিটির পক্ষ থেকে মাটিগাড়ায় বিরাট এলাকা নিয়ে ট্রাক-টার্মিনাস তৈরি করা হয়েছে। ঐ এলাকায় আরও হাউজিং গড়ে তোলার পরিকল্পনা হয়েছে। স্বাধীনতার পর গত ৩০ বছর কংগ্রেসি সরকার যখন ছিলেন তখন শিলিগুড়ি এবং আরও অন্যান্য এলাকার উপর যেভাবে গুরুত্ব দেওয়া উচিত ছিল সেইভাবে গুরুত্ব দেওয়া হয়নি। কিন্তু বামফ্রন্ট সরকার আসার সঙ্গে সঙ্গে

শিক্ষার দিকে এবং আরও অন্যান্য দিকেও গুরুত্ব দেওয়া হয়েছে। শিলিগুড়ি কর্পোরেশনের বিরোধীদলের নেতাকে যেভাবে মর্যাদা দেওয়া উচিত, সেইভাবে মর্যাদা দেওয়া হত না। কিন্তু মাননীয় মন্ত্রী যে বিল, অ্যামেন্ডমেন্ট এনেছেন তাতে বিরোধী দলের নেতাকে যে সম্মান দেওয়া হয়েছে, যে অধিকার দেওয়া হয়েছে সেটা একটা বিরাট জিনিস। বামফ্রন্ট সরকার ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলেছেন এবং আজ তা বাস্তবে রূপায়ণ করা হয়েছে। এরজন্য আমি এই বিলকে সমর্থন করি। ঐ এলাকায় আরও কিছু সমস্যা আছে। যেমন শিলিগুড়িতে পশ্চিমবঙ্গের মধ্যে সবচেয়ে বেশি রিকশা আছে। এর ফলে এখানে বিভিন্ন সময়ে জ্যাম হয়ে যায়। শিলিগুড়ি, দার্জিলিং, ডুয়ার্সে বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গা থেকে ট্যুরিস্টরা আসেন। ফলে এখানে যাতে জ্যামের ফলে মানুষের কোনওরকম অসুবিধার সৃষ্টি না হয় সেটা দেখা দরকার। মাননীয় মন্ত্রীকে বলব যাতে অন্যান্য মেট্রোপলিটন সিটিতে যে ভাবে অটো-রিকশা, বা ট্যাক্সি মিটার সিস্টেমে আছে সেই ভাবে শিলিগুড়ি কর্পোরেশন এলাকাতেও যানবাহনের ব্যবস্থা রাখা দরকার। নতুবা এখানে গ্যাঞ্জামের সৃষ্টি হবে। এখানে অটোরিকশা বেশি রাখা দরকার। শিলিগুড়ি কর্পোরেশন গঠিত হল জলপাইগুড়ি জেলার কাছে শক্তিগড় এলাকা নিয়ে ও আরও কিছু এলাকা নিয়ে কর্পোরেশন গঠিত হল। ঐ এলাকায় কর্পোরেশন গঠিত হওয়াতে সেখানে প্রশাসনিক অসুবিধা দেখা দেবে। মাননীয় মন্ত্রীকে বলব, আগামীদিনে যাতে এই সমস্যার সমাধান করা যায়। মাননীয় মন্ত্রী বিধানসভায় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাকে সম্পূর্ণ রূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী চন্দননগর, শিলিগুড়ি ও আসানসোল এই ৩টি ইমপরটেন্ট শহরের পৌরসভা সম্পর্কিত যে বিল উত্থাপন করেছেন, সেই ৩টি বিলের একই ভাষা, একই ধরনের সংশোধন। এই ৩টি পৌরসভায় নতুন আইন হতে চলেছে এবং তার গুরুত্ব অনুধাবন করেছিলেন মাননীয় মন্ত্রী। সেই কারণে তিনি এই বিলের ব্যাপারে বিরোধীপক্ষের যদি কিছু বক্তব্য থাকে সেটা বলার জন্য সময় দিয়েছিলেন। কিন্তু ওঁরা প্রথম দিকে কোয়েশ্চেন, মেনশন ও জিরো আওয়ারে থাকেন। কিন্তু কোনও গুরুত্বপূর্ণ আইন প্রণয়নের ব্যাপারে বারে বারে তাঁদের উপেক্ষা দেখেছি। লেজিসলেশনকে কোনওদিন তাঁরা গুরুত্ব দেননি। তাই এখন তাঁরা হাউসে নেই। প্রথমে তাঁরা হাউস বয়কট করেছিলেন, কিন্তু পরে তাঁরা হাউসে অংশগ্রহণ করতে পারতেন।

শিলিগুড়ি, আসানসোল, চন্দননগর, তিনটে শহরই পশ্চিমবাংলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ শহর। মাননীয় মন্ত্রী মহোদয় সংশোধনীর প্রথমে যেটা বলেছেন জনপ্রতিনিধিদের পারিশ্রমিকের কথা, যদি এটা অত্যধিক বেশি মনে হয়, তাহলে সেটা বাদ দেওয়া হয়েছে, ভালোই হয়েছে। কিন্তু তাদের তো বিভিন্ন কাজে, মিটিং-এ যাতায়াত করতে হয়, সেখানে পারিশ্রমিকের সুযোগ-সুবিধা থেকে বাদ দেওয়াটা ঠিক হয়নি বলেই মনে হয়।

খেয়া পার, বাস, ট্রাকের ক্ষেত্রে টোল আদায় করবেন বলেছেন, সেটা যেন অটো

রিকসো, ইত্যাদি ছোট যানবাহনের ক্ষেত্রে প্রযোজ্য না হয় দেখবেন, ওর মধ্যেই যেন সীমাবদ্ধ থাকে। প্রাক্তন সৈনিকদের ক্ষেত্রে কিছুটা ছাড় দিয়েছেন, সেটা খুবই ভাল কাজ। তাঁরা দেশের জন্য অনেক আত্মত্যাগ করেছেন। এটা খুব অভিনন্দনযোগ্য সংযোজন হয়েছে। ১০ লক্ষ টাকার বেশি ব্যয় হলে রাজ্য সরকারের অনুমোদন নিতে হবে, এটা খুব ভাল। এক সঙ্গে বেশি টাকা ব্যয় হলে বিভিন্ন জায়গায় অভিযোগ উত্থাপিত হয়। এক্ষেত্রে নিয়ন্ত্রণ করেছেন এবং বৃহৎ টাকার ক্ষেত্রে রাজ্য সরকারের অনুমোদন দরকার, সেটার খুব যৌক্তিকতা আছে। আর একটা খুব গুরুত্বপূর্ণ বিষয় যেটা বলেছেন, ৭ দিনের মধ্যে নতুন বাড়ির নকশা, প্ল্যান মঞ্জুরি বা প্রত্যাখ্যান করতে হবে। এই যে একটি নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়েছেন, এতে শহরের মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তদের বাড়ী করার ক্ষেত্রে অনেক হয়রানির হাত থেকে রেহাই মিলবে। নাহলে মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনে তাদের খুব হয়রানির মধ্যে পড়তে হত। পরিকল্পনা এবং সামগ্রিক খসড়ার ক্ষেত্রে সংযোজন সাধনের ক্ষেত্রে এই বিলের সংযোজন খুবই গুরুত্বপূর্ণ। একটা নগরের উন্নয়নের জন্য, নাগরিক জীবনের স্বাচ্ছন্দ বিধানের জন্য, সব দিক লক্ষ্য করে এই আইনটা করেছেন।

[2-30—2-30 p.m.]

আমি আশা করব এর মধ্যে হয়তো কিছু করা যাবে। কমপ্রিহেনসিভ আইন এটা নয়। কারণ চাহিদা ক্রমবর্ধমান রাস্তা-ঘাটের সমস্যা এবং নানা ধরনের সমস্যা—হয়তো এটা কমপ্রিহেনসিভ হবেনা। তা সত্ত্বেও আপনি যে এটা অত্যন্ত বুদ্ধিমত্তার সাথে আইনটাকে উপস্থাপিত করেছেন সেটা জনসাধারণের সহায়ক হবে। আর অন্যদিকে এই নতুন বিধান প্রণয়নের জন্য কোনও আর্থিক দায়-দায়িত্ব রাজ্য সরকারকে বহন করতে হচ্ছে না। এটা একটা বড় জিনিস। এই তিনটি বড় বৈশিষ্টপূর্ণ শহরের উন্নতির জন্য আপনার সুচিন্তিত আইন প্রণয়নের কাজ সব দিক থেকে অভিনন্দনযোগ্য। সেই জন্য আমি এই বিলকে স্বতঃস্ফূর্তভাবে স্বাগত ও অভিনন্দন জানিয়ে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** (Not present)

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাসঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, '৯৭ যা মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। একটা বিষয়ে আমি প্রথমে উল্লেখ করতে চাই। কোনও বিলকে একটা বিশেষ প্রেক্ষাপটে বাস্তব অবস্থায় প্রয়োগ করতে গেলে সংখ্যাগরিষ্ঠ জনসংখ্যার কথা বিবেচনা করে কাজ করতে হয়। এবং সেই বিলকে সংরক্ষণ করতে হয়। সেই দিক দিয়ে আজকে যে সংশোধনী পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি। এটা আজকে উপস্থিত করার প্রয়োজন ছিল এবং বাস্তবানুগ হয়েছে। আরেকটা কথা বলে নেওয়া ভালো যে, চন্দননগর শহর একটা ঐতিহ্যপূর্ণ শহর। ১৯৪৭ সালের স্বাধীনতার আগে এই ফরাসি অধিকৃত জায়গায় বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যারা সংগ্রামে সামনের সারিতে ছিলেন তাদের আশ্রয় নিতে হত

ব্রিটিশ পুলিশের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য। সেই দিক থেকে চন্দননগরের ঐতিহ্যকে রক্ষা করে এবং চন্দননগর মিউনিসিপ্যালের কাজ-কর্মকে গতিশীল ও বাস্তবানুগ করার চেষ্টা এই সংশোধনীর মাধ্যমে আনা হয়েছে। আমি সেই কারণে একে সমর্থন করছি। আমি সংশোধনীর সবকটা বিষয়গুলো উল্লেখ করতে যাব না। এখানে বিরোধীরা নেই তাই আলোচনার সুযোগও কম। তাই সবকটা সমর্থন করে কয়েকটা বিষয়ের উপর বেশি গুরুত্ব দিতে চাই। তার মধ্যে একটা হচ্ছে, 'ডিসকোয়ালিফিকেশন অফ বিয়িং এ কাউন্সিলর অন চেঞ্জিং অফ পলিটিক্যাল পার্টি বাই দি কাউন্সিলর'। এটা একটা অত্যন্ত সঠিক সংশোধনী সিদ্ধান্ত। সংসদীয় গণতন্ত্রে জনগণের মুখোমুখি হয়ে একটা নির্দিষ্ট প্রতীক নিয়ে, নির্দিষ্ট পরিচয় নিয়ে নির্বাচনে নির্বাচিত হয়ে ফিরে আসার পর জনসাধারণের প্রতি দায়বদ্ধতা থেকে সরে যাওয়া গণতন্ত্র মানসিকতায় সুনাম অক্ষুন্ন রাখার ব্যাপারে যে আইন তা একটা দেশের পক্ষে যেমন প্রযোজ্য তেমনি একটা মিউনিসিপ্যালের ক্ষেত্রেও প্রযোজ্য। সেইজন্য একে সমর্থন করছি। আরেকটা হচ্ছে, 'প্রপার চ্যানেলাইজেশন অ্যান্ড ইউটিলাইজেশন' অর্থাৎ প্ল্যান গ্রান্টস। এটা খুবই দুঃখের বিষয়। কাগজে পড়ে যা দেখেছি তাতে যে উদ্দেশ্যে উন্নয়ন, পরিষেবা বলতে আমরা যা বুঝি তাতে নাগরিকদের পরিষেবার জন্য যে উদ্দেশ্যে রাজ্য সরকার টাকা দিয়ে যাচ্ছেন সেখানে কিছু কিছু কর্পোরেশন এবং দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যেখানে বিরোধী পক্ষের লোকেরা কর্পোরেশনের দায়িত্বে রয়েছেন সেখানে টাকা-পয়সা প্রপারলি ইউটিলাইজ হচ্ছে না। সেখানে সেই টাকা প্রপার্লি ইউটিলাইজ হচ্ছে না, যে খাতে টাকাটা খরচ করার কথা সেই খাত থেকে সেই টাকা সরে যাচ্ছে। এমনকি নিজের পছন্দমতো সাময়িক সময়ের কর্মী নিয়োগ করে জনগণের স্বার্থে যে উন্নয়নের কাজ সেটাও ব্যাহত করা হচ্ছে। সেখানে ক্যাজুয়াল ওয়ার্কারদের নেওয়া হচ্ছে। একবার নির্বাচিত হয়ে যাবার পর সরকারি নীতি নির্দেশ উপেক্ষা করা হচ্ছে। এটাকে রোধ করার জন্য যে সংশোধনী আনা হয়েছে সেটা সঠিক সিদ্ধান্ত হয়েছে। জনগণের পক্ষে এটা অত্যন্ত, আনন্দের খবর। আরেকটা বিষয় সেটা হচ্ছে আট নম্বর ইমপ্রিজনমেন্ট imprisonment and fine in the case of construction of any building in contravention of the provisions of the Chandernagore Municipal Corporation Act, 1990. এটা একেবারে উপযুক্ত সময়ে আনা হয়েছে। আমরা সবে অল্প ভাবতে শুরু করেছি এটা কি হচ্ছে? সরকারের নিয়োগ নীতিকে ভঙ্গ করে, সরকারের জায়গাকে দখল করে, সরকারি নিয়ম নীতির তোয়াক্কা না করে বাড়ি তৈরি করা হচ্ছে। কিছু লোকের হাতে টাকা আছে বলে আইনকে অধিকার করছে হাইকোর্ট, অমুক কোর্টকে অধিকার করছে। এই সমস্ত নীতিবর্হির্ভূত অধিকারকে রক্ষা করার এই যে একটা অশুভ শক্তি একে কঠোরভাবে দমন করা উচিত। বিশেষ করে এটাকে এমফ্যাসিস্ দিন, এই ধারণাটা বিশেষ করে আজকে যথেষ্ট প্রয়োজন এবং এর বাস্তব প্রয়োগও যথেষ্ট জরুরি। নাগরিকদের সুবিধার্থে ঠিক সময়ে প্ল্যান হওয়ার কথা, কিন্তু বিলম্ব হচ্ছে, হয়তো প্রশাসন-এর জন্য। সেখানে মাননীয় মন্ত্রী একটা টাইম লিস্টে করে দিয়েছেন। তা নাহলে এটাকে ধরে নিতে হবে যে এটা পার্মিটেড, এটা সঠিক হয়েছে। এটা নাগরিকদের স্বার্থে সঠিক পদক্ষেপ। সঠিক অ্যামেন্ডমেন্ট হয়েছে।

আজকের দিনে এটার প্রয়োজন আছে। কিছু কিছু গ্রামপঞ্চায়েত এলাকা যেগুলি পৌরসভার অন্তর্ভূক্ত হয়েছে, যেমন চন্দননগরে খোলিশানি গ্রামপঞ্চায়েত। সেখানে পঞ্চায়েত এলাকায় জমির ভ্যালুয়েশন কি রকম ছিল, আর এখন কর্পোরেশন হওয়ার পর কি হয়েছে। এ ক্ষেত্রে এই সংশোধনী এটা সঠিক সময়ে একটা বাস্তব সিদ্ধান্ত। এটাকে আমি সমর্থন করি। ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি একটা জেলার উন্নয়নের ক্ষেত্রে প্রধান এবং গুরুত্বপূর্ণ কমিটি। এখানে ডি. পি. সিকে মাদার বলা যায়। সুতরাং কর্পোরেশন তার ডেভেলপমেন্ট যাই করুক, ডি. পি. সির অনুমোদন, তার যে নির্দেশিকা তার বাইরে করা কখনই উচিত নয় এবং সেটা বাস্তব সম্মত নয়। ডি. পি. সির কাছে যাওয়া উচিত এবং অনুমোদন করিয়ে নেওয়া উচিত। কর্পোরেশন অ্যানুয়াল ডেভেলপমেন্ট প্ল্যান করতে পারে, কিন্তু ডি. পি. সিকে বাইপাশ করে নয়। কতগুলি নর্মস, প্রসিডিউরাল মেথড্, নির্দিষ্ট খাত আছে সেগুলিকে বাইপাশ করা উচিত নয়। এটা ডি. পি. সির মাধ্যমেই করা উচিত। এই সংশোধনী সেই কারণে অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঠিক সেই ভাবে একটা কর্পোরেশন কতখানি টাকা খরচ করতে পারবে তার নিজের এক্তিয়ারের মধ্যে মোর দ্যান টেন ল্যাক্স। ১০ লক্ষ টাকার বেশি যদি খরচ করতে হয় কোনও পার্টিকুলার স্কীমে বা পার্টিকুলার প্ল্যানে তাহলে সেটার অনুমোদন নিতে হয় উপরের কমিটির কাছ থেকে। কর্পোরেশনই বলুন, আর পঞ্চায়েত এলাকাই

[2-30—2-40 p.m.]

বলুন—আমরা পঞ্চায়েত এলাকায় থাকি—একটা সীমা পর্যন্ত টাকা পয়সা তারা প্ল্যান, এস্টিমেট করে খরচ করতে পারবেন। সীমার ওপরে যদি হয় তাহলে হায়ার অথরিটির অনুমোদনের প্রয়োজন হবে। কারণ হায়ার অথরিটি জনগণের কাছে দায়বদ্ধতার মাত্রা অনেক বেশি। সেই কারণেই ১৯৯০ সালে যে আইন হয়েছিল তা প্রয়োগের ক্ষেত্রে বাস্তব ক্ষেত্রগুলি চিন্তা ভাবনা করে মাননীয় মন্ত্রী মহোদয় যে সংশাধনী আজকে এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ ইয়াকুবঃ** অনারেব্‌ল ডেপুটি স্পিকার, স্যার, ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় আসানসোল, চন্দননগর এবং শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্য যে সংশোধনী প্রস্তাব এখানে উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং মন্ত্রী মহোদয়কে অভিনন্দন জানাচ্ছি। শহর উন্নয়নের প্রয়োজন, শহরকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য কি কি করণীয় তা তিনি তাঁর বাস্তব অভিজ্ঞতার মধ্যে দিয়ে বুঝেছেন এবং সে জন্যই তিনি এই তিনটি মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্য ১৯৯০ সালে যে আইন প্রস্তুত হয়েছে তার কিছু সংশোধনী এনেছেন। এর জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ করে শিলিগুড়ি শহরে আমি নিজে ঘন ঘন যাতায়াত করি। সেখানকার ঘন বসতিপূর্ণ অবস্থাটা অনেকেরই ধারণার বাইরে। কলকাতার পরেই যদি পশ্চিমবাংলার দ্বিতীয় নগর বা দ্বিতীয় শহর কাউকে বলা যায় তাহলে তা শিলিগুড়িকেই বলা যেতে পারে। সেখানকার জনসংখ্যা এবং ঘন-বসতি বৃদ্ধির কথা চিন্তা

ভাবনা করেই নির্বাচিত জন-প্রতিনিধিদের মাধ্যমে মিউনিসিপ্যাল কর্পোরেশন গঠন করে সেখানকার নাগরিকদের সুখ-সুবিধা দেবার ব্যবস্থা করা হয়েছে। এর পাশাপাশি আসানসোলও আসতে আসতে ঘন-বসতিপূর্ণ শহর হিসাবে গড়ে উঠছে। চন্দননগরেও জনসংখ্যা বাড়ছে, সমস্যা বাড়ছে। সুতরাং এই তিনটি শহর সম্পর্কে আজকে যে সংশোধনী আনা হয়েছে। তা খুবই বাস্তব সম্মত। বিশেষ করে ১৯৮০ সালে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্য যে বিল্ডিং অ্যাক্ট তৈরি হয়েছিল তা এই সংশোধনীর মাধ্যমে শিলিগুড়ি, আসানসোল এবং চন্দননগরের ক্ষেত্রেও প্রয়োগ করার ব্যবস্থা করা হচ্ছে। সুতরাং একে আমি সমর্থন জানাচ্ছি। এর সাথে সাথে এই শহরগুলির রাস্তাঘাটের ওপর দিয়ে বড় বড় ট্রাক এবং অন্যান্য যান-বাহনের যাতায়াতের ওপর কর ধার্যের প্রস্তাব আছে বা কর ধার্য করার জন্য সংশোধনী আনা হয়েছে এবং প্রফেশনাল ট্যাক্সের ওপর যে সংশোধনী আনা হয়েছে তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। কারণ শুধু নগর উন্নয়নের পরিকল্পনা করলেই হবে না, বাস্তবে রূপ দিতে হলে যে অর্থের প্রয়োজন আছে তারজন্য শহরাঞ্চলগুলিতে আমাদের বিশেষ করে নজর দিতে হবে। সেখান থেকে কর সংগ্রহ করে যাতে শহরে উন্নয়নের কাজ হয় এবং বিধি সম্মতভাবে সঠিক পথে যাতে শহরের উন্নয়ন করা যায়, সমস্যা দুর করা যায় সেইভাবে বিশেষ ব্যবস্থা নেওয়া উচিত। সেক্ষেত্রে, ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এখানে যে সংশোধনী এনেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে এবং এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পেলব কবী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভাগীয় মন্ত্রী মহাশয় আসানসোল পৌর নিগম বিধেয়ক বিল, ১৯৯৭ (অ্যামেন্ডমেন্ট) যেটা এনেছেন তা পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমরা এই বিলের মধ্যে দিয়ে দেখছি বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গিকেই সবচেয়ে বেশি মর্যাদা দেওয়া হয়েছে, মূল্য দেওয়া হয়েছে। বিশেষ করে পৌরসভা বা যে কোনও সংস্থাকে বিরোধীদের সঙ্গে নিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে চালানো বিশেষ করে এই নগর উন্নয়নের প্রশ্নে নগর ব্যবস্থার যে ভূমিকা সেটাই আজকে এই অ্যামেন্ডমেন্টের মধ্য দিয়ে ওয়ার্ড কমিটি গঠন করা এবং তাকে মর্যাদা দেওয়া, তাদের সঙ্গে পরামর্শ করা—এইসবের মধ্য দিয়ে পৌরসভা পরিচালনা করার যে ব্যবস্থা নেওয়া হয়েছে—সেটাই হচ্ছে এই সরকারের দৃষ্টিভঙ্গি। আমরা দেখছি, এই অ্যামেন্ডমেন্ট বিল যেভাবে আনা হয়েছে তাতে আমাদের পৌরসভাগুলির পরিচালনা করার ক্ষেত্রে অতীতে যে সমস্ত অভিজ্ঞতা হয়েছে সেই অভিজ্ঞতার মধ্য দিয়ে আজকে এই পৌরসভা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য, নগর উন্নয়নকে আরও ত্বরান্বিত করার জন্য, আর্থিক ব্যবস্থাকে খানিকটা সুবিধাজনক জায়গায় নিয়ে যাওয়ার জন্য এই বিলের মধ্যে তা ব্যবস্থা করা হয়েছে। আমরা দেখেছি, পৌরসভার যে সমস্ত আইন আছে সেগুলি অতীতে লঙ্ঘন করত দুঃসাহসিকভাবে। তাদের ক্ষেত্রে ব্যবস্থা নেওয়ার উদ্যোগ এই বিলের মধ্যে এসেছে। তাদের ক্ষেত্রে কঠোর শাস্তির বিধান এই বিলে আনা হয়েছে। যেমন, বে-আইনি গৃহ নির্মাণ, পানীয় জলের ক্ষেত্রে ডিসরাপশন,

রাস্তা-ঘাট দখল করে নেওয়া—এগুলির ক্ষেত্রে অতীতে শক্ত হাতে বন্ধ করা যেত না। এখন সেটা এই বিলের মধ্যে ব্যবস্থা নেওয়া হয়েছে। এর ফলে এই সমস্ত বে-আইনি কাজগুলি অনেকাংশে বন্ধ হবে। কারণ ৫০ হাজার টাকা জরিমানা এবং ৫ বছর জেল—এই যে ব্যবস্থা নেওয়া হয়েছে, এর ফলে এই সমস্ত আইন লঙ্ঘনকারীদের নিশ্চিতভাবে আতঙ্ক সৃষ্টি করবে। সুতরাং পৌরসভার কাজগুলিকে আরও সুষ্ঠুভাবে পরিচালিত করার ক্ষেত্রে এটাই হচ্ছে ভাল অ্যামেন্ডমেন্ট। এই অ্যামেন্ডমেন্টের মধ্যে দেখছি, ট্রেড ট্যাক্স কালেকশনের ব্যাপারে ১০ টাকা থেকে ৫০০ টাকা যেটা করা হয়েছে এটা অত্যন্ত সঠিকভাবে নেওয়া হয়েছে। কারণ ১০ টাকা ট্রেড ট্যাক্স দিয়ে বছরের পর বছর ব্যবসা চালিয়ে যাওয়া আর পৌরসভাগুলিকে চালাতে গেলে সরকারের কাছ থেকে অনুদান নেওয়া—এটা দীর্ঘদিন ধরে চলতে পারে না। এটা আমরা পৌরসভাগুলি চালাতে চালাতে বুঝতে পেরেছি। সুতরাং পৌরসভাগুলির যদি নিজেদের আর্থিক সঙ্গতি গড়ে না ওঠে তাহলে পৌরসভাগুলি চলতে পারে না। সেইজন্য পৌরসভাগুলির আর্থিক সঙ্গতি গড়ে তুলতে নিশ্চয়ই সক্ষম হবে বলে আমার মনে হয়েছে। এই অ্যামেন্ডমেন্টের মধ্য দিয়ে দেখছি, পৌরসভাগুলিকে সুষ্ঠুভাবে চালনার জন্য আমাদের বিরোধীদের মর্যাদা দেওয়া হয়েছে। বামফ্রন্ট সরকারের নীতিই হচ্ছে বিরোধীদের সম্মান দেওয়া।

[2-40—2-50 p.m.]

স্যার, ওরা ৩০ বছর এখানে ক্ষমতায় ছিলেন, সেই সময় আমরা দেখেছি ওরা যেভাবে এখানে পৌরসভাগুলি পরিচালনা করতেন তাতে কোনও নিয়মনীতির তোয়াক্কা ওরা করতেন না। সেই সময় কোনও গণতান্ত্রিক পথও ওরা মেনে চলতেন না। নির্বাচিত পৌর বোর্ডকে ভেঙ্গে দিয়ে ওরা সরকারি অফিসারদের দিয়ে পৌরসভাগুলি পরিচালনা করার চেষ্টা করতেন যা প্রকারান্তরে বেনামে ওদের প্রভাবশালী নেতাদের দ্বারাই পরিচালিত হ'ত। সেই সময় আমরা যারা বিরোধীপক্ষে ছিলাম তখন আমাদের পৌরসভাগুলিতে বসার কোনও অধিকারই ছিল না। আমাদের অধিকাংশ লোককেই বেআইনিভাবে মিসায় গ্রেপ্তার করে জেলে পোরা হয়েছিল। আজকে কিন্তু সেই অবস্থার আমূল পরিবর্তন হয়েছে। আজকে বিরোধীদলে যারা আছেন তাদের যোগ্য সম্মান আমরা দিচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয় আজকে যে বিল এনেছেন তাতে বিরোধীদলকে সম্মান দেওয়ার যে ব্যবস্থা রেখেছেন তারজন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। এর পর আর একটি বিষয় সম্পর্কে বলছি। আগে আমরা দেখেছি পৌরসভা থেকে বাড়ির প্ল্যান অনুমোদন করানোর জন্য মানুষকে দিনের পর দিন অপেক্ষা করে থাকতে হ'ত। সেজন্য নানানভাবে মানুষকে হ্যারাসমেন্টের মধ্যে পড়তে হ'ত। মাননীয় মন্ত্রী মহাশয় আজকে যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাতে বলা হয়েছে, ৭ দিনের মধ্যে পাস না হ'লে অটোমেটিক্যালি অনুমোদিত বলে ধরে নেওয়া যাবে। আমি মনে করি এটা একটা অত্যন্ত সুন্দর পদক্ষেপ। এরজন্যও আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। তারপর এই বিলে আছে যে নগর উন্নয়নের পরিকল্পনাকে যাতে সঠিকভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় তারজন্য তাদের ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি সঙ্গে পরামর্শ করে নিতে বলা হয়েছে এবং এক বছরের মধ্যে অনুমোদন

করতে বলা হয়েছে—এটাও একটা সঠিক সিদ্ধান্ত বলে আমি মনে করি। আমরা মনে করি যে পৌরসভা এবং বিভাগীয় দপ্তরগুলির মধ্যে একটা আন্ডারস্টান্ডিং থাকা দরকার এবং সবাই মিলে আলোচনা করে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির মধ্যে দিয়ে উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা দরকার। এটা করলে কাজ অনেক ভালোভাবে হবে এবং পরিকল্পনাকে সঠিকভাবে চালিয়ে নিয়ে যাওয়া যাবে। সেই ব্যবস্থাও মাননীয় মন্ত্রী মহাশয় বিলের মধ্যে রেখেছেন, আমি তা সমর্থন করছি। স্যার, আসানসোল এলাকা যাকে বলা যেতে পারে পশ্চিমবঙ্গের পশ্চিমদিকের শেষ শহর এবং শিল্পাঞ্চল, কোলিয়ারি অধ্যুষিত এলাকা সেখানে যে শহর গজিয়ে উঠেছে তার পিছনে কোনও পরিকল্পনা ছিল না—সেখানে না ছিল পানীয় জল সরবরাহের সুষ্ঠু ব্যবস্থা, না ছিল রাস্তাঘাট, না ছিল পরিবেশ সুরক্ষার ব্যবস্থা। আজকে কিন্তু পৌর নিগমের মাধ্যমে আসানসোলের প্রভূত উন্নতি হয়েছে। স্যার, পৌরসভা পরিচালনার ক্ষেত্রে যেভাবে পরিকল্পনা করা হয়েছে, যেভাবে তাদের আর্থিক ক্ষমতা দেওয়া হয়েছে এবং এই অ্যামেন্ডমেন্টের মাধ্যমে আরও যে সমস্ত ক্ষমতা তাদের দেওয়া হচ্ছে তাতে আমি মনে করি নগর উন্নয়নের ক্ষেত্রে আরও অনেক এগিয়ে যাওয়া যাবে। বামফ্রন্ট সরকারের বিভাগীয় মন্ত্রী আজকে যেসব বিল এনেছেন তাতে পৌরসভাগুলির পরিচালনার ক্ষেত্রে অনেক সুবিধা হবে, তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং অ্যামেন্ডমেন্টগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে তিনটি সংশোধনী বিল আমি আজকে এই সভায় উত্থাপন করছি সেগুলি সমর্থন করে যারা আলোচনায় অংশ গ্রহণ করলেন তাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে বলছি। এই সংশোধনী কেন আনতে হল? এই সংশোধনী আনার উদ্দেশ্য হচ্ছে, আমাদের রাজ্যের অর্থ কমিশন তাদের যে রিপোর্ট বিগত বছর পেশ করেছিলেন সেই রিপোর্ট বিধানসভা গ্রহণ করেছিলেন এবং তারই পরিপ্রেক্ষিতে অর্থাৎ রাজ্য অর্থ কমিশনের সুপারিশের পরিপ্রেক্ষিতে আমরা পশ্চিমবঙ্গ পৌর আইনের কিছু সংশাধন করেছিলাম। এবারে তিনটি পৌর কর্পোরেশনের ক্ষেত্রেও কিছু সংশোধন করা হল রাজ্য অর্থ কমিশনের সুপারিশ অনুসারে। যেমন ট্রেড এবং সিলিং—সার্টিফিকেট অব এনলিস্টমেন্ট ফি আগে যেটা ১০ টাকা পর্যন্ত ছিল। যারফলে দেখা যেতো, একটি ছোট চায়ের দোকানের মালিক এবং একটি বড় চা বাগানের মালিক—এই দুইজনকেই দিতে হোত ১০ টাকা করে এনলিস্টমেন্ট ফি হিসাবে। আমরা এটা পরিবর্তন করে ন্যূনতম ১০ টাকা এবং সর্বোচ্চ ৫০০ টাকা করেছি যাতে করে যার আর্থিক ক্ষমতা কম এবং যার আর্থিক ক্ষমতা বেশি—এই দুই এর একই রকম ফি না হতে পারে। তারই জন্য এই সংশোধন আমরা করেছি। এই সংশোধনীর জন্য সুপারিশ করেছিলেন আমাদের স্টেট ফিনান্স কমিশন বিগত বছরে তাদের রিপোর্ট সাবমিট করে। দ্বিতীয়ত, এখানে টোল ট্যাক্সের কথা বলা হয়েছে। রাস্তার উপর টোল ট্যাক্স ধার্য্য করতে রাজ্যের অর্থ কমিশনের রিপোর্টের সুপারিশ মেনেই সংশোধনীটা আমরা করেছি। তৃতীয়ত, ৭৪তম সংবিধান সংশোধনের

সাথে সাথে জেলা পরিকল্পনা কমিটি গঠন করা বাধ্যতামূলক করা হয়েছে। এই কমিটির সাথে পৌরসভাগুলি কিভাবে সম্পর্ক রাখবে? জেলা পরিকল্পনা কমিটির সুপারিশের মাধ্যমে পৌরসভাগুলি সরকারের ইকোনোমিক, সোশ্যাল অ্যান্ড ফিজিকাল প্ল্যানগুলি তৈরি করবে যে পরিকল্পনাতে ভূমি ব্যবহার, উন্নয়ন পরিকল্পনা এবং আর্থ-সামাজিক বিষয়গুলির সম্পক থাকবে। এই যে বার্ষিক পরিকল্পনা, এই বার্ষিক পরিকল্পনা তৈরি করবার কোনও প্রভিসন এতদিন পর্যন্ত এই আইনের মধ্যে ছিল না। ৭৪তম সংবিধান সংশোধন হবার পর তার সঙ্গে সঙ্গতি রেখে তিনটি কর্পোরেশনের আইনের মধ্যে এই বিষয়গুলি অন্তর্ভুক্ত করেছিলাম। এছাড়াও এই সংশোধনীর মাধ্যমে আমরা আরও কতগুলি বিষয়কে আইনে অন্তর্ভুক্ত করেছি, বিশেষ করে দলত্যাগ বিরোধী আইন। যদি কোনও স্বীকৃত রাজনৈতিক দলের প্রার্থী বিজয়ী হন এবং তারপর যদি স্বেচ্ছায় দলত্যাগ করেন, সে ক্ষেত্রে তার সদস্যপদ বাতিল হয়ে যাবে। এই ব্যবস্থা এই আইনের মধ্যে রেখেছি। পশ্চিমবঙ্গ পৌর আইনের মধ্যেও এটা রেখেছিলাম। এর সাথে সাথে বিরোধী দলনেতাকে মর্যাদা দেবার ব্যবস্থা এই আইনে রাখা হয়েছে। বিরোধী দলনেতা যিনি হবেন তিনি হবেন স্বীকৃত বিরোধী দলনেতা ; মেয়র এবং বোর্ড অফ কাউন্সিল দ্বারা স্বীকৃত হবেন তিনি। এতদিন পর্যন্ত বিরোধী দলনেতাকে পারিশ্রমিক এবং ভাতা থেকে বঞ্চিত রাখা হয়েছিল। এখন থেকে রাজ্য বিধানসভার বিরোধী দলনেতার মত তাদেরও সুবিধা দিতে চাইছি এই সংশোধনের মাধ্যমে। এই সংশোধনীতে আর একটি গুরুত্বপূর্ণ বিষয় এসেছে। সেটা হচ্ছে, বেআইনী বাড়ী নির্মাণ বন্ধ করা। এর আগে কলকাতা এবং হাওড়ার জন্য এ-ব্যাপারে আইন সংশোধন করেছিলাম। সেটা হচ্ছে, যদি কেউ বেআইনি বাড়ি তৈরি করেন, বা বেআইনি বাড়ি নির্মাণের ব্যাপারে প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে যুক্ত থাকেন এবং সেই বেআইনি বাড়ি নির্মাণের ফলে পানীয় জল, পয়ঃপ্রণালী, রাস্তা বা অন্য কোনও ক্ষেত্রে বিপর্যয় ঘটে তাহলে তিনি, বা তিনি যাকে নিযুক্ত করবেন তিনি শাস্তিযোগ্য অপরাধী হিসাবে গণ্য হবেন এবং তার ফলে ৫ বছর কারাদন্ড এবং ৫০,০০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। এর আগে এই ব্যাপারে কলকাতা এবং হাওড়ায় আইন সংশোধন করবার ফলে দেখেছি যে, হাওড়া এবং কলকাতায় বেআইনি বাড়ি নির্মাণের বিরুদ্ধে আমরা ব্যবস্থা নিতে পেরেছি। এখন দেখতে পাচ্ছি, যারা বেআইনি বাড়ি নির্মাণের ব্যবসা করেন তারা যেখানে-সেখানে বাড়ি নির্মাণ করছেন, বাড়ি নির্মাণ সংক্রান্ত আইন তারা মানছেন না। এতদিন পর্যন্ত এটা কেবলমাত্র কলকাতা শহরেই সীমাবদ্ধ ছিল, কিন্তু বর্তমানে দেখতে পাচ্ছি কলকাতার বাইরে এই প্রবণতা বাড়ছে। এই প্রবণতা রোধ করবার জন্য, বন্ধ করবার জন্য এবং বেআইনি বাড়ি নির্মাণ কার্য্য

[2-50—3-00 p.m.]

বন্ধ করবার জন্য একটা কিছু বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার জন্য এই সংশোধনী। শুধু বেআইনি বাড়ি নির্মাণ বন্ধ করা নয় কেউ যদি পুকুর বুজিয়ে বাড়ি করতে চায় সেটাও পারবে না এই সংশোধনীর মাধ্যমে। সেখানে যদি পুকুর থেকে থাকে তাহলে পুকুর রাখতে

হবে। সরকারের অনুমোদন ছাড়া কোনও পুকুর বোজাতে পারবে না। কোন ধরণের জন্য জমি বা কৃষি জমি থাকে সেই জলা জমি বা কৃষি জমিতে বাস্তু জমিতে পরিণত না করে সেখানে বাড়ি তৈরি করতে পারবে না। পুকুর বা জলা জমি বা নিচু জমিতে অনেক সময় সরকারি নির্দেশ না নিয়ে, কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে বাড়ি নির্মাণ করে থাকে। এই আইনের মাধ্যমে সেটা বন্ধ করতে চলেছি। আরো কতকগুলি সংশোধনী এর মধ্যে অন্তর্ভুক্ত করেছি। একটা প্রশ্ন একজন মাননীয় সদস্য রেখেছেন। এই কথা ঠিক যে পৌরসভার যে কাজ তাতে বলতে পারেন হোল টাইম ওয়ার্ক। সেইকারণে পৌরসভায় যাঁরা এসেছেন বিরোধী পক্ষ বলুন, মেয়র ইন কাউন্সিল মেয়র চেয়ারম্যান তাঁদেরকে পারিশ্রমিকের আওতায় আনছি। একটা রুল আমরা সংশোধন করতে চলেছি, কিছু দিনের মধ্যে সেটা আসবে। বর্তমানে তাঁরা যে সমস্ত সুযোগ সুবিধা পান সেটা বৃদ্ধি করে একটা রুল আমরা তৈরি করব। তা ছাড়া আইনের মধ্যে আছে প্রাক্তন যাঁরা সৈনিক তাঁদের সম্পত্তি করের ২৫ শতাংশ ছাড়ের প্রস্তাব এখানে করা হয়েছে। যারা আমাদের দেশের প্রতিরক্ষা কাজে যুক্ত তাদের উৎসাহ দেবার জন্য এই প্রস্তাব করা হয়েছে। এত দিন পর্যন্ত আইনের যেটা ছিল যে ৬০ দিনের মধ্যে যদি কোনও গৃহ নির্মাণের নক্সা কোনও পৌরসভা অনুমোদন না করে তাহলে ধরে নেওয়া হত যে এটা অটোমেটিক অনুমোদন হয়ে গেছে। এখানে বলা হয়েছে ৬০ দিনের মধ্যে পৌরসভাকে অনুমোদন করতে হবে এবং পৌরসভা যদি ৬০ দিনের মধ্যে অনুমোদন না করে তাহলে নক্সার যিনি মালিক তিনি আবেদন জানাতে পারেন যে কেন পৌরসভা ৬০ দিনের মধ্যে নক্সার অনুমোদন দিলেন না। এখন এই জবাব চাওয়া যাবে। অটোমেটিক পাস হয়ে যাবে না, আগে যেটা ছিল সেটা আমরা বাতিল করছি। এই ব্যবস্থাগুলি এখানে রয়েছে। আপনারা জানেন যে এই যে তিনটি শহর এই তিনটি শহর খুব গুরুত্বপূর্ণ শহর। এই শহরগুলিতে আমরা পরিকল্পনা মাফিক উন্নয়নের কর্মসূচি গ্রহণ করেছি। ইতিমধ্যে তার একটা উন্নয়নের ছবি এখানে আমরা রাখতে পেরেছি। কয়েক বছর ধরে এই পৌরসভাগুলির উদ্যোগে বিভিন্ন ধরণের উন্নয়নমূলক কাজকর্ম হয়েছে। আমরা চাইছি জনগণ এই কর্পোরেশন এলাকার জমি সম্পর্কে সচেতন হোক। জমি যথেচ্ছভাবে ব্যবহার যাতে না হয় তার ব্যবস্থা আমরা করছি। যে সমস্ত প্রস্তাবগুলি আমি সংশোধনীর মধ্যে রেখেছি সেই গুলি আপনারা সমর্থন করেছেন। আমাদের যে মূল আইন তার সঙ্গে যেগুলি সংশোধনী আকারে এনেছি সেইগুলি যাতে দ্রুত কার্যকরি করতে পারি তার জন্য আপনারা এই বিলকে সমর্থন করবেন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997 be taken into consideration, was then put and agreed to.

## Clauses 1 to 17 and Preamble

The question that the Clauses 1 to 17 and Preamble do stand part of the Bill, were then put and agreed to.

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997, as settled in the Assembly, be passed.

The motion that the Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The motion that the Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997 be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 17 and Preamble**

The question that the clauses 1 to 17 and Preamble do stand part of the Bill, were then put and agreed to.

**Shri Ashoke Bhattacherya :** Sir, I beg to move that the Chandernagore Municipal Corporation (Amendment) Bill, as settled in the Assemble, be passed.

The motion that the Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997, as settled in the assembly, be passed, was then put and agreed to.

The motion that the Assansol Municipal Corporation (Amendment) Bill, 1997 be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 17 and Preamble**

The question that the Clauses 1 to 17 and preamble do stand part of the Bill, were then put and agreed to.

**Shri Ashoke Bhattacharya :** Sir, I beg to move that the Assansol Municipal Corporation (Amendment) Bill, 1997, as settled in the Assembly, be passed.

The motion that the Assansol Municipal Corporation (Amendment) Bill, 1997, as settled in the Assembly, be passed was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 3.00 p.m. till 11.00 a.m. on Thursday, the 12th June, 1997 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 12th June, 1997 at 11.00 a.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 8 Ministers of State and 123 Members.

[11-00 — 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Mihir Sen, the eminent swimmer who breathed his last on the 11th June, 1997 after a prolonged illness. He was 67.

Shri Sen was born on November 16, 1930. He went to England to study law in 1955. On September 27, 1958 he became the first Indian who swam across the English Channel after seven attempts. He crossed Palk Strait in 1966. He also swam across Strait of Zibraltar, Strait of Dardanel, Strait of Bosfaras and Panama Channel.

He was awarded Padmashree in 1959 and Padmabhusan in 1967.

At the demise of Shri Sen the country has lost a daredevil swimmer.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect of the deceased.

(After two minutes)

Thank you ladies and gentlemen, Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

### Held Over Starred Questions (to which Oral Answers were given)

#### ই এম বাইপাসে বিজ্ঞাননগরী

*৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৬) শ্রী অশোককুমার দেব ঃ পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পূর্ব কলকাতার ই এম বাইপাসের ধারে 'বিজ্ঞাননগরী' জবর দখল জমির উপর নির্মিত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে উক্ত জমির মালিকরা হাইকোর্টে ঐ জমি জবর দখলের বিরুদ্ধে কোনও মামলা দায়ের করেছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য :**

(ক) না।

(খ) কিছু ব্যক্তি এই জমির উপর নিজেদের মালিকানা দাবি করে কলকাতা হাইকোর্টে একটি মামলা দায়ের করেছে এবং কলকাতা পুরসভার তরফ থেকে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**শ্রী অশোককুমার দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়, এটা কি আপনি বলতে চাইছেন কাগজে যা বেরিয়েছে ওখানে অনেকে দখল করে বসে আছেন এবং তাদেরকে সরকার কোনও রকমভাবে সরাবার চেষ্টা করছেন না, এটা কি ঘটনা, এটা কি সত্য?

**শ্রী অশোক ভট্টাচার্য :** সাইন্স সিটি তৈরি হচ্ছে যে জায়গায় এটা সম্পূর্ণভাবে কলকাতা পৌরসভার জমি এবং কলকাতা পৌরসভা এই জমির কিছু অংশ সাইন্স সিটিকে বিনা পয়সায় দিয়েছে আর কিছু অংশ থেকে কিছু টাকা কলকাতা পৌরসভা পেয়েছে। এবং খুব সামান্য একটা প্লট মেসার্স চেং হিং টেনারি বলে একটি কোম্পানি তারা সেটা দাবি করেছে। এটা হচ্ছে, ৯।১০।৯২ নম্বর প্লট, সেটা নাকি তাদের। কিন্তু কলকাতা পৌরসভার কাছে যে সমস্ত কাগজপত্র বা নথি আছে, তাতে ৩০ সালে এই জমি অধিগ্রহণ করা হয়েছিল, এই ব্যাপারে বিস্তারিত বিষয়গুলি নিয়ে কোর্টে মামলা চলছে—সেখানে আমরা হাজির করব। স্বম্ভবত যে প্রশ্নটা উত্থাপন করলেন সেটা এখানে আসছে না।

**শ্রী অশোককুমার দেব :** দয়া করে কোম্পানিটির নামটা বলবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য :** নামটা আমি বলেছি, মেসার্স চেং হিং টেনারি।

## Held Over Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### বন্ধ লবণ কারখানা

*৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৪১) **শ্রী মৃণালকান্তি রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গ্রেট বেঙ্গল সল্ট কোম্পানি ও বেঙ্গল সল্ট কোম্পানি দীর্ঘদিন যাবত বন্ধ হয়ে গেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কোম্পানিগুলিকে খোলার জন্য এ পর্যন্ত কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গ্রেট বেঙ্গল সল্ট কোম্পানি অতীতে দুই-তিন বছর বন্ধ থাকার পর গত দু-বছর যাবৎ পুনরায় কাজ আরম্ভ করেছে।

বেঙ্গল সল্ট কোম্পানি ১৯৯৪ সালের মে মাস থেকে সম্পূর্ণ বন্ধ ছিল। সাম্প্রতিক প্রাপ্ত রিপোর্ট থেকে জানা যায় যে গত সেপ্টেম্বর, ১৯৯৬ থেকে পুনরায় লবণ উৎপাদনের জন্য উক্ত কোম্পানিতে আংশিকভাবে কাজ শুরু হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

## Starred Questions
## (to which Oral Answers were given)

[11-10 — 11-20 a.m.]

### রাজ্যে বাঘ ও হাতির সংখ্যা

*৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৭) **শ্রী কমল মুখার্জি ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে (৩১-১২-১৯৯৬) বাঘ ও হাতির সংখ্যা কত ;

(খ) বাঘ ও হাতি বিক্রি করে সরকার কোনও বৈদেশিক মুদ্রা আয় করেন কি না; এবং

(গ) করে থাকলে, গত আর্থিক বছরসহ বর্তমান আর্থিক বছরে রাজ্য সরকারের অর্জিত আয়ের পরিমাণ কত?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ**

(ক) ১৯৯৩ সালের ব্যাঘ্রসুমারি অনুযায়ী এ রাজ্যে বাঘের সংখ্যা ৩৩৫টি। এবং ১৯৯২ সালের হাতি গণনা অনুযায়ী এ রাজ্যে হাতির সংখ্যা ১৮৬টি।

(খ) ১৯৭২ সালের বন্যপ্রাণী সংরক্ষণ আইন অনুযায়ী বন্যপ্রাণী ব্যবসা নিষিদ্ধ তবে ভিন্ন পরিবেশে সংরক্ষণ সংক্রান্ত গবেষণার উদ্দেশ্যে ঐ আইনের ১২ ধারা অনুযায়ী চিড়িয়াখানার প্রাণী বা পোষা হাতির শাবক আদান প্রদান করা হয়।

(গ) গত আর্থিক বছরে কেন্দ্রীয় সরকারের অনুরোধে লন্ডনের ওবার্ন সাফারি পার্কে তিনটি পোষা হাতির শাবক প্রদানের জন্য যাতায়াত ও রাহা খরচ বাবদ নয় লক্ষ টাকা অর্জিত হয়েছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** বাঘ ও হাতির সংখ্যা যেটা বললেন এটা কি ক্রমবর্ধমান নাকি কমছে?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** বাড়ছে তো বটেই। যেমন এখানে যদি বাঘের কথাটা বলি, প্রতি ৫ বছর অন্তর যেটা হয়, '৪৯-তে আমদের রাজ্যে ২৯৬টি বাঘ ছিল, '৮৪-তে ৩৫২টি বাঘ ছিল, '৮৯-তে ৩৬১টি বাঘ ছিল, এটা ক্রমবর্দ্ধমান। '৯৩-তে কিছু কমে যায় এটা ৩৩৫টি হয়।

**শ্রী কমল মুখার্জি ঃ** খাদ্যাভাবে হাতি জঙ্গল থেকে বেরিয়ে পড়ছে, এটা কি সত্য, এই ব্যাপারে আপনার দপ্তরের ভূমিকা কি বা বক্তব্য কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্য এটা ঠিক বলেননি, খাদ্যাভাবে হাতি বেরিয়ে আসছে না। আমরা বন বিভাগ থেকে বনের অভ্যন্তরে হাতির এবং গণ্ডারের ফডার তৈরি করি ; এই রকম দক্ষিণ বঙ্গে ১০০ হেক্টর আর উত্তরবঙ্গে ৩৫০ হেক্টর আছে। তাছাড়া প্রকৃতিজাত যে সমস্ত বন জঙ্গল আছে, সেখানেও হাতির খাদ্য আছে। তাই বাইরে চলে আসার ব্যাপারে যেটা বললেন এটা বোধ হয় সঠিক নয়, এই ব্যাপারে এর আগেও আলোচনা হয়েছে, যখন আমন ধান ওঠে, তখন হাতি তার খাদ্যর টেস্ট পরিবর্তন করার জন্য আসে। উত্তরবঙ্গেও এই জিনিস আমরা লক্ষ্য করেছি, এখানেও যখন তারা আসে বিহারের দলমা থেকে তখনও আমরা একই জিনিস দেখেছি। আমন ধানের সময় ওরা জঙ্গলের বাইরে চলে আসে খাদ্যের টেস্টটাকে পরিবর্তন করার জন্য।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, বাঘ ও হাতির আক্রমণে কতজন নিরীহ মানুষ মারা গেছে এবং সরকারের পক্ষ থেকে তাদের কত টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** ১৯৯৪-৯৫ সালে হাতির আক্রমণে নর্থ বেঙ্গলে ৩৪ জন মারা গেছে এবং সাউথ বেঙ্গলে ১০ জন মারা গেছে। ১৯৯৫-৯৬ সালে নর্থ বেঙ্গলে ৪৪ জন মারা গেছে এবং সাউথ বেঙ্গলে ১২ জন মারা গেছে। আপনারা জানেন, ক্ষতিপূরণ আগে যা দেওয়া হত ১৯৯৬ সাল থেকে সেই ক্ষতিপূরণের হার বেড়ে গেছে। এখন জীবনহানি ঘটলে সঙ্গে সঙ্গে ২০ হাজার টাকা দেওয়া হয় ; পঙ্গুত্ব প্রাপ্তি হলে ১০ হাজার টাকা দেওয়া হয় ; সিঙ্গল লিম্বসের জন্য ৫ হাজার টাকা দেওয়া হয় ; গবাদি পশুর জন্য ৪৫০ টাকা দেওয়া হয় ; শস্যহানি হলে ২,৫০০ টাকা দেওয়া হয় এবং ফুল ড্যামেজ এবং হাফ ড্যামেজ হলে ৫০০ টাকা দেওয়া হয়। এই ক্ষতিপূরণের টাকাটা পঞ্চায়েত সমিতির মাধ্যমে রেঞ্জ অফিসার বা বিট অফিসারের মাধ্যমে পেমেন্ট করা হয়।

**শ্রী অসিত মিত্র ঃ** অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন বাঘ ও হাতির আক্রমণে মারা গেলে ২০ হাজার টাকা দেওয়া হয়। আমি আপনাকে জিজ্ঞাসা করছি, আপনি কি মনে করেন ক্ষতিপূরণ হিসাবে যে টাকা দেওয়া হচ্ছে সেই টাকাটা একজন মানুষের পক্ষে যথেষ্ট নয়?

**মিঃ স্পিকার ঃ** এখানে মনে করার কোনও ব্যাপার নেই। এই প্রশ্নটা হবে না।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের পশ্চিমবাংলায় রয়েল বেঙ্গল টাইগারের সংখ্যা কত?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** রয়েল বেঙ্গল টাইগার একমাত্র সুন্দরবন অঞ্চলেই থাকে। তাদের রক্ষার জন্য একটা ব্যাঘ্র প্রকল্প চালু আছে। একটা বিশেষ ব্যবস্থার মাধ্যমে তাদের গণনা হয়েছিল তাতে দেখা যাচ্ছে ২৪২টি রয়েল বেঙ্গল টাইগার এখন আছে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, চোরাশিকারিদের হাতে গত পাঁচ, ছয় বছর ধরে কত বাঘ ও হাতি মারা গেছে?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** এটা তো নতুন সৃষ্টি হয়নি অনেকদিন আগে থেকেই এটা চলে আসছে। তবে ফরেস্ট কনজারভেশন অ্যাক্ট চালু হওয়ার পর থেকে এটা অনেকটা এখন বন্ধ আছে।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** আমরা লক্ষ্য করছি প্রতি বছর এই হার কমে আসছে। এটা অত্যন্ত ভাল লক্ষ্যণ। আমরা আশা করব মাননীয় সদস্যরা এখানে যেমন উদ্বেগ প্রকাশ করে গেলেন, আপনাদের উদ্বেগটা বাইরে গিয়ে জনসাধারণের সামনে প্রকাশ করে এই সচেতনতা সৃষ্টি করেন যে বন্যপ্রাণীরও বাঁচার অধিকার আছে। খুব ভাল হয়। তবুও আমার কাছে সামান্য যে তথ্য আছে তা আমি জানিয়ে দিচ্ছি। হাতি মৃত্যু নর্থ বেঙ্গলে যা দেখা গেছে, ন্যাচারাল ডেথ ৯৪ সালে ১৩টা ঘটেছিল। পোচিং ৬টা। ৯৫-তে ন্যাচারাল ডেথ—৬টা, পোচিং—৪টা, ৯৬-তে ন্যাচারাল ডেথ—৪টা, পোচিং একেবারেই নেই। এইভাবে দেখা যাচ্ছে পোচিং-এর সংখ্যা ক্রমশ কমে আসছে। এটা ভাল লক্ষণ। বাঘের হিসাবটা এই মুহূর্তে আমার কাছে নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে ক্রমশ চিতা বাঘ হারিয়ে যাচ্ছে। এই চিতা বাঘ সংগ্রহ করে তাদের সংরক্ষণ করার কোনও প্রচেষ্টা নেবেন কি যাতে তাদের সংখ্যা বাড়তে পারে।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মূল যে চিতাবাঘ, আমাদের বিশেষজ্ঞ যারা আছেন তাদের মতে আমাদের এখান থেকে লোপ পেয়ে যাচ্ছে বা গেছে বলা চলে। এ বছর থেকেই চিতাবাঘের সেন্সাস শুরু হয়ে গেছে। উত্তরবঙ্গে কাজ চলছে। আমরা জানতে পারব কি পরিমাণ চিতাবাঘ আমাদের আছে। আমাদের জঙ্গলে তাদের সংরক্ষণের একটা পরিকল্পনা আমাদের আছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি যে গত কয়েক বছর মেদিনীপুর বনাঞ্চলে দলমা হাতির দল নেমে এসে নানা বিপত্তি ঘটায়। প্রাণহানি, শস্যহানি ঘটে। এইভাবে নেমে এসে তারা যাতে বিপত্তি না ঘটাতে পারে তার জন্য কোনও কমপ্রিহেনসিভ প্ল্যান আপনাদের দপ্তরে করা হয়েছে কি না?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, প্রতি বছর পূজোর আগে বা পরে দলমা থেকে ৪০/৫০টা হার্ট আসে। এটাকে কি করে প্রতিরোধ করা যাবে জানি না, কারণ এদের শক্তি অসীম। আমাদের বিভাগ থেকে যে যে চেষ্টাগুলো আমরা করে থাকি সেটা মেদিনীপুর জঙ্গলের জন্য প্রযুক্ত। ইলেক্ট্রিক কারেন্টের বেড়া, সুন্দরি, গরাণ এর বেড়া দেওয়া হয়, নাইলন জালের ফেন্সিং ইত্যাদি। সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে বন সুরক্ষা যে

কমিটিগুলো আছে, কিছু ভলান্টিয়ারি অর্গানাইজেশন আছে তারা স্থানীয় যুবকদের ট্রেন্ড আপ করে, আর আমাদের যে বনকর্মী আছে তাদের সঙ্গে যুক্ত থাকে এরাই হাতি তাড়ানোর জন্য ভূমিকা পালন করে। শস্য হানি, প্রাণহানি থেকে বাঁচানোর জন্য আমরা সচেষ্ট আছি।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বাঘ, হাতির কথা বললেন। কিন্তু কলকাতার কিছু বাজারে সময়ে সময়ে কিছু হাটে বিরল প্রজাতির পাখি প্রশাসনের চোখের সামনে বিক্রি হচ্ছে। রাজ্য সরকারের বনদপ্তর থেকে এর বিরুদ্ধে কোনও পদক্ষেপ নেওয়ার ব্যবস্থা আছে কি? মানুষের শখ মেটানোর জন্য পাখিগুলোকে যাতে এইভাবে বাক্স বন্দি করা না হয় তার জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্যের উদ্বেগের সঙ্গে আমি একমত। আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে ইতিমধ্যে আমাদের বন্যপ্রাণী শাখার অফিসাররা বিভিন্ন জায়গায় হানা দিয়ে এই সমস্ত খাঁচা বন্দি পাখিদের মুক্ত করার প্রয়াস নিয়েছেন। এটা সংবাদপত্র ও অন্যান্য মিডিয়া থেকেও আমরা শুনে থাকি এবং এ ব্যাপারে আপনাদের কাছে অনুরোধ যে এই ধরনের কোনও নিষ্ঠুর প্রক্রিয়া দেখলেই আপনারা স্থানীয় বনদপ্তরের অফিসে খবর দেবেন এবং সঙ্গে সঙ্গে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

**ভারত সরকারের কাছে গঙ্গা দূষণরোধে প্রকল্পের অনুমোদন**

*৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৩) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

> এটা কি সত্যি, গঙ্গা দূষণরোধে রাজ্য সরকার ভারত সরকারের নিকট একটি বৃহৎ প্রকল্প অনুমোদন-এর জন্য পাঠিয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

> গঙ্গাদূষণ রোধে দ্বিতীয় পর্যায় গঙ্গা অ্যাকশন পরিকল্পনায় ভারত সরকার ইতিমধ্যেই পশ্চিমবঙ্গে ২৭টি শহরে (গঙ্গা তীরবর্তী ২৩টি ও দামোদর তীরবর্তী ৪টি শহর) বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য ৩৪৮.০৫ কোটি টাকার প্রশাসনিক অনুমোদন দিয়েছেন। রাজ্য সরকার এ পর্যন্ত ২১টি শহরের উপর Detailed Project Report কেন্দ্রীয় সরকারের বন ও পরিবেশ মন্ত্রকে বিবেচনার জন্য পাঠিয়েছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** যে টাকা বরাদ্দ হয়েছে এবং তার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট যে শহরগুলোর কথা বলেছেন সেগুলো সম্পর্কে ডিটেইলসে বলুন। কারণ এটা ইম্পরট্যান্ট ব্যাপার।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ৪৩-টা শহরকে গঙ্গা দূষণ প্রকল্পের আওতায় আনার জন্য সুপ্রিমকোর্টের রায় ছিল। পরবর্তীকালে পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যায় যে সুপ্রিম কোর্টের

রায়ের মধ্যে কিছু শহরের কোনও অস্তিত্ব নেই, সেটা বাদ দিয়েছি। দ্বিতীয়ত, কিছু শহর ছিল যেগুলো অন্য শহরের ভিতরের অংশ সেটা বাদ দিয়েছি। কিছু শহরের মধ্যে দেখা গেছে যে সরাসরিভাবে বর্জ্য পদার্থসহ জল গঙ্গায় মিশছে না, সেগুলো বাদ দিয়েছি। কিছু শহর আছে যেখানে প্রতি লিটারে ৩০ মিলি গ্রামের নিচে বি. ও. ডি. আছে। সেগুলোকে আমরা বাদ দিয়েছি। কিছু জায়গায় অ্যকজিস্টিং ট্রিটমেন্ট প্ল্যান্ট আছে, সেগুলোকে বাদ দিয়েছি। আমরা সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী ১৭-টা শহরকে গঙ্গা অ্যাকশন প্ল্যান-এর দ্বিতীয় পর্যায়ে অন্তর্ভুক্ত করব। এই ১৭টা শহরের মধ্যে দেখা গেছে কয়েকটি শহর যেগুলোকে পরবর্তীকালে আমাদের গঙ্গা অ্যাকশন প্ল্যানের মধ্যে কিছু প্রোজেক্টে না রাখলেও সেটা চলবে। সুপ্রিমকোর্টের রায় অনুযায়ী সর্বশেষ যে কটা শহরকে আমরা বেছে নিলাম সেগুলো হল—নৈহাটি, খড়দা, গয়েশপুর, হালিশহর, কাঁচরাপাড়া, কোন্নগর, উত্তরপাড়া—কোটরাং, নর্থ-ব্যারাকপুর, জিয়াগঞ্জ, আজিমগঞ্জ, ডায়মন্ডহারবার, গারুলিয়া, কাটোয়া, মহেশতলা, জঙ্গিপুর, ধূলিয়ান এবং মুর্শিদাবাদ। আর কতকগুলো শহরকে গঙ্গা-অ্যাকশন প্ল্যানের প্রথম পর্যায়ে বেছে রেখেছিলাম এবং তার মধ্যে ২টি প্রকল্প আছে—একটা হচ্ছে সার্কুলার ক্যানেল এবং আরেকটি হচ্ছে ট্রলি-নালা প্রকল্প। আর শহরগুলো হচ্ছে—ব্যারাকপুর, বাঁশবেড়িয়া, রিষড়া, বৈদ্যবাটি, ভদ্রেশ্বর, বজবজ এবং চাঁপদানী।

আর দামোদর তীরবর্তী চারটে শহর—রাণীগঞ্জ, আসানসোল, অন্ডাল, দুর্গাপুরকে গঙ্গা অ্যাকশন প্ল্যানের অন্তর্ভুক্ত করা হয়।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** এখন পর্যন্ত কোন্ কোন্ শহরে প্রাথমিকভাবে এই পরিকল্পনার কাজ শুরু হয়েছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** প্রথমে একটা প্রিলিমিনারি ফিসিবিলিটি রিপোর্ট সবগুলো শহরে তৈরি করেছি। তারপর ডিটেইলস প্রোজেক্ট রিপোর্ট তৈরি করতে হবে। আমরা মোট ২১টি ডি. পি. আর. করেছি। প্রথম পি. ফ. আর.-এর পর দেখা গিয়েছিল ৩৪৮ কোটি টাকার প্রয়োজন এবং এই টাকার প্রশাসনিক অনুমোদন কেন্দ্রীয় সরকার দিয়েছেন। এখন ২১টি ডি. পি. আর হয়েছে, বাকি রয়েছে রাণীগঞ্জ, আসানসোল, অন্ডাল, দুর্গাপুর—সেখানে পি. এইচ. ই. ডি. পি. আর. তৈরি করছে। ডি. পি. আর করার পর দেখা গেছে ৩৪৮ কোটি থেকে কমে ২৪৫ কোটি টাকা, আর বাকি চারটে শহরের জন্য আরও ১৩ কোটি টাকা লাগবে।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মুর্শিদাবাদের ক্ষেত্রে জঙ্গীপুর, জিয়াগঞ্জ ধরা হলেও ঐতিহ্যবাহী এবং ক্রমবর্ধমান শহর বহরমপুরকে কেন ধরা হয়নি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** প্রথম পর্যায়ে গঙ্গা তীরবর্তী ১৫টি শহরকে ধরেছিলাম, তার মধ্যে বহরমপুর ছিল। আপনি জানেন, সেখানে দুটো বৈদ্যুতিক চুল্লি হয়েছে, গঙ্গার পাড় বাঁধানো, ঘাট বাঁধানো, এসব হয়েছে।

**শ্রী অজয় দে ঃ** সুপ্রিম কোর্টের ৪৩টি শহরকে দূষণ রোধের নির্দেশ দিয়েছিল, বললেন। পরবর্তীকালে কি কোর্ট কোনও নির্দেশ দিয়েছিল এই ২৭টিকে করা হোক, বাকিগুলিকে বাদ দেওয়া হোক?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কোর্ট যে রায় দিয়েছিল, কোনও একটা পাবলিক লিটিগেশন মামলা হয়েছিল, তাতে বলা হয়েছিল ৪৩টি শহরের মধ্যে—গঙ্গা তীরবর্তী অঞ্চল, বেশি দূষণের মধ্যে পড়েছে। যেখানে প্রতি লিটারে জলে ৩০ এম. জি-র বেশি বি. ও. ডি. থাকবে, বা ৫০ এম. জি.-এর উপর এস. এস. পি. থাকবে, সেখানে জল দূষিত বলা হবে। এই ৪৩টি শহরে এই পরীক্ষা-নিরীক্ষার ভার সুপ্রিম কোর্ট 'নিড়ি'-কে দিয়েছিল। তারা পরীক্ষা করে যে রিপোর্ট দিয়েছে, তার ভিত্তিতেই সিদ্ধান্ত, আমাদের নয়।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদি শুনতে ভুল না করি, তাহলে মনে হয় বরানগর, কামারহাটি—অ্যাকশন প্ল্যানের একটা প্রোজেক্ট—আমার কনস্টিটিউয়েন্সির মধ্যে—তার উল্লেখ শুনতে পাইনি।

[11-30 — 11-40 a.m.]

যাই হোক যদি বরানগর-কামারহাটি এই গঙ্গা অ্যাকশন প্ল্যানের অধীনে হয়েও থাকে তাহলে আপনি কি মনে করেন এই প্রকল্পটা সঠিকভাবে চলছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** গঙ্গা অ্যাকশন প্ল্যানের প্রথম পর্যায়ে বরানগর-কামারহাটি অন্তর্ভুক্ত করা হয়েছিল। প্রথম পর্যায়ে ১৮০ কোটি টাকার কাজের অনুমোদন পাওয়া গিয়েছিল। তার মধ্যে ১৭৬ কোটি টাকার কাজ শেষ হয়ে গেছে। স্বাভাবিকভাবেই বরানগর এবং কামারহাটিতে গঙ্গা অ্যাকশন প্ল্যান-এ ট্রিটমেন্ট প্ল্যান্ট করা হয়েছে। সেই ট্রিটমেন্ট প্ল্যান্ট হয়ত যেভাবে ফাংশন করার কথা ছিল সেই ভাবে কার্যকর হচ্ছে না। এই রকম অভিযোগ পৌরসভা থেকে পাচ্ছি এবং এর ভিত্তিতে ব্যবস্থাও নেওয়া হচ্ছে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দেওয়ার সময় বললেন যে, গঙ্গা অ্যাকশন প্ল্যানে কতকগুলো শহর অ্যাডজাস্ট হয়েছে। এর মধ্যে হাওড়া জেলার কোনও শহর আছে কিনা জানাবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** প্রথম পর্যায়ে হাওড়া এবং বালিকে অন্তর্ভুক্ত করা হয়েছিল এবং এর কাজ শেষ হয়ে গেছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** 'গ্যাপ' বা গঙ্গা অ্যাকশন প্ল্যানে কলকাতার হেস্টিংস থেকে গড়িয়া পর্যন্ত যে টালিখাল তার প্রথম ফেজের কাজ শেষ হয়েছে এবং আমাদের হিসাবমতো এতে প্রায় ১৮ কোটি টাকা পাড়-বাধাঁই, খনন এবং কন্ট্রোল প্ল্যান্ট করে এবং মাঝে মাঝে ছোট ব্যারেজ তৈরি করে কাজ করা হয়েছে। ফলে ওখানে আগে যে নাব্যতা ছিল, জলে জোয়ার-ভাটা খেলত সেটা বন্ধ হয়ে গেছে। এখন এই টালি নালার পরিণতি কি হয়েছে তা আপনারা জানেন। সেখানে ড্রেনেজ ওয়াটার ছাড়া জল নেই। কিন্তু এই যে বিপুল পরিমাণ টাকা খরচ করে গঙ্গা অ্যাকশন প্ল্যান তৈরি করা হল সেটা কি শুধু কন্ট্রাক্টরদের টাকা পাইয়ে দেওয়ার জন্য না কি দূষণ বন্ধ করার জন্য?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য ১৮ কোটি টাকা খরচের কথা বললেন। আমার কাছে এখনই খরচের হিসাব নেই তবে মনে হয় এটা ৬ কোটি টাকা হবে। প্রথম পর্যায়ে

মূলত ডি-সিল্টেশনের কাজ ছিল। এই কাজ নিশ্চয় কিছু হয়েছে। এ ব্যাপারে আলাদা করে প্রশ্ন করলে আমি জবাব দেব। কিন্তু টালিনালার মূল যে কাজ—হেস্টিং থেকে গড়িয়া ব্রিজ পর্যন্ত, তার জন্য আমরা ৪০ কোটি টাকার প্রকল্প তৈরি করেছিলাম। কিন্তু পরবর্তীকালে এর মধ্যে পোর্ট ক্যানেলকে অন্তর্ভুক্ত করে এবং নতুন করে পোর্ট ক্যানেলের আদি গঙ্গার সঙ্গে টালিনালাকে যুক্ত করি এবং ৪৫ কোটি টাকার প্রকল্প হয়। এ ব্যাপারে প্রশাসন অনুমোদন দিয়ে দিয়েছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি এসে দেখে গিয়েছেন এবং সম্মতি দিয়েছেন। আমরা আদিগঙ্গা বা টালিনালায় ডিসিল্ট্রেশন করতে চাইছি যাতে সরাসরি গঙ্গার মধ্যে ডোমেস্টিক নোংরা, আবর্জনা এবং বর্জ্য পদার্থ পড়তে না পারে। এটা আমরা করব এবং তার পাশাপাশি টালিনালার ডিসিল্ট্রেশনের কাজ বা খননের কাজ এমন ভাবে করা হবে যাতে ভবিষ্যতে মেট্র রেলের গড়িয়া যাওয়ার ক্ষেত্রে কাজের কোনও অসুবিধা না হয়। এটা দেখা হচ্ছে। কিন্তু এই কাজে প্রধান বাধা হচ্ছে, টালিনালার তীরবর্তী অঞ্চলে প্রচুর মানুষের বাস এবং তারা জলকে দূষিত করছে, পরিবেশকে দূষিত করছে। এই মানুষদের উচ্ছেদ করতে হবে এবং তাদের জন্য বিকল্প ব্যবস্থা করতে হবে। এজন্য এলাকার মানুষ, বিভিন্ন গণ-সংগঠন, কাউন্সিলর—প্রত্যেকের সহযোগিতা দরকার। আমরা এই কাজ খুব শীঘ্রই শুরু করতে চাই।

এটাতে কেন্দ্রীয় সরকারের ৫০ ভাগ দেওয়ার কথা, আর রাজ্য সরকারের ৫০ ভাগ দেওয়ার কথা, ইতিমধ্যেই আমরা ৯ কোটি ২১ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের কাছ থেকে পেয়েছি। মাননীয় মুখ্যমন্ত্রী তৎকালীন প্রধানমন্ত্রী দেবগৌড়াকে চিঠি লিখেছিলেন, তিনি বলেছিলেন এই টাকা রাজ্য সরকারের পক্ষে বহন করা অসম্ভব, এটা কেন্দ্রীয় সরকারই বহন করুক। কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী সইফুদ্দিন সোজ, তিনি মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছেন যে, আপনি যে প্রশ্ন তুলছেন ৫০ ভাগ রাজ্য সরকারের পক্ষে বহন করা অসম্ভব, প্ল্যানিং কমিশন, তারা এটার সঙ্গে সহমত পোষণ করে ন্যাশনাল রিভার কনজার্ভেশন প্যান-এ যারা আছেন তাদের বলেছেন যে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী যেটা বলেছেন সেটা মানা উচিত। স্বাভাবিকভাবে আর্থিক দিক থেকে যে অসুবিধা আমরা আশঙ্কা করেছিলাম, এটা যদি কার্যকর হয় তাহলে সেই আর্থিক সমস্যা দেখা দেবে না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** দ্বিতীয় ফেজে ৪৮ কোটি টাকা খরচ করবেন, মেট্রো রেল যদি তার উপর দিয়ে যায় তাহলে সেটা অব্যবহৃতই থেকে যাবে। যে ৪৮ কোটি টাকা খরচ হবে সেটা কাজে লাগবে কি না জানেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মেট্রোরেলের সঙ্গে আমাদের কথাবার্তা হয়েছে, এটা মেট্রোরেলের নিচে দিয়ে যাবে না, উপর দিয়ে যাবে।

**ভিজিলেন্স কমিশনের প্রতিবেদন**

*৫২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৩) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আবদুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ভিজিলেন্স কমিশনের প্রতিবেদন ও ঐ প্রতিবেদনের ভিত্তিতে সরকারের ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত প্রতিবেদন নিয়মিতভাবে বিধানসভায় পেশ না করার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

ভিজিলেন্স কমিশনের প্রতিবেদন সরকারি প্রতিবেদন নিয়মিতভাবে বিধানসভায় পেশ করা সম্ভব হয়ে ওঠে না।

এর কারণ ঃ—

সেক্রেটারিয়েট, ডাইরেক্টরেট ও রিজিওনাল অফিসসমূহে কর্মরত কর্মচারিগণের বিরুদ্ধে পাওয়া অভিযোগ যথাযথভাবে অনুসন্ধানের পর প্রতিবেদন প্রস্তুত করতে ভিজিলেন্স কমিশনের বেশ কিছু সময় লেগে যায় ; এবং ভিজিলেন্স কমিশনের প্রতিবেদনের উপর রাজ্য সরকারের ব্যাখ্যামূলক বক্তব্য তৈরি করার জন্য বিভিন্ন দপ্তরকে তার অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তরসমূহ থেকে তথ্যাবলী সংগ্রহ করতে হয় বলে বেশ কিছু সময় লাগে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের জানাবেন কি, গত ৫ বছরে এই রকম কতগুলি ভিজিলেন্স কমিশন গঠিত হয়েছিল এবং তার রিপোর্ট অনুযায়ী কতগুলি ইমপ্লিমেন্ট হয়েছে এবং কত টাকা ব্যয় হয়েছে এই ভিজিলেন্স কমিশন করতে।

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে এ সব তথ্য নেই, নির্দিষ্ট ভাবে প্রশ্ন না করলে বলা যাবে না। আপনি আরেকবার এগুলি জানবার জন্য নির্দিষ্টভাবে প্রশ্ন করলে আমি উত্তর দিতে পারব।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** প্রশ্নের উত্তরে আপনি যা বলেছেন তাতে মনে হচ্ছে ভিজিলেন্স কমিশনের রেকমেন্ডেশন অনুযায়ী কোনও কাজই হয়নি। একটাও হয়নি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এপ্রিল ১৯৯৭-তে অ্যাসেম্বলিকে আমরা কতগুলি রিপোর্ট জমা দিয়েছি। ১৯৮৯-৯০ রিপোর্টেও আমরা পেশ করেছিলাম, তাতেই সব লেখা আছে যে কি অ্যাকশন নেওয়া হয়েছে, না হয়েছে। ১৯৯১ সালের রিপোর্ট ভিজিলেন্স কমিশনের কাছ থেকে আমাদের কাছে এসেছে।

[11-40 — 11-50 a.m.]

এই অধিবেশন চলাকালীন সেটা আমরা এখানে পেশ করতে পারব বলে মনে হচ্ছে। '৯১ সালের পরের আর কোনও রিপোর্ট আমাদের কাছে আসেনি। কিন্তু আপনি যে প্রশ্নটা করলেন তা আমি বুঝতে পারলাম না, প্রশ্নটার অর্থ কি? আমরা তো এখানে তিন চারটে রিপোর্ট পেশ করেছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** আমি আপনার কাছে গত পাঁচ বছরের রিপোর্ট জানতে চেয়েছিলাম, অর্থাৎ ১৯৯১ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত। আপনার কাছে কি গত পাঁচ বছরের কোনও রিপোর্ট জমা পড়েনি?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বললাম '৯১ সালের আগে পর্যন্ত যা ছিল দিয়ে দিয়েছি। '৯১ সালের রিপোর্ট আমাদের কাছে এসেছে, তারপরের আর কোনও রিপোর্ট আসেনি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** তাহলে গত পাঁচ বছরের ভেতর আপনি কোনও রিপোর্ট পাননি। এই যে দেরি হচ্ছে এর ফলে রিপোর্ট কার্যকর করার ক্ষেত্রে আরও দেরি হবে। সরকারি টাকা খরচ করে ভিজিলেন্স কমিশন গঠন করে তার রিপোর্ট যদি ৫/৭ বছরের মধ্যে না পাওয়া যায় তাহলে তা খুবই লজ্জার ব্যাপার, দুঃখজনক ব্যাপার। মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে বলবেন কি, এই বিষয়টা এক্সপিডাইট করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করবেন কি না?

**শ্রী জ্যোতি বসু :** কোনও বছরের রিপোর্ট কত সময়ের মধ্যে দিতে হবে, এ বিষয়ে আমাদের কোনও স্ট্যাটিউটরি নিয়ম নেই। কিন্তু যত শীঘ্র সম্ভব দেওয়া দরকার। আপনার সঙ্গে আমি এবিষয়ে একমত—তা না হলে বিশেষ মূল্য থাকে না অনেক সময়েই। যাই হোক আমরা চেষ্টা করছি। ভিজিলেন্স কমিশন থেকে আমাদের কাছে বলা হয়েছিল, ওদের লোকের অভাব আছে—পুলিশ ইত্যাদি পোস্টিং-এর অভাব আছে। এনকোয়ারি করতে হলে জেলায় যেতে হয়, অনেক জায়গা থেকে রিপোর্ট আনতে হয়। আমার যত দূর মনে আছে, এটা ৩/৪ বছর আগের কথা। আমরা পোস্টিং-এর ব্যবস্থা করেছিলাম। সাম্প্রতিককালে আমি আর খবর নিইনি আর ভিজিলেন্স কমিশনারও আমাদের কাছে কোনও দাবি করেননি, আগে যা করেছিলেন, সেগুলো দিয়ে দিয়েছি। অবস্থাটা আগের চেয়ে একটু ভাল হয়েছে। তথাপি অনেক দেরি হয়ে যাচ্ছে, এ বিষয়ে আমি আপনার সঙ্গে একমত, দেরি হওয়া উচিত নয়। এটা কি করে তরান্বিত করা যায় সেটা নিয়ে আমি ভিজিলেন্স কমিশনারের সঙ্গে সম্প্রতি আলোচনাও করেছি। আমাদের হোম (পি. আর.) ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করেছি। কি করে সুরাহা হতে পারে, কি করে তাড়াতাড়ি হয়, সেটা এখনও খুঁজে বের করতে পারিনি। কিন্তু এটা করতে হবে। আমারও ধারণা অনেক দেরি হয়ে যাচ্ছে—তিন, চার বছর লাগছে ভিজিলেন্স কমিশনের একটা রিপোর্ট পেতে। তারপর আমাদের সব খোঁজ খবর করতে যদি ২/৩ বছর লাগে তাহলে অনেক সময় চলে যায়। আমার ধারণা তদন্ত ইত্যাদি যাদের করবার কথা তাদের কাজে অনেক সময় গাফিলতি থেকে যায়। এটা দূর করতে পারলে আমার মনে হয় আরও তাড়াতাড়ি হতে পারে এবং তার চেষ্টা আমরা করব। আমি আবার ওদের নিয়ে বসব, দেখব কি করে কি করা যায়।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি অবহিত আছেন কিনা জানি না, জানলে বলবেন—এখন পর্যন্ত কত জন উচ্চ পদস্থ অফিসার, আই. এ. এস. আই. পি. এস.-এর বিরুদ্ধে রিপোর্ট পাওয়া গেছে?

**মিঃ স্পিকার :** কি করে বলবেন? রিপোর্ট টেবিলে লে করা হ'ল না, কি করে বলবেন। ছেড়ে দিন।

**শ্রী জ্যোতি বসু :** যে রিপোর্টগুলো পেশ করেছি সেগুলো উল্টে-পাল্টে দেখবেন, তাতে সব তথ্য আছে। আর যেটা দেব বলছি সেটা দেওয়া হলে দেখবেন। এখন আপনাকে নির্দিষ্ট নাম কি করে বলব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সাপ্লিমেন্টারি স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই একমত হবেন যে ভিজিলেন্স কমিশন সরকারি অর্থ বা সরকারের বিভিন্ন দপ্তরের নানারকম দুর্নীতি যাতে বন্ধ করা যায় তার জন্য ট্রান্সপারেন্সি অফ অ্যাডমিনিস্ট্রেশন অক্ষুন্ন রাখার জন্য ভিজিলেন্স কমিশনের গুরুত্বের কথা কতখানি সেটা বলাই বাহুল্য। এটা নতুন নয়। দীর্ঘদিন ধরে দেখছি, সেন্ট্রাল গভর্নমেন্ট ভিজিলেন্স কমিশনের রিপোর্ট প্রায় প্রতি বছরই পেশ করে। কিন্তু আমাদের এখানে লেটেস্ট—আজকেই জানতে পারলাম ১৯৯১ সালের ভিজিলেন্স কমিশনের রিপোর্ট পেয়েছেন। এই যে ৬/৭ বছরের গ্যাপ-এর ফলে ভিজিলেন্স কমিশনের যে সুপারিশ সেগুলি ইমপ্লিমেন্টেড করার ক্ষেত্রে সরকারি দপ্তরগুলির অনেক গাফিলতি আছে বলে অভিযোগ আছে—এই যে এত ডিলেড—৬/৭ বছরের গ্যাপ থেকে যাচ্ছে এর ফলে দেখা যাচ্ছে, যে অফিসারের বিরুদ্ধে অভিযোগ সেই অফিসার হয়ত রিটায়ার্ড হয়ে গেছে বা তার বিরুদ্ধে অ্যাকশন নেওয়া যাচ্ছে না। ফলে বিলম্বিত ভিজিলেন্স কমিশনের রিপোর্ট এইভাবে পেশ করার ফলে ভিজিলেন্স কমিশনের কার্যকারিতা নষ্ট হয়ে যাচ্ছে। একথা আমরা বারংবার বলেছি। আপনিও বলছেন চেষ্টা হচ্ছে। কিন্তু আমাদের যেটা আশঙ্কা—এখনও কি সত্যি-সত্যি ট্রান্সপারেন্সি রক্ষা করার জন্য সরকার কি ওয়ারফুটিং-এর উপর দাঁড়িয়ে ভিজিলেন্স কমিশন প্রতিশ্রুতি দিতে পারেন ১ বছর বা ২ বছরের মধ্যে আপ-টু ডেট করার চেষ্টা করবে? কেন ভিজিলেন্স কমিশনের রিপোর্ট বিলম্বিত হচ্ছে একথা আমরা বারংবার বলছি। কিন্তু ব্যাক-লগ ক্লিয়ার হচ্ছে না, অথচ আপনি অ্যাসিওরেন্স দিয়ে যাচ্ছেন। আপনি কি অ্যাসিওর করতে পারেন যে আমি এখন অ্যাসিওর করছি ১/২ বছরের মধ্যে ব্যাক-লগ ক্লিয়ার করব, এই অবস্থার অবসান হবে। তা না হলে অকার্যকর হয়ে যাবে।

**শ্রী জ্যোতি বসু ঃ** কেন্দ্রে কি আছে তা আমি জানি না। আপনার জানা আছে। আমি খোঁজ করব প্রতি বছর দেওয়া হয় কিনা, তারা দিতে পারেন কিনা। তবে আমি আবার বলছি, চেষ্টা করা উচিত—৫/৬ বছর যে সময়টা লাগছে সেটা কতখানি কমাতে পারি, এত সময় যাতে না লাগে তারজন্য ভিজিলেন্স কমিশনের সঙ্গে আলোচনা করতে হবে এবং ভিজিলেন্স কমিশন আমাদের ডিপার্টমেন্টগুলির কাছে যা পাঠায় তখন আমাদের পক্ষ থেকে সেটা দেখতে হবে তারা যাতে তরান্বিত করে, খোঁজ-খবর নেন। তাদের তো ওপিনিয়ন লিখতে হবে, লিখে অ্যাসেম্বলিতে পেশ করতে হবে। সেটা যাতে তরান্বিত হয় দেখতে হবে। তবে সেটা ১ বছর লাগবে, কি দেড় বছর লাগবে, কি ৩ বছর লাগবে এই মুহূর্তে বলা সম্ভব নয়।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** ভিজিলেন্স কমিশনে প্রতিবেদন বিধানসভায় নিয়মিত পেশ করা হয় না ঠিকই, কিন্তু বিগত কয়েক বছরের তুলনায় উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে একথা বলা যায়। কারণ, ১৯৯৬ সালের জুলাই মাসে ১৯৮৮ সালের প্রতিবেদন পেশ করা হয় এবং ১৯৯৭-৯৮ সালের বাজেট অধিবেশনে এই কথা প্রতিশ্রুতি দেওয়া হয় যে ১৯৮৯-৯০ সালের প্রতিবেদন চলতি অধিবেশনে পেশ করা হবে এবং সেটা এপ্রিল মাসে পেশ করা হয়েছে। ইতিমধ্যে ১৯৯১ সালের রিপোর্ট পাওয়া গেছে। সুতরাং অতীতের তুলনায় উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে, তবে কিছু ব্যাকলগ আছে, সন্দেহ নেই। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে

জানতে চাইছি, ১৯৯১ সালের যে রিপোর্ট পেয়েছেন সেটা কি চলতি অধিবেশনে রাখা সম্ভব হবে বা পরবর্তী অধিবেশনে বিধানসভায় রাখবেন?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বললাম, ১৯৯১ সালের রিপোর্ট আমাদের কাছে এসেছে, তারপরে আর আসেনি। আমরা চেষ্টা করছি, তবে সেটা দেওয়া ঐ সময়ে সম্ভব হবে কিনা বলতে পারব না। তবে আপনি ঠিকই বলেছেন, আগের থেকে খানিকটা তরান্বিত হয়েছে- এ বিষয়ে কোনও সন্দেহ নেই। এক সঙ্গে ৪টি রিপোর্ট দিয়েছিলাম। তবে মাননীয় সদস্য যা বলেছেন—আমিও আগে এই কথাই বলেছি, ৪/৫ বছর লাগবে কেন? তবে প্রতিশ্রুতি দিতে পারি না যে ২ বছরের মধ্যে হবে। সেই প্রতিশ্রুতি দেওয়া সম্ভব নয়।

[11-50 — 12-00 Noon]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি প্রশ্ন করতে চাই। এই দপ্তরটি স্বয়ং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দপ্তর। অন্য মন্ত্রীর হ'লে আমাদের খুব বেশি বলার কিছু ছিল না। আপনি পাঁচ পাঁচ বার মুখ্যমন্ত্রী হয়েছেন। গত ৫ বছরের ভেতরে আমাদের কাছে যা তথ্য আছে তাতে দেখছি বহু অভিযোগ জমা পড়েছে। আপনি বলেছেন যে এক সঙ্গে ৪টি রিপোর্ট জমা পড়েছে। ৪-টে এক সঙ্গে জমা পড়বে কেন? যখনই হবে একটা করে জমা পড়বে এটাই হওয়া উচিত। বাঞ্চ করে এক সঙ্গে ৪-টে জমা দিলাম, আবার এক সঙ্গে হয়ত ১৪টা জমা পড়বে—এটা কেন? এটা না করে—আপনার কাছে জানতে চাইছি, ইতিমধ্যে যেগুলি হয়ে গিয়েছে, কিছু কিছু হয়ে গিয়েছে আমাদের কাছে সংবাদ আছে, সেগুলি দয়া করে খবর নিয়ে যাতে অবিলম্বে পেশ করা যায় তার জন্য চেষ্টা করবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় সদস্য তো শুনছেন-ই না যে আমি কি বলছি। '৯১ সাল অবধি আমরা পেয়েছি। তার আগের রিপোর্টগুলি এখানে পেশ করা হয়েছে। '৯১ সালের টাও আমরা চেষ্টা করছি যাতে এই অধিবেশন চলাকালীন আমরা দিতে পারি। এর চেয়ে বেশি আর কি বলতে পারি। উন্নতি যে হয়েছে এটা আপনারা বুঝবেন খানিকটা, কিন্তু এতে আমরা সন্তুষ্ট হ'তে পারি না। আরও তাড়াতাড়ি করা দরকার।

**শ্রী রবীন মুখার্জি :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, ভিজিলেন্স কমিশনকে উনি অন্যান্য রাজ্যের মতোন বিশেষ ক্ষমতা দেবার জন্য কোনও চিন্তাভাবনা করছেন কি না? দ্বিতীয়ত, উনি বললেন, প্রতিটি জেলায় জেলায় ভিজিলেন্স কমিশনের এক একটি অফিস আছে। প্রতিটি জেলায় আছে এবং প্রতিটি দপ্তরে আছে—সেচ দপ্তরে বলুন, পি. ডবলু. ডি. দপ্তরে বলুন, প্রতিটি দপ্তরে তাদের নিজস্ব ভিজিলেন্স অফিসার আছেন। এদের সঙ্গে সমন্বয় করে যত সত্বর সম্ভব রিপোর্টগুলি উনি বিধানসভায় পেশের ব্যাপারে কোনও ব্যবস্থা নিচ্ছেন কি না? তৃতীয়ত, দীর্ঘ ২১ বছরে ভিজিলেন্স কমিশনের সঙ্গে উনি ক'বার বৈঠক করেছেন?

**শ্রী জ্যোতি বসু :** সে আমার ডাইরি দেখলে আমি বলতে পারব যে ক'বার বৈঠক করেছি, এখন মনে নেই, তবে করেছি আমি কয়েকবার এটা ঠিকই। আমি আবার

বলছি—উনিও পুনরাবৃত্তি করেছেন বলে আমিও করছি, একই কথা, তরান্বিত করার জন্য আরও কি কি ব্যবস্থা করা যায়—আমিও তো আপনাদের সঙ্গে একমত, মাননীয় সদস্যদের সঙ্গে যে ৪/৫ বছর অন্তত সময় লাগা উচিত নয় এখানে পেশ করবার ব্যাপারে। কিন্তু কতটা কমানো যায় সময় সেটা দেখব। এটা করতেই হবে, তা না হলে তো ভিজিলেন্স কমিশনের খানিকটা অর্থই থাকে না যদি খুব বেশি দেরি হয়—এই হচ্ছে কথা।

**আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সহায়তায় বন ও বন্যপ্রাণীর উন্নয়ন**

*৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সহায়তায় বন ও বন্যপ্রাণীর উন্নয়নের উদ্দেশ্যে কোনও প্রকল্প রূপায়িত হচ্ছে কি না ;

(খ) হলে, প্রকল্পটির নাম কি · এবং

(গ) বর্তমানে সেটি কোন পর্যায়ে আছে?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ বনায়ণ প্রকল্প (West Bengal Forestry এবং Project) ভারত পরিবেশ উন্নয়ন প্রকল্প (India Eco-Development Project)।

(গ) পশ্চিমবঙ্গ বনায়ণ প্রকল্পটি ১৯৯২-৯৩ আর্থিক সাল থেকে শুরু হয়। এই প্রকল্পটি ১৯৯৭ সেপ্টেম্বর মাসে সমাপ্ত হবে। এই প্রকল্পে মোট বরাদ্দের পরিমাণ ১১৮ কোটি টাকা। এ পর্যন্ত খরচ হয়েছে ১১০ কোটি টাকা।

ভারত পরিবেশ উন্নয়ন প্রকল্পটি ১৯৯৬ সালের ডিসেম্বর মাসে বকসা অঞ্চলে চলু হয়েছে। এই প্রকল্পটির মেয়াদ পাঁচ বৎসরের। এই প্রকল্পে বরাদ্দ আছে ২৯ কোটি ৫৫ লক্ষ টাকা এবং খরচ হয়েছে ৩০ লাখ টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দুটি প্রকল্পের কথা বললেন। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা—গ্লোবাল এনভায়রনমেন্টাল ট্রাস্টের সহায়তায় ইন্ডিয়া ইকো ডেভেলপমেন্ট প্রোজেক্ট, যেটা বকসা ব্যাঘ্র প্রকল্পে শুরু হয়েছে সেটার কাজের অগ্রগতি বর্তমানে কি অবস্থায় আছে দয়া করে জানাবেন কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** বকসা ব্যাঘ্র প্রকল্পের কাজ শুরু হয়েছে গত ডিসেম্বর থেকে। প্রাথমিকভাবে বকসা অঞ্চলের চারিদিকে যে বন্য প্রাণীসম্পদ রয়েছে সেটা রক্ষায় কয়েকটা ডেভেলপমেন্ট কমিটি হয়েছে আলাদা আলাদা করে। মাইক্রো প্ল্যানিং-এর মাধ্যমে প্রায়রিটি ভিত্তিতে অলরেডি তার কাজও শুরু হয়েছে। আমাদের এই প্রকল্পের কাজ হ'ল, বন সংরক্ষণে

জনগণের সক্রিয় অংশ গ্রহণ এবং বনভূমি এবং বন্যপ্রাণী রক্ষার জন্য সচেষ্ট থাকা। তাছাড়া জীব-বৈচিত্র্যের সংরক্ষণ দরকার। সেই কাজটাও সেখানে হবে। এছাড়া ঐ প্রকল্পের অধীনে আর্থ-সামাজিক উন্নয়নমূলক কিছু কাজ হবে। এই মুহূর্তে আমরা মাত্র ৩০ লক্ষ টাকা খরচ করেছি। আগামী দিনেও এটা চালু থাকবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সহায়তায় ১৯৯৭ সালের সেপ্টেম্বর মাসে প্রকল্পের কাজ শেষ হবে বলে বলছিলেন। আমি জানতে চাই, এই প্রকল্পের কাজ শুরু হবার আগে আমাদের রাজ্যে বনভূমির পরিমাণ কত ছিল এবং শেষ হবার পর কত দাঁড়াবে? আর এই বনভূমির পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে কি পদ্ধতি গ্রহণ করেছেন জানাবেন কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন :** বনভূমি আমাদের বাড়ছে। এই প্রোজেক্টের কাজ শুরু হবার আগে আমাদের রাজ্যে বনভূমির পরিমাণ ছিল ১৩.৪ শতাংশ মাত্র, কিন্তু এখন পরিমাণটা বলা যেতে পারে ১৫.৬ শতাংশ। আর সোশ্যাল ফরেস্ট্রি আমাদের যা আছে সেটাকে যদি হিসাবের মধ্যে আনি তাহলে বলা যেতে পারে ১৯ শতাংশ ভূমিকে আমরা সবুজায়ন করতে সক্ষম হয়েছি এই পর্যন্ত।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে বোঝা গেল যে, এই প্রকল্পের কাজ শুরু হবার আগে এর পরিমাণ ছিল ১৩.৪ শতাংশ, কাজ শুরু হবার পর বর্তমানে দাঁড়িয়েছে ১৫.৬ শতাংশ। অর্থাৎ অগ্রগতি ঘটেছে। আর এই বনায়নের ক্ষেত্রে আমাদের রাজ্যের সাফল্য আন্তর্জাতিক স্বীকৃত। আমার প্রশ্ন হল, এই প্রকল্পের কাজ শেষ হলে পর এই ধরনের নতুন কোনও প্রকল্প গ্রহণ করবার পরিকল্পনা নিয়েছেন কি না ; নিয়ে থাকলে সেটা কি ; এবং কোথায় শুরু হবে?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন :** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৭ শেষ হয়ে যাচ্ছে এই ফরেস্ট্রি প্রোজেক্ট। ইতমধ্যে আমাদের সেকেন্ড ফরেস্ট্রি প্রোজেক্ট তৈরি হয়ে গেছে ডিপার্টমেন্টে। ৩০শে সেপ্টেম্বরের পর আমরা চেষ্টা করব, আই. ডি. এ. হোক বা অন্য কোনও সংস্থাই হোক, আমাদের শর্তের সাথে যাদের মিল হবে তাদের দিয়ে সেটা রূপায়িত করার। আমরা আমাদের এই বনায়ন প্রক্রিয়াকে অব্যাহত রাখতে চাই। এই প্রকল্পের ক্ষেত্রে একটা সুখবর হ'ল, এই সবুজায়নের ক্ষেত্রে আমাদের টাকার সাথে জেলা স্তরে পঞ্চায়েতের সোশ্যাল ফরেস্ট্রির টাকায় যৌথভাবে কাজটা হবে। এই বছর থেকে তার কাজ শুরু হবে।

## Starred Questions (to which Written (Answers were laid on the Table)

### শহরের পার্কের নতুনভাবে রূপান্তর

*৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩১) **শ্রী সুকুমার দাশ :** পৌর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কলকাতা শহরে কতগুলি পার্ককে নূতনভাবে রূপান্তর করা হয়েছে ; এবং

(খ) পার্কগুলির নামও পরিবর্তন করা হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, তার কারণ কি?

**পৌর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত ১২ বছরে কলকাতা পুরসভা কলকাতা শহরে ১২০টি পার্ক নতুনভাবে সাজিয়েছে।

(খ) কিছু কিছু পার্কের নাম পরিবর্তন করা হয়েছে।

(গ) বিশিষ্ট ব্যক্তিত্বের সম্মানে ও স্মরণে নাগরিকদের আবেদন বিচার করে পার্কের নাম পরিবর্তন করা হয়।

**পলাশী সুগার মিলের জমি লিজ**

*৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৩) **শ্রী তপন হোড় ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পলাশী সুগার মিল-এর জন্য সংরক্ষিত জমি মিল কর্তৃপক্ষ লিজ দিয়ে দিচ্ছেন ; এবং

(খ) সত্যি হলে, এ-ব্যাপারে রাজ্য সরকারের বক্তব্য কি?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্য সরকারের কাছে নদীয়া জেলা পরিষদের বকেয়া পাওনা**

*৫৩৪. (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৫) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও গ্রাম-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারের কাছে নদীয়া জেলা পরিষদের বকেয়া টাকা পাওনা আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বকেয়া টাকা কতদিনে দেওয়া হবে বলে আশা করা যায়?

**পঞ্চায়েত ও গ্রাম-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) যে টাকা নদীয়া জিলা পরিষদ রাজ্য সরকারের কাছে বকেয়া হিসেবে এখন পর্যন্ত দাবি করেছে সেটা সংস্থা অনুদান (Establishment grant)-এর বাবদ। কিন্তু এই টাকা জিলা পরিষদটি কেন প্রাপ্য বলে মনে করছে তার পরিষ্কার ব্যাখ্যা পরিষদ দেয়নি। সন্তোষজনক ব্যাখ্যা পেলে এবং পূর্বতন অনুদানসমূহের সমস্ত সদ্ব্যবহার পত্র পাওয়া গেলে যত শীঘ্র সম্ভব নির্ণিত বকেয়া অনুদান দেওয়া হবে। এছাড়া সেস ও ভূমি রাজস্ব আদায়ের উপরেও কিছু অনুদান অন্যান্য জিলা পরিষদের মতো নদীয়া জিলা পরিষদেরও প্রাপ্য হয়। এই দুটি অনুদান বাবদ নদীয়া জিলা পরিষদের কত টাকা কোন কোন বছরে প্রাপ্য হবে তার হিসেব এখনও করা যায়নি। চেষ্টা করা হচ্ছে যাতে ঐ হিসেব তৈরি করে প্রাপ্য অনুদান দ্রুত দিয়ে দেওয়া যায়।

## Total No. of MOUs during the British P.M.'s Visit

*535. (Admitted question No. *1679) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) total number of MOUs signed for setting up new Industries in West Bengal during the British P.M.'s Visit ; and

(b) details thereof ;

**শিক্ষা ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সি. আই. আই.-এর জানুয়ারি, ১৯৯৭ কলকাতায় অনুষ্ঠিত সম্মেলনে নিম্নলিখিত চারটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

(খ) জি. পি. টি. ইন্টারন্যাশনাল কোঃ (ইউ. কে.) ও মিত্তাল গোষ্ঠীর সহযোগিতায় পে-ফোন ও স্মার্ট-কার্ড তৈরির প্রকল্প।

২। বাজোরিয়া গোষ্ঠীর সঙ্গে ফোন চার্চ ইন্সুয়েরেন্স এর সহযোগিতায় সাধারণ বিমা প্রকল্প।

৩। হিন্দুস্থান টাইমস্ গোষ্ঠীর (কেকে বিড়লা) সঙ্গে কমার্শিয়াল ইউনিয়নের সহযোগিতায় সাধারণ বিমা প্রকল্প।

৪। পশ্চিমবঙ্গ সরকার এবং বেঙ্গল পোর্ট লিমিটেডের সহযোগিতায় কুলপীতে ক্ষুদ্র বন্দর স্থাপন।

## মহিলাদের পৈতৃক সম্পত্তির প্রাপ্ত অংশ

*৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮১) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার অবগত আছে কি যে, রিভিশনাল সেটেলমেন্ট (আর. এস.) চলাকালীন শ্বশুরালয়ে থাকার (বা অন্যত্র স্বামীগৃহে) ফলে বেশ কিছু মহিলা পৈতৃক সম্পত্তির প্রাপ্য অংশ হতে বঞ্চিত হয়েছে ; এবং

(খ) থাকলে, সরকার এ-বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কি না?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ রকম কোনও তথ্য সরকারের কাছে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### পুনর্নিযুক্ত অবসরপ্রাপ্ত আধিকারিকের সংখ্যা

*৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৪) **শ্রী শীতলকুমার সরদার ঃ** স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ সরকারের কোনও কোনও দপ্তরে উপ-সচিব অথবা যুগ্ম-সচিব পদে কোনও কোনও অবসরপ্রাপ্ত আধিকারিক একাধিক্রমে তিন বছরের বেশি কাজ করছেন ; এবং

(খ) সত্যি হলে—

(১) কোন কোন দপ্তরে ঐরূপ পুনর্নিযুক্ত আধিকারিক আছেন এবং তাদের সংখ্যা কত ;

(২) এইরূপ পুনর্নিযুক্তির কারণ কি ; এবং

(৩) ঐ সকল পদে নতুন আধিকারিক নিয়োগের কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

**স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) ১) প্রশ্ন ওঠে না।

২) প্রশ্ন ওঠে না।

৩) প্রশ্ন ওঠে না।

### রাজ্যে বনরক্ষা কমিটি

*৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬০) **শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বনরক্ষা কমিটির সংখ্যা কত ;

(খ) মোট কতজন কর্মী এতে যুক্ত ;

(গ) বন কমিটিগুলিকে কি পরিমাণ আর্থিক সহায়তা দেওয়া হয় ;

(ঘ) মেদিনীপুরে উক্ত কমিটির সংখ্যা কত ; এবং

(ঙ) ১৯৯৫-৯৬ সালে বনবিভাগ কি পরিমাণ জঙ্গল কেটে ছিল?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২,৭৪৫টি।

(খ) ৩,০৬,৫৪৫ জন।

(গ) উত্তরবঙ্গ ছাড়া পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলের পাহারাকৃত বনাঞ্চল থেকে চূড়ান্ত পর্যায়ে উৎপাদিত বনজ সম্পদের বিক্রয় থেকে প্রাপ্ত নিট আয়ের পঁচিশ শতাংশ। উত্তরবঙ্গের ক্ষেত্রে পাহারাকৃত বনাঞ্চল থেকে চূড়ান্ত পর্যায়ে উৎপাদিত বনজ সম্পদের মধ্যে কেবলমাত্র জ্বালানি কাঠ বিক্রয় থেকে প্রাপ্ত নীট আয়ের পঁচিশ শতাংশ।

(ঘ) ৭৮০টি।

(ঙ) মেদিনীপুর জেলায় ১,৮৩৭.৫ হেক্টর জঙ্গল কাটা হয়েছিল।

### Hawker Melas arranged by C.M.C.

*539. (Admitted question No. *2230) **Shri Pankaj Banerjee : Will** the Minister-in-charge of the Municipal Affairs Department be pleased to state—

(a) how many Hawker Melas have been arranged by Calcutta Municipal Corporation ; and

(b) how many shops for Hawker may be provided there ?

**Minister-in-charge of the Municipal Affairs Department :**

(ক) চারটি জায়গায় অস্থায়ীভাবে হকারদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে।

(খ) এই জায়গাগুলিতে মোট ২,৯১২টি দোকান বসানোর ব্যবস্থা হয়েছে।

### হাওড়া জেলায় সরকারি জমি বেআইনিভাবে বিক্রি

*৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২১) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার জাতীয় সড়কের দুপাশে সরকারি জমি বেআইনিভাবে বিক্রি হওয়া সম্পর্কে সরকার অবহিত আছে কি না ; এবং

(খ) থাকলে, এ ব্যাপারে সরকারের প্রতিক্রিয়া কি?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সরকারের কাছে সরকারি জমি বে-আইনিভাবে বিক্রির কোনও খবর নেই। সুনির্দিষ্ট অভিযোগ পেলে বিষয়টি তদন্ত করে দেখা হবে।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলকাতার জন্য দৈনিক পানীয় জল সরবরাহের পরিমাণ**

*৫৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯১) **শ্রী ব্রহ্মময় নন্দ :** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা মহানগরীর জন্য বর্তমানে গড়ে দৈনিক কি পরিমাণ পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আছে ; এবং

(খ) বর্তমানে কত জল সরবরাহ করা হয়?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কলকাতা মহানগরীর জন্য বর্তমানে গড়ে দৈনিক মাথাপিছু ৪২ গ্যালন হিসাবে মোট ২৩৬ মিলিয়ন গ্যালন পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আছে।

(খ) কমবেশি ২৩৬ মিলিয়ন গ্যালন জলই সরবরাহ করা হয়। এর মধ্যে কিছু পরিমাণ জল সঞ্চালন ব্যবস্থায় নষ্ট হয়।

[12-00 — 12-10 p.m.]

## PRIVILEGE MOTION

**Mr. Speaker :** The question hour is over. Hon'ble Member, Shri Saugata Roy has given a notice of Privilege against Dr. Ashim Kumar Dasgupta. We are looking into the legal aspects. We will take it up tomorrow.

There is no adjournment motion today.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely :—

1. Non-Electrification of 31 Mouzas in the Hirapur Assembly Constituency area—Shri Shamadas Banerjee.

2. Demolition of historic buildings in Calcutta—Shri Saugata Roy.

3. Steps taken to handover the charge of four 'Matrisadan' controlled by Calcutta Corporation to private organisation—Shri Tapan Hore.

4. Outbreak of enteric disease in Howrah, Nadia and South 24 Parganas districts—Shri Ajoy De.

5. Steps taken to establish a Medical College at Midnapore Town—Shri Sailaja Kumar Das.

I have Selected the notice of Shri Saugata Roy on the subject of Demolition of historic buildings in Calcutta.

The Minister-in-Charge may please make a statement today, if possible

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 19th June, 1997.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Fourteenth Report of the Subject Committee on Health & Family Welfare and Public Health Engineering, 1996-97

**The Chairman (Dr. Gouripada Dutta) :** Sir, I beg to Present the Fourteenth Report of the Subject Committee on Health & Family Welfare and Public Health Engineering, 1996-97 on Pre-voting Budget Scrutiny, 1997-98.

### Presentation of the First and Second Reports of the Subject Committee on Environment, Power, Science & Technology and Non-conventional Energy, 1996-97

**The Chairman (Shri Md. Yakub) :** Sir, I beg to Present the First and Second Reports of the Subject Committee on Environment, Power, Science & Technology and Non-conventional Energy, 1996-97 on Environmental Pollution and Pre-voting Budget Scrutiny respectively.

### Presentation of the First Report of the Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing (1997-98)

**The Chairman (Shri Baren Basu) :** Sir, I beg to Present the First Report of the Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing (1997-98) on Pre-voting Budget Scrutiny.

## Presentation of the First, Second and Third Reports of the Subject Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (1996-97)

**The Chairman (Shri Tapan Hore) :** Sir, I beg to Present :

(i) The First Report of the Subject Committee on Irrigation & Waterways (1996-97), West Bengal Legislative Assembly on the Erosion of Ganga and Padma.

(ii) The Sceond Report of the Subject Committee on Irrigation & Waterways (1996-97), West Bengal Legislative Assembly on the problems of Irrigation in the Hilly areas of Darjeeling, problems of Flood in North Bengal, Orissa Coast Canal and Contai Basin Drainage Scheme.

(iii) The Third Report of the Subject Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (1996-97), West Bengal Legislative Assembly on Pre-voting Budget (1997-98) Scrutiny.

## Presentation of the 9th Report (on Pre-voting Budget Scrutiny) of the Subject Committee on Agriculture, Agricultural Marketing, Food & Supplies, Food Pocessing, Forest, Fisheries, Horticulture and Animal Resources Development

**The Chairman (Shri Saugata Roy) :** Sir, I beg to Present the 9th Report of the Subject Committee on Agriculture, Agricultural Marketing, Food & Supplies, Food Pocessing, Forest, Fisheries, Horticulture and Animal Resources Development.

## LAYING OF RULES

### Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974

**Dr. Surya Kanta Mishra :** Sir, I beg to to lay the Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974 published under notification No. 4465/Pn/O/I dated 26th August, 1996.

## MENTION CASES

**শ্রী রণজিৎ কুন্ডু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আর কয়েকদিন বাদে মাধ্যমিক পরীক্ষার ফল বেরোবে। তারপরে প্রতি বছরের মতো এবারেও, আমরা না চাইলেও, নিশ্চয়ই কিছু ছাত্রছাত্রী হয়ত কম্পার্টমেন্টাল পাবেন। দেখা যাচ্ছে যে, যারা কম্পার্টমেন্টাল

পান, তাদের এক বছর বাদে পরীক্ষা দিতে হয় এবং তাদের দুটি মার্কশিট দেওয়া হয়। তারা ডিভিসন পেলেও ডিভিসন উল্লেখ করা হয় না। ফলে তাদের কলেজে ঢুকতে হলে বা কর্মজীবনে প্রবেশ করতে হলে অসুবিধা হয়। অথচ উচ্চমাধ্যমিক পরীক্ষায় যারা কম্পার্টমেন্টাল পান, তারা কম্পার্টমেন্টাল পরীক্ষা দেবার পর তাদের একটাই মার্কশিট দেওয়া হয় এবং ডিভিসন উল্লেখ করা হয়। কোনও একটা কারণে কোনও পরীক্ষার্থী একটা সাবজেক্টে হয়ত খারাপ ফল করলেন, কিন্তু মাধ্যমিক পরীক্ষায় এই ব্যবস্থা থাকার জন্য তাদের সারাজীবন ধরে ভুগতে হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এইজন্য দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি মাধ্যমিক পর্ষদের সঙ্গে আলোচনা করে এর প্রতিবিধান করতে পারেন।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় স্পিকার, স্যার, অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, গত বিধানসভার নির্বাচনের পর থেকে নবগ্রামের বুকে শান্তি-শৃঙ্খলা প্রচন্ড রকম অবনতি হয়েই চলেছে। নির্বাচনের পর থেকে এ পর্যন্ত নবগ্রামে ১২ জন রাজনৈতিক কর্মী খুন হয়েছেন। তারমধ্যে ১১ জন কংগ্রেস কর্মী এবং একজন সি. পি. এম. কর্মী। আমরা প্রশাসনের কাছে বারবার আবেদন করেছি যে, যেকোন রাজনৈতিক দলের কর্মী হোক না কেন, কোনও রকম পক্ষপাতিত্ব না করে যাতে সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে নবগ্রামে সুস্থ্য বাতাবরণ আনয়নের জন্য তারা সচেষ্ট হন। আমরা দেখছি, আবেদন নিবেদন করা সত্ত্বেও প্রশাসন একই ভাবে উদাসীন রয়েছে। স্বাভাবিক ভাবেই নবগ্রামে সার্বিক বাতাবরণ একই অবস্থায় রয়েছে। আমি জানি, সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় আমার আবেদন শোনার পরেও উদাসীন থাকবেন। তবুও নিয়ম রক্ষার্থে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য।

**শ্রী শঙ্করশরণ নস্কর ঃ** (অনুপস্থিত ছিলেন)।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার তমলুক মহকুমার নরঘাট অঞ্চলে একটি বিদ্যালয় আছে।

যার নাম কল্যাণচক গৌরমোহন ইনস্টিটিউশন। এই ইনস্টিটিউশনটি শহীদদের নামে পরিচিত। ১৯৪২ সালে ২৯শে সেপ্টেম্বর তিনজন দামাল ছেলে যথা পুরি মাধব প্রামাণিক, আশুতোষ কুইলা এবং উপেন্দ্রনাথ জানা মহিষাদল এবং তমলুকে শহিদ হয়েছিল। তাদের স্মৃতি বিজড়িত এই স্কুলটি মাধ্যমিক স্তরে রয়েছে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন যে, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীবর্ষে একই দিনে একই বিদ্যালয়ের ৩ জন ছাত্রের শহিদ হওয়ায় বিজড়িত স্কুলটিকে যথাক্রমে মাধ্যমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হোক।

**শ্রী সুধন রাহা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলার মাল ব্লকে ৩টি মাধ্যমিক

এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে, যাদের ছাত্রসংখ্যা হচ্ছে যথাক্রমে ১৬৮০, ১৫৭০, ১২৯৫ জন। আর শিক্ষকের সংখ্যা যথাক্রমে ১২ এবং ১৩ জন। স্বাভাবিক কারণে স্কুল কর্তৃপক্ষ ওই স্কুলে আর ছাত্র ভর্তি করতে সাহস পাচ্ছেন না। ওখানে লেখাপড়ার খুব অসুবিধা হচ্ছে। একে তো অ্যাকোমোডেশনের অসুবিধা, উপরন্তু শিক্ষকের অভাবে প্রায় দিনই ২-৩টে ক্লাশের বেশি হয় না। সুতরাং অবিলম্বে মৌলানি গোলিন্দ্রনাথ হাইস্কুলে দুজন শিক্ষক এবং ক্রান্তি দেবীঝোড়া হাইস্কুলে অন্তত একজন শিক্ষক এবং মাল আদর্শ বিদ্যাভবন হাইস্কুলে একজন শিক্ষক নিয়োগের ব্যবস্থা করুন। যাতে করে ছাত্র-ছাত্রীরা পড়াশুনোর সুযোগ পায়। ওই এলাকাটি রুর‍্যাল এলাকায় অবস্থিত, আরবান এলাকায় নয়। গ্রাম পঞ্চায়েত অঞ্চল থেকে বহু ছেলে ভর্তি হতে আসছে, তাদের ভর্তি করা যাচ্ছে না। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি যে, অবিলম্বে ওই স্কুলগুলোতে অ্যাকোমডেশন এবং শিক্ষক নিয়োগের ব্যবস্থা করুন।

**শ্রী অশোক গিরি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাকদ্বীপে কালনাগিনী নদীর উপরে একটা ব্রিজ তৈরি হচ্ছে। ওই ব্রিজটি যে কন্ট্রাক্টর তৈরি করার দায়িত্ব নিয়েছেন তিনি নিজস্ব পুঁজির অভাবে এবং অভিজ্ঞতার অভাবে কাজটা শেষ করতে পারছেন না। ওই ব্রিজটি এক বছরের মধ্যে শেষ করার কথা, সেখানে তিনি দু বছরে মাত্র ২৪টি পিলার বসিয়েছেন, এখন আবার কাজ বন্ধ হয়ে পড়ে আছে। সুতরাং অবিলম্বে ওই ব্রিজটি যাতে তৈরি হয় সেটা দেখার জন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার বলরামপুর বিধানসভা কেন্দ্রে শিশু বিকাশ প্রকল্প হয়নি। ১৯৯১ সালের সেন্সাস অনুযায়ী ওখানে লোকসংখ্যা ১ লক্ষ ৩০ হাজারের মধ্যে আদিবাসী তফসিলি জাতির সংখ্যা প্রায় ৪০ হাজারের মতো। আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, ১৯৯৭-৯৮ সালের আর্থিক বছরে সারা রাজ্যের যে প্রকল্প হয়, সেই প্রকল্পে বড় বাজার নামে যে জায়গাটি আছে, সেই জায়গাটিকে অবিলম্বে শিশু প্রকল্পের আওতায় নিয়ে আসার ব্যবস্থা করা হোক এই আবেদন আমি রাখছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় প্রায় ৩২ হাজার প্রাথমিক শিক্ষক ১৫ মাস ধরে কোনও বেতন পাচ্ছেন না। ৬০/৬৫-কে কেন্দ্র করে একটা বিভ্রান্তিকর অবস্থা পশ্চিমবাংলায় চলছে। হাইকোর্ট থেকে ডিগ্রি করেছে, সরকার এখনও এই ব্যাপারে কোনও সিদ্ধান্ত নিতে পারছেন না। ৩২ হাজার প্রাথমিক শিক্ষক তারা ৬৫ বছর পর্যন্ত চাকরি করবেন বলে তারা কাজ চালিয়ে যাচ্ছেন, হয় তাদের বেতন দেওয়া হোক না হলে সরকার সিদ্ধান্ত গ্রহণ করুন যে সমস্ত প্রাথমিক শিক্ষক ৩২ বৎসর পর্যন্ত শিক্ষকতা করছেন তাদের চাকরিতে বহাল রাখা হবে কিনা। ১৫ মাস হয়ে গেল তারা কোনও বেতন পাচ্ছেন না। অতি সত্ত্বর এই ব্যাপারে

সরকার সিদ্ধান্ত গ্রহণ করুন। এই ৩২ হাজার প্রাথমিক শিক্ষকদের যাতে বেতন দেওয়া হয় সেই ব্যাপারে আমি সুপারিশ করছি আপনার মাধ্যমে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, পশ্চিমবাংলায় ৪২ হাজার কমিউনিটি হেলথ ওয়ার্কার কাজ করছে দীর্ঘদিন ধরে। আজকে কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকার আছে, আমরাও তাদের সমর্থন করি। এই ৪২ হাজার কর্মচারী যারা কাজ করছে তারা অনাহারে দিন যাপন করছে, তাদের পরিবারের লোকেরা রাস্তায় ভিক্ষা করছে। তারা ৫০ টাকা করে যে অনারিয়াম পেত সেটাও তারা পায় না। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে তাদেরকে অ্যাট পার সিনিয়রিটি তাদের রয়স অনুযায়ী সেটা স্বাস্থ্য দপ্তর হোক বা যে কোনও দপ্তরই হোক সেই সমস্ত জায়গায় তাদের যাতে কাজ দেওয়া হয় তার অনুরোধ করছি। তা না হলে তারা সকলে সিদ্ধান্ত নিচ্ছেন রাস্তাঘাট, ট্রেন লাইন সব অবরোধ করবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অনুরোধ করছি ৪২ হাজার কর্মচারী যারা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে সমর্থন করে তারা যাতে একসঙ্গে খেতে পায়, এই বামফ্রন্ট সরকার তার সুব্যবস্থা করবেন, এই অনুরোধ আমি জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের কাছে স্বাধীনতার এই ৫০ বছরে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে তাদের হস্তক্ষেপ প্রার্থনা করছি। স্যার, বন্দেমাতরম মন্ত্রের উদ্গাতা ঋষি বঙ্কিমচন্দ্রের যে বাড়িটি নৈহাটিতে আছে, রাজ্য সরকার সেই বাড়িটির একটি অংশ মাত্র অধিগ্রহণ করেছেন। আমরা এই ব্যাপারে বারে বারে বলেছি, গোটা বাড়িটি সরকার অধিগ্রহণ করুন এবং ঋষি বঙ্কিমচন্দ্রের স্মৃতি বিজড়িত এই বাড়িটিকে একটা ঐতিহাসিক স্বীকৃতি দিয়ে সংরক্ষণের ব্যবস্থা করুন। কিন্তু তারা তা করলেন না। তারা বাড়িটির অংশ বিশেষ অধিগ্রহণ করে যেখানে ঋষি বঙ্কিমচন্দ্র জন্ম গ্রহণ করেছিলেন সেখানটায় স্যানিটেশনের কাজ করে সেই জায়গার পবিত্রতাকে নষ্ট করে দিলেন।

আমরা এই ব্যাপারে মাননীয় সরকারের কাছে আবেদন করেছিলাম, মাননীয় সরকারের তরফ থেকে সেখানে যারা দেখা ও শুনা করছেন, বাড়িটির রক্ষণাবেক্ষণের কাজে—এই ৫০ বছরের শেষে দাঁড়িয়ে তার বঙ্কিমচন্দ্রের প্রতি যথাযথ সম্মান যেটা দেখানো উচিত সেটা হচ্ছে না। যেহেতু মার্কসবাদী কমিউনিস্ট পার্টি বন্দেমাতরম এই ধ্বনি তারা বলেন না, সেহেতু তারা মনে করেন বন্দেমাতরম বলাটা সাম্প্রদায়িকতার সামিল ; তাই তারা ঋষি বঙ্কিমচন্দ্রকে সাম্প্রদায়িক বলে চিহ্নিত করার চেষ্টা করেছেন। আমবা যখন বাড়িটিকে সম্পূর্ণ অধিগ্রহণ করার কথা বলি, তখন তারা সেখানটায় আংশিক অধিগ্রহণ করে সেখানে শৌচালয় নির্মাণ করে বাড়িটির পবিত্রতাকে নষ্ট করছেন।

[12-20 — 12-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট সব মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি অবিলম্বে ঐ বসত বাড়িটি সম্পূর্ণভাবে অধিগ্রহণ

করে এবং বঙ্কিমচন্দ্রের স্মৃতি বিজড়িত জায়গা হিসাবে স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা করা হোক, তার সাথে সাথে ঐ মহান মানুষটির জীবনী তুলে ধরে একটি সংগ্রহশালা তৈরি করার দাবি জানাচ্ছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি মর্মান্তিক বিষয়ের প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার কোঠারি মেডিক্যাল সেন্টার বে-সরকারি হাসপাতালের অব্যবস্থা, রোগীদের প্রতি কর্তব্যে অবহেলা ও চরম গাফিলতিতে গত ৭ই জুন, রাত ১০.১৫ মিনিটে স্যালাইন ও রক্তের বোতল চলছে এরকম একজন অসুস্থ রোগী হিন্দমোটর কারখানার শ্রমিক, ৩১ বছরের যুবক জয়জিৎ চক্রবর্তী হাসপাতালের আট তলা থেকে ঝাঁপ দিয়ে মর্মান্তিকভাবে মারা গেছে। চিকিৎসার নাম করে এই সমস্ত বে-সরকারি হাসপাতালগুলো রোগীদের থেকে হাজার হাজার টাকা নেয় অথচ তাদের যথাযথ ন্যূনতম সেবাটুকুও দেয় না। কোঠারি মেডিক্যাল সেন্টারের বেডভাড়া হচ্ছে প্রতিদিন ৮৫০ টাকা। এরকম একজন রোগী—যার কিছুক্ষণ আগে স্কেলোথেরাপি হয়েছে, যাকে স্যালাইন ও রক্ত দেওয়া হচ্ছে, যে রোগের যন্ত্রণায়, হতাশায় বেড থেকে উঠে জানালার ধারে গেল এবং স্যালাইন, রক্তের বোতল শুদ্ধ আটতলা থেকে ঝাঁপ দিল। তাকে কেউ ধরল না, বাধা দিল না। কারণ সেখানে তখন কোনও নার্স, অ্যাটেন্ডেন্ট, ডাক্তার বা হাসপাতালের কোনও লোক ছিল না। রোগী বেড থেকে উঠে ঝাঁপ দিচ্ছে এটা দেখার কেউ নেই। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, দৃষ্টি আকর্ষণ করছি, স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে অনুরোধ করছি,—এই মর্মান্তিক মৃত্যুর যথাযথ তদন্ত হোক এবং অব্যবস্থা ও গাফিলতির জন্য দায়ী হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী অশোককুমার দেব ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকারি হাসপাতালগুলোর অবস্থা অত্যন্ত বেহাল। রোগীরা ভর্তি হওয়ার পর হাসপাতালে থাকতে চাইছে না। আমরা গ্রামের মানুষ প্রতিদিনই আমাদের হাসপাতালে যেতে হয়, আমরা সেখানে গিয়ে দেখি মানুষ ঠিকমতো সেখানে চিকিৎসা পাচ্ছে না, ডাক্তার ঠিকমতো আসছে না, তারা মেডিসিন পাচ্ছে না। এই ব্যাপারে আমি এবং অন্যান্য সদস্যরা বার বার সরকারকে জানিয়েছি, কিন্তু এই বিষয়ে সরকার কোনও কর্ণপাত করছেন না। ফলে নার্সিং হোমের প্রচন্ড রমরমা বাজার। যারা গ্রামের গরিব মানুষ, যারা দিন আনে দিন খায় তাদের কথা চিন্তা করে এই ব্যবস্থার সুরাহার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা নির্বাচনী কেন্দ্র কল্যাণপুর, ভাটুরায় চরম পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। ঘোড়াবেড়িয়া চিতনান একটি দ্বীপ, সেখানে ষাট ভাগ টিউবওয়েল খারাপ হয়ে গেছে। সেখানে চরম পানীয় জলের সঙ্কটের জন্য মানুষকে রূপনারায়ণ নদী পেরিয়ে মেদিনীপুর থেকে জল আনতে হচ্ছে। সব থেকে বড় সমস্যা হচ্ছে, সেখানে পাইপ লাইন ওয়াটার সিস্টেম চালু হয়েছে, কিন্তু মেইনটেনেন্সের বড় অভাব দেখা দিয়েছে। জওহর রোজগার যোজনার টাকা দিয়ে মেইনটেনেন্সের কাজটা দেখা [illegible] যাদের কারিগরি জ্ঞান কিছুই নেই তারা মেইনটেনেন্সের কাজ করছে। [illegible] [illegible], কিন্তু [illegible] পাইপ ফুটো হয়ে

যাচ্ছে, লোকে জল পাচ্ছে না, লোক এক দিন জল পেলে, চারদিন জল পাচ্ছে না। মেরামতির কোনও ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব এই মেইনটেনেন্সের কাজটা জেলা পরিষদ বা পঞ্চায়েতের মাধ্যমে করানোর ব্যবস্থা করা হোক এবং অবিলম্বে টিউবওয়েলগুলো সারানোর ব্যবস্থা করা হোক এবং পাইপ ওয়াটার সাপ্লাইয়ের ব্যবস্থা করা হোক।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহোদয়, পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে আইনশৃঙ্খলার প্রশ্ন নিয়ে বহুবার এই বিধানসভায় আলোচনা হয়েছে। অনেক সদস্য বলেছেন, অন্যান্য কারণের মধ্যে একটা কারণ—পুলিশ প্রশাসন, তার একাংশ, অনেকাংশে এই জন্য দায়ী যথাযথ সময়ে তারা তাদের দায়িত্ব পালন করেন না। কোনও সময়ে অতিরিক্ত জুলুম করে, কোনও সময়ে নিষ্ক্রিয় থাকে। অনেক জায়গায় দেখা গেছে যে তারা সমস্ত জটিলতা করছে। এই কারণে, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেছিলেন বিগত অধিবেশনে যে প্রত্যেক থানার সঙ্গে জনপ্রতিনিধিদের যুক্ত করা যাতে পুলিশ প্রশাসনকে ঠিকমতো পরিচালনা করা যায় তাদের জনমুখী করে তোলা যায়। এইটা দেখার জন্য একটা কমিটি গঠনের ঘোষণাও করা হয়েছিল। ঘোষণা হয়ে গেছে। এখনও কমিটি গঠন করা যায়নি। আমার দাবি অবিলম্বে এই ঘোষণাকে কার্যকর করা হোক। আমাদের প্রত্যাশা পূরণ করার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, কলকাতা এবং তার আশেপাশে শহর পরিষ্কারের নামে বামফ্রন্ট এর মন্ত্রিসভার মধ্যে একটা সার্কাস চলছে। কলকাতা শহরে যেন আর কোনও কিছু পরিষ্কার করার নেই। দৃশ্য দূষণের নামে কর্পোরেশন হোর্ডিং নামাতে শুরু করল। কলকাতায় রাস্তাঘাটে জঞ্জাল পড়ে থাকে, গরু, বাছুর থাকে সেদিকে খেয়াল নেই, কি না হোর্ডিং নামাতে হবে। কয়েকদিন নামানোর পর কর্পোরেশন বলল আমাদের লোক নেই আমরা দৃশ্য দূষণ দূর করতে পারছি না। পি. ডব্লু. ডি. বলছে তাদের যে সমস্ত রাস্তা তারা সেখানে হোর্ডিং নামাতে দেবে না। বামফ্রন্টের কো-অর্ডিনেশনটা কোন স্তরে আছে? কর্পোরেশন হোর্ডিং নামাচ্ছে, পি. ডব্লু. ডি. বিরোধিতা করছে। ভি. আই. পি.-তে বাড়ি ভাঙা হবে কি হবে না তাই নিয়ে বিরোধিতা। ভি. আই. পি. রোডে কোনও বে-আইনি বাড়ি অশোকবাবু বলছেন ভাঙা হবে, সুভাষবাবু বলছেন কোনও বাড়ি ভাঙা হবে না। এই নিয়ে একটা বিতর্ক চলছে। হকার অপসারণ নিয়ে বুদ্ধদেববাবু বললেন অপারেশন সানশাইন ঠিক হয়নি, সুভাষবাবু বললেন অপারেশন সানশাইন ঠিক। আসল যিনি মন্ত্রী অশোক ভট্টাচার্য তিনি এই ব্যাপারে চুপচাপ থাকলেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে কলকাতা শহরের জন্য আপনাদের কি পরিকল্পনা ঘোষণা করুন। সেটা মন্ত্রিসভা পলিসি হিসাবে ঘোষণা করুন। কলকাতাকে সুন্দর করার জন্য আপনারা কি করতে চান। শুধুমাত্র সংবাদপত্রে পাবলিসিটি পাওয়ার জন্য হঠাৎ ভাবে একে অপরের বিরোধিতা করলেন, বিরোধিতা করে বক্তব্য রাখলেন। বুদ্ধদেববাবু বললেন যে কলকাতার রাস্তায় হাঁটলে জরিমানায় ধরে নিয়ে যাবে। শান্তিবাবু বউবাজার স্ট্রিট দিয়ে হেঁটে গেলেন বললেন আমি এটা মানি না। তারপর আবার দেখছি যে প্রকাশ্যে মাইক চালানোর ব্যাপারে এনভায়রন ডিপার্টমেন্টের মন্ত্রী বললেন মাইক চালালে শব্দ দূষণ হয়। হাইকোর্টের অর্ডার মানতে হবে। আবার কেউ বলছেন যে এতে সংখ্যালঘুদের অধিকারে হস্তক্ষেপ করা

হবে। কলকাতার নাগরিকদের ভালোর কথা ভেবেই আপনারা এসব করছেন। শব্দ দূষণ, জঞ্জাল দূষণ, হকার দূষণ, বে-আইনি বাড়ি দূষণ যতগুলো করতে চান সরকার তাদের পলিসি করে বলে দিন, আমরা এই সিদ্ধান্ত নিয়েছি, এই দপ্তর এই সিদ্ধান্তকে ইমপ্লিমেন্ট করবে। দিনের পর দিন সরকারের মন্ত্রীরা, সরকারি ডিপার্টমেন্ট পরস্পর বিরোধী বক্তব্য রাখেন, পরস্পর বিরোধী কাজ করবেন, আমরা জনপ্রতিনিধিরা শেষ পর্যন্ত কিছুই জানতে পারব না। কয়েকদিন আগে অশোক ভট্টাচার্য, কোনওদিন পি. জি.-তে যান না, পি. জি.-তে গিয়েছিলেন। কি করতে কুকুর ধরতে। এদিকে ড্রেনগুলো সর্ব বন্ধ হয়ে আছে। আমি স্থানীয় বিধায়ক আমি একটা খবর পর্যন্ত পাইনি। যাই হোক, তিনি চলে গেলেন। টি. ভি.-তে একটা পাবলিসিটি হল। শুধুমাত্র পাবলিসিটির জন্যই কি কলকাতাকে পরিষ্কার করা হচ্ছে?

[12-30 — 2-10 p.m.] (Including adjournment)

**শ্রী আবদুস সালাম মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশের এক অত্যাচারের কথা বলছি। গত ৩১. ৫. ৯৭ তারিখে তেহট্ট থানার গোপীনাথপুর গ্রামে খলিল শেখ ও জাকির শেখের মধ্যে বাসন নিয়ে গোলমাল হয় এবং তারা পরস্পর পরস্পরের সাথে মারামারি ও গালিগালাজ করে। রাত ১১-১২ টার সময় তেহট্ট থানার পুলিশ প্রবীর চ্যাটার্জি দফাদার পাড়ায় গিয়ে, গরিব, খেটেখাওয়া এরকম ৮-৯-টা বাড়িতে গিয়ে অত্যাচার চালায়। সেইসব বাড়িতে গিয়ে পুলিশ বাড়ির টালির চাল খুলে ফেলে ভেঙে দেয়, সেইসব বাড়ির বাসন ভাঙচুর করে এবং মহিলা ও শিশুদের টেনে ফেলে অকথ্য মারধর ও অত্যাচার করে। ঐসব গরিব, নিঃস্ব মানুষগুলোর মাছের জাল পুলিশ ছিঁড়ে ফেলে এবং তাদের উপর ভয়ানক অত্যাচার চালায়। প্রবীর চ্যাটার্জি কেন এই অত্যাচার করেছে সে ব্যাপারে তদন্ত করে অবিলম্বে এর প্রতিকারের ব্যবস্থা করার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পি. এল. অ্যাকাউন্ট খুলে সরকারের ডেভেলপমেন্টের টাকাগুলো একদম রাজনৈতিক কর্তাদের হাতে কেন্দ্রীভূত হয়েছে। বিভিন্ন জেলাপরিষদ জওহর রোজগার যোজনা, ইন্দিরা আবাসন প্রকল্প প্রভৃতি বিভিন্ন খাতে কেন্দ্র থেকে যে পাওনা টাকা পায়, সেই টাকা সঠিক কাজে ব্যয় হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী বিবৃতি দিয়েছেন যে পি. এল. অ্যাকাউন্টের টাকা ইলেভেন্থ আওয়ারে আসে, আমরা খরচা করতে পারছি না। সেজন্য সেই টাকা অন্য জায়গায় রাখছি। সংবিধানে একটা নিয়ম আছে, আইন আছে যে আমাদের সর্বোচ্চ যে প্রিন্সিপ্যাল অডিটর জেনারেল আছেন, তার কাছ থেকে কংকারেন্স বা পারমিশন নিতে হয়। কিন্তু প্রিন্সিপ্যাল অডিটর জেনারেলের কাছ থেকে কংকারেন্স বা পারমিশন নেওয়া হচ্ছে না। জেলা পরিষদের টাকাগুলো পি. এল. অ্যাকাউন্টে রাখা হচ্ছে। তেমনি ব্লক পর্যায়ের টাকাগুলো লোকাল ফান্ড অ্যাকাউন্টে রেখে সেটা রাজনৈতিক কর্তাদের হাতে চলে যাচ্ছে। পঞ্চায়েত এবং পুরসভার উন্নয়নের জন্য ম্যাক্সিমাম টাকা কেন্দ্র থেকে আসছে। আমি প্রস্তাব করছি একটা সর্বদলীয় কমিটি করা হোক। মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর জেলা মেদিনীপুর এবং মাননীয় পুরমন্ত্রীর জেলা দার্জিলিং-এ এই সর্বদলীয় কমিটি গিয়ে এক

বছরের অর্থাৎ ১৯৯৬-৯৭ সালের ফান্ডিং, প্লেসমেন্ট, রিলিজ এবং ডিস্ট্রিবিউশন কিরকম হয়েছে সেটা দেখে আসুক।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মসজিদে সংখ্যালঘু ভাইরা 'লা ইলাল্লা ইল্লাল্লা, মহম্মদের রসুউলা' এই কথাটি পড়ে শেষ করতে পারেনি, আজান দেওয়া ইনকমপ্লিট সেই সময় কিছু হিংস্র জন্তুর দল মসজিদ আক্রমণ করে।

গ্রামটি অনন্তপুর। অনন্তপুরের ২৫টি বাড়ির মধ্যে ২৪টি বাড়ি ধ্বংস করল, লুটপাট করল ৬ থেকে ৭ লক্ষ টাকা। কাছেই থানা-পুলিশ আসার সময় পেল না। কারণ? সি. পি. এম.-এর নেতা থানাটাকে কন্ট্রোল করছে। লুটপাট শেষ করার পর, মানুষের উপর অত্যাচার শেষ করার পর তারা চলে গেল। তারপর স্থানীয় বিধায়ক হিসাবে এস. পি.-কে আমি ফোন করলাম। তিনি পুলিশ পাঠাতে তখনও গড়িমসি করছেন, কিছু লুঠের মাল সি. পি. এম. নিয়ে যেতে পারেনি। এই যে হিংস্র ঘটনা অনন্তপুর গ্রামে হয়ে গেল, মসজিদের সম্পত্তি কেন্দ্র করে, আমি আশা করেছিলাম মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী একটা বিবৃতি দেবেন, আমার দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজন হবে না। নিরীহ মানুষের উপর অত্যাচার চলছে এই ভাবে ভোটের আগে, পরে। অ্যাজ পার ইন্ডিয়ান কনস্টিটিউশন আমাদের ফান্ডামেন্টাল রাইটস কি এখানে সিজড হয়ে গেছে? এখানে কি আমরা আমাদের সম্পত্তি রক্ষা করতে পারব না? ব্যক্তিগত নিরাপত্তা পাব না? তাহলে ইন্ডিয়ান কনস্টিটিউশনকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এখান থেকে তুলে দিক। বলুক দিস ইজ নট অ্যাপ্লিকেবল ইন ওয়েস্ট বেঙ্গল এটা জঙ্গলের রাজত্ব, এখানে আমরা লাল পতাকা নিয়ে যেটা করব, সেটাই আইন, মানুষকে যেটা বলব, সেটাই আমাদের বাণী এবং সেটাই ওদের ফলো করতে হবে, আই. পি. সি., সি. আর. পি. সি. এখানে ফলদায়ি হবে না।

এটা সিরিয়াস কেস। আমি আশা করব পুলিশ মন্ত্রী এবং পুলিশের উর্ধ্বতন অফিসাররা ইমিডিয়েট অ্যাকশন নেবেন। যারা অত্যাচার করল, অন্যায় করল, দে শুড বি টেকেন ইন টু কাস্টডি ইমিডিয়েটলি। তাদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে।

**মিঃ স্পিকার :** এখন বিরতি। আমরা আবার মিলিত হব দুটোর সময়।

(At this Stage the House was adjourned till 2-00 p.m.)

(After recess)

[2-00 — 2-10 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 32

**Mr. Deputy Speaker :** There are 32 Cut Motions on this demand. All the Cut Motions are in order and taken as move.

**Shri Kamal Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

**Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed, Shri Ashoke Kumar Deb, Shri Shashanka Shekhor Biswas, Shri Ajoy De, Shri Kamal Mukherjee, Shri Rabin Mukherjee, Shri Gyan Singh Sohanpal, Shri Abdul Mannan, Shri Saugata Roy, Shri Gopal Krishna Dey, Shri Pankaj Banerjee, Shri Tushar Kanti Mandal :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** স্যার, মাননীয় সদস্য সৌগত রায় বক্তব্য রাখার আগে আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আনফরচ্যুনেট ব্যাপার হচ্ছে, মাননীয় স্পিকার স্যার বার বার এই হাউসে, সেদিনের অলপার্টি মিটিঙে বলা সত্ত্বেও মাননীয় মন্ত্রীরা যথেষ্ট সংখ্যায় এখানে উপস্থিত থাকছেন না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** শ্রম বিষয়ক মাননীয় মন্ত্রী মহাশয়ের হার্ট অ্যাটাক হওয়াতে মাননীয়া ছায়া বেরা এটার উত্তর দেবেন। এখানে ৫ জন মন্ত্রী আছেন। যথেষ্ট সংখ্যক মন্ত্রী আছেন। এটা মেনশন করা আননেসেসারি। এটা মেনশন করা উচিত নয়।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় ৪৮ কোটি ১২ লক্ষ ২৫ হাজার টাকার যে বাজেট বরাদ্দ এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট-মোশনের সমর্থন করছি। আমি জানি যে, মাননীয় প্রবীণ মন্ত্রী শান্তিবাবু গতকাল ই. এস. আই. হাসপাতালের ইন্টেন্সিভ কেয়ার ইউনিটে ভর্তি হয়েছেন। আমি আশা করি, শ্রীমতী ছায়া বেরা আছেন, তাঁর অবশ্য শ্রম বিষয়ক ব্যাপারে খুব অভিজ্ঞতা নেই, উনি বর্তমানে এমপ্লমেন্ট সম্পর্কিত দপ্তরের মন্ত্রী হয়েছেন। তাহলেও তার দপ্তরের সচিব এবং অন্য যারা আছেন তারা নিশ্চই ওকে আমরা যে প্রশ্নগুলো করছি তার উত্তর দিতে সাহায্য করবেন। আমরা যদি বাজেটটা ভাল করে দেখি তাহলে দেখতে পাব এই ৪৮ কোটি ৩০ লক্ষ টাকার বাজেটের মধ্যে প্লেন লেবার দপ্তরের বাজেট হচ্ছে ১৫ কোটি ২০ লক্ষ টাকা। আর, এর মধ্যে এমপ্লমেন্ট এবং ট্রেনিং—এই দুটো যোগ করলে ৪৮ কোটি হচ্ছে। তার মধ্যে যদি আলাদা আলাদা করে দেখা যায় তাহলে দেখা যাচ্ছে, এমপ্লয়মেন্ট খাতে আছে ১৫ কোটি ৮৮ লক্ষ টাকা আর টেনিং-এ ১৭ কোটি টাকা। দপ্তরটি তিন ভাগে ভাগ হয়েছে, শান্তিবাবুর দপ্তরের জন্য ১৫ কোটি টাকার বাজেট, ছায়া বেরার জন্য ১৭ কোটি টাকার বাজেট, বংশগোপাল চৌধুরির জন্য ওই রকমই একটা অ্যামাউন্ট ধরা হয়েছে আজকে যেটা আলোচনা হবে না। এই বাজেটটা বুঝতে হবে যে লেবার দপ্তরের যে রেগুলেটরি ফাংশন তার ফলে প্ল্যানের পরিমাণ খুব কম। শুধু শ্রম দপ্তরই যদি দেখেন তাহলে এই যে ১৫ কোটি টাকার বাজেট তার মধ্যে ১ কোটি ৭৮ লক্ষ টাকা প্ল্যান বাজেট, বেসিক্যালি স্টাফ, অফিসার আছে তাই লেবার দপ্তরের বাজেট হচ্ছে ননপ্ল্যান বাজেট। বিরাট স্টাফ আছে, যেমন লেবার কমিশনার, চিফ ইন্সপেক্টর অফ ফ্যাক্টরি, চিফ ইন্সপেক্টর অফ বয়লার্স, ডেপুটি কমিশনার, ডেপুটি লেবার কমিশনার ইত্যাদি ইত্যাদি। মাহিনা দিতে এই দপ্তরের টাকা

চলে যায়। কিন্তু যেটা দেখা দরকার যে এই বিরাট দপ্তরের ইনফ্রাস্ট্রাক্চার মেনটেইন হচ্ছে সরকারি খরচায়। এর একটা উদাহরণ দিলেই ব্যাপারটা বুঝতে পারবেন যে কি রকম খরচ হয়। শুধু যদি আপনি আলাদাভাবে দেখেন তাহলে লেবার কমিশনার দপ্তরের মাহিনা দিতে খরচ হয় ২ কোটি ৭৯ লক্ষ ৭৬ হাজার টাকা। কন্সিলেশন অফিসার যাদের বলা হয় তাদের দপ্তরে এই টাকা খরচ হয় মাহিনা দিতেই। এর পাশাপাশি শিল্পের অবস্থা আমরা কি দেখছি? আমি আপনাকে বিনীতভাবে বলতে চাই আমি দীর্ঘ দিন ধরে এই ট্রেড ইউনিয়ন ইন্ডাস্ট্রির সাথে যুক্ত আছি। আমি শ্রমিক শ্রেণীর এই রকম প্যাথিটিক অবস্থা আগে কোনও দিন দেখিনি। সবটার জন্য আমি বামফ্রন্ট সরকারকে দায়ী করছি না। কিন্তু আমি এ কথা বলতে চাই যে শ্রমিক শ্রেণীর অবস্থা দিনের পর দিন দুর্বলতর হচ্ছে। শ্রমিকদের বার্গেনিং পাওয়ার দিনের পর দিন কমে যাচ্ছে তখন বামফ্রন্ট সরকার সামগ্রিক ভাবে একটা অস্ট্রিচ লাইফ নীতি অবলম্বন করছে। ওদের এমন ভাব যে আমরা বামফ্রন্ট, আমরা শ্রমিকদের সাথে আছি। আমি উটের মতো ঝড় উঠলে মাটিতে মুখ গুঁজে থাকব। আর বলব আর্থসামাজিক অবস্থার জন্যই এই অবস্থা হয়েছে। আপনাদের অবস্থা দেখে সুদীন দত্তের "উঠপাখি" কবিতাটির কথা আমার মনে পড়ছে, অন্ধকার হলে যে প্রলয় বন্ধ থাকে না। আপনারা মুখ বুজে থাকছেন কিন্তু শ্রমিকদের অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। একটা সহজ স্ট্যাটিস্টিক্স দিলেই এটা পরিষ্কার বোঝা যাবে। আজকে পশ্চিমবাংলায় শ্রমিকদের ভবিষ্যত নির্দ্ধারিত হয় মালিকরা কি চায় তার উপর। শ্রমিকদের হাতিয়ার হচ্ছে স্ট্রাইক, আর মালিকদের হাতিয়ার হচ্ছে লক আউট। ১৯৯৬ সালে ১২৮-টি লক আউটের জন্য ৮৬ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছে মালিকরা এটা করেছে। সেই জায়গায় ১৬টা স্ট্রাইক হয়েছে, এই ১৬টা স্ট্রাইকের জন্য ১৬ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছে। শ্রমিকদের অ্যাকশনের জন্য যত শ্রমদিবস নষ্ট হয়েছে তার থেকে সাড়ে ৫ গুণ বেশি শ্রমদিবস নষ্ট হয়েছে মালিকদের জন্য। ১৯৯৫ সালেও ভাল অবস্থা ছিল না। তখন ৫২ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছিল লক আউটের জন্য, আর স্ট্রাইকের জন্য সাড়ে ১২ লক্ষ, অর্থাৎ গত বছর ৪ গুণ মালিকদের জন্য নষ্ট হয়েছিল। তার মানে পশ্চিমবাংলায় মালিকদের পরিস্থিতি এমন যে মালিকরা নির্ভয়ে লক আউট করতে তাদের বিন্দুমাত্র হাত কাঁপে না, কোনও ভয় পায় না।

[2-10 — 2-20 p.m.]

সে কোনও রকম ভয় পায় না। এর কারণ কি? এর কারণ হচ্ছে, বামফ্রন্ট সরকারের নিজস্ব যে শ্রম নীতি, সেই শ্রম নীতিটার সম্বন্ধে ওরা একটা সিদ্ধান্ত নিয়েছেন—নন-ইন্টারভেনশন শ্রম নীতি হবে। তার মানে কি? এখানে মাননীয় বিদ্যুৎবাবু বসে আছেন, বিদ্যুৎবাবু বিদেশে যাচ্ছেন, চীনে যাচ্ছেন, জাপানে যাচ্ছেন, বিলেতে যাচ্ছেন, আমেরিকায় যাচ্ছেন ইন্ডাস্ট্রি নিয়ে আসতে। বিদ্যুতবাবুর দায়িত্ব বিদেশিদের দেখানো যে, পশ্চিমবাংলায় শ্রমিক শান্তি আছে। এখন শ্রমিক শান্তি কোথায় চূড়ান্ত, চিনে। ওদের যেখানে নিউ ইকনমিক জোন তৈরি হয়েছে সেখানে বলে দিচ্ছে—বিদেশি ইনভেস্ট কর ও এখানে কোনও শ্রমিক আইন থাকবে না—হায়ার অ্যান্ড ফায়ার পলিসি। সুতরাং ওরাও বিদেশে যাচ্ছেন, বলছেন, 'পশ্চিমবাংলায় এস, শিল্প করে বস, আইনের কচকচি তোমাকে ট্রাবল দেবে না।' অন্য দিকে সিটুকে বলতে হচ্ছে, 'বন্ধুগণ, বামফ্রন্ট সরকার সংগ্রামের হাতিয়ার।' সংগ্রামের হাতিয়ার হোক, না হোক, শ্রমিক

মার খাচ্ছে, এটাই হচ্ছে আনফরচ্যুনেট সিচ্যুয়েশন এবং এর মধ্যেই শ্রমিকরা পড়ে আছে। এটাই আমি একটার পর একটা উদাহরণ দিয়ে দেখাব। শ্রম বিরোধের নিস্পত্তির ক্ষেত্রে আজকে বামফ্রন্ট সরকার কোনও ভূমিকাই পালন করতে পারছেনা। সহজ উদাহরণ মেটাল বক্স কারখানার হাইড রোডের দুটো ইউনিট—ইউনিট নং-১ এবং ইউনিট নং-২—১০ বছর বন্ধ আছে। টেন ইয়ার্স কোম্পানি ক্লোজার হয়নি, ইট ইজ স্টিল আন্ডার সাসপেনশন অফ ওয়ার্ক। ক্লোজার করলে শ্রমিকরা বুঝতে পারত যে, কারখানা উঠে গেছে। ১০ বছরে ১৩৩ জন শ্রমিক মারা গেছে, সুইসাইড করেছে। আমি জানতে চাইছি, আপনারা ক'টা কনসিলিয়েশন মিটিং ডেকেছেন মেটাল বক্স নিয়ে? আপনারা বলেছেন—অনেক কেস বি. আই. এফ. আর.-এ গিয়েছে। মেটাল বক্স নিয়ে অনেক দিন ধরে বি. আই. এফ. আর.-এ আমরা চেষ্টা চালাচ্ছি। কিন্তু এখানে রাজ্য সরকারের সেই এক নীতি, কোনও রকম ইন্টারভেশন করছেন না। ওরা যদি একটু ইন্টারভেনশন করে মালিকদের একটু ধমক দিয়ে বলতেন তাড়াতাড়ি খোলো, তাহলে হয়ত কিছু কাজ হত। কিন্তু ওরা এই ঝুঁকি নিতে চাইছেন না, ওরা ভাবছেন তাহলে মালিকরা ওদের ওপর রেগে যাবে। আবার সিটু যদি মালিককে অপোজ না করে তাহলে সিটুর বেস নষ্ট হয়ে যাবে। ফলে সরকার সিটিং আইডেল মিটিং ডাকেন না। কয়েক দিন আগে মেটাল বক্সের বার্লো হাউসের হেড অফিস বন্ধ করে দিল। আমি নিজে শ্রম সচিবকে চিঠি দিয়ে বলেছিলাম মিটিং ডাকতে, আজ পর্যন্ত ডাকেনি। কিছু কিছু ক্ষেত্রে আমরা কি দেখছি? আম পাকার সময় আপনারা বলছেন, মিটিং ডাকছি এবং মিটিং ডেকে বলছেন,—আমাদের মাধ্যমে ডিসপুট সলভড হয়েছে। কিন্তু ডিসপুট সলিউশনের যে প্রোটেক্টেড প্রোসেস তার মধ্যে সরকার যাচ্ছে না। আই ক্যান সে অনলি দ্যাট দিস ইজ আনফরচ্যুনেট। অবশ্য আমি জানি এই পুরো ব্যাপারটার জন্য আপনারাই দায়ী নন। কিন্তু আমার মনে হয় এই নন-ইন্টারভেনশন পলিসির চেয়ে যদি অ্যাক্টিভ পলিসি থাকত, সময়মতো যদি বার বার ডেকে বলতেন—যে, হ্যাঁ, আমরা খোলার চেষ্টা করছি, দ্যাট উড বি মোর এফেকটিভ। আপনারা যে কোনও কারণেই হোক দু দিকের চাপ মেন্টেইন করে চলার যে পলিসি নিয়েছেন, এটা সঠিক নয় বলেই আমি মনে করি। হ্যাঁ, প্রবলেম অনেক আছে। আজকে প্রবলেম হচ্ছে, শ্রমিক আইন বলবৎ করতে দপ্তরে যে ইন্সপেক্টররা আছে ৪০-টা আইন কার্যকর করা তাদের দায়িত্ব। আপনি জানেন স্যার, ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্ট আছে, ট্রেড ইউনিয়ন অ্যাক্ট আছে, মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কার্স অ্যাক্ট আছে, প্ল্যান্টেশন লেবার অ্যাক্ট আছে, ইক্যুয়াল রেম্যুনারেশন অ্যাক্ট আছে, ফ্যাক্টরি অ্যাক্ট আছে, প্রভিডেন্ট ফান্ড অ্যাক্ট আছে, ই. এস. আই. অ্যাক্ট আছে। সমস্ত এই দপ্তরের মাধ্যমে রেগুলেটেড হবে। এটা ফ্যাক্ট, আজকে শ্রমিকরা অনেক জায়গায়ই চাইছে না যে, সমস্ত আইন প্রপারলি বলবৎ হোক। আজকে পশ্চিমবাংলার শ্রমিকরা ডেসপারেট—যে কোনও মূল্যে আমাদের কারখানা খোলা থাকুক, আমাদের এমপ্লয়মেন্ট থাকুক। তার মানে ওরা জানে এমপ্লয়মেন্ট চলে গেলে, কারখানা বন্ধ হয়ে গেলে সরকার ৫ টাকা দিয়েও সাহায্য করবেন না। মেটাল বক্স ১০ বছর বন্ধ আছে। ঐ রকম বন্ধ রাখতে চাইছে না। তাহলে কি হচ্ছে? আমার নিজের অভিজ্ঞতা হচ্ছে, চট-কল মালিকরা প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছে না, ই. এস. আই.-এর টাকা জমা দিচ্ছে না। প্রভিডেন্ট ফান্ডে অফিস নোটিশ করা সত্ত্বেও পুলিশ মালিককে অ্যারেস্ট করতে পারে না। কারণ মালিককে অ্যারেস্ট করলে জুট-মিল বন্ধ হয়ে যাবে।

দিজ ইজ দি রিয়ালিটি অফ দি সিচুয়েশন। চোখ বন্ধ করে থাকা যাবে না। আজকে পলিউশনের জন্য হাইকোর্ট বলছে কারখানা বন্ধ করে দাও, সুপ্রিম কোর্ট বলছে কারখানা বন্ধ করে দাও। অথচ শ্রমিকরা বলছে কারখানা বন্ধ করবেন না, পলিউশন হয় হোক, আমাদের ক্ষতি হচ্ছে হোক, লেড পয়েজিং-এ আমরা ২০ বছর পরে মরব, কিন্তু কমপক্ষে আমাদের পেট যে কারখানাটি চালাচ্ছে সেই কারখানাটি বন্ধ হলে আমরা ৭ দিনের মধ্যে মরে যাবে, আমাদের পরিবার শুদ্ধ মরে যাবে। তাই কারখানা চালু থাকুক। ফ্যাকট্রি অ্যাক্টে সেফটি রেগুলেশন, অকুপেনশনল হেলথ রেগুলেশন অ্যাক্ট থাকা সত্ত্বেও কারখানার মালিকরা ফ্লাউট করছে। কিন্তু শ্রমিকরা এই ব্যাপারে কোনও কমপ্লেন করছে না। তার একটিই কারণ, শ্রমিকরা জানে, কারখানা বন্ধ হলে আর কোনও প্রোটেকশন সরকার থেকে পাবে না, অর্থনৈতিক ভবিষ্যৎ কেউই নিশ্চিত করবে না। তার ফলে কোনও কমপ্লেন আসছে না। আমি এই ব্যাপারে পরে ফিগার দিয়ে দেখাব—বিভিন্ন আইন থাকা সত্ত্বেও নাম্বার অফ প্রসিকিউশন কত কম, নাম্বার অফ কনভিকশন কত কম। তার কারণ, দেয়ার আর নো কমপ্লেনস। শ্রমিকরা কোনওরকমে কাজ শুধু ধরে রাখতে চাইছে। বামফ্রন্ট সরকারের সাফল্য এই—গত ২০ বছরে এমপ্লয়মেন্টের এমনই অবস্থা করেছে যে আজকে শ্রমিকদের এই অবস্থার সৃষ্টি হয়েছে। সহজ হিসাব কি—টোটাল কারখানায় শ্রমিকের সংখ্যা ৯ লক্ষ। টোটাল অর্গানাইজড সেক্টরে এমপ্লয়েড ২৫ লক্ষ লোক আর এই বছরে ছায়াদির এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লিখিয়ে বসে আছে ৫৪ লক্ষ বেকার। দে আর লিভিং ইন অ্যান আইল্যান্ড ইন এ সি অফ আন-এমপ্লয়মেন্ট। চারদিকে এমপ্লয়মেন্ট থাকলে কি ওয়েজ লেভেল ডিপ্রেসড হয়ে যায়? তার ফলে এই কাজ যদি আমি না করি, তাহলে অর্ধেক মাহিনা দিয়ে সেই কাজ করার জন্য আর একটি লোক প্রস্তুত হয়ে আছে। এমনিতেই ওয়েজ লেভেল ডিপ্রেসড হয়ে যাচ্ছে। এর ফলে হচ্ছে কি—আগে যে সব কোম্পানি ৪/৫ জন পারমানেন্ট ড্রাইভার রাখত, এখন আর কেউ তা রাখছে না। এমন কি তারা নিজস্ব গাড়ি পর্যন্ত রাখছে না। সাদা গাড়ি বা প্রাইভেট গাড়ি ভাড়া করে নিচ্ছে। সরকারি দপ্তরেও এখন সাদা গাড়ি ভাড়া করে নিচ্ছে। এর একটাই কারণ, একজন ড্রাইভারকে রাখতে গেলে ওভারটাইম সমেত যে ৪ হাজার টাকা মাহিনা দিতে হত, সেই জায়গায় এখন ১ হাজার টাকা, ১,২০০ টাকা দিয়ে ড্রাইভার পাওয়া যাচ্ছে। আজকে কোনও কোম্পানি সিকিউরিটি রাখছে? রাখছে না। সিকিউরিটি এজেন্সিকে দিয়ে ৬০০/৭০০ টাকা মাহিনা দিতে হত। এর ফলে এমপ্লয়মেন্ট-এর গতি কমল আর ওয়েজ লেভেল ডিপ্রেসড হয়ে গেল। এ ব্যাপারে সরকারও কিছু করছে না। এ ব্যাপারে কনট্রাক্ট লেবার অ্যাবোলিউশন অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট আছে। তা সত্ত্বেও কোনও কারখানা বা কোনও কোম্পানি পারমানেন্ট ড্রাইভার না রেখে বাইরে থেকে ভাড়া করে নিচ্ছে। যেগুলি পারমানেন্ট নেচারের কাজ-ক্লিনিং-সুইপারের কাজ সেগুলি আউট-সাইড এজেন্সি দিয়ে করাচ্ছে। তার কারণ, ৬০০ টাকা দিয়ে সিকিউরিটি পাওয়া যাবে, ৭০০ টাকা দিয়ে সুইপার পাওয়া যাবে। এর ফলে জেনারেল লেভেল ডিপ্রেসড হয়ে যাচ্ছে। তারফলে অর্গানাইজড সেক্টরে আইল্যান্ড তৈরি হচ্ছে এবং আস্তে-আস্তে ফারমিং আউট—যে জিনিসটা বলতাম—কারখানার বাইরে গিয়ে লোক দিয়ে কাজ করিয়ে নিচ্ছে। বড় বড় কোম্পানি আস্তে-আস্তে এই জিনিস করছে। এমনকি চটকল মিল-মালিকরাও বাইরে এক্সপোর্ট ওরিয়েন্টেড ইউনিট তৈরি করেছে এবং সেখানে অর্ধেক টাকায়, ওয়ান-থার্ড শ্রমিক দিয়ে কাজ করাচ্ছে। এটা সিরিয়াসলি ভাবা দরকার। দিনের

পর দিন এই ঘটনা যদি ঘটতে থাকে তাহলে অর্গানাইজ সেক্টর শেষ হয়ে যাবে। আপনি আপনি ট্রেড-ইউনিয়ন করে, স্ট্রাইক করেও অর্গানাইজ সেক্টরকে কোনও প্রোটেকশন দিতে পারছেন না এবং এই চাপ তীব্র হয়ে যাবে। গত বছর ইঞ্জিনিয়ারিং ওয়েজ সেটেলমেন্ট করেছেন। ইঞ্জিনিয়ারিং ওয়েজ সেটেলমেন্ট হল ফেব্রুয়ারি মাসে। কত বছর পরে হয়েছে? যেটা ডিউ ডেট তার ২ বছর পরে হয়েছে ইঞ্জিনিয়ারিং সেটেলমেন্ট। কেন আগে হল না? তার একটাই কারণ, শ্রমিকদের স্ট্রাইক করার ক্ষমতা নেই। কারখানার মালিকরা যবে ওয়েজ সেটেলমেন্ট করবেন তবেই হবে। ১৯৯২ সালে লাস্ট সেটেলমেন্ট হয়েছিল। সেটা ১৯৯৭ সালের ফেব্রুয়ারি মাসে হল। টু ইয়ার্স আফটার ইজ ওয়াজ ডিউ টু বি সাইন্ড। আমরা জানি সমস্ত ইন্ডাস্ট্রিতে এই প্রবলেম। ৩/৪টি ইন্ডাস্ট্রি বাদ দিলে আর কোনও জায়গায় শ্রমিকরা তাদের ন্যায্য পাওনার জন্য স্ট্রাইকে যেতে পারছে না এবং তাদের সেই কনফিডেন্স, তাদের সেই ভরসা সরকার দিতে পারছে না। তারফলে সরকারের কনসিলিয়েটরি মেশিনারি যেটা আছে তার ফাংশন ক্রমশ ক্রমশ লিমিটেড হয়ে যাচ্ছে।

[2-20 — 2-30 p.m.]

স্যার, আমি ফিগার দিয়ে দিয়ে সমস্ত জিনিসটা পরে দেখাব। হ্যাঁ, একটা অর্থনৈতিক প্রশ্ন আছে, সেই অর্থনৈতিক প্রশ্ন নিয়ে কিন্তু আমাদের খোলাখুলি ডিবেট করা দরকার। সেন্ট্রাল পাবলিক সেক্টারের একটা লিস্ট দেওয়া হয়েছে। তাতে আছে কতগুলি কেস বি. আই. এফ. আরে পেন্ডিং আছে। সেন্ট্রাল পাবলিক সেক্টারের ৫টা ইউনিট সম্বন্ধে বি. আই. এফ. আর. বলছে তাদের ওয়াইন্ড আপ করে দিতে হবে। সেগুলি হাইকোর্টে কেস করে রয়ে গিয়েছে। চিদাম্বরম মহাশয় তো জিজ্ঞাসা করবেন যে আর কতদিন গরিব কৃষকদের টাকা নিয়ে লস মেকিং কারখানাগুলিকে টাকা দেব? ওদিকে শ্রমিকরা তো বলবেন যে কারখানা বন্ধ হবার জন্য তো আমরা দায়ী নই, ম্যানেজমেন্ট চুরি করেছে, সরকার পলিসি নেয়নি তারজন্য আমাদের রুজি চলে যাবে কেন? তবে পাবলিক সেক্টারে এইটুকু অ্যাসিওরেন্স আছে যে যদি বন্ধ হয়ে যায় তাহলে শ্রমিকদের বাকি বকেয়া টাকা হয়ত ন্যাশনাল রিনিউয়াল ফান্ড থেকে পেয়ে যাবে অথবা রিটায়ারমেন্টের আগে একটা গোল্ডেন হ্যান্ডসেক পাবে কিন্তু ইন্ডাস্ট্রির মধ্যে এই চূড়ান্ত ক্রাইসিসের জন্য আপনারা কি করছেন? পশ্চিমবঙ্গে ১৯টা পাবলিক সেক্টার বি. আই. এফ. আরে ঝুলে আছে যাদের সম্বন্ধে কোনও সিদ্ধান্ত হয়নি। কংগ্রেস না হয় খারাপ ছিল, নরসিমা রাও-এর আমলে না হয় ভুল নীতির জন্য এই অবস্থা হয়েছিল কিন্তু আজকে কি অবস্থা? আজকে তো সি. পি. এম. স্টিয়ারিং কমিটির বড় দাদা, জ্যোতিবাবু তো ইউনাইটেড ফ্রন্টের জ্যাঠামশাই, আজকে এই ৯৭ সালের জুন মাসে ক'টা পাবলিক সেক্টার সম্বন্ধে সেন্ট্রাল গভর্নমেন্টের ক্লিয়ারেন্স পাওয়া গিয়েছে? ন্যাশনাল ইন্সট্রুমেন্ট Cycle Corporation, Weighbird, Bharat Opthalmics. ইত্যাদি সম্বন্ধে ওয়াইন্ড আপের অর্ডার দেওয়া হয়েছে। বি. আই. এফ. আর. বলছে এগুলি বন্ধ হয়ে যাবে। You been able to get political influence? কংগ্রেস না হয় বাইরে চলে গিয়েছে কিন্তু আপনারা কি করছেন? আমি আগেই বলেছি যে ইট ইজ এ সিরিয়াস ক্রাইসিস। পাবলিক সেক্টারগুলি কি এইভাবেই চলবে? এটাকে পলিটিক্যাল ইস্যু না করে আমি মনে করি এ সম্বন্ধে একটা সিদ্ধান্তে আসা দরকার। আপনারা এটাকে পলিটিক্যাল ইস্যু করে তুলবেন না। আপনারা

কিন্তু তা না করে এটাকে একটা পলিটিক্যাল ইস্যু করে তুললেন। আজকে যে সুযোগ আছে তার মধ্যে আপনারা কি একটাও কোনও সেটেলমেন্ট করতে পারছেন? না, পারছেন না। What is the condition of the National Jute Manufacturers Corporation (NJMC). কংগ্রেসের আমলে আমরা অধিগ্রহণ করেছিলাম। এখানে ২৫ হাজার ওয়ার্কার। দু বছর আগে এখানকার জন্য রিভাইভাল স্কীম দেওয়া হয়েছিল সরকারের কাছে কিন্তু সেটা আটকে আছে। ওরা বলছে যে ১৮২ কোটি টাকা দিলে ৪ বছরের মধ্যে তারা লাভ করবে। এক বছর ধরে দেবগৌড়া সরকারের আমল থেকে ক্যাবিনেটে সেই কাগজ পড়ে আছে, কোনও সিদ্ধান্ত হল না। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন. এদের ১২টা মিলের শ্রমিক, কর্মচারিরা ঠিকমতোন মাহিনা পাচ্ছেন না। তিন মাস/ছয় মাস অন্তর মাহিনা হচ্ছে। এক বছরের মধ্যে তাদের সম্বন্ধেও কোনও সিদ্ধান্ত হল না। আপনারা বলছেন, শ্রমিকদের প্রতি আপনাদের সিমপ্যাথি আছে, সেটা আমাদেরও আছে। কিন্তু লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে চিফ মিনিস্টারের ৮টা চিঠি ছাপিয়ে দিলেই কি তাদের সব সমস্যার সমাধান হয়ে যাবে? তারা কি সেই চিঠির কপিগুলি গলায় ঝুলিয়ে ঘুরবে? What have you done to solve the problems of sick public sector undertakings ? সিরিয়াসলি এটা ভাবতে হবে। পার্টি হিসাবে বা গভর্নমেন্ট হিসাবে এ সম্বন্ধে আপনারা কি পলিসি নেবেন সেটা পরিষ্কারভাবে বলতে হবে—Policy toward the sick public sector undertakigns. এটা ঠিক যে আপনারা যেটা করছেন সেটা শ্রমিকদের পক্ষে ভাল, আপনারা বসিয়ে বসিয়ে মাহিনা দিচ্ছেন। কৃষ্ণা গ্লাসে ৬ বছর ধরে এক ছটাক প্রডাকশন হয়নি, আপনারা বসিসে বসিয়ে মাহিনা দিচ্ছেন। ইন্ডিয়ান পেপার পাল্প, ৫ বছর ধরে প্রোডাকশন হয়নি, মুখ্যমন্ত্রীর ভাইরাভাই সেখানকার চেয়ারম্যান, আপনারা বসিয়ে রেখে মাহিনা দিচ্ছেন, ধন্যবাদ দিচ্ছি কারণ আমারও ওখানে ইউনিয়ন আছে কিন্তু মূল কথা যেটা সেটা হচ্ছে, এ সম্বন্ধে আপনারা কি কোনও পলিসি নিতে পারছেন? আপনারা বলছেন ডিসপিউটে যাব না, শ্রমিক দরদি ইমজে নষ্ট করব না, ঠিক আছে But come to a policy decision. আপনারা বক্তৃতা দিয়েই চলে যাচ্ছেন. মাহিনা দিয়েই চলে যাচ্ছেন কিন্তু কোনও ডিসিসনে আসতে পারছেন না। স্যার, শ্রমিকরা এতবড় ক্রাইসিসের মধ্যে আগে কোনওদিন পড়েনি যে অবস্থায় আজকে তারা পড়েছেন। আপনি এখানে একটা হিসাব দিয়েছেন যে ২ হাজার ৩৫২টি ডিসপিউট গত বছর আপনাদের কনসিলিয়েশান মেশিনারির মাধ্যমে সলভ করেছেন।

২ কোটি ৭৯ লক্ষ টাকা লেবার ডিসপিউটে মাইনে, সলভ করেছেন ২,৫০০টি ডিসপিউট বছরে। তাহলে একটা ডিসপিউট সলভ করতে কত টাকা লাগছে? ২ কোটি ৭৯ লক্ষ টাকাকে ২,৫০০ দিয়ে ভাগ করুন, দেখবেন ১০,০০০ টাকা লাগছে একটি ডিসপিউট সলভ করতে। ইজ ইট ওয়ার্ক? লেবার ট্রাইব্যুনালে কেউ একটি কেস করলে সেটা সলভ হতে ৬ থেকে ৭ বছর লাগে। ফলে ট্রাইব্যুনাল কেসে উকিলদেরই লাভ হয়, কিন্তু কোনও সলভ ওখান থেকে হয় না। একটি ডিসপিউট মেটাতে ট্রাইব্যুনালে যদি ৭ বছর লাগে তাহলে একটি শ্রমিকের কি অবশিষ্ট থাকবে? আপনারা নিজেরাই এখানে বলেছেন যে, ২,৩৭৯টি ডিসপিউট কেস লেবার ট্রাইব্যুনালে পেন্ডিং রয়েছে। এটা কি শ্রমিকদের পক্ষে যাচ্ছে? আরও একজাম্পল দিচ্ছি। কয়েকটি জুট মিল খুলেছে। নিউ সেন্ট্রাল, জয়শ্রী, মেঘনা জুটমিল খুলেছে,

ওদিকে বালি জুটমিল বন্ধ হয়ে গেছে। আগে এটা বিড়লাদের ছিল, এখন কঙ্করিয়া নিয়েছে। আপনারা তাদের ডেকেছিলেন, কিন্তু আসেননি। এরপর হয়ত একটা মিটিং করবেন তাদের সাথে এবং বলবেন যে, ভালভ করছেন। কোনও ইন্টারভেনশন নেই আপনাদের এনফোর্সমেন্ট অফ লেবার লজ সম্পর্কে। এক্ষেত্রে গাদা গাদা আইন সরকার করে রেখেছেন, অথচ ঐ আইনগুলি থেকে শ্রমিকরা বেনিফিট কতটুকু পাচ্ছে সে ব্যাপারে সন্দেহ রয়েছে। আর শ্রমিকরা বিশ্বাসও করেন না যে, ঐ আইন তাদের কোনও রিলিফ দিতে পারবে। একটা হিসাব দেখুন, ৪৫০ জন ইনস্পেক্টর রয়েছেন এবং তারা বছরে ৯,৫৩৮টি কেস ইনস্পেকশন করছেন। অর্থাৎ বছরে ওয়ার্কিং ডেজ ৩০০ ধরলে একজন ইনস্পেকটর বছরে ২০টা ইনস্পেকশন করছেন। এই ইনস্পেকশনের জন্য বছরে ২ কোটি টাকা খরচ হচ্ছে। তাহলে ইনস্পেক্টরদের হোয়াট ইজ দি ফাংশন? এগ্রিকালচারেও ৯,০০০ ইনস্পেকশন করেছেন। কত টাকা রিয়ালাইজ করেছেন? ১২,৮৫০ টাকা রিকভারি করেছেন অ্যাজ ফাইন। বেসিক্যালি যতগুলি ইনস্পেকশন করা দরকার ছিল ততগুলি ইনস্পেকশন করা হয়নি। কয়েকদিন আগে লেবার দপ্তর থেকে অক্যুপেন্সি সেফটি নিয়ে একটা মিটিং ডাকা হয়েছিল। কলকাতার আশপাশে নানা অ্যাকসিডেন্ট হয় ; কেউ ব্যাটারি তৈরি করেন—লেড ঢুকে যাচ্ছে শ্রমিকের দেহে, কোথায়ও সালফিউরিক অ্যাসিড তৈরি হয়—ফুম ঢুকে যাচ্ছে শ্রমিকের দেহে। আমি জিজ্ঞাসা করি, ফ্যাক্টরি অ্যাক্ট অনুযায়ী এরকম কয়টি কারখানা ইনস্পেকশন করেছেন? চিফ ইনস্পেক্টর অফ ফ্যাক্টরিকে জিজ্ঞাসা করায় তিনি বলেছিলেন—'আমাদের লোক কম, পোস্ট খালি পড়ে রয়েছে। তারজন্য ইনস্পেকশন করতে পারছি না।' বছরে কেউ ৫০ টা ইনস্পেকশনও করেন না, অথচ ফ্যাক্টরি অ্যাক্ট অনুযায়ী কত ইনস্পেকশন করবেন তার হিসাব দেওয়া রয়েছে।

ও কথা বলছি, ছায়াদি, আপনি বলুন তো, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ৫৪ লক্ষ যে লাইভ রেজিস্টার হয়েছে তাদের এমপ্লয়মেন্ট দিতে কত সময় লাগবে? গত বছর আপনারা ৭,০০০ লোককে এমপ্লয়মেন্ট দিতে পেরেছেন। ৫৪ লক্ষের কত পারসেন্ট ৭,০০০? এই রেটে আপনারা এমপ্লয়মেন্ট দিয়েছেন। এক বছরে ৭,০০০ হলে ১৪ বছরে ১ লক্ষ, সুতরাং ৫৪ লক্ষকে এমপ্লয়মেন্ট দিতে ৭০০ বছর লাগবে, অর্থাৎ ব্যাকলগ ক্লিয়ার করতে দীর্ঘ সময় লাগবে।

[2-30 — 2-40 p.m.]

আপনাদের ভেকেন্সি নোটিফায়েড হচ্ছে বছরে ১৭ হাজার আর হিউজ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ স্ট্রাকচার। সারা বছরে ৭ থেকে ১০ হাজার প্লেসমেন্ট হচ্ছে আর ১৭ হাজার ভেকেন্সি নোটিফায়েড হচ্ছে। আপনারা বেকারদের নাম খাতায় লিখে রাখছেন শুধু, প্লেসমেন্ট কিছু হচ্ছে না। আপনাদের বিরাট এমপ্লয়মেন্ট স্ট্রাকচার তৈরি করেছেন। সেই স্ট্রাকচার দিয়ে বেকারদের কোনও সলিউশন হচ্ছে? বেকারদের কোনও রিলিফ আপনারা দিতে পারছেন না। সরকারি কর্মচারী দিয়ে এই বিরাট স্ট্রাকচার শুধু মেনটেন করছেন। মৌলিক দিক থেকে আমি মনে করি লেবার অ্যান্ড এমপ্লয়মেন্ট ডিপার্টমেন্ট ১৫ কোটি এবং ১৭ কোটি মোট ৩২ কোটি টাকা খরচ করতে যে হিউজ ইনফ্রাস্ট্রাকচার রেখেছেন তা জাস্টিফাই করার মতো কোনও কারণ কোনও পারফরমেন্স আপনারা দেখাতে পারেননি। প্রতি বছর যদি ১০ হাজার করে প্লেসমেন্ট হয় যেখানে ৫৪ লক্ষ বেকার সেখানে কম্পিউটার বসালেন কি বসালেন না তাতে

তাদের কিছু আসে যায় না। ১৯৭৭ সালে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যারা নাম রেজিস্টার্ড করেছিল তারা এখন কল পাচ্ছে। তাদের সকলের বয়স পেরিয়ে গেছে। ১৮ বছর আগে যারা রেজিস্ট্রি করেছিল তাদের বয়স এখন ৩৮ বছর। তাদের আপনারা একটা লাস্ট চান্স দিচ্ছেন। এই বিষয়ে কি হচ্ছে এটা একটু সিরিয়াসলি দেখা দরকার। শান্তিবাবুকে এই বলে আমি দোষ দেব না যে তিনি কখনও মালিকদের হয়ে বলেছেন, কারণ হি ইজ এ প্রো-লেবার ম্যান। কিন্তু আপনারা যে অর্থনীতি এবং আর্থ-সামাজিক কাঠামো তৈরি করেছেন Whole department has become defunct. Its purpose has become frustrated. তাই আমি বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের কাটমোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবব্রত ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৭-৯৮ সালের শ্রম এবং কর্ম নিয়োগের উপর যে ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং সাথে সাথে আমাদের বিরোধী বন্ধুরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তাঁর বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উক্ত প্রতিবেদনে পশ্চিমবাংলার শিল্প এবং শিল্প শ্রমিক সম্পর্কে প্রাসঙ্গিক ভাবে কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপিত হয়েছে। আমরা এটা সবাই জানি যে শিল্প শ্রমিকদের প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে শিল্প প্রসঙ্গ অনিবার্য হিসাবে এসে যায়। কারণ শিল্প হচ্ছে শ্রমিকদের শ্রম বিক্রি করে জীবিকা অর্জনের একমাত্র মাধ্যমে। সেই কারণে শ্রমিকদের বিষয়ে আলোচনা করতে গিয়ে শিল্পের বিষয়টা অনিবার্যভাবে আমাদের কাছে আসবে। কোনও রাজ্যের শিল্পের অবস্থান এবং শিল্প শ্রমিকদের বিষয়ে আলোচনা করতে গেলে, দেশের সরকার কোন নীতি নিয়ে শিল্প এবং শিল্প শ্রমিকদের পরিচালনা করতে চাইছেন এই প্রসঙ্গ অনিবার্যভাবে এসে যায়। শুধুমাত্র রাজ্যের বিষয় নিয়ে আইসোলেটেড ভাবে আলোচনা করা যায় না। কেন্দ্রীয় সরকারের নীতির প্রভাব সমস্ত রাজ্যের শিল্পের উপর এবং শিল্প শ্রমিকদের উপর পড়বে। এই বিষয়ে আলোচনা করতে গিয়ে অবশ্যই শিল্প এবং শিল্প শ্রমিকদের উপর তদানিন্তন কংগ্রেস সরকারের নীতির কি প্রভাব পড়েছে সেই প্রসঙ্গ অনিবার্য ভাবে আসবে। আমরা এটা সকলেই জানি যে ১৯৯১ সাল থেকে শুরু করে এক নূতন ধরনের বিপর্যয় ঘটেছে। কেন্দ্রের কংগ্রেস সরকার যে নীতি গ্রহণ করেছিল তার অনিবার্য ফল হয়েছে শিল্প জগতে নৈরাজ্য সৃষ্টি হয়েছে। আমরা সেই সময় এই কথা উল্লেখ করেছিলাম যে কেন্দ্রীয় সরকারের এই উদার অর্থনীতির ফল এবং আমদানি নীতির ফল শ্রমিকদের ভুগতে হবে।

এর ফলে শিল্পের উপরে কুপ্রভাব পড়তে বাধ্য। আজকে ছ'বছর অতিক্রান্ত হয়েছে, সারা ভারতবর্ষে কারও বুঝতে অসুবিধা নেই যে, কংগ্রেস সরকার যে শিল্পনীতি গ্রহণ করেছিল—আর্থিক নীতি, আমদানি নীতি এইসব যা গ্রহণ করেছিল, তারই প্রত্যক্ষ ফল আজকে শ্রমিকদের ভুগতে হচ্ছে। আজকে তারই ফলে শ্রমিকদের জীবনে অনিশ্চয়তা নেমে এসেছে। আমরা এও জানি, আমাদের রাজ্যে কেন্দ্রের কংগ্রেসের গৃহীত নীতির প্রত্যক্ষ ফল হিসাবে আমাদের রাজ্যে ভারি শিল্প—কি ইস্পাত শিল্প, কি ইঞ্জিনিয়ারিং শিল্প, কি সার শিল্প, কি ওয়াগন শিল্প, যার কথাই বলি না কেন, সমস্ত শিল্পের উৎপাদিত সামগ্রী বিক্রির ক্ষেত্রে বাজারের অভাবে সেগুলো আজকে সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। এখন প্রশ্ন হচ্ছে, এই

সংকট হঠাৎ করে কেন হল? আমাদের রাজ্যের কথা যদি বলি, আমাদের ওয়াগন শিল্পের প্রায় এক লক্ষ শ্রমিক ওয়াগন শিল্পের সঙ্গে যুক্ত। আজকে অর্ডারের অভাবে এই শিল্প যে জায়গায় এসে দাঁড়িয়েছে, ক্যাপাসিটি থাকা সত্ত্বেও তাদের উপরে ১৮-২০ ভাগের বেশি ওয়ার্ক লোড চাপানো যাচ্ছে না। তাদের রেটেড ক্যাপাসিটির বৃহৎ অংশই আন-ইউটিলাইজড হয়ে পড়ে থাকছে। এর ফলে এই শিল্প রুগ্নতার দিকে চলে যাচ্ছে। আট হাজার কোটি টাকা ব্যয়ে দুর্গাপুর ইস্পাত কারখানার মডার্নাইজেশন হয়েছে। আমাদের রাজ্যে ঐ একমাত্র অ্যালয় স্টিল কারখানার মডার্নাইজেশন হওয়ার ফলে সেখানে ব্লাস্ট ফার্নেলে ইস্পাত পিন্ড রেকর্ড পরিমাণে তৈরি হচ্ছে। অথচ দুর্গাপুর ইস্পাত কারখানার শ্রমিকদের সামনে অনিশ্চয়তার বাতাবরণ সৃষ্টি হল কেন? তাদের রেটেড ক্যাপাসিটি চাপিয়ে ১০২ শতাংশ উৎপাদন করা সত্ত্বেও সেখানকার শ্রমিকদের সামনে অনিশ্চয়তা সৃষ্টি হল কেন? কেন আজকে ভারী ইঞ্জিনিয়ারিং শিল্প, সার কারখানার শ্রমিকদের সামনে অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে, এর উৎস খোঁজার জন্য আমার পূর্ববর্তী বক্তা পশ্চিমবাংলার মধ্যেই সীমাবদ্ধ থাকলেন। তিনি এখানেই এর উৎস খোঁজার চেষ্টা করেছেন। কিন্তু পূর্বেকার কেন্দ্রীয় সরকারের যে নীতি সেটাই হচ্ছে এর মূল কারণ। আজকে তার ফলে শুধু পশ্চিমবাংলা নয়, সারা ভারতবর্ষেই এই ঘটনা ঘটছে। এই জায়গায় তিনি কারণ না খুঁজে শুধু পশ্চিমবাংলার শিল্পের ব্যাপারেই মনোনিবেশ করতে চেয়েছেন। কিন্তু বাস্তব কথা হচ্ছে অসম ব্যবস্থা। ভারত অপথালমিক গ্লাস কোম্পানি ভারতবর্ষের মধ্যে একমাত্র চশমার কারখানা। সেখানে প্রাইভেট এন্টারপ্রিনিয়ররা বিদেশ থেকে চশমার কাঁচ আমদানি করছে। স্বাভাবিক ভাবেই, এরফলে উৎপাদন মূল্য বেশি হয়েছে। গোটা শিল্পই আজকে বেসরকারি হাতে চলে যাচ্ছে। ১৯৯১ সালে কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির ফলেই এইসব শিল্পে ভয়ানক অবস্থা সৃষ্টি হয়েছে। আমরা বলেছিলাম যে পি. এস. ইউ.-গুলো আক্রান্ত হয়েছে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই ডিস-ইনভেস্টমেন্টের মধ্যে দিয়ে তারা খোলা প্রতিযোগিতার মধ্যে ঠেলে দিয়েছে পি. এস. ইউ.-গুলোকে। সেগুলোকে কখনই প্রাইভেট সেক্টরের সঙ্গে প্রতিযোগিতায় টিকিয়ে রাখতে পারা যাবে না। আজকে ভারতবর্ষব্যাপী এই যে নৈরাজ্য সৃষ্টি হয়েছে, এটা অবশ্যই কেন্দ্রীয় সরকারের (কংগ্রেস সরকারের) নীতির ফল। আমি আমার পূর্ববর্তী বক্তাকে এই কথা বলতে চাই, শিল্পগুলোর রুগ্নতার ফল কি দাঁড়াচ্ছে? কেন্দ্রীয় সরকার সিক আইনের সংজ্ঞাই অ্যামেন্ডমেন্ট করে পাল্টে দিয়েছেন। আজকে এর ফলে প্রাইভেট শিল্পগুলোর সঙ্গে প্রতিযোগিতায় থাকতে না পেরে বহু পাবলিক সেক্টর বি. আই. এফ. আর.-এর দারস্থ হয়ে আছে।

[2-40 — 2-50 p.m.]

অতিরিক্ত এই দীর্ঘ সূত্রকার ফলেই সমস্যার নির্দিষ্ট নীতি ঘোষণা করার পরিবর্তে সমস্ত শিল্পগুলোকে বাঁচাবার কোনও সুযোগই থাকছে না। সবচেয়ে লক্ষ্যণীয় বিষয় হচ্ছে যে, অধিকাংশ ক্ষেত্রে কেসগুলো বি. আই. এফ. আরের কাছে যাচ্ছে এবং ইউনিয়নগুলো যুক্তভাবে ওইসব কারখানাগুলোকে বি. আই. এফ. আরের কাছে পেশ করছে। কিন্তু দুঃখের বিষয় যে, বি. আই. এফ. আর ওইসব রিভাইভাল প্যাকেজগুলো নাকচ করে দিচ্ছে, অ্যাকসেপ্ট করছে না। মাননীয় সৌগত রায় মহাশয়কে বলব বিষয়টি একটু অনুসন্ধান করতে। আর যে সামান্য শিল্পগুলোকে গ্রহণ করছে সেগুলো আবার কেন্দ্রীয় অর্থ দপ্তর বা কেন্দ্রীয় রাষ্ট্রয়ত্ত ব্যাঙ্কগুলো

তার গ্যারান্টার হতে রাজি হচ্ছে না। বি. আই. এফ. আর. যে সমস্ত শিল্পগুলোকে পুনরুজ্জীবিত করার কর্মসূচি গ্রহণ করতে পারা যাবে বলে মনে করছে তার ক্ষেত্রে শর্ত রাখছে যে, ওই সমস্ত কারখানার উদ্বৃত্ত যে জমি আছে, সেই জমিগুলো বিক্রি করে, সেখান থেকে পুঁজি বিনিয়োগ করতে হবে। নতুন রিভ্যাইভ্যাল প্ল্যানে কারখানার উদ্বৃত্ত জমি বিক্রি করার প্রস্তাব দেওয়া হয়েছে। এইভাবে কেন্দ্রীয় সরকার শিল্পে একটা নৈরাজ্য চালাচ্ছেন এবং অপরিদিকে কেন্দ্রীয় সরকারের কন্ট্রাক্ট লেবার রেগুলেশন অ্যান্ড অ্যাবলিশন অ্যাক্ট অনুযায়ী পার্মানেন্ট শ্রমিক ছাঁটাই করার প্রস্তাব রয়েছে। সেখানে মাননীয় সৌগত রায় বলতে চাইছেন যে, শুধু মাত্র পার্মানেন্ট শ্রমিক ছাঁটাই করার মধ্যে দিয়েই নয়, এর দ্বারা মূলত শ্রমিকদের প্রত্যক্ষভাবে প্রোডাকশনের সঙ্গে যুক্ত করা হচ্ছে। আর যারা কোনও দায়দায়িত্ব প্রিন্সিপ্যাল এমপ্লয়ার হিসাবে গ্রহণ করতে চাইছে না তারা স্থায়ী কর্মী ওরিয়েন্টেড না করে কন্ট্রাক্ট লেবার নিযুক্ত করে প্রোডাকশন বাড়াতে পারবে। অর্থাৎ স্থায়ী কর্মীও থাকল না অথচ প্রোডাকশনও বাড়ানো গেল। কেন্দ্রীয় সরকারের এই নীতিতে কখনও সমস্যার সমাধান হতে পারে না। আজকে সমস্ত পাবলিক সেক্টরে এই ঘটনা দেখা যাচ্ছে। মাননীয় সৌগতবাবু বাস ড্রাইভার এবং দারোয়ানদের কথা বলেছেন। এখানেও কিন্তু প্রোডাকশান বাড়ানো একটা সমস্যা হয়ে দাঁড়াচ্ছে। এরপরে সৌগতবাবু আন-অ্যাপয়েন্টমেন্টের কথা বলেছেন। এটাকে তিনি একটা গুরুত্বপূর্ণ সমস্যা বলেছেন এবং একটা সহজ অঙ্ক করে দিয়ে বোঝাতে চেষ্টা করেছেন যে, বর্তমানে যে অবস্থা চলছে, এইভাবে যদি চলতে থাকে তাহলে আগামী ৭০০ বছর আগে পশ্চিমবঙ্গের বেকার সমস্যা দূর করত। আমি মনে করি এরদ্বারা সমস্যার সমাধান হতে পারে না, এর একমাত্র সমাধান হতে পারে আমূল ভূমি-সংস্কারের মাধ্যমে, যেটা কিনা সারা বিশ্বে চেষ্টা চলছে। দরিদ্র কৃষক শ্রেণীর মধ্যে জমি যদি ঠিকমতো বন্টন না হতে পারে তাহলে বেকারত্ব কমানো কখনই সম্ভব নয়। এই সত্যটা বিরোধীপক্ষরা উপলব্ধি করতে সমর্থ হলেও এই সমস্যার সমাধান করতে ব্যর্থ হয়েছেন। যখন আই এল ও থেকে বলা হচ্ছে এমপ্লয়মেন্ট সিচুয়েশন ইজ ভেরি গ্রেভ। এখানে আন-এমপ্লয়মেন্টের সংখ্যা টোটাল এমপ্লয়মেন্টের ৩০ পারসেন্ট, সুতরাং সেখানে বেকার সমস্যা থাকবেই। এমপ্লয়মেন্ট জেনারেশন গত বছরের হিসাব অনুযায়ী .৬ পারসেন্ট, যেটা কিনা কর্মপ্রার্থীর সংখ্যার তুলনায় অত্যন্ত কম এবং নগণ্য। তারপর ইণ্ডাস্ট্রিয়াল ভায়াবেল করার প্রশ্নে যে রাস্তা দিয়ে চলাফেরা করা হচ্ছে তা অতি ঘৃণ্য এবং বিধ্বংসী রাস্তা। কেন্দ্রীয় সরকার তাদের এই দায়-দায়িত্ব কোনওভাবেই বহন করতে চায় না। আজকের প্রতিবেদনেই পাওয়া যাবে যে এই সমস্ত শিল্পের মালিকরা কোটি কোটি টাকা ই. এস. এফ আই এবং প্রভিডেণ্ড ফাণ্ডে জমা দিচ্ছে না। সুতরাং শ্রমিকদের ভাল করব এই ইচ্ছা থাকলেই ভালো করা যায় না।

এইসব তো কেন্দ্রীয় সরকারের দপ্তরের দায়িত্বে। প্রভিডেন্ট ফাণ্ড কমিশনারের অফিস আছে, ই. এস. আই.-এর অফিস আছে, সেখানে মালিকপক্ষ শ্রমিকদের যে টাকা কেটে নিচ্ছেন, সেই টাকা সেখানে যথাযথ সময়ে জমা দেওয়া হচ্ছে না। আপনি বলছেন রাজ্য সরকার এই ব্যাপারে কোনও ব্যবস্থা নিচ্ছে না, আমি জিজ্ঞাসা করছি, সরাসরি রাজ্য সরকার এই ব্যাপারে কি করতে পারে? ই. এস. আই., প্রভিডেন্ট ফাণ্ড কমিশনারের অফিসের বিরুদ্ধে করার কিছু আছে কি? আপনি কি এই ব্যাপারে জেনে বলেছেন? আজকে রূঢ় বাস্তব আমাদের এসে

হাজির হয়েছে। এই পরিপ্রেক্ষিতে বামফ্রন্ট সরকার শ্রমিকদের বেতন বৃদ্ধি, তাদের চাকরির নিরাপত্তা, তাদের অন্যান্য ক্ষেত্রে সুযোগবৃদ্ধির ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাতে নিঃসন্দেহে এটা একটা দৃঢ় পদক্ষেপ এই বিষয়ে সন্দেহ কিছু নেই। সর্বশেষে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩৯ নম্বর অনুদান মিঃ শান্তিরঞ্জন ঘটক ও ছায়া বেরা যে প্রস্তাবনা করেছনে, আমি তার তীব্র বিরোধিতা করছি। আমাদের দল কর্তৃক যে আনীত কাটমোশন তাকে সমর্থন করছি। কেন সমর্থন করছি না তার কারণ শুধু রাজনৈতিক আঙ্গিকে আমরা দুই দল দুই দিকে বসে আছি তা নয়, আমরা আশা করেছিলাম যারা নিজেদের বামপন্থী নেতা বা নেতৃ বলে দাবি করেন, বিশেষ করে কমিউনিস্ট পার্টির নেতা হিসাবে জিগির তোলেন তারা তাদের ব্যর্থতার দায় স্বীকার করে নেবেন। বন্ধ মেটাল বক্স এর ৬৯ জন শ্রমিক কর্মচারী গত ১০ বছরে আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। এই বাজেট পেশ হওয়ার আগে এই সরকার তাদের সেই ব্যর্থতার কথা স্বীকার করবেন এবং মৃত আত্মার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে দুই ফোঁটা চোখের জল ফেলবেন এবং আগামী দিনে যাতে পশ্চিমবাংলায় বন্ধ কল-কারখানার শ্রমিকরা আত্মহত্যা করে নিজেদের নিধন করতে বাধ্য না হন তার শপথ নেবেন। আমাদের সেই আশা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আমি আশা করেছিলাম ভিখারি পাশোয়ান যে শ্রমজীবী মানুষের হয়ে আন্দোলন করার অপরাধে সরকারের ফ্যাসিস্ট পুলিশ তার সন্তানকে পিতৃহত্যা করেছে, তার স্ত্রীকে স্বামীহারা করেছে, সেই শ্রমজীবী মানুষের প্রতি এই সরকার দুই ফোঁটা চোখের জল ফেলে বলবে আমরা পারিনি, আমরা দুঃখিত। আজকে শ্রম দপ্তর কোন কার্যকর ভূমিকা নেই। শ্রীমতী ছায়া বেরা বসে আছন, তিনি এর প্রত্যুত্তর দেবেন এই দপ্তরের কার্যকর ভূমিকা কি। মাননীয় সদস্য সৌগত রায় বলেছেন, এই সরকার প্রকৃতপক্ষে এখন মালিকের সরকার হয়েছে। শ্রমজীবী মানুষের কাছে এই সরকারের দরজা বন্ধ হয়ে গেছে। আমরা ট্রেড ইউনিয়ন করি, দীর্ঘ ৫০ বছর পশ্চিমবাংলায় ইউনিয়ন করছি, আমাদের আগে চ্যাটার্ড অফ ডিমান্ড থাকত শ্রমজীবী মানুষের পক্ষে। মালিক দেখতাম কখন কখন সেই চ্যাটার্ড অফ ডিমান্ড নিয়ে আলোচনা করত, ফলে দুই পক্ষ মিলে সমাধান হয়ে যেত। কখন কখন তিন পক্ষর মাধ্যমে শ্রম দপ্তরের মাধ্যমে, বা লেবার কমিশনারের মাধ্যমে সমস্যার সমাধান হয়ে যেত। এখন সেই সিনারিও চেঞ্জ হয়ে গেছে। এখন চ্যাটার্ড অফ ডিমান্ড জমা পড়ছে সরকারের কাছে, মালিক পক্ষের কাছ থেকে। এখন আমরা জমা দিলে সেটা গ্রাহ্য হচ্ছে না। আগে আমরা বলতাম বোনাস দিতে হবে, ডি. এ. দিতে হবে, বাড়ি ভাড়া বাড়াতে হবে, অর্জিত অধিকার রক্ষা করতে হবে, স্কিল্ডকে সুপারস্কিল্ড করতে হবে, আনস্কিল্ডকে স্কিল্ড করতে হবে, এখন চ্যাটার্ড অফ ডিমান্ড হচ্ছে, শতকার ৪০ শতাংশ কর্মচারী ছাঁটাই করার অনুমতি সরকার দিক, উদ্বৃত্ত জায়গায় মাল্টি স্টোরেড বিল্ডিং করার অনুমতি দেওয়া হোক।

[2-50 — 3-00 p.m.]

কি চ্যাটার্ড অফ ডিমাণ্ড? না আগে সাত ঘন্টা দিনে কাজ করে দৈনিক ৩০০ পিস প্রোডাকশন দেওয়া হত, আর এখন সাড়ে সাত ঘন্টা কাজ করে ৩১৫ পিস প্রোডাকশন

দেওয়ার মতো ব্যবস্থা সরকার থেকে করা হোক। শ্রীমতী ছায়া বেরা এখানে আছেন উনি বলবেন, দপ্তরের মন্ত্রীর অসুস্থতার সম্পর্কে আমি কটাক্ষ করতে চাই না। কিন্তু এই দপ্তরের কোনও অস্তিত্ব নেই। মুখ্যমন্ত্রীর সেক্রেটারিয়েটে বসে মালিকপক্ষের সঙ্গে সওদা করে তাকে বিদায় দেওয়া হয়। এই সরকারের কাজের নমুনা হিসাবে একটা চিঠি আমি দেখাতে চাই। রসুই কোম্পানি বলে একটা কারখানা গত বছর ডিসেম্বর মাসে বন্ধ হয়ে যায়। একটা অপদার্থ লেবার কমিশনার, লোয়ার ডিভিশন ক্লার্কের মতো ক্ষমতা, আর লেবার সেক্রেটারি তিনি কিছুই বোঝেন না, তার করবারও কোন ক্ষমতা নেই। ৭.২.৯৭ তারিখে মাননীয় শ্রমমন্ত্রীকে চিঠি লিখলাম, আপনি হস্তক্ষেপ করুন, যারা লক-আউট করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিন। শেষে আমরা নিজেরা বাধ্য হয়ে নিজেদের বিক্রি করে নিয়ে আমরা লক-আউট তোলবার ব্যবস্থা করলাম। ৭ই ফেব্রুয়ারি আমি মাননীয় শ্রমমন্ত্রীকে চিঠি লিখলাম, কিন্তু সেই চিঠির উত্তর দেওয়া হল ২৮শে মে ১৯৯৭। কারখানা বন্ধ হল গত বছর ডিসেম্বর মাসে, কারখানা খোলবার জন্য ফেব্রুয়ারি মাসে চিঠি দিলাম, কারখানা খুলে গেল ফেব্রুয়ারি মাসের শেষে, আর মন্ত্রী মহাশয় তার চিঠির উত্তর দিচ্ছেন আমাকে ২৮শে মে ১৯৯৭। এই একটা মাত্র চিঠিই প্রমাণ করে এই সরকার কি কাজ করছে এবং শ্রমজীবী মানুষ সম্পর্কে তাদের দায়-দায়িত্ব কতটা। সেই চিঠিতে আমাকে জানানো হয় অ্যাজ ইউ মে নোটিশ দি লক আউট হ্যাজ বিন লিফটেড। এই ডিপার্টমেন্টে একটা প্যারালাল ডিপার্টমেন্ট চলছে চিফ মিনিস্টারের সেক্রেটারিয়েটে, সেখানে বসেই সব কিছু ঠিক করে দেওয়া হচ্ছে। জয়া ইঞ্জিনিয়ারিং বলে একটা কোম্পানি আছে, যারা সেলাই মেশিন এবং ফ্যান তৈরি করে, তাদের একটা ফ্যাক্টরি আছে বাঁশদ্রোণীতে, আর একটা ফ্যাক্টরি আছে প্রিন্স আনোয়ার শা রোড-এ। তারা মুখ্যমন্ত্রীর সেক্রেটারিকে বললেন, আমরা ঐ দুটো কোম্পানিকে অ্যামালগ্যামেট করতে চাই। তারা বললেন বাঁশদ্রোণীর ফ্যাক্টারিটা আমরা বিক্রি করে দিতে চাই। মুখ্যমন্ত্রীর দপ্তর বললেন তথাস্তু, তুমি দুটো কোম্পানিকে এক করে দাও। তার তিনমাস পরে তারা আবার চিফ মিনিস্টারের সেক্রেটারির কাছে এসে বললেন, আমরা বাঁশদ্রোণীর ফ্যাক্টারি বিক্রি করব না, আমরা আনোয়ার শা রোডের ফ্যাক্টারিটা বিক্রি করব। কারণ বাঁশদ্রোণীতে এক কাঠা জায়গার দাম এক লক্ষ টাকা, আর প্রিন্স আনোটার শা রোডে এক কাঠা জায়গার দাম পাঁচ লক্ষ টাকা। বাঁশদ্রোণীর জায়গা বিক্রি করবার অনুমতি চাইলে, সেই ৩৯ বিঘা জমি বিক্রি করবার অনুমতি দেওয়া হল, সেখানে কারখানা তুলে মাল্টিস্টোরিড বিল্ডিং করবার জন্য। তিনমাস পরে মালিকপক্ষ সরকারের কাছে এসে বললেন, তুমি আমাদের মালিক আমাদের ভগবান, আমাদের ভুল হয়ে গেছে আমরা বাঁশদ্রোণীর জায়গা বিক্রি করব না, আমরা প্রিন্স আনোয়ার শা রোডের জায়গা বিক্রি করব। কারণ হচ্ছে বাঁশদ্রোণীর জায়গা বিক্রি করে ৩৯ কোটি টাকা পেত, কিন্তু আনোয়ার শা রোডের জায়গা বিক্রি করে তারা পাবে ১১২ কোটি টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রীমতী ছায়া বেরা পরে নিশ্চয় এর জবাব দেবেন, কেন সেখানকার জমি বিক্রি করবার অনুমতি প্রত্যাহার করে প্রিন্স আনোয়ার শা রোডের জমি বিক্রি করবার অনুমতি দেওয়া হল। কাটমানি, মালিক তোষণ না শ্রম দরদী, কোন ভূমিকা-এর মাধ্যমে ফুটে উঠেছে সেটা বলবেন। শ্রীযুক্ত সৌগত রায় তার বক্তৃতার সময় বলেছেন এমপ্লয়মেন্টের ব্যাপারে, যে রেটে এমপ্লয়মেন্ট এগোচ্ছে তাতে উনি বলেছেন এমপ্লয়মেন্ট পেতে ৭০০ বছর লেগে যাবে। সরকার পক্ষের একজন বক্তা বললেন আরও বেশি সময় লাগবে। আমি একটা হিসাব

আপনাদের দিচ্ছি শুধুমাত্র তফসিলি জাতি এবং উপজাতি, এটা যদি দেখেন, তাহলে দেখবেন ৯৬ হাজার লোক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছে। কজন চাকরি পায়? ৫২০ জন। এক বছরে ৫২০ জন। নাম লেখাচ্ছে কত জন? ৯৬ হাজার। কত বছর লাগবে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়? যদি ৫০০ করেও ধরি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৯৬ × ২ অর্থাৎ ১৯২ বছর। ১৯২ বছর লাগবে। আজ পর্যন্ত যারা নাম লেখাচ্ছে তাদের চাকরি দেওয়ার জন্য লাগবে ১৯২ বছর। তার পরেরও বছর আছে, সামনের বছর আছে। ৯৯ সাল, ২ হাজার, ২০০১—এই হচ্ছে অবস্থা। আজকে ৪৮ কোটি টাকা খরচ করেছেন, ৪৮ কোটি টাকা খরচ করে যুবক-যুবতীদের যারা বেকার আছেন তাদের সেবা করেছেন। গত বছর যে বাজেট চেয়েছেন তাতে ৪২ কোটি, ১১ লক্ষ, ৭০ হাজার টাকা। এই বছর অনুমোদন চেয়েছেন ৪৮ কোটি ১২ লক্ষ ২৫ হাজার টাকা। ৪২ থেকে একেবারে ৪৮ কোটি। ৬ কোটি টাকা আরও বেশি অনুদান চেয়েছেন। কি করেছেন? পশ্চিমবাংলার এমপ্লয়মেন্টের এমন জায়গায় নিয়ে এসেছেন, উৎপাদন সূচককে এমন জায়গায় নিয়ে গেছেন, উৎপাদনকে এমন জায়গায় নিয়ে গেছেন যে আজকে পশ্চিমবাংলায় স্মল ইউনিট, স্মল কটেজ ইণ্ডাস্ট্রি বন্ধ হয়ে গেছে। পশ্চিমবাংলায় ১৫৫টা বড় কারখানা বন্ধ, ১৭টা মাঝারি কারখানা বন্ধ। পশ্চিমবাংলায় গত চার বছরে তিনটে কারখানা হয়েছে যেখানে টোটাল এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি হচ্ছে ৫৮৯ জন অর্থাৎ গত তিন বছরে পশ্চিমবাংলায় নতুন কারখানায় চাকরি দিতে পেরেছেন ৫৮৯ জন এর। আজকে স্মল স্কেলে, মিডিয়াম স্কেলে, লার্জ স্কেলে সর্বত্র লে অফ, লক আউট করছেন। আজকে শ্রমিকরা ধর্মঘট করে না। আজকে শ্রমিকরা ধর্মঘট করলে, মালিকরা দমন করলে আজকে সরকার শ্রমিকদের পক্ষে যায় না যায় মালিকদের পক্ষে। সুতরাং তারা ভারবাহী পশুর মতো ন্যুব্জদেহে কাজ করে যাচ্ছে। মালিকরা কি করছে ক্লোজার করে দিচ্ছে সরকারের কাছে নেগোশিয়েশন করতে গেলে, কনসিলিয়েশন করতে গেলে তাদের প্রতি কোনও ন্যায়বিচার করা হয় না। লেবার মিনিস্টার তো বেশিরভাগ সময় অসুস্থ। তার চিঠির উত্তরের বহর দেখেই বোঝা যায়। কারখানা খুলে গেল ফেব্রুয়ারি মাসে আর তিনি চিঠির উত্তর দিলেন মে মাসের শেষের দিকে। আজকে এই দপ্তরের ৪৮ কোটি টাকার একটা পয়সাও খরচ করবার অধিকার আছে কিনা, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এটা অত্যন্ত বিনয়ের সঙ্গে জানতে চাইছি এই দপ্তরের মাননীয়া মন্ত্রীর কাছে। এদের কোনও ইন্টিগ্রিটি নেই, কোন দায়িত্ব নেই। কানোরিয়া জুট মিলের প্রফুল্ল চক্রবর্তী এসপ্ল্যানেড ইস্টে ধরণা দিলেন শ্রমজীবী মানুষের আন্দোলনকে সামনে রেখে। তাঁকে লেবার সেক্রেটারি ডাকলেন না, লেবার কমিশনার ডাকলেন না, সুজিত পোদ্দার তাকে ডেকে নিয়ে বললেন যে আপনারা আন্দোলন তুলে নিন মুখ্যমন্ত্রী বলেছেন, "আমরা পরে দেখব"। কার্যত এই দপ্তরের কোনও ভূমিকা নেই। এই টাকা অ্যাপ্রোপ্রিয়েশন ফাণ্ড করে মুখ্যমন্ত্রীর তহবিলে দিয়ে দিন। লেবার কমিশনার, সেক্রেটারি, তাদের আপ্ত সহায়ক, অন্যান্য সহায়ক, তাদের জুড়ি, তাদের গাড়ি, তাদের মাহিনা, টি. এ., ডি. এ ইত্যাদির দরকার কি? এই দপ্তরের কোনও ভূমিকা নেই। সমস্ত পরিচালন করছে মালিকরা। আজকে একটা ব্যাপার পরিস্কার হয়ে গেছে যে যেখানে কারখানা বন্ধ হবে সেখানে মাল্টি-স্টোরিড তৈরি হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, টালিগঞ্জ ফাঁড়ির কাছে একটা ১৬তলা বাড়ি দেখবেন। ওই বাড়িটা শ্রমজীবী মানুষের অস্থির উপর তৈরি হয়েছে। ওখানে আগে মায়া ইঞ্জিনিয়ারিং ছিল. ৪৬০ জন কর্মী ছিল। আন্দোলনের নাম করে ৩ বছর

কারখানা বন্ধ করে রেখে একদিন হঠাৎ ইট, কাঠ, বর্গা এনে সেখানে বাড়ি তৈরি শুরু হয়ে গেল।

[3-00 — 3-10 p.m.]

সিটুর পতাকা গুটিয়ে গেল, সেখানে ১৬ তলা বাড়ি তৈরি হল। আপনার বাড়ির পাশে চোপ্‌ড়া মোটরস্ ছিল, সেটা বন্ধ হয়ে গেল এবং সেই জায়গায় মাল্টি স্টোরিড বিল্ডিং তৈরির হুকুম পাওয়া গেল। কলকাতা শহরের বৈশিষ্ট্য হচ্ছে ইণ্ডাস্ট্রিয়াল প্লট সুড্ বি ইউজড্ ফর ইণ্ডাস্ট্রিয়াল পারপোসেস ওনলি। কিন্তু কলকাতায় দেখছি, কলকাতা কর্পোরেশন সি. পি. এমের মাতব্বর, সি. পি. এমের লোকাল কমিটির যোগসাজশে ইণ্ডাস্ট্রিয়াল প্লটগুলো ডোমেস্টিক প্লটে পরিণত করছে, সেখানে মাল্টি-স্টোরিড বিল্ডিং তৈরি হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার বাড়ির কাছে চালিহা রোলিং মিল্‌স ছিল, সেটা বন্ধ হয়ে নিলামে উঠে গেছে। এই মিলের ৪১২ জন শ্রমিককে ঘাড় ধাক্কা দিয়ে বাইরে বার করে দেওয়া হল। সেই জায়গায় মাল্টি-স্টোরিড বিল্ডিং তৈরি হল। আজকে গোটা পশ্চিমবঙ্গে শ্রমজীবী মানুষের মতো অসহায় মানুষ আর নেই। গত ২০ বছরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে কারা বেশি ক্ষতিগ্রস্থ হয়েছে? আমি বলব, শ্রমজীবী মানুষেরা বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এই শ্রমজীবী মানুষদের অধিকার কেড়ে নেওয়া হয়েছে, এদের ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে, এদের সম্মান হানি করা হয়েছে। এখন পশ্চিমবঙ্গে মালিকরাজ চালু হয়েছে। মালিকরাজ, শ্রমজীবী মানুষদের পরিচালনা করছে। শ্রমজীবী মানুষদের, খেটে-খাওয়া মানুষদের বিরুদ্ধে লেট্ আস্ অ্যাডাপ্ট দি ডক্‌ট্রিন অফ্ ডার্টি হ্যাণ্ডস। আজকে এই শ্রমজীবী মানুষদের হাতগুলো জীর্ণ, শীর্ণ অবস্থায় পরিণত হয়েছে। আজকে উৎপাদন বন্ধ হয়ে গেছে। এই উৎপাদনমুখী মানুষগুলোকে আজকে উৎপাদন বিমুখ করা হয়েছে। কৃষ্ণা গ্লাস কারখানা যখন ব্যক্তিগত মালিকানাধীন ছিল, তখন আমি তদানীন্তন সরকারকে দিয়ে এই কারখানাটিকে অধিগ্রহণ করিয়েছিলাম। কিন্তু আজ ৬ বছর হল এই কারখানায় কোনও উৎপাদন হয় না। শ্রমজীবী মানুষগুলো কারখানার গেটে আসেন, তারা কাজ করতে চান, কিন্তু তাঁদের কাজ করতে দেওয়া হয় না। **(এখানে মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনুমোদিত ৩৯ নাম্বারে ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী শান্তি ঘটক, শ্রীমতী ছায়া বেরা এবং শ্রী বংশগোপাল চৌধুরি মহোদয়ের পক্ষ থেকে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন জানিয়ে ২-১টি বিষয়ে উল্লেখ করছি। পাটশিল্প, সূতিবস্ত্র শিল্প প্রভৃতি শিল্প সম্পর্কে এখানে উল্লেখিত হয়েছে। কিন্তু ডক্ অফ্ পোর্ট এলাকা, বিশেষ করে কলকাতা শহরে ডক্ এবং পোর্ট এবং তার সাঁথে হলদিয়া বন্দর যুক্ত আছে। কিন্তু বিশেষ করে কলকাতা বন্দরের শ্রমিকদের বিষয়ে উল্লেখিত হওয়া উচিত ছিল বলে আমি মনে করি। কারণ সেখানে ক্যালকাটা ট্রাস্টের পক্ষ থেকে যে হারে ভলানটিয়ারি রিটায়ারমেন্ট এবং অন্যায়ভাবে ছাঁটাই চলছে এবং কন্‌ট্র্যাকচুয়াল কন্‌টেনার সিস্টেম চালু করে যেভাবে আস্তে আস্তে ছাঁটাই হচ্ছে শ্রমিকরা, সেটা গভীর উদ্বেগের বিষয়। স্বাভাবিকভাবে আমি আশা করেছিলাম যে শ্রমদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, যাঁর দীর্ঘদিনের শ্রমিক

আন্দোলনের অভিজ্ঞতা আছে, যিনি একসময় ক্যালকাটা ডক্ এবং পোর্টের আন্দোলনের সাথেও কিছুটা যুক্ত ছিলেন।

তিনি কলকাতার ডক্ এবং পোর্টের শ্রমজীবী মানুষের কথা চিন্তা করে তাদের বিষয় এই হাউসে রাখবেন। পাশাপাশি তিনি তাঁর বয়ানে উল্লেখ করেছেন পাটশিল্পে কিছুটা শ্রমদিবস বৃদ্ধি হয়েছে। এটা ভালো কথা। কারণ, পাটশিল্প বিশেষ করে আমাদের পশ্চিমবাংলায় একটি গুরুত্বপূর্ণ শিল্প। কিন্তু সেখানে জুটমিলের মালিকরা তাদের ইচ্ছামত লক আউট ঘোষণা করে চলেছে। আবার পাটজাত দ্রব্যের ব্যবহারের প্রবণতাও কমে আসছে দেখতে পাচ্ছি। যদিও সরকার এটা চিন্তা-ভাবনা করছেন, তবুও অদূর ভবিষ্যতে যাতে পাটজাত দ্রব্যের উৎপাদন এবং ব্যবহার বৃদ্ধি পায়, সেদিকে চেষ্টা করা উচিত। বন্ধ জুটমিলগুলো যাতে অবিলম্বে চালু করা যায়, সেইজন্য আমাদের সরকারকে বিশেষভাবে সক্রিয় হওয়া উচিত। এছাড়া অনেক বিষয় আছে, সেসব পরিসংখ্যানে আমি যাব না। একটি ব্যাপার আছে 'সেসরু'। কারণ কর্ম-সংস্থানের প্রশ্ন রয়েছে। মুখে যাই বলি না কেন, পশ্চিমবাংলায় বেকার সমস্যা বাড়ছেই আমরা শিল্পায়নের কথা বলছি, তারজন্য চেষ্টা হচ্ছে, কিন্তু পশ্চিমবাংলায় এটা কতটা কার্যকর হবে, কত দিনে হবে, সেটা বলা সম্ভব হচ্ছে না। কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, লে-অফ হচ্ছে, ক্লোজার হচ্ছে। মালিকরা অনেক অজুহাত দিচ্ছে। বলছে রুগ্ন কারখানা। আজকে যেখানে বিজ্ঞান ও প্রযুক্তির আধুনিক ব্যবস্থা আছে, সেখানে রুগ্ন কলকারাখানগুলিতে সেসব প্রয়োগ করে পুনরুজ্জীবিত করা যায় কিনা দেখতে হবে। এই বিষয়ে শ্রম দপ্তর থেকে সরকারের পক্ষ থেকে অনেক কথাই আমরা শুনি, কিন্তু সেটাকে বাস্তবে বাস্তবায়িত করার যে প্রচেষ্টা, তাতে অনেক ঘাটতি এখনও আছে বলে আমরা মনে করি। সেইজন্য একদিকে, যেখানে ছোট, মাঝারি কারখানা, যেগুলো লক আউট হয়ে গেছে, চলতে পারে না, সেখানে আমার একটি প্রস্তাব আমি রাখছি—এই ছোট, মাঝারি কারখানাগুলিকে সমবায়ভিত্তিক করা সম্ভব কিনা আজকের দিনে, আমার সরকারের সেটা চিন্তা করা উচিত।

[3-10 — 3-20 p.m.]

কারণ সমবায় দপ্তর যদি ছোট-মাঝারি কারখানা করে সেক্ষেত্রে শতকরা ২৫ শতাংশ, বাকি ৭৫ শতাংশ যারা ওয়ার্কার তাদের যদি নেয়—এইভাবে করা যায় কি না। যদি করা সম্ভব হয়, এবং আমি মনে করি সম্ভব হতে পারে। সমবায়ভিত্তিক ছোট এবং মাঝারি কারখানাগুলিকে, যেগুলি বন্ধ হয়ে গেছে নানা কারণে সেগুলোকে সরকারের উচিত, শ্রম দপ্তরের উচিত ভালো করে একটা সমীক্ষা করে সেই কারখানার শ্রমিক সংখ্যা কত, সেখানে শতকরা ২৫ পারসেন্ট যদি ইনভেস্টমেন্ট বা শেয়ার নেওয়া যায় সমবায়ের তাহলে কত হতে পারে। এইভাবে চিন্তা-ভাবনা করে আজকে এগনো উচিত। কারণ বেকার সমস্যা দিনের পর দিন বাড়ছে। আর কারখানায় লক-আউট হয়ে যাওয়া মানে বিধবা বেকারের সংখ্যা বাড়া। এমনিতেই অনেক বেকার আছে তার উপর বিধবা বেকার। সাধারণভাবে এই জিনিসের উপর গুরুত্ব দেওয়া উচিত। সেসরু লোনের জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ইন্টারভিউ হচ্ছে। বেকার ছেলে-মেয়েরা স্কিমে দিচ্ছে। কিন্তু ব্যাংকে গিয়ে তারা কি লোন পাচ্ছে? গত ৪।৫

বছরের হিসাব দেখলে দেখা যাবে যে ব্যাংক ঠিকমত লোন দিচ্ছে না। বেকার যুবকদের হয়রানির শেষ নেই। আবার তাদের বয়সও পেরিয়ে যাচ্ছে। ব্যাংক বলছে, ঋণ পরিশোধ হচ্ছে না। কি করে হবে? একটা স্কিম প্লেস করার পর তার ফিজিবিলিটি কত আছে, সেটা সেই যুবক সত্যিই কার্যকর করতে পারবে কিনা, তার অভিজ্ঞতা আছে কিনা, সে কোনও প্রশিক্ষণ নিয়েছেন কিনা এসব দেখা দরকার। অতীতে এইরকম লোন শোধ না দেওয়ার ঘটনা ঘটেছে। সরকারের উচিত লোন দেওয়ার আগে ট্রেনিং-এর ব্যবস্থা করা। কে কি বিষয়ে ট্রেনিং নিতে চায় সেইরকম প্রশিক্ষণের মাধ্যমে তার স্কিম সে তৈরি করে যাতে ব্যাংক থেকে সহজ কিস্তিতে লোন পায় সেই ব্যবস্থা করবার জন্য সরকারের সক্রিয় ভূমিকা পালন করা উচিত। শুধু তাই নয়, তারা যাতে সহজে কাঁচামাল পেতে পারে সেটাও সরকারের দেখা উচিত। তাছাড়া এই শিল্পসামগ্রী যাতে বাজার পায় সেটাও দেখা দরকার। আজকে মাস-মিডিয়ার প্রভাবে সবক্ষেত্রে একটা প্রতিযোগিতা দেখা দিয়েছে। যারা বড় বড় ইণ্ডাস্ট্রিয়ালিস্ট, বড় বড় কারখানার মালিক তাদের উৎপাদিত সামগ্রীতে বাজার ছেয়ে যাচ্ছে। সেখানে একজন সামান্য বেকার যুবকের সাবান যাতে বেশি দামি না হয়ে যায়, বাজার পায় সেটাও দেখা দরকার। তা যদি না হয়, মাল পড়ে থাকে, বাজারে না চলে, তাহলে সেসরু লোনের সুদের উপর সুদ বাড়তে থাকে এবং সেই সুদ আদায় করার জন্য ব্যাংক অনেক সময় পুলিশ নিয়ে সেই বেকার যুবকের বাড়ি থেকে থালা, বাটি, গরু নিয়ে চলে যায়। এতো অদ্ভুত ব্যাপার। এই বিষয়গুলিকে আজকে চিন্তা করা উচিত, এই বিষয়ে গুরুত্ব দেওয়া উচিত। আজ থেকে ৩ বছর, ৪ বছর, ৫ বছর আগে লোন নিয়েছে কিন্তু বিজনেস করতে পারেনি, ফেল করেছে, অথচ সুদ বেড়ে যাচ্ছে। আসলটা যাতে সহজে শোধ করতে পারে এবং ঋণের সুদ মুকুব হয় সরকার সেই দিক থেকে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুক, এ কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতি চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে তার তীব্র বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলতে চাই। কিছু বলার আগে মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন তাঁকে একটা কথা জিজ্ঞাসা করবো যে, এই হাউসে শুনলাম যে মাননীয় শ্রমমন্ত্রী অসুস্থ মানিকতলা হাসপাতালে ভর্তি আছেন। অত্যন্ত দুঃখের কথা। কিন্তু আপনি দয়া করে ওঁনার আই. পি. কার্ডের নম্বরটা যদি জানিয়ে দেন তাহলে আমরা নিশ্চয়ই আনন্দিত হব। কেননা, আপনারা জানেন আই. পি. কার্ডের নম্বর ছাড়া সে যেই হোন, কেউই ই. এস. আই. হাসপাতালে চিকিৎসা করাতে পারেন না। এর আগে একজন প্রাক্তন মন্ত্রীর স্ত্রী ওই হাসপাতালে চিকিৎসিত হন, শ্রমদপ্তরের একজন উচ্চপদস্থ কর্মচারী আই. পি. কার্ড ছাড়া ওই হাসপাতালে চিকিৎসা করান, তাছাড়া অনেক মন্ত্রীর আত্মীয়স্বজনও ওই হাসপাতালে চিকিৎসা করিয়েছেন। মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতা করতে গিয়ে যে কথাটা বলতে চেয়েছেন, যার জন্য লক্ আউট, স্ট্রাইকের পরিসংখ্যান দিয়েছেন, কিন্তু এটাই সব নয়। তার সঙ্গে সঙ্গে কত শ্রমদিবস নষ্ট হয়েছে সে দিকেও নজর রাখা দরকার। এর আগে ছিল ৫২ লক্ষ, চট শিল্প নিয়ে, এখন সেই শ্রম দিবস নষ্টের সংখ্যা ১ কোটি ২৯ লক্ষ। যদিও মাননীয় মন্ত্রী ছোট শিল্পের শ্রমিকদের এর মধ্যে আনেননি। এই ছোট ছোট কারখানার শ্রমিকদের প্রতি মন্ত্রীর দায়বদ্ধতা আছে কি নেই আমি জানি না। মন্ত্রী যাই বলুন না কেন

বাস্তবে আমরা দেখছি পশ্চিমবঙ্গের শ্রমিকরা অসহায়, অভিভাবকহীন। এই বামফ্রন্ট সরকারের নেতৃত্বে যারা আছেন, অনেক বন্ধুকেই আমি মাঠে-ময়দানে চিৎকার করতে শুনেছি শ্রমিকরাই বামফ্রন্ট সরকারের হাতিয়ার। কিন্তু বর্তমানে দেখছি যে বামফ্রন্ট সরকারের হাতিয়ার শ্রমিকরা আর নন, মালিকরাই এখন হাতিয়ার। এখন মালিকরা সরকারের কাছে দাবি পেশ করছে এবং সেই দাবি সরকার মানতে বাধ্যও হচ্ছে। আপনারা জানেন আমাদের দেশে শ্রমিকদের জন্য অনেক আইন আছে কিন্তু বাস্তবে তার প্রয়োগ দেখি না। কোনও একটা সেমিনারে মাননীয় শ্রমমন্ত্রীর সচিব বলেছেন আমাদের দেশে অনেক আইন আছে এটা কমিটমেন্ট টু দা পিউপিল, সেই জন্য আইনটা করা হয়েছে। কিন্তু প্রয়োগের ক্ষেত্রে রাজনৈতিক সদিচ্ছা তাদের নেই বলেই আইনটা প্রয়োগ হচ্ছে না।

[3-20 — 3-30 p.m.]

আপনারা জানেন আমাদের দেশে অ্যাবোলিশন অফ কন্ট্রাক্ট লেবার আইন আছে। কিন্তু সমস্ত বড় বড় কারখানায়, মাঝারি কারখানায় এবং ছোট কারখানায় উৎপাদনের ক্ষেত্রে স্থায়ী এবং দীর্ঘ মেয়াদি শ্রমিক যথাযথ সংখ্যায় নিয়োগ না করে কন্ট্রাক্ট লেবার দিয়ে কাজ করানো হচ্ছে। আপনারা জানেন আন-অর্গানাইজড সেক্টরে বেশিরভাগ ক্ষেত্রেই শ্রমিকরা মিনিমাম ওয়েজেস পাচ্ছে না। মন্ত্রী বলেছেন, ইন্সপেক্টর নিয়োগ করেছেন। তাতে কতটা সুরাহা হয়েছে, আমার জানা নেই। সবচেয়ে লজ্জার এবং দুঃখের কথা ভি. ডি. ও. বেস ইয়ার, যা ১০ বছর অন্তর চেঞ্জ করার কথা, তা ওয়েস্ট বেঙ্গল সিরিজে এখনও '৫১। আজও বেস ইয়ার '৫১। এতে কার স্বার্থ রক্ষিত হচ্ছে তা আমি জানি না। মাননীয় মন্ত্রী মহোদয়ার জানা থাকলে বলবেন, আমি আনন্দিত হব। আমার মনে হয় এর দ্বারা মালিকদের স্বার্থ রক্ষা করা হচ্ছে। এরপরে আসুন চাইল্ড লেবারে—আপনারা জানেন কেন্দ্রীয় সরকারের আইন আছে এবং সেটা প্রয়োগ করার দায়িত্ব রাজ্য সরকারের। কিন্তু এ রাজ্যে সেভাবে চাইল্ড লেবার অবলুপ্তির সদিচ্ছা বা চেষ্টার প্রকাশ আমরা দেখতে পাচ্ছি না। মন্ত্রী তার বিবৃতিতে বলেছেন, ৯,০০০ শিশু শ্রমিককে স্কুলে ভর্তি করা হয়েছে। এই ৯,০০০ শিশু শ্রমিকের মধ্যে হ্যাজার্ডাস এলাকার শ্রমিক ক'জন? তাদের ক্ষেত্রে কত জনকে কত টাকা ফাইন করা হয়েছে তা কিন্তু বলেননি। এটা সত্যিই রহস্যজনক বলে আমার মনে হচ্ছে। আইন অনুযায়ী ২০ হাজার টাকা ফাইন কোম্পানির মালিক দেবে এবং ৫,০০০ টাকা রাজ্য সরকার দেবে, যা তারা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে পাবে। আমার মনে হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঐ টাকাটা হাতিয়ে নেয়ার চক্রান্ত হিসাবেই ৯,০০০ সংখ্যাটা দেয়া হয়েছে। তা ছাড়াও আপনারা জানেন, মন্ত্রী বলেছেন, দূষণের জন্য যেসব কারখানা বন্ধ হয়েছে সে সমস্ত কারখানার শ্রমিকদের ক্ষতিপূরণ বাবদ টাকা দেয়ার জন্য মালিকদের কাছে তিনি আবেদন করেছেন। 'ডানলপ' কারখানার শ্রমিকরা দূষণের দায়ে বন্ধ থাকাকালীন সময়ে মজুরি বাবদ তাদের পাওনা টাকা তারা পাচ্ছে। কিন্তু সে কৃতিত্ব শ্রম দপ্তরের নয়। মাননীয় মন্ত্রীর নয়। তারা একবারও ঐ পিরিয়ডের টাকা দাবি করেননি। আজকে আমি আবার জিজ্ঞাসা করছি এই দূষণের দায়ে যে সমস্ত বহু কারখানা বন্ধ ছিল সে-সমস্ত কারখানার ঐ সময়ের শ্রমিকদের পাওনা টাকা আদায় করার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন? তারা অনেকের কাছেই অনুরোধ করেছেন, সে অনুরোধে কাজ হয়েছে, কি হয়নি, সে খবর তারা রাখেন না। যদি শ্রমিকরা সেই টাকা না

পেয়ে পাইয়ে দেওয়ার জন্য মন্ত্রীর আন্তরিকতা থাকা উচিত। আজকে আমরা দেখছি সারা পশ্চিমবাংলা পেশাগত রোগের রুগীতে ভরে গেছে। কিন্তু আজও একটা ইনফ্রাস্ট্রাকচার যা তৈরি হয়েছে, সেটা সুষ্ঠুভাবে হয়নি। আজকে একটা বোর্ড তৈরি হয়েছে অক্যুপেশন ডিজিজ ডিটেক্ট করার জন্য, কিন্তু তাতে কোনও বিশেষজ্ঞ নেই। অদ্ভুত ব্যাপার। ঠাকুরপুকুরে ছোট একটা ইউনিট তৈরি হয়েছে। সেখানে আজ পর্যন্ত একজনও অক্যুপেশনাল ডিজিজ-এর শ্রমিক ভর্তি হয়নি। অথচ সরকার স্বীকার করে নিয়েছেন যে, একটা কারখানার ১৬ জন শ্রমিক অক্যুপেশনাল ডিজিজে মারা গিয়েছে এবং আর একটা কারখানা, একটা তাপ বিদ্যুৎ কেন্দ্রে ২০ জন শ্রমিক সিলিকোসিস রোগে আক্রান্ত হয়েছে। সরকার এটা মেনে নিয়েছে। তা সত্ত্বেও সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ক্ষতিপূর-বাবদ ১ লক্ষ টাকা আদায় করে দেওয়ার বিষয়ে শ্রম মন্ত্রী কোনও রকম উচ্চবাচ্য করছেন না। কার স্বার্থ?

সেগুলি আমরা দ্বি-পাক্ষিক চুক্তিতে মিটিয়ে দিতে চাই। কিন্তু অদ্ভুত ব্যাপার পাট এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে ত্রি-পাক্ষিক চুক্তি হবার পরেও জুটি মিলগুলি বছরে একবার কি দুবার বন্ধ হচ্ছে এবং প্রতিবার যখন বন্ধ হচ্ছে তার পর বাইপাট্রাইট চুক্তি হচ্ছে এবং লোক কমছে। অথচ মন্ত্রী মহাশয় বলছেন আলোচ্য বছরে কোনও ছাঁটাই হয়নি। মন্ত্রী মহাশয়-এর বাড়ির পাশে কামারহাটি জুট মিলে কিছু দিন আগে যখন বন্ধ হয় তখন সেই মিলের শ্রমিক সংখ্যা ছিল ৬ হাজার। কিছুদিন আগে যখন কারখানাটি খোলে তখন শ্রমিকের সংখ্যা ৪ হাজারে নেমে আসে। এখন অবশ্য কারখানাটি বন্ধ। তাহলে মন্ত্রী মহাশয় কি করে জোর করে বলছেন শ্রমিক ছাঁটাই হয়নি? এইরকম আমি ১০০টি কারখানার নাম বলে দিতে পারি যেখানে শ্রমিক ছাঁটাই হয়েছে। অথচ জোর গলায় মন্ত্রী মহাশয় বলছেন কোনও শ্রমিক ছাঁটাই হয়নি। আপনি জানেন, ১৯৮৩ সালে বারগেনিং এজেন্ট ঠিক করার জন্য একটা লেজিসলেশন করা হয়েছিল। এই ব্যাপারে রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গেছে। কিন্তু আজ পর্যন্ত তার রুল হয়নি। কিন্তু মন্ত্রী মহাশয় বলছেন এটা এখন চূড়ান্ত পর্যায়ে আছে। ১৪ বছর পরেও বলছেন এটা এখন চূড়ান্ত পর্যায়ে আছে। বাস্তবে রূপায়িত হতে আর কত বছর লাগবে? আসল ব্যাপারটা কিন্তু তা নয়। ওনারা রাজনৈতিক ভয়ে ভীত হয়েছেন। কিছু কিছু কারখানায় যেমন, হিন্দুস্থান কপার লিমিটেড, পি. এফ. কমিশনার, গার্ডেনরিচ শিপ বিল্ডারস প্রভৃতি জায়গায় হাইকোর্টের অর্ডারে নির্বাচন হয়েছে। সেখানে বামপন্থী মনোভাবাপন্ন যে শ্রমিক সংগঠনগুলি আছে তারা সেখানে নিশ্চিহ্ন হয়ে গেছে। তাই মন্ত্রী মহাশয় বুঝতে পেরেছেন যে আমাদের দিন শেষ হয়ে আসছে, তাই ওনারা যতদিন চেয়ারে থাকবেন এই আইন লাঘু হবে না। আর একটি কথা বলি, ই. এস. আই. হাসপাতাল এখন সবচেয়ে বড় একটা দুর্নীতির আখড়া। এখন আর. ই. এস. আই. হাসপাতাল বলা যায় না, ভেটেরিনারি হাসপাতাল বলাই ভাল এবং সেটাই বলা হচ্ছে। ওখানে শ্রমিকদের চাইতে গরু-ছাগলের চিকিৎসা ভাল হয়। ডাক্তার নেই, ওষুধ নেই, ওষুধ থাকলেও চুরি হয়ে যাচ্ছে। অথচ মন্ত্রী মহাশয়ের ঘুম ভাঙছে না। মন্ত্রী মহাশয় পরিসংখ্যান দিয়েছে ১০ লক্ষ ২৯ হাজার বিমাকারি আছে এবং তারজন্য ই. এস. আই. কর্পোরেশন প্রতি শ্রমিক পিছু টাকা দেয় ৪১০ টাকা। এখন এই হিসাবটা করলে দেখা যায় ৪৩ কোটি টাকা এই খাতে লেবার দপ্তর পাচ্ছে। আর আজকের বাজেট বরাদ্দ হচ্ছে ৪৮ কোটি টাকা। তাহলে শ্রমিকদের জন্য লেবার দপ্তর কত টাকা ব্যয় করছেন? এক

ভাগও নয়। এই জন্য আজকে পশ্চিমবাংলার শ্রমিকদের এই অবস্থা। তাই শ্রমিকদের এই অবস্থার জন্য আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী নন্দরাণী দল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রী শ্রীমতী ছায়া বেরা শ্রম দপ্তরের ১৯৯৭-৯৮ সালের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধীপক্ষের আনা কাট-মোশনের বিরোধিতা করছি। এখানে বিরোধীপক্ষের প্রথম বক্তা থেকে শেষ বক্তা পর্যন্ত অর্থাৎ আমার আগের বক্তা পর্যন্ত যা বলেছেন তাদের বক্তব্যের মধ্যে দিয়ে বেরিয়ে এসেছে যে পশ্চিমবাংলায় শিল্পের ক্ষেত্রে যে অগ্রগতি তা তারা স্বীকার করতে চান না। একথা ঠিক, আমরা ৫০ বছর স্বাধীন হয়েছি।

[3-30 — 3-40 p.m.]

স্বাধীন ভারতে আজকে মূল্যায়ন করে দেখা যাচ্ছে যে ১৩।। কোটি শিক্ষিত, অশিক্ষিত বেকার সারা ভারতবর্ষে রয়েছে। বিরোধী দলের বক্তারা যা বক্তৃতা করলেন তাতে মনে হল বুঝি বা এরজন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারই দায়ী কিন্তু তারা যখন ক্ষমতায় ছিলেন তখন কি করেছিলেন সেটা একটু ভেবে দেখছেন না। ওরা যখন ক্ষমতায় ছিলেন তখন ওরা গোল্ডেন হ্যানডশেক নীতির প্রবর্তন করেছিলেন। এই নীতির অর্থ হল চাকরি থেকে অবসর নিতে হবে। বিশ্বব্যাঙ্ক, আই. এম. এফের সঙ্গে ওরা চুক্তি করলেন, গ্যাট চুক্তিতে সই করলেন এবং তারই ফলশ্রুতি হিসাবে পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষে নানান সমস্যার উদ্ভব হল। পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে যে সুতি শিল্প ছিল সিন্থেটিক আমদানির জন্য সেই শিল্প বন্ধ হবার মুখে এসে দাঁড়াল। সুতি বস্ত্রের দাম যে ভাবে বাড়ছে সেটা আপনারা সকলেই জানেন। অন্য দিকে সিন্থেটিকের দাম কম এবং লাস্টিংও করে অনেকদিন ফলে এইভাবে সুতি শিল্পের উপর একটা দারুণ বোঝা ওরা চাপিয়ে দিলেন। তারপর চট শিল্পের কথায় আসি। দেশ ভাগের পর পাট চাষের জমিগুলি ওপার বাংলায় পড়ায় আমরা চাষীদের উৎসাহিত করলাম পাট চাষ করতে যাতে পাট কলগুলিকে বাঁচিয়ে রাখা যায়। গঙ্গার ধারে ধারে যে পাটকলগুলি আছে তাদের বাঁচিয়ে রাখার জন্য পশ্চিমবঙ্গের চাষীরা পাট চাষ বাড়ালেন কিন্তু কেন্দ্রীয় কংগ্রেসি সরকারের ভুল নীতির জন্য আমরা দেখলাম পাটকলগুলি আস্তে আস্তে বন্ধ হয়ে যেতে লাগল। কেন্দ্রীয় সরকার সিন্থেটিকের বস্তা আমদানি করতে লাগলেন ও তা উৎপাদনে উৎসাহ দিলেন ফলে চটের ব্যাগের চাহিদা কমতে লাগল এবং কারখানাগুলি রুগ্ন হয়ে গেল। চটকলগুলি থেকে শ্রমিকরা ছাঁটাই হয়ে গেল ফলে তাদের পরিবারের লোকরা অর্ধাহার, অনাহারে দিন কাটাতে লাগলেন। দেখা গেল পরবর্তীকালে তাদের পরিবারের শিশুরা শিশু শ্রমিক হিসাবে কাজ করতে আরম্ভ করলেন। স্যার, আপনি জানেন, বামফ্রন্ট সরকার এই শিশু শ্রমিকদের ব্যাপারটা অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখছেন। ৭টি জেলাতে বিপদজনক শিল্পের সঙ্গে যে সব শিশুরা যুক্ত ছিল তাদের সেখান থেকে সরিয়ে নিয়ে এসে ১৮০টি বিদ্যালয়ে ৯ হাজার শিশুকে রাখার ব্যবস্থা করা হয়েছে। সার্ভে করা হচ্ছে অন্যান্য শিল্পে কত শিশু শ্রমিক যুক্ত আছে। সেগুলি চিহ্নিত করে তাদের সম্পর্কেও উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। আজকে কংগ্রেসি বন্ধুদের বলব, এরজন্য কারা দায়ী সেটা আপনারা একটু চিন্তা করে দেখুন। বামফ্রন্ট সরকার নিশ্চয় এরজন্য দায়ী নয়। কংগ্রেসি সরকারের ভুল নীতির জন্যই আজকে

ভারতবর্ষে শিশু শ্রমিকদের এইভাবে কাজ করতে হচ্ছে। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন এখানে শিল্পের অগ্রগতি হোক, শিল্পের বিকাশ ঘটুক এটা আপনারা চাইতেন না, আপনারা এ নিয়ে অনেক তুচ্ছতাচ্ছিল্যও করেছেন কিন্তু আজকে আর সে অবস্থা নেই, বামফ্রন্টের আমলে আজকে পশ্চিমবঙ্গে শিল্পের একটা বাতাবরণ তৈরি হয়েছে এবং শিল্পের উপযোগী পরিকাঠামো গড়ে উঠেছে। আমাদের বিশ্বাস, পশ্চিমবঙ্গ শিল্পের ক্ষেত্রে ভবিষ্যতে অনেক এগিয়ে যাবে। এবারে আমি শ্রমিকদের কথায় আসি। শ্রমিকদের মধ্যে অধিকাংশই হচ্ছেন অসংগঠিত ক্ষেত্রের শ্রমিক। বিশেষ করে মহিলারা যে সব শিল্পের কাজ করেন তারা অধিকাংশই হচ্ছেন অসংগঠিত শিল্পের শ্রমিক। তাদের এখনও সব রকমের নিরাপত্তা দেওয়া যায়নি। এদিকে আরও নজর দেওয়া দরকার সেখানে আরও বেশি করে কেস করা দরকার যাতে মহিলা শ্রমিকরা তাদের শিশুকে সেখানে রেখে কাজ করতে পারে। তা ছাড়া তাদের আনুষাঙ্গিক যে সব সুবিধা পাওয়া দরকার সেগুলি যাতে তারা পান সে দিকেও নজর দেওয়া দরকার। মহিলা শ্রমিকরা যাতে তাদের প্রাপ্য সুযোগগুলি পান সে দিকে দপ্তরকে বিশেষভাবে নজর দিতে বলব। এই প্রসঙ্গে বলব, মহিলা শ্রমিকরা যারা অসংগঠিত শিল্পের কাজ করেন, তারা যাতে আইডেন্টিটি কার্ড পান সেটা দেখা দরকার। তারপর যে লেবার কোর্ট আছে, ট্রাইব্যুনাল আছে সেগুলি বাড়ানো দরকার যাতে শ্রমিকদের সমস্যার দ্রুত নিষ্পত্তি হয়।

কংগ্রেসি বন্ধুরা অনেক কথা বলছিলেন, কিন্তু নিজেদের কথা বলেননি। বর্তমানে রাজ্যের কর্ম বিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত মানুষ স্বনির্ভর প্রকল্পের মধ্যে দিয়ে দোকানঘর ইত্যাদি তৈরি করছেন। বলছেন, এত বেকার। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন বেকারদের নাম নথিভুক্ত করা হ'ত না। এই রাজ্যে বর্তমানে সমস্ত শিক্ষিত বেকার তাদের নাম নথিভুক্ত করিয়েছেন। সম্প্রতি কর্ম বিনিয়োগ কেন্দ্রকে বাইপাশ করে কিভাবে চাকরিতে নিযুক্ত করা যায় সে ব্যাপারে সুপ্রিম কোর্টের একটা রায় বেরিয়েছে। অথচ আমরা জানি, আমাদের রাজ্যের কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিকে কাজে লাগিয়ে নিয়োগের ব্যবস্থা করা হয়। কাজেই কর্ম বিনিয়োগ কেন্দ্রকে যাতে বাইপাস না করা হয় সেটা দেখা দরকার, কারণ দীর্ঘ দিনের প্রচেষ্টার ফলে এক্ষেত্রে আমরা একটা জায়গায় পৌঁছাতে পেরেছি। বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন যে, এখানে নাকি বেশি বেশি শ্রমিক ছাঁটাই হচ্ছেন। হ্যাঁ, ছাঁটাই হচ্ছে, রুগ্ন কলকারখানা খুলছে না, কিন্তু তারজন্য দ্বিপাক্ষিক প্রচেষ্টা শুরু হয়েছে। আজকে গোটা ভারতবর্ষই এই অবস্থার মধ্যে দিয়ে যাচ্ছে, কাজেই আমাদের রাজ্যে অবস্থাটা ধরে রাখা কষ্টকর হয়ে উঠেছে। কাজেই সেটা বিরোধী পক্ষকেও ভাবতে হবে এবং শ্রমিকদের এই সমস্যার সমাধানের কথা আমাদের চিন্তা করতে হবে, সচেষ্ট হতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই, আজকে অনেক শিল্পে শিশু শ্রমিকদের দিয়ে কাজ করানো হচ্ছে, কিন্তু এটা বন্ধ করা দরকার। বিশেষ করে বাজি কারখানায় এটা ঘটছে। রাজ্যে অনেক শ্রমজীবী নারী রয়েছেন। বিশেষ করে নার্সিং হোমগুলিতে অনেক মহিলা কাজ করেন। এদেরকে অসংগঠিত শ্রমিক হিসাবে চিহ্নিত করা যায় কি না? এরা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ করেন, অথচ দৈনিক মজুরি ২৫-৩০ টাকা করে পান। কাজেই নার্সিং হোমগুলির সঙ্গে যারা যুক্ত তাদের অসংগঠিত শ্রমিক হিসাবে চিহ্নিত করা দরকার। আই. সি. ডি. এম. কোন পর্যায়ে পড়বে জানি না, কিন্তু এই আই. সি. ডি. এস.-

কে আজকে ভলান্টিয়ারি অর্গানাইজেশনের হাতে তুলে দেবার চেষ্টা হচ্ছে। এ-সম্পর্কে যদি কিছু করার থাকে সেটা করতে হবে। বিরোধী পক্ষের কাটমোশনের বিরোধিতা করে এবং মাননীয়া মন্ত্রীর বাজেটকে সমর্থন করে আগামী দিনে শ্রমিক স্বার্থে বর্তমান সমস্যার উপর দাঁড়িয়ে বামফ্রন্ট সরকারের যে প্রচেষ্টা তাকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি শুরুতে মাননীয়া মন্ত্রী শ্রীমতী ছায়া বেরার কাছে কয়েকটি প্রশ্নের অবতারণা করতে চাই, কারণ 'লেবার ইন ওয়েস্টবেঙ্গল' প্রতি বছর মেম্বারদের যা দেওয়া হয় ঐ বইটা দেখলে পশ্চিমবঙ্গের শ্রমিকদের ভারতবর্ষের মধ্যে যে সবচেয়ে দুরবস্থা সেটা অনুমান করা যায় না। এখানে কেন্দ্রের পূর্বতন কংগ্রেস সরকার সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। কিন্তু একটি কারখানা যদি লক-আউট হয় এখানে তাহলে সেটা কি কেন্দ্রীয় সরকার দেখবেন? এখানে একটি কারখানায় ক্লোজার হবে বা কর্মী ছাঁটাই হলে সেটা কি কেন্দ্রীয় সরকার দেখবেন?

[3-40 — 3-50 p.m.]

২০ বছর ধরে এখানে মালিকরা লক আউট ক্লোজারকে বাইপাস করে ওয়ার্ক সাসপেনশন করে একটা নতুন পদ্ধতি চালু করেছেন শ্রমিক মারার। গত ২০ বছর ধরে এখানকার মালিকরা একটা ব্যাভিচার অত্যাচার চালিয়ে যাচ্ছে শ্রমিকদের বিরুদ্ধে এই ওয়ার্ক সাসপেনশনের মাধ্যমে। এর বিরুদ্ধে একটা আইনও আপনারা প্রণয়ন করতে পারলেন না? সরকারকে তারা বৃদ্ধাংগুষ্ঠ দেখিয়ে সমস্ত কাজ তারা করে যাচ্ছে। বলা আছে যে সরকারের পারমিশান নিতে হবে, সরকারের বিনা অনুমতিতে তারা লক আউট বা ক্লোজার করতে পারবে না। মন্ত্রী মহাশয় জবাব দেবেন আপনারা কেন কোনও আইন তাদের বিরুদ্ধে প্রয়োগ করতে পারছেন না? ই. এস. আই., প্রভিডেন্ট ফাণ্ডের ব্যাপারে মালিকদের বিরুদ্ধে আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন? ই. এস. আই. তো স্টেট সাবজেক্ট, রাজ্য সরকারের এই ব্যাপারে কি করণীয় কিছু নেই? আপনি তো ই. এস. আই. মন্ত্রী আপনার বিষয়ে আমি পরে আসব। প্রভিডেন্ট ফাণ্ডের ব্যাপারে আজকে যে জায়গায় এসে দাঁড়িয়েছে সেটা আমি পরে বলব। আমাদের নন্দরানী দল মহাশয়া এমপ্লয়মেন্ট এ্যাণ্ড ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ সম্পর্কে বলেছেন। ৬০-এর দশকে যখন কংগ্রেস পশ্চিমবাংলায় ছিল তখন ২২.৯ পারসেন্ট ইণ্ডাস্ট্রিয়াল অ্যাণ্ড এমপ্লয়মেন্ট গ্রোথ ছিল, ৭০-এর দশকে সেটা এসে দাঁড়ায় ১৪.৯ পারসেন্ট আর এখন সেটা নেমে এসে দাঁড়িয়েছে ৬.৭ পারসেন্ট। আমি এই ব্যাপারে একটা পরিসংখ্যান দিচ্ছি। শুধু মাত্র জুট মিলের পরিসংখ্যান আমি তুলে ধরছি, সেখানে দেখবেন গড়ে প্রতি মাসে ২০ হাজার শ্রমিক চাকুরির বাইরে থেকে যাচ্ছে। আবার নতুন যে পদ্ধতি মালিকরা নিয়েছে তাতে দেখা যাচ্ছে যেখানে ২৬ সিফট্ চালানোর কথা সেখানে ১৮ সিফট্ চালাচ্ছে আর যেখানে ১৮ শিফ্‌ট চালানোর কথা সেখানে ২৪ শিফ্‌ট চালাচ্ছে। এই ব্যাপারে শ্রম দপ্তর চুপ করে বসে আছে কোনও অ্যাকশান নিতে পারছেন না। কমপ্লিমেন্ট কোথাও কমালে শ্রমিকদের কমপ্লিমেন্ট কমালে মেশিন কমিয়ে দিলে সেটা যদি রেজিস্টার্ড সংস্থা হয় তাহলে সরকার তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারে। আপনি জবাব দেবেন, এই জুট মিলে ২০ হাজার শ্রমিক যে চাকুরি হারিয়েছে, সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠি দেখিয়ে শিফ্‌ট কমিয়ে ৫০ হাজার শ্রমিককে যে আউট

অফ এমপ্লয়মেন্ট করে রেখেছেন এই ব্যাপারে সরকারের কি কোনও ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা নেই? দুর্গাপুরের দেবব্রতবাবু অনেক কথা বলেছেন। ভারতবর্ষের যতগুলি স্টিল প্ল্যান্ট আছে তার মধ্যে দুর্গাপুর আমাদের গর্ব, ডি. পি. এল আমাদের গর্ব। বলুন না গত ২০ বছরে—যদিও এটা পার্ট অপ বিজনেস নয় আজকে—কি ইনভেস্ট করেছে আপনার সরকার? বলুন না কত এমপ্লয়মেন্ট বাড়িয়েছে দুর্গাপুর প্রোজেক্টে? কোনও কিছু বাড়াতে পারেননি। যেটুকু বাড়িয়েছে সেটা হলু দুর্গাপুর অ্যালয় এবং স্টীল এবং দুর্গাপুর কোক ওভেন। অর্থাৎ এমপ্লয়মেন্ট যেটুকু বাড়িয়েছে সেটা হলো কেন্দ্রীয় সরকার। আপনারা তো কনট্রাক্টরের বিরুদ্ধে বলেন। আপনারা তো বলেন কেন্দ্রীয় সরকার কনট্রাক্টর নিয়োগ করছে। কিন্তু অপনারা কি করছেন? ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং তো রাজ্য সরকারের, সেখানে কনট্রাক্টর নিয়োগ করছেন কেন? যেখানে কন্ট্রাক্টর নিয়োগ করা হচ্ছে সেখানে আপনার সরকার কেন ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না? আপনাদের হাতে তো কনট্রাক্টর অ্যাবলিউশান অ্যাণ্ড রেগুলেশন অ্যাক্ট আছে সেই অ্যাক্ট কেন আপনারা প্রয়োগ করতে পারছেন না? কেন আপনারা রাজ্য সরকারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না? মাননীয়া মন্ত্রী মহাশয় নিশ্চয় জবাব দেবেন তাঁর জবাবি ভাষণে। আজকে প্রভিডেন্ট ফাণ্ডে কি অবস্থা হয়ে গেছে? আপনারা লেটেস্ট যে রিপোর্ট দিয়েছেন তাতে ১৫৬ কোটি টাকা শ্রমিকদের ডিউ হয়ে রয়েছে। অর্থাৎ শ্রমিকদের ১৫৬ কোটি বকেয়া টাকা পড়ে রয়েছে। অনেকে বলেছেন আপনার কোনও ক্ষমতা নেই এই বিষয়ে কিছু করার। এই ব্যাপারে আপনাদের দিল্লিও যেতে হবে না সুপ্রিম কোর্টেও যেতে হবে না, পশ্চিমবাংলার যে কোন কোর্টে এদের বিরুদ্ধে সার্টিফিকেট কেস করতে পারেন। কিন্তু আপনারা তা করেন নি। আপনারা ২০৬ এবং ২০৯ আই. পি. সি প্রয়োগ করে মালিকদের গ্রেপ্তার করতে পারেন। কিন্তু এই ব্যাপারে আপনার সরকারের এখনও ঘুম ভাঙেনি। একবার আপনারা ধরে নিয়ে এসেছিলেন একজন জুট মিলের মালিককে ২০৬ এবং ২০৯ ধারা প্রয়োগ করে। সেই বাজুরিয়াকে ধরে এনে তাকে কোথায় রাখবেন ঠিক করতে পারছিলেন না, একবার তাঁকে রাইটার্স বিল্ডিং-এ নিয়ে যাচ্ছে একবার তাঁকে আলিমুদ্দিন স্ট্রীটে নিয়ে যাচ্ছেন, তারপর শেষ পর্যন্ত তাঁকে এয়ার কণ্ডিশন হাসপাতালে ভর্তি করে দেওয়া হল। যার বিরুদ্ধে ৪০ লক্ষ টাকার জালিয়াতি কেস ছিল।

আর যখনই আপনারা ধরে নিয়ে আসছেন, আলিমুদ্দিন স্ট্রীট থেকে ফতোয়া জারি করে দিচ্ছে। আলিমুদ্দিন স্ট্রীট থেকে ফতোয়া জারি করলো যে, বাজোরিয়াকে ধরা যাবে না। আপনারা আবার কংগ্রেসকে দেখাচ্ছেন। কংগ্রেস তো এখন ক্ষমতায় নেই। আপনারা বিড়ি শ্রমিকদের জন্য অনেক আইনের কথা বলেছেন। আমরা বলেছিলাম যে, বিড়ি শ্রমিকদের জন্য ইন্সুরেন্স লিংক স্কিম করুন, যাতে তারা মেডিক্যাল বেনিফিটটা পেতে পারে। কুড়ি বছর তো ক্ষমতায় আছেন, পেরেছেন তা করতে? আমরা বলেছি যে, বিড়ি শ্রমিকদের জন্য ইন্সুরেন্স-এর ব্যবস্থা করুন অন্ততপক্ষে তাদের স্বাস্থের জন্য, তাদের বেঁচে থাকার জন্য। বিড়ি শ্রমিকরা হ্যাজার্ডস অবস্থার মধ্যে কাজ করে। তারমধ্যে কি তারা বেঁচে থাকতে পারে? আপনারা শিশু শ্রমিকদের জন্য গালভরা একটা বই বের করেছেন—'চাইল্ড লেবার ইন ওয়েস্টবেঙ্গল।' কেন্দ্রীয় সরকারের বইতে যা ছিল তার সবই আপনারা এখানে দিয়েছেন। কিন্তু ফ্যাক্ট ফাইণ্ডিংয়ের ক্ষেত্রে আপনারা কি বলেছেন? ফ্যাক্ট ফাইণ্ডিংয়ের ক্ষেত্রে আপনারা কোনও আসল

তথ্য জোগাড় করতে পারেননি। পশ্চিমবাংলায় শিশু শ্রমিকরা যে হ্যাজার্ডাস অবস্থার মধ্যে কাজ করে—কেন কাজ করে তা আমাদের কারও অজানা নেই—তাদের জন্য আমাদের সামাজিক দায়িত্ব আছে। সুপ্রিম কোর্ট থেকে যে রায় দিয়েছে, সেখানে শিশু শ্রমিক আইন ভঙ্গ হবে সেখানে তাদের কুড়ি হাজার টাকা পানিশমেন্ট হবে। এবং সেই টাকা দিয়ে একটা কম্পাস তৈরি হবে এবং তা শিশু শ্রমিকদের ওয়েলফেয়ারের ক্ষেত্রে ব্যয় করা হবে। আপনাদের সরকার সেই ব্যাপারে কি করেছেন? হ্যাঁ, একথা ঠিক যে, আপনারা কয়েকটা ভবন নির্মাণ করেছেন, এতে কোনও সন্দেহ নেই। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় থাকলে ভাল হত, তিনি দীর্ঘ ৫০ বছর ধরে ট্রেড ইউনিয়ন করছেন। আই প্রে টু দি গড, উনি তাড়াতাড়ি ভাল হয়ে ফিরে আসুন। কিন্তু শ্রমিকরা এখানে তাদের গ্র্যাচুইটির টাকা পাচ্ছে না। রিটায়ার করার ৪৫ দিনের মধ্যে তার গ্র্যাচুইটি পেমেন্ট দিতে হবে, তার পি. এফের টাকা, ই. এস. আই.'-এর টাকা দিতে হবে। এই আইন তো রাজ্য সরকার করবে, কেন্দ্রীয় সরকার করবে না। ই. এস. আই.'-এর কোন টাকাও জমা পড়ে না। লক্ষ লক্ষ শ্রমিক তারা চিকিৎসা পাচ্ছে না। তারা হাসপাতালে গেলে সেখান থেকে বলছে, আপনার কন্ট্রিবিউশনের টাকা দেওয়া নেই। তখন সে বলছে, তাহলে আমার চাকুরি, আমার কন্ট্রিবিউশনের কি হবে? মালিকরা যখন তাদের উপরে এইভাবে আঘাত হানছে তখন প্রোটেকশন আইন বলে, ই. এস. আই. আইন বলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে। আইনে যে ব্যবস্থা আছে তাতে কোনও শ্রমিকের টাকা যদি জমা না পড়ে তাহলে রাজ্য সরকার তার বিরুদ্ধে ব্যবস্থা নেবে। এরজন্য কেন্দ্রীয় সরকার আসবে না। এই ব্যাপারে যে স্টিয়ারিং কমিটি হয়েছিল তাতে তো মাননীয় মুখ্যমন্ত্রী হেড। কিন্তু তা সত্ত্বেও আপনারা সেই একই জায়গায় পড়ে আছেন আর শুধু কংগ্রেসের সমালোচনা করছেন। গত ২০ বছরে জুটমিলগুলো থেকে ১ লক্ষ ৫৫ হাজার শ্রমিক তাদের চাকুরি হারিয়েছে। এদের তো কেন্দ্রীয় সরকার এসে ছাঁটাই করে দিয়েছে বলতে পারবেন না। মালিকরা একের পর এক হাত গুটিয়ে নিয়েছে আর তাদের জায়গায় এসেছে ফটকাবাজ এবং ট্রেডাররা। রাজ্য সরকার ফটকাবাজদের হাতে জুটমিলগুলোকে তুলে দিয়েছে। তারা পি. এফের টাকা দিচেছ না, গ্র্যাচুইটির টাকা দিচেছ না, ই. এস. আই.-এর টাকা জমা দিচ্ছেন না। জুটমিলে টোটাল দেড় লক্ষ শ্রমিক কাজ করে। আজকে এক কুড়ি ভাগ, অর্থাৎ প্রায় তিরিশ হাজার শ্রমিক তাদের গ্র্যাচুইটির টাকা পাচ্ছে না। আইন অনুযায়ী এর বিরুদ্ধে আপনারা প্রসেস করতে পারছেন না। তাহলে আপনার ডিপার্টমেন্ট কি করছে? ৪৫ দিনের মধ্যে রিটায়ার্ড শ্রমিককে তার গ্র্যাচুইটির টাকা দেয় না। আমরা এই ব্যাপারে বারবার করে বলেছি। কিন্তু আপনারা কি করছেন? কোথাও লক-আউট হয়ে থাকলে রিটায়ার করা লোকগুলোকে গ্র্যাচুইটির টাকা দিতে হবে। আমরা বলেছি, আপনারা তাদের ডাকুন। যারা টাকা আদায় দেয়নি তাদের পেনাল্টি দেবার অধিকার আপনাদের আছে। তাদের গ্রেপ্তার করার অধিকার আছে। তারা ই. এস. আই.-এর টাকা, পি. এফের টাকা, গ্র্যাচুইটির টাকা ফাঁকি দিয়েছে। আপনাদের জিজ্ঞাসা করলে বলবেন, কোর্ট কেস আছে বা বি. এফ. আই. আর.-এ গেছে, কি করবো? তাহলে আপনাদের লোকগুলো ডিপার্টমেন্টে বসে কি করছে? আপনাদের ল-ডিপার্টমেন্ট কি করছে? আপনি ট্রাইব্যুনালের কথা বলছেন। ট্রাইব্যুনালে যেখানে ৯ জন লোক থাকার কথা, সেখানে তিনজন মাত্র আছেন। ট্রাইব্যুনালে গেলে ৭ বছর থেকে ২০ বছর লাগছে একটা কেস মিটতে। আজকে ট্রাইব্যুনালের কথা শুনলে শ্রমিক ভয়ে পালিয়ে যায়। তারা বলে, আপনি

যা দেবেন তাই দিন, আমি ট্রাইব্যুনালে যাব না। ট্রাইব্যুনালে কুড়ি হাজার টাকা আদায় করতে কুড়ি বছর লেগে যায় এবং দেখা যাবে যে তার বাড়িঘর, বৌ, বাসনপত্র বিক্রি করে দিতে হয়েছে।

[3-50 — 4-00 p.m.]

এই যে ট্রাইব্যুনালে শ্রমিকরা যাচ্ছে এটা পুরোপুরি রাজ্য সরকার দেখাশোনা করবেন, এখানে কেন্দ্রীয় সরকারের কোনও ব্যাপার নেই। সম্পূর্ণভাবে রাজ্য সরকারের হাতে রয়েছে এই ডিপার্টমেন্টটি, এক্ষেত্রে আপনারা কতটা ব্যবস্থা নিতে পেরেছেন? এক একটা কেস দীর্ঘ বছর ধরে পড়ে থাকছে, শ্রমিকরা এর প্রতি উদাসীন আজকে হয়ে পড়েছে, জানে ট্রাইব্যুনালে গেলে তার কোনও সমাধান হবে না। সুতরাং আপনারা যতই অন্য পার্টি বা অন্য সরকারের নিন্দা করুন না কেন, আপনাদের মধ্যেই তো গলদ যে আপনারা শ্রমিকদের কোনও উন্নতি করতে পারছেন না। আজকে ই. এস. আই. হাসপাতালগুলোর অবস্থা কি—একমাত্র মানিকতলা এবং কামারহাটি ই. এস. আই. হাসপাতাল ছাড়া সমস্ত ই. এস. আই. হাসপাতালগুলো এক চরম অবস্থার মধ্যে পড়ে আছে। আজকে বাজেটে যে টাকা বরাদ্দ করা আছে তা দিয়ে ই. এস. আই. হাসপাতালগুলোর সংস্কার করা যাবে না। এই যে শ্রম বিভাগের রাজ্য বিমা ফান্ড আছে যথা জয়েন্ট করপাস, ট্রাইপারটাইট করপাস ইত্যাদি। এগুলো সেন্ট্রাল করপাস বডির অন্তর্গত। এরজন্য প্রচুর টাকা রাখা আছে। এতে প্রায় থাউসেন্ড অ্যান্ড ক্রোরস অফ রুপিজ আছে। এই মানিকতলা এবং কামারপুকুর ই. এস. আই. হাসপাতালের মতো অন্যান্য ই. এস. আই. হাসপাতালগুলোর সংস্কারের ক্ষেত্রে সেন্ট্রাল করপাস বডির সঙ্গে স্টেটের শ্রমমন্ত্রী এবং তার দপ্তর তো আলোচনা করতে পারেন। কেবলমাত্র মুখ্যমন্ত্রী একটা চিঠি লিখে পাঠালেন যে শ্রমিকদের জন্য এইসব দরকার বলে না জানিয়ে সেন্ট্রাল করপাস বডির সঙ্গে আলোচনা করে এখানে ই. এস. আই. হাসপাতালগুলোর উন্নতি সাধনের ব্যবস্থা করা যায়। আজকে বড় বড় কোম্পানিগুলো তো কথায় কথায় হাইকোর্টে চলে যাচ্ছে। তাদের কাজ থেকে ই. এস. আই. হাসপাতালগুলোর জন্য টাকা পাওয়া যাবে না। এর ফলে শ্রমিকদের এক চরম দুর্দশার মধ্যে পড়তে হচ্ছে। তারা ওইসব হাসপাতালে ট্রিটমেন্টের জন্য গেলে পড়ে দেখা যাচ্ছে যে সেখানে হয়ত দুজন মাত্র ডাক্তার, যেখানে দশজন ডাক্তার থাকার কথা, সেখানে মাত্র দুজন। ডাক্তার আছেন কিন্তু তাদের কোনও ফিক্সড টাইম নেই। একজন শ্রমিক সেখানে চিকিৎসা করাতে গেলে তাকে ওই ডাক্তার রেফার করে দিল স্পেশ্যালিস্টের কাছে স্পেশালিস্ট আবার রেফার করে দিচ্ছে পি.জি-তে দেখাবার জন্যে, ফলে পি.জি.তে তাদের ঢোকার কোনও স্থানই নেই। এইভাবে বিনা চিকিৎসাতে তাদের মরতে হচ্ছে। সুতরাং লেবার বাজেট যেটা মাননীয় মন্ত্রী এনেছেন তাকে আমরা কখনওই সমর্থন করতে পারি না। সর্বশেষে দুটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, সরকারি বাড়ি যেগুলো আছে সেগুলোর ক্ষেত্রে গভর্নমেন্ট ২-৩ বছর অন্তর ভাড়া বাড়ানোর ব্যবস্থা করছেন, কিন্তু শ্রম বিভাগের অধীনে যে বাড়ি আছে সেগুলোর ক্ষেত্রে কোনও ব্যবস্থাই নেওয়া হচ্ছে না। সরকারি আবাসনগুলোতে ১০০ পারসেন্ট ভাড়া বাড়ানো হচ্ছে। লেবার ইন্ডাস্ট্রিসের অধীনে যে হাউসিং স্কীম আছে সেগুলোর তো সংস্কার করার দরকার, তার ভাড়া বাড়িয়ে ঘরবাড়ি বাড়ানো যেতে পারে এবং আরও হাউসিং তৈরিও করা যেতে পারে। দি রেট অফ ইন্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট গ্রোথ ষাটের

দশকে ২২.৯ পারসেন্ট ছিল সেটা সত্তরের দশকে ১৪.৯ পারসেন্ট হয়েছে আর এখন সেটা ৬-৭ পারসেন্টে চলে এসেছে। যাই হোক আমি আশা করব মাননীয় মন্ত্রী শ্রীমতী ছায়া বেরা তার জবাবি ভাষণ দিতে গিয়ে এই লেবার হাউসিং সম্পর্কে কিছু বলবেন, এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। যদিও বিরোধীদলের এক জন সদস্যও উপস্থিত নেই, অনেকেই চলে গেছেন। তারা পশ্চিমবঙ্গে শিল্পে এই শান্তিপূর্ণ অবস্থা দেখে ভাবছেন আর অশান্তির আবহাওয়া সৃষ্টি করে লাভ নেই, তাই তারা চলে গেছেন। আমি একথা বলতে চাই না যে, পশ্চিমবঙ্গে শিল্পের পরিস্থিতি ভাল এবং শ্রমিকদের অবস্থা খুব ভাল। যেখানে সারা ভারতবর্ষে শিল্পের পরিস্থিতি খারাপ এবং শ্রমিকদের অবস্থা সংকটজনক, সেখানে এই রাজ্যে বিরাট একটা পরিবর্তন আনবে এটা হতে পারে না। আমাদের কেন্দ্রীয় সরকার ১৯৮৪ সালে থেকে আমাদের স্বয়ম্ভর অর্থনীতি পরিত্যাগ করে একবিংশ শতকে পৌছে যাবার জন্যে যে উদারনীতি চালু করতে চলেছেন স্ক্রু টাইট পলিসি নিয়ে শ্রমিকদের কখনও উন্নতি করা যায় না, তাদের মারবার পথ গ্রহণ করেছেন। যেভাবে গোল্ডেন হ্যান্ড সেক পলিসি, ভলেন্টারি রিটায়ারমেন্ট পলিসি গ্রহণ করা হচ্ছে তাতে কখনও শ্রমিকদের স্বার্থ দেখা যায় না। এইভাবে একটার পর একটা পলিসি গ্রহণ করে চলেছে। তাই আজকে জয় ইঞ্জিনিয়ারিং কারখানা নিয়ে বিরোধীপক্ষ থেকে কথা ওঠাতে আমি যে তাদের জিজ্ঞাসা করি উষা কোম্পানির কোনও ফ্যান আপনারা তৈরি হতে দেখেন কি না।

তারা তো ঘরে ঘরে পৌছে দেয় যন্ত্রাংশ আর সব স্ক্রু টাইট করে। বাজারে চলে আসছে একটা ছাপ মেরে। তার ফলে কেন্দ্রীয় সরকারের দৌলতে যে নূতন শিল্প গড়লে পরে ৫ বছর ট্যাক্স দিতে হয় না, আরও অন্যান্য ধরনের সুযোগ পায়, এই যে বিদেশি ব্যাপারটা এটা আমাদের দেশে আমদানি করল কে? এটা তো আপনারাই করেছেন। সুতরাং আজকে পশ্চিমবাংলায় ৪০ দশক থেকে যে শিল্পের জোয়ার ছিল, শিল্পে শ্রমিক শ্রেণী আন্দোলন করে মালিকের কাছ থেকে সুযোগ সুবিধা আদায় করেছিল, সেটা একটা পর্যায়ে পৌছেছিল। এখন সেই শিল্প বলুন, চট শিল্প বলুন, ইঞ্জিনিয়রিং শিল্প বলুন, বস্ত্র শিল্প বলুন, পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণী ভারতবর্ষের অন্যান্য যে কোনও রাজ্যের তুলনায় একটা অগ্রণী ভূমিকা নিয়েছিল এবং মালিকের কাছ থেকে আলোচনার মাধ্যমেই বলুন আর আন্দোলনের মাধ্যমেই বলুন তারা তাদের দাবি আদায় করতে পেরেছিল। কিন্তু আপনাদের নূতন পলিসির ফলে মালিকরা সুবিধা পেয়ে গেল, তারা যখন তখন কারখানা বন্ধ করে দিতে লাগলেন, তারা কারখানাকে সিক বলে ঘোষণা করতে লাগলেন। মালিকের বিপক্ষে যখন লড়াই আরম্ভ হল, হাইকোর্ট থেকে মাল বের করার অধিকার অর্জন করলেন, মালিকের বিপক্ষে যখন গেল, তখন আমরা দেখলাম পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের পাশে থেকেছে এই শ্রম দপ্তর এবং আমরা ; এই ভাবে তাদের অধিকার আমরা অর্জন করতে পেরেছি। অসংগঠিত শ্রমিক যারা সিনেমা শিল্পের সঙ্গে যুক্ত তারা ৫৬ দিন স্ট্রাইক করে, ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে কয়েক বছর পরে একটা পে-স্কেল আদায় করতে পেরেছে। তার জন্য তাদেরকে ৫৬ দিন স্ট্রাইক করতে হয়েছিল।

হিমঘরের শ্রমিকরা সবচেয়ে বেশি পিছিয়ে পড়া অংশ, তাদের বেতন বৃদ্ধির ব্যাপারে শ্রম দপ্তর একটা ভূমিকা নিয়েছিল। আমাদের এখানে লক-আউট, ক্লোজার যে হারে ৯২-৯৩ সালে ছিল ৯৫-৯৬ সালে সেটা আর উর্ধ্বমুখী নয়, নিম্নমুখী। আমরা এখন দেখছি, শ্রমিক শ্রেণী তারা বোকা নয়, তারা জানে শিল্পে এখন মন্দা চলছে, এখন শ্রমিক শ্রেণী শিল্পে নোটিশ দিয়ে স্ট্রাইক করতে চায় না, তারা হিসাব করে স্ট্রাইক করে। তারা জানে কখন স্ট্রাইক করতে হবে, কখন মালিক পক্ষে লেজে চাপ দিতে হবে, সেটা তারা বেশি বোঝে। এই ব্যাপারে আমি বেশি কিছু আর বলতে চাই না। আমি বলব, আমাদের রাজ্যে কাজকর্মে কিছু কিছু গাফিলতি আছে, আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে আমরা পি. এফ.-এর টাকা ৯০ কোটি টাকা যেটা চট শিল্পের মালিকের কাছে বাকি আছে, আমরা জানি সেটা আদায় করতে গেলে তাদের যদি গ্রেপ্তার করতে হয় তাহলে এখন কেন্দ্রীয় সরকারের যে পি. এফ. ইন্সপেক্টার আছে, তাদের অনুমতি না নিয়ে গ্রেপ্তার করা যাবে না। আমরা বড়জোর পুলিশ পাঠাতে পারি। তারা যদি অনুমতি না দেয় তাহলে তা হবে না। আমাদের এখানে শিশু শ্রমিকের সম্পর্কে কেন্দ্রীয় সরকারের যে নির্দেশ আছে, সেটা যথাযথভাবে পালন করতে হবে। আমাদের দেশে ৮২ জন মানুষ এখন অসৎ ১৮ জন মানুষ এখনও সৎ আছে, বলে সমীক্ষায় প্রকাশ পেয়েছে। এই যে শিশু শ্রমিকের সমীক্ষা হল তাতে যে হ্যাজার্ডাস কন্ডিশন অর্থাৎ শিশু শ্রমিকের যে পরিসংখ্যান আমরা বিভিন্ন ব্লকে দেখছি তাতে আমরা হতাশ। ইন্সপেক্টার যাওয়ার আগে সেই সমস্ত জায়গায় অ্যাডভান্স খবর চলে যাচ্ছে এবং শিশু শ্রমিকরা সঙ্গে সঙ্গে চলে যাচ্ছে, তারা এসে রিপোর্ট দিচ্ছে এখানে শিশু শ্রমিক নেই। সততার উপর দাঁড়িয়ে আমাদের অফিসাররা দক্ষতার সঙ্গে কাজ করে, এই ব্যাপারে তাদের যে অধিকার আছে, তা কোনও কোনও জায়গায় অবহেলিত হচ্ছে। ১০ই জুন এখান থেকে একটি রিপোর্ট দিল্লিতে চলে যাবে।

[4-00 — 4-10 p.m.]

আমাদের রাজ্য সম্পর্কে একটা হিসাব তারা পেশ করবে। আমি অনুরোধ করব শ্রম দপ্তরের কাছে আপনারা তড়িঘড়ি করে এই সমীক্ষার রিপোর্ট পাঠাচ্ছেন, আরও ডিটেইলসে আমাদের যাওয়া উচিত ছিল, আরও দায়িত্ব নিয়ে কাজটা করা উচিত ছিল। বিড়ি শ্রমিক বা অন্যান্য ক্ষেত্রে কিছুটা বিধিনিষেধ আছে, কিন্তু এখনও অনেক জায়গা রয়েছে যেখানে খুঁজলে শিশু শ্রমিক পাওয়া যাবে। আমরা যদি ঘরে বসে রিপোর্ট তৈরি করি, ব্লকে বসে রিপোর্ট তৈরি করি, পঞ্চায়েত অফিসে বসে রিপোর্ট তৈরি করি তাহলে কিন্তু আমাদেরও ক্ষতি হবে। এটার একটা পূর্ণমূল্যায়ন হওয়া দরকার। আমাদের এখানে শ্রমিক কল্যাণ পর্ষদ আছে, আমরা শ্রমিকদের কাছে থেকে পঞ্চাশ পয়সা করে পায়, কিন্তু মালিকদের যে ম্যাচিং গ্রান্ট দেওয়ার কথা সেটা তারা দিচ্ছে না। ইন্ডাস্ট্রিয়াল অ্যাক্ট অনুযায়ী যে ফাইন করা যেত সেই ফাইনটাও করা যাচ্ছে না, তারা হাইকোর্টে কেস করার ফলে। আজকে হাইকোর্ট আমাদের কাজের একটা প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। যদি আপনার গরু হারিয়ে যায় আপনি হাইকোর্টে গিয়ে কেস করুন, তাহলে আপনি আপনার গরু আনতে পারবেন। সমান্তরাল প্রশাসন হিসাবে আজকে হাইকোর্ট কাজ করে যাচ্ছে। আজকে এই কাঠামোর মধ্যে বামফ্রন্টের কাজ করবার সদিচ্ছা থাকলেও, ভারতীয় সংবিধানের চৌহদ্দির মধ্যে থেকে তাকে অগ্রসর হতে হবে। আমি একটা

কথা জানতে চাই, আমরা বেকার সমস্যা নিয়ে চিন্তিত, এবং পশ্চিমবাংলায় ৫৪ লক্ষ বেকার আছে। আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করতে চাই গত দশ বছর ধরে কেন্দ্রীয় সরকারের অধীনে যেখানে সবচেয়ে বেশি লোক নিয়োগ করা হয়, সে রেল বলুন, ডাক ও তার বলুন, টেলিকমিউনিকেশন বলুন, সেনাবিভাগ বলুন, ডিফেন্স বলুন, কোথায় কত পারসেন্ট লোক নিয়োগ হয়েছে। আর পশ্চিমবাংলায় লোক নিয়োগ হবার সুযোগ কোথায়, শুধুমাত্র কলেজ, ও স্কুল ছাড়া। যেখানে আগে রেলে দশ লক্ষ লোক কাজ করত সেখানে আজকে কত শ্রমিক কাজ করছে তার হিসাব আপনারা দিন, ডিফেন্সে কত লোক কাজ করত, আর কততে এসে দাঁড়িয়েছে, আজকে ডাক ও তার বিভাগে কোনও রিক্রুটমেন্ট হচ্ছে না। আমি সব শেষে বলতে চাই সেলফ এমপ্লয়মেন্ট স্কীম নিয়ে আমরা অনেক কথা বলি। আমরা জানি, এই পুঁজিবাদী কাঠামোর মধ্যে আমরা যতই ট্রেনিং দিই না কেন, আমরা যতই সাহায্য করি না কেন, এই বাজার দখলের প্রতিযোগিতায় এই সমস্ত ছোটখাটো যেসব কারখানা গড়ে উঠবে তারা প্রতিযোগিতায় পারবে না। মেদিনীপুর শহরে শাশ্বতী ধর নামে একজন শিল্প করার জন্য তাকে সাড়ে পাঁচ লক্ষ টাকা মঞ্জুর করা হল। ১৯৯১ সাল থেকে অনেক আবেদন-নিবেদন করার পর ১৯৯২ সালে জেলা শাসক ঠিক করল তাকে পাঁচ লক্ষ টাকা দেওয়া হবে, কিন্তু তাকে দেওয়া হল তিন লক্ষ টাকা। ১৯৯৭ সালে এই কোম্পানিটি আবার রুগ্ন হয়ে পড়েছে, সে মন্ত্রীর কাছে দরবার করছে আবার টাকার জন্য। সমাজের যদি উন্নত করতে হয়, বেকার সমস্যার যদি সমাধান করতে হয়, অবস্থার যদি পরিবর্তন করতে হয় তাহলে এদিকে আমাদের আরও বেশি করে নজর দেওয়া উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের বাজেট বরাদ্দ প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত ছাঁটাই প্রস্তাবের সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি এবং আমি বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই একটা কথা বামপন্থী বন্ধুদের কাছে স্মরণ করিয়ে দিতে চাই, কবি সুকান্তর সেই কবিতাটা—'শোনরে মালিক, শোনরে শ্রমিক, শোনরে মজুতদার, তোদের প্রাসাদে জড়ো হল কত মানুষের হাড়।' আর বর্তমানে বলতে হয়,—'শোনরে মালিক, শোনরে শ্রমিক, শোনরে মজুতদার, রাইটার্স বিল্ডিঙে জড়ো হল কত মৃত শ্রমিক ও বেকারের হাড়'। আজকে পশ্চিমবাংলায় বামপন্থী জমানায় রাইটার্স বিল্ডিঙে মৃত শ্রমিক এবং বেকারের হাড়ে ভর্তি হয়ে গেছে।

আজকে বামফ্রন্ট সরকারের জমানায়, আজকে এখানে বামপন্থী বন্ধুরা আছেন যারা কথায় কথায় কংগ্রেস সরকারের কথা বলেন, পশ্চিমবাংলায় কংগ্রেসি শাসনের কথা বলেন, ৭২ থেকে ৭৭ এর কথা বলেন তাদের বলি ডাঃ গোপালদাস নাগ যখন শ্রমমন্ত্রী ছিলেন তার প্রগতিশীল ঐতিহাসিক আইনগুলো শ্রমিকদের স্বার্থরক্ষার জন্য করেছিলেন। আজকে বামফ্রন্ট সরকারের জমানায়, শ্রমিকদের সরকার সেই সমস্ত আইনগুলোকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে শ্রমিক শ্রেণীর উপর অত্যাচার, অনাচার, জুলুম, পুলিশের গুলি সর্বত্র আজকে এই চলছে। আজকে এখানে শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয়া মন্ত্রী আছেন তার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে দয়া করে বিভিন্ন জুট মিলে খবর নিন দেখবেন যে সমস্ত জুট মিলে শ্রমিকের সংখ্যা ছিল ১০ হাজার সেটা কমে দাঁড়িয়েছে ৪ হাজারে। যেখানে ৫ হাজার ছিল সেখানে কমে দাঁড়িয়েছে ১ হাজারে। আপনার কমিশনাদের পাঠান, লেবার দপ্তরকে সক্রিয় করুন। শুধু নিউ

সেক্রেটারিয়েটে বসে গোপন পরামর্শ করার জন্য আপনার দপ্তর নয়। এই করার জন্যই শুধু আপনাদের মাহিনা দেওয়া হয় না। আজকে বাঁশবেড়িয়া জুট মিলে শিল্প প্রথায় ৪ হাজার শ্রমিককে সেখানে কাজ করানো হচ্ছে। বিভিন্ন চটকলে পুঁজি প্রথায় আজকে সেখানে কাজ করানো হচ্ছে। তাদের ই. এস. আই. নেই, প্রভিডেন্ট ফান্ড নেই, তাদের গ্র্যাচুইটি দেওয়া হয় না। কোনও সরকারি সুযোগ সুবিধা দেওয়া হয় না। কোনও শ্রমিকের যদি কোনও দুর্ঘটনা ঘটে যায় তখন তাকে কারখানা থেকে বার করে দেওয়া হয়। আজকে এই অবস্থা চলছে। আজকে শ্রমজীবীদের স্বার্থ রক্ষা করবার জন্য সরকারকে আরও অগ্রণী ভূমিকা নিতে হবে। আপনার বিভিন্ন ডাইরেক্টরেট আছে, বিভিন্ন ডাইরেক্টরেটের হাল কি? চুপচাপ বসে থাকে। ফ্যাক্টরি ইন্সপেক্টরের কোনও কাজ নেই। ডাক্তার গোপালদাস নাগ শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য বিভিন্ন ইন্সপেক্টর নিয়োগ করেছিলেন। ১৯৭৪ প্রত্যেকটা ব্লকে মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টর নিয়োগ করেছিলেন। আজকে সেই মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টরের কাজ কি, তিনি কি কাজ করেন? লেবার কমিশনারকে দিয়ে খবর করুন তাদের কি কাজ। বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে তারা মালিকদের কাছ থেকে টাকা তুলে বেড়ান। মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টর শ্রমিকদের জন্য কাজ করছেন না। আজকে বেকার সমস্যাকে এমন একটা জায়গায় নিয়ে গেছেন, বেকার সমস্যা এমন একটা জায়গায় দাঁড়িয়েছে তা ভয়াবহ। আপনি কত বেকারকে চাকরি দিয়েছেন তা আপনার এই লেবার ইন ওয়েস্ট বেঙ্গল, গ্রাফ নাম্বার ১৪-তে বলেছেন, আমি আপনার দেওয়া তথ্য থেকেই বলছি। এখানে কি দেখানো আছে। ৯৩ সালে ১ লক্ষ ৪৩ হাজার ৫৬ জন এর চাকরির পদ খালি ছিল, চাকরি দেওয়া হয়েছে ৫ হাজার ৬৭৫ জনকে। ৯৪ সালে ১ লক্ষ ৮৮ হাজার ৯৯টা পদ খালি ছিল সেখানে চাকরি দেওয়া হয়েছে ৯ হাজার ৮৯৩ জনকে। ৯৫ সালে পদ খালি ছিল ১ লক্ষ ৯৪ হাজার ৪৮৫ চাকরি দেওয়া হয়েছে ৭ হাজার ৮৮২ জনকে। ৯৬ সালে ১ লক্ষ ৭৬ হাজার ৭৯ পদ খালি ছিল চাকরি দেওয়া হয়েছে মাত্র ১০ হাজার। আরও দুঃখের কথা, মেয়েদের ক্ষেত্রে যেখানে আসন সংরক্ষশ হচ্ছে, যেখানে পঞ্চায়েতের আসন সংরক্ষণ করা হচ্ছে।

[4-10 — 4-20 p.m.]

যেখানে রাজ্য বিধানসভা এবং লোকসভাতে মহিলাদের জন্য এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণ হতে চলেছে, সেই অবস্থায় পশ্চিমবঙ্গের মহিলা বেকারদের কর্মসংস্থানের অবস্থাটা কি, সেটা মাননীয়া মন্ত্রী, উনিও মহিলা, উনি নিশ্চয়ই সেটা দেখেছেন। এই লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বইতে ১৫ নম্বর গ্রাফে রয়েছে ১৯৯৩ সালে মহিলা বেকার ছিল ১ লক্ষ ৮ হাজার ৮৫৩ জন, সেখানে চাকরি পেয়েছে মাত্র ৬৪১ জন। মাননীয়া মন্ত্রী আপনি মহিলা মন্ত্রী, কিন্তু আপনি কতজন মহিলাকে চাকরি দিয়েছেন, বলুন। ১৯৯৪ সালে আপনার এই বই থেকে দেখা মহিলা বেকার ছিল ৯ লক্ষ ৪১ হাজার ৯৯৩ জন, সেখানে চাকরি দিয়েছেন ১ হাজার ৩২২ জন মহিলাকে। আপনি বলুন এটা কত পারসেন্টেজে আসছে? ১৯৯৫ সালে উনি দেখিয়েছেন মহিলা বেকার ছিল ১ লক্ষ ৩৪ হাজার ৫৩৮ জন, সেখানে চাকরি হয়েছে ৯১১ জন মহিলার। ১৯৯৬ সালে মহিলা বেকার ছিল ১ লক্ষ ৫৫ হাজার ৫৩৬ জন, সেখানে চাকরি হয়েছে ১ হাজার ৫৩৭ জনের। তাহলে মাননীয়া মন্ত্রী আপনি বলুন আপনাদের সরকারের আমলে কত পারসেন্ট মহিলার চাকরি হয়েছে। আপনি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের

কর্মসংস্থানের ব্যাপারটা নিজে দেখেন। কিন্তু আপনি বলুন আপনার দপ্তর, এবং আপনার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ডাইরেক্টর বলুন যে আজকে এই সরকারের আমলে, বিভিন্ন দপ্তরে কত মহিলাকে চাকরি দেওয়া হয়েছে? যেখানে আমরা প্রগতিশীলতার কথা বলছি, যেখানে মহিলাদের আসন সংরক্ষণের কথা বলছি, সেখানে সরকারি দপ্তরে আপনারা কত মহিলাকে চাকুরি দিয়েছেন সেটা মাননীয়া মন্ত্রী আজকে এই হাউসে আপনার জবাবি ভাষণে নিশ্চয়ই জানাবেন। তৃতীয়ত সেসুরুর ব্যাপারে আসছি। সেসুরুর ব্যাপারে ১৯ নম্বর গ্রাফে আপনি যে পরিসংখ্যান দিয়েছেন সেটা বলছি। আপনারা গ্রামে গ্রামে মিটিং করে বেড়ান। আপনারা বলেন গ্রামে গ্রামে সেসুরুর মাধ্যমে কর্মসংস্থান করেছেন, স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে আপনারা কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন—এই সব বলে আপনারা বাহবা কুড়িয়েছেন। কিন্তু এ ব্যাপারে আপনার দেওয়া পরিসংখ্যান তুলে ধরছি। সেসুরু প্রকল্পে ১৯৯৩-৯৪ সালে টার্গেট ছিল ৩০ হাজার, সেখানে কর্মসংস্থান হয়েছে ৬ হাজার ২৮৯ জনের। সেসুরু প্রকল্পে ১৯৯৪-৯৫ সালে টার্গেট ছিল ২০ হাজার, সেখানে ডিসবার্সড হয়েছে ৩২৩ জনের। সেসুরু প্রকল্পে ১৯৯৫-৯৬ সালে টার্গেট ছিল ২০ হাজার, সেখানে ডিসবার্সড হয়েছে মাত্র ৩৭ জনের, যেটা কোনও পারসেন্টেজের মধ্যেই আসে না। এই তথ্যগুলো আপনাদের এই গ্রাফ বই থেকে, আপনাদের তথ্য মাননীয় সদস্যদের ওয়াকিবহাল করার জন্য রাখলাম। এ থেকে বোঝা যায় পশ্চিমবঙ্গে কিরকম ভয়াবহ অবস্থা চলছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ডাইরেক্টরের কাছে শুনেছি যে সারা পশ্চিমবঙ্গে ৫৪ লক্ষ রেজিস্টার্ড বেকার আছে। সেই রেজিস্টার্ড বেকারের মধ্যে সেসুরু প্রকল্পেই বলুন, আর চাকরির ক্ষেত্রেই বলুন, যে পরিসংখ্যানগুলো লেবার ইন ওয়েস্ট বেঙ্গল—১৯৯৬ থেকে দিলাম, যে পরিসংখ্যানগুলো আপনারা দাখিল করেছেন, সেই তথ্যের উপর আমি আপনার জবাবি ভাষণ চাইছি। পশ্চিমবঙ্গের শ্রমিকদের উপর যে ভয়াবহ অবস্থা চলছে, পশ্চিমবঙ্গের বেকার যুবক-যুবতীদের কি করুণ অবস্থা, তার আমরা প্রতিকার চাই। এই বলে আমি আমার দলের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই শ্রম দপ্তরের অনুদান নং ৩৯ খাতে যে ব্যয় বরাদ্দের দাবি, প্রস্তাব রাখা হয়েছে, তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। পশ্চিমবাংলাতে শ্রম-সম্পর্কে এবং শ্রম-স্বার্থ পুরোপুরি আদর্শ স্থানীয় জায়গায় আছে সেকথা আমি বলছি না আর তার জন্যই যে সমর্থন করছি তা নয়। আজকে দেশ-দুনিয়া এবং পারিপার্শ্বিক অবস্থা, নতুন শিল্পনীতি, এই সমস্ত যা আছে, সেই প্রেক্ষাপটে দাঁড়িয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তার শ্রম দপ্তরের মাধ্যমে যেটুকু স্বার্থ এই রাজ্যের শ্রমজীবী মানুষের জন্য রক্ষা করতে পারছে, এর উদাহরণ অন্য কোনও রাজ্যে আছে বলে আমি জানি না। এই জন্যই সমর্থন করছি।

প্রশ্ন উঠেছে, এখানকার বড় বড় শিল্প যেগুলো আছে, সেক্ষেত্রে শ্রম দপ্তর কি ভূমিকা পালন করছে? চটশিল্প সম্বন্ধে অনেক কথাই বিরোধী বন্ধুরা বললেন। চটশিল্পে একটা ভয়ানক অবস্থা চলছে, এটা অস্বীকার করার উপায় নেই। এখানে আমরা সর্বদলীয় প্রস্তাব পাস করেছি, সিন্থেটিকের ব্যবহার কমিয়ে যাতে সেখানে চটের ব্যবহার আগের মতো রাখা যায়। শুধু তাই নয়, বিরোধী বন্ধুরা বললেন, এখানে এখন মালিকরা নেই, শিল্পপতিরা নেই, ফাটকাবাজিরা এসেছে। কেন এরকম হ'ল? শিল্পটাকে তাহলে ওরা কোথায় পৌঁছে দিয়েছে?

এমন জায়গায় পৌঁছে দিয়েছেন যে, পুরানো শিল্পপতিরা এখানে আর থাকতে চায় না। অর্থাৎ, এটাকে ওরা ছিবড়ে করে দিয়ে চলে গেছে। কারা করল? আমরা জানি, চা, পাট, তামাক কেন্দ্রের অধীন। শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন, তখন থেকেই শুরু হয়েছিল এই শিল্পকে ধ্বংস করার কাজ। এখান থেকে টাকা বার করে নিলেন, ব্যাঙ্ক থেকে দাদন নিলেন, সেটা এখানে লগ্নি না করে, আধুনিকীকরণ না করে অন্যত্র শিল্প করলেন, এখানে এই শিল্পকে সময়ের, চাহিদার উপযোগী করে তৈরি করলেন না। সেইজন্যই এই শিল্প এমন একটা ভয়ঙ্কর অবস্থায় চলে গেছে। প্রযুক্তি যা আছে, তাই নিয়ে এখনও যদি চটশিল্পকে ধরা যায় তবে একে বাঁচানো যায় এবং বারেবারে শ্রম দপ্তর থেকে, রাজ্য সরকার থেকে এইজন্য চিঠি লেখা হচ্ছে। আপনারা বলবেন, চিঠি লিখে কি হবে? আমাদের গর্ব এই রাজ্যে শ্রমিক শ্রেণীর আন্দোলন সজাগ, সচেতন আন্দোলন। এর সহায়ক ভূমিকা হিসাবে এই সরকার, শ্রম দপ্তর তাদের ভূমিকা পালন করছেন—দাবি রাখছেন, ডেপুটেশন দিচ্ছেন—এই শিল্পটাকে বাঁচাবার জন্য। যখন বলছেন পশ্চিমবাংলার পাটশিল্পের কথা, তখন বিরোধী বন্ধুরা একবার বলুন তো মহারাষ্ট্রে কি ঘটল? বম্বে শহরের টেক্সটাইলস ইন্ডাস্ট্রিতে কি আজ অর্গানাইজড সেক্টর দেখা যাবে? সবই তো পাওয়ারলুম সেক্টরে চলে গেল। এবং সেখানে টেক্সটাইল কারখানার জমিতে বড় বড় ইমারত হল। আমাদের বন্ধু পঙ্কজবাবু কোনও কোম্পানির নাম করে বললেন, জমি বিক্রি করে দেওয়া হবে। হ্যাঁ, পশ্চিমবঙ্গ সরকারের যে নীতি, যে রুগ্ন কারখানা আছে, জমি বিক্রি করে ঐ কারখানাকে সুস্থ্য করা হবে।

[4-20 — 4-30 p.m.]

জমি বিক্রির টাকা অন্যত্র পাচার করে দিয়ে, অন্য ব্যবসায়ের কাজে লাগানো যাবে না। এটা বামফ্রন্ট সরকারের নীতি। আজকে মহারাষ্ট্রে টেক্সটাইল ইন্ডাস্ট্রি উঠে গেল। আর এখানে এতবড় চট শিল্পের সর্বনাশ করার পরেও বেঁচে আছে। আর, আপনারা বলছেন, শ্রম দপ্তর তার ভূমিকা পালন করছে না। আবার, তার পাশাপাশি বলছেন, শ্রমিকরা আজকে দাবি করছে না, দাবি করছে মালিকরা। এই অবস্থায় আজকে নাকি পৌঁছে গেছে। আপনারাই তো করেছেন হায়ার অ্যান্ড ফায়ার পলিসি। এটা গোটা বিশ্বে চলছে, ভারতবর্ষেও চালু করতে চাইছে। নরসিমা রাও, মনমোহন সিং-দের সময় পার্লামেন্টে বিল করে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টের সংশোধন করে শ্রমিকদের স্বার্থে যে সমস্ত ব্যবস্থা আছে তাকে নস্যাৎ করে দিতে চেয়েছিলেন। সেই আইনের উদ্দেশ্য হচ্ছে, নয়া যে শিল্প নীতি, নয়া অর্থনীতি তার বাস্তব ভূমি তৈরি করা এবং তার মধ্যে দিয়ে সমস্ত অধিকার কেড়ে নেওয়া গোটা ভারতবর্ষের প্রেক্ষাপটে। সেখানে পশ্চিমবঙ্গ সম্পূর্ণ বিচ্ছিন্ন এটা তো ভাবা যায় না। কিন্তু আমরা, বামফ্রন্ট সরকার এবং এখানে সচেতন শ্রমিক শ্রেণী আছে বলে ধাঁচটা ঠিক রয়েছে। এবং সেই জন্যই চটশিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদন বন্ধ হয়নি যদিও টেকনোলজি পুরনো হয়ে গেছে। তা সত্ত্বেও এখানে চুক্তি হয় শুধু মালিক দাবি সদন পেশ করে না, শ্রমিকরাও করে। দাবি আদায় কখনও ধর্মঘটের মধ্যে দিয়ে হয়, কখনও আলাপ-আলোচনার মধ্যে দিয়ে হয়। এখানে বামফ্রন্ট সরকার আছে, এখানে শ্রম দপ্তর সক্রিয় ভূমিকা পালন করছে তাই আজ এখানে এই জিনিস সম্ভব হচ্ছে। এখানে কর্ম-বিনিয়োগের কথা বলা হল। আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কর্মপ্রার্থীর সংখ্যা নাকি বাড়ছে। সারা ভারতবর্ষে বাড়ছে, আমাদের এখানেও

বাড়বে। কারণ এখানে কাজ হয়। এখানে রাস্তা মেরামত থেকে শুরু করে, কৃষিক্ষেত্রে, গ্রামোন্নয়ন সমস্ত ক্ষেত্রেই কাজ হচ্ছে। তবে একটা সমস্যা আছে। Sesru কথাই ধরুন। এখানে ব্যাঙ্ক টাকা দিচ্ছে না, সাব-সিডি পড়ে থাকছে। ব্যাঙ্ক বলছে ঋণ আদায় হচ্ছে না। এ বিষয়ে এখানে মাননীয় সদস্যদের অভিজ্ঞতা আছে, ব্যাঙ্কে সরকারের সাবসিডি পড়ে থাকছে। ব্যাঙ্কে সেখানে ঐ সমস্ত স্কীমে টাকা দিচ্ছে না। বলছে, আমাদের লোন আদায় হচ্ছে না। মাঝখানে একদল লোক মামলা করে দিলেন ঋণ অনাদায়ি রাখবার অধিকার দাবি করে। ফলে ওরা আরও সুবিধা পেয়ে গেল। পাশাপাশি নানা কারণে কর্ম বিনিয়োগ কেন্দ্রে কর্মপ্রার্থীর সংখ্যা বাড়ছে। গত বছর ১ লক্ষ ৩৬ হাজার জন কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম লেখায়। পাশাপাশি কৃষি কাজে নতুন করে কাজ পেল ১ লক্ষ ৬০ হাজার মতো লোক। এছাড়াও সহায়ক কাজকর্মের অনেক লোক কাজ করছে। কিন্তু দেখা যায় সংগঠিত শিল্পে বা কোনও ভাল কাজ না পাওয়া পর্যন্ত লোকেরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের নাম কাটে না। আবার অনেক সময় দেখা যায় ভাল রোজগার করলেও নাম কাটে না। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এগুলো সমীক্ষা করে দেখা দরকার।

আপনারা বলছেন পাবলিক সেক্টরে আমরা কি করলাম? আমরা কি করব? আমরা বলছি না যে স্টিয়ারিং কমিটি যা করছে সব আমরা সমর্থন করছি। আমরা অন্য কথা বলছি। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে বারবার এ কথা বলা হচ্ছে যে পাবলিক সেক্টর গুটিয়ে ফেলার যে নীতি, এর সর্বনাশ করার যে নীতি সেগুলি এখানে চলবে না। আমাদের রাজ্য সরকারের যে পাবলিক সেক্টর আছে তাতে লোকসান হচ্ছে, চেষ্টা করা হচ্ছে এগুলিকে পুনরুজ্জীবিত করার। আই. বি. পি.-র কথা আপনারা সবাই জানেন, সেখানে জাপানের একটা সংস্থা এসেছে কথাবার্তা হচ্ছে যে যৌথ উদ্যোগ কিছু করা যায় কিনা। ইলেক্ট্রিনিকস এখানেও হচ্ছে। হরিয়ানা নওদাতে শিল্পকেন্দ্রটি আমি ঘুরে এসেছি, সেখানে ৭০০, ৮০০, ১,০০০, ১,২০০ টাকা মজুরি। সেখানে কোনও আইন নেই, নীতি নেই, আমাদের দেশেও চলছে, এখন সোনার পাথর বাটি কোথায় পাব? আমাদের এখানকার অবস্থা ভাল, ভারতবর্ষের অন্যান্য জায়গার তুলনায় আমরা অনেক ভাল আছি। এখানে মাননীয় মন্ত্রী তার বাজেটে স্বীকার করেছেন কন্ট্রাক্টে লেবার নিয়োগের প্রবণতা বাড়ছে। সরকার চেষ্টা করছে তাকে প্রতিহত করার দিকে এগোতে। মজুরি কম সেটা আমরা অনুভব করি। আমি আশা করি বিরোধীরাও এ বিষয়ে একমত হবেন। এর একটা অন্য দিক আছে আজকে যে সংগঠিত শিল্প তার কাজ বাইরে চলে যাচ্ছে, কোথায় যাচ্ছে? অসংগঠিত ক্ষেত্রে। সেখানে মজুরি কম। যেমন এই প্রসঙ্গে বলি ধরুন আমার বাড়িতে একজন মহিলা কাজ করেন। আমি কি অনুভব করি যে তার এই ক্ষুন্নিবৃত্তি হয় আমার বাড়িতে কাজ করে। তাকে বাজার দরে ন্যূনতম মজুরি দেওয়া আমার উচিত। আমি সরকারকে অনুরোধ করব সর্বনিম্ন মজুরি বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ঠিক করেছেন, ইট ভাটা শিল্পে সর্বনিম্ন মজুরি ঠিক হলো, তারা আবার হাইকোর্টে চলে গেলেন, নতুন কন্সিলেশন করে ন্যূনতম মজুরি হয়ে যাবে। আরও ৬, ৭টি শিল্প আছে সেখানেও ন্যূনতম মজুরি হয়ে যাবে। কিন্তু এটা হল মানেই কি কার্যকর হয়ে গেল। কার্যকর করার জন্য ক্যাম্পেন দরকার। চাইল্ড লেবার ইরাডিকেশনের ব্যাপারেও ক্যাম্পেন করা দরকার। কেন্দ্রীয় সরকার বলছেন, রাজ্য সরকারও চেষ্টা করছে। কৃষিক্ষেত্রে ৪৫ টাকা থেকে ৭০ টাকা

মজুরি হয়, কিন্তু শুধু আর্বান এরিয়ায় এটা হচ্ছে না। এই জন্যই ক্যাম্পেনিংয়ের দরকার হয়। এই যে ছোট ছোট ইঞ্জিনিয়ারিং কারখানা আছে তাদের হাজারও সমস্যা আছে, তার মধ্যেই দু-চারটে ভালও আছে। বড় ইঞ্জিনিয়ারিং ফাক্টরি তাদের ফার্মিং আউট করে পাঠিয়ে দিচ্ছে, ছোট কারখানায় তাই মজুরি স্তর অনেক নিচে।

[4-30 — 4-40 p.m.]

আপনারা এখানে বলেন, ঐ সমস্ত শ্রম আইন চটকলে লাগু হচ্ছে না, এখনই লাগু করার জন্য সব রকম চেষ্টা করুন। যদি করা হয় তাহলে কি দাঁড়াবে? আপনারা যাই বলুন, শ্রমিকরা কি বলছে? শ্রমিকরা বলছে—না, আমাদের ঝরঝরে কারখানা, মালিকরা সব নিয়ে চলে গেছে, কোনও রকমে আমরা বাঁচিয়ে রেখেছি। অন্তত পক্ষে মজুরি পাচ্ছি, আপনারা আর বেশি নতুন নতুন আইন করতে যাবেন না, তাহলে হয়ত সবটাই চলে যাবে। এই হচ্ছে বাস্তব অবস্থা, একে উপেক্ষা করা যায় না। আপনারা হয়ত চটকল বন্ধ করে দিয়ে ঐ মহারাষ্ট্র, বোম্বাই-এর মতো অবস্থা সৃষ্টি করতে চাইছেন। এখানে চটকল বন্ধ করে দিলে সব শ্মশান হয়ে যাবে। চটকলগুলোর হাজার হাজর বিঘা জমি আছে, তা নিয়েও সমস্যার সৃষ্টি হবে। আমি আগেই বলেছি গৌরীপুর মিল যে দিন বন্ধ হল তার পরের দিনই কন্সিলিয়েশন অফিসার ডেকে পাঠিয়েছিল। পরের দিনই মীমাংসা যদিও হয়নি, তথাপি ডাকা হয়েছিল। অথচ আপনারা এখানে বলছেন, শ্রম দপ্তর কোনও কাজই করছে না। ঐ গৌরীপুর মিলের জমির একটা অংশ রাজ্য বিদ্যুৎ পর্ষদ নিচ্ছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ নেবার পর তার জন্য যে মূল্য পাওয়া যাবে সেটা কোথায় যাবে? আমরা বলছি ওটা মালিকদের পকেটে যেতে দেয়া হবে না। ব্যাঙ্ক বলছে, 'আমাকে দাও।' আমরা বলছি, শ্রমিকদের পাওনা ঐ দিয়ে মেটাতে হবে। যাই হোক সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার শ্রমিক সহায়ক ভূমিকা পালন করছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের উদ্দেশ্যমূলক আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

**শ্রী রামজনম মাঝি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় শ্রম মন্ত্রী শ্রী শান্তি ঘটক, শ্রীমতী ছায়া বেরা এবং শ্রী বংশগোপাল চৌধুরির নিয়ে আসা ১৯৯৭-৯৮ সালের শ্রম বাজেটের আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের কাট মোশনকে সমর্থন করছি। এই প্রসঙ্গে মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, পশ্চিমবাংলায় বিভিন্ন প্রকার শিল্প আছে—কয়লা খনি শিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প, চা-শিল্প, কাগজ শিল্প ইত্যাদি। পশ্চিমবাংলার সমস্ত রকম শিল্পের মধ্যে অন্যতম শিল্প হচ্ছে চটকল শিল্প। স্যার, আপনি জানেন ১৯৭৭ সালের বামফ্রন্টের সরকার এ রাজ্যে ক্ষমতায় আসার পর থেকে চটকল শিল্পে কি করুন অবস্থার সৃষ্টি হয়েছে। যে চটকল শিল্পে আড়াই লক্ষ শ্রমিক কাজে নিযুক্ত ছিলেন, আজকে সেই চটকল শিল্পে ১ হাজার ৭০ জন শ্রমিক কাজ করছেন। বামপন্থী সদস্যরা কোথায় কোনও কারখানার উন্নতি হয়েছে? আমি তাদের জিজ্ঞাসা করছি কোথায় কোনও কারখানার উন্নতি হয়েছে? যেখানে ১৯৭৭ সালের আগে ২ লক্ষ ৫০ হাজার শ্রমিক কাজ করতেন সেখানে আজকে বামফ্রন্ট রাজত্বে ১ লক্ষ ৭০ হাজার শ্রমিক কাজ করছেন। শ্রম

মন্ত্রী আজকে উপস্থিত থাকলে ভাল হত, তাকে জিজ্ঞাসা করতাম ৯০ঃ২০ ফর্মুলা কি চটকলগুলিতে মানা হচ্ছে? ৯০% শ্রমিককে কি পার্মানেন্ট করা হয়েছে? টুয়েন্টি স্পেশ্যাল বদলি শ্রমিক এবং নাইন্টি পার্মানেন্ট শ্রমিক রাখার যে কথা তা আজও হল না। অথচ বামপন্থী ট্রেড ইউনিয়ন যারা করেন, তারা এখানে অনেক বড় বড় কথা বলেন—'সমস্ত মজুর এক হোন।' অথচ চটকল শ্রমিকদের দু'ভাগে ভাগ করা হয়েছে। এক শ্রেণীর চটকলে ৯০০ টাকা থেকে ১,১০০ টাকা বেতন চালু আছে, আর কয়েকটা চটকলে ৩,০০০ টাকা থেকে ... ০০ টাকা পর্যন্ত বেতন চালু আছে। আর এরা বলে কি? চটকলের সমস্ত মজুর এক হও। যেখানে চটকলে ...নিকীকরণ চলছে সেখানে কন্ট্রাক্ট সিস্টেমে কাজ হচ্ছে। আজকে সমস্ত পশ্চিমবাংলায় ৪৫টি চটকল আছে। এই ৪৫টি চটকলের মধ্যে ৫টি চটকলে লক-আউট হয়ে আছে। বালি জুট মিল লক-আউট হয়ে আছে, এমকো জুট মিল লক-আউট হয়ে আছে। টিটাগড় জুটমিল লক-আউট হয়ে আছে, হুমান জুট মিল লক-আউট হয়ে আছে। এই ৫টি জুট মিলের জন্য এখনও পর্যন্ত এল. সি., ডি. এল. সি. মিটিং ডেকে মালিকদের বলতে পারল না যে তোমরা বে-আইনিভাবে লক-আউট করেছো, এই বে-আইনি লক-আউট উইথড্র করে নাও। যেখানে চটকল বন্ধ সেখানকার শ্রমিকরা যে বেতন পাচ্ছে সেটা দুই ভাগে ভাগ করা হয়েছে। পি. এফের কোটি কোটি টাকা (শ্রমিকের) মালিকরা মেরে রেখে দিয়েছে। সেই রকম ই. এস. আই. এবং গ্রাচুইটির টাকা মালিকরা মেরে রেখে দিয়েছে। টাটা, বিড়লা, গোয়েঙ্কা, বাজোরিয়া, কানোরিয়া প্রভৃতি যে সমস্ত ফাটকাবাজ মালিকরা আছে তারা এই সমস্ত শ্রমিকদের টাকা মেরে রেখে দিয়েছে। বামফ্রন্ট সরকার হলফ করে বলতে পারবেন, আজ পর্যন্ত একটাও মালিককে অ্যারেস্ট করতে পেরেছেন? পারেননি। এইভাবে চটকলের মালিকরা পি. এফের টাকা, গ্রাচুইটির টাকা, ই. এস. আইয়ের টাকা মেবে রেখে দিয়েছেন। অথচ তাদের একজনকেও অ্যারেস্ট করা হল না। মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্যাপারে একটু চিন্তা-ভাবনা করবেন। ফ্যাক্ট্রিতে শ্রমিকদের যখন অ্যাকসিডেন্ট হয়, তখন তারা ওষুধ পর্যন্ত পায় না, ফার্স্ট-এইড ট্রিটমেন্ট পর্যন্ত তাদের করা যায় না। আর ই. এস. আই. হাসপাতাল তো এখন জঙ্গলে পরিণত হয়ে গেছে। বজবজ ই. এস. আই. হাসপাতাল জঙ্গল হয়ে গেছে। সেখানে পার্ট-টাইম ডাক্তার ডিউটি করছে না। একটা কম্পাউন্ডার পাওয়া যায় না, নার্স পাওয়া যায় না। ওষুধ নেই। সেখানে হাঁস, ছাগল, গরু বাস করছে। মাননীয়া মন্ত্রী মহাশয়া, আপনি তো দেখেছেন, আপনি উলুবেড়িয়া হাসপাতালের পাশ দিয়ে তো যাতায়াত করেন। সেই উলুবেড়িয়ার নিমদিঘি হাসপাতালে মরা হাঁস, ছাগল, গরু ফেলে রেখে দিয়েছে, পরিষ্কার হচ্ছে না। রোগীদের খাবারে পোকা পড়ছে, আরশোলা পড়ে থাকে। এইসব ব্যাপারে আপনাদের চিন্তা করতে হবে। আপনি জানেন, একজন শ্রমিকের যখন অ্যাক্সিডেন্ট হয়, সেই শ্রমিক যখন টাকা-পয়সার জন্য যায়, তখন দেখা যায় ১ বছর, কিম্বা ২ বছরের আগে রিপোর্ট ই. এস. আই দপ্তর থেকে আসে না। এইভাবে শ্রমিকরা হ্যারাসড হচ্ছে। সমস্ত স্টাফরা এরজন্য ঘুস নিচ্ছে। তারা টাকা নিয়ে কাজ করে। সুতরাং ই. এস. আই. সম্বন্ধে আপনাকে চিন্তা করতে হবে। আপনারা তো অনেক বড় বড় কথা বলেছেন—শ্রমিকদের অনেক উন্নতি হয়েছে। অথচ চটকলের শ্রমিকদের পি. এফের ৯০ কোটি টাকার হিসাব পাওয়া যাচ্ছে না। কোটি-কোটি টাকা গ্রাচুইটি পড়ে আছে, মেরে দেওয়া হয়েছে। আপনি এম. এল. এ. হয়ে অম্বিকা জুট মিল এবং বালি জুট মিলের কথা বলেন।

[4-40 — 4-50 p.m.]

অম্বিকা জুট মিলে গিয়ে দেখে আসুন সেখানে শিশু শ্রমিকদের ৩০/৩২ টাকা রোজ দিয়ে কাজ করানো হচ্ছে। এই বামফ্রন্ট সরকারের আমলে সমস্ত জুট মিলগুলির অবস্থা দিনের পর দিন খারাপ হয়ে পড়ছে। যারা বলেন শ্রমিকের জন্য ঘুম হয় না তাদের সরকারের আমলেই আমরা দেখছি চটকলগুলিতে 'ভাগায়' কাজ করানো হচ্ছে। সেখানে জিরো নাম্বার চলছে। জিরো নাম্বারের অর্থ হ'ল, রোজ খাটো রোজ পয়সা নিয়ে চলে যাও। তাদের ই. এস. আই-এর কার্ড নেই, তাদের পি. এফ. কাটা হয় না। এগুলি না কাটার অর্থ হল ভারত সরকার যে পেনশন স্কীম চালু করেছেন তা থেকে তাদের বঞ্চিত করা। ই. এস. আই.-এর আওতায় না আনলে এবং পি. এফ. না কাটলে তারা পেনশন স্কীমের আওতায় আসবেন না কাজেই আমি দাবি করছি এই বিধানসভায় যে সমস্ত শ্রমিককে ই. এস. আই-এর আওতায় আনা হোক এবং তাদের পি. এফ. কাটার ব্যবস্থা হোক যাতে তারা পেনশন স্কীমের আওতায় আসতে পারেন। পশ্চিমবঙ্গে হাজার হাজার শ্রমিক এর থেকে এখনও বঞ্চিত হয়ে রয়েছেন। স্যার, এই সরকার অনেক বড় বড় কথা বলেন কিন্তু আমরা দেখছি যে বাউড়িয়া কটন মিল আজ তিন বছর হয়ে গেল বন্ধ হয়ে পড়ে রয়েছে। সেখানকার ৪ হাজার শ্রমিক অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছেন। তারা তাদের বাড়ির সমস্ত জিনিসপত্র বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। এমন কি অনেকের মা, বোনকে ইজ্জত পর্যন্ত বিক্রি করতে হচ্ছে বাঁচার জন্য। এই বাউড়িয়া কটন মিল সম্পর্কে এই সরকার কোনও চিন্তাভাবনাই করছেন না। তারপর প্রেমচাঁদ জুট মিলের শ্রমিকরা ই. এস. আই.-এর বেনফিট পান না ফলে কোনও অ্যাক্সিডেন্ট হলে তারা যেমন হাসপাতালের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন অপরদিকে তেমনি ক্ষতিপূরণ পাওয়া থেকেও তারা বঞ্চিত হচ্ছেন। ভারত জুট মিলে গিয়ে দেখে আসুন যে সেখানে কন্ট্রাক্ট প্রথা চলছে। তাদের ই. এস. আই. এবং পি. এফের সুযোগ নেই। সেখানে ৯০-২০ হচ্ছে না। এটা না হলে কোনও লাভ নেই। এর অর্থ হল ৯০ পারসেন্ট পার্মানেন্ট করতে হয় আর ২০ পারসেন্ট স্পেশ্যাল বদলি করতে হয়। তারপর বিড়ি কারখানা এবং জরি কারখানার শ্রমিকদেরও এই ই. এস. আই এবং পি. এফের আওতায় আনা দরকার যাতে তারা পেনশন স্কীমের সুযোগ পেতে পারেন। স্যার, বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে শ্রমিকদের কল্যাণের জন্য কোনও কাজ করতে পারছেন না কারণ এদের সঠিক কোনও শ্রমনীতি নেই। এরা মুখেই বড় বড় কথা বলেন কিন্তু কাজে কিছুই করেন না। ভারত সরকার শিশু শ্রমিক রোধ করার জন্য যে আইন করেছেন তাও এখানে সুষ্ঠুভাবে প্রয়োগ হচ্ছে না। এই কথা বলে, বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট মোশনগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী অমর চৌধুরি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় শ্রমমন্ত্রী আনীত বাজেটকে সমর্থন করে সমর্থনের পক্ষে দু'চারটি কথা বলছি। আমি প্রথমে বলতে চাই যে, শ্রম দপ্তরের কাজ কি সেটা শ্রমিকদের জানা আছে। তবে আমাদের ভাবতে হবে যে, শ্রমিকদের যে দুর্দশা তার কারণ কি। এর কারণ হ'ল কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি, অর্থনীতি, যার দৌলতে আজকে আমাদের শিল্প মার খাচ্ছে। আর এই শিল্পক্ষেত্রে দুর্গতির কারণেই শ্রমিক শ্রেণীর দুর্গতি, এটা আমরা সবাই স্বীকার করি। আমাদের পশ্চিমবঙ্গে শ্রমিক শ্রেণীর স্বার্থ কতটা রক্ষা

করা যায় সেটা দেখা শ্রম বিভাগের দায়িত্ব। সুতরাং শিল্প উন্নয়নের নীতি আলোচনা করে লাভ নেই। শ্রম বিভাগ শ্রমিক শ্রেণীর জন্য যে কাজ করছে তাকে আমি সমর্থন করছি। তবে শ্রম বিভাগকে কিছু অসুবিধার মধ্যে কাজ করতে হচ্ছে। গত বছর ১৯৯৬ সালে প্ল্যান বাজেটের যত টাকা এই ডিপার্টমেন্টের পাওয়ার কথা ছিল ততটা না পাওয়াতে শ্রম দপ্তর তারে প্রয়োজনীয় শূন্য পদে পূরণ করতে পারেনি। উপযুক্ত কর্মী এবং অফিসার নিয়োগ না করতে পারার ফলে শ্রমিক-কল্যাণমূলক আইনগুলি ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে ডিপার্টমেন্টের অসুবিধা হচ্ছে। তারজন্য আমি অর্থ বিভাগকে অনুরোধ করবো, শ্রম বিভাগ তাদের প্ল্যানের টাকাটা যেন নিয়মিতভাবে পান, কারণ সেটা পেলে আরও বেশি করে শ্রমিক কল্যাণের দিকে নজর দিতে পারবেন তারা। উপযুক্ত সংখ্যক কর্মী এবং অফিসার নিয়োগ না করতে পারার ফলে ই. এস. আই. এবং পি. এফের ক্ষেত্রে কারচুপি যা রয়েছে সেগুলো ঠিকভাবে দেখাশুনা হচ্ছে না। সেদিকে অবশ্যই নজর রাখতে হবে।

এরপর আমি চা-শিল্প শ্রমিকদের সম্পর্কে দু'চারটি কথা বলতে চাই। চা শিল্পে আমরা দেখছি এই বছরের ৩১শে মার্চ শ্রমিক-মালিক চুক্তির মেয়াদ শেষ হয়ে গেছে। কিন্তু দেখা যাচ্ছে, মালিকপক্ষ নতুন করে চুক্তি ব্যাপারে শ্রমিকদের সঙ্গে বসছেন না। মালিকপক্ষ এইভাবে কৌশল অবলম্বন করে দেরি করতে করতে এক বছর কাটিয়ে দেন এবং তারপর চুক্তি করে আগের ছয়-সাত মাসের প্রাপ্য থেকে শ্রমিকদের বঞ্চিত করেন। এই কৌশলে তারা যাতে সফল না হতে পারেন তারজন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে বলছি যে, চা-শ্রমিকরা ২৬.৫০ টাকা করে দৈনিক মজুরি পান। অবশ্য তার সঙ্গে অন্যান্য কিছু সুযোগ-সুবিধা রয়েছে। সবটা ধরলেও তাদের দৈনিক মজুরি ৩৮-৪০ টাকার বেশি হয় না। তারই জন্য বলছি, আজকে চা শিল্পে ওয়েজ বোর্ড করা দরকার এবং সাথে সাথে প্ল্যান্টেশন লেবার রুলস যা রয়েছে তারও পরিবর্তন করা দরকার।

[4-50 — 5-00 p.m.]

কর্ম বিনিয়োগ কেন্দ্র সম্পর্কে বলা প্রয়োজন। আমরা জানি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কোনও কাজ দিতে পারে না। যে চাকুরিগুলি তৈরি হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়মিত সেই চাকুরিগুলি দেওয়া যায় সেটা দেখা তাদের দায়িত্ব। কাজ সৃষ্টি করার দায়িত্ব তাদের নয়, কাজ সৃষ্টি না হলে এমপ্লয়মেন্ট তারা দিতে পারবে না। কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলি মডার্নাইজেশন করার চেষ্টা করা হচ্ছে। আমি যতটুকু জানি আজকে একটা প্ল্যান নিয়ে এই কেন্দ্রগুলি অটোমেশন করার চেষ্টা করা হচ্ছে। মূল কেন্দ্রগুলি খুব তাড়াতাড়ি অটোমেশন হয়ে যাবে। দু-একটি কেন্দ্রে আমরা অনিয়ম দেখেছি। আমি দমদম কেন্দ্র সম্পর্কে বলছি। এখানে দুটি অনিয়ম বলুন ব্যতিক্রম বলুন জালিয়াতি বলুন আর দুর্নীতি বলুন এটা হয়েছে। আপনার সৎ অফিসার সেটা ডিটেক্ট করেছেন। সেই ব্যাপারে থানায় ডায়েরি করা হয়েছে। আমি আবেদন করব, সাপের ল্যাজে পা পড়েছে, এদের ছেড়ে দেবেন না এদের চিহ্নিত করার চেষ্টা করুন তা না হলে তারা প্রশ্রয় পেয়ে যাবে, এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার সৎ অফিসারকে ধন্যবাদ, তিনি যে ভাবে এটাকে ডিটেক্ট করেছেন তার জন্য তিনি ধন্যবাদ পাওয়ার যোগ্য। আমি আশা করব এই দিকে আপনি নজর রেখে সমস্ত

কিছু নির্মূল করার চেষ্টা করবেন। শেশ্রু প্রকল্পে গত বারে আমরা ৪ কোটি ৯৯ লক্ষ টাকা ধরেছিলাম কিন্তু দুঃখের বিষয় সম্ভবত একটা টাকাও খরচ করা যায়নি। এই বছর ২ কোটি ১৬ লক্ষ ৬০ হাজার টাকা ধরা হয়েছে। প্রশ্ন হল স্বনিযুক্তি প্রকল্পে টাকা ধরা সত্ত্বেও খরচ করা যাচ্ছে না। তার মূল কারণ হল ব্যাঙ্কের অনীহা। আমরা দেখেছি ওই সমস্ত লিড ব্যাঙ্ক যেখানে আমাদের টাকা গচ্ছিত আছে, সেখান থেকেও টাকা পাওয়া যাচ্ছে না। সেইজন্য আমার আবেদন ব্যাঙ্কে কিভাবে বাধ্য করানো যায়, তাদের অনীহা কাটিয়ে বেকার মানুষদের স্বনিযুক্তি প্রকল্পকে ফলপ্রশু করা যায় সেই বিশেষ দৃষ্টি রাখতে হবে। আমাদের শ্রমিক কল্যাণ পর্ষদ আছে। এর মাধ্যমে শ্রমিকদের কল্যাণের বিভিন্ন ভাবে চেষ্টা করা হচ্ছে। এর মাধ্যমে শুধু আমোদ-প্রমোদের ব্যবস্থা করলেই হবে না। শ্রমিক কল্যাণ পর্যদকে শ্রমিকদের ছেলেমেয়েদের বাধ্যতামূলক শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে। যে শিক্ষা আধুনিক শিল্পের ক্ষেত্রে লাগবে সেই শিক্ষায় তাদের শিক্ষিত করতে হবে। গতানুগতিক যে শিক্ষা পদ্ধতি সেটাকে ঢেলে সাজিয়ে আধুনিক শিক্ষা ব্যবস্থা চালু করতে বলব। আধুনিক শিল্পোযোগী শিক্ষা দেওয়া যায় কিনা সেই বিষয়ে নজর রাজার জন্য আবেদন করব। শিশু শ্রমিক সম্পর্কে বলি। আমরা জানি সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী শিশু শ্রমিকদের বিষয়ে দৃষ্টি দেওয়া হয়েছে। আমাদের বামফ্রন্ট সরকার সহৃদয়তার সাথে চেষ্টা করছে। ইতিমধ্যে কিছু কিছু মালিক যারা শিশু শ্রমিককে ব্যবহার করছে এবং অস্বাস্থ্যকর বিপদজনক কাজে নিযুক্ত করেছে তাদেরকে ফাইন করা হয়েছে।

তাদের কুড়ি হাজার টাকা ফাইন করা হয় এবং এর সঙ্গে সঙ্গে সরকারকেও পাঁচ হাজার টাকা দিতে হয়। রাজ্য সরকার এই আইনকে বলবৎ করার চেষ্টা করছে। সুতরাং আমি আশা করব, এই দিকে নজর রেখে, বিপজ্জনক শিল্পে শিশুদের নিয়োগ করা থেকে রক্ষা করার জন্য আমি বলব, শিশু শ্রমিক সম্পূর্ণ রূপে অ্যাবোলিশ করা সম্ভব কিনা তা ভেবে দেখবেন। যেখানে বিপজ্জনক নয়, সেখানে আমাদের যে আইন, রুলসগুলো করেছেন বামফ্রন্ট সরকার, সেখানে শিশুরা যাতে কাজ করতে পারে সেদিকে দেখার জন্য আপনাদের কাছে আমি আবেদন করছি। সঙ্গে সঙ্গে আপনাদের এই শ্রমিক মঙ্গল আইনগুলোর ইমপ্লিমেন্টেশনের জন্য যা প্রয়োজনীয়, দক্ষ অফিসার্স এবং ট্রেনদেন করার জন্য যদি প্রয়োজন থাকে, তাহলে যেসব পদ আপনারা চেয়েছেন, আমি আশা করব, অর্থ দপ্তর সেগুলোর অনুমোদন দেবেন যাতে এই আইনগুলোকে যথাযথভাবে প্রয়োগ করা যায় এবং মালিক শ্রেণীকে বাধ্য করানো যায়। এই কথা বলে আমি এই বাজেটকে সম্পূর্ণ রূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF REPORT

### Twentyfirst Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 21st Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on 11th June, 1997 and recommeded the following programme of business from 13th to 20th June, 1997.

| | | | |
|---|---|---|---|
| 13.06.1997, Friday : | (i) Demand No. 32<br>(ii) Demand No. 33<br>(iii) Demand No. 34 | Health & Family Welfare Department | 4 hours |
| 16.06.1997, Monday : | (i) Demand No. 82<br>(ii) Demand No. 89 | Environment Department .. | 1 hour |
| | (iii) Demand No. 69 | Power Department .. | 3 hours |
| 17.06.1997, Tuesday : | (i) Demand No. 47<br>(ii) Demand No. 48<br>(iii) Demand No. 55<br>(iv) Demand No. 58 | Agriculture & Agriculture (Marketing) Department .. | 4 hours |
| 18.06.1997, Wednesday : | (i) Demand No. 30<br>(ii) Demand No. 45 | Education Department .. | 4 hours |
| 19.06.1997, Thursday : | (i) Demand No. 26<br>(ii) Demand No. 90 | Municipal Affairs Department .. | 3 hours |
| | (iii) Motion under rule 319 on othe Statement made by the MIC of Finance Department on important procedural issues regarding consideration of the Report of the Comptroller and Auditor General and related matters .. (Notice given by **Shri Saugata Roy**) | | 2 hours |
| 20.06.1997, Friday : | (i) Demand No. 25<br>(ii) Demand No. 79 | Public Works Departemnt .. | 2 hours |
| | (iii) Demand No. 54<br>(iv) Demand No. 86 | Food & Supplies Department .. | 2 hours |

*N.B.* There will be no Mention Cases on Thursday, the 19th June, 1997.

Now the Mnister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 21st Report of the Business Advisory Committee, presented this day, be accepted by the House.

The motion was then put and agreed to.

[5-00 — 5-10 p.m.]

## DISCUSSION ON DEMAND NO. 39 RESUMED AGAIN

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এখানে আমার বক্তব্য রাখছি। মাননীয় শ্রমমন্ত্রী

ভূতপূর্ব ভারত সরকারের অনুসৃত যে আইন, নীতি—বেসরকারিকরণ এবং খোলা নীতি-এর কুফলের কথা বলেছেন। কিন্তু তিনি বোধহয় যে বিষয়টা খুব খোলা মনে পরিষ্কার করে বলতে পরেননি সেটি হচ্ছে যে, বর্তমান কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার পূর্বের কংগ্রেস সরকারের যে আইন, তাদের শ্রমিক স্বার্থ বিরোধী নয়া আর্থিক নীতি, শিল্পনীতি, সেই নীতিকে বর্তমান যুক্তফ্রন্ট সরকার আরও তৎপরতার সাথে এবং যার অনিবার্য পরিণতি আমাদের দেশে মূল্যবৃদ্ধি, বেকার সমস্যা এবং জনজীবনের উপর সমস্ত রকম আক্রমণ এবং আঘাত একটা মারাত্মক রূপ নিয়েছে, সেই কথাটা তারা ব্যক্ত করতে পারেননি বলেই যুক্তফ্রন্ট সরকারের হয়ে সাফাই গাইতে গিয়ে তারা রাজ্যের মানুষের কাছে হাস্যস্পদ হয়েছে। আরও যে কথা তারা বলেননি, আজকে এই উদার নীতির পথেই তারা এগিয়ে চলেছেন এবং এমন একটা পর্যায়ে পশ্চিমবাংলার চিত্রই সে কথা বলবে। বিদেশি পুঁজি বা মাল্টিন্যাশনালদের রেড কার্পেট পেতে আহ্বান জানানো হচ্ছে এবং অতি সম্প্রতি শোনা যাচ্ছে যে বামফ্রন্ট সরকারের প্রধান শরিকদল, তারা তাদের দলীয় সংবিধানে বিদেশি পুঁজি বাজেয়াপ্ত কর, এই ধারার ব্যাপারে মাল্টিন্যাশনালদের সঙ্গে বোঝাপড়ার ভিত্তিতে ঐ ধারা তারা তুলতে চাইছেন এই রকম একটা পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং এই রকম সংবাদই আমরা পেয়েছি। আমি যে কথা বলতে চাই, এখানে উনি শিল্প সম্পর্কে কথা বলেছেন, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন, লক-আউট এইসব ব্যাপারে বলেছেন স্বাভাবিকভাবে শান্তিপূর্ণ ছিল। আমি বলতে চাই এটাকি শান্তিপূর্ণ? এই শান্তি কিসের শান্তি? যেখানে আজকে শ্রমিকদের উপর মালিকদের আক্রমণ এবং আঘাত ইত্যাদি সমস্ত নজির অতিক্রম করে একটা মারাত্মক রূপ নিয়েছে, যেখানে আপনাদের প্রদত্ত তথ্যে দেখা যাচ্ছে লক-আউট উত্তরোত্তর বেড়ে যাচ্ছে, লে-অফ উত্তরোত্তর বেড়ে যাচ্ছে, মালিকরা ত্রিপাক্ষিক চুক্তি লঙঘন করছে, শ্রমিকদের গ্র্যাচুইটি, ই. এস. আই ও প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছে না সেখানে আপনারা বলছেন শান্তি। শুধু তাই নয়, দেখা যাচ্ছে পশ্চিমবাংলা হচ্ছে ভারতবর্ষের মধ্যে সেই রাজ্য যার কিনা প্রভিডেন্ট ফান্ডের বকেয়া টাকার পরিমাণ সব থেকে বেশি, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এগিয়ে আছে। স্থায়ী চাকরির ক্ষেত্রে কন্ট্রাক্ট লেবার এই জিনিসটা বেড়েছে, ওয়ার্ক লোড বেড়েছে, সমস্ত দিক থেকে মালিকদের জোরজুলুম, অত্যাচার একটা মারাত্মক রূপ নিয়েছে। পশ্চিমবাংলার শ্রমিক কর্মচারিরা আজকে লক-আউট, লে-অফ, ক্লোজারের শিকারের জন্য আত্মহত্যার পথ বেছে নিয়েছে। শ্রমিক শ্রেণী, মালিক শ্রেণীর এই আক্রমণের ব্যাপারটা প্রতিহত করবার জন্য তারা তাদের সংগ্রামের হাতিয়ার হিসাবে বামফ্রন্ট সরকারকে পাশে পাচ্ছে না। আজকে বামফ্রন্ট সরকার কার্যত নীরব দর্শকের ভূমিকা নিয়েছে। শুধু তাই কনসোলিডেটেড মেশিনারি আজকে ফেইল করবে, আজকে বাইপার্টাইট, ট্রাইপার্টাইট চুক্তির ক্ষেত্রে সরকারের একটা বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া দরকার, কিন্তু সেই ব্যাপারটা এড়িয়ে যাচ্ছেন। কারণ মালিকের উপর তারা কোনও আঘাত করতে চায় না, এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে শ্রমিক শ্রেণীর আন্দোলন আজকে দুর্বল হচ্ছে। আর আপনারা বলছেন এখানে শান্তি বিরাজ করছে কিন্তু এই শান্তি হচ্ছে শ্মশানের শান্তি, কবরের শান্তি, মালিকের শান্তি, অবাধ লুণ্ঠনের শান্তি।

তাদের যে স্বস্তির শান্তি সেটা নেই, অর্থাৎ শ্রমিকদের স্বার্থে কিছু নেই, শ্রমিকদের কল্যাণ নেই, মালিকদের কল্যাণ হচ্ছে। এইভাবে একটার পর একটা এই জিনিস ঘটে যাচ্ছে, আমি

কোনও ওয়াইল্ড চার্জ আনছি না, কিন্তু আপনার দপ্তরের ভূমিকাটা কি? এই যে শ্রমিকদের উপরে আক্রমণ নেমে আসছে তাতে প্রতিকার করার ক্ষেত্রে আপনাদের ভূমিকা কি? এই যে লক আউট, লে-অফ ঘোষণা হচ্ছে তার কি ব্যবস্থা নিচ্ছেন? এই যে ১৯৯৬ সালে লক আউট ঘোষণা করা হল তাকে একটা আইনের মাধ্যমে ক্ষমতা প্রয়োগ করে সেই লক আউটকে বে-আইনি বলে ঘোষণা করলেন। আপনারা বলেছেন যে ১৯৯৬ সালে কোনও ক্লোজার হয়নি, আমি জানি ক্লোজার হয়েছে। আমি দৃষ্টান্ত স্বরূপ বলতে পারি যে, হাওড়ার কাঁটরাতে একসেল টি মেশিনারিতে ক্লোজার ঘোষণা করা হয়েছে। সেখানে ৭০ জন শ্রমিক কর্মরত ছিল। তারপরে ইন্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনালে কিছু কিছু কেস পেন্ডিং হয়ে রয়েছে, প্রায় ২,৩৭৯টি কেস পেন্ডিং হয়ে আছে। কোনও কোনও ক্ষেত্রে দশ বছরের বেশি পেন্ডিং হয়ে আছে। এই প্রসঙ্গে উদাহরণ স্বরূপ তিলজলা লেদার ইন্সট্রুমেন্ট প্রাইভেট লিমিটেডের কথা বলতে পারি। এই সম্পর্কে শ্রম দপ্তরের বক্তব্য কি? ত্রিপাক্ষিক চুক্তিকে অ্যাভয়েড করা হচ্ছে। চুক্তি যেগুলো হচ্ছে সেগুলো সবই শ্রম বিরোধী চুক্তি এবং আপনারা তা অ্যাডমিটও করে নিচ্ছেন। এই যে ত্রি-পাক্ষিক চুক্তি অ্যাভয়েড করা হচ্ছে এবং অধিকাংশ কারখানাগুলো বাইপারটাইটে চলে যাচ্ছে এতে সরকারের কি কোনও ভূমিকা নেই? আপনার রেমিংটন র‍্যান্ডে যে চুক্তি হল তাতে শ্রমিকদের স্বার্থ রক্ষা করে কোনও সই করা হয়নি। সেখানে শ্রমিকদের ৩৮৫ টাকা মাইনে কমিয়ে দেওয়া হয়েছে। সরকার সেই সইকে সমর্থনও করেছেন, তবে প্যাসিভ কনসেন্ট নিয়ে হয়েছে। আজকে ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অবস্থা কি—পাট শিল্প, সুতা শিল্প যেটা পশ্চিমবঙ্গে এক সময়ে অত্যন্ত গর্বের বিষয় ছিল, আজকে সেখানে কি অবস্থা। সারা পশ্চিমী দেশগুলোতে যেখানে পরিবেশ দূষণ রক্ষার জন্যে সিন্থেটিক জাত দ্রব্য বর্জন করে পাটজাত শিল্পের উপরে বেশি জোর দেওয়া হয়েছে, সেখানে পশ্চিমবঙ্গে উত্তরোত্তর সিন্থেটিকের চাহিদা বাড়ছে। যে সমস্ত শিল্পগুলো রুগ্ন বলে ধরা হয়েছে তার মালিকরা অতিরিক্ত মুনাফা লাভের জন্যে শ্রমিকদের উপরে অত্যাচার করে তাদের ই. এস. আই. এবং পি. এফ. গ্রাচুইটির টাকা আটকে রেখে দিচ্ছে। সুতরাং আজকে কারখানাগুলোর অবস্থা কি চিন্তা করুন। সেখানে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। আজকে সুদ সহ কোটি কোটি টাকার আত্মসাৎ মালিকরা করছে, অথচ শ্রমিকদের বলবার কিছু নেই। এইভাবে প্রায় ১০০ কোটি টাকার মতো মালিকরা শ্রমিকদের পি. এফ., গ্রাচুইটি, ই. এস. আই. বাবদ না দিয়ে বঞ্চিত করছে। আর সরকার চুপচাপ বসে আছেন। তার উপরে মালিক পক্ষরা এখন আবার কন্ট্রাক্ট ভাউচারে সই করিয়ে দিয়ে শ্রমিকদের স্থায়ী কর্মচারী হিসাবে নিয়োগ করছেন না। এইভাবে মালিকপক্ষ তাদের মুনাফা অর্জন করতে সক্ষম হচ্ছে এবং এইভাবে কাজ করিয়ে নেবার প্রবণতা বাড়ছে। যার ফলে বর্তমানে লে-অফ এবং লক আউটের সংখ্যা ক্রমশ বেড়েই চলেছে।

[5-10 — 5-20 p.m.]

অথচ এই সমস্ত ই. এস. আই., পি. এফ. গ্রাচুইটির টাকা দিনের পর দিন আত্মসাৎ করা, অনাদায়ি থাকা তার জন্য যে এগ্রিমেন্ট হচ্ছে, ত্রিপাক্ষিক চুক্তি লঙ্ঘন হচ্ছে, এই ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল ১৪/১/৯৭-তে। এই চুক্তি হয়েছিল পি. এফ.-এর টাকা, ই. এস. আই.-এর ডিউজ গ্রাচুইটির টাকা ইত্যাদি যাতে ঠিক ঠিক মতো দেওয়া হয়, শ্রমিকরা পায়। ১৪/১/৯৭-তে চুক্তি হল, ত্রিপাক্ষিক কমিটি গঠন করে এই টাকা-পয়সা যাতে শ্রমিকরা পায়

তার ব্যবস্থা করা হবে। আজকে ১২/৬/৯৭ সেই ত্রিপাক্ষিক কমিটি আপনার দপ্তর গঠন করতে পারল না। আজকে বুঝতে হবে শ্রমিকের স্বার্থে আপনার দপ্তর কতখানি কি পদক্ষেপ নিয়েছে, কি করতে পেরেছে, এটাই হচ্ছে তার জ্বলন্ত প্রমাণ। আজকে সূতাকলগুলি দেখুন, সেখানে কি মারাত্মক অবস্থা। এন. টি. সি.-র মডার্নাইজেশন হবে, কবে মডার্নাইজেশন হবে? এমনই অবস্থা এন. টি. সি.-র ১৬টার মধ্যে ১০টা বন্ধ। আজকে সূতাকলের এই হচ্ছে অবস্থা। পাট শিল্পেরও একই রকম অবস্থা। এখানে সরকার কোনও কার্যকর পদক্ষেপ নিচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেকারদের কর্মসংস্থান এর বিষয়টি এখানে উত্থাপিত হয়েছে। আপনি বলেছেন, এখানে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৫৪.৮৩ লক্ষ প্রায় ৫৫ লক্ষর মতোন। এই বছরে নূতন আরও ৪ লক্ষ ৩৬ হাজার নাম নথিভুক্ত হয়েছে। প্রথমত বলি, এই যে বেকারের সংখ্যা ৫৫ লক্ষ, এটা হচ্ছে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা, প্রকৃত সংখ্যা অনেক বেশি। এর মধ্যে অনেকে ফ্রাশটেটেড হয়ে তাদের নাম নথিভুক্ত করাননি। সবাই রেজিস্ট্রি করান না ফলে প্রকৃত বেকারের সংখ্যা অনেক বেশি। যেখানে ৪ লক্ষ ৩৬ হাজার বছরে নাম রেজিস্ট্রি হচ্ছে, সেখানে নিয়োগ হচ্ছে ১০ হাজার ফলে কর্মসংস্থানের ইতিবাচক কোনও পদক্ষেপ আমরা এখানে দেখতে পেলাম না। স্বনিযুক্তি প্রকল্প নিয়ে আপনি বলেছেন, প্রতিবারে আমরা শুনি, আপনার দেওয়া তথ্য থেকে আমি বলছি, এই হাউসে ১৩ই মার্চ আপনি দিয়েছেন। স্বনিযুক্তি প্রকল্পে কি মারাত্মক অবস্থা। '৯১-'৯২ সালে স্বনিযুক্তি প্রকল্পের লক্ষ্যমাত্রা ছিল ৭৫ হাজার, সেখানে আর্থিক সাহায্য প্রাপ্ত হচ্ছে, ৬,৭৫১। '৯২-'৯৩ সালে লক্ষ্যমাত্রা ছিল ৬০ হাজার, প্রাপকের সংখ্যা ২ হাজার ৪৪৪। '৯৩-'৯৪ সালে লক্ষ্যমাত্রা ছিল ৩০ হাজার, সেখানে প্রাপকের সংখ্যা হচ্ছে ৮৮২। '৯৪-'৯৫ সালে লক্ষ্যমাত্রা ছিল ২০ হাজার, সেখানে প্রাপকের সংখ্যা হচ্ছে ৩৪০। '৯৫-'৯৬ সালে লক্ষ্যমাত্রা ছিল ২০ হাজার, সেখানে প্রাপকের সংখ্যা হচ্ছে ৩৯। আপনার প্রদত্ত লিখিত প্রশ্নের উত্তর। ফলে দেখা যাচ্ছে, স্বনিযুক্তি প্রকল্পে এই রকম একটা দুরাবস্থা কর্মসংস্থান এর চিত্রটা অন্তত সারা রাজ্যে হতাশাব্যঞ্জক। এর সঙ্গে যেভাবে লক-আউট বাড়ছে, ক্লোজার বাড়ছে, লে-অফ বাড়ছে এবং নয়া আর্থিক দৌরাত্মে যেভাবে এখানে রাজ্যের বেকারের চিত্রটা দেখা যাচ্ছে এটা অত্যন্ত মারাত্মক, এই কথা বলার অবকাশ রাখে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ই. এস. আই. মেডিক্যাল বেনিফিট স্কীমের কথা বলা হয়েছে।

তার জন্য একজন স্টেট মিনিস্টারের দায়িত্বভার আছে। এই সমস্ত অনেক কিছু। কিন্তু মেডিক্যাল বেনিফিট স্কীম আজকে একটা ফার্স হয়ে দাঁড়িয়েছে। আজকে তারা আউট ডোর ফেসিলিটি পায় না। ই. এস. আই. থেকে তারা কতটুকু সাহায্য পায় সে বিষয়ে সন্দেহ আছে। সার্ভিস্ সেন্টার যেগুলো আছে সেগুলো খুবই স্ক্যান্টি। ডাক্তারদের সংখ্যা খুবই কম। বেশির ভাগ ক্ষেত্রে তারা প্রয়োজনীয় ওষুধ পায় না বা যে ওষুধ পায় তাও অত্যন্ত নিম্নমানের। আপনি এটা খবর নিয়ে দেখবেন। ফলে মেডিক্যাল সার্ভিসের দিকটা কাগজে কলমে থাকলেও কার্যত শ্রমিকরা সার্ভিস খুবই কম পায়। এ জন্য কার্যকর ব্যবস্থা নেওয়া দরকার বলে মনে করি। মেডিক্যাল সার্ভিস যাতে কাগজে কলমে না থাকে সেদিকে আপনি লক্ষ্য রাখবেন আশা করি। সর্বশেষ, আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বৃত্তি

কর যেটা চালু আছে, বর্তমানে শিল্প শ্রমিকরা যে রকম দুরবস্থার মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে সেখানে শিল্প শ্রমিকদের বৃত্তি কর এর আওতা থেকে মুক্ত করা যায় কিনা, সে বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এইটুকু বলে, এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমি বক্তব্য শেষ করছি।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম, কর্মনিয়োগ খাতে যে ৪৮ কোটি ১২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। সমাজ উন্নয়নের ক্ষেত্রে যদি দেখি প্রথমত কৃষি উন্নয়ন এবং শিল্পোন্নয়ন এই দুটো অঙ্গাঙ্গিভাবে জড়িত। সে দিক থেকে দেখতে গেলে আমাদের শ্রমিক এবং শ্রম অত্যন্ত অপরিহার্য। সেটা বিশেষ গুরুত্বপূর্ণ। শ্রমিকদের যে সমস্যা যেটা নিয়ে আমরা আলোচনা করছি, সে সমস্যা সেটা থাকে না। শ্রমিকদের শ্রমের যে মূল্য দেওয়া উচিত, যে মূল্য দেওয়া দরকার সেটা মালিকরা দেয় না বলেই এই সমস্যার সৃষ্টি, এই ১২৮টা লক আউট। এই লক আউটের ফলে বেশ কিছু শ্রমিক ছাঁটাই হয়েছিল, বেশ কিছু শ্রমিককে অসুবিধায় পড়তে হয়েছিল। ২০ বছর আগের ঘটনা যদি দেখি তাহলে দেখব সেই সমস্যা অনেক কমেছে, অনেক সমস্যার সমাধান হয়েছে। ত্রি-পাক্ষিক চুক্তির ফলে এটা সম্ভব হয়েছে। তাই এ সমস্যার সমাধান করতে গেলে এইভাবে শ্রমিক, মালিক এবং তার সঙ্গে সরকারের সম্পর্কের উপর যদি ভাল করে জোর দেওয়া যায় তাহলে সে সমস্যার সমাধান হয়। ২০ বছর আগের যে সমস্যা ছিল, যে মজুরি ছিল আর আজকের মজুরি বৃদ্ধির ফলে আজকে শ্রমিকরা সুষ্ঠুভাবে, স্বাভাবিকভাবে জীবন যাপন করতে পারছে। মিনিমাম ওয়েজেস অ্যাক্ট—এই অ্যাক্টের ফলে আজকে শ্রমিকদের মধ্যে সুস্থ্য পরিবেশ এসে গেছে। স্বনিযুক্তি প্রকল্পে শ্রমিকদের কর্মনিয়োগ হচ্ছে। সেদিক থেকে দেখতে গেলে এদের বিশেষ উন্নতি হয়েছে। আমরা যদি দেখি তাহলে দেখব যে তারা কম পয়সায় খাদ্য পাচ্ছে। চাল, গম পায়, তাদের কাছে কম পয়সায় এটা সরবরাহ করা হয়। সেদিক থেকে দেখতে গেলে আমরা অনেক সুস্থতা দেখতে পাচ্ছি।

[5-20 — 5-30 p.m.]

যে সমস্যাগুলোর কথা বলা হয়েছে সেই সমস্যাগুলো সত্যিই ছিল এবং সেটা এখনও আছে। জুট মিলের ব্যাপারে অনেক সমস্যা আছে, সেগুলোর সমাধান করতে হবে। জুট মিল, কটন মিল, ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি এইসব জায়গায় অথবা চা শিল্প—প্রত্যেকটি জায়গায় নানা সমস্যা রয়েছে। জুট মিলে ২ লক্ষ কর্মচারি কাজ করতেন। এখন সেই কর্মচারির সংখ্যা অনেক কমে গেছে। তবে প্রতিটি জুট মিল খুলে যাওয়ায় সেই সমস্যার কিছুটা সমাধান হয়েছে। এই সম্পর্কে আমি একটা কথা বলতে চাই, আমাদের যে পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট (১৯৩৬) ছিল, তারপর ম্যাটারনিটি অ্যক্ট হল চা শিল্পে, এরপরে চাইল্ড লেবার অ্যাক্ট (১৯৮৬) হল, এই ধরনের পর পর বিভিন্ন অ্যাক্ট করে তাদের অনেক সুযোগসুবিধা দেওয়া হয়েছে। এই সযোগ-সুবিধার ফলে শ্রমিকদের অনেক সুবিধা হয়েছে এবং পশ্চিমবঙ্গেরও অনেক উন্নতি সাধান হয়েছে। শিশুদের জন্য চাইল্ড লেবার অ্যাক্ট করার ফলে চাইল্ডদের যে অসুবিধাগুলো ছিল সেগুলোর অনেকটা দূর হয়েছে। চাইল্ডদের অনেক সুযোগসুবিধা দেওয়া হয়েছে। ৬টি জেলাতে চাইল্ড লেবারদের জন্য শিক্ষার ব্যবস্থা করা হয়েছে, তাদের কাজের

জন্য সময় বেঁধে দেওয়া হয়েছে। যার ফলে চাইল্ড লেবারদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে। এইসব ব্যাপারে সরকার যথেষ্ট সাহায্য করেছেন। সরকার শ্রমিকদের জন্য যথেষ্ট উন্নতি করার চেষ্টা করেছেন এবং শ্রমিকদের শ্রমের মূল্য দিতে পেরেছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার শ্রমিকদের জন্য যথেষ্ট সুযোগসুবিধা দিয়েছেন এবং তাদের জন্য ভাল করবার চেষ্টা করেছেন। এখানে প্রশ্ন এসেছে যে সিক ইন্ডাস্ট্রি হওয়ার ফলে শ্রমিকরা অসুবিধার মধ্যে পড়েছেন। মাননীয় দেবপ্রসাদবাবু বলেছেন যে পশ্চিমবঙ্গে লক-আউট বেড়েছে। কিন্তু আমার মনে হয় পশ্চিমবঙ্গে লক-আউট বাড়েনি, পশ্চিমবঙ্গে লক-আউট কমেছে। পশ্চিমবঙ্গে শ্রমিকদের মাইনে বেড়েছে। কিন্তু আমার মনে হয় পশ্চিমবঙ্গে লক-আউট বাড়েনি, পশ্চিমবঙ্গে লক-আউট কমেছে। পশ্চিমবঙ্গে শ্রমিকদের মাইনে বেড়েছে। কিন্তু অন্যদিকে দেখলে দেখা যাবে যে পশ্চিমবঙ্গে প্রোডাকটিভিটির দিকে নজর দেওয়া হয়নি। এর ফলে উৎপাদন কমছে, শ্রমিকরা কর্মবিমুখ হয়ে পড়ছেন। আগে যেখানে শ্রমিকরা দৈনিক ৫-৭ টাকা করে মজুরি পেতেন, এখন সেখানে শ্রমিকরা দৈনিক ৪৫-৫০ টাকা করে মজুরি পাচ্ছেন। কিন্তু সেভাবে কাজ এখানে হচ্ছে না। পশ্চিমবঙ্গে প্রোডাক্টিভিটির দিকে আরও বেশি নজর দেওয়া উচিত বলে আমি মনে করি। এছাড়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যে সব নিযুক্তির কথা বলা হয়েছে সে ব্যাপারেও সমস্যা আছে। যতগুলো কর্মখালি আছে সেগুলো পূরণ করার জন্য সরকার চেষ্টা করবেন। বেকার সমস্যা বাড়ছে। বেকার সমস্যার সমাধানের জন্য সরকারকে আরও নানা পথ খুঁজে বার করতে হবে বলে আমি মনে করি। অনেক বেকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কল পাচ্ছেন না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অফিসাররা তাদেরকে হয়রানি করছেন। আমার মনে হয় এদিকে ছায়াদির বিশেষভাবে নজর দেওয়ার প্রয়োজন আছে। আমি এই কয়েকটি কথা বলে, এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**श्री लगन देव सिंह :** माननीय अध्यक्ष महाशय, हमारे माननीय श्रम मंत्री ने डिमान्ड न० ३९ के तहत जो बजट पेश किए है मै उसका समर्थन करता हूँ और समर्थन करते हुए इस बात की ओर ध्यान दिलाना चाहता हूँ कि सर, कांग्रेस के हमारे वन्धु ने, विरोधी दल के वन्धु ने जो वक्तव्य रखे और जिन मुद्दो को उठाए है आप अगर पिछले साल के वक्तव्यो को देखे, पिछले साल के बजट स्पीच को देखे रिकार्ड मे मिल आएगा इन सारे मुद्दो का हमारे श्रम मंत्री ने स्पष्ट खण्डन किया था। साथ ही देश की स्थिति से बिल्कुल अलग करके तो पशचिम बंगाल को नही देखा जाना चाहिए। और यह आशा करना कि सरकार एक एसी व्यवस्था कर देगी जिससे सब समस्या का समाधान हो जाएगा कोई समस्या नही रहेगी एसी आशा करना भी गलत है। तथाकथित विकसित और पुजीबादी देश जो है वहाँ भी नजर उठा कर देखे तो पाएगे कि वहाँ की स्थिति भी बहुत अच्छी नही है और वहाँ पर भी वेकारी बढ़ रही है और अधिकांश कल-कारखानों की स्थिति अच्छी नही है। आपलोगो ने तो आजादी के बाद से प्रायः २-४ वर्ष छोड़कर दिल्ली पर राज किए।

कौन सी पालिसी अपनाए थे और देश को क्या दिए यह अपने आप से पुछिए खुद जबाब मिल जाएगा। कि इस स्थिति के लिए आप कहँा तक जिम्मेदार है। मै समझता हुँ इसमे राजनीति न कर सरकार के सहयोग करे, यह कारगर कदम होगा।

साथ ही मै यह कहना चाहुंगा हमारे कई साथियो ने जुट मिल के लांक आउट पर वक्तव्य रखे। बात-चीत चल रही है। मै यह कहना चाहता हूं सरकार कभी कभी चाहकर भी कठोर कदम नही उठा पाती है क्योकि कानुनी अड़चने सामने आती है। सरकार वर्कर की समस्या से पुरी तरह अवगत है और मिल मालिको पर पुरी तरह से अंकुश नही लगा पायी है और आज भी लांक-आउट पर सरकार गम्भीर है और श्रम मंत्री एवं अन्य विभाग के मंत्री भी इस ओर प्रयास कर रहे है कुछ मील मालिक सिफ्ट कारखाने खोल देगे। सरकार चाह कर भी ठोस एवं कठोर कदम नही उठा पाती है क्योकि कानुनी अड़चन है और आज चटकल मजदुर को इसतरह की समस्या का सामना करना पड़ रहा है। माननीय अंम्बिका बनार्जी ने बाली जुट मिल की समस्या को मेन्सन मे उटाए है। श्रम मंत्री को अगाह किए है कि ११ तारिख से बाली जुट मिल का सिप्ट बन्द हो गया। सिर्फ बाली जुट मिल ही नही हनुमान जुट मिल के सामने भी इसी प्रकार की समस्या है। सरकार कोशिश कर रही है इसमे आपलोगो के सहयोग की आवशयकता है। राजनीतिक भेद-भाव भुलाकर चटकल मजदुर के हित की रक्षा हेतु मिलकर कारगर आन्दोलन की आवशयकता है। माननीय सौगत बाबु कहे कि मजदुर आन्दोलन नही कर रहे है। पिछले दिनो चटकल मजदुर ने जो कुछ भी मांग पुरा कराने मे हासिल किया है वह मजदुरो के आन्दोलन का ही नतीजा है। पशचिम बंगाल के मजदुर आन्दोलन का रास्ता नही छोड़ा है और आन्दोलन के बल पर ही कुछ सफलता भी हासिल किया है।

[5-30 — 5-40 p.m.]

एक बात और इन्जीनियरिंग उधोग के साथ कई समझोता हुआ बड़ कुछ कारखानो को छोड़ दे तो इन्जीनियरिंग उधोग के छोटे-छोटे कारखाने की अवस्था सचमुच ठीक नही है। जो मिनिमम वेज जो तय है वह भी देने से कतरा रहे है विशेष कर हम अपने जिले की बात करता हूं। १९६६ मे सेवेन्थ इन्डस्ट्रीयल ट्राइव्युनल के तहत जो व्यवस्था की गई मील मालिको ने चाइलेन्ज किया और मामला को हाइ कोर्ट ले गए। हाई कोर्ट ने मील मालिको के खिलाफ कहिए या यो कहिए कि कोर्ट ने कारगर कदम उठाते हुए एक रेट तय कर दिया। आज मालिक वो रेट को भी देने

से कतरा रहे है। जो छोटे-छोटे इन्जीनियरिंग मे काम करने बाले है उनकी स्थिति अच्छी नही है। इसमे कही ५० मजदुर काम करते है कुछ-कुछ मे २०-२० मजदुर काम करते है। एसे कारखानो के मजदुरो के लिए एक मिनिमम वेज तय होना चाहिए। और पेसे मील मालिको के खिलाफ जो गर्वनमेन्ट नोटिफिकेशन की उपेक्षा कर मनमानी करते है उनके खिलाफ कदम उठाना चाहिए। कुछ क्षेत्रो मे आज भी मालिक इसकी नही मान रहे है। इसके खिलाफ २७ तारिख को बड़े पैमाने पर मजदुर हड़ताल पर जा रहे है। और जो २७ तारिख को हनुमान जुट मील के मजदुर है वो मजदुर लोग भी स्ट्राइक करेगे। श्रम मंत्री नही है उनके सहयोगी मंत्री जो वै इस ओर हस्तक्षेप करके हड़ताल को टाला जा सके इस ओर कारगर कदम उठाए।

माननीय मंत्री का ध्यान ढलाई मजदुरो की ओर दिलाना चाहुंगा ढलाई मजदुरो की समस्या चटकल मजदुरो की समस्या से भी जटिल है। ढलाई का काम करने बाले मजदुरो के लिए तो कोई नियम ही नही है। मालिक की इच्छा ही सबसे बड़ा नियम होता है। ढलाई का काम करने बाले जो मजदुर है दिन भर कारखाने मे झुलसते रहते है। अधिकांश मजदुर धीरे-धीरे काम छोड़ने को वाध्य हो रहे है। और उसके सामने भुखमरी जैसी समस्या खड़ी हो गयी है। इसमे काम करने बाले मजदुर तो पी०एफ और ग्रेच्युटी की बात सोचना तो दुर पेट चलाना मुशकिल हो रहा है। इसमे काम करने बाले अधिकांश मजदुर बिहार और यु०पी० के है उन्हे वाध्य होकर काम छोड़कर वापस जाना पड़ हरा है। इस ओर सरकार को ध्यान देना चाहिए साथ ही हमारे सभी साथियो ने संगठित मजदुरो की समस्या का उल्लेख किया किसी ने भी असंगठित मजदुरो की समस्या की ओर एक शब्द नही कहा। असंगठित मजदुरो की हालात जो है वो भी अच्छी नही है। यहाँ श्रम मंत्री तो नही है, श्रम मंत्रालय से संवंधित लोग है उनका ध्यान दिलाना चाहुंगा। पशचिम बंगाल मे कहीब ५ लाख मजदुर असंगठित है। जो लोडिंग और अनलोडिंग का काम करते है उनकी हालत बहुत दयनीय है। सर, आपके सामने जो उल्लेख कर रहा हुँ असेम्बली मे १९८६ मे लेफ्ट फ्रन्ट सरकार ने लोडिंग अनलोडिंग मजदुरो के हित मे एक एक्ट पास किया था। और इस एक्ट को राष्ट्रपति के पास अनुमोदन के लिए भेजा गया था। राष्ट्रपति ने इसका अनुमोदन कर वापस भेज दिया। मगर आज भी वह एक्ट को रुल फ्रेस नही कर पाया है और कानुन नही बन पाया है। आज जो ५ लाख मजदुर है उनका हित इससे जुड़ा हुआ है मै श्रम मंत्री के साथ - साथ हाउस का भी ध्यान दिलाना चाहता हूं श्रम मंत्री इस मामले मे हन्तक्षेप कर जो यह एक्ट पास हो गया है,

राष्ट्रपति का अनुमोदन मिल गया है वह कानुन का रुप ले एसी व्यवस्था किया जाए, रुल फ्रेम हो इस ओर ध्यान देगे। असंगठित मजदुरो को उनका हक मिल सके इस ओर ध्यान देगे।

इसके साथ ही अन्त मे मै माननीया मंत्री महोदया का ध्यान इ०एस०आई के तहत मजदुरो को हो रही असुविधा की ओर दिलाना चाहुँगा। ये डिपार्टमेन्ट खुद आपके अधीन है मजदुरो को उनका उचित हक मिले। मजदुरो के लिए ई०एस०आई के तरत जो सुविधाए मजदुरो को मिलना चाहिए वह नही मिल रहा है। ई०एस०आई० व्यवस्था को चुस्त करने से मजदुरो का काफी कल्याण हो सकता है। ई० एस० आई की जो अस्पताल है उसकी भी हालत बहुत अच्छी नही हैं। इसमे हर्ट और चंस्ट का इलाज तो दुर रहा कुछ सामान्य औसधिया भी समय पर नही मिलता है। वामफ्रन्ट सरकार मजदुरो का हितैशी रहा है इसमे मजदुरो पर हो रही वेइन्साफी को नजर अंदाज नही किया जाना चाहिए।

अन्त मे मजदुरो को हर प्रकार की सुविधा मिले, उनका उचित हक मिले इस ओर मंत्री महोदय का ध्यान दिलाते हुए और बजट का पुर्ण समर्थन करते हुए अपनी बात खत्म करता हूँ।

**মিঃ স্পিকার ঃ** শ্রীমতী ছায়া বেরা আপনি কি আপনার নির্ধারিত ২২ মিনিট সময়ের মধ্যে শেষ করতে পারবেন? আমি সভার অনুমতি নিয়ে আধ ঘন্টা সময় বাড়িয়ে দিচ্ছি।

[5-40 — 5-50 p.m.]

**শ্রীমতী ছায়া বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার দপ্তরের বক্তব্যের বিষয়ে নির্দিষ্ট কতগুলি কথা বলতে চাই। আপনারা মাননীয় সদস্যগণ সকলেই অবগত আছেন যে আমার শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শান্তিরঞ্জন ঘটক মহাশয় হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন। এর আগের কয়েক বছর শ্রমমন্ত্রী হিসাবে তিনি ব্যয় বরাদ্দের আলোচনায় যোগ্যতার সঙ্গে অংশ গ্রহণ করেছিলেন। তার মতো এমন এক জন শ্রমিক নেতা আমাদের সরকারের ভূমিকা এবং দৃষ্টিভঙ্গি তিনি যথেষ্ট যোগ্যতার সঙ্গে আপনাদের সামনে উপস্থিত করতে পারতেন। কিন্তু এটা হল না বলে আমি অত্যন্ত দুঃখিত। আপনারা সকলেই জানেন আমি শ্রমিক নেতা নই, আমার সঙ্গে শ্রমিকদের প্রত্যক্ষ যোগযোগ নেই, শ্রমিকদের আন্দোলনের সঙ্গেও আমি প্রত্যক্ষভাবে জড়িত নেই। কিন্তু শ্রমিক দপ্তরের একটা অংশের দায়িত্ব আমি পেয়েছি।

আমার বিভাগ সম্পর্কে আমার নিজস্ব উপলব্ধি এবং গতকাল হাসপাতালে গিয়ে মাননীয় শ্রম মন্ত্রী মহাশয়ের সঙ্গে যা আলোচনা করেছি তার ওপর ভিত্তি করে দাঁড়িয়ে আমি

আপনাদের সামনে দু-একটি কথা বলব। আমি গভীর মনোযোগ সহকারে আপনাদের সকলের বক্তব্য শুনেছি। আপনারা সরকারের কাছে কিছু কিছু সুপারিশ করেছেন, তা আমি নোট করেছি। কয়েক জন মাননীয় সদস্য বেশ কিছু গুরুত্বপূর্ণ বক্তব্য এখানে রেখেছেন। মাননীয় মন্ত্রী শ্রী ঘটক সুস্থ্য হয়ে উঠলে আমি সেগুলি নিয়ে তার সঙ্গে পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা করব। মাননীয় সদস্যদের এ কথা বলে আমি আশ্বস্ত করতে চাই যে, তারা যে সমস্ত মূল্যাবান সুপারিশ করেছেন সে সমস্ত আমরা আমাদের সামর্থ অনুযায়ী বাস্তবায়িত করবার চেষ্টা করব। আন্তরিকভাবেই চেষ্টা করব। এই বিভাগের যে অংশটুকুর দায়িত্বে আমি আছি তার ওপর আগে কিছু বলে নিতে চাই। বেশি সময় না নিয়ে খুবই সংক্ষিপ্ত এবং নির্দিষ্টভাবে সে সম্পর্কে আমি কয়েকটা কথা বলতে চাই। আপনারা নিশ্চয়ই দেখেছেন, মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতির মধ্যে বিভাগের সমস্ত কাজ-কর্মের কথা বিস্তারিত আকারে বলা আছে, বিভিন্ন তথ্য দিয়ে বলা আছে। তার সাথে সাথে 'লেবার ইন ওয়েস্ট বেঙ্গল' নামে যে বইটি প্রকাশিত হয়েছে তার মধ্যেও সমস্ত কিছু বলা আছে। এখানে গোপনীয়তার কোনও প্রয়োজন নেই। আমাদের বিভাগ কোন জায়গায় দাঁড়িয়ে আছে তা বিস্তারিত তথ্য দিয়ে আমরা জানিয়েছি এবং প্রতিটি ক্ষেত্রেই আমরা মাননীয় সদস্যদের সহযোগিতা চাই। সুতরাং আমি আর ঐ সমস্ত বিষয়গুলির পুনরাবৃত্তি করবার চেষ্টা করব না। শুধু প্রাসঙ্গিকভাবে দু-একটি কথা এখানে উল্লেখ করতে চাই। আমি যেটার দায়িত্বে আছি, সেটার সম্পর্কে আমি প্রথমে বলছি—শ্রমিক শ্রেণীর সার্বিক কল্যাণ কাজের সাথে আমার বিভাগ জড়িত আছে। ক্রমবর্দ্ধমান বিশ্বায়নের অনিবার্য প্রভাব শুধু পশ্চিমবাংলা বা ভারতবর্ষেই নয় সারা বিশ্বের ওপরই প্রতিফলিত হচ্ছে। সারা বিশ্বেই কর্ম সংস্থান ক্রমশ সংকুচিত হচ্ছে। আপনারা জানেন গত বছর ৮০তম আন্তর্জাতিক শ্রম সম্মেলন অনুষ্ঠিত হল। সেই সম্মেলনে আমাদের এই বিধানসভার মাননীয় সদস্য, আই. এন. টি. ইউ. সি. নেতা সুব্রত মুখার্জি যোগদান করেছিলেন। ৮ই জুন থেকে ২০ জুন '৯৬-র আন্তর্জাতিক শ্রম সম্মেলনে নানান প্রস্তাব গৃহীত হয়েছে। তার একটা প্রস্তাব আমি এখানে তুলে ধরতে চাইছি। তাতে বলা হয়েছে Conference adopted conclusions concerning the responsibilities of governments, employers and trade unions for achievement of full employment. এটা আমি এখানে কেন তুললাম? আপনারা লক্ষ্য করুন, এর একেবারে বিপরীত কথা বলছে, আই. এল. ও.। সম্প্রতি আই. এল. ও.-র 'ওয়ার্ল্ড এমপ্লয়মেন্ট রিপোর্ট যেটা প্রকাশিত হয়েছে, যেটা একেবারে কারেন্ট, ১৯৯৬-৯৭ সালের, সেটার সূচনার ১৪ পৃষ্ঠায় বলছে বর্তমান বিশ্বের অবস্থার পরিপ্রেক্ষিতে 'Growing globalisation of the world economy will aggravate the already bad situation of employment and rapid technological changes are bringing about jobless growth and holding all hopes of full employment. কাজেই এই হচ্ছে অবস্থা এবং এটা আমাদের কথা নয়। এটা বলছি আমি এই কারণে যে, গোটা বিশ্বের প্রেক্ষাপটে পশ্চিমবাংলার কথা বিচার করবার জন্য। ঐ প্রতিবেদনে তারপরে আবার বলা হয়েছে, 'Labour shedding is likely to generate further. আই. এল. ও.-র কথা শুধু উন্নয়নশীল দেশগুলোর নয়, শিল্প উন্নত দেশের অবস্থাও অত্যন্ত শোচনীয়—ঐ প্রতিবেদনের ১৩ পৃষ্ঠায় তারা উল্লেখ করেছন, 'In the industrially developed countries the average rate of unemployment was 11.3% in July 1996 having

increased over preceding years. তাহলে এই হচ্ছে সারা বিশ্বের অবস্থা। আমি বিভিন্ন দেশ বিদেশের উদাহরণ দিচ্ছি না, আমি শুধু বলছি ফ্রান্সের কথা, যেহেতু সেখানে সম্প্রতি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ফরাসি দেশ ধনতান্ত্রিক দেশ, সেখানে শ্রমের সঙ্গে যুক্ত মানুষের ১৮ শতাংশ বেকার।

যার জন্য সদ্য নির্বাচিত ফরাসি প্রধানমন্ত্রী তিনি নির্বাচনে জয়ী হয়ে ঘোষণা করলেন বেকারত্বর ভয়াবহতা হ্রাস করাই আমার প্রথম এবং প্রধান কাজ। ভারত সহ সমগ্র বিশ্বের ধনতান্ত্রিক দেশের এই অবস্থা। আমাদের এখানে দিল্লীর ইন্দিরা গান্ধী ইনস্টিটিউট অফ ডেভেলপমেন্ট রিসাস তারা ইন্ডিয়া ডেভেলপমেন্ট রিপোর্ট, ১৯৯৭ যেটা প্রকাশ করেছেন তাতে তারা অনেক আশার বাণী শুনিয়েছেন। কিন্তু সেই আশা আমাদের দেশে বর্তমান পরিস্থিতিতে প্রতিফলিত হতে পারে না। এই অবস্থার পরিবর্তন কিছু আনবেন কিনা জানি না। দেশের এই আর্থ সামাজিক ব্যবস্থায় যে উদার নীতি গ্রহণ করা হয়েছে তাতে এখনও দেশের কোনও পরিবর্তন আসেনি, ভারতের বেকার সমস্যা শোচনীয় অবস্থার মধ্যে আছে। পশ্চিমবাংলার বেকার সমস্যা বলুন, পশ্চিমবাংলার শিল্পের সমস্যাই বলুন, এই প্রেক্ষাপটে আলোচনা করার প্রয়োজন। সেইজন্য আমি এই কথাগুলি আপনাদের কাছে তুলে ধরলাম। এই সার্বিক সমস্যার সমাধান কি করে হবে তা নিয়ে আজকে এখানে বসে আলোচনা করার সুযোগ নেই এবং আমিও তার মধ্যে যাচ্ছি না। কিন্তু আমাদের বামফ্রন্ট সরকার এই ব্যাপারে চুপ করে বসে থাকতে পারে না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে দেওয়ার সুযোগ ক্রমশ সংকুচিত হচ্ছে। যদি কোনও এমপ্লয়ার লোক চান—তাও আবার সরকারি সংস্থা বা সরকারি অনুদানপুষ্ট সংস্থা চান তাহলে দিই, বেসরকারি সংস্থা চাইলেও দিই। কিন্তু না চাইলে আমাদের এমন কোনও আইন নেই যে কিছু করতে পারি। যাই হোক, এই যে ভয়াবহ বেকার সমস্যা এই সমস্যার সমাধান করার জন্য সরকার গুরুত্ব দিয়েছে। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বিষয়ে জাতীয় পরিকল্পনা কমিশনের সঙ্গে আলোচনা করতে গিয়ে আমাদের অর্থমন্ত্রী আমাদের রাজ্যে স্ব-নিযুক্তি বা সেলফ এমপ্লয়মেন্টের উপর গুরুত্ব দেওয়ার বিষয়টি পরিষ্কারভাবে উল্লেখ করেছেন। এই সেলফ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম শুধু যে শ্রম দপ্তর বা এমপ্লয়মেন্টের সুযোগ নিতে চেয়েছি। আমাদের যেটুকু অর্থনৈতিক ক্ষমতা আছে তা দিয়ে যতটা করতে পারি সেটা করার চেষ্টা করছি। এ ছাড়া কেন্দ্রের যে পরিকল্পনা আছে এবং আমাদের যে স্ব-শাসিত সংস্থাগুলি আছে তার মধ্য দিয়ে বেকার যুবক-যুবতীদের স্ব-নিযুক্তি প্রকল্পে নিয়ে যাওয়ার জন্য আন্তরিকভাবে আমরা তার রূপায়ন করার চেষ্টা করছি। এর সঙ্গে আছে গ্রামীণ আই. আর. ডি. পি. প্রধানমন্ত্রীর রোজগার যোজনা থেকে আরম্ভ করে, নেহেরু রোজগার যোজনা প্রভৃতি বিভিন্ন প্রকল্প যুক্ত করে অন্যান্য দপ্তরকে সঙ্গে নিয়ে আমরা এগিয়ে যাবার চেষ্টা করছি। আপনারা জানেন, শেশ্রু প্রকল্প গোটা ভারতবর্ষের কোনও রাজ্যই নেয়নি। কিন্তু আমরা শেশ্রু প্রকল্প নিয়েছিলাম এবং সেটা কি উদ্দেশ্যে নিয়েছিলাম সেটা আপনারা দেখেছেন। ১৯৮৮-৮৯ সালে অর্থাৎ বেশ কয়েক বছর আগে একটা সার্ভে করা হয়েছিল। তখন যারা ঋণ নিয়েছিলেন তার মধ্যে শতকরা ৬০ থেকে ৭০ পারসেন্ট বেকার তারা নিজেদের পায়ে দাঁড়াতে পেরেছেন, নিজেদের জীবন নির্বাহ, রুজি-রোজগারের ব্যবস্থা করতে পেরেছেন। কিন্তু পরবর্তীকালে দুঃখজনক ঘটনাও আপনারা দেখেছেন। ঋণ গ্রহণকারি কিছু ব্যক্তি ঋণ শোধ না দেওয়ার জন্য আদালতে

চলে গেছেন। এজন্য অনেক ঋণ গ্রহীতাই ঋণ শোধ করছেন না। কোনও পার্টি যদি ঋণ নিয়ে ঋণ শোধ না করে তাহলে কোনও আর্থিক সংস্থাই ঋণ দিতে চাইবে না। তবুও আমাদের সরকার আন্তরিকভাবে নিজেরা পার্টি হয়ে আদালতে যাচ্ছে সমস্যাটা কি করে মেটানো যায় তার জন্য। এখানে মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় যে প্রশ্নটি তুলেছেন সেটা ঠিকই বলেছেন। আমাদের এ ব্যাপারে কোনও গোপন করার কিছু নেই, আমাদের আন্তরিকতা আছে। আপনারা জনপ্রতিনিধি, নিজেদের এলাকার সমস্ত ঘটনা জানানোর প্রয়োজনীয়তা রয়েছে। শেশ্রু স্কীমের কাজ ব্যাহত হয়ে আছে। তবুও আমরা লক্ষ্যমাত্রা ধরে রেখেছি। যখন এই কেস মিটবে, আগামী দিনে আমরা যেভাবে চলেছি, সেইভাবেই চলব। কিন্তু কথা হচ্ছে, এখন কি আমরা বসে থাকব? না। এরজন্য স্পেশ্যাল এমপ্লয়মেন্ট স্কীম নেওয়া হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী এই স্কীমের কথা ঘোষণা করেছিলেন। বর্তমানে এই স্কীমের কাজ আমার দপ্তর থেকে হচ্ছে না। তবে এরজন্য ক্যাবিনেট সাব-কমিটি করা হয়েছে যার চেয়ারম্যান মাননীয় অর্থমন্ত্রী এবং কনভেনর আমি আছি।

[5-50 — 6-00 p.m.]

এখন সেলফ কথাটা না বলে স্পেশ্যাল এমপ্লয়মেন্ট স্কীম বলছি কারণ আমরা এন্টিপ্রেনিয়ারশিপ গ্রো করাতে চাইছি। এখন যে ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ, ১০ পারসেন্ট সাবসিডি ইত্যাদি মিলে যা থাকবে—১০ পারসেন্ট সাবসিডি আমরা দিচ্ছি, ১৫ পারসেন্ট তাদের দিতে হবে, ব্যাঙ্ক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলিও এটা ভালভাবে দেখছে এবং আমরা আশা করছি এতে ভাল ফল পাওয়া যাবে। এইভাবে এন্টিপ্রেনিয়ারশিপ গ্রো করাতে পারলে অনেককে সেখানে নিযুক্ত করা যাবে। এটা করতে পারলে লক্ষ্যমাত্রা পুরণের কাজও অনেক দূর এগিয়ে যেতে পারবে। পশ্চিমবঙ্গে যেহেতু আমরা খানিকটা ভূমিসংস্কার করতে পেরেছি এবং তার সঙ্গে সঙ্গে এই কাজগুলি করে যাবার মাধ্যমেই দেখতে পাচ্ছেন যে উন্নতি হচ্ছে। সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে হিসাব যাই থাকুক না কেন আপনারা সকলেই ব্যাপারটা ভালই জানেন। এখানে বিরোধিতা করতে হবে বলে বিরোধিতা করছেন ৫৪ লক্ষের অনেক বেশি বেকার আছে ইত্যাদি বলে, এটা কিন্তু সঠিক ঘটনা নয়। সাকার বলতে অনেকে বোঝেন সরকারি সংস্থায় চাকরি বা স্থায়ী কাজকে কিন্তু কেউ যদি অন্য কোনওভাবে যুক্ত হয়ে থাকনে সেটা আমরা দেখি না। এ সম্বন্ধে একজন মাননীয় সদস্য বলেছেন যে তারা নাম-টা কাটান না। তবুও আমরা নতুন করে এটা চিন্তাভাবনা করে দেখছি। কে কোন কর্মে নিযুক্ত হয়ে আছেন, এখানে বয়সের ব্যাপারটাও আছে, সে হিসাবটা যাতে সঠিকভাবে বেরোয় সেটা আমরা দেখছি। এখন কেউ যদি উন্নত কর্মের জন্য নাম-টা রাখতে চান নিশ্চয় তারজন্য জায়গা থাকবে তবে এ সম্বন্ধে আমরা একটা পরিকল্পনা করার কথা ভাবছি। এই হিসাবের মধ্যে আমার দৃঢ় বিশ্বাস—আছেও তা, তা না হলে দেখতেন পশ্চিমবঙ্গে বেকার যুবক-যুবতীতে এতদিন ভরে যেত এবং তারা ভিক্ষার ঝুলি নিয়ে বেরিয়ে পড়ত, সেটা দেখেন না তার কারণ নানান রকমের প্রোজেক্ট যা এখানে তৈরি করা হয়েছে তার মধ্যে দিয়ে বেকার যুবক যুবতীরা কিছুটা অন্তত জীবিকা নির্বাহের মতোন কিছু করতে পারছে, পরের কাছে হাত পাততে হচ্ছে না। সেইভাবে কোনও না কোনও কাজে তারা নিযুক্ত হচ্ছে এটাই হচ্ছে আমার কথা। আমি আগেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে নাম লেখানোর ব্যাপারে বলেছি। যেখা

কর্মসংস্থানের সুযোগ আছে বা সৃষ্টি হতে পারে সেখানে যাতে একটা সুষ্ঠু নীতির মাধ্যমে নাম পাঠানো হয় সেটা আমরা দেখছি। কম্পালসারি নোটিফিকেশন অব ভেকেন্সিস অ্যাক্ট '৫৯, এর অধীনে আমরা কর্মনিয়োগ কেন্দ্রগুলির মাধ্যমে সরকারি এবং সরকার নিয়ন্ত্রিত সংস্থাগুলিতে নাম নিয়মিত পাঠিয়ে থাকি। আপনারা বলেছেন, এত ছেলের নাম পাঠানো হচ্ছে আর এত কম ছেলের চাকরি হচ্ছে কেন? ওয়ান ইজ টু টোয়েন্টি অনুসারে ১০ হাজার ছেলের যদি চাকরি হয় তাহলে সেখানে ২ লক্ষ ছেলের নাম পাঠাতে হবে। এই হচ্ছে নাম পাঠানোর পদ্ধতি। এই নীতিটার নায্যতা আমরা কিন্তু প্রমাণ করতে পেরেছি। প্রমাণ করতে যে পেরেছি সেটা পরিসংখ্যান দিলেই বোঝা যাবে। ১৯৮০ সালে কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে আমাদের নিবন্ধিভুক্ত বেকারের সংখ্যা ছিল মাত্র ৬ লক্ষ ৩৮ হাজার ৫৯৭। আর ১৯৯৬ সালের ডিসেম্বর মাসে সেটা হচ্ছে ৫৪ লক্ষ ৮৩ হাজার ২৮৮। বেকার যুবক-যুবতীরা যদি মনে করতেন যে এমপ্লয়মেন্টের এক্সচেঞ্জগুলিতে কাজ হয় না, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির কাজের পদ্ধতি সম্পর্কে যদি তাদের ঘৃণা থাকত বা অসন্তোষ থাকত তাহলে এইভাবে ভিড় করে নাম তারা লেখাতেন না। এক্ষেত্রে সাফল্যের সঙ্গে নিয়ম মেনে আমরা কাজ করতে পেরেছি এবং এই ৮ গুণ বৃদ্ধি সেই কারণে হয়েছে। ওয়ার্ল্ড এমপ্লয়মেন্টের অ্যানুয়াল রিপোর্ট যেটা আই. এল. ও. বার করেছে সেখানে দেখবেন লেখা আছে, দি লেবার exchange have proved their worth in the market economy. এটা বলা হয়েছে। তারপর বোধহয় আগস্টেই সুপ্রিম কোর্ট একটা আদেশ দিয়েছেন, নভেম্বরে সেটা আমরা পেয়েছি, সেই আদেশের ফলে কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলির ভবিষ্যত কিছুটা অনিশ্চিত হয়ে পড়েছে। সকলে সমান অধিকার পাবেন—যারা কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে নাম লিখিয়েছেন আর যারা নাম লেখাননি চাকরির জন্য সবাই আবেদন করতে পারবেন—তারজন্য সুপ্রিম কোর্ট এই আদেশ দিয়েছেন। অর্থাৎ সুপ্রিম কোর্ট সংবিধানের ১৬ নং অনুচ্ছেদের কথা বলেছেন। এক্ষেত্রে আমরাও দেখেছি, যে প্রার্থী সবে কর্মে নিযুক্ত হবার বয়সে পা দিয়েছে এবং যিনি চাকরিতে নিযুক্ত হবার ক্ষেত্রে বয়সের শেষ সীমায় পৌঁছে গেছেন—উভয়কে যদি একই ধরনের সুযোগ দেওয়া হয় তাহলে আমাদের সমতা রক্ষিত হবে কিনা সেসব বিষয়ে আমরা আইনজ্ঞের পরামর্শ নিচ্ছি। সুপ্রিম কোর্টের বিরুদ্ধে কোন মন্তব্য করছি না, তবে ঐ ব্যাপারে আইনজ্ঞের সঙ্গে কথাবার্তা বলবার চেষ্টা করছি। আইনজ্ঞ যে রকম পরামর্শ দেবেন এবং সুপ্রিম কোর্ট যে পরামর্শ দেবেন তার উপর দাঁড়িয়ে আজকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নিয়ে যে অনিশ্চয়তা দেখা দিয়েছে সেটা আমরা দূর করতে পারব।

দ্বিতীয়, কথা হল, আমার দপ্তরের সঙ্গে ই. এস. আই.-এর সম্পর্ক যুক্ত, কিন্তু এই কর্মচারী রাজ্য বিমা কর্পোরেশন, অর্থাৎ ই. এস. আই., একটি কেন্দ্রীয় সংস্থা। সারা দেশে ৬২৯টি কেন্দ্রের মাধ্যমে এই সংস্থা কাজ করছে এবং এর সঙ্গে ৬৬ লক্ষ কর্মচারী যুক্ত রয়েছে এবং উপকৃতের সংখ্যা ২ কোটি ৮৩ লক্ষ। এটা মিনিস্ট্রি অফ লেবার, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ১৯৯৬-৯৭ সালের হিসেব এবং সেখানে বলা হয়েছে যে, ৬.৫ শতাংশ কর্মচারী ই. এস. আই. স্কীমের অন্তর্ভুক্ত রয়েছেন। এই কারণে স্ট্যান্ডিং কমিটি অফ পার্লামেন্ট অন লেবার ওয়েলফেয়ার ক্ষোভ প্রকাশ করে বলেছেন যে, মাত্র ৬.৫ শতাংশ শ্রমজীবী মানুষ কেন এর সঙ্গে যুক্ত আছেন। তারফলে ই. এস. আই. কর্পোরেশন এই প্রকল্পে অন্তর্ভুক্তির ক্ষেত্রে

মাস মাইনের ঊর্ধ্বসীমা ৩,০০০ টাকা থেকে বাড়িয়ে ৬,৫০০ টাকা করার সিদ্ধান্ত নেয়। এরফলে আমাদের রাজ্যে ১ লক্ষ ৩০ হাজার বাড়তি শ্রমিক এই প্রকল্পে যুক্ত হয়েছেন। কিন্তু তারজন্য আলাদা কোনও পরিকাঠামো গড়ার ব্যাপারে চিন্তা-ভাবনা করতে সেরকম কোনও নির্দেশ আমাদের কাছে কর্পোরেশন পাঠায়নি। কিন্তু আমরা জানতে চেষ্টা করছি কত কর্মচারী নতুনভাবে এই প্রকল্পে যুক্ত হয়েছেন, কারণ আমাদের টাকা থেকেই আই. এম. পি. নিয়োগ করতে হবে। অবশ্য ইতমধ্যে আমরা বিজ্ঞাপন দিয়েছি। নতুন ডাক্তার আসার পর বর্তমানের অসুবিধাটা কেটে যাবে। বর্তমানে এরজন্য যে অসুবিধা হচ্ছে তারজন্য আমরা প্রেজেন্ট আই. এম. পি.-দের কাছে নির্দেশ পাঠিয়ে বলেছি, 'কোনও শ্রমিক আপনাদের কাছে এলে ফেরাবেন না, চিকিৎসার সুযোগ দেবেন। এরজন্য বাড়তি টাকা আমরা আপনাদের দেব। কোনওভাবেই তাদের বঞ্চিত করবেন না।' হয়ত কোনও আই. এম. পি.-র এক্ষেত্রে অসুবিধা থাকতে পারে, কিন্তু তেমন কোনও ক্ষোভের কথা আমাদের কাছে পৌছায়নি। চিকিৎসার সুযোগ ধীরে ধীরে বাড়াবার অনেক প্রচেষ্টা আমরা করেছি এবং এখনও করে যাচ্ছি। আগামী দিনে আপনাদের পরামর্শ পেলে শ্রমজীবী মানুষের কাছে আরও কি সাহায্য, কি মেডিক্যাল বেনিফিট পৌঁছে দেওয়া যায় তার চেষ্টা আমরা করব। তবে বলতে পারেন যে, মালিক পক্ষের কাছে ই. এস. আই.-র পাওনা টাকা অনেক পড়ে রয়েছে। আমার কাছে হিসাব আছে, ৯১ কোটি ৬১ লক্ষ টাকা মালিকদের কাছে পাওনা রয়েছে এবং এর ম্যাকসিমামটাই পড়ে রয়েছে চটকল মালিকদের কাছে। এবং যাদের কাছে পাওনাটা রয়েছে তার বেশিরভাগই গেছে বি. আই. এফ. আর.-যে। ফলে টাকা আদায় করতে অসুবিধা দেখা দিয়েছে। অবশ্য টাকাটা আদায় করা কর্পোরেশনের দায়িত্ব। বিগত বছর থেকে গত বছর, অর্থাৎ ১৯৯৫-৯৬ সাল থেকে ১৯৯৬-৯৭ সালে আদায়টা অবশ্য ভাল হয়েছে। তবে আরও তৎপর হলে আমাদের শ্রমিকরা বঞ্চিত হবেন না। যাতে তৎপরতা আন্তরিকতার সঙ্গে বাড়ে তারজন্য আমরা অবশ্যই চেষ্টা করে দেখব।

[6-00 — 6-10 p.m.]

আমার দপ্তর সম্পর্কে আপনাদের কাছে বললাম। এর পর আমি আসছি আমাদের মূল শ্রম দপ্তরের বিষয়ে। এই ব্যাপারে আমি আপনাদের কাছে বেশি সময় নেব না। বিশেষ করে ছাঁটাই প্রস্তাবের উপর ২-৪টি বিষয়ে আলোচনা করলে সমস্ত জিনিসের উত্তর দেওয়া হবে। প্রথমে সৌগতবাবু কয়েকটি বিষয় বলেছেন। তিনি যে হিসাব দিয়েছেন সেটা কিভাবে দেখিয়েছেন আমি জানি না। তিনি বলেছেন ইন্সপেকশন হয়েছে মাত্র ৯৫৩৮টি। এই সংখ্যাটা উনি কোথা থেকে পেলেন আমি জানি না। আমার হিসাব হচ্ছে ইন্সপেকশন হয়েছে ২,৪,৫৩৮টি। এতগুলি ইন্সপেকশন হয়েছে বলে আত্মসন্তুষ্টির কোনও জায়গা নেই। এখন প্রেজেন্ট যে ইন্সপেকশন হয়েছে তার কথা বলছি। এই ইন্সপেকশন যত বাড়ানো যায় ততই ভাল। এই ইন্সপেকশন বাড়ানো হয়েছে বলে জানবেন ফ্যাটাল এবং নন-ফ্যাটাল আগে যা ছিল সেটা যদি দেখেন তাহলে দেখবেন ফ্যাটাল এবং নন-ফ্যাটাল অনেক কমে গিয়েছে। ইন্সপেশন বাড়ানো হয়নি এটা বলা ঠিক নয়। ইন্সপেকশন যদি আরও বাড়ানো যেত তাহলে আরও ভাল হত। আপনারা এর উপর জোর দেবার কথা বলেছেন, এই পরামর্শ আমরা মনে রাখব। আপনারা অনেকে বন্ধ বিড়ি কারখানা খোলার কথা বলেছেন। বাস্তব কথা বলেছেন। বিড়ি কারখানাগুলির পদ্ধতি এখন উল্টো হয়েছে। চুক্তির মাধ্যমে সমস্ত কিছু হচ্ছে। তবে এই ব্যাপারে আমরা

চেষ্টা চালিয়ে যাচ্ছি, এই ব্যাপারে আমাদের কোনও মুলতুবি প্রস্তাব নেই। বন্ধ কারখানা খোলার কথা বলেছেন, তার পুনর্বিন্যাসের কথা বলেছেন, সেই ব্যাপারে কি অগ্রগতি হয়েছে জানতে চেয়েছেন। এই বিষয়ে কিন্তু অনেকটা সরকার পক্ষের সদস্যরা উত্তর দিয়ে দিয়েছেন। এই ব্যাপারে সরকার পক্ষের অনেক বক্তা কেন কারখানা বন্ধ হচ্ছে কেন কারখানা খোলা যাছে না কোনও জায়গায় অসুবিধা হচ্ছে সমস্ত কিছু বলেছেন। আপনারা যখন কেন্দ্রে কংগ্রেস সরকারে ছিলেন তখন আপনারা বিপুলভাবে শিল্পজাত দ্রব্যের আমদানি বাড়িয়ে দিয়েছেন। এই শিল্পজাত দ্রব্যের আমদানি বাড়ানোর ফলে এখানকার কারখানার মালিকরা বাজার পাচ্ছে না। যদি তারা বাজার না পায় তাহলে কি করে তার শিল্পকে বাঁচিয়ে রাখতে পারবে? পুরানো শিল্পকে আধুনিকীকরণের কোনও পরিকল্পনা যদি কেন্দ্রীয় সরকারের না থাকে তাহলে কি করে শিল্পগুলিকে বাঁচিয়ে রাখতে পারবে বলুন? অটোমেটিক্যালি আজকে শিল্পের এই হাল হয়েছে। তথাপিও আমরা বন্ধ কলকারখানা খোলার চেষ্টা করছি। কারখানা খোলা ছাঁটাই লক আউট এইগুলি বন্ধ করার চেষ্টা করছি, আমরা বসে নেই। শ্রমিকদের কল্যাণের জন্য যতটুকু করার সেটা করার চেষ্টা করছি। আমার মূল যেটা বক্তব্য সেটা হচ্ছে শ্রমিকদের কল্যাণের জন্য স্ট্রাইক বলুন, লক আউট বলুন সেটা কমাবার চেষ্টা করছি। আপনারা যদি এই হিসাবটা দেখেন তাহলে বুঝতে পারবেন আমরা কি ধরনের চেষ্টা করছি। ১৯৯৫ সালে ১২৯টি স্ট্রাইক হয়েছিল, যেখানে ৩ লক্ষের মতো শ্রমিক তাতে যুক্ত ছিল। আর ১৯৯৬ সালে সেই স্ট্রাইক নেমে দাঁড়িয়েছে ৪৭টিতে। আমরা চেষ্টা করছি আলাপ-আলোচনার মাধ্যমে কি ভাবে শ্রমিক মালিকদের বিরোধ মিটিয়ে নিয়ে স্ট্রাইক, লক আউট বন্ধ করা যায়। তবে শ্রেণী বৈষম্য আছে, শ্রেণী বৈষম্য থাকবে লক আউট ধর্মঘট হবে না এটা বলা যাবে না। এই শ্রেণী বৈষম্য আছে বলেই শ্রেণী সংগ্রাম চলছে। শ্রম আদালত শিল্প ট্রাইব্যুনালের কথা বলা হয়েছে, তারা কোনও কাজ করছে না। এই কথা ঠিক নয়, তারা কাজ করছে এটা ঘটনা। তারা এই কাজগুলি করেছিল বলেই মামলার সংখ্যা কমেছে। এটা আমি আত্ম সন্তুষ্টির কথা বলছি না, আপনারা বিরোধিতা করেছিলেন বলেই আমি এই কথা বলছি। তাদের কাজের পরিচয় আছে। ১৯৯২ সালে এই শ্রম আদালত শিল্প ট্রাইব্যুনালে ৩,৫৫৩টি কেস ছিল, ১৯৯৬ সালে সেই কেস ২,৩৭৯টি কেসে নেমে এসেছে। তা ছাড়া এর আদালতের ব্যাপাবে অনেকগুলি অসুবিধা আছে। এই আদালতে বিচারপতি পুনরায় নিয়োগ করার ক্ষেত্রে অনেক ঝামেলা আছে, হাই-কোর্টকে লিখতে হবে, আইন দপ্তরকে লিখতে হবে। তবে এই আদালতের কাজ আরও বাড়ানো গেলে ফল ভাল হবে এবং আপনারা নিশ্চয়ই খুশি হবেন। আপনারা বলেছেন চলচিত্র শিল্পের কলা-কুশলি শিল্পীদের এই আদালতের আওতায় আনা যাবে না। কারণ আপনারা জানেন চলচিত্র শিল্পী কলা-কুশলিদের জন্য পৃথক আইন আছে, সেই আইন হল সিনে ওয়ার্কার্স অ্যান্ড সিনেমা-থিয়েটার ওয়ার্কার্স রেগুলেশন এমপ্লইজ অ্যাক্ট ১৯৮১।

এই আইনবলে কলাকুশলিদের সেখানে দেওয়া হয়। তাদের সন্তান-সন্ততিদের যতটুকু সাহায্য করা যায় তা করা হয়। একজন প্রশ্ন তুলেছেন, ওয়েলফেয়ার কমিশনার কেন রাখছেন না? এখানে কেন্দ্রীয় সরকারের একজন আছেন। চলচ্চিত্রে যারা চিহ্নিত তাদের সংখ্যা খুবই কম, সীমিত সংখ্যক আছেন। যদি প্রয়োজন হয়, শ্রমিকদের নিয়ে যদি বেশি হয়,

তাদের কল্যাণে যদি ওয়েলফেয়ার কমিশনার আমাদের নিযুক্ত করতে হয়, আমরা নিশ্চয়ই নিযুক্ত করব। পি. এফ., গ্রাচুইটির ক্ষেত্রে বলা হয়েছে, রাজ্য সরকারের কেন ব্যর্থতা আছে। আমরা কখনও পি. এফ., গ্রাচুইটির টাকা আদায় করি না। এটা কেন্দ্রীয় সরকারের মধ্যে পড়ে। তবে নীতিগত ভাবে আমরা অস্বীকার করি না। আমরা রিজিওন্যাল বোর্ডকে, রিজিওন্যাল ডাইরেক্টরকে বলি। তাদের হাতে যতটুকু আইনে আছে বুঝি, সেইভাবে আমরা তৎপর আছি। আমরা যা দেখেছি, এখনও পর্যন্ত সেই ধরনের আশানুরূপ ক্রিয়াকলাপ তাদের কাছ থেকে আমরা পাইনি। তবে আপনাদের বলি, যতটুকু শুনেছি, পি. এফ., গ্রাচুইটি, ই. এস. আই.-এর টাকা পয়সা দেয়নি, এমন পাঁচটি জুট মিলের ব্যাঙ্ক অ্যাকাউন্ট আমরা সিলড করে দিয়েছি। সৌগতবাবু এখানে চাইল্ড লেবার নিয়ে একটা কাট মোশন এনেছেন। কৌটিল্যের অর্থশাস্ত্র খুলে দেখবেন, সেখানে তারমধ্যে চাইল্ড লেবারের কথা রয়েছে। এটি বহু পুরাতন একটি বিষয়। আমাদের ভারতবর্ষে প্রায় ৫০ ভাগ মানুষ নিপীড়িত। যদি ভারতবর্ষের গড় ধরেন, এখানে মহিলা নিরক্ষরতার সংখ্যা প্রায় ৫০ শতাংশ। এই জায়গায় দাঁড়িয়ে চাইল্ড লেবারকে বিলোপ করা সম্ভব নয়। তবে আমরা চেষ্টা চালিয়ে যাব। একই সাথে দারিদ্র দূরীকরণ কর্মসূচি, শিক্ষা কর্মসূচি গোটা ভারতবর্ষব্যাপী চলা দরকার। আমরা সাফল্যের সঙ্গে সেই কাজ চালাচ্ছি। এখানে সাক্ষরতা অভিযান চলছে, শিক্ষার হারও বাড়ছে। এখানে প্রাইমারি স্কুল বলুন, মাধ্যমিক স্কুল বলুন—চাইল্ড লেবার যারা পাঠান, যে ক্লাসের লোকরা পাঠান, সেই ক্লাসের ছাত্র-ছাত্রীদের সংখ্যা এখানে বেড়েছে। আশানুরূপ না হলেও বেড়েছে। আগে গ্রাম থেকে এই সমস্ত চাইল্ড লেবারদের শহরে গঞ্জে বাবুদের বাড়িতে কাজ করতে যারা পাঠাতেন, আজকে তারা পাঠাচ্ছেন না। সুপ্রিম কোর্টের যে রায় হয়েছে, তারা যে পরামর্শ দিয়েছেন, যে উপদেশ দিয়েছেন, আমরা সেই অনুযায়ী তৎপর আছি। হ্যাজার্ডাস অবস্থায় কত চাইল্ড লেবার আছে, তার যে পরিসংখ্যান বেরিয়েছে তাতে আমরা সন্তুষ্ট নই। এটা যারা সার্ভে করেছেন, তাদের আমরা বলেছি, আমাদের আবার এরজন্য সার্ভে করে দেখতে হবে। যেটা বেরিয়েছে, আপনারা দেখেছেন যে, আতশবাজি কারখানায় তিনজন মারা গেছে। সেই কারখানার মালিককে শাস্তি দেওয়া হয়েছে। ইঞ্জিনিয়ারিং শিল্পের একজন মালিককে দশ হাজার টাকা ফাইন করা হয়েছে। সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী—যেহেতু চাইল্ড লেবার যারা পাঠান, তারা মুখ খুলছেন না, হঠাৎ করে গেলে মালিকরা স্বীকার করেন না যে তারা চাইল্ড লেবার রেখেছেন—এগুলো আমাদের দেখতে হবে। বিশ্বায়নের চাপ এখানেও এসে পড়েছে। রপ্তানি শিল্পে ম্যাকসিমাম এদের দেখা যায়। এরা ইউনিয়ন করতে পারে না। এদের কম পয়সায় ব্যবহার করা হচ্ছে। এই ব্যাপারে ট্রেড ইউনিয়নগুলোর সহযোগিতা লাগবে, আপনারা যারা জনপ্রতিনিধি আছেন, আপনাদের সহযোগিতা লাগবে। আমরা সকলেই যদি সহযোগিতা করি তাহলে এটাকে আমরা দূরীভূত করতে পারব। আই. এল. ও. এবং পি. এল. ও.-র সহযোগিতায় আমরা ৬টি জেলায় কিছু স্কুল করেছি, তার পরিসংখ্যান দেওয়া হয়েছে। তবে আমরা এতে সন্তুষ্ট নই। তারজন্য আমরা লিখছি। পরিকল্পনা করে আমরা কেন্দ্রকে লিখছি। যারা বলছেন বর্তমান কেন্দ্রীয় সরকারকে তো আপনারা সমর্থন করছেন, ওখানে বলুন না, কংগ্রেসকে বলছেন কেন, আমি তাদের বলব, ৫০ বছরে তারা কি কাজ করে রেখেছেন তা একটু দেখুন।

[6-10 — 6-19 p.m.]

আজকে কেন্দ্রের যে সরকার তারা বিচ্ছিন্ন কর্মসূচি গ্রহণ করেছে, সেখানে এই সরকার যদি আমাদের বিরোধী বা শ্রম বিরোধী কাজ করেন তাহলে নিশ্চয় তার বিরোধিতা করব। আপনারা যা করে গেছেন তার কৃতকর্মের ফল অভিশাপ হিসাবে আজকে আমাদের উপরে বর্তেছে। আপনারা যে উদারনীতি প্রভৃতি বসিয়ে দিয়ে গেছিলেন সেগুলোকেই বহন করে নিয়ে যেতে হচ্ছে। আপনারা যে কাজ করে গেছেন সেটাকেই টেনে নিয়ে যাচ্ছি। অর্থাৎ খানিকটা আপনাদের ঐতিহ্য রক্ষা করতে বাধ্য হচ্ছেন, কারণ যে যে বিষয়ে আপনারা সই করে গেছেন, সেই দায়িত্বের বোঝা বয়ে বেড়াতে হচ্ছে। আমার সময় খুবই অল্প সেই কারণে আমি শেষ করব। তবে শেষ করার আগে আপনাদের একটু স্মরণ করিয়ে দিতে চাই যেটা মিনিস্ট্রি অফ লেবার গভর্নমেন্ট অফ ইন্ডিয়া তার অ্যানুয়াল রিপোর্ট ১৯৯৬-৯৭ সালে বার করেছে, তার পেজ ১৯২-তে যে মন্তব্য করেছে সেটা পড়ে দিচ্ছি—"The labour force is projected to increase of about 35 million during the 92-97 and further of 36 million during the 97-2002. Thus the total number of persons requiring employment will be 58 million during the 92-97 and 94 million over the 10 years period 92-2002." এটাতে বিশাল শ্রমশক্তিকে কাজে লাগানোর কথা বলেছে এবং এই শ্রমশক্তিকে কাজে লাগাতে পারলে পরে শিল্পের বিকাশ ঘটানো সম্ভব এই কথা বলেছে। তবে ভারতবর্ষের যে আর্থ সমাজিক কাঠামো এবং তাতে আগেকার কংগ্রেস সরকার যে শিল্পনীতি, অর্থনীতি গ্রহণ করেছিলেন, তার উপরে দাঁড়িয়ে কতটা এগোনো যাবে তা এখনই বলা সম্ভব নয়। তবে তারই মধ্যে আমাদের এগোতে হবে আর এরমধ্যে দাঁড়িয়ে শ্রমকল্যাণের কথা ভাবাও যাবে না। তবে পশ্চিমবঙ্গ সম্পর্কে আমি বলতে পারি এখানে যে পরিস্থিতি তাতে এখানে শিল্পের একটা অনুকুল পরিবেশ তৈরি হয়েছে। আপনারা যারা 'মৌ মৌ' নিয়ে অনেক ঠাট্টা করেছেন, তাদের বলি ও মৌ এর দ্বারা আমাদের অনেক উপকার হয়েছে। আসলে আপনারা চান না যে শিল্প এখানে গড়ে উঠুক, শিল্পের অনুকূল পরিবেশ সৃষ্টি হোক তার আপনারা বিরোধী। আজকে পশ্চিমবঙ্গে শিল্পের পরিবেশ সৃষ্টি হয়েছে বলেই শুধু যে শ্রমিক শ্রেণী মানুষ উপকৃত হবে তাই নয়, এর দ্বারা শ্রমজীবী মানুষও উপকৃত হবেন। পরিসমাপ্তি হিসাবে আমি বলতে চাই যে, শিল্পোন্নয়নের মান উন্নত করতে হলে শ্রমের যেটা প্রধান কথা শ্রম নিবিড় শিল্পেরই বিকাশ এবং শ্রম নিবিড় শিল্পের বিন্যাস—সেটা করতে হবে। আমি এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের অবগত করাতে চাই যে, আমরা শ্রম নিবিড় শিল্পের বিন্যাসের দিকে নজর দিয়েছি এবং নবম অর্থ কমিশনের কাছে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী সুস্পষ্টভাবে সেকথা ব্যক্ত করেছেন। আমরা শ্রম কল্যাণের দিকে নজর দিয়েছি। তাদের জীবন ধারণের মানোন্নয়ন। তাদের জীবনের সুনিশ্চিয়তার দিকে আমরা নজর দিয়েছি। বস্তুত আমরা শ্রমিকদের উন্নয়নের জন্য অঙ্গীকারবদ্ধ। ভারতবর্ষে আর্থ সামাজিক অবস্থার মধ্যে থেকেও আমরা আমাদের অঙ্গীকারের কাজ করছি এবং সেই অঙ্গীকার আমরা পালন করতে চাই সেই কারণেই আমরা আপনাদের পূর্ণ সহযোগিতা এবং পরামর্শ চাই, সেই সঙ্গে আপনাদের আনীত কাটমোশনের বিরোধিতা করে আমার আনীত বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** There are 32 cut motions to demand no. 39. All the cut motions are in order and taken as moved. I put all the cut motions to vote excepting cut motions (No. 4, 5, 6, 7 and 29) on which I understand a division will be demanded.

The Cut motion that the amount of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The Cut motions (Nos. 2, 3, 8 to 28 and 30 to 39) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost..

The Cut motions (Nos. 4, 5, 6, 7 and 29) that the amount of the demand be reduced by Rs. 100/-, were then put and a division taken with the following results.

**NOES**

Abu Ayes Mondal, Shri

Bagdi, Shri Kiriti

Banerjee, Shri Debabrata

Barman, Shri Jogesh Chandra

Basu, Shri Baren

Bera, Shrimati Chhaya

Biswas, Shrimati Susmita

Chatterjee, Shri Pratim

Chowdhury, Shri Jayanta

Chowdhury, Shri Nani Gopal

Das, Shri Ananda Gopal

Das, Shri Pushpa Chandra

Dey (Bose), Shrimati Ibha

Dhar, Shri Padmanidhi

Duley, Shri Krishna Prasad

Dutta, Shri Himangsu

Ganguly, Shrimati Kanika

Ghosh, Shri Sunil Kumar

Giri, Shri Ashoke

Goswami, Shri Subhas

Hembram, Shri Rabindranath

Kabi, Shri Pelab

Kundu, Shri Ranjit

Majhi, Shri Nanda Dulal

Majhi, Shri Tamal

Mandal, Dr. Ramchandra

Md. Yakub, Shri

Mehta, Shri Nishikanta

Minj, Shri Prakash

Misra, Dr. Surya Kanta

Mistry, Shri Bimal

Mondal, Shri Rabindranath

Nanda, Shri Brahmamoy

Nazmul Haque, Shri

Patra, Shri Manoranjan

Rana, Shrimati Shakti

Sanyal, Shri Kamalendu

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Tirkey, Shri Monohar

**AYES**

Abdus Salam Munshi, Shri

Akbar Ali Khandokar, Shri

Banerjee, Shri Ambica

Basu, Dr. Hoimi

Biswas, Shri Shashanka Shekhor

De, Shri Ajoy

Mandal, Shri Tushar Kanti

Manjhi, Shri Ramjanam

Mondal, Shri Ramprabesh

Mukherjee, Shri Ashoke

Mukherjee, Shri Kamal

**Abst :**

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 11 and Noes 40 the cut motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 48,12,25,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labour and Employment" during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 16,05,00,000 already voted on account.) was then put and agreed to.

## Adjournment

At this stage the House was adjourned at 6-19 p.m. till 11 a.m. on Friday, the 13th June, 1997 at the Assembly House, Calcutta - 1.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 13th June, 1997 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 20 Ministers, 8 Ministers of State, and 177 Members.

[11-00 — 11-10 a.m.]

### Held Over Starred Questions (to which written Answers were laid on the Table)

**সেতু থেকে টোল-ট্যাক্স**

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি এবং শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে কতগুলি সেতু থেকে টোল-ট্যাক্স আদায় করা হয় ;

(খ) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছর দুটিতে আদায়কৃত টোল-ট্যাক্সের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত সময়ে

(১) টোল-ট্যাক্স কর্মিদের বেতন বাবদ কত টাকা ব্যয় হয়েছে ; এবং

(২) নতুন সেতু নির্মাণে এবং সংস্কারের জন্য কত টাকা ব্যয় করা হয়েছে ?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ১৯ (উনিশটি) সেতু থেকে।

(খ) উক্ত দুটি বছরে মোট আদায়ীকৃত টোল-ট্যাক্সের পরিমাণ প্রায় ৩৮০.২৪ লক্ষ টাকা।

(গ) উক্ত সময়ে

(১) বেতন ও অন্যান্য বাবদ মোট খরচের পরিমাণ প্রায় ৬৩.৬০ লক্ষ টাকা।

(২) নির্মাণ ও সংস্কারের জন্য ব্যয়ের পরিমাণ প্রায় ১১.৫০ কোটি।

(Held over * Question No. 262 & 263—Held Over)

## Number of posts reserved for SC and ST

*416. (Admitted question No. *1391) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the number of posts reserved for Scheduled Castes/Tribes (Categorywise) in the West Bengal Essential Commodities Supply Corporation Limited ;

(b) present position of backlog of vacancies (Categorywise) ;

(c) the steps being taken to fill up these vacancies ?

**Minister-in-charge of the Food & Supplies Department :**

(a)

| Group | Total No. of Employees | No. of SC emp. | No. of ST emp. |
|---|---|---|---|
| A | 96 | 9 | — |
| B | 260 | 44 | 9 |
| C | 173 | 35 | — |
| D | 32 | 56 | 16 |
| Total : | 761 | 144 | 25 |

(b) No back-log of vacancies reserved for SC & ST exists now.

(c) Does not arise.

## Starred Questions (to which oral Answers were given)

**Mr. Speaker :** The questions of Hon'ble Labour Minister will be held over today.

## রাজ্যে গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা

*৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭১) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা কত ;

(খ) গ্রামীণ এলাকায় নতুন গ্রন্থাগার অনুমোদন দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, তার সংখ্যা কত (জেলাওয়ারি)?

**শ্রী নিমাই মাল ঃ**

(ক) ২,২৮৭টি।

(খ) আছে। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (১৯৯৭-২০০২) রাজ্যে আরও গ্রামীণ গ্রন্থাগার খোলার পরিকল্পনা সরকারের আছে।

(গ) ভবিষ্যতে এই ব্যাপারে সুনির্দিষ্ট পরিকল্পনা গৃহীত হলে সংখ্যাটি তখনই নির্ধারিত হবে।

**শ্রী মোজ্জামেল হক ঃ** শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে সরকার অনুমোদিত গ্রন্থাগারের সংখ্যা কত?

**শ্রী নিমাই মাল ঃ** আপনি নির্দিষ্টভাবে প্রশ্ন করবেন তখন উত্তর দেওয়া যাবে।

**শ্রী মোজ্জামেল হক ঃ** এখনও পর্যন্ত যে গ্রন্থাগার সরকার অনুমোদিত নয়, শহরে এবং গ্রামে এই রকম সংখ্যা কত?

**শ্রী নিমাই মাল ঃ** আপনি নির্দিষ্টভাবে জানতে চাইলে আমি উত্তর দিতে পারব।

**হাসপাতালে পরিষেবার গুণগত মান-উন্নয়ন**

*৫৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৮) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মহকুমা ও সদর হাসপাতালগুলিতে পরিষেবার গুণগত মান-উন্নয়নের জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কিরূপ?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) মধ্যস্তরের সমস্ত হাসপাতালগুলির সংস্কারসহ পরিবর্ধন, উন্নতমানের যন্ত্রপাতি সরবরাহ, চিকিৎসকসহ সমস্ত শ্রেণীর কর্মচারিদের প্রশিক্ষণ কর্মসূচি এবং প্রয়োজনে উন্নততর চিকিৎসার জন্য রোগীদের আরও উন্নততর পরিষেবা যুক্ত হাসপাতালে স্থানান্তরিতকরণের উন্নত ব্যবস্থা গ্রহণ। গ্রামীণ হাসপাতালগুলিতেও মেডিসিন, সার্জারি, গাইনোকোলজি ও অবস্টেট্রিক বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগ করার পরিকল্পনা রয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি তো মহকুমা সদর এবং গ্রামীণ হাসপাতালের মানোন্নয়নের কথা বললেন। কিন্তু এখন যে অবস্থা চলছে, অনেক রুর‍্যাল

হাসপাতাল আমাদের নলেজে আছে, গুণগত প্রশ্ন বাদ দিলেও, অ্যাম্বুলেন্স পর্যন্ত নেই। এমনও হয়েছে যে বাড়ি তৈরি হয়েছে, অপারেশন থিয়েটার আছে সমস্ত ব্যবস্থাপনা আছে কিন্তু ডাক্তার নেই। এই ধরনের অবস্থা হচ্ছে। ডাক্তার এবং গুণগত উন্নয়নের প্রশ্ন ওতপ্রোতভাবে জড়িত। সাধারণভাবে যা ঘোষণা করা হয়েছে বাস্তবে তার সঙ্গে কোনও মিল নেই। আমি তাই জানতে চাইব এই বিষয়গুলো জেলা থেকে সমস্ত ইনফরমেশন নিয়ে প্রাথমিক উন্নয়নের জন্য, প্রাথমিক শর্ত পূরণ করার জন্য যা যা করা দরকার আপনার প্রাথমিক ব্যবস্থাপনায় আপনি সেগুলো গ্রহণ করবেন কি না?

**শ্রী পার্থ দে ঃ** এই যে প্রকল্প এখানে আলোচনা হল, প্রশ্নের মধ্যে যেটা আছে, সেটা হল এইগুলো উন্নয়ন করার জন্য কি পদ্ধতি নেওয়া হচ্ছে, এটা বলে দিলেই আপনার কাছে এটা বুঝতে সুবিধা হবে। বিভিন্ন জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল, যেগুলো রাষ্ট্রীয় হাসপাতাল বলা হয় এবং গ্রামীণ হাসপাতাল, তাছাড়া সুন্দরবনের কিছু প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ৩২টা এটা নিয়ে হচ্ছে এই প্রকল্প। এই প্রকল্পের যেটা নির্ধারিত দিক আছে। কিছু কিছু কাজ শুরু হয়েছে। তার অনেকগুলো দিক আছে। এই ব্যবস্থাপনায় কিভাবে উন্নয়ন করা যায়, সেটা করার জন্য অন্যতম কাজ হল হাসপাতালের উপর থেকে একেবারে তলা পর্যন্ত, একেবারে ডাক্তার থেকে শুরু করে কর্মী পর্যন্ত তাদের একটা প্রশিক্ষণ। প্রত্যেকটা হাসপাতাল কি কাজ করার জন্য নির্ধারিত এটা তারা যেমন জানবেন তেমনি যারা হাসপাতাল থেকে পরিষেবা গ্রহণ করবে, তাদেরও জানতে হবে এই হাসপাতালের কাজ এইটুকু। গ্রামীণ হাসপাতাল, সাব-ডিভিসনাল হাসপাতাল, জেলা হাসপাতাল প্রত্যেকের জন্য নির্ধারিত কাজ আছে। সেই কাজের ভিত্তিতে তাকে প্রস্তুত থাকতে হবে। যারা চিকিৎসার জন্য আসবে তারাও যেন জানে এখানে কি ধরনের পরিষেবা পাওয়া যাবে। স্বাভাবিকভাবে সব স্তরে সব কাজ পাওয়া যাবে না তখন প্রশ্ন আসে পাঠিয়ে দেওয়ার। পাঠিয়ে দেওয়া মানে শুধু পরামর্শ নয়। পাঠিয়ে দেওয়ার জন্য যোগাযোগ ব্যবস্থা থাকা দরকার। যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করার জন্য আমরা এই প্রকল্পে হাসপাতালকে যোগাযোগ ব্যবস্থার সঙ্গে যুক্ত করেছি। কিছু হাসপাতাল ইতিমধ্যেই বিভিন্ন জেলায় অ্যাম্বুলেন্স সংগ্রহ করে নিয়েছে। এটা বিকেন্দ্রিত। এটা কেন্দ্র থেকে পাঠানো হয় না। জেলায় যে স্বাস্থ্য কমিটি আছে তাদের আমরা বলে দিয়েছি কি করে এটা সংগ্রহ করবে। আর যেটা আছে, তাদের প্রশিক্ষণ। এই প্রশিক্ষণ শুধু ডাক্তারদের জন্যই নয়, যারা পরিচালন ব্যবস্থার সঙ্গে যুক্ত, যারা সরাসরি চিকিৎসা ব্যবস্থার সঙ্গে যুক্ত তাদেরও এই প্রশিক্ষণ দেওয়া হবে। আমাদের যেটা এখনও শুরু হয়নি সেটা হচ্ছে কাঠামো অর্থাৎ পাবলিক ওয়ার্কস—এটা এখনও শুরু হয়নি তার কারণ হচ্ছে এই যে অনেকগুলো ধাপের ভিতর দিয়ে এই কাজটা করতে হবে বলে এই কাজটা এখনও শুরু হয়নি। সেজন্য প্রথম ও দ্বিতীয় ধাপগুলো শুরু হয়েছে। পরবর্তীকালের কাজগুলো পরে শুরু হবে।

[11-10 — 11-20 a.m.]

এইভাবে উন্নত করবার চেষ্টা করা হচ্ছে। আর চিকিৎসকের ব্যাপারে বলি যে, চিকিৎসক ইতিমধ্যে যে থাকার কথা, সেটা পরিপূর্ণ কোনও সময়ই থাকে না। কিছু কম সব সময়ই

থাকে। এটাই সাধারণ চিত্র। সেইজন্য আমরা এটা নির্ধারণ করেছিলাম যে, সরাসরি চুক্তির ভিত্তিতে চিকিৎসক নিয়োগ করা হবে। দুটো ধাপে করা হয়েছে। দ্বিতীয় ধাপে আরও কিছু এই রকম ভাবে নিয়োগ করার চেষ্টা করা হচ্ছে। কয়েকটা জেলায় ইতিমধ্যে এগিয়ে গেছে। কয়েকটা জেলায় ধীরে চলছে। কিন্তু সরাসরি চুক্তিতে চিকিৎসক নিয়োগ করা হয়েছে এবং তারা অনেক জায়গায় এসেছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আমি বলছি যে, এই মান উন্নয়নের পরিকল্পনাটা হচ্ছে বহুমুখী পরিকল্পনা আমি বলতে চাইছি যে, এই প্রকল্পের মধ্যে জেলা হাসপাতালগুলিতে অনেকগুলি চিকিৎসা হয় না। এই চিকিৎসাগুলি হচ্ছে ইউরোলজি, নিউরোলজি, চেস্ট ইত্যাদি। এই জেলা হাসপাতালগুলিতে সামগ্রিক চিকিৎসার ব্যবস্থা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি? কারণ আমরা দেখছি যে, এইসব রোগের ক্ষেত্রে মানুষকে কলকাতায় আসতে হচ্ছে এবং এখানে তাদের থাকারও অনেক অসুবিধা আছে।

**শ্রী পার্থ দে :** মাননীয় সদস্যকে একটা তথ্য দিলে ব্যাপারটা পরিষ্কার হবে বলে আমার ধারণা। কিছু কিছু ব্যাপার আছে, যাকে সাধারণভাবে বলা হয় সুপার স্পেশ্যালিটি। কোন কোন ব্যাপারে চিকিৎসা করা সম্ভব জেলা হাসপাতালে, সেটা না দিয়ে, কোন কোন বিষয়ে জেলা হাসপাতালে চিকিৎসা হবে না, তার একটা তালিকা দিলে বুঝতে পারবেন। Surgical side—(1) All Cases of Malignancy, (2) Spinal Trauma requiring surgery, (3) Head Injury with S.O.L., (4) Penetrating injury of chest and Brain, (5) All Opthalmological cases complicated with secondary diseases, (6) ENT—Speech Therapy and Rehabilitation, (7) Dental : All malignant cases—complicated Tumors, Facial Bone.

Medical Side—(1) All cases of Malignancy, (2) Neurological cases which require sophisticated investigation and surgical interference, (3) Endocrine disorders requiring sophisticated investigations and then referred back to secondary hospitals, (4) Stroke cases below 40 years and unconcious, (5) Terminal Lung disease, (6) Acute Hepatic failure, (7) Acute Pancreatitis, (8) Jaundice with unconciousness, (9) Secondary Hypertension-Endocrine, Renal, (10) Resistant cases of Kalaazar, (1) All cases requiring Haemodialysis. এগুলি জেলা হাসপাতালে হবে না। আর সুপার স্পেশ্যালিটি হসপিটাল যেগুলি আছে, সেখানে করা যায় কিনা, সেটা ভাবা হচ্ছে। এটা আলাদা প্রোজেক্ট। বাকি কোনটা জেলায় হবে কোন মহকুমায় হবে, সেটা দেখা হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আপনি বললেন যে, কন্টাক্ট বেসিসে ডাক্তার নিয়োগ করছেন। এতে ৬ হাজার টাকা দিচ্ছেন এবং এটা দেওয়ার সময় অন্য কোনও অ্যালাওন্সেস দিচ্ছেন না। আমাদের কাছে খবর হচ্ছে যে, ডাক্তাররা অ্যাপয়েন্টমেন্ট পাওয়ার পরও যাচ্ছে না। ৬ হাজার টাকার সাথে সাথে অন্যান্য ভাতা না বাড়ালে ডাক্তাররা উৎসাহিত হবে না। এই ব্যাপারে বিবেচনা করছেন কি?

**শ্রী পার্থ দে ঃ** প্রশ্নটা এভাবে আসেনি আমাদের কাছে। এটা ভবিষ্যতে দেখব। তবে এখনও পর্যন্ত যা দেখছি, তাতে চুক্তির ভিত্তিতে ডাক্তারের যোগদান ভালই হচ্ছে, খারাপ নয়।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** অতিরিক্ত প্রশ্ন, স্যার, পশ্চিমবঙ্গে এই মুহূর্তে ডিসমাল কন্ডিশন যে বিভাগটির রয়েছে সেটা হচ্ছে ম্যাটারনিটি এবং চাইল্ড ওয়ার্ড। আপনাদের প্রকল্পের মধ্যে এই ম্যাটারনিটি এবং চাইল্ড ওয়ার্ডের উন্নয়ন সম্পর্কে কোনও প্রস্তাব আছে কি? আপনাদের প্রকল্পের মধ্যে মানুষের মেডিক্যাল এডুকেশনের কোনও বন্দোবস্ত আছে কি? কারণ গ্রামাঞ্চলে আমরা দেখেছি যে সেখানকার হাসপাতালগুলো এবং প্রাইমারি হেলথ সেন্টারগুলো কখনও কবিরাজ চালাচ্ছেন, কখনও হোমিওপ্যাথি ডাক্তার চালাচ্ছেন আবার কখনও কোনও কোয়াক ডাক্তার চালাচ্ছেন। স্বাভাবিকভাবে মেডিক্যাল এডুকেশনের যদি বন্দোবস্ত করা হয় তাহলে আমার মনে হয় গ্রামাঞ্চলের মানুষ উপকৃত হতে পারেন।

**শ্রী পার্থ দে ঃ** এটা বাজেটে আলোচনা হবে। তবে মেডিক্যাল এডুকেশনের নিশ্চয়ই খুবই দরকার আছে। এই প্রকল্পের মধ্যে একটা বিভাগ আছে যাদের কাজ প্রধানত সাধারণ মানুষের সঙ্গে সংযোগ রাখা, যে যে বিষয়গুলো তাদের কাছে পৌঁছে দেওয়া যার সেগুলো তাদের কাছে পৌঁছে দেওয়া এবং তাদের কি কি ব্যাপারে সহযোগিতার দরকার সেটারও আদান-প্রদান হয়। আর মাদার অ্যান্ড চাইল্ড কেয়ার এটা অঙ্গাঙ্গিভাবে জড়িত। এছাড়া নিচের স্তরে যেগুলো আছে, যেমন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং প্রাথমিক স্বাস্থ্য-উপকেন্দ্র, সেখানে এই বিষয় সম্পর্কে আলাদা কিছু প্রকল্পের কথা চিন্তা করছি। কিছু কিছু হয়ত গ্রহণও করব। তবে এটা এই প্রশ্নের বিষয় নয়।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** গ্রামাঞ্চলে যে সাবসিডারি হেলথ সেন্টার এবং নিউ পাবলিক হেলথ সেন্টার আছে, সেখানে আউটডোরে চিকিৎসা করা সরকারের পলিসি। জেলা স্তরে অনেক হাসপাতাল বিশ্বব্যাঙ্কের অধীনে কাজকর্ম করছে। সেরকম ব্লক স্তরে হাসপাতালগুলোকে বিশ্বব্যাঙ্কের অধীনে এনে কাজকর্ম করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না সেটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই।

**শ্রী পার্থ দে ঃ** একমাত্র দক্ষিণ-২৪ পরগনা জেলার ৮টি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ২৪টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এই প্রকল্পের মধ্যে আসছে। এই প্রকল্পটা হচ্ছে হেলথ সিস্টেম ডেভেলপমেন্ট প্রোজেক্ট (২)। আর অন্যান্য জায়গায় এই প্রকল্প রূপায়ণ করা যায় কি না সেটা আলাদাভাবে আলাপ-আলোচনা করা দরকার। সেগুলো এখনও এই প্রকল্পের অধীন নয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, গ্রামীণ স্বাস্থ্য পরিষেবা উন্নয়ন প্রকল্পের কথা আপনি বললেন, এটা আমি স্পেসিফিক ভাবে জানতে চাই যে বিশ্বব্যাঙ্কের ৭০১ কোটি টাকার একটা প্রকল্পের মাধ্যমে গ্রামীণ স্বাস্থ্যপরিষেবা উন্নয়ন প্রকল্প আপনারা নিয়েছেন। এই প্রকল্প সম্পর্কে আমরা শুনতে পাচ্ছি। কিন্তু এই প্রকল্পের ব্যাপারে জেলা পরিষদ এক্সক্লুসিভভাবে কাজ করছে। কিন্তু সেই প্রকল্প রূপায়ণের ব্যাপারে এম. এল. এ. এবং এম. পি.-দের সাজেশন, ইনভলভমেন্ট এবং পার্টিসিপেশন জনস্বার্থের প্রয়োজনে

আছে বলে নিশ্চয়ই আপনারা অস্বীকার করবেন না। কিন্তু এ ব্যাপারে আমরা একেবারে অন্ধকারের মধ্যে রয়েছি।

[11-20 — 11-30 a.m.]

এই প্রকল্পটি কিভাবে রূপায়িত হচ্ছে, এবং এখানে এম. এল. এ.-দের ভূমিকা কি? আমি দক্ষিণ ২৪ পরগনার এম. এল. এ., সুন্দরবন এলাকায় এটি কিভাবে হচ্ছে, তার ব্লু প্রিন্ট কি, জানতে পারব কি? বিশ্বব্যাঙ্কের ৭০১ কোটি টাকার প্রকল্পে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে নতুন চার্জ বা ফি আরোপিত হচ্ছে কি না জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** পৃথক নোটিশ হলে ভাল হত। তবে একটা ব্যাপার বলছি। জেলা স্বাস্থ্য কমিটি এটা কার্যকর করবে। তার চেয়ারম্যান হচ্ছেন জেলা সভাধিপতি। সদস্য হচ্ছেন জেলাশাসক, স্বাস্থ্য স্থায়ী কমিটির কর্মাধ্যক্ষ, জেলা স্তরের সি. এম. ও. এইচ., বিভিন্ন নির্মাণ কার্যের সঙ্গে জড়িত বাস্তুকাররা এবং যেখানে পৌরসভা আছে, সেখানকার প্রধান। এছাড়াও, আপনারা সকলেই জানেন জেলা স্তরে স্বাস্থ্য স্থায়ী কমিটি আছে। জেলা স্তরে আর একটি কমিটি আছে—জেলা পরিকল্পনা কমিটি। এরা পরস্পর পরস্পরের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করবেন। এখানে যেমন যেমন এম. এল. এ.-দের ইনভলভমেন্ট আছে, সেইরকমই হবে। এই যে মাঝারি স্তরের হাসপাতালগুলোয় যে কমিটি, সেখানে বিধানসভা সদস্যরা যারা সংশ্লিষ্ট আছেন, তারা সদস্য হিসাবেই থাকবেন এবং তাদের ভূমিকা পালন করবেন। এর বাইরে কিছু বলার থাকলে সবসময়ই তারা জেলা স্বাস্থ্য কমিটির সঙ্গে যোগাযোগ করতে পারবেন, সাজেশন দিতে পারবেন। স্বাস্থ্য কমিটির সভায় হাজির হয়ে কিছু বলতে চাইলেও বলতে পারবেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** দক্ষিণ ২৪ পরগনা জেলার সদর হাসপাতালটি দক্ষিণ ২৪-পরগনা এবং দক্ষিণ কলকাতার মাঝামাঝি জায়গায় অবস্থিত। ফলে সুদুর সাগর থেকে শুরু করে ভবানীপুর পর্যন্ত বিস্তীর্ণ অঞ্চলের মানুষ চিকিৎসার জন্য এই হাসপাতালে আসে। কিন্তু এই হাসপাতালে নিওরোলজি, ইউরোলজি, কার্ডিওলজি, ই. এন. টি., বার্ন্ট পেসেন্টদের কোনও চিকিৎসার ব্যবস্থাই নেই। ফলে অনেকেই চিকিৎসিত না হয়ে ফিরে যেতে বাধ্য হয় অথবা কোঠারি মেডিক্যাল সেন্টার বা বড় বড় পলিক্লিনিকে হাজার হাজার টাকা দিতে বাধ্য হয়। অথচ এই হাসপাতালের সংলগ্ন ১২ বিঘে জমি রাখা আছে। সমস্ত বিষয়টি পর্যালোচনা করে, ঐ বিস্তীর্ণ অঞ্চলের মানুষের জন্য ঐসব রোগের চিকিৎসার কোনও পরিকল্পনা আছে কি? এই বিষয়টি ভাবছেন কি?

**শ্রী পার্থ দে ঃ** প্রথম কথা হচ্ছে, জেলা স্তরের হাসপাতালে কত দূর পর্যন্ত চিকিৎসা হবে, সেটা আগেই বলেছি। যেগুলো সুপার স্পেশ্যালিটি, জেলা স্তরে হবে না, সেইগুলো অন্যত্র পাঠাতে হবে।

দ্বিতীয়তঃ দক্ষিণ ২৪ পরগনার জেলা হাসপাতাল নিশ্চয় কলকাতার একটি হাসপাতাল, কলকাতাতেই অবস্থিত, এটাই দক্ষিণ ২৪ পরগনার জেলা হাসপাতাল হিসাবে কাজ করছে।

বর্তমানে জেলা হাসপাতাল হিসাবে তাদের যে উন্নয়ন দরকার সেটা ওখানে আছে। সেটা হাসপাতালের চৌহদ্দির মধ্যে হবে, তার থেকে বড় এখন দরকার নেই। তবে হ্যাঁ, দক্ষিণ ২৪ পরগনা ছড়ানো জেলা তার গভীরে এই রকম জেলান্তর হাসপাতাল করার ব্যাপারে আলোচনা হচ্ছে। ঐখানে একটা জমি আছে, সেটা নিয়ে কি করা হবে সেটা একটা প্রশ্ন। স্বাস্থ্য বিভাগের বিভিন্ন দপ্তর নানা জায়গায় ছড়িয়ে আছে। আবার অনেক জায়গায় কাজ করাবার জন্য চেয়ার-টেবিল কিছু নেই। কর্মিদের বসে কাজ করার জায়গা নেই। এই রকম নানা সমস্যা রয়েছে। সেইজন্য স্বাস্থ্য দপ্তরের নিজস্ব একটা ভবনের দরকার আছে। এই রকম একটা চিন্তা আছে। এটা কতদূর হবে সেটা আমরা বলতে পারব না। তবে ঐ জায়গা কিভাবে কাজে লাগানো যায় সেটা দেখা হচ্ছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ১২ বিঘা জমি ১৫০ ফুট রাস্তার পাশে রয়েছে। এই রকম জায়গা ব্রিগেড প্যারেড গ্রাউন্ড ছাড়া কলকাতার আর কোথাও নেই।

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড, নট অ্যালাউড।

**শ্রী আনন্দ বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, কন্ট্রাক্ট সার্ভিসে আমাদের রাজ্যে কিছু ডাক্তার নেওয়া হয়েছে। আমি জানতে চাইছি, আমাদের রাজ্যের কোন কোন জেলাতে কতজন ডাক্তার কন্ট্রাক্ট সার্ভিসে নেওয়া হয়েছে?

**শ্রী পার্থ দে ঃ** এটা জানার জন্য নোটিশ দিতে হবে।

*৫৫০

**মিঃ স্পিকার ঃ** হেল্ড ওভার।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** Sir, on a point of privilege. স্যার, এই প্রশ্ন আমি জানুয়ারি মাসে দিয়েছিলাম। ঐ নির্দিষ্ট কারখানাটি বন্ধ হয়ে গেছে। আর, আজকে জুন মাস। স্যার, মাননীয়া ছায়া বেরা যদি বাজেট পেশ করতে পারেন তাহলে একটা প্রশ্নের উত্তর দিতে পারবেন না?

**Mr. Speaker :** You please take your seat. You have been informed that the Hon'ble Minister-in-Charge for Labour has been admitted in the hospital day before yesterday. He is not in a position to answer. Hon'ble Minister suddenly fall ill and what can be done. Your leaders have been informed in my Chamber. Your party is not working in a cohesive manner. You are behaving in a most disgustful manner. Don't do it. It is unfortunate that the Minister is not in a position to come to the House. Your leaders were informed. If a human being is unwell and admitted in an intensive care unit what can we do ?

**রাজ্যে নতুন রেশন কার্ড বন্টন**

*৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৮) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে নতুন রেশন কার্ড বিলি করা হচ্ছে ;

(খ) সত্যি হলে, নদীয়া জেলায় ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কত কার্ড বিলি করা হয়েছে ; এবং

(গ) কত দরখাস্ত জেলা পরিষদের কাছে এখনও বিবেচনাধীন আছে?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ**

(ক) হ্যাঁ। নতুন রেশন কার্ড দেওয়া হচ্ছে। অ্যাপ্লিকেশন করার পর এনকোয়ারি করে ফর্মালিটি অবজার্ভ করে নতুন কার্ড দেওয়া হয়।

(খ) ৩১-শে ডিসেম্বর '৯৬ পর্যন্ত নদীয়া জেলায় ১ লক্ষ ৬৪ হাজার ৬৩২-টা নতুন কার্ড দেওয়া হয়েছে।

(গ) কোনও দরখাস্ত জেলা-পরিষদের মাধ্যমে নেওয়া যায় না। আর, এরকম কোনও দরখাস্ত জেলা-পরিষদে পেন্ডিং নেই। জেলা-পরিষদে দরখাস্ত দেবার কোনও প্রশ্নও নেই। রেশন কার্ডের জন্য রেশন অফিসে দরখাস্ত দিতে হয়। আর যে নিয়ম আছে, ফর্মালিটি আছে সেই ফর্মালিটি অবজার্ভ করে, এনকোয়ারি করার পরে যদি মনে হয় অ্যাপ্লিকেন্ট জেনুইন আছে তবে তাকে রেশন অফিস থেকে ফুড সাপ্লাই ডিপার্টমেন্টের মাধ্যমে রেশন কার্ড দেওয়া হয়।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** এর আগে পঞ্চায়েত থেকে সার্ভে করে রেশন কার্ড দেওয়া হত, সেই রকম কোনও ভাবনা-চিন্তা আপনার আছে কি? এখন যে ভাবে দেওয়া হয় সেটা হল দরখাস্ত করা হয়, দরখাস্ত করার পর সার্ভে করা হয়, তার পর দেওয়া হয়। ১৯৮৩ সালে গ্রামপঞ্চায়েত থেকে সার্ভে করে কত মানুষ বাকি আছে দেখে রেশন কার্ড বিলি করা হয়েছে। সেই রকম কোনও পরিকল্পনা সরকার ভাবনা-চিন্তা করছেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টের নিজের পার্সোনাল ইন্সপেক্টর আছে। সব জায়গায় রেশন অফিসে ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টররা কাজ করার জন্য আছে। যখন কোনও অ্যাপ্লিকেশন যায়। সেই অ্যাপ্লিকেশন ইন্সপেক্টর দ্বারা এনকোয়ারি করার পর রেশন কার্ড দেওয়া হয়। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হয় না।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** আপনি বিধানসভায় বলেছিলেন ভূয়া রেশন কার্ড ধরার ব্যবস্থা গ্রহণ করেছেন। ভূয়া রেশন কার্ড ধরার কি পদ্ধতি অবলম্বন করেছেন? পঞ্চায়েতের মাধ্যমে

এম. আর. শপ ডিলারের মাধ্যমে এটা ধরা যদি না যায়, তবে কি পদ্ধতি অবলম্বন করলে এই ভূয়া রেশন কার্ড ধরা যাবে?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** এ সম্বন্ধে বলি আমরা ম্যানিং করে রেশন শপে যত ভোগাস রেশন কার্ড আছে সেটা ধরছি। আপনি শুনলে খুশি হবেন যে শুধু দার্জিলিং জেলাতে আমরা ৬৪ হাজার ভূয়া রেশন কার্ড ধরেছি। এই প্রসেস কন্টিনিউ আছে। ম্যানিং করে অফিসাররা যাচ্ছেন তার পর এই কার্ডগুলি ধরা হচ্ছে।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** আমি বোধ হয় ঠিকমতো বোঝাতে পারিনি, আমি যেটা বলতে চাইছি যে পঞ্চায়েতের মাধ্যমে যদি রেজিস্ট্রার রেখে নজরদারি করা যায় তাহলে পঞ্চায়েত অফিস থেকে জানা যাবে যে কত লোক রেশন নিচ্ছে। প্রত্যেকটি রেশন শপে গিয়ে ইন্সপেক্টরের পক্ষে সার্ভে করা সম্ভব নয়। গ্রাম পঞ্চায়েত অফিসে যদি রেজিস্ট্রার দেওয়া হয় তাহলে তারা তদন্ত করে একটা রিপোর্ট পাঠাতে পারে, এই রকম কোনও ভাবনা-চিন্তা করছেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** মাননীয় সদস্যর এটা জানা উচিত যে ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টের প্রত্যেকটি ডিভিসনে সাব-ডিভিসনাল অফিসাররা আছেন, সেই সাথে রয়েছে অ্যাডিশনাল ডাইরেক্টর অফ রেশনিং এইভাবে পুরো ইনফ্রাস্ট্রাকচার আছে। এখনও সেই রকম প্রয়োজন মনে করা হয়নি যে ভূয়া রেশন কার্ড ধরার জন্য কোনও অথরিটিকে দায়িত্ব দেওয়ার। আমার মনে হয় ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট এ ব্যাপারে যথেষ্ট সিরিয়াসলি কাজ করে যাচ্ছে।

**শ্রী অসিত মিত্র ঃ** মন্ত্রী মহাশয়, আপনি কিছুক্ষণ আগে বললেন যে দার্জিলিং জেলায় ৬৪ হাজার ভূয়া রেশন কার্ড আপনার দপ্তর ধরেছে। এই ভূয়া রেশন কার্ডের ব্যাপারে সারা পশ্চিমবাংলায় বহু পত্রপত্রিকায় লেখা হয়েছে, অনেক আলোচনা হয়েছে। দার্জিলিং জেলা বাদ দিয়ে সারা পশ্চিমবাংলায় এখন পর্যন্ত কত ভূয়া রেশন কার্ড ধরতে পেরেছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** থ্রু আউট ওয়েস্ট বেঙ্গলে কত ভূয়া রেশন কার্ড ধরা হয়েছে এটা জানার জন্য আপনাকে নোটিশ দিতে হবে। আজকে আমার প্রশ্ন ছিল নদীয়া জেলা নিয়ে, থ্রু আউট ওয়েস্ট বেঙ্গলের কথা এখনই বলতে পারব না।

**শ্রী সুধন রাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ডুয়ার্সের চা-বাগানের নন-ডিপেন্ডেন্ট শ্রমিক যারা, যারা চা-বাগান কর্তৃপক্ষের কাছ থেকে রেশন পায় না তাদের রেশন কার্ড দিয়ে রেশন দেবার কোনও পরিকল্পনা কি সরকারের আছে?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** এই প্রোপোজাল সরকারের অ্যাকটিভ কন্সিডারেশনের মধ্যে আছে। ওখানকার শ্রমিকরা আমাদের কাছে রিপ্রেজেন্টেশন দিয়েছিলেন। কিন্তু এ বিষয়ে এখন পর্যন্ত সঠিক সিদ্ধান্ত নেওয়া হয়নি। আমি আশা করি সরকার খুব শীঘ্র এ সম্পর্কে সিদ্ধান্ত নেবে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার ডিপার্টমেন্ট এম. এল. এ.-দের একটা প্রিভিলেজ দিয়েছিল—তাদের রেকমেনডেশনে রেশন কার্ড ইস্যু হবে। সাধারণত আমরা

এম. এল. এ.-রা যখন রেশন কার্ড-এর জন্য রেকমেন্ড করি তখন সরাসরি রেকমেন্ড করি না, সাবজেক্ট টু এনকোয়ারি কথাটা লিখে থাকি। কিন্তু আমরা বেশির ভাগ ক্ষেত্রেই দেখছি নোয়িং ফুললি ওয়েল, জেনুয়িন কেসেও আমাদের কথা শোনা হয় না। আমাদের রেকমেন্ডেশনকে দাম দেওয়া হয় না। এমন কি আমাদের রেকমেন্ডেশনের পরিপ্রেক্ষিতে যে ধরনের রিমার্ক রেশনিং অফিসাররা করেন তা খুবই আপত্তিকর। বিশেষ করে আমাদের হাওড়ায় রেশন অফিসার বলে দেন, 'ওসব এম. এল. এ. টেমেলে বুঝি না, আমরা যে রাস্তায় চলছি, সেই রাস্তায়ই চলব।' আমরা এম. এল. এ. হিসাবে রেকমেন্ড করি, অথচ আমাদের সঠিক মর্যাদা দেওয়া হয় না। এই যদি অবস্থা হয় তাহলে আপনি আপনার দপ্তরকে আমাদের যে প্রিভিলেজ দিয়েছেন তা তুলে নিতে বলুন। যদি এম. এল. এ.-দের রেকমেন্ড করার অধিকার থাকে তাহলে যারা এম. এল. এ.-দের সুপারিশকে মর্যাদা দিচ্ছে না, তাদের বিরুদ্ধে কি আপনি কোনও ব্যবস্থা নেবেন?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** মাননীয় সদস্যকে আমি জানাচ্ছি, যদি ঐ রকম ঘটনা ঘটে থাকে তাহলে তা আমাকে নির্দিষ্টভাবে জানাবেন, আমি নিশ্চয়ই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব। তবে রেশন কার্ডের জন্য রেকমেন্ডেশন সম্পর্কে একটা কথা আমি বলতে পারি, রেকমেন্ডেশন নানাভাবে হয়। রেকমেন্ড করার সময় স্পেসিফিক্যালি এটা লিখতে হবে, অ্যাপ্লিকেন্ট, যে দরখাস্ত দিচ্ছে তার কোথাও কোনও দিন কোনও রেশন কার্ড ছিল না, এর আগে কোথাও কোনও দিন রেশন কার্ডের জন্য দরখাস্ত করেনি এবং আজ পর্যন্ত কোথাও থেকে কোনও রেশন কার্ড পায়নি। মাননীয় সদস্য যে কেসের কথা বললেন তা আমার কাছে রেফার করুন, আমি দেখব। নিশ্চয়ই আপনাদের রেকমেন্ডেশন সত্যি হলে অনার করা হবে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন রাজ্যের কোন জেলায় কত নতুন রেশন কার্ড দেওয়া হয়েছে? আর এম. এল. এ.-দের সার্টিফিকেটকে যাতে খাদ্য দপ্তর মর্যাদা দেয় তার জন্য আপনি দপ্তরে কোনও নোটিশ দেবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** আমি আপনাদের একটা কথা বলি, আমাদের ওয়েস্ট বেঙ্গলে যে পপুলেশন আছে সেই পপুলেশনের চেয়ে বেশি রেশন কার্ড ইস্যু হয়ে আছে। এটা দুঃখের বিষয়। এম. এল. এ.-কে মর্যাদা দেওয়া হয়নি, এ রকম কোনও স্পেসেফিক ঘটনা যদি মাননীয় সদস্য আমাকে জানান তাহলে আমি নিশ্চয়ই তা খোঁজ নিয়ে দেখব এবং যা করার আছে করব।

**শ্রী সুলতান আমেদ ঃ** মাননীয় মন্ত্রী নিজেই স্বীকার করলেন যে, পশ্চিমবঙ্গে পপুলেশনের চেয়ে বেশি রেশন কার্ড ইস্যু হয়েছে, ইভেন বোগাস রেশন কার্ড ধরা পড়ছে। মাননীয় মন্ত্রী কি জানাবেন, আপনার যে সমস্ত অফিসাররা ঐ সমস্ত বোগাস রেশন কার্ড ইস্যু করেছে তাদের বিরুদ্ধে আজ পর্যন্ত কি অ্যাকশন নেওয়া হয়েছে? যারা বোগাস রেশন কার্ড করিয়েছে তাদের কি শাস্তি হয়েছে? যাদের কাছ থেকে বোগাস রেশন কার্ড ধরা পড়েছে তাদের বিরুদ্ধে আজ পর্যন্ত কি পেনাল অ্যাকশন নেওয়া হয়েছে?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** আমরা এর মধ্যে পুলিশের সহযোগিতা নিয়ে দোকান রেইড করে কার্ডগুলি ধরেছি এবং কলকাতার মধ্যে এইরকম দোকান আছে যেখানে বেশি ভুয়ো কার্ড পাওয়া গেছে। তাদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হয়েছে এবং সাসপেন্ড করা হয়েছে। এই প্রসেস এখনও চলছে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** প্রায় বিভিন্ন জায়গা থেকে এই অভিযোগ আসে যে নতুন রেশন কার্ড পাওয়া যাচ্ছে না। আবার এটাও সত্য, কিছু কিছু জায়গায় জনসংখ্যার তুলনায় রেশন কার্ডের সংখ্যা বেশি। আমি জানতে চাই, রেশন কার্ডের এই যে বৈষম্য চলছে এটাকে চেক করার জন্য রেশন কার্ড বছর বছর রিনিউ করার সিস্টেম করবেন কি না? সংশ্লিষ্ট পৌরসভা বা পঞ্চায়েত সমিতি তারা সার্টিফিকেট দেবেন যে তারা জীবিত এবং বসবাস করছে। সেই সার্টিফিকেটের ভিত্তিতে প্রত্যেক বছর রিনিউ করার ব্যবস্থা করবেন কি না?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** এইরকম কোনও পরিকল্পনা নেই। আমাদের কাছে যে অ্যাপ্লিকেশনগুলি এসেছে—আমি বলছি—২/৩ মাসের মধ্যে এক-একটা জায়গা থেকে—এক-একটা পাড়া থেকে ৪০০/৫০০/৭০০ পর্যন্ত নতুন অ্যাপ্লিকেশন এসেছে। আমি কলকাতার কথা বলছি। একটি পাড়া থেকে ৭০০ অ্যাপ্লিকেশন এসেছে। এখন এগুলি এনকোয়ারি করছি এবং এটাও চিন্তা করছি ওখানে ৭০০ লোকের রেশন কার্ড আজ পর্যন্ত ছিল না। তাহলে তারা খাচ্ছিল কি? হয়ত এইরকম হতে পারে একটা পাড়ায় রেশন কার্ড আছে, অন্য পাড়াতে সেটা আবার করে নিচ্ছে। এইরকম অনেক হচ্ছে এবং ধরাও পড়ছে। এখন এগুলি নিয়ে প্রসেস চলছে। যেখানে বোঝা যাচ্ছে জেনুইন কেস আছে—রেশন কার্ড পায়নি—আমরা এনকোয়ারি করে রেশন কার্ড দিচ্ছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** গত সাধারণ নির্বাচনের আগে এই রেশন কার্ড বহু মানুষ পাচ্ছিল না গ্রামাঞ্চলে। এরজন্য স্বয়ং মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, ১ কোটি রেশন কার্ড ছাপানো হচ্ছে, রেশন কার্ডের কোনও সমস্যা থাকবে না। কিন্তু এতৎ সত্ত্বেও প্রত্যেক গ্রাম বাংলায় প্রায় প্রতিটি অঞ্চলে একটা ভাল সংখ্যার মানুষ যারা রেশন কার্ড পাচ্ছে না। আমার যেটা নিবেদন, সাধারণ নির্বাচনের পরে, এতদিন অতিক্রান্ত হয়ে গেল এখনও যারা রেশন কার্ড পাচ্ছে না তারা যাতে রেশন কার্ড পায় এইরকম কোনও অ্যাসিওরেন্স দিতে পারেন কিনা যে ১ মাস, কিংবা ২ মাস কিংবা ৩ মাসের মধ্যে এইরকম যারা রেশন কার্ড পায়নি এইরকম বকেয়া কার্ড, ব্যাকলগ ক্লিয়ার করব—এইরকম প্রতিশ্রুতি দিতে পারেন কিনা এবং এরজন্য কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** আমাদের কাছে এইরকম রিপোর্ট নেই রেশন কার্ড প্রিন্টেড না থাকার জন্য রেশন কার্ড দেওয়া হয়নি। রেশন কার্ড প্রিন্টেড আছে এবং যদি এনকোয়ারি করে বুঝি যে জেনুইন কেস আছে, তাদের দেওয়া হচ্ছে। আপনার কাছে যদি এইরকম কোনও কেস থাকে কোনও এলাকার বা কোনও অঞ্চলের তাহলে আমাকে বলুন, আমি এনকোয়ারি করে, খোঁজ নিয়ে ব্যবস্থা নেব।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, যে প্রশ্নটি নিয়ে অনেক আলোচিত হচ্ছে সেটা হচ্ছে, রেশন কার্ড দেওয়ার অধিকারী এরিয়া ফুড ইন্সপেক্টরের। কিন্তু বাস্তব অভিজ্ঞতা হচ্ছে, এম. এল. এ.-রা রেকমেন্ড করলেও রেশন অফিসে দরখাস্ত জমা নেওয়া হয় না। তাদের উক্তি হল, পঞ্চায়েত প্রধান ছাড়া, তাদের রেকমেন্ড করা ছাড়া কোনও দরখাস্ত নেব না। এ ব্যাপারে আমার বক্তব্য হল, সরকারের নিয়ম হল, যে কেউ দরখাস্ত দিতে পারে। এনকোয়ারি করে যদি ঠিক হয় তাহলে সে সেই দরখাস্ত অনুযায়ী রেশন কার্ড পায়। কিন্তু দেখা যাচ্ছে, গ্রাম বাংলায় প্রধানের রেকমেন্ড ছাড়া এম. এল. এ. বা এম. পি. কারোরই রেকমেন্ডেশনে রেশন কার্ড দেওয়া হচ্ছে না। আমি তার ভুক্তভোগী।

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, আপনি কি এরকম কোনও অর্ডার দেবেন যে জনপ্রতিনিধিরা রেকমেন্ড করলে তা এনকোয়ারি করে যদি সঠিক হয় তাহলে সে ক্ষেত্রে রেশন কার্ড দেওয়া হবে?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** এ সম্বন্ধে নতুন করে অর্ডার দেবার দরকার নেই, অলরেডি স্ট্যান্ডিং অর্ডার আছে। তবে আপনি যে কথা বলছেন, রেশন অফিসের ইন্সপেক্টার, সাব ইন্সপেক্টার বা চিফ ইন্সপেকটাররা এরকম কথা বলেছে, এটা বলার অধিকার তাদের নেই। এ সম্বন্ধে স্পেসিফিক কেস থাকলে আমাকে লিখে দেবেন, নিশ্চয় আমি অফিসারের বিরুদ্ধে অ্যাকশন নিয়ে নেব।

### রাজ্যে হাসপাতালগুলিতে চিকিৎসকের শূন্যপদ

*৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯৫) **শ্রী কমল মুখার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকারি হাসপাতালগুলিতে কতগুলি চিকিৎসকের পদ শূন্য আছে ; এবং

(খ) ১৯৯৬ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কত জন চুক্তিভিত্তিক চিকিৎসক নিয়োগ করা সম্ভব হয়েছে?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ৭৭২টি অ্যালোপ্যাথি চিকিৎসক, ৫৬টি দন্ত চিকিৎসক, ৩৩টি হেমিওপ্যাথি চিকিৎসক এবং ১৫টি আয়ুর্বেদ চিকিৎসকের পদ শূন্য আছে মোট ৮৭৬টি পদ শূন্য আছে।

(খ) ২৭৮ জন অ্যালোপ্যাথি মেডিক্যাল অফিসারকে চুক্তির ভিত্তিতে নিয়োগ করা সম্ভব হয়েছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে হিসাব দিলেন তাতে দেখা যাচ্ছে যে বহু চিকিৎসকের পদ শূন্য আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই শূন্যপদগুলি কিভাবে পূরণ করা হবে এবং কত দিনের মধ্যে পূরণ করা হবে?

**শ্রী পার্থ দে ঃ** আপনারা জানেন যে পদগুলি শূন্য হয় নানান কারণে। এগুলি পূরণ করার ধারাবাহিক প্রক্রিয়া আছে। প্রধানত যে পদ্ধতি অবলম্বন করা হয় সেটা হচ্ছে যখন পদগুলি শূন্য হয় তখন পি. এস. সি.-র মাধ্যমে পদগুলি পূরণের জন্য বিজ্ঞাপন দেওয়া হয়। সেই বিজ্ঞাপন হয়ে গিয়েছে। প্রাথমিক স্তরের পরীক্ষাও হয়ে গিয়েছে। দ্বিতীয় স্তরের পরীক্ষা হলে তালিকা হবে। তালিকা অনুযায়ী তখন নাম পাঠানো হবে। যেহেতু সেটা করতে একটু সময় লাগে সেইজন্য সরাসরি চুক্তির ভিত্তিতে নিয়োগের প্রক্রিয়া, সেটাও চলছে এবং তাতে কিছু ডাক্তার পেয়েছি।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ২৭৮ জনকে চুক্তির ভিত্তিতে নিয়োগ করেছেন। বাকি ৮৭৬টি পদ এখনও শূন্য রয়েছে। এরমধ্যে দন্ত চিকিৎসক, হোমিওপ্যাথি চিকিৎসক, আয়ুর্বেদ, চিকিৎসক—এগুলি কি চুক্তির ভিত্তিতে নিয়োগ করার চেষ্টা করেননি, না, পাচ্ছেন না?

**শ্রী পার্থ দে ঃ** আমি আগেই বলেছি যে ৬শো অ্যালোপ্যাথি চিকিৎসকের জন্য পি. এস. সি.-র মাধ্যমে ইতিমধ্যেই নিয়োগের প্রক্রিয়া আরম্ভ হয়ে গিয়েছে। অন্য যে সিস্টেমগুলি আছে—হোমিওপ্যাথি, আয়ুর্বেদ, এরা আসবেন পি. এস. সি.-র মাধ্যমে। এদের জন্য যাতে অ্যাডভার্টাইসমেন্ট করা হয় তার ব্যবস্থা করা হচ্ছে। তবে এটা ঠিক যে চুক্তি ভিত্তিক যে নিয়োগের পদ্ধতি আছে তাতে হোমিওপ্যাথ বা আয়ুর্বেদের কোনও চিকিৎসককে আজ পর্যন্ত নেবার ব্যবস্থা হয়নি।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যারা নন-প্র্যাকটিসিং ডাক্তার তাদের মধ্যে যারা হাসপাতালে না গিয়ে বাইরে চুটিয়ে প্রাইভেট প্র্যাকটিস করছেন সেই রকম কতজন ডাক্তারের বিরুদ্ধে গত এক বছরের মধ্যে আপনি শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** চুটিয়ে প্র্যাকটিস করছেন কি না জানি না। এটা একটা স্পেসিফিক প্রশ্ন, এ ক্ষেত্রে স্পেসিফিক প্রশ্ন হলেই ভাল হয়। যাই হোক, ইনফরমেশন হিসাবে বলতে পারি, যে অভিযোগ পেয়েছি তাতে এই মুহূর্তে ১২ জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার প্রক্রিয়া চলছে যতটুকু আমার জানা আছে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী অসিত মিত্র ঃ** আপনি কন্ট্রাক্ট সিস্টেমে ডাক্তার নিয়োগের কথা বলেছেন এবং আরও নিয়োগ হবে বলে বলেছেন। এর আগে দেখেছি, যে সমস্ত ডাক্তার সাবসিডিয়ারি হেলথ সেন্টারে পোস্টিং পেতেন তাদের জন্য কোয়ার্টার ছিল এবং সেখানে তারা থাকতেন। কেউ কেউ হয়ত বাইরে থেকে আসতেন, কিন্তু তারা অধিকাংশ সময় সেন্টারে থাকতেন। আমার প্রশ্ন, বর্তমানে কন্ট্রাক্ট সিস্টেমে যে সমস্ত ডাক্তারদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে তাদের চাকরির শর্তগুলি কি ; তারা কতক্ষণ সেন্টারে থাকবেন, কোথায় থাকবেন এসব জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** সাধারণভাবে তাদের প্রতিদিন আসতে হবে। যেখানে কোয়ার্টারের ব্যবস্থা আছে সেখানে তারা কোয়ার্টারে থাকবেন, যেখানে সেটা নেই সেখানে তাদের হাউস রেন্ট অ্যালাউন্স দেওয়া হবে। আর যেহেতু এগুলো সবই প্রাইমারি হেলথ সেন্টার, তারজন্য বেশির ভাগ ক্ষেত্রেই কোনও বেড নেই। তাই অন্য চিকিৎসকদের জন্য যে ব্যবস্থা রয়েছে সেই অনুযায়ী যতক্ষণ থাকা প্রয়োজন ততক্ষণ তারা থাকবেন।

**শ্রী অসিত মিত্র ঃ** যেখানে কোয়ার্টার আছে সেখানে ডাক্তাররা থাকবেন তো?

**শ্রী পার্থ দে ঃ** যেখানে কোয়ার্টার আছে সেখানে থাকবেন, যেখানে কোয়ার্টার নেই সেখানে তাদের হাউস রেন্ট অ্যালাউন্স দেওয়া হবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** আমার প্রশ্ন হ'ল, যেখানে চুক্তিতে অ্যালোপ্যাথ ডাক্তার পাওয়া যাবে না সেখানে হোমিওপ্যাথ ডাক্তার নিয়োগ করবেন কি না?

**শ্রী পার্থ দে ঃ** তারা যদি চান আমাদের আপত্তি নেই। সেক্ষেত্রে তাদের চাইতে হবে। সেই হেলথ সেন্টারের সংলগ্ন জনপ্রতিনিধি এবং পঞ্চায়েত যদি সেটাই স্থির করেন তাহলে আমরা এটা করতে রাজি আছি।

**শ্রী বিনয় দত্ত ঃ** চুক্তির ভিত্তিতে ২৭৮ জন ডাক্তার নিয়োগ করা হয়েছে বলে বলেছেন। জেলাওয়ারি এই নিয়োগের হিসাবটা দেবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** জেলাওয়ারি হিসেবটা এই মুহূর্তে দিতে পারছি না, নোটিশ লাগবে।

**শ্রী সঞ্জীব দাস ঃ** ১৯৯৬ সালে এই রাজ্যে কতজন চুক্তিবদ্ধ ডাক্তার সরকার নিয়োগ করেছেন ; কতজনকে অ্যাপয়েন্টমেন্ট লেটার দিয়েছিলেন এবং কতজন জয়েন করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** সংখ্যাটা ১৮০। এরজন্য রাজ্যভিত্তিক কোনও বিজ্ঞাপন দেওয়া হয়নি কারণ ব্যাপারটা বিকেন্দ্রীত। জেলাগুলি আলাদা আলাদাভাবে বিজ্ঞাপন দিয়েছেন। নির্বাচনের কাজটাও হয়ে গেছে চুক্তির ভিত্তিতে। কোনও কোনও জেলা এখনও কাজটা করেনি। তারই জন্য বলেছিলাম যে, গতবারের নিয়োগের পর আরও কিছু ডাক্তার নিযুক্ত হয়েছেন এবং প্রতিদিনই নিয়োগের সংখ্যাটা বাড়ছে। চুক্তিপত্র তৈরির সময় এখানকার অনুমোদন লাগবে। অনেকগুলো জেলা কাজটা করে ফেলেছে। আর যোগদানের সংখ্যাটাও ভাল। খবর পেয়েছি, যে জেলাগুলি করেনি তারাও এই রকম আবেদন পাচ্ছেন।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** চুক্তির ভিত্তিতে যাদের নিয়োগ করা হয়েছিল তাদের মধ্যে যাদের মেয়াদ শেষ হয়ে গেছে তাদের আবার নিতে গেলে অ্যাডভার্টাইজমেন্ট করে নিতে হবে, নাকি তাদের এক্সটেনশন দেওয়া হবে?

**শ্রী পার্থ দে ঃ** পুনরায় কিছু করতে হবে না, যদি তিনি আগ্রহী হন, উভয় পক্ষই যদি আগ্রহী হন তাহলে চুক্তিতে সই করে এখান থেকে অনুমোদন দিয়ে চলে যাবে, তাদের আর দ্বিতীয়বার নির্বাচিত হতে হবে না।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি আগেও বলেছি, এমন একজন ডাক্তার আছে যিনি ১৪ বছর একই জায়গায় রয়েছেন, সেখানে তিনি রমরমা ব্যবসা চালিয়ে যাচ্ছেন। ট্রান্সফার অর্ডার তার হয়ে গেছে কিন্তু কোনও রাজনৈতিক উদ্দেশ্যে আমি জানি না তাকে ট্রান্সফার করা যাচ্ছে না। আমি স্পেসিফিক নাম বলে দিচ্ছি, সেই ডাক্তারের নাম হচ্ছে আর. বি. পাল, হাওড়া জেনারেল হাসপাতালের ডাক্তার। তাকে সরানো হচ্ছে না কেন জানতে চাওয়া হলে বলা হচ্ছে যে সে কোর্টে চলে যাবে বলে সরানো হচ্ছে না। একটা ডাক্তার একটা হাসপাতালে ১৪ বছর ধরে আছে, সেখানে সে রমরমা ব্যবসা চালিয়ে যাচ্ছে, সেখানে সে একটা নার্সিং হোম চালিয়ে যাচ্ছে। গ্রামের দিকে সে যেতে চাইছে না। এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন।

**শ্রী পার্থ দে ঃ** এই বিশেষ ক্ষেত্রের ব্যাপারে আমি কিছু বলতে পারব না, এই ব্যাপারে খবর নিয়ে বলব। সাধারণভাবে এই রকম ঘটনা আছে যে একজন ডাক্তার দীর্ঘ দিন একই জায়গায় আছে। একজন অনেক দিন আছে আর একজন কম দিন আছে, এটা নিয়ে অনেক রকম আলাপ আলোচনা গবেষণা দীর্ঘ দিন ধরে চলছে। এই ব্যাপারে কি নীতি হওয়া উচিত এটা খুব ভাল করে আলোচনা না করে নির্দিষ্ট পদ্ধতি প্রক্রিয়া নেওয়া যাচ্ছে না। এই সভায় এই বক্তব্য আমি আগেও বলেছি এখনও বলছি। বহু বদলির বহু আদেশ আছে। আদালতে যাওয়ার জন্য সেই আদেশ কার্যকর করা যাচ্ছে না। আদেশ জারি করা হয়েছে এই রকম বহু আদেশ স্থগিত আছে আদালতের রায়ে। এই বিষয়গুলিও দেখতে হবে।

**কলকাতা মেডিক্যাল কলেজের বাড়ি সংস্কার**

*৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৬) **শ্রী আনন্দগোপাল দাস ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা মেডিক্যাল কলেজের বাড়িটি সংস্কার করতে সরকার কি পরিমাণ অর্থ মঞ্জুর করেছেন ; এবং

(খ) উক্ত সংস্কারের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ**

(ক) কলকাতা মেডিক্যাল কলেজের বাড়িটি সংস্কার করতে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর প্রথম পর্যায়ে ১ কোটি ৭৫ লক্ষ ৯৩ হাজার ৬৪২ টাকা মঞ্জুর করেছেন এবং সেই কাজ ইতিমধ্যে শেষ হয়েছে।

(খ) অতিরিক্ত বাকি কাজ করার জন্য একটি পরিবর্তিত হিসাব স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের কাছে পাঠানো হয়েছে এবং বাকি প্রয়োজনীয় অর্থ মঞ্জুর হওয়ার পরে একবছরের মধ্যে সেই কাজ শেষ করা যাবে বলে আশা করা যায়।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে স্বাস্থ্য দপ্তর যে টাকা দিয়েছে সেই টাকা মতো কাজ শেষ হয়ে গিয়েছে। আমি জানতে চাই কবে নাগাদ সেই টাকা

পাওয়া গিয়েছিল এবং কবে নাগাদ সেই কাজ শেষ করা হয়েছে, অর্থাৎ কত দিন সময় লেগেছে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** কবে পাওয়া গিয়েছিল সেই ডেটটা বলা যাবে না এই মুহূর্তে। যে টাকাটা পাওয়া গিয়েছিল তা দিয়ে প্রথম পর্যায়ের কাজ করা হয়েছে। এই কাজটি শুরু হয় ১৯৯২ সালে, এই কাজটি চলাকালীন আরও কিছু বাড়ির কাজ করার কথা বলা হয়। সেই কাজের জন্য একটা আনুমানিক ব্যয় কত হবে সেটা করা হয় এবং তার পরিমাণ হল ৬ কোটি ৮৩ লক্ষ টাকা। পরবর্তীকালে এই হিসাব স্বাস্থ্য দপ্তরের কাছে পাঠানো হয় অনুমোদনের জন্য। পরবর্তীকালের হিসাবের এই অর্থ মঞ্জুরি পাওয়া যায়নি। ১৯৯২ সালে ১ কোটি ৭৫ লক্ষ ৯৩ হাজার ৬৪২ টাকা পাওয়া গিয়েছে এবং কাজটাও শেষ হয়েছে। পরবর্তীকালে যে হিসাব দেওয়া হয়েছিল ৬ কোটি ৮৩ লক্ষ টাকা তার অনুমোদন আসেনি এবং খরচও করা হয়নি।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** যে বিল্ডিং-এর কাজ শুরু করা হয়েছিল সেই বিল্ডিং-এর কতটা কাজ করা গিয়েছে এবং কতটা কাজ বাকি আছে বলতে পারবেন? কারণ বিল্ডিংটা অনেক বড়।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমার কাছে একটা হিসাব আছে। সেই হিসাব অনুযায়ী দেখতে পাচ্ছি যে পরিমাণ কাজের জন্য আমাদের যে টাকা দেওয়া হয়েছিল সেই পরিমাণ কাজ আমরা সম্পূর্ণ করে দিয়েছি। বাকি কাজের জন্য আমরা একটা হিসাব দিয়েছিলাম ৬ কোটি ৮৩ লক্ষ টাকার এই বাকি অংশের কাজের জন্য আমরা কোনও টাকা পাইনি। সুন্দর ওই বাড়িটির কাজ এখন শেষ হয়েছে। তবে যতটুকু পর্যন্ত ধরা ছিল ততটুকুই শেষ হয়েছে আর বাকি যে কাজটা রয়েছে সেটা এখনও পর্যন্ত বাকি রয়েছে।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, ওই বিল্ডিং সংস্কার এবং মেডিক্যাল কলেজগুলো সংস্কারের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও টাকা পয়সা পান কি না?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমরা সাধারণত স্বাস্থ্য দপ্তরের কাছ থেকে অনুদান পেয়ে থাকি। আমাদের স্বাস্থ্য দপ্তরের কাজ করবার জন্য ওরা টাকা দেয় সেই টাকা দিয়ে আমরা কাজ করি, সেখানে ওই টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছে কিনা সেসব আমরা দেখি না। রাজ্যের স্বাস্থ্য দপ্তর আমাদের তাদের কাজের জন্য টাকা দেয়, সেই টাকা দিয়ে আমরা কাজ করি।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### 'টোল ট্যাক্স'

*৫৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বড় বড় রাস্তাগুলির উপর দিয়ে যান চলাচল করার জন্য 'টোল' আদায়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে,

(১) কোন কোন রাস্তার উপর টোল বসানো হবে,

(২) টোলের হার কি রূপ, এবং

(গ) কবে থেকে ঐ সিদ্ধান্ত কার্যকরী হয়েছে/হবে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, সত্য নয়।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

### "কুষ্ঠ নিবারণ প্রকল্প"

*৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১) **শ্রী তপন হোড় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কোচবিহার জেলায় "কুষ্ঠ নিবারণ প্রকল্প" চালু করতে বিশ্ব-স্বাস্থ্য সংস্থা বেশ কিছু টাকা সাহায্য দিয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত জেলার কোথায় কোথায় প্রকল্পটি চালু করার কথা আছে ; এবং

(গ) উক্ত সংস্থা এ-ব্যাপারে কি পরিমাণ অর্থ সাহায্য দিয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সমগ্র জেলায়।

(গ) উক্ত জেলার জন্য এ পর্যন্ত ৪৫,৭৫,০০০ টাকা পাওয়া গেছে।

### শিল্পাঞ্চলে কর্মরত মানুষের মধ্যে পেশাগত রোগ

*৫৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৮) **শ্রী দেবব্রত ব্যানার্জি ঃ** কর্মচারী রাজ্য বিমা প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের শিল্পাঞ্চলে কর্মরত মানুষের মধ্যে পেশাগত রোগ বৃদ্ধি ঘটছে কি না ;

(খ) ঘটে থাকলে, কি ধররেন রোগ বেশি ঘটছে ; এবং

(গ) ঐ সকল রোগ প্রতিরোধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**কর্মচারী রাজ্যবিমা প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ইদানিং শিল্পে কর্মরত মানুষের মধ্যে কোনও কোনও ক্ষেত্রে পেশাগত রোগে আক্রান্ত শ্রমিকের সংখ্যাবৃদ্ধি লক্ষ্য করা যাচ্ছে।

(খ) নিম্নলিখিত রোগ বেশি ঘটছে ঃ

১) সিলিকোসিস—পাথর ও বালি সংক্রান্ত শিল্পে।

২) লেড পয়েজনিং—সীসা সংক্রান্ত শিল্পে।

৩) ক্রোম পয়েজনিং—রাসায়নিক শিল্পে।

৪) অকুপেশনাল ডারমাটাইটিস—বিভিন্ন শিল্পে।

৫) অ্যাসবেস্টোসিস—অ্যাসবেস্টস শিল্পে।

৬) নয়েজ ইন্ডিউসড হিমারিং লস—বিভিন্ন শিল্পে।

৭) রক্তাল্পতা—রাসায়নিক শিল্পে।

৮) বিষাক্ততা—কীটনাশক শিল্পে।

(গ) পেশাগত রোগ প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে ঃ—

১) পর্যবেক্ষক দ্বারা অনুসন্ধান।

২) শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা—রক্ত, মলমূত্র, এক্সরে লাঙস ফাংশন টেস্ট ইত্যাদি।

৩) ইন্ডাস্ট্রিয়াল হাইজিন সারভে।

৪) আক্রান্ত শ্রমিককে পরিবর্তিত পেশায় স্থানান্তকরণ।

## হুগলি নদীতে সেতু নির্মাণ

*৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৪) **শ্রী সুকুমার দাশ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণেশ্বর ও বেলুড় সংযোগ হেতু হুগলি নদীতে সেতু নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণেশ্বর ও বালি সংযোগকারি হুগলি সেতু (দ্বিতীয় বিবেকানন্দ সেতু) নির্মাণ করার পরিকল্পনা সরকারের আছে।

(খ) কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহন মন্ত্রক প্রস্তাবিত দ্বিতীয় বিবেকানন্দ সেতু" নির্মাণ—পরিচালন-হস্তান্তর (B.O.T.) প্রকল্প হিসাবে চিহ্নিত করিয়াছেন। বর্তমানে এই প্রকল্পটি রাজ্য সরকারের বিবেচনাধীন। সুতরাং এই প্রকল্পের নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হবে এই মুহূর্তে বলা সম্ভব নয়।

### রাজ্যে নথিভুক্ত বেকার ইঞ্জিনিয়ারের সংখ্যা

*৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭৪) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** কর্ম-বিনিয়োগকেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নথিভুক্ত বেকার ডিগ্রি ও ডিপ্লোমাপ্রাপ্ত ইঞ্জিনিয়ার-এর সংখ্যা কত ; এবং

(খ) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে বেসরকারি প্রতিষ্ঠানগুলিতে কর্মী নিয়োগ করা হয় কি না?

**কর্ম-বিনিয়োগকেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে নথিভুক্ত বেকার ডিগ্রি ও ডিপ্লোমাপ্রাপ্ত ইঞ্জিনিয়ারের সংখ্যা ৪৬,৮৬৬ জন।

(খ) হয়, তবে বাধ্যতামূলক নয়।

### রাজ্যে থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা

*৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২০) **শ্রী সুভাষ নস্কর ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা কত ; এবং

(খ) উক্ত রোগীদের চিকিৎসার জন্য বিশেষ কি ধরনের ব্যবস্থা আছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা বিষয়ে সঠিক তথ্য নেই। এ বিষয়ে সমীক্ষার ব্যবস্থা করা হচ্ছে।

(খ) আক্রান্ত রোগীকে প্রয়োজন মতো চিকিৎসকের বিধানানুসারে নিয়মিত ব্যবধানে রক্তদান।

### বিধিবদ্ধ রেশনিং এলাকাতে অনিয়মিত গম সরবরাহ

*৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩১) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলি জেলার বিধিবদ্ধ রেশনিং এলাকাতে ১৯৯৭ সালের মার্চ মাসে (২০-৩-১৯৯৭ পর্যন্ত) পর পর দুই সপ্তাহ রেশনে গম দেওয়া হয়নি; এবং

(খ) সত্যি হলে, উক্ত অবস্থা নিরসনে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। ইহা সত্য উক্ত সময়ে ভারতের খাদ্য নিগম হুগলি জেলায় বিধিবদ্ধ রেশনে দেওয়ার জন্য প্রয়োজনের তুলনায় খুব সামান্য গম সরবরাহ করেছিল।

(খ) এ ব্যাপারে রাজ্য সরকার ভারতের খাদ্য নিগমকে নিয়মিত গম সরবরাহের জন্য ব্যবস্থা নিতে বলেছেন। ইতিমধ্যে গমের মজুত এই রাজ্য সহ হুগলি জেলাতেও উন্নতি হয়েছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Pankaj Banerjee on the subject of deterioration of Law and Order situation in the State.

The subject matter of the motion appears to be in general terms and not on a definite matter which required for an adjournment motion under the rules and convention.

So the motion is out of order and I reject it.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received three notices of Calling Attention on the following subjects, namely :

(i) Reported stealing of two idols of Krishna at Shantipur and Tehatta in Nadia by Shri Ajoy De.

(ii) Reported robbery at a patrol Pump and a Jewellery Shop in South Calcutta on 12. 6. 97 by Shri Ambica Banerjee.

(iii) Outbreak of Gastro-enteritis in and around Calcutta by Shri Adhir Ranjan Chowdhury.

I have selected the notice of Shri Ambica Banerjee on the subject of Reported robbery at a Petrol Pump and a Jewellery Shop on South Calcutta on 12. 6. 97. The Minister in charge may please make a statement to-day if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** On 24th June, 1997.

## PRESENTATION OF REPORTS

### Presentation of the First Report of the Subject Committee on Transport and Public Works

**The Chairman (Shri Shyamaprosad Bose) :** Sir, I beg to present the First Report of the Subject Committee on Transport and Public Works on Pre-voting Budget Scrutiny, 1997-98.

### Presentation of the Second Report of the Subject Committee on Labour, Commerce and Industries, Industrial reconstruction and Cottage & Small Scale Industries

**Shri Ajoy De :** Sir with your permission I beg to present the Second Report of the Subject Committee on Labour, Commerce and Industries, Industrial reconstruction and Cottage & Small Scale Industries on Pre-voting Budget Scrutiny relating to Commerce and Industries Departments for the year 1997-98.

### Presentation of the Tenth and Eleventh Reports (on Pre-voting Budget Scrutiny) of the Subject Committee on Agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food Processing, Horticulture, Forest, Fisheries and Animal Resources Development

**The Chairman (Shri Saugata Roy) :** Sir, I beg to present the 10th and 11th Reports (on Pre-voting Budget Scrutiny) of the Subject Committee on Agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food .Processing, Horticulture, Forest, Fisheries and Animal Resources Development on Pre-voting Budget Scrutiny on the Demands for grants of 1997-98 of the Departments of Agriculture (Marketing) and Forest respectively.

**Mr. Speaker :** Mr. Saugata Roy, your Privilege Motion will be taken up on 19th after the Question Hour.

## MENTION CASES

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় জগৎখালি বাঁধটি ভেঙ্গে গিয়ে নদীগর্ভে চলে গেছে। যার ফলে আমার নির্বাচনী এলাকায় ঘাসুড়িডাঙ্গা ও বসন্তপুর ও ধাওড়ার মধ্যে যে রিং বাঁধটি আছে তার অত্যন্ত খারাপ অবস্থা হয়ে পড়েছে। ওই বাঁধটি যদি যুদ্ধকালীন তৎপরতা হিসাবে মেরামত না করা হয় তাহলে কালিগঞ্জ এবং

নাকাশিপাড়া গঙ্গা ও ভাগিরথী নদীগর্ভে চলে যেতে পারে। সেইজন্য অবিলম্বে ঘাসুরিডাঙ্গা, বসন্তপুরের মধ্যে যে জগৎখালি বাঁধ আছে সেটা মেরামতি করা দরকার।

**শ্রী জগন্নাথ ওঁরাও ঃ** মিঃ স্পিকার স্যার, জলপাইগুড়ি জেলার মাল ব্লকে কৃষ্ণা নদীর প্রোটেকশন বাঁধ গত বছরে '৯৬ সালের বন্যায় ভেঙে যায়, ফলে ২১ নম্বর জাতীয় সড়ক এবং রেল লাইন বিপন্ন হয়ে পড়ে। বালি ও পাথর জমে জাতীয় সড়কের লেভেল পর্যন্ত সমান হয়ে গেছে। এই বছরে বাঁধ মেরামতি না করা হলে মিটার গেজ রেল লাইন এবং ডুয়ার্স থেকে শিলিগুড়ি পর্যন্ত ৩১ নম্বর জাতীয় সড়ক বিপন্ন হয়ে যাওয়ার সম্ভাবনা রয়ে গেছে। অবিলম্বে এই বাঁধ মেরামতি করার দাবি জানাচ্ছি। সেচ দপ্তর থেকে যাতে এই কাজে হাত দিতে পারে তার দাবি জানাচ্ছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় স্পিকার স্যার, আমার ফলতা বিধানসভার চালুয়াড়ি পঞ্চায়েত এলাকার বেলিয়াডাঙ্গা গ্রামের ১০/১২টি পরিবার কংগ্রেস করার অপরাধে গ্রাম ছাড়া। ঘটনার প্রকাশ গ্রাম পঞ্চায়েতের সদস্য সুখিয়া সিদ্দিকির নেতৃত্বে সেখানে এক জঙ্গলের রাজত্ব কায়েম হয়েছে। '৯৩ সালে পঞ্চায়েতের নির্বাচনের জের হিসাবে তারা আজও গ্রামে ঢুকতে পারে না। যারা ঢুকতে পারেনি তাদের ব্যাপারে প্রশাসনের সব জায়গায় জানানো হয়েছে। এর মধ্যে আছেন নূর ইসলাম মোল্লা, আসলাম মোল্লা, আজাদ আলি গাজি এরা গ্রামে ঢুকতে পারছে না। এই রকম মোট ১২টি পরিবার গ্রাম ছাড়া অবস্থায় রয়েছে। ওখানকার গ্রাম সভার নেতৃত্বে সেখানে আজকে অরাজক অবস্থা চলেছে। তারা আজকে জায়গা জমি ছেড়ে দিয়ে অন্যত্র যখন রয়েছে তখন তাদের জায়গা জমিগুলি সি. পি. এম.-এর কমরেডরা দখল করে নিচ্ছে। এই জঙ্গলের রাজত্ব আর কতদিন চলবে? আজকে প্রশাসনের এস. পি. থেকে আরম্ভ করে থানার বড়বাবু পর্যন্ত প্রত্যেককে জানানো হয়েছে। তা সত্ত্বেও কোনও ব্যবস্থা সেখানে নেওয়া হয়নি। আজকে যারা গ্রাম ছেড়ে দিয়ে ঘুরে বেড়াচ্ছে তাদের অপরাধ একটাই তারা কংগ্রেস করে, এর কি বিচার হবে না? আপনার কাছে একটাই অনুরোধ এই প্রশাসনের কাছে নিবেদন সুখিয়া সিদ্দিকির ছেলের নেতৃত্বে আজকে যে অরাজক অবস্থা সৃষ্টি হয়েছে—তারা আজকে আগ্নেয়াস্ত্র নিয়ে গ্রামে ঘুরে বেড়ায়, ৩০২ ধারা কেস তাদের বিরুদ্ধে আছে, খুন, রাহাজানি, গুন্ডামির অভিযোগ তাদের বিরুদ্ধে আছে—এর অবসান আমরা চাই।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম বাংলার সমবায় কৃষি সমিতি যেগুলি আছে তাদের কর্মচারিদের ভবিষ্যৎ অন্ধকার। অর্থাৎ দাদন করে ওরা অর্থ আদায় করে। কিন্তু এদের আজ পর্যন্ত পে-স্কেল নির্ধারণ হয়নি, '৯৩ সালে যেটা বিধানসভায় আলোচনা হয়েছিল সেটা আজও কার্যকর হয়নি। পরবর্তীকালে এটা বন্ধ করে দেওয়া হয়েছে এবং ক্যাডার তহবিলে যে টাকা জমা দেয়, দাদন দেওয়ার সময় সেই টাকাও দেওয়া হয় না। ধরন, একজন কৃষি সমিতি যদি ৫ লক্ষ টাকা দাদন করে তাহলে ৫ হাজার টাকা ক্যাডার তহবিলে দিতে হবে। ব্যাঙ্ক ফেরৎ দেয় ৩ হাজার টাকা। একটা সিদ্ধান্ত হয়েছিল ৬০ শতাংশ দেবে সমিতি, ৪০ শতাংশ দেবে

সরকার। কিন্তু এখন পর্যন্ত সেটা চালু করা যায়নি। প্রাইমারি সমবায় সমিতি যেগুলি আছে সেইগুলি যদি ফিফথ শিডিউলে আনা যায় তাহলে ভাল হয়।

[12-10 — 12-20 p.m.]

সমবায় পরিচালক সমিতিতে যারা আছে তারা নানা বাহানা দেখিয়ে দশ, পনেরো বছর ধরে তারা এক একটা সমবায় সমিতি কুক্ষিগত করে রেখেছে। এই রকম একটা পরিস্থিতিতে আজকে সমবায় কর্মচারিদের রক্ষা করার জন্য আমি সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিত মাল ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমের গোপালপুর গ্রামের সাধারণ মানুষ রাজনৈতিক দলের প্রতি এতই ক্ষুব্ধ, তারা বলেছে রাজনৈতিক দলের কোনও নেতা বা কর্মী গ্রামে এসে যদি রাজনৈতিক কথাবার্তা বলে তাদের গরুপেটা করে তাড়িয়ে দেবে। স্বাধীনতার পর থেকে ঐ গ্রামে কোনও মোরাম দেওয়া হয়নি, টিউবওয়েল হয়নি রিলিফ পায়নি। বামফ্রন্ট সরকার ওখানে পঞ্চায়েত সমিতির নির্বাচন করেছে, জেলা পরিষদের নির্বাচন করেছে, কিন্তু গ্রামের মানুষের প্রতি কোনও নজর দেয়নি। আমি আপনার মাধ্যমে বলতে চাই, রাজনৈতিক দল যাতে সেখানে কার্যকলাপ চালাতে পারে সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্রে একটি গৃহবধূর মৃত্যুকে কেন্দ্র করে একটি বানানো গল্প সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, সেই ব্যাপারে আমি আপনারা মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, চন্ডীতলা গ্রামের হরিপুর গ্রাম পঞ্চায়েতের বনপাঁচবেড়িয়া গ্রামের রতিকান্ত মালিক এবং তার ভাই রতিকান্তের স্ত্রীর উপর দীর্ঘদিন ধরে নানাভাবে অত্যাচার চালাত। কিছুদিন আগে রতিকান্তর বৌ তার ছেলেকে সঙ্গে নিয়ে রেগে গ্রাম থেকে পালায়। এমতবস্থায় বৌটির উপর শারীরিক নির্যাতন আরও বাড়ে। মহিলাটির উপর নির্যাতনের কথা তার বোন এবং প্রতিবেশিরা জানত। মৃত্যুর দিন সকালেও ধানসেদ্ধ, মুড়িভাজা, সাবান কাচে এবং পরে সে মারা যায়। কিন্তু কংগ্রেসের চিরাচরিত স্বভ ব অনুসারে একটা পারিবারিক নারী নির্যাতনের ঘটনাকে আড়াল করে, সি. পি. এমকে দোষারোপ করে, কুৎসা ছড়িয়ে বেড়াচ্ছে। বাড়িতে পুলিশ নিয়ে গিয়ে, সাধারণ মানুষের মনে ভীতির সঞ্চার করছে। আমি এই ঘটনার প্রতিকার চাই এবং আপরাধীদের যাতে সাজা হয় সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবার জন্য দাবি জানাচ্ছি।

[12-20 — 2-00 p.m.] (Including adjournment)

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র হাঁসখালির বাদকুল্লায় পাওয়ার সাব-স্টেশন না থাকার জন্য সেখানে ভোল্টেজ খুব কম এবং বেশিরভাগ সময়েই লোডশেডিং থাকে। সেখানকার মানুষ পাওয়ার সাব-স্টেশন করার জন্য জমি দিয়েছে। অবিলম্বে যাতে সেখানে পাওয়ার সাব-স্টেশন করা হয় তার দাবি জানাচ্ছি।

**শ্রী প্রকাশ মিঞ্জ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র দার্জিলিঙ জেলার ফাঁসিদেওয়া, সেখানে গঙ্গারামপুর চা-বাগানে এলাকার জওয়ানরা লেবার লাইন থেকে দুজন শ্রমিককে অপরহণ করে নিয়ে ৩. ২. ৯৭ তারিখে রাত দশটার সময়। ঐ দুজন শ্রমিকের নাম হল লাধু মুন্ডা এবং বিষ্ণুলাল থাপা। আজ পর্যন্ত তাদের হদিশ পাওয়া যায়নি। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে তাদের দুজনকে খুঁজে বের করার দাবি জানাচ্ছি। আমার মনে হয় ওদের বোধ হয় সেনাবাহিনী খুন করেছে। যদি ওদেরকে খুন করা হয় তাহলে তার ক্ষতিপূরণ আমি দাবি করছি এবং দোষী জওয়ানদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি।

(At this Stage the House was adjourned till 2.00 p.m.)

[2-00 — 2-10 p.m.]

(AFTER ADJOURNMENT)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

## DEMAND NOS. 32, 33 & 34

### Demand No. 32

There are 51 cut motions to Demand No. 32. All the cut motions are in order. Hon'ble Members may now move their motions.

**Shri Rabindra Nath Chatterjee, Shri Ashok Kumar Deb, Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed, Shri Shashanka Shekhor Biswas, Shri Ajoy De, Shri Kamal Mukherjee, Shri Shyamadas, Banerjee, Shri Gyan Singh Sohanpal, Shri Saugata Roy, Shri Deba Prasad Sarkar, Shri Shoban Deb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Tushar Kanti Mandal, Shri Biplab Ray Chowdhury, Shri Addul Mannan, Shri Rabin Mukherjee, Shri Md. Sohrab, Shri Pankaj Banerjee, Shri Sanjoy Bakshi :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 33

There are 7 cut motions to Demand No. 33. All the cut motions are in order. Hon'ble Members may now move their motions.

**Shri Sultan Ahmed, Shri Ajoy De, Shri Deba Prasad Sarkar, Shri Saugata Roy, Shri Ashok Kumar Deb, Shri Tushar Kanti Mandal :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Demand No. 34**

There are three cut motions to Demand No. 34. All the cut motions are in order. Hon'ble Members may now move their motions.

**Shri Ajoy De, Shri Sultan Ahmed, Shri Pankaj Banerjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডিমান্ড নাম্বার ৩২। ৩৩, ৩৪-এ স্বাস্থ্য খাতে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দল কর্তৃক আনীত কাট মোশন সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। বিরোধিতা করার কারণটা, সরকারের বিভিন্ন রিপোর্ট, সিলেক্ট কমিটির মতামতের মাধ্যমে প্রমাণ করে দেবার চেষ্টা করব। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী যে অনুদান আমাদের কাছে চেয়েছেন, সেই অনুদান হয়ত সংখ্যাধিক্যের জোরে আদায় করে নেবেনও, কিন্তু তাদের কার্যকলাপ, তাদের সাধারণ মানুষের পাশে দাঁড়ানোর প্রবণতা আজকে এমন এক জায়গায় এসে দাঁড়িয়েছে, যে আমরা এর বিরোধিতা করতে বাধ্য হচ্ছি। গত বছর তিনি যে বাজেট পেশ করেছিলেন, সেই বাজেটে তিনি প্রথম খাতে অর্থাৎ ৩২ নাম্বার খাতে ৫২০ কোটি টাকা নিয়েছিলেন। ডিমান্ড নাম্বার ৩৩-এ ৮৫.৪৯ কোটি টাকা নিয়েছিলেন এবং ৩৪-এ ৭৭ কোটি টাকা নিয়েছিলেন। এবার বাজেটে ৫২০ কোটি টাকা বেড়ে ৭০২ কোটি টাকা হয়েছে। ৮৫ কোটি টাকা বেড়ে ৯৭ হয়েছে এবং ৭৭ কোটি টাকা বেড়ে ৮৫ কোটি টাকা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার অ্যান্ড পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এর যে সাবজেক্ট কমিটি করে দিয়েছেন, এই সাবজেক্ট কমিটির চেয়ারম্যান ডাঃ দত্ত সহ এই সভায় ৪ জন ডাক্তার আছেন, তারা সকলেই সদস্য এবং আরও ৭ জন সদস্য নিয়ে যে সিলেক্ট কমিটি, তারা সরকারি কার্যকলাপ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়কে কি বলেছেন, সেটা আমি পড়ে দিই। 'The overall situation is still extremely gloomy. It has been observed in the Health Department and other units that there are organisations for the Doctors, Nurses, Group C and Group D staff, but there is no organisation to look after the interest of the patien s for which the hospital is instituted. The Committee has observed that in most units, the clean space is utilised for office and other purposes of the hospital staff. The most dirty and dark space are provided for the sick people. In the rural areas, particularly in Block and in new PHCs the Labour Rooms, the OT tables, the conditions of the cots, the linens and mattresses are in miserable situation. The patients do not get adequate quantities of medicine, even if the same are in the stock. Something can be attributed to the conditions of the linen and other amenities required for the patients. A very serious effort has to be instituted to redress these maladies. আবার কি বলছেন—"The state of cleanliness and proper sanitary and hygienic arrangements in an around

hospital premises is appalling. This important aspect seldom receive due attention from the officers at the supervisory level.

In the new PHCs even though the doctors are posted, they are not attending their units regularly.

মাননীয় মন্ত্রী মহাশয়, শুনবেন, আমাদের সাবজেক্ট কমিটি কি বলছেন, "There are instances, that sometimes they go once a week, there are instances also that they only come there only on the pay day." Rest of the days they are not found in their respective offices. সাবজেক্ট কমিটি ডিস্ট্রিক্ট এবং সাবডিভিসনাল হাসপাতালগুলো সম্পর্কে বলেছেন, "The Committee visited the District and sub-district Hospitals to assess the functioning of these institutes. The concern was that for revitalisation of secondary health care, substantial amount of input has been provided to the Department of Health. This must be optimally utilised. The impression of the Members after visiting the District, sub-divisional and State General Hospital, in four districts are totally unsatisfactory. It was noted that the discipline amongst different categories of workers are in a very bad shape. The touts (middlemen) are roaming around to take away the patients from the hospitals to private centres. Even some unauthorised persons are utilising the hospital premises and hospital materials for their private earnings. Superintendents, when asked, expressed their incapability to control this nuisance." মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাবজেক্ট কমিটির চেয়ারম্যান ডাঃ গৌরীপদ দত্ত is a very reasonable and responsible person. যিনি রাজ্য উন্নয়ন পর্ষদেরও সদস্য, তিনি এবং তার সহকারী সদস্যরা আজকে যে অবজারভেশন দিয়েছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই দপ্তরের অপদার্থতা এমন একটা জায়গায় গিয়ে পৌঁছেছে, তার পরেও এই দপ্তরের হাত দিয়ে এক পয়সা খরচা করার অধিকার আছে কিনা সেটা আমরা আপনার কাছে জানতে চাইব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই রিপোর্টটা থেকে আরও খানিকটা অংশ আপনাদের পড়ে শোনাচ্ছি—"The nonfunctioning of these hospitals are proved by the mush-room growth of private nursing homes in districts, sub-divisions and even in the Community Development Block areas. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যখন চেয়ারে বসে থাকেন তখন সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যরা যদি মোট ৩০টা মেনশন করেন, তাহলে দেখা যাবে তার মধ্যে ২৮টা মেনশনই স্বাস্থ্য দপ্তরের ব্যর্থতা, হঠকারিতা এবং অপদার্থতা সম্পর্কে। আজ স্বাস্থ্য দপ্তরের এই অবস্থার জন্য সাধারণ মানুষের উপর দুর্দশা নেমে এসেছে? মাননীয় মন্ত্রী অধ্যাপক সুলভ দৃষ্টিভঙ্গি নিয়ে তার ভাষণে বলেছেন, Health shall be a matter of Human Right and Human Self. Respect for the millions of the under privileged in the days to come. It cannot confine itself merely within the Provider—Receive Relationship. It becomes a question of empowering people in general and the women and under-privileged, in particular. All the dynamic forces,

operating to build a self-reliant healthy posterity, should be integrated in an orchestrated Health campaign. তিনি বলেছেন এটা করবেন এবং তিনি এবারের বাজেটে মাননীয় রাজ্যপালকে দিয়ে স্বাস্থ্যদপ্তর সম্পর্কে যে কটা লাইন পড়িয়েছেন তাতে বলেছেন যে ২ হাজার সালের মধ্যে সকলের কাছে স্বাস্থ্য পৌঁছে দেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকারের রিপোর্ট, গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল, ইকোনমিক রিভিউ ১৯৯৬-৯৭ থেকে সেটা প্রমাণ করার চেষ্টা করছি, এটা আমাদের দলের থেকে প্রকাশিত কোনও পুস্তিকা থেকে বলছি না—সরকারের এই রিপোর্টে বলছে যে, ১৯৯০ সালে পশ্চিমবঙ্গে হাসপাতালের সংখ্যা ছিল ৪১০, আর ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গে হাসপাতালের সংখ্যা ৩৯৭। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা প্রতি বছর ১০০-২০০ কোটি টাকা এনহ্যান্স করে যাচ্ছি, টাকা বাড়িয়ে যাচ্ছি, যাতে পশ্চিমবঙ্গের মানুষের স্বাস্থ্যের উন্নতি হয়।

[2-10 — 2-20 p.m.]

যেমন এই মন্ত্রিসভার স্বাস্থ্য ভেঙে পড়েছে, তেমনি এই রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাও। এক মন্ত্রী বলছে ডান দিকে চল, আর এক মন্ত্রী বলছে বাঁ দিকে চল। এই মন্ত্রী বলছে ফিতে কাটব গিয়ে এক জায়গায়—সি. পি. আই. নেতা ইন্দ্রজিত গুপ্ত—সি. পি. নেতা বলছে, ওখানে কেউ যাবেন না। ওখানকার নির্বাচিত মন্ত্রী বলছে, সি. পি. এম.-কে পিঁপড়ের মতো টিপে মেরে ফেলব। একজন মেয়র রাস্তায় বেরিয়ে জঞ্জাল পরিষ্কার করতে চাইছে, আর একজন বলছেন না। অর্থাৎ, এই সরকারের স্বাস্থ্য যেমন ভেঙে পড়েছে পশ্চিমবাংলার স্বাস্থ্যও সেরকম জায়গায় দাঁড় করিয়েছে। হাসপাতালের অবস্থাটা একবার দেখুন। ১৯৯০ সালে ছিল ৪১০টি, ১৯৯১ সালে ৪১০টি, ১৯৯২ সালে ৪১০টি, ১৯৯৩ সালে ৪১০টি, ১৯৯৪ সালে ৪১০টি, ১৯৯৫ সালে ৪১০টি, আর ১৯৯৬ সালে ৩৯৭টি। স্বাস্থ্য ভাল হয়েছে। পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের জন্য এই সরকার স্বাস্থ্য খাতে দুশো, তিনশো, কোটি টাকা এক একবারে বাড়িয়ে নিয়ে যাচ্ছেন আর যথেচ্ছাচার করছেন টাকার, নয়-ছয় করছে, লুটপাট করছে। এবং অ্যাডমিনিস্ট্রেশনে পলিটিক্যালাইজেশন করে এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন যে, আজকে সাবজেক্ট কমিটি এখানে বলতে বাধ্য হচ্ছে—হাসপাতালের সুপারিনটেন্ডেন্টকে যখন জিজ্ঞেস করা হচ্ছে, এই হাসপাতালের অবস্থা এরকম কেন, তখন তারা তাদের ইনক্যাপাবিলিটি এক্সপ্রেস করছে—আমাদের কিছু করার ক্ষমতা নেই।

আর সরকার কি করছে? হাসপাতালে চিকিৎসার সব ব্যবস্থা বন্ধ করে দিচ্ছে। জীবনদায়ী ওষুধ নেই—এমনকি কলকাতার মতো শহরের হাসপাতালেও। এই বর্ষাকালে গ্রামের মানুষ আতঙ্কিত হয়ে আছে সাপের কামড়ের ভয়ে। সাপে কামড়ানো রোগীকে যদিও বা কোনওরকমে হাসপাতালে নিয়ে আসা হচ্ছে, দেখা যাচ্ছে সেখানে সিরাম নেই। মানুষটা সেখানে বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। এটা তো প্রতিদিনের কথা, রোজনামচা। কুকুরে কামড়ালেও তার ওষুধ পাওয়া যায় না। এবং এমন একটা অবস্থা হয়েছে—সদ্যপ্রসূতি মা, রাত দুটোর সময় সন্তান প্রসব করেছে, তারপর ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়েছে। সকালে, ৫ টার সময় যখন নবজাতককে আদর করতে যাবে—দেখে সন্তান নেই পাশে। দৌড়-ঝাঁপ, কান্নাকাটি। তারপর দেখা গেল সেই সন্তানকে কুকুর টেনে নিয়ে গিয়ে খেয়ে সেই হাসপাতালের চত্বরেই ফেলে

রেখে দিয়েছে। তারপরও এই নির্লজ্জ মন্ত্রিসভা বলছে দুশো কোটি টাকা বাড়িয়ে নিয়ে যেতে। আমাদের আরও টাকা দাও, আমরা আরও যথেচ্ছাচার করব। আমরা এটা বরদাস্ত করব কিনা, এটাই আপনার কাছে নিবেদন মাননীয় উপাধ্যক্ষ মহোদয়।

আমরা যখন এন. সি. সি. ক্যাডেটে ছিলাম, আমাদের বলত—'জওয়ান হেলো মাৎ'—অর্থাৎ যেখানে আছ, সেখানেই দাঁড়িয়ে থাক। এই সরকারও তেমনি ভাবে দাঁড়িয়ে আছে। সরকারি ক্লিনিকের কথা বলছি। ১৯৯০ সালে ছিল ১২১, ১৯৯২ সালে ১২১, ১৯৯৩ সালে ১২১, ১৯৯৪ সালে ১২১, ১৯৯৫ সালে ১২১, ১৯৯৬ সালে ১২১টি। এ আমরা কি করছি। প্রত্যেক বছর আমরা দুশো কোটি টাকা স্বাস্থ্য খাতে বাড়িয়ে দেব আর আমাদের মাননীয় সরকার বাহাদুর স্ট্যাটাসকো বজায় রাখবে। ১৯৯০ সালে ক্লিনিকের সংখ্যা যা ছিল, ১৯৯৭ সালেও 'জওয়ান হেলো মাৎ'—সেই একই জায়গায় দাঁড়িয়ে আছে। এখানে মানুষকে বাঁচানো যাবে না, জীবনদায়ী ওষুধ দেওয়া যাবে না, কুকুরে কামড়ানো, সাপে কামড়ানো রোগীর চিকিৎসা করা যাবে না—আর বলবে আমাদের অনুদান বাড়িয়ে দাও দুশো কোটি টাকা, আমরা দু-হাজার সালের মধ্যে এমন একটা অবস্থা করে দেব যে, এখানে ক্লিনিক, হাসপাতালের দরকার হবে না। তাই কি হাসপাতালের সংখ্যা ধাপে ধাপে কমিয়ে নিয়ে আসছেন? এখনও পশ্চিমবাংলায় ম্যালেরিয়া, কালাজ্বরের প্রকোপ দূর করতে পারেননি।

আর একটা উদাহরণ দেব মাননীয় উপাধ্যক্ষ মহাশয়—ডিসপেন্সারি। ডিসপেন্সারি ১৯৯০ সালে ছিল ৫৫১টি, ১৯৯২-তে ৫৫১টি, ১৯৯৩-তে ৫৫১টি, ১৯৯৪-তে ৫৫১টি, ১৯৯৫-তে ৫৫১টি, ১৯৯৬ সালে ৫৫১টি। আর টাকা কত বাড়াব? দুশো কোটি টাকা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সব কিছুর একটা সীমা থাকে, কিন্তু সরকারের কোনও লজ্জা নেই। এই সরকারের মানুষের প্রতি কোনও দায়বদ্ধতা নেই।

এই সরকার আজকে মানুষের জন্য ন্যূনতম স্বাস্থ্য পরিষেবা দিতে পারছে না। এই সরকার বারে বারে এখানে আসবে আর ২০০/৩০০ কোটি টাকার অনুদান গ্রান্ট বাড়িয়ে নিয়ে গিয়ে পশ্চিমবাংলার মানুষকে এরকম একটা অবস্থার মধ্যে এনে দাঁড় করিয়ে দেবে? ১৯৯০ সালে স্বাস্থ্য অবস্থা যেখানে ছিল ১৯৯৬ সালেও সেই জায়গায় দাঁড়িয়ে আছে। আজকে হাসপাতালে, ক্লিনিক, ডিসপেন্সারি কমিয়ে দেওয়া হচ্ছে আর টাকা বাড়িয়ে দেওয়া হচ্ছে এবং তা দিয়ে মহোৎসব হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে ন্যূনতম চিকিৎসা ব্যবস্থা নেই। মানুষ কোথায় যাবে? মানুষ আজকে বাধ্য হয়ে নার্সিং হোমে যাচ্ছে। আজকে শহর, আধা-শহর শুধু নয় গ্রামে-গঞ্জেও নার্সিং হোম গজিয়ে উঠেছে। এটা আমাদের কথা নয়। স্বাস্থ্য সম্বন্ধীয় সাবজেক্ট কমিটির চেয়ারম্যান মাননীয় গৌরী দত্ত বলছেন, আজকে গ্রামেও মাশরুমের মতো নার্সিং হোম গজিয়ে উঠছে। মানুষ তো আর শখ করে উডল্যান্ডস, কোঠারি নার্সিং হোমে যায় না ; আজকে সরকারি হাসপাতালে মানুষের চিকিৎসা হচ্ছে না, তারা ঘটি-বাটি, সোনা-দানা বন্ধক দিয়ে পরিবারের লোকজনের চিকিৎসা করাতে বাধ্য হচ্ছে। আজকে স্বাস্থ্য দপ্তরের আমলারা এখানে এসেছেন, তাদের জন্য আরও জায়গা দিতে হবে। একটা মাথাভারী প্রশাসন চলছে। কিন্তু টাকা-পয়সা কোথায় যাচ্ছে?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা টেবিল তুলে ধরছি, এতে পরিষ্কার হয়ে যাবে যে, উন্নয়ন কেমন হচ্ছে। স্যার, এটা আমাদের রিপোর্ট নয়, সাবজেক্ট কমিটির রিপোর্ট। স্যালারি বাবদ যেখানে দেওয়া হয়েছে ৩৫ কোটি ৬৭৩ লক্ষ টাকা সেখানে ওষুধ এবং ডায়েট—এই দুটোতে খরচ হয়েছে ৭ কোটি টাকা। প্রায় ৩৬ কোটি টাকা যেখানে মাইনে দিতে চলে যাচ্ছে গোটা পশ্চিমবাংলায়—মাননীয় সরকারি দলের সদস্য যারা রোজ এখানে চিৎকার করেন প্রাইমারি হেলথ সেন্টার, ব্লক হেলথ সেন্টার, জেলা হাসপাতালের সমস্যা সম্বন্ধে বলেন, আপনারাই না হয় বলুন, কনস্ট্রাকটিভ আলোচনা করুন। মাননীয় মন্ত্রী মহোদয়কে বলুন, বিরোধী পক্ষ থেকে বলছে সুতরাং নাকচ করে দিন। এর কোনও যুক্তি নেই। আজকে ৩৬ কোটি টাকা প্রায় মাইনে দিতে চলে যাচ্ছে কিন্তু ড্রাগস, কেমিকেলস এবং ডায়েট মিলিয়ে ৭ কোটি টাকা খরচ করা হচ্ছে।

আজকে প্ল্যানখাতে ১৪৪ কোটি এবং নন-প্ল্যানিং খাতে ৪৯৫ কোটি টাকা খরচ করা হচ্ছে। আজকে সুষম বণ্টনের ক্ষেত্রে একটি নক্কারজনক চিত্র এখানে পরিলক্ষিত হচ্ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিকাঠামো ভেঙ্গে পড়ার জন্য এবং স্ট্যাটাসকো বজায় রাখার জন্য আজকে ক্লিনিকের সংখ্যা, হেলথ্ সেন্টারের সংখ্যা, হাসপাতালের সংখ্যা বাড়াতে পারা যায়নি। স্যার, কেন্দ্রীয় সরকারের অনুদান এখানে কিভাবে আসছে দেখুন। একটা ছোট রাজ্য আসাম অনুদান পাচ্ছে ২,০৪৮ কোটি টাকা আউট লে আণ্ডার দি মিনিমাম নিডস্ প্রোগ্রাম। পশ্চিমবঙ্গ পাচ্ছে ৯৯৫ কোটি টাকা। এর কারণ কি? আমাদের যে পরিকাঠামো তাতে আমরা ৯৯৫ কোটি টাকার বেশি পেতে পারি না। অন্ধ্রপ্রদেশ আমাদের সমান রাজ্য, তারা পাচ্ছে ১ হাজার ২৯ কোটি টাকা। মধ্যপ্রদেশ পাচ্ছে ২ হাজার ১৯ কোটি টাকা। মহারাষ্ট্র পাচ্ছে ৬ হাজার ৬৯৮ কোটি টাকা। মহারাষ্ট্র যেখানে ৬,৬৯৬ কোটি টাকা কেন্দ্রীয় সাহায্য পাচ্ছে সেখানে পশ্চিমবাংলা পাচ্ছে ৯৯৫ কোটি টাকা।

[2-20 — 2-30 p.m.]

ওঁনারা বলবেন মহারাষ্ট্র আমাদের থেকে অনেক বড়, কিন্তু উড়িষ্যা নিশ্চয়ই আমাদের থেকে বড় নয়, উড়িষ্যা পাচ্ছে ১২৯৩ কোটি টাকা, নাগাল্যাণ্ড মিজোরাম, মেঘালয়ও বেশি পাচ্ছে। আর আমরা পাচ্ছি ৯৯৫ কোটি টাকা, উত্তরপ্রদেশ পাচ্ছে ৫,৩৬১ কোটি টাকা। তামিলনাড়ু পাচ্ছে ৩ হাজার ১৪ কোটি টাকা, রাজস্থান পাচ্ছে ৮,২৯৬ কোটি টাকা, পাঞ্জাব পাচ্ছে ১১০০ কোটি টাকা। জম্মু ও কাশ্মীর নিশ্চয়ই পশ্চিমবঙ্গ থেকে বড় নয়, জম্মু ও কাশ্মীর পাচ্ছে ১৯৪৬ কোটি টাকা। এম. এন. পিতে দিতে বাধ্য হচ্ছে কেন্দ্রীয় সরকার। কিন্তু পশ্চিমবাংলার দুর্বলতর ইনফ্রাস্ট্রাকচারের জন্য ৯৯৫ কোটি টাকার বেশি পাচ্ছে না। আজকে আমাদের এ লজ্জা রাখব কোথায়? আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সুন্দরবনে, সাগরে বা প্রত্যন্ত এলাকায় গেলে কি দেখবেন? সেখানকার প্রাইমারি হেলথ্ সেন্টারে গেলে দেখবেন ডাক্তার নেই, নার্স নেই, কিন্তু খাতায় কলমে ডাক্তার আছে, নার্স আছে। তারা দেওয়াল লেখেন, স্লোগান দেন, আর মাসের শেষে মাহিনা নেন। মাহিনা নেবার জন্য মাসের মধ্যে দু দিন তাদের পায়ের ধুলো ওখানে পড়ে।

আমরা আজকে সরকারকে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিতে চাই যে এই ব্যর্থতার ফলে পশ্চিমবাংলার সাধারণ মানুষ, মেহনতি মানুষ, দারিদ্র্য সীমার নিচে থাকা মানুষেরা ভুগছে। কিন্তু টাটা-বিড়লা, বাজোরিয়াদের কোনও অভাব নেই। এরা টাকা খরচ করে দেশে-বিদেশে ভালো জায়গায় চিকিৎসা করাতে পারে। কিন্তু গরিব মানুষরা এই সমস্ত প্রাইভেট ক্লিনিকে যেতে পারে না, যারা ডাক্তার ডাকতে পারে না, যারা ডাক্তারের একশো, দুশো টাকা ফী পর্যন্ত দিতে পারে না, যারা এক্সরে করাবার টাকা দিতে পারে না, তাদের কে দেখবে? আমাদের সরকার দেখবে। সেইজন্যই আমাদের এই সরকার আমাদের কাছ থেকে টাকা চাইছে, আর আমরা এই জন্য লক্ষ লক্ষ টাকাও দিচ্ছি। সরকারের দাবি মতো আমরা অনুদান দিচ্ছি। এই জন্য দিচ্ছি যাতে সাধারণ মানুষ সুচিকিৎসা পেতে পারে। আমি আরেকটা রিপোর্ট দিচ্ছি, অন্যান্য প্রদেশ যেটা পারছে আমরা কেন পারছি না? সেই প্রশ্ন আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে করব। এখানে বলছে।

An environment of mistrust of the people is prevailing about the institutes. The equipment for diagnostic and therapeutic purposes are not kept properly and often go out of order. For this reason patients are often referred to the adjacent private units, thereby the hospitals are loosing its relevance. The Committee asked the Department to provide with a comparative date of the performance of these units particularly from the Department of Surgical Specialitics and Gynaecology Units. This the department could not provide. এই কমিটি কি হিসাব চেয়েছে? কমিটি বলছে তোমরা কি কাজ করছ, কোথায় করছ আমাদের বলো, সেখানে রিপোর্ট দিতে বাধ্য হচ্ছে। এই কমিটি দিস্ ডিপার্টমেন্ট কুড নট প্রোভাইড—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা সাবজেক্ট কমিটি যাবে, তারা খোঁজ করবে, দেখবে যে তোমরা কি কি করছ আমাদের বলো। যেহেতু ব্যর্থতায় এঁদের আপাদ মস্তক ঢেকে আছে, দেখার কেউ নেই, বোঝবার কেউ নেই। তাই সাধারণ মানুষকে এমন একটা জায়গায় নিয়ে গেছে যে তাদের নিজেদের পয়সায় চিকিৎসা করাতে হচ্ছে। লিখে লিখে আমরা গরিব মানুষদের পাঠাচ্ছি, কিন্তু তারা বিনা পয়সায় চিকিৎসা করাতে পাচ্ছে না। আজকে এই সরকার এই হাসপাতালগুলিকে এমন একটা বস্তাপচা রাজনীতির অন্ধকারময় অধ্যায়ে পরিণত করেছে, তাই আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা একেবারেই ভেঙে পড়েছে। স্বাস্থ্যের জন্য মানুষ উদ্বিগ্ন হয়ে কালাতিপাত করছে। স্যার, এই বক্তব্যের প্রথমেই আমি মাননীয় মন্ত্রীর পেশ করা বাজেটকে সম্মতি জানাতে পারছি না। তার কারণ এর ব্যর্থতা নানা রূপ ধরে আমাদের কাছে আসছে। আমি আবার বিরোধিতা করে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি শীততাপ নিয়ন্ত্রিত ঘরে বসে না থেকে সাধারণ মানুষের স্বাস্থ্য যে অন্ধকারে হারিয়ে যাচ্ছে তাকে সেখান থেকে উদ্ধার করার চেষ্টা করুন।

**ডাঃ প্রবীণকুমার সাউ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করি। আমার মনে হয় আমার আগের বক্তৃতা মাননীয় বিধায়ক পঙ্কজবাবুর প্রথমেই বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত ছিল, সাবজেক্ট কমিটির মাননীয় চেয়ারম্যান ডাঃ গৌরীপদ দত্তকে ধন্যবাদ দেওয়া উচিত ছিল এবং সাবজেক্ট কমিটির রিপোর্টকেও ধন্যবাদ দেওয়া উচিত ছিল। কারণ সাবজেক্ট কমিটির রিপোর্টটি ট্রান্সপারেন্ট

*রিপোর্ট, কনস্ট্রাকটিভ রিপোর্ট।* **পঙ্কজবাবু** *রিপোর্টের ইন্ট্রোডাক্টোরিটা পড়লেন না, পার্সিয়ালি,* **কিছু কিছু এখানে উল্লেখ করলেন। বিশেষ করে যে ল্যাকুনাগুলো সাবজেক্ট কমিটিতে আমরা ধরেছিলাম সেই ল্যাকুনাগুলোই শুধু উনি বললেন।**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক পঙ্কজবাবু, তাঁর টোট্যাল বক্তৃতাটাই আমাদের হেলথ্ ইনফ্রাস্ট্রাকচারের ওপর ডিপেণ্ড করেছেন। এক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গী ওঁর দৃষ্টিভঙ্গি থেকে ডিফারেন্ট, আমাদের আউট লুক ডিফারেন্ট। ১৯৫০ সালে, ডাঃ বি. সি. রায়ের আমল থেকে আমাদের এখানে যে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপ করা হয়েছিল এবং যা আমাদের এখানে আছে সারা দেশের আর কোনও রাজ্যে তা নেই। এত ভাল এবং এত বেশি ইনফ্রাস্ট্রাকচার আর কোথাও নেই। উনি বললেন সেই ইনফ্রাস্ট্রাকচার বহন করতে গিয়েই আমাদের হেল্থ বাজেটের ৮৫% টাকা খরচ হয়ে যাচ্ছে। ওঁদের আউটলুক অনুযায়ী ওঁরা এই কথা বার বার বলছেন এবং নম্বর মেনশন করে বলেছেন—রাজ্যে আরো এত হেলথ সেন্টার হওয়া উচিত ছিল। কিন্তু আমরা বলি, আমাদের দৃষ্টিভঙ্গিটা তা নয়। আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে, হোলিস্টিক অ্যাণ্ড মাল্টিফেরিয়াল অ্যাপ্রোচের উপর ডিপেণ্ড করা। আমরা শুধু হেলথ সেন্টার প্ল্যানিংই চাই না, আমরা চাই টোটাল হেল্থ প্ল্যানিং। কেননা আমরা মনে করি হেলথ, ইট ইজ এ স্টেট অফ্ ফিজিক্যাল মেন্টেনান্স, ইকোনমিক অ্যাণ্ড সোশ্যাল মেন্টিনান্স। শুধু রোগ না থাকাই হেলথ নয়। যদি মানুষ ভাল খেতে না পায়, পানীয় জল যদি ভাল না থাকে, এডুকেশন যদি না থাকে, সোশ্যাল জাস্টিস যদি না থাকে তাহলে কখনই সুস্থ হেলথ থাকতে পারে না। এসব না দিয়ে কোনও দিন আমরা হেলথের কল্পনাও করতে পারি না। উনি কত কথা বলে গেলেন, কিন্তু হেল্থ প্যারামিটার, হেলথ্ ইণ্ডিকেটর যেগুলো আছে সেগুলোর কথা, ভাইটাল স্ট্যাটিসটিকস্ বললেন না। ভাইটাল স্ট্যাটিসটিকস-এ আমাদের অবস্থান কোথায়? আমাদের দেশে কেরালা হচ্ছে নম্বর ওয়ান। আর ডিফারেন্ট হেল্থ ইণ্ডিকেটরে—সে বার্থ রেট্ হতে পারে, ডেথ রেট্ হতে পারে, ইনফেন্ট মর্টালিটি রেট্ হতে পারে—এই সমস্ত ক্ষেত্রে আমাদের অবস্থান ২ থেকে পাঁচের ভেতর। আমরা যেগুলোকে ভাইটাল স্ট্যাটিসটিকস বলছি, সেগুলোর ক্ষেত্রে আমাদের অবস্থান অনেক ভাল। হেল্থ সেন্টারের সংখ্যা না বাড়িয়েও এটা হয়েছে। কেন না এখানে আমাদের লেফট ফ্রন্টের একটা স্টেবল গভর্নমেন্ট আছে। আমরা ডিসেন্ট্রালাইজেশন অফ্ পাওয়ার করেছি। পঞ্চায়েতকে, মিউনিসিপ্যালিটিকে আমরা পাওয়ার দিয়েছি। আমরা ৬৬% ল্যাণ্ড মার্জিনাল ফার্মারদের দিয়েছি। আপনারা হয়ত বলবেন হেলথ্ ডিপার্টমেন্টের সঙ্গে এর কি সম্পর্ক? সম্পর্ক আছে। আমাদের রাজ্যে ফুড প্রোডাকশন অনেক বেড়েছে, ফুড কনজামশন লেভেল বেড়েছে, ফলে রোগের সঙ্গে লড়াই করার ক্ষমতা আমাদের পশ্চিমবাংলার মানুষের বেড়েছে। সে জন্যই ইনফ্রাস্ট্রাকচার আর বাড়াবার দরকার হচ্ছে না। তথাপি আমাদের যে ল্যাকুনাগুলো এখনো আছে তা আমরা আমাদের সাবজেক্ট কমিটির রিপোর্টের মধ্যে উল্লেখ করেছি। আমরা আমাদের ল্যাকুনাগুলো স্বীকার করি। আমাদের মেন্ প্রবলেম কি? আমাদের মেন্ প্রবলেম্ হচ্ছে, আমাদের বাচ্চারা এখনো মারা যাচ্ছে, এক বছরের কম বয়সের বাচ্চারা মারা যাচ্ছে। মেটারনাল মর্টালিটি রেট্ আমাদের প্রবলেম। সাসেপটিবিলিটি টু নর্মাল ইন্ফেকশনস-এর ক্ষেত্রে ফুড ভ্যালু, নিউট্রেশন ভ্যালু যদি না বাড়ানো যায় তাহলে কোনওভাবেই এগুলোকে সংশোধন করা যাবে না।

[2-30 — 2-40 p.m.]

আমরা হেলথ্ কেয়ারকে ৩ ভাগে ভাগ করেছি। আমি ১৯৫০ সালের কথা বলছি। আগে কি হত? জমিদার বা জোতদার একটা জায়গা দিয়ে দিল। গভর্নমেন্টকে মোটিভেট করে সেখানে একটা বাড়ি বানিয়ে নেওয়া হল এবং সেখানে একটা ডাক্তার নিযুক্ত করে দেওয়া হত। আগে লোকের তেমন সচেতনতা ছিল না। এইসব করে ভাবা হত লোকেদের অনেক কিছু উন্নতি করে দেওয়া হয়েছে। এটা আমরা এখন রিয়ালাইজ করেছি। প্রাইমারি হেলথ্ সেন্টারের যেটা মেইন কাজ সেটা হচ্ছে প্রিভেনসন। এটা কিন্তু ঐ সময় হত না। এখন আমরা ঐদিকে জোর দিয়েছি। আমরা এখন ডাক্তারদের উপর ডিপেণ্ড করে প্রাইমারি হেলথ্ কেয়ার করতে চাচ্ছি না, আমরা প্যারা মেডিক্যাল স্টাফের উপর ডিপেণ্ড করে এইসব কাজ করতে চাচ্ছি। আমাদের প্রবলেম কি? আমাদের প্রবলেম হচ্ছে, প্রাইমারি হেলথ কেয়ারকে পুরোপুরি ইউটিলাইজ করতে পারছি না। আজকে বড় বড় স্টেট হাসপাতাল ওভার-বার্ডেন, সেইজন্য প্রাইমারি হেলথ কেয়ারকে অপটিমাইজ করার জন্য চেষ্টা করছি এবং তারজন্য ইনভেস্টিগেট করার চেষ্টা করছি। স্যার, আমি সেকেণ্ড প্রবলেম বললাম। আজকে বড় বড় হাসপাতালগুলিতে এত বেশি ভিড় হয়ে যাচ্ছে, তাকে প্রিভেন্ট করার জন্য গভর্নমেন্টের তরফ থেকে স্টেট হেলথ্ সিস্টেম (২) করা হয়েছে। এটা করে ১৭০টি হাসপাতালের উন্নতি করার জন্য চেষ্টা করা হচ্ছে। এই টাকার যাতে সদ্ব্যবহার হয় তারজন্য ডিসেন্ট্রালাইজেশন করা হয়েছে এবং একে মনিটোরিং করার জন্য ডিস্ট্রিক্ট হেলথ্ কমিটির হাতে দেওয়া হয়েছে। তারা মনিটারিং করে টাকার সদ্ব্যবহার যাতে হয় তারজন্য তারা চেষ্টা করবেন। আমাদের ইকনমিক প্রবলেম ছিল, টাকা-পয়সার অভাব ছিল। সেইজন্য আমরা টাকাগুলি নিয়েছি এবং হাসপাতালগুলির উন্নতির জন্য চেষ্টা করে যাচ্ছি। আমাদের বড় বড় হাসপাতালগুলির কাজ যাতে ভালভাবে হয় তারজন্য কয়েকটি পদক্ষেপ নেওয়া হয়েছে এবং এই পদক্ষেপ নেওয়া উচিত বলে আমি মনে করছি। সেকেণ্ডারি হাসপাতালগুলিকে আমরা স্ট্রেনদেনিং করছি যাতে বড় বড় হাসপাতালগুলিতে, বড় বড় স্টেট হাসপাতালগুলিতে ভিড় না হয়, ওভারবার্ডেন না হয়। স্টেট হাসপাতালগুলির যে মেইন ফাংশন অর্থাৎ টিচিং ফাংশন, সেইসব সুপার-স্পেশ্যালিস্ট যেটা আগে কম ছিল সেই সুপার-স্পেশ্যালিটি ভাল হবে এবং সুপার-স্পেশ্যালিটরা ভালভাবে কাজ করতে পারবেন। ডিপার্টমেন্টের তরফ থেকে বিভিন্ন প্রশংসনীয় কাজ করা হয়েছে। তার মধ্যে ডেমোক্রাটাইজেশন অফ দি হেলথ্ কেয়ার ডেলিভারি সিস্টেম করা হয়েছে। আমরা স্টেট থেকে নিয়ে সাব-সেন্টার অবধি অ্যাডভাইসারি কমিটি বানিয়েছি। পাবলিক রিপ্রেজেনটেটিভদের সেই অ্যাডভাইসারি কমিটিতে রাখা হয়েছে এবং সাধারণ মানুষকে সেইসব হাসপাতালগুলির সাথে যুক্ত করা হয়েছে। এ ছাড়া মেডিক্যাল এডুকেশন সম্বন্ধে আমরা গর্বিত। আমাদের পশ্চিমবাংলায় এখনো মেরিটের উপর ভিত্তি করে মেডিক্যাল এডুকেশন দেওয়া হচ্ছে। কর্ণাটক বা অন্যান্য রাজ্যের মত টাকা দিয়ে মেডিক্যাল ডিগ্রি কেনা হয় না। প্রাইভেট মেডিক্যাল কলেজের আমরা তীব্র বিরোধিতা করি। প্রাইভেট মেডিক্যাল কলেজে ১৫ লক্ষ কিংবা ২০ লক্ষ টাকা দিয়ে যারা ডাক্তার হবে তারা প্রফেশন্যাল হবে। তারা আমাদের মতন রাজ্যে সাধারণ লোকেদের কোনও কাজে আসতে পারবে না। আমরা মেডিক্যাল এডুকেশন সার্ভিস দিয়েছি। আমরা অ্যাডমিনিস্ট্রেটিভ হেলথ্ ক্যাডার করেছি এবং ডিসেন্ট্রালাইজেশন অফ ড্রাগ

স্টোর্স করেছি। আগে ড্রাগের জন্য কলকাতায় আসতে হত। এখন সেটা ডিস্ট্রিক্টে ডিসেন্ট্রালাইজ করা হয়েছে। এখন কথা হচ্ছে, নতুন পদক্ষেপ নিলে কিছু ফাঁক-ফোঁকর থাকে, কিছু ল্যাকুনা থাকে। সেই ল্যাকুনাগুলিকে আইডেনটিফাই করছি এবং সেই ল্যাকুনাগুলিকে দূর করার জন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক হেলথ্ কেয়ার সম্পর্কে অনেক কথা বললেন। কিন্তু তাঁর মনে রাখা উচিত, এখনো হেলথ্ কেয়ার ডেলিভারি হয় তার শতকরা ৭৫ পারসেন্ট গভর্নমেন্ট সেক্টর থেকে করা হয়।

আমাদের দেশে এত এন. জি. ও. আছে, প্রাইভেট হসপিট্যাল আছে কিন্তু মাত্র ২৫ পারসেন্ট হেলথ্ কেয়ার ডেলিভ্যারি তারা করছেন, তার বেশি করছেন না। আমি স্বীকার করছি যে আমাদের সমস্যা আছে, ত্রুটি আছে, আরও কিছু করা উচিত কিন্তু তা সত্ত্বেও বলব, এখানে কিন্তু সরকারি স্তরে আমরা বিশাল কাজ করে চলেছি স্বাস্থ্যের ব্যাপারে। আর সমস্যা তো শুধু আমাদের রাজ্যের বা দেশেরই নয়, শুধু আন্ডার ডেভেলপড কান্ট্রিগুলিরই নয়, ডেভেলপ কানট্রিগুলিতেও নতুন নতুন সমস্যার সৃষ্টি হচ্ছে এবং স্বাস্থ্যের ব্যাপারে তাদেরও নানান সমস্যা ফেস করতে হচ্ছে। স্যার, বিজ্ঞানের অসাধারণ উন্নতি হয়েছে ঠিক কথা, ইনভেস্টিগেশনস ফেসিলিটিসও অনেক বেড়েছে—আগে যে সমস্ত রোগগুলি ঠিকমতন ধরা যেত না এখন চিকিৎসা বিজ্ঞানের অগ্রগতির ফলে তার পিন পয়েন্ট ডাইগোনিসিস হচ্ছে। নানান রকমের ইনভেস্টিগেশনের ফেসিলিটিস আমাদের এখানেও পাওয়া যাচ্ছে— সি. টি. স্ক্যান, এস. আর. আই., আলট্রাসোনোগ্রাফি ইত্যাদি সুযোগ পাওয়া যাচ্ছে কিন্তু সঙ্গে সঙ্গে একথাটাও মনে রাখতেই হবে যে বেশিরভাগ মানুষকে কিন্তু তা দেওয়া যাচ্ছে না। সাধারণ যে ইনভেস্টিগেটিং ফেসিলিটসগুলি—ম্যালেরিয়া প্যারাসাইট, ইউরিন টেস্ট ফেসিলিটিস এগুলিও কিন্তু সবাইকে দেওয়া যাচ্ছে না। নতুন নতুন মেডিসিন বেরিয়েছে, যে রোগগুলি দূরারোগ্য বলে মনে হ'ত তার ট্রিটমেন্টের জন্য নতুন নতুন চিকিৎসাও বেরিয়েছে কিন্তু লোকজন বেশি মারা যাচ্ছে কিসে? প্রতি বছর ১।। লক্ষের মতন মানুষ মারা যায় পেটের অসুখে, খারাপ পানীয় জল ব্যবস্থার করার জন্য। আমাদের ভুললে চলবে না যে, যে ৭৫ পারসেন্ট পপুলেশন ভারতবর্ষে রুর‍্যাল এরিয়াতে বাস করেন সেই রুর‍্যাল পপুলেশানের ৪০ পারসেন্টের বেশিকে সেফ ড্রিংকিং ওয়াটার দেওয়া যাচ্ছে না। আমাদের রাজ্যে কিন্তু আমরা এ ক্ষেত্রে অনেক উন্নতি করেছি। আমরা প্রিভেনটিভ অ্যাকসেপ্টের উপর জোর দিয়েছি এবং আমাদের পশ্চিমবঙ্গের প্রায় সব গ্রামেই আমরা সেফ ড্রিংকিং ওয়াটার দিতে পারছি। ওয়ার্ল্ড হেলথ্ রিপোর্ট, ১৯৯৫, তাতে বলা হচ্ছে Excess of poverty is a disease. Economic difference between different countries and also between the people of the same country is giving the present picture. Out of 17 crores mal-nutrition people in the world is 7 crores, 50% is Indian 6 out of 10 children and 7 out of 10 mothers are anemia patient. এই অ্যানিমিয়া, এই ম্যালনিউট্রেশান কিন্তু বড় বড় স্ট্রাকচার করে নতুন নতুন হাসপাতাল তৈরি করলেই দূর হবে না, আমরা অন্তত সেটা ভাবি না, আপনারা ভাবতে পারেন, আমরা মনে করি যে মানুষকে নিউট্রিশাস ফুড যদি না দিতে পারা যায়, সোশ্যাল জাস্টিস যদি না থাকে তাহলে এগুলি দূর করা যাবে না। তার ব্যবস্থা করার দিকে নজর দিতে হবে। যেমন ডাইরিয়া কন্ট্রোল শুধু মেডিসিন দিয়েই হবে না, এরজন্য প্রয়োজন সেফ ড্রিংকিং ওয়াটার। ইনফরমেশান টেকনোলজি অনেক

বেড়েছে। আগে হেল্‌থ সেন্টারগুলিতে একজন ডাক্তার, কিছু স্টাফ, কিছু লাল, সাদা মিক্সচারের বোতল এবং কিছু পুরিয়া দিয়েই চলত এবং লোকে তাতেই সন্তুষ্ট হত। এখন কিন্তু তা হয় না, ইনফরমেশন টেকনোলজির জন্য এখন গ্রামের লোকরাও অনেক কিছু জেনে গেছেন, তারা নতুন নতুন ব্যবস্থার কথাও শুনছেন। আমাদের দেশে এখন ইন্টারন্যাশনাল স্টাণ্ডার্ডের মেডিকেয়ারও পাওয়া যাচ্ছে এবং গ্রামের লোকরা সেটা জানছেন কিন্তু তাদের পকেটের দিকে তাকালে বোঝা যায় যে এগুলি পারচেস করার ক্যাপাসিটি বেশিরভাগ লোকেরই নেই। সেই পারচেস ক্যাপাসিটি না থাকার জন্য লোকের ক্ষোভ সরকারের উপর পড়ছে। তারা চান যে সরকার এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নিন কিন্তু সরকারের কাছে এত টাকা নেই। আমি আগেই বলেছি যে আমাদের ৮৫ পারসেন্ট চলে যাচ্ছে ইনফ্রাস্ট্রাকচার মেনটেন করতে। স্যার, আমরা সাইনটিফিক ডেভেলপমেন্টের বিরুদ্ধে নই, আমরাও চাই তা হোক, নতুন প্রযুক্তি চিকিৎসা ক্ষেত্রে ব্যবহার করা হোক কিন্তু শুধু সাইনটিফিক ডেভেলপমেন্ট দিয়েই হবে না, শুধু হাইটেক দিয়েই হবে না—যে সাইনটিফিক ডেভেলপমেন্ট সাধারণ মানুষের কাছে আসে না তা আমরা চাইছি না, আমরা র‍্যাশনালাইজেশন অব সায়েনটিফিক ডেভেলপমেন্ট সাধারণ মানুষের জন্য চাইছি। কংগ্রেসের বিধায়করা অধিকাংশই হেল্‌থ বাজেটে অংশগ্রহণ করে বলে থাকেন যে তাদের প্রেস্টিজে লাগছে।

[2-40 — 2-50 p.m.]

ওরা বলল যে, এখান থেকে ম্যাড্রাসের দিকে সি. এম. সি., ভেলোর, শঙ্কর নেত্রালয়, অ্যাপোলো বা অল ইণ্ডিয়া ইন্সটিটিউট অফ মেডিক্যাল সায়েন্সে মানুষ চলে যাচ্ছে। কিন্তু আপনারা একটু ভেবে দেখবেন যে, যাদের পার্চেজিং ক্যাপাসিটি রয়েছে তারা এখানেই সেই সুযোগটা পার্চেজ করতে পারেন। আজকে তারাই ম্যাড্রাসে গিয়ে সেটা পার্চেজ করছেন। যাদের সেটা আরো বেশি রয়েছে তারা লণ্ডন বা আমেরিকায় চলে যাচ্ছেন। এদেরকে ধরে রাখবার জন্য মন্ত্রীকে কি বলবো যে, পুরো বাজেটের টাকাটা এই জায়গায় নিয়ে যেতে হবে? এটা আপনারা বলতে পারেন, কিন্তু আমরা কোনওদিন সেটা বলতে পারব না। আজকে ওদের মত অনুযায়ী হেল্‌থ বাজেটের পুরো টাকাটাও যদি ডাইভার্ট করে দেওয়া হয় ইনফ্রাস্ট্রাকচার বাড়াবার জন, হাই টেকনোলজি এবং মেডিক্যাল সায়েন্সের স্বার্থে ব্যয় করবার জন্য তাহলেও আমাদের পশ্চিমবঙ্গে স্বাস্থ্যের সমস্যার সমাধান হবে না। এক্ষেত্রে আপনাদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির ডিফারেন্স রয়েছে। আপনারা যেটা চাইছেন—কমার্শিয়ালাইজেশন অফ....

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ায়)।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে ব্যয়-বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি বেং আমাদের দলের কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। আমার যে বিরোধিতা সেটা নিছক বিরোধিতা করবার জন্যই বিরোধিতা নয়। আজকে পশ্চিমবঙ্গে মানুষের জন্য স্বাস্থ্যে-পরিষেবার ব্যাপারটা কোন জায়গায় দাঁড়িয়েছে সেটা সবার জানা। এটা শুধু আমার কথা নয়, বিভিন্ন জায়গা থেকে নির্বাচিত হয়ে এখানে যারা এসেছেন তারা প্রতিদিনই নিজ এলাকার সমস্যার কথা এখানে উল্লেখ করছেন। এবং আমরা যদি একটু লক্ষ্য করি, তাহলে দেখা যাবে যে, অধিকাংশ উল্লেখই স্বাস্থ্য দপ্তরকে কেন্দ্র

করে হয়ে থাকে। এর কারণ একটাই। আমাদের ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে যে স্বাস্থ্য-ব্যবস্থা গড়ে উঠেছিল সেই স্বাস্থ্য-ব্যবস্থা আজকে এই সরকারের আমলে বাঁচিয়ে রাখা তো দূরের কথা, আস্তে আস্তে সেটা ধ্বংসের মুখে চলেছে। আমি কখনই বলি না যে, পার্থবাবু রাতারাতি সব হাসপাতালের উন্নতি করে দেবেন। আমি একথাও বলি না যে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সব হাসপাতালে হার্ট, ব্রেন বা কিডনী সংক্রান্ত চিকিৎসার ব্যবস্থা করে দেবেন রাতারাতি। কিন্তু এটুকু, আশা তো করতে পারি যে, প্রত্যন্ত একটি গ্রামের মানুষকে সাপে কামড়ালে সে এ. ভি. এস. ইনজেকশনের সুযোগ অন্তত পাবে হাসপাতালে গেলে! আমি এটা আশা করি না যে, বিশ্ব ব্যাংকের টাকায় উনি রাতারাতি সব হাসপাতালে সর্বাধুনিক চিকিৎসার ব্যবস্থা করে দিতে পারবেন, কারণ আমি অতটা নির্বোধ নই। কিন্তু আমি এটুকু তো আশা করতে পারি যে, পাগলাকুকুরে কামড়ালে এ. আর. ভি. ইনজেকশন পাবে মানুষ! করনারি কেয়ার ইউনিট করে দেবেন। কিন্তু গ্রামের মানুষ সারাদিন হাড়ভাঙা খাটুনির ফলে যক্ষা রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হলে বা হাসপাতালে গেলে স্ট্রেপটোমাইসিন ইনজেকশন পাবেন এটা তো আশা করতে পারি!

কিন্তু বলুন যে আমাদের কি ব্লক লেভেল থেকে কলকাতা পর্যন্ত এই আক্রান্ত যে সমস্ত রোগী আছে তাদের চিকিৎসার ব্যবস্থা হচ্ছে? গ্রামে পচা পুকুরের জল খেয়ে রোগিরা আক্রান্ত হচ্ছে, হাসপাতালে গেলে স্যালাইন নেই। যদিও বা স্যালাইন থাকে সেটা ফাংগাসে ভর্তি, বাজার থেকে পয়সা দিয়ে কিনে আনতে হয়। ২০০০ সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য পৌঁছে যাবে যখন স্লোগান উঠেছে তখন এই করুণ পরিস্থিতিতে এই নিদারুণ যন্ত্রণা নিয়ে পশ্চিমবাংলার মানুষকে বাস করতে হচ্ছে। স্বাভাবিকভাবেই এই বাজেটের বিরোধিতা করা উচিত। আজকে এখানে অনেক সদস্যই বলেছেন যে, পশ্চিমবাংলায় ডাক্তার আসছে না চলে যাচ্ছে। হ্যাঁ, ঠিকই তো চলে যাচ্ছে। শুধু বাংলায় নয় সারা পৃথিবীতে স্থান করে নিচ্ছে বাংলার ডাক্তাররা। কেন চলে যাচ্ছে তারা? কোনও ইনস্ট্রুমেন্ট নেই, কোনও ল্যাবোরেটরি নেই, কোনও ও.টি নেই, এখানে কাজের কোনও পরিবেশ নেই। এই রকম একটা অবস্থায় পশ্চিমবাংলায় স্বাস্থ্য দপ্তর চলছে। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য পরভিনবাবু বলছিলেন যে মেডিক্যাল এডুকেশনের নাকি খুব ভাল ব্যবস্থা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের তিক্ত অভিজ্ঞতা আছে, তিনি বর্ধমান মেডিক্যাল কলেজে গিয়েছিলেন, তাঁর জেলার বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে গিয়েছিলেন, উত্তরবঙ্গের সুশ্রুত মেডিক্যাল কলেজে গিয়েছিলেন। সেখানে কি অবস্থা! উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ রয়েছে, নর্থ বেঙ্গলের মানুষকে একটা নিউরো-সারজারির জন্য ছুটে আসতে হয় কলকাতায়। একটা অ্যাক্সিডেন্ট ঘটলে নিউরো-সার্জারির কোনও ব্যবস্থা নেই নর্থ বেঙ্গলে। তাদের কলকাতায় ছুটে আসতে গিয়ে অনেক রোগী মারা যাচ্ছে। এই অবস্থার মধ্যে দিয়ে আমাদের স্বাস্থ্য দপ্তর চলছে। আজকে আমরা এখানে দেখেছিলাম যে কয়েক বছরের মধ্যে আমাদের এখানে কল্যাণীতে একটা অল ইণ্ডিয়া মেডিক্যাল ইন্সটিটিউট হবে। প্রণব মুখার্জি যখন ডেপুটি চেয়ারম্যান ছিলেন তখন তিনি বলেছিলেন, প্রয়াত রাজ্যপাল নুরুল হাসানের নামে এটা হবে এবং তার জন্য ১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। তার ভিত্তি প্রস্তর স্থাপন করা হল। সেখানে পণ্ডিচেরীর মতো একটা অল ইণ্ডিয়া মেডিক্যাল ইন্সটিটিউট হবে। আজকে সেটা কি অবস্থায় আছে? আজকে তো কেন্দ্রীয় সরকার বদল

হয়েছে, এখন বলুন টাকা দিতে। আগে যখন কংগ্রেস সরকার ছিল তখন তো বলতেন কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না কি করব। আপনি একটা প্রস্তাব আনুন না রাজ্যের সমস্ত ডিপার্টমেন্টের বাজেট কিছু কিছু কাটেল করে ১০০ কোটি টাকা দিয়ে এই ইন্সটিটিউট করা হোক। এই ব্যাপারে একটা প্রস্তাব আনুন। আজকে পশ্চিমবাংলার মানুষ চিকিৎসার জন্য ভেলোরে চলে যাচ্ছে। ঠিকই তো, ভেলোরে চলে যাচ্ছে, দিল্লি চলে যাচ্ছে, বম্বে চলে যাচ্ছে। মানুষের ভাল চিকিৎসার জন্য, জীবনের নিরাপত্তার জন্য যেতে হচ্ছে। এখানে সেই রকম কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই, মেডিক্যাল ফেসিলিটি নেই কি করবে তারা? আজকে শংকর নেত্রালয়ের মতো এখানে কোনও চোখের হাসপাতাল নেই। পশ্চিমবাংলার মানুষকে চোখের চিকিৎসার জন্য বাইরে যেতে হয়। বাইরে কি কখনও কেউ যেতে চায়। নিরুপায় হয়ে যেতে হয়। এখানে যদি এই ব্যবস্থা থাকত তাহলে নিশ্চয়ই কোটি কোটি টাকা বাইরে চলে যেত না, আমাদের বাংলার টাকা বাংলায় থাকত, তা দিয়ে অনেক ডেভেলপমেন্টের কাজ হত। আজকে তারা বাইরে যাচ্ছে তার কারণ একটাই যে এখানে ইনফ্রাস্ট্রাকচার নেই কোনও ফেসিলিটি নেই। আজকে মেডিক্যাল অ্যালোকেশানের কথা বলেছেন। আজকে বাংলার ছেলেরা কোনও জায়গায় ভাল স্থান করে নিতে পারছে না কারণ স্ট্যাণ্ডার্ড অফ মেডিক্যাল এডুকেশান নিচের দিকে চলে গিয়েছে। মেডিক্যাল পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেল যার জন্য গতবার ডিন অফ দি মেডিক্যাল ফ্যাকালটিকে পদত্যাগ করতে হয়েছে। আজকে এই অবস্থা চলছে এখানে। পরিশেষে আমি এই কথা বলতে চাই যে আপনারা গ্রামে গ্রামে কমিউনিটি হেল্‌থ গাইড অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন। তাদের ২০ বছর আগে ৫০ টাকা করে ভাতা দিচ্ছিলেন। গত ২০ বছরে এই ৫০ টাকা ভাতাটা বাড়ানো গেল না?

[2-50 — 3-00 p.m.]

আজকে কমিউনিটি হেল্‌থ গাইডের কি অবস্থা, তাদেরকে মাত্র ৫০ টাকা এই দুর্মূল্যের বাজারে দেওয়া হচ্ছে। এই প্রসঙ্গে বলছি যে, বিশ্ব ব্যাংকের যে টাকা আসছে, আমরা জানি এতে অনেক নর্মস্‌ আছে, সেই নর্মসগুলো একটু মডিফাই করে চেঞ্জ করার ব্যবস্থা যদি করেন ভালো হয়। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে বলছি যে এই বাজেট সাধারণ মানুষের কল্যাণের জন্য আনা হয়নি। আগামীদিনে ভালো বাজেট আনবেন এই কথা বলে আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৭-৭৮ সালের যে বাজেট পেশ করা হয়েছে তার বিরোধিতা করে আমাদের আনীত কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। পার্থবাবু খুব সুন্দরভাবে তাঁর বইয়ের ফোর্থ পেজে লিখেছেন যে, আমরা সর্বশক্তি দিয়ে গরিব মানুষদের জন্য বিভিন্ন ব্যবস্থাদির মধ্যে দিয়ে এবং তাদের কথা চিন্তা করে আমরা সাহায্য করার চেষ্টা করছি। আমার কথা হচ্ছে দয়া করে পার্থবাবু এবং মিনতি দেবী এইভাবে অসত্য কথা বলবেন না। বর্তমানে কোনও সরকারি হাসপাতালে নিরীহ গরিব মানুষদের চিকিৎসার কোনও ব্যবস্থা আছে? আজকে হাসপাতালের ডাক্তাররা তাদের নার্সিংহোমগুলোকে বাড়ানোর জন্য রোগীদের হাসপাতাল থেকে সরিয়ে নার্সিংহোমে নিয়ে যাবার চেষ্টা করছে। যেসব ডাক্তার হাসপাতালের সঙ্গে জড়িত আছে তারা হাসপাতালে রোগীর

ট্রিটমেন্ট করে না। এর ফলে গরিব মানুষদের অত্যন্ত দুরাবস্থার মধ্যে পড়তে হয়। আমার এলাকাতে যে ৩-৪টি হেল্থ সেন্টার আছে সেগুলো সম্পর্কে দীর্ঘদিন পার্থবাবুকে বলেও চালু করাতে পারিনি। ওইসব স্বাস্থ্যকেন্দ্রগুলোতে ডাক্তার নেই, রোগীর কোনও চিকিৎসার ব্যবস্থা নেই। যেখানে ডাক্তার নেই, সেখানে মন্ত্রীকে গিয়ে তদন্ত করা দরকার যে ওই এলাকার মানুষগুলো তাহলে কোথায় চিকিৎসা করাচ্ছে, কিন্তু তার কোনও ব্যবস্থাই তিনি করেন না। আমাদের আমলে আমরা ফ্রি ট্রিটমেন্টের ব্যবস্থা করেছিলাম, কিন্তু গত কয়েক বছর ধরে এই সরকার কার্ড প্রতি ১ টাকা করে এবং এক্সরে পিছু ৮ টাকা ১০ টাকা করে রোগীর কাছ থেকে নিয়ে রোগী দেখার ব্যবস্থা করেছে। তাতেও কিন্তু অবস্থার কোনও উন্নতি হয়নি। ক্যালকাটা মেডিক্যাল কলেজেই তো কয়েকদিন আগে এক ভদ্রমহিলাকে ভুল চিকিৎসার জন্যে তার সন্তান ধারণ ক্ষমতা নষ্ট করে দেওয়া হয়েছে। তার কোনও তো ব্যবস্থাই হল না। তারপরে মাননীন মন্ত্রীর জেলাতে অর্থাৎ বাঁকুড়া মেডিক্যাল কলেজে যেভাবে গোলমাল হয়ে থাকে তার তো কোনও প্রতিকারের ব্যবস্থা দেখি না। তারপরে হাসপাতালের মর্গগুলোর অবস্থা অত্যন্ত খারাপ, দুর্গন্ধে রোগীরা হাসপাতালে থাকতে পারে না। এই মর্গগুলোর অবিলম্বে সংস্কারের দরকার। এইগুলোর সংস্কার না হলে হাসপাতালগুলোর পরিবেশ নষ্ট করে দিচ্ছে। তারপরে স্পেশ্যাল অ্যাটেনডেন্সের ব্যাপারে জানাচ্ছি যে, প্রায় ৩ হাজারের মতো স্পেশ্যাল অ্যাটেন্ডেন্স আছে, এরা যাতে সব রকমের সুযোগ সুবিধা পায় সেই দিকটা দেখতে হবে। তারপরে এস. এস. কে. এম. হাসপাতালে যে বিভিন্ন রোগের চিকিৎসা আছে তা গরিব মানুষ সেই সব রোগের চিকিৎসা বাইরে পয়সা খরচ করিয়ে করাতে পারবে না। এস. এস. কে. এম. হাসপাতালে সিটি স্ক্যান থেকে শুরু করে হোল বডির স্ক্যানের ব্যবস্থা আছে, কিন্তু দুর্ভাগ্যক্রমে ওই মেশিনটি প্রায় ৪ মাস ধরে খারাপ হয়ে পড়ে আছে। সেটা সারানোর দিকে সরকারের কোনও নজর নেই। পি. জি. হাসপাতালের একটি অপারেশন কেস না হওয়ার জন্যে ওই পেশেন্টকে নীলরতন মেডিক্যাল কলেজে ভর্তি করাতে বাধ্য হয়, এই তো এই বড় হাসপাতালের অবস্থা, অথচ স্বাস্থ্য দপ্তর একেবারে এই ব্যাপারে উদাসীন। আজকে ব্লাড ব্যাঙ্কগুলোর কি অবস্থা সেখানে রীতিমতো কারচুপি চলছে, তার সুরাহার কোনও ব্যবস্থা নেই। এইসব দিকে যদি একটু সরকার নজর করত তাহলে গরিব লোকেদের চিকিৎসার সুযোগ হতে পারত। আমাদের সাবজেক্ট কমিটির রিপোর্টেই বলা হয়েছে হাসপাতালগুলোর অবস্থার কথা, সেখানে একটা করুণ অবস্থা চলছে।

আমার কাছে কয়েকটি নথিপত্র আছে, সেগুলি আমি দেখাচ্ছি। এইগুলি পার্থবাবুর জানা দরকার। বীরভূম জেলায় জাল বদলির অর্ডার করে, ট্রান্সফার করে অনেক ক্যাডারকে সেখানে চাকরি দেবার ব্যবস্থা করা হয়েছে, এই খবর কাগজে বেরিয়েছে, সেইগুলি ধরাও পড়েছে। ২৩/৬/৯৬ তারিখে আনন্দবাজার পত্রিকায় এই খবরটা বেরিয়েছে। এই রকম প্রমাণ আছে। নার্স নিয়োগের ক্ষেত্রে দেখা যাচ্ছে, যাদের যোগ্যতা আছে, তাদেরকে কাজ দেওয়া হচ্ছে না, যারা আপনাদের পছন্দ মতো তাদেরকে চাকরি দেওয়া হচ্ছে। কয়েকদিন আগে আনন্দবাজার পত্রিকায় একটি খবর বেরিয়েছে মেডিক্যাল কলেজে মর্গে কাজ করত, তাদেরকে সাসপেন্ড করা হয়েছিল, কিন্তু তারা এখন আবার কাজ করছে, এটা আমার কথা নয়, পত্রিকায় এই খবর বেরিয়েছে। এই যে হাসপাতালের মধ্যে দুর্নীতি হচ্ছে, এই ব্যাপারে মন্ত্রী কি করেছেন

আমি জানি না, কিন্তু ঘটনা সত্য। যারা প্রকৃত রোগী তারা হাসপাতালে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে না, টাকা দিয়ে রোগীদের ভর্তি হতে হচ্ছে, এই ব্যাপারে আপনার দপ্তর কিছু করছে না। কিছু ঔষধ বেরিয়েছে, ভেজাল ঔষধ ; ঔষধ চালাবার চেষ্টা করছেন ডাক্তারের মাধ্যমে; আমি মনে করি এই ব্যাপারটি স্বাস্থ্যমন্ত্রীর দেখা উচিত। যেখানে মানুষের বাঁচার জন্য হাসপাতাল, যেখানে মানুষ ভাল ঔষধ কিনতে চাইছে, সেখানে এই ভেজাল ঔষধ চালাবার যে প্রচেষ্টা এটাকে এখনি বন্ধ করা দরকার। দোষীদের শাস্তির ব্যবস্থা করা দরকার। আয়ুর্বেদ কলেজ, হোমিওপ্যাথি কলেজ, ডেন্টাল কলেজ এর অবস্থা খুবই খারাপ। অনেক জায়গায় চিকিৎসক নেই, কোথাও ডাক্তার আছে তো ঔষধ নেই, সিট থাকা সত্ত্বেও ভর্তি করতে চায় না, এই হাসপাতালগুলির এই হচ্ছে অবস্থা। আপনারা বলছেন, রোগীকে কথা চিন্তা করছেন, ৫৫ সালে যেখানে গ্রুপ ডি.-র মাহিনা ছিল ৫৩ টাকা এখন তারা সেখানে পান ৩,৭৫০ টাকা, ডাক্তাররা পান ১২,৫০০ টাকা। রোগীদের খাবারের জন্য আগে বরাদ্দ ছিল ২ টাকা, এখন বরাদ্দ হচ্ছে ১৯ টাকা। রোগীদের মাথাপিছু ঔষধের জন্য বরাদ্দ ছিল আগেতে ১ টাকা, এখন ১৫ টাকা। রোগীদের জন্য আপনারা কি ভাবছেন? তাদের জন্য আপনারা কি করেছেন? যারা টি. বি. পেশেন্ট আছেন, মেন্টাল ডিজিজ এর পেশেন্ট আছেন তাদের জন্য হাসপাতালে কোনও সিট থাকে না, তাদেরকে আপনাদের কাছে পাঠালে আপনারা বলেন সিট নেই। অথচ দেখা যাচ্ছে যে অনুপাতে সিট আছে, সেই হারে পেশেন্ট ভর্তি হতে পারছে না। আপনারা হয়ত প্রমাণ করতে চাচ্ছেন টি. বি. রোগী নেই, মেন্টাল ডিজিজ নেই, লুম্বিনি পার্ক হাসপাতালে যান, সেখানে দেখবেন সিট আছে ২০০, কিন্তু পুরো সিট তারা কখনওই ভর্তি করতে চায় না, এই প্রবণতাটা বন্ধ হওয়া দরকার। শিশু মৃত্যুর হার '৭৬ সালে ছিল ১৩ শতাংশ, আপনাদের আমলে '৯৩ থেকে '৯৫ সেটা বেড়ে হয়েছে ২৯ শতাংশ। আমি জানি আপনার দপ্তর বড় দপ্তর, আপনার দপ্তর মানুষকে বাঁচাবার দপ্তর। কিন্তু গাফিলতির জন্য মানুষ রেহাই পাচ্ছে না। এই ব্যাপারে আমি ছাড়াও সি. পি. এম.-এর সদস্যরাও তারা একই কথা বলবেন। আমার জেলায় যে ভাঙড় হাসপাতালটি আছে, সেখানে প্রয়োজন অনুযায়ী কাজ হচ্ছে না। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় স্বাস্থ্য পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর যে বাজেট এনেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্বাস্থ্য একটা গুরুত্বপূর্ণ বিষয়, এই গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আজকের বাজেট। আজকে শুধু ভারতবর্ষে নয়, বিশ্বে নূতন নূতন যে ভাইরাসগুলি আসছে সেই সমস্যাগুলির সম্বন্ধে আলাপ-আলোচনা করে কিভাবে আগামী দিনে স্বাস্থ্য পরিষেবাকে এবং সাধারণ মানুষকে সুস্বাস্থ্য দিতে পারা যায় সেই ব্যাপারে আলোচনা করতে হবে।

[3-00 — 3-10 p.m.]

স্যার, বিরোধী পক্ষের বক্তব্য শোনার পর আমার মনে হল ওনারা ত্রিশ বছর ধরে পশ্চিমবাংলার স্বাস্থ্যের এমন একটা অবস্থা করেছিলেন, তাতে শিশু মৃত্যুর হার কমে গিয়েছিল, জন্ম-মৃত্যুর হার কমে গিয়েছিল, সমস্ত দিক থেকে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এক নম্বরে

ছিল। আমরা আসার পরে, বিশেষ করে পার্থবাবু আসার পরে আমরা সমস্ত ব্যবস্থা গোলমাল করে দিলাম। পশ্চিমবাংলার সমস্ত মানুষ কেউ আর আমাদের কাছ থেকে সুযোগ-সুবিধা পাচ্ছে না। ওনাদের বক্তব্য শুনে মনে হল এই রকম অবস্থা সৃষ্টি হয়েছে। স্বাস্থ্য সম্পর্কে সঠিকভাবে বিচার বিশ্লেষণ করে, কিভাবে একটা দেশের স্বাস্থ্য পরিকাঠামোকে আরও সুস্বাস্থ্যের দিকে নিয়ে যাওয়া যায়, তার কারণগুলো তারা সঠিকভাবে মূল্যায়ন করলেন না। যেহেতু এটা সরকার পক্ষের বাজেট তাই ওনারা এর বিরোধিতা করে গেলেন। আজকে শুধু পশ্চিমবাংলায় নয়, সারা বিশ্বে আজকে নতুন নতুন ভাইরাস সৃষ্টি, পরিবেশ দূষণের জন্য নতুন নতুন রোগ যেভাবে আমাদেরকে গ্রাস করছে, তাতে পশ্চিমবাংলার মতো একটি অঙ্গরাজ্য তার সীমিত ক্ষমতার মধ্যে সাড়ে ছয় কোটি মানুষের সমস্ত রোগ সরকারি ব্যবস্থার দ্বারা ঠিক করে দেওয়া কখনওই সম্ভব নয়। বিলো পভার্টি লাইন, যে সমস্ত গরিব মানুষগুলো আছে তারা কি করে আরও বেশি সুযোগ-সুবিধা পাবে এটা দেখতে হবে। শুধু ইঞ্জেকশন দিলাম, ওষুধ দিলাম, এইগুলোকে তো সুস্বাস্থ্য বলা যায় না। যখন মাতৃগহ্বরে শিশু ভ্রূণ অবস্থায় থাকবে সেখান থেকে যদি আমরা ফুড়, অক্সিজেন দিয়ে ঠিকমতো পৃথিবীতে নিয়ে আসতে পারি তবেই আমরা সুস্বাস্থ্য মানুষ তৈরি করতে পারব। কিন্তু এই অবস্থায় ওনারা শুধু হাসপাতালের সংখ্যা বাড়াতে চাইছেন, ওষুধ চাইছেন। আমাদের কিন্তু সেটা লক্ষ্য নয়। তবে আমাদেরও কিন্তু অনেক ল্যাপসেস আছে, মডার্নাইজেশন করে নতুন নতুন মেশিন আনার দরকার আছে। আজকে পশ্চিমবাংলা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মধ্যে তৃতীয়, চতুর্থ স্থানে রয়েছে। এটা আমাদের কথা নয়, এটা কেন্দ্রীয় সরকারের তথ্য। ওনারা কিন্তু সেদিকে গেলেন না। আমি পুরুলিয়া জেলার এম. এল. এ., আগে ওখানকার লোকের কুষ্ঠ হলে, টি. বি. হলে তাকে বৃন্দাবনে পাঠিয়ে দেওয়া হত। কারণ রাজরুগির থালায় যে ভাত খাবে তারও ঐ রোগ হবে এবং কুষ্ঠ রোগীর ছোঁয়া লাগলে তারও কুষ্ঠ হবে। আগে এই রকম অবস্থা ছিল হাসপাতালে তাদের কোনও চিকিৎসা ছিল না। মানুষকে সুস্থ রাখতে গেলে বিশুদ্ধ পানীয় জল আগে দরকার। সেইজন্য আমরা গ্রামে ও শহরে টিউবওয়েল বসিয়েছি। শুধু ট্যাবলেট ইঞ্জেকশন দিলে কোনও মানুষের শরীর ভাল থাকতে পারে না। পারিপার্শ্বিক এই সমস্ত জিনিসগুলোও দরকার।

একটা মানুষকে, একজন ব্যক্তিকে যদি বাঁচাতে হয় তাহলে তাকে শুধু ওষুধ ইঞ্জেকশন দিলেই হবে না, এসব দিয়ে তাকে ভাল করা যাবে না, মানুষকে সচেতন করে তুলতে হবে স্বাস্থ্য সম্পর্কে, রোগ সম্পর্কে। আমার সঙ্গে মাননীয় মন্ত্রী পার্থ দে-র আলোচনা হয়েছিল। মানুষকে সচেতন করতে হবে। আগে মানুষ রোগ সম্বন্ধে জানত না। কি প্রি-কশান নেবে জানত না। এখন অঙ্গনওয়াড়ি হয়েছে, আই. সি. ডি. এস. হয়েছে। বলছি না শুধুমাত্র রাজ্য সরকারের উদ্যোগে হয়েছে, রাজ্য কেন্দ্র উভয় সরকারের যৌথ উদ্যোগে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নিচের তলার মানুষকে, দরিদ্র্য সীমার নিচে বসবাসকারী মানুষকে সচেতন করতে পারলে ৫০ ভাগ কাজ হয়ে যাবে, রোগ হলে তো ডায়গানোসিস করতেই হবে, না হলে রোগ ভাল হবে না কিন্তু আগে মানুষকে প্রাথমিকভাবে সচেতন করতে হবে। উচ্চ শিক্ষিত ফ্যামিলিতে সাধারণত ছোটোখাটো অসুখ হলে তারা ডাক্তারখানায় যায় না, নিজেরা ওষুধ কিনে খায়। এরপর ভেলোরের কথা। আমি পার্সোনালি ভেলোরে

গিয়েছিলাম। সেখানে দেখেছি পয়সা ছাড়া কথা বলবার অবকাশ নেই। স্টার্টিং ৫৫ টাকা, তার পরের দিন ১৭ টাকা। পরীক্ষা নিরীক্ষার ব্যাপার তো আছেই। শুধু এটা একটা মিশনারি সংস্থা, মেশিনগুলো আসে বিদেশ থেকে। সেখানে ২০/২৫ দিন কাটাচ্ছে, ১শো, ১৫০ টাকা দিয়ে বউ ছেলে মেয়ে নিয়ে হোটেলে থাকছে। আমাদের এখানে যেসব হাসপাতাল, পি. জি. যা আছে, যদি সবাই মিলে ঠিকমতো চেষ্টা করে এই ব্যবস্থাকে উন্নত করার চেষ্টা করি তাহলে ভাল হবে। ব্লক হাসপাতালে জল ছিল না। ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহায়তায় জল পাওয়া যাচ্ছে। ম্যালেরিয়া দূরীকরণের কর্মসূচিও নেওয়া হয়েছে। অযোধ্যা হিলে, হিল এরিয়াতে ডি. ডি. টি. স্প্রে করা হচ্ছে। উন্নত হচ্ছে, তবে আরও করা দরকার। মুখ্যমন্ত্রীর কোটা যেটা আপনাদের আমলে ছিল, আমরা তুলে দিয়েছি। ডাক্তাররা গ্রামে যেতে চান না। সেজন্য কন্ট্রাক্ট বেসিসে ডাক্তার নিয়োগ করার প্রশ্নটা এসেছে। আমরা পুরুলিয়ায় ভাল সাড়া পেয়েছি। আমরা বলেছি, এম. বি. বি. এস. পাশ করলেই আমাদের কাছে পাঠিয়ে দিন। কোনও রেকগনিশনের প্রয়োজন নেই। এইগুলো সঠিকভাবে করা দরকার। এই বিধানসভায় একটা প্রশ্ন ছিল যে পুরুলিয়াতে ফাইলেরিয়া আছে কিনা। উত্তর ছিল হ্যাঁ, আছে। পারসেন্টেজ হচ্ছে ৭ এবং এ ব্যাপারে সরকারের পরিকল্পনা আছে। একদিনে ৮০ হাজার ট্যাবলেট পাঠানো হয়েছিল, পরে আরও হাজার ট্যাবলেট পাঠানোর কথা ছিল। সঠিক কর্মসূচি নিলে স্বাস্থ্য দপ্তরকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে।

[3-10 — 3-20 p.m.]

এগুলি আমাদের দেখা দরকার। পরিশেষে আমি বলব—হাসপাতালের নার্স, কর্মচারী, ডাক্তার, এদের সঠিকভাবে নিয়ন্ত্রণে আনার প্রয়োজন আছে। আজকে কিছু কিছু ডাক্তার আছেন, যারা হাসপাতালে কম থাকেন। কিন্তু তারা প্রাইভেটে বেশি ব্যস্ত থাকেন। এই ব্যাপারে জনগণকেও সচেতন হতে হবে এবং আমরাও উদ্যোগ নিয়েছি। জেলা পরিষদে স্থায়ী কমিটি আছে, পঞ্চায়েত সমিতিতে যে স্থায়ী কমিটি আছে, তাদের এক সঙ্গে যুক্ত করে এই কাজগুলি করতে হবে। আজকে একটা হাসপাতাল হলে সেখানে শুধু বামপন্থীদের ছেলে-মেয়েরা চিকিৎসা পাবে তা নয়, সবাই চিকিৎসা পাবে। তাই সমালোচনা না করে, সবাই মিলে সাধারণ মানুষকে সচেতন করে এবং যেসব ত্রুটিগুলি আছে, সেগুলিকে সংশোধন করে এই ব্যবস্থাকে আগামীদিনে আরও ভাল জায়গায় নিয়ে যাওয়া যায় সেই দিকেই চেষ্টা করতে হবে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে, বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করছি এবং কংগ্রেস দলের পক্ষ থেকে আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আমরা দেখছি যে, বামফ্রন্ট প্রথম মন্ত্রিসভার প্রথম স্বাস্থ্যমন্ত্রী ১৯৭৭ সালে যে বাজেট ভাষণ পেশ করেছিলেন, আজকের বামফ্রন্ট সরকারের স্বাস্থ্যমন্ত্রী কিছু কিছু ভাষণ বদল করে, প্রায় একই কথা বলেছেন। অর্থাৎ বিগত ২০ বছরে স্বাস্থ্য ব্যবস্থার কোনও উন্নতি হয়নি। বরং আরও দিনের পর দিন অবনতি হয়েছে। কথাটা শুধু আমার নয়, মাননীয় সদস্য পরভিনকুমার সাউ বলছিলেন যে, কংগ্রেস বন্ধুদের উচিত

*মাননীয় চেয়ারম্যান গৌরীপদ দত্ত মহাশয়কে ধন্যবাদ জানানোর।* নিশ্চয় আমি তাকে ধন্যবাদ জানাই। কারণ তার নেতৃত্বে এই বিধানসভায় স্বাস্থ্য বিষয়ক যে কমিটি আছে, সেই কমিটি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা এবং মহকুমা হাসপাতালগুলি ঘুরে ঘুরে যে বাস্তব অভিজ্ঞতার কথা এই রিপোর্ট এর মধ্যে উল্লেখ করেছেন, আমি জানি না মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর সেগুলি দৃষ্টি গোচর হয়েছে কি না। আমার মনে পড়ে, তিনি একসময় পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন এবং প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে ধ্বংস করে দেওয়ার ফল বাঁকুড়ায় পূর্ববর্তী নির্বাচনে পেয়েছিলেন এবং এবারও স্বাস্থ্য ব্যবস্থাকে ধ্বংস করে দেওয়ার জন্য পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থাকে তুলে দেওয়া হয়েছে এবং আগামী নির্বাচনে এই স্বাস্থ্য ব্যবস্থাকে ধ্বংস করে দেওয়ার, ফল বাঁকুড়াবাসী তাকে পুনরায় ফিরিয়ে দেবেন এবং আমরা সেই দিনের অপেক্ষায় থাকব। আমি স্বাস্থ্য বিষয়ক কমিটির রিপোর্ট এর একটা জায়গা পড়ছি—The overall impression of the health situation is still extremely gloomy. It has been observed in the Health Department and other units that there are three organisations for the Doctors, Nurses, Group C and Group D staff, but there is no organisation to look after the interest of the patients for which the hospital is instituted. The Committee has observed that in most units, the clean space is utilised for office an other purposes of the hospital staff. The most dirty and dark spaces are provided for the sick people. In the rural areas, particularly in Block and in new PHCs, the Labour Rooms, the OT tables, the conditions of the cots, the linens and mattresses are in miserable situation. The patients do not get adequate quantities of medicine. Even if the same are in the stock. Something can be attributed to conditions of the linen and other amenities required for the patients. A very serious effort has to be instituted to redress these maladies.

সাবজেক্ট কমিটির মাননীয় চেয়ারম্যান এই রিপোর্ট দিয়েছেন। সেই কারণে আমি মাননীয় চেয়ারম্যানকে ধন্যবাদ জানাই এবং দুঃখের সাথে জানাচ্ছি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানানো যাচ্ছে না। সাবজেক্ট কমিটি যে সুপারিশগুলো করেছিলেন সেই সুপারিশগুলো অনুযায়ী যে ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছিল, পশ্চিমবঙ্গের স্বাস্থ্যদপ্তর সেই সুপারিশ অনুযায়ী কোনও জায়গায় কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। বিভিন্ন হাসপাতালে যারা ডায়েট সাপ্লাই করে তাদেরকে নির্দিষ্ট মূল্যে কয়লার কোটা দেওয়া হয় এবং হাসপাতাল অনুযায়ী সেই কোটা নির্ধারণ করা আছে। প্রতি মাসে সাবডিভিশনাল হসপিটালে ১০ মেট্রিক টন কয়লা পায়, ডিস্ট্রিক্ট হসপিটাল ২০ মেট্রিক টন কয়লা পায় এবং রেফারাল হসপিটাল ১০০ মেট্রিক টন বা তার বেশি পরিমাণে কয়লা ন্যায্য মূল্যে পায়। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে অধিকাংশ হাসপাতালের ডায়েট সাপ্লায়াররা ঐ কয়লা বেশি দামে বাইরে বিক্রি করে লক্ষ লক্ষ টাকা মুনাফা অর্জন করছে। আর হাসপাতালে গেলে দেখা যাবে যে তারা গুলি অথবা কাঠকয়লা দিয়ে রান্না করছে। হাসপাতালের ঐ কয়লা বেশি দামে বিক্রি করার ব্যাপারে হাসপাতালের সুপার, ওয়ার্ড মাস্টার, স্থানীয় রাজনৈতিক নেতা এবং সমাজ বিরোধীদের সরাসরি যোগাযোগ আছে। এই ব্যবস্থা ১৯৮০ সাল থেকে পশ্চিমবঙ্গে চলে আসছে। এ ব্যাপারে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে

কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রস্তাব করছি যে একটা সর্বদলীয় পরিষদীয় দল গঠন করা হোক এবং এই সর্বদলীয় পরিষদীয় দল বিভিন্ন হাসপাতালে গিয়ে সরাসরি তদন্ত করে যে রিপোর্ট দেবেন সেই রিপোর্ট বিধানসভায় উপস্থাপন করা হবে। এর ফলে মানুষ জানতে পারবে যে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যদপ্তরের কি অবস্থা হয়েছে। সাবজেক্ট কমিটি এক জায়গায় উল্লেখ করেছেন, The World Bank assistance to provide strengthening of seconday level of hospital service in West Bengal was welcome by the Committee. On further scrutiny, it observed that this assistance is a loan with 13 per cent interest. অর্থাৎ ১৩ পারসেন্ট ইন্টারেস্টে ৭০১ কোটি টাকা লোন নিয়ে পশ্চিমবঙ্গের হাসপাতালগুলোর উন্নয়ন করা হবে, আধুনিকীকরণ করা হবে। কিন্তু দেখা যাচ্ছে, ৭০১ কোটি টাকার ৪০ পারসেন্ট সিভিল ওয়ার্কের জন্য, ৩০ পারসেন্ট ইকুইপমেন্টেস-এর জন্য, ১৫ পারসেন্ট ট্রেনিং-এর জন্য, আর শুধুমাত্র ১৫ পারসেন্ট থাকছে প্রপার মেডিক্যাল, কেয়ারের জন্য। শুধু মাত্র ১৫ পারসেন্ট টাকায় পশ্চিমবঙ্গের মানুষের চিকিৎসা করা হবে। আর বাকি ৮৫ পারসেন্ট টাকা ট্রেনিং এবং কনস্ট্রাকশনের নামে চলে যাবে বিভিন্ন রাজনৈতিক নেতাদের পকেটে, সি. পি. এম. দলের পকেটে। এই কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, তার তীব্র বিরোধিতা করছি এবং কংগ্রেসের আনীত কাট মোশনকে সমর্থন করে কয়েকটি কথা নিবেদন করছি।

ছোটবেলায় একটা গল্প পড়েছিলাম—What is the definition of hospital ? The hospital is a place where patient goes for treatment. But now after 20 years of left front ruling the definition of hospital has been changed. Now hospital, rather a registered hospital is a place where patient goes in a living condition for treatment and comes out as dead. যার প্রকৃত বাংলা হচ্ছে—হাসপাতালের যেটা প্রকৃত উদ্দেশ্য ছিল, সেই উদ্দেশ্য আজ আর সাধিত হচ্ছে না। আমরা কোনওরকম রোগীকে ঘাড়ে করে হাসপাতালে নিয়ে যাই, তারপরে হরিবোল হরিবোল বলতে বলতে বাইরে নিয়ে আসি।

মাননীয় মন্ত্রীর সঙ্গে শুধু বিতর্ক করছি না, দয়া করে নোট-ডাউন করুন আমার স্পেসিফিক বক্তব্য। আপনি যে বাজেট পেশ করেছেন, তাতে বলছেন স্বাস্থ্যের উন্নতি ঘটিয়েছেন। ১৩১ বেডের রামপুরহাট হাসপাতাল তৈরি হয়েছিল ব্রিটিশ আমলে। আমি যখন ১৯৮৭ সালে বিধানসভার সদস্য হিসাবে আসি, তৎকালীন মন্ত্রী সেখানে আরও ১০০টি বেড বাড়াবার জন্য ১ কোটি টাকা চেয়েছিলেন। সেই হাসপাতাল দু বছর রান করছে। আবার নতুন করে ১২১টি বেড তৈরি হয়েছে। আপনি জবাব দেবেন—একজন ডাক্তার, একজন সিস্টার, একজন ওয়ার্ড মাস্টার, একজন জি. ডি. এ. সেখানে নিয়োগ করতে পেরেছেন? কেন করতে পারেননি? যদি শুধু কনস্ট্রাকশন তৈরি করেই বলেন স্বাস্থ্যের উন্নতি করছেন তাহলে ভুল করছেন।

আপনার কাছে জানতে চাই, মহকুমা হাসপাতালে যে সমস্ত এক্সরে মেশিন আছে ৬০ এ. এম.-এর সেগুলো আরও উন্নত হবে কি না। ঐসব মেশিন খারাপ হয়ে গেলে রিপেয়ারের জন্য ইন্ডেন পাঠাতে হয়। কেন সেই হাসপাতালে বেরিয়ামের এক্সরে হবে না? গ্যাস্ট্রিক আলসারে যে সমস্ত রোগী ভোগে, তাদের কেন বর্ধমান, কলকাতায় আসতে হবে? আমি জানতে চাই, বারবার ইন্ডেন পাঠানো হলেও কেন রিপেয়ার হচ্ছে না? তার পার্টস পাওয়া যাচ্ছে না? রামপুরহাট হাসপাতালে, যেখানে ২০০ এ. এম. মেশিন দরকার, সেখানে কেন ৬০ এ. এম.-এর মেশিন চালু রাখা হয়েছে?—এর ফলে কি হচ্ছে? পাড়ায় পাড়ায়, অলিতে-গলিতে এক্সরে মেশিন বসছে, ব্যবসা বাড়ছে। এদিকে কেন সরকার দৃষ্টি দেবেন না? স্পেসিফিক বলছি, সিউড়ি হাসপাতালে একটা ও. টি., তাও চলছে না, সেখানে সেকেন্ড ও. টি.-র কথা বলেছিলাম। কিন্তু আজকের বাজেটের মধ্যে সেই বিষয়ে কোনও সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। দুঃখের সঙ্গে বলছি, যে সমস্ত রোগী বিভিন্ন মফস্বল শহর থেকে কলকাতায় স্টেট হাসপাতালে আসে, তাদের সবচেয়ে দুঃশ্চিন্তা রোগীর চিকিৎসা নয়, কি ভাবে ভর্তি হবে, কোথায় থাকবে, কি অবস্থায় থাকবে? কি অব্যবস্থা চলছে।

মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা অনুরোধ করব, একটু নোট করতে বলছি, জবাব দেবেন। সমস্ত স্টেট হাসপাতালের মধ্যে একমাত্র এস. এস. কে. এম. হাসপাতালেই একটা স্ক্যান সেন্টার আছে, অন্য কোনও মেডিক্যাল কলেজে নেই। অথচ, সারা পশ্চিমবাংলার থেকে এমনকি ত্রিপুরা, আসাম থেকে যে সমস্ত গরিব মানুষ চিকিৎসার জন্য কলকাতায় আসে, তাদের ৬ মাস, ৯ মাস, এক বছর পর হয়ত ডেট পড়ে। তার মধ্যেই হয়ত পেশেন্ট মারা যায় বিনা চিকিৎসায়। অন্যান্য হাসপাতালে স্ক্যান মেশিন বসালে অন্ততপক্ষে কিছুটা রিলিফ পেত সাধারণ মানুষ। মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই, একটা গরিব মানুষ স্ক্যান করাতে এম. এল. এ.-র সার্টিফিকেট নিয়ে এলেও রাইটার্স বিল্ডিংসে গিয়ে পারমিশন নিতে হবে এবং সেখানে সেই পারমিশন পেতে তাদের অনেক হয়রানির মধ্যে পড়তে হয়, দীর্ঘ সময় লেগে যায়। কিন্তু সেখানে পঞ্চায়েতের সার্টিফিকেট থাকলে হাসপাতালের সুপারিনটেন্ডেন্টই তো ব্যবস্থা করবে। মফঃস্বলের একটা গরিব মানুষ, শহরের ডাক্তার দেখানোর পরে যখন স্ক্যান করতে বলা হ'ল, তাকে রাইটার্স বিল্ডিংসের ঐ হয়রানির মধ্যে পড়তে হয়। নির্দিষ্ট দিনের আগেই তাকে সেই পারমিশন যোগাড় করতে হবে। কিন্তু সেই সার্টিফিকেট নিয়ে কতদিন অপেক্ষা করতে হবে ডেট পাওয়ার জন্য তার ঠিক নেই।

আর, এজন্য সাধারণ মানুষকে রাইটার্স বিল্ডিং-এ যেতে হবে, তাকে ঢুকতে দেওয়া হবে কি হবে না—আপনি এটা একটু দেখুন। মাননীয় মন্ত্রী মহাশয়, যক্ষ্মা রোগের জন্য আপনি যে ব্যবস্থা রেখেছেন, সবচেয়ে বেশি প্রয়োজনীয় যে সব ওষুধ তা আপনি ঠিকমতো দিতে পারছেন না। একটা ক্যাপসুল আছে 'রিফামপিসিন'। এই ওষুধ আগে সাপ্লাই হত কিন্তু এখন ঠিকমতো পাওয়া যাচ্ছে না। আবার একটা ক্যাপসুল আছে ট্যাবলেটও আছে, মাত্র ১০/১২ পয়সা দাম। যক্ষ্মা, কুষ্ঠ রোগ নিবারণের জন্য। তার নাম হচ্ছে 'ইফামবুটাল'। এটাও কেন সাপ্লাই দেওয়া যাচ্ছে না? একটা ইঞ্জেকশন আছে 'স্ট্রেপটোমাইসিন'—এটা প্রায় ডিসকন্টিনিউ হয়। আজকে সাধারণ মানুষ চিকিৎসার জন্য আউট ডোরে যায় কিন্তু চিকিৎসা পায় না। সেদিন আমি রাইটার্সে গিয়ে বললাম, বীরভূমে যক্ষ্মা রোগের ওষুধ পাওয়া যাচ্ছে

না। বললাম, সারা পশ্চিমবাংলায় কি একই অবস্থা, না শুধু বীরভূম জেলাতে এই সংকট? আপনি বললেন, এটা আমার বিশ্বাস হচ্ছে না। আজকে জানাবেন কি, কিভাবে ব্যবস্থাপনা চলছে? গুরুত্বপূর্ণ, জরুরি ওষুধ সরকার কেন দিতে পারছেন না?

আজকে দীর্ঘদিন ধরে গ্রুপ-ডি কর্মচারিরা সারা পশ্চিমবাংলা জুড়ে আন্দোলন করছে। তাদের দাবি যে, প্রতি বছর ৫০ শতাংশ ছেলেকে তাদের মধ্যে থেকে নিয়োগ দিতে হবে। আপনারা আজকে কেন তাদের নিয়োগ করছেন না? বামফ্রন্ট সরকারের মন্ত্রিসভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল, প্রতি বছর ৫০ শতাংশ কোটা রিলিজ হবে এবং তাতে গ্রুপ-ডি কর্মচারিরা অ্যাটেন্ডেন্ট হিসাবে অ্যাপয়েন্টমেন্ট পাবে। আজকে বিদ্যাসাগর কলেজে তিন মাস ধরে যে সমস্ত চতুর্থ শ্রেণীর কর্মচারিরা আন্দোলন করছেন তাদের জন্য আপনার আধিকারিকরা কি ব্যবস্থা নিয়েছেন?

আজকে দিনের পর দিন স্বাস্থ্য দপ্তরের মতো একটা গুরুত্বপূর্ণ দপ্তরের ব্যবস্থা ভেঙ্গে পড়লেও তার কোনও খেয়াল এই সরকারের নেই। আমি আপনাকে একটা সাজেশন দিচ্ছি, আপনি ১০ বছর সাবসিডিয়ারি হেলথ সেন্টার, প্রাইমারি হেলথ সেন্টার বা অন্য কোনও সেন্টার তৈরি করা বন্ধ রাখুন। যে সেন্টারগুলো আছে সেগুলো যাতে ঠিকমতো চলে, গরিব মানুষ যাতে চিকিৎসা পায়, ওষুধ পায়, ভর্তি হতে পারে সেটা ইনভেস্টিগেশন করুন। এটা যদি করতে পারেন তাহলে আমাদের মনে হয় ভাল ফল পাওয়া যাবে।

আপনার প্রচেষ্টার ত্রুটি নেই। কিন্তু প্রচেষ্টা আর ভাল মানুষ হলে তো শুধু ডিপার্টমেন্টের সাফল্য আসে না। আর, তাহলে আপনার গুণ-কীর্তন আমরা কি করে করব? আর, আমার উপরোক্ত সাজেশন মতো না করে যদি সরকারের নাম বাড়ানো-র জন্য, পরিসংখ্যান বাড়ানোর জন্য, মানুষের চাহিদা দেখিয়ে অনেক হাসপাতাল খুলে দিতে পারেন কিন্তু তাতে চিকিৎসা পরিষেবা দিতে পারছেন না, সিস্টার দিতে পারবেন না, জি. ডি. এ. দিতে পারবেন না, ওষুধ সাপ্লাই দিতে পারবেন না। মাঝখান দিয়ে সেই হাসপাতাল তৈরি করা একটা অবিচার হয়ে দাঁড়াবে। যে সমস্ত হাসপাতালগুলোতে হোমিওপ্যাথি এবং আর্য়ুবেদিক ডাক্তার পাঠিয়েছেন তার কন্ট্রোলিং অথরিটি সি. এম. ও. এইচ. কোনও দিন হেলথ সেন্টারগুলো পরিদর্শন করার সুযোগ পান না। আপনার কাছে অনুরোধ করছি, ডি. এম. ও. এইচ.-কে যদি এ বিষয়ে কিছু পাওয়ার দেন তাহলে ভাল হবে।

[3-30 — 3-40 p.m.]

কিন্তু আমরা স্বাস্থ্য দপ্তরে গিয়ে জেনেছি যে আপনি যে হোমিওপ্যাথি ওষুধ পাঠাচ্ছেন, আয়ুর্বেদ ওষুধ পাঠাচ্ছেন সেটা সি. এম. ও. এইচ. এবং ডাক্তাররা ছাড়া আর কেউ জানবে না। যার ফলে জনমানুষে একটা বিশাল সন্দেহ দেখা দিয়েছে। তাই আমি আপনাকে অনুরোধ করছি ডি. এম. ও. এইচ. তাকেও অথরিটি করুন, তাহলে এটা দেখাশোনার ব্যাপারে ভাল হবে। আজকে আপনি বাজেটে পরিষ্কার করে বলেছেন যে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন ঘটেছে। আপনি জানেন কিছু দিন আগে ৩০. ১. ৯৭ তারিখে স্টেটসম্যান পত্রিকায় বেরিয়েছিল যে হাওড়া জেনারেল হাসপাতালে একজন রোগী মারা গেছে। তার বাড়িতে খবর দেওয়া হয়

এবং তার বাড়ি থেকে আত্মীয় স্বজনরা ম্যাটাডোর, ফুল, মালা নিয়ে সেখানে হাজির হয় এবং তারা এসে দেখে যে রোগী বেডের উপর বসে আছে। এর পরও আপনি দাবি করেন যে উন্নতি হয়েছে। আপনি যদি এ কথা বলেন, আমরা বলব আপনার মস্তিষ্ক বিকৃতি ঘটেছে এবং আপনার মানসিক হাসপাতালে চিকিৎসা হওয়া দরকার। আপনাকে অপমান করার জন্য আমার এ প্রতিবাদ নয়। আমি শুধু আপনাকে জানাতে চাই এই ঠান্ডা ঘরে বসে আপনার প্রকৃত সদিচ্ছা থাকা সত্ত্বেও আপনি বুঝতে পারছেন না। তা না হলে আপনি বলতে পারতেন না যে ফ্রিতে স্ক্যান করাতে গেলে রাইটার্স বিল্ডিং-এ গিয়ে আপনার কাছ থেকে লিখিয়ে আনতে হবে। তারপর স্ক্যান করা হবে। স্ক্যান করার জন্য এক দিন কলকাতায় হন্ট করে ডাক্তারকে দিয়ে লিখিয়ে নিয়ে যেতে হবে। এটা কি রকম ব্যবস্থা। কলকাতার অলি-গলিতে যেভাবে নার্সিং হোম বাড়ছে, তাতে সাধারণ মানুষ জানে তাদের চিকিৎসার কোনও ব্যবস্থা বামফ্রন্ট করবে না, সব ব্যবস্থা ধনী লোকদের জন্য, বড়লোকদের জন্য। তাই পরিষ্কার করে বলতে চাই পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের মনে যে ভীতি, যে আশঙ্কা, যে বিপদ দিনের পর দিন ঘনিয়ে আসছে সেটা থেকে সাধারণ মানুষকে মুক্ত করতে আপনি অবিলম্বে এই হাসপাতাল-গুলিকে সচল করুন। পর্যাপ্ত পরিমাণে মেডিসিন, ডাক্তার, নার্স এবং সেই হাসপাতালগুলি ঠিকভাবে পরিচালনা করবার ব্যবস্থা করুন। আমার মনে হয় এতে সাধারণ মানুষ খানিকটা রিলিফ পবে। আমি আরেকটা কথা বলতে চাই, সিউড়ি এবং রামপুরহাট হসপিটালে ১০০, ২০০ পাওয়ারের এ. এম. মেশিন বসিয়ে সুচিকিৎসার ব্যবস্থা করুন। এই বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনের স্বপক্ষে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আজ বিধানসভায় ১৯৯৭-৯৮ সালের যে ব্যয় বরাদ্দ পেশ করেছে তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধী পক্ষের আনা কাটমোশনের বিরোধিতা করছি। আজকে বিধানসভায় স্বাস্থ্য দপ্তরের বাজেট আলোচনায় সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের সদস্যদের আলোচনা মোটামুটি ভাবে সবই শুনলাম। আমাদের ভারতবর্ষে স্বাস্থ্যের পরিকাঠামো যে অবস্থায় আছে তা কম-বেশি আমাদের সকলেরই জানা আছে। পশ্চিমবাংলায় স্বাস্থ্যের যে পরিকাঠামো তা ভারতবর্ষের মধ্যে অন্যান্য রাজ্যের তুলনায় অনেক ভাল, অনেক উন্নত মানের। বামফ্রন্ট সরকার এই সীমিত ক্ষমতার মধ্যে থেকে এই ব্যবস্থা করেছেন। আমাদের দেশের জেলা হাসপাতাল আছে, রাজ্য হাসপাতাল আছে, ব্লকস্তরে হাসপাতাল আছে, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে, নিউ পি. এইচ. পি. আছে এবং তার সাব-সেন্টার আছে। প্রতি এক হাজার মানুষের জন্য একটা করে সাব-সেন্টার হবে, সেখানে মাল্টি-পারপাস ওয়ার্কাররা থাকবেন। তারা ক্লিনিক ডে'-তে সেখানে বসবেন এবং অন্যান্য দিন গ্রামের মানুষদের কাছে গিয়ে স্বাস্থ্য সচেতনতা সম্পর্কে আলাপ-আলোচনা করবেন। সেই কাজ আমাদের রাজ্যে চলছে। আমাদের রাজ্যের স্বাস্থ্য দপ্তরের স্বাস্থ্য ব্যবস্থা দুভাগে বিভক্ত—একটা হচ্ছে কিউরেটিভ সাইড, আর একটা হচ্ছে প্রিভেন্টিভ সাইড। মানুষের রোগ হলে তা সারাবার ব্যবস্থা নিশ্চয়ই করতে হবে। সাথে সাথে যাতে রোগ না হয় সেদিকেও লক্ষ্য রাখতে হবে। সে কারণে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বাড়িয়ে তোলার প্রয়োজন আছে এবং সেই কাজ বামফ্রন্ট সরকার করছে। আমাদের রাজ্যের স্বাস্থ্য

ব্যবস্থা অনেক উন্নত হবার ফলেই রাজ্যের মানুষের মধ্যে স্বাস্থ্য সম্পর্কে জ্ঞান এবং সচেতনতা অনেকাংশেই বৃদ্ধি পেয়েছে। অতীতে আমাদের রাজ্যে খাদ্যের যে ঘাটতি ছিল সেই ঘাটতি পঞ্চায়েত ব্যবস্থা এবং ভূমি সংস্কারের মাধ্যমে, সেচ ব্যবস্থার সম্প্রসারণের মাধ্যমে পূরণ করা সম্ভব হয়েছে। ফলে রাজ্যের মানুষের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে। আমাদের রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা দেশের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক ভাল। আমাদের পশ্চিমবঙ্গে শতকরা ৬০/৭০ ভাগ স্বাস্থ্য প্রতিষ্ঠান সরকারি ব্যয়ে পরিচালিত। সেখানে মানুষ যায়, বিনা পয়সায় চিকিৎসা পায়, ওষুধ পায়, খেতে পায়। অথচ দেশের অন্যান্য রাজ্যে আমরা কি দেখছি? আমরা কেরালা, মাদ্রাজ প্রভৃতি অন্যান্য রাজ্যে দেখেছি শতকরা ৬০/৭০ ভাগ স্বাস্থ্য প্রতিষ্ঠানই বেসরকারি। সরকারি ব্যবস্থার মধ্যে মাত্র ৩০/৪০ ভাগ প্রতিষ্ঠান আছে। সেসব প্রতিষ্ঠানেও সাধারণ মানুষ বিনা পয়সায় কোনও রকম চিকিৎসার সুযোগ পায় না, অর্থাৎ ওষুধ পায় না, খেতে পায় না। কিন্তু পশ্চিমবঙ্গে সেরকম নয়। এখানে সাধারণ মানুষকে সরকারি স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে দিয়ে ওষুধ দেওয়া হয়, হয়ত সেই ওষুধ অনেক সময় সব জায়গায় ঠিকমতো থাকে না। এ কথা সত্য। তথাপি দেশের অন্য যে কোনও রাজ্যের চেয়ে আমাদের এখানকার অবস্থাটা অনেক ভাল। আমরা জোরের সঙ্গে এ কথা বলতে পারি যে, পশ্চিমবাংলায় ছাত্র-ছাত্রীদের মেডিক্যাল কলেজে ভর্তি হবার যে সুযোগ আছে তা ভারতবর্ষের অনেক রাজ্যেই নেই। এখানে কোনও রকম ডোনেশন সিস্টেম চালু নেই, জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় পাশ করলেই চান্স, পাওয়া যায়। এমন কি এখানে এখন কোনও কোটা সিস্টেম পর্যন্ত চালু নেই। অন্যান্য রাজ্যে ডোনেশন দিয়ে ছাত্র-ছাত্রীদের ডাক্তারিতে ভর্তি হতে হয়। আমরা দেখেছি কর্ণাটকে, অন্ধ্রপ্রদেশে অনেক বেসরকারি মেডিক্যাল কলেজ আছে এবং ঐ সমস্ত মেডিক্যাল কলেজে ভর্তি হবার জন্য এক জন প্রার্থীকে ১৪/১৫ লক্ষ টাকা পর্যন্ত ডোনেশন দিতে হচ্ছে। অতি নিম্ন মানের ছাত্র-ছাত্রীরা ঐসব মেডিক্যাল কলেজে টাকা দিয়ে ভর্তি হচ্ছে। ফলে পরবর্তী পর্যায়ে চিকিৎসক হয়ে তারা সঠিক চিকিৎসা করতে পারে না, পদে পদে ভুল ভ্রান্তি করে। ফলে বহু মানুষের মূল্যবান জীবন নষ্ট হয়ে যায়। আমাদের এখানে স্বাস্থ্য যাতে ব্যয়-বরাদ্দের বেশিরভাগ টাকাই স্বাস্থ্য পরিষেবা বা ইনফ্রাস্ট্রাকচার মেনটন করতেই খরচ হয়ে যায়। বেতন এবং অন্যান্য এস্টাবলিশমেন্ট চার্জ মেটাতেই বাজেটের ৯০ ভাগ টাকা চলে যায়। বাকি শতকরা ১০ ভাগ টাকার মধ্যে থেকে ওষুধ এবং খাদ্যের ব্যবস্থা করতে হয়। এই অবস্থায় আমাদের যে ব্যবস্থা চলছে তার চেয়ে ভাল আর কিছু হতে পারে না। আমরা তো দেখেছি কংগ্রেস আমলে আমাদের স্বাস্থ্য ব্যবস্থা কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছিল। সে সময় কোনও নিয়ম কানুন ছিল না। গ্রামে জোতদার, জমিদাররা তাদের ইচ্ছা মতো জমি দান করতেন, সেই জমিতে হাসপাতাল খোলা হ'ত, খোঁজ নিয়ে দেখা হত না সেখানে লোকজন যাবে কিনা। বর্তমানে রাজ্যের মানুষের চাহিদার দিকে লক্ষ্য রেখেই স্বাস্থ্য ব্যবস্থাকে পরিচালনা করা হচ্ছে। তবে আমরা লক্ষ্য করছি এখনও গ্রামের সাধারণ মানুষরা দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হয়ে কলকাতায় চিকিৎসার জন্য আসতে বাধ্য হচ্ছে। এই প্রসঙ্গে মন্ত্রীর কাছে আমার প্রস্তাব হচ্ছে, মফস্বলেও যাতে দুরারোগ্য ব্যধি, জটিল রোগের চিকিৎসার সুযোগ মানুষ পেতে পারে সেদিকে একটু নজর দিন। কলকাতার বাঙ্গুর হসপিটালেই কেবল মাত্র ব্রেন স্ক্যানের মেশিন আছে। এমন কি রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ হাসপাতাল-গুলোতেও ঐ মেশিন নেই। সব ক'টি মেডিক্যাল কলেজ হাসপাতালে যাতে ঐ সুযোগের ব্যবস্থা হয়

তার জন্য আমি অনুরোধ করছি। জেলা সদর হাসপাতালগুলিতে যাতে আল্ট্রা-সোনোগ্রাফির ব্যবস্থা চালু হয় তার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি। এই বিষয়গুলির প্রতি তাকে একটু নজর দিতে অনুরোধ করছি।

[3-40 — 3-50 p.m.]

হাসপাতালগুলিতে যে সব এক্স-রে মেশিনগুলি আছে, প্রায়ই দেখা যায় সেইসব এক্স-রে মেশিন বহু জায়গায় নষ্ট হয়ে পড়ে আছে, সময়মতো মেরামত করা হয় না। এরফলে গরিব মানুষরা বাধ্য হয়ে পাবলিক প্রতিষ্ঠানে গিয়ে হাইরেটে টাকা দিয়ে তাদের এক্স-রে করাতে হয়। ক্যালকাটা ইলেক্ট্রো মেডিক্যালে এগুলি সারানোর কথা। কিন্তু তাদের কাছে চিঠি-পত্র যাবে, তারা আবার সময়মতো আসবে, এই করে ১/২ বছর কেটে যায়, এক্স-রে মেশিনগুলি সারানো হয় না, পড়ে থাকে। যাতে দ্রুত এক্স-রে মেশিনগুলি সারানো হয় তারজন্য বিশেষ ব্যবস্থা নেবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি। গাড়িগুলি সারাবার জন্য বছরে যে টাকা অ্যালটমেন্ট করা হয় সেই টাকা অতি অল্পদিনের মধ্যে ফুরিয়ে যায়। মেরামত করার জন্য আর টাকা থাকে না। গাড়ির পার্টসের দাম বেড়ে গেছে। অথচ যে টাকা অ্যালটমেন্ট করা হয় সেই টাকা দিয়ে সব গাড়ি মেরামত করা হয় না, যার ফলে বেশিরভাগ গাড়ি ব্রেক-ডাউন হয়ে পড়ে থাকে, অকেজো হয়ে যায়। সুতরাং যাতে তাড়াতাড়ি মেরামত করা হয় তারজন্য বিশেষ লক্ষ্য দেবার জন্য অনুরোধ করছি। এরপর রোগীদের এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে রেফার করলে অ্যাম্বুলেন্সের তেলের জন্য পেশেন্ট পার্টিকে টাকা দিতে হয়। আমি এই প্রসঙ্গে একটি ঘটনার কথা বলি, আমার বিধানসভা কেন্দ্রে সালারে একটি ব্লক হাসপাতাল আছে। সেখানে একটি পরিবারের ৪ জন লোক অগ্নিদগ্ধ হবার পর গ্রামের লোকেরা তাদের লোকাল হাসপাতালে নিয়ে গেলে হাসপাতাল কর্তৃপক্ষ রেফার্ড করে কাটোয়া হাসপাতালে নিয়ে যেতে বলেন। কিন্তু তারা গরিব মানুষ, তেল কেনবার মতোন তাদের টাকা-পয়সা নেই, সেইজন্য ঐ হাসপাতালে যেতে পারছে না। আমি যখন সংবাদ পেলাম, তখন গিয়ে সালারের যে ব্যবসায়ী সমিতি আছে তাদের বললাম। তারা অ্যারেঞ্জমেন্ট করে দিলে তবেই সেই রোগীদের কাটোয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এখন রোগীদের পাঠাবার ক্ষেত্রে গাড়ির তেলের বরাদ্দ সরকার থেকে বাড়ানো দরকার। তারপর হচ্ছে, জেলা হাসপাতালে বা মহকুমা হাসপাতালে ডাক্তাররা প্র্যাক্টিসিং অ্যালাউন্স পান, কিন্তু ব্লক লেভেলে কিম্বা প্রাইমারি হেলথ সেন্টারের ক্ষেত্রে ডাক্তাররা প্র্যাকটিসিং অ্যালাউন্স পাচ্ছে না। সাব-ডিভিসনাল লেভেলে কিম্বা ডিস্ট্রিক্ট লেভেলে ডাক্তাররা যদি পায়, তাহলে এরা কেন পাবে না? আমার কথা হচ্ছে একটা সিস্টেম হওয়া দরকার। যদি নন-প্র্যাক্টিসিং হয়, তাহলে সবার ক্ষেত্রে প্রযোজ্য হওয়া দরকার আর যদি প্র্যাক্টিসিং অ্যালাউন্স হয় তাহলেও সবার ক্ষেত্রেই হওয়া দরকার অর্থাৎ একটা সিস্টেম হওয়াই উচিত বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে নজর দেবার জন্য আমি অনুরোধ করছি। কেরালার ক্ষেত্রে আমরা দেখেছি, হাসপাতালে রোগীগের কাছ থেকে ফি বাবদ যে টাকা আদায় হয় সেই টাকা দিয়ে লোকাল হাসপাতালের উন্নয়নের জন্য ব্যয়িত হয়। কিন্তু আমাদের এখানে যে টাকাগুলি রোগীদের কাছ থেকে আদায় হয়—সে এক্সরে থেকেই হোক বা অন্য কিছু থেকেই হোক সেই টাকা সরকারি লেভেলে না গিয়ে নির্দিষ্ট পদ্ধতিতে সেই হেলথ

সেন্টারের উন্নয়নের স্বার্থে খরচ করার জন্য আপনি চিন্তা-ভাবনা করবেন। এই প্রস্তাব আমি আপনার কাছে রাখছি। সর্বশেষে আর একটি কথা বলছি, হাসপাতালের যে অ্যাডমিনিস্ট্রেশনগুলি আছে সেগুলি ভেঙে পড়েছে। ডাক্তারবাবুরা প্র্যাক্টিসিং করতে চলে যাচ্ছেন। হাসপাতালের যিনি সুপারিন্টেন্ডেন্ট আছেন তিনি ব্লক হাসপাতাল বলুন, বা সাব-ডিভিশনাল হাসপাতালে বলুন চলে যাচ্ছেন প্র্যাক্টিসিং করতে। যার ফলে গাড়ি থাকছে না, অন্যান্য ডাক্তাররাও আসছে না, স্টাফেরাও আসছে না। সেইজন্য আমার অনুরোধ, যেমন, ডায়রেক্টোরেট অফ হেলথ সার্ভিস চালু আছে, ডায়রেক্টোরেট অফ মেডিক্যাল সার্ভিস চালু আছে, ঠিক তেমনি ডায়রেক্টোরেট অফ অ্যাডমিনিস্ট্রেশন সার্ভিস চালু করা হোক। এই কথা বলে বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দাবি নম্বর ৩২, ৩৩ এবং ৩৪-এর উপর স্বাস্থ্য দপ্তরের যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে তাকে আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের আনা কাট-মোশনগুলিকে সমর্থন করে কয়েকটি কথা এই সভায় উত্থাপন করছি। স্বাস্থ্য দপ্তরের গুরুত্ব সম্পর্কে কাউকে অবহিত করার প্রয়োজনীয়তা আছে বলে আমার মনে হয় না।

কিন্তু সবচেয়ে দুঃখের কথা, আমাদের স্বাস্থ্যমন্ত্রীর স্বাস্থ্যের অবস্থা যেমন ক্ষীণজীবি তেমনি আমাদের পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের অবস্থাও এবং স্বাস্থ্য ব্যবস্থাও আরও খারাপ অবস্থায় চলে গিয়েছে। এটা আজ আর কেউ অস্বীকার করতে পারবেন না। স্যার, আমরা দেখেছি, বামফ্রন্টের লোকরা মুখে যে কথা বলেন সে কথা কিন্তু রাখেন না। আমাদের স্বাস্থ্য দপ্তরের অবস্থার বিশ্লেষণ খুব সংক্ষেপে করলেই তা বোঝা যাবে। কলকাতায় বড় বড় হাসপাতাল আছে, স্টেট জেনারেল হাসপাতাল আছে, ডিস্ট্রিক্ট হাসপাতাল আছে, রুর‍্যাল হাসপাতাল আছে, সাব-ডিভিশনাল হাসপাতাল আছে, প্রাইমারি হেলথ সেন্টার, সাবসিডিয়ারি হেলথ সেন্টার আছে—এর কোনওটাই কিন্তু নতুন ব্যবস্থা নয়। কংগ্রেসের যারা সমালোচনা করেন এবং বিগত দিনের কংগ্রেসের আমলের কথা তুলে নানান কথা বলেন তাদের আমি জিজ্ঞাসা করতে চাই, কোনও বাড়তি ব্যবস্থা বর্তমান বামফ্রন্ট সরকার স্বাস্থ্য দপ্তরের উন্নতির জন্য করেছেন তা দয়া করে জানাবেন কি? তা যদি জানান তাহলে আমি খুশি হব। স্যার, আমরা দেখেছি, দিনের পর দিন 'স্বাস্থ্যই সম্পদ' এই স্লোগান লেখা হচ্ছে, 'দু হাজার সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য' এই স্লোগান লেখা হচ্ছে কিন্তু বাস্তব ক্ষেত্রে এখানে স্বাস্থ্য ব্যবস্থার কোনও উন্নতি ঘটছে না। এর উন্নতির জন্য কোনও ব্যবস্থা আগের স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ও করেননি, বর্তমান স্বাস্থ্যমন্ত্রীরও তা করার মতোন মানসিকতা আছে বলে আমাদের মনে হচ্ছে না। ওরা কথায় কথায় ডিস্ট্রিক্ট হেলথ কমিটির কথা বলেন। সেখানে সভাধিপতি আছেন, সি. এম. ও. এইচ. আছেন কিন্তু এই কমিটির কোনও ফাংশন নেই এই কমিটি টিটুলার কমিটি হয়ে আছে। কর্মাধ্যক্ষরা আছেন, তারা প্রাইমারি হেলথ সেন্টারগুলি ঘুরেও দেখেন না যে সেখানে কি অবস্থা চলছে। এক্ষেত্রে আমার প্রস্তাব, যদি সত্যিই এই কমিটিকে কার্যকর করতে চান তাহলে এলাকায় রিনাউন্ড ফিজিসিয়ান্স যারা আছেন তাদের রাখুন, মিউনিসিপ্যালিটি এবং অন্যান্য ক্ষেত্রের জনপ্রতিনিধিদের সেখানে রাখুন এবং এইভাবে কমিটি করে তা সচল রাখার ব্যবস্থা করুন, শুধু রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে করবেন না। আজকাল জেলা পরিষদগুলি কাজের চাপে ওভার বার্ডেন হয়ে

গিয়েছে। তারপর প্রাইমারি হেলথ সেন্টারগুলি কিভাবে চলছে সেটা একটু দেখুন। পশ্চিমবঙ্গে তো লোডশেডিং চলছেই কিন্তু হাসপাতালে লোডশেডিং-এর সময় কি অবস্থা হয় তা সরেজমিনে দেখার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি এবং বলছি, তার চয়েস মতোন যে কোনও হেলথ সেন্টারে সন্ধ্যাবেলাতে গিয়ে দেখে আসুন। ২০ বেড, ৩০ বেডের হাসপাতাল, সন্ধ্যার পর অন্ধকারে ডুবে আছে। এ ক্ষেত্রে আমার প্রস্তাব হল, প্রতিটি হাসপাতালে জেনারেটার রাখার ব্যবস্থা করুন। এই তো সেদিন বাগনান হেলথ সেন্টারে সন্ধ্যাবেলায় রোগী নিয়ে গিয়েছিলাম, দেখলাম সব অন্ধকার। ওখানকার ব্লক মেডিক্যাল অফিসারকে জিজ্ঞাসা করলাম যে আপনার এখানে এত অন্ধকার কেন? তিনি বললেন, আমার হাতে তিনটি হ্যারিকেন ছিল, তার দুটি চলে গিয়েছে, একটি হ্যারিকেন আছে সেটি সরকার আমার হাতে ধরিয়ে দিয়েছেন, এই হ্যারিকেনটি ছাড়া আর কিছু নেই। এই অবস্থা কিন্তু পশ্চিমবঙ্গের সর্বত্রই বিরাজমান। স্যার, বামফ্রন্টের সদস্যরা বলেন যে কংগ্রেস আমলে নাকি কিছুই হয়নি, ওরা অনেক কিছু করেছেন। এ সম্পর্কে আমার বক্তব্য রাখতে গিয়ে আমি কয়েকটি পরিসংখ্যান দিতে চাই। ১৯৭৫ সাল থেকে ১৯৭৭ সাল—এই দু বছরের পরিসংখ্যান দিচ্ছি। ১৯৭৫ সালে আমাদের এখানে হাসপাতালের সংখ্যা ছিল ৩০৪, আর বেডের সংখ্যা ছিল ৩৯ হাজার ৯৭। ১৯৭৭ সালে হাসপাতালের সংখ্যা ছিল ৩৪২ এবং বেডের সংখ্যা ছিল ৪৪ হাজার ২৮০। বেড বৃদ্ধি হল ৫ হাজার ১৮৩। আর বামফ্রন্টের রাজত্বে কি হল? ১৯৮৭ সালে হাসপাতালের সংখ্যা ছিল. ৪১২, বেডের সংখ্যা হল ৫৩ হাজার ৮৪৭। আর ৯৬ সালে হাসপাতালের সংখ্যা কমে গিয়ে হল ৪০২ এবং বেডের সংখ্যা হল ৫৬ হাজার ১৯৯। এই পরিসংখ্যানগুলির তুলনামূলক বিচার করলে দেখা যাবে যে আমাদের দু বছরে বেডের সংখ্যা বেড়েছিল ৫ হাজার ১৮৩ আর ওদের ৮ বছরে বেডের সংখ্যা বেড়েছে ২। । হাজারের মতোন। তা হলেই বুঝতে পারছেন কি অবস্থা এখানে চলছে। ওদের অনেক সদস্য বলেছেন রোগীদের জন্য নাকি ওরা খুব ভাল বন্দোবস্ত করেছেন কিন্তু ওদের সদস্যদের অন্তরের কথা কিন্তু তা নয়। ওরা অন্তর দিয়ে বুঝতে পারছেন সত্যিকারের অবস্থাটা কি এবং তা কত খারাপ। আপনার কাছে স্যার, আর একটা স্ট্যাটিস্টিক্স রাখছি। যখন প্রাইস ইন্ডেক্স ছিল ১৯৮ তখন পার বেড মিলের জন্য ছিল ৪.২৫ টাকা—১৯৭৭ সালে। আর এখন যখন প্রাইস ইন্ডেক্স ১১৩৮ তখন পার বেড মিল বাবদ খরচ হচ্ছে ৮.৬৫ টাকা। যা খাবার দেওয়া হয় তা কুকুরেও খেতে পারে না। সবচেয়ে

[3-50 — 4-0 p.m.]

লজ্জার কথা। প্রাইস ইন্ডেক্স অনুসারে হওয়া উচিৎ ছিল ৪.২৫ টাকায় ৮ গুণ অর্থাৎ ৩০-৩২ টাকা, দিচ্ছেন সাড়ে আট টাকা। অথচ এটা মিনিমাম ফোর টাইমস হওয়া উচিত ছিল। টি. বি. পেশেন্টদের ওষুধের চেয়ে পথ্যের দরকার সবচেয়ে বেশি। সেখানে পার মিলের জন্য ধার্য মাত্র ১০ টাকা। এই হচ্ছে আপনাদের অ্যারেঞ্জমেন্ট। এরপরও বলতে হবে, পার্থবাবুর বাজেট বরাদ্দকে আমরা সমর্থন করছি। আজকে হাসপাতালগুলির অবস্থা কি? প্রাইমারি হেলথ সেন্টার, সাবসিডিয়ারি হেলথ সেন্টার—সেখানে আজকে কন্ট্রাক্ট সিস্টেমে ডাক্তার নিয়োগ হচ্ছে। কিন্তু তারা থাকবেন কোথায়? বাড়িঘর তো সব ভেঙে পড়ছে। আপনার দপ্তর পি. এইচ. ই.-র হাতে বিল্ডিং করবার দায়িত্বটা অর্পণ করেছে, কিন্তু টাকা পি. এইচ. ই.-র নয়,

পি. ডব্লু. ডি.-র। এই সভায় দাবি করছি, পি. এইচ. ই.-র হাতে এই দায়িত্বটা না রেখে পি. ডব্লু. ডি.-র হাতে দায়িত্বটা দেওয়া হোক, কারণ প্ল্যানের টাকা যাচ্ছে পি. ডব্লু. ডি.-র। ওদিকে সাবসিডিয়ারি হেলথ সেন্টারের বাড়ি ভেঙে পড়ছে। কাজেই এই বিষয়টা নিয়ে ডাক্তারদের নিয়ে একটা সম্মেলন করুন না। দায়িত্বটা পি. এইচ. ই.-র হাত থেকে নিয়ে পি. ডব্লু. ডি.-কে দিন, তাহলে কাজটা হবে। গৌরীপদবাবু বলেছেন যে, হাসপাতালগুলিতে টাউটরা ঘুরে বেড়াচ্ছে। তিনি ১৯৯৪-৯৫ সালে কমিটির পক্ষে যে রেকমেন্ডেশন রেখেছেন তার থেকে পড়ছি ; "দি টাউটস are roaming about freely inside the Hospitals and tried to take the patients to private nursing Homes." তাহলে ১৯৯৬-৯৭ সালে নয়, তার আগে ১৯৯৪-৯৫ সালেই তিনি একথা বলেছিলেন। এই যে সাবজেক্ট কমিটির রেকমান্ডেশন, এটা আমাদের দলের কারোর নয়, তার আগে ১৯৯৪-৯৫ সালেই তিনি একথা বলেছিলেন। এই যে সাবজেক্ট কমিটির রেকমান্ডেশন, এটা আমাদের দলের কারো নয়, স্বয়ং ডাঃ গৌরীপদ দত্তের এবং সেটা তিনি ১৯৯৪-৯৫ সালে রেখেছিলেন, কিন্তু সেটা আপনারা গ্রাহ্য করেননি। কারণ আপনারা মনে করেন যে, গরিবদের স্বাস্থ্য রক্ষা করবার দায়িত্ব আপনাদের নয়, আপনারা ঠান্ডা ঘরে বসে থাকবার জন্য এসেছেন। ডাক্তার তৈরি হবে—কোথা থেকে হবে? সাবজেক্ট কমিটি যে স্ট্যাটিস্টিক্স দিয়েছে তাতে বলা হয়েছে যে, টিচারদের স্যাংশন্ড স্ট্রেন্থ যেখানে ১,৪৭১, সেখানে আছেন ১,২৪৮ জন, অর্থাৎ ২৩০ জন নেই। কিন্তু আপনারা সেই শূন্যস্থান পূরণ করতে পারছেন না। শুধু টিচার নয়, যারা ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল এডুকেশন সার্ভিসের বেসিক টিচার সেই টিচার পদেও অ্যাপয়েন্টমেন্ট দিতে পারছেন না, ব্যর্থ হয়েছেন। এই হচ্ছে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের অবস্থা। আমি বলতে চাই, এইভাবে স্বাস্থ্য দপ্তরের উন্নয়ন সম্ভব নয়, যদি না এক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। আমাদের অম্বিকাবাবু বলছিলেন যে, হাওড়া জেনারেল হসপিটালে একজন ডাক্তার ১৪ বছর ধরে রয়েছেন এবং তিনি নার্সিং হোমে চুটিয়ে প্র্যাকটিস করছেন। এ-ব্যাপারে ১৯৯৪-৯৫ সালে গৌরীপদবাবুর রেকমেন্ডেশন ছিল, কিন্তু আপনি বলেছেন যে, তাকে সরানো হচ্ছে না হাইকোর্টের কারণে। গৌরীপদবাবু কমিটির চেয়ারম্যান হিসাবে রেকমান্ড করে বলেছিলেন, এগেইন আই ওয়ান্ট টু রিপিট ইট—Some specialists are remaining in one place for 7 to 10 years or more. They have acquired financial and political power and can afford to resist any disciplinary measure through various power। একথা বলবার পর গৌরীপদবাবু নিজেই বলেছেন যে, পলিটিক্যাল পাওয়ার এবং ফিনান্সিয়াল পাওয়ারের জোরে তারা থেকে যাচ্ছেন এদের আপনারা সরাতে পারছেন না। আর বেশি সময় নেব না। হাসপাতালে বেড নেই, মানুষ চিকিৎসা পাচ্ছে না, পি. এইচ. ই. ভেঙে পড়ছে। কাজেই সার্বিক ব্যর্থতা আপনারা উপলব্ধি করুন। এডুকেশন কমিশন করা হয়েছে ত্রুটি বের করতে।

আমার প্রস্তাব হল এই স্বাস্থ্য দপ্তরের উন্নতির জন্য একটা স্বাস্থ্য কমিশন তৈরি করা হোক। স্বাস্থ্য দপ্তরের সমস্ত ত্রুটি বিচ্যুতি খুঁজে বার করে সেইগুলি নির্মূল করা হোক তাহলে পশ্চিমবাংলার স্বাস্থ্য বাড়বে এবং আপনার স্বাস্থ্যও বাঁচবে এবং সাধারণ গরিব মানুষ অসহায় অবস্থা থেকে মুক্তি পাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ তপতী সাহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ১৯৯৭-৯৮ সালের যে বাজেট ভাষণ পেশ করেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং বিরোধীদের দ্বারা আনীত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলব। আমাদের অনেক বিরোধী পক্ষের বক্তা বক্তব্য রাখতে গিয়ে এই বামফ্রন্ট সরকারের সাবজেক্ট কমিটির আনীত যে রিপোর্ট সেই রিপোর্টের উপর ভিত্তি করে তারা তাদের বক্তব্য রেখে গেলেন। সমালোচনা করার অধিকার তাদের নিশ্চয়ই আছে, নিশ্চয়ই তারা করতে পারেন কিন্তু পাশাপাশি তাদের এইটুকু চিন্তা ভাবনা করার নিশ্চয়ই প্রয়োজন আছে এবং অভিনন্দন জানানো উচিত ছিল যে আজকে এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে বলেই সাবজেক্ট কমিটির আনীত যে রিপোর্ট সেই রিপোর্ট এই রকমভাবে পেশ করা হয়েছে। এটা আপনারা থাকলে পারতেন কিনা সেটা ভেবে দেখার বিষয় ছিল। যাই হোক এই বাজেটে গুরুত্ব দেওয়া হয়েছে বিকেন্দ্রীভূত স্বাস্থ্য পরিষেবার উপর এতে জনসাধারণের অংশগ্রহণও সুনিশ্চিত করা হবে, এই সিদ্ধান্ত নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। আজকে এই বিকেন্দ্রীকরণের জন্য বেশ কিছু ক্ষেত্রে সুফল আসতে শুরু করেছে। যেমন বলা যেতে পারে ঔষধ কেনার ক্ষেত্রে অনেক সুবিধা হয়েছে। ফলে হাসপাতাল-গুলিতে এবং স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ওষুধের চাহিদা অনেকাংশেই পূরণ করা সম্ভব হয়েছে। কিন্তু অন্যান্য কিছু ক্ষেত্রে একটু বিশেষভাবে চিন্তা ভাবনা করার প্রয়োজন আছে বলে মনে হয়। যেমন বিকেন্দ্রীকরণ শুধু মাত্র পাওয়ার অর্থাৎ ক্ষমতার নয়। অর্থনৈতিক ভাবেও বিকেন্দ্রীকরণ করা হলে সামগ্রিকভাবে একটা স্বাস্থ্য কেন্দ্র কাজকর্ম করতে সুবিধা হবে। ইন্টিগ্রেশন অফ দি ডিপার্টমেন্ট অফ দি পঞ্চায়েত লেভেল। এ ছাড়া পি. ডবলু. ডি.-এর অংশটি স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত সেই অংশটির বিকেন্দ্রীকরণ করতে পারলে ভাল হয়। কারণ তা না হলে অনেক সময়েই দেখা যায় অথরিটি কোনও মতামত দিতে পারে না এবং ইমিডিয়েট রিপেয়ারের কাজগুলি হয় না। ফলে দেখা যায় সামান্য একটু কাজের জন্য অনেক সময় লেগে যাচ্ছে এবং তার ফলে সামগ্রিক ভাবে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। পি. ডবলু. ডি.-এর এই উইং টা হেলথ অথরিটির মধ্যে আনতে হবে এবং বিকেন্দ্রীকরণ করতে হবে। হাসপাতাল-গুলিতে বিশেষত গ্রামীণ এলাকার চিকিৎসকের ঘাটতি পূরণের উদ্দেশ্যে জনসেবা আয়োগের মাধ্যমে চিকিৎসক নিয়োগ ব্যতীত গ্রামীণ জনগণের নিকট প্রাথমিক স্বাস্থ্য রক্ষার সুবিধাগুলি প্রসারিত করার জন্য স্বাস্থ্য দপ্তর চুক্তি ভিত্তিক চিকিৎসক নিয়োগ নীতি গ্রহণ করেছেন। এটা খুবই সময়োপযোগী সিদ্ধান্ত হয়েছে। এই নীতি গ্রহণের ফলে বহু ক্ষেত্রে সুফল পাওয়া গেছে। আবার সামান্য হলেও কিছু ক্ষেত্রে দেখা গেছে অবস্থা আগের মতোই থাকছে। সেই জন্য আমার মনে হয় এই কন্ট্রাক্ট সার্ভিসের একটা বস্তুনিষ্ঠ পর্যালোচনা করা দরকার আছে। ২৭৮ জনকে নিয়োগ করা হয়েছে এবং ১৮০ জনের নিয়োগের আদেশ দেওয়া হয়েছে, রাজ্যের স্বাস্থ্য বস্থার উন্নতি করার চেষ্টা করা হচ্ছে। দ্বিতীয় পর্যায়ে স্বাস্থ্য সংস্থাগুলির উন্নয়ন, যার ফলে এই কেন্দ্রগুলি তৃতীয় খন্ডের সঙ্গে একটা দ্রুত অতি প্রয়োজনীয় যোগাযোগ স্থাপন করতে পারে এবং প্রাথমিক স্বাস্থ্যরক্ষা কার্যক্রমকে ফলদায়ী আরোগ্যকর সাহায্য প্রদান করতে পারে। কিন্তু এখানে টেরিটরি কেয়ার সম্বন্ধে কোনও পদক্ষেপ নেই। টেরিটরি কেয়ার-এ নিয়োজিত প্ল্যান বাজেটে টিচিং এবং সার্ভিসের দিকে সমান ভাবে লক্ষ্য রাখতে হবে। কারণ এখানেই ছাত্রদের পড়াশোনা করানো হয় এবং ট্রেনিং দেওয়া হয়। ফলে একজন ছাত্র যদি এখানে কোনও

একটা মডার্ন ইনস্ট্রুমেন্ট-এর ব্যবহার ঠিকমতো না শেখে তাহলে তার সার্ভিস পিরিয়ডে ডিস্ট্রিক্ট হাসপাতালে গিয়ে সেই ইনস্ট্রুমেন্ট-এর ব্যবহার সঠিকভাবে করতে পারবে না।

[4-00 — 4-10 p.m.]

এম. ই. এস. ছাত্রদের পড়াশুনোর ব্যবস্থা সঠিকভাবে করতে হবে। সেইজন্য চিকিৎসকদের ঘাটতি পূরণ করার জন্যে ব্যবস্থা নিতে হবে। নিয়োগ পদ্ধতিটা সিমপ্লিফাই করতে হবে নন প্র্যাকটিসিং ডাক্তারদের জন্য থাকবার জায়গার ব্যবস্থা অথবা গাড়ির ব্যবস্থা করা যায় তাহলে ভাল হয় কারণ দুবেলা তাদের হাসপাতালে রাউন্ড দিতে হয়। টিচারদের পড়াশুনোর জন্য, আধুনিক শিক্ষা পদ্ধতির সঙ্গে যোগাযোগ রাখার জন্য রিসেন্ট ম্যাগাজিন সমেত উন্নতমানের লাইব্রেরির ব্যবস্থা করতে হবে। এই ধরনের ম্যাগাজিন এর যা দাম হয় তা সকলের পক্ষে কেনা সম্ভব হয় না। দিল্লিতে এই ধরনের লাইব্রেরি—ন্যাশনাল মেডিক্যাল লাইব্রেরি আছে। আর এদের স্কলারশিপের ব্যাপারটাও দেখা দরকার। জনস্বাস্থ্য কার্যক্রমে রোগ প্রতিরোধ এবং স্বাস্থ্য সুরক্ষা বিধির উন্নতির জন্য ভারত সরকারের সহযোগিতায় ম্যালেরিয়া, কালাজ্বর, জাপানি এনকেফেলাইটিস, যক্ষ্মা, ফাইলেরিয়া, কুষ্ঠ, অন্ধত্ব, আয়োডিন অভাবজনিত অসুস্থতা, আর্সেনিক ঘটিত সমস্যা ইত্যাদি রোগ নিরাময় ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে কতগুলো জনস্বাস্থ্য কার্যক্রম রাজ্য সরকার বাস্তবায়িত করেছেন। এগুলির মধ্যে কুষ্ঠ, অন্ধত্ব এবং আয়োডিন অভাব জনিত অসুস্থতা নিয়ন্ত্রণ কার্যক্রমের সমস্ত ব্যয় ভারত সরকার বহন করেন। অন্যান্য কার্যক্রমের ব্যয়ভার রাজ্য সরকার এবং ভারত সরকার আধাআধি হিসাবে বহন করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম যথা আন্ত্রিক, হেপাটাইটিস ইত্যাদি রোগ নিয়ন্ত্রণের ব্যয়ভার রাজ্য সরকার বহন করেন। কলকাতা ও বাইরের হাসপাতালগুলির চিকিৎসক, সেবিকা ও অন্যান্য যারা চিকিৎসাকালীন এই রোগে আক্রান্ত হতে পারেন তাদের টিকাদানের ব্যবস্থা নেওয়া হয়েছে। আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষ দারিদ্র্য সীমার নিচে ক্লিবজীবন যাপন করছেন। শুধু সেইজন্যই নয়, বিজ্ঞানসম্মত কারণেও রোগ নিরাময়ের থেকেও রোগ প্রতিরোধের উপর জোর দেওয়া হয়েছে। প্রিভেনশন ইজ বেটার দ্যান কিউর এটা শুধুমাত্র থাড ওয়ার্ল্ড কান্ট্রির ক্ষেত্রে নয়, ফাস্ট ওয়ার্ল্ড কান্ট্রিগুলোতেও প্রিভেনশনের উপরে জোর দিচ্ছে। কিন্তু আমাদের দেশে আর্থ সামাজিক অবস্থা এবং স্বাস্থ্য সম্পর্কে সামগ্রিক অজ্ঞতার জন্যেই প্রিভনেশন এর উপর আরও বেশি জোর দেওয়া উচিত। আমাদের এখানে পর পর দবছর পালস পোলিও কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তাতে সরকারি, আধা সরকারি ও বেসরকারি সংস্থাগুলোর মধ্যে কো-অর্ডিনেশন করে করা হয়েছিল এবং সফলতা অভিনন্দনযোগ্য। ৯০ শতাংশ শিশুকে পোলিও দেওয়া হয়েছে। প্রাইমারি হেলথ কেয়ার সিস্টেমের উপরে জোর দেওয়া হয়েছে। এগুলি প্রাথমিক ইউনিট। এখানে ক্লিনিক্যাল এবং নন ক্লিনিক্যাল প্রবলেম আছে। মেডিক্যাল পার্সোনেল সব সময়ে এইসব জায়গায় প্রয়োজন মতো পাওয়া যায় না। বর্তমানে স্বাস্থ্য সম্পর্কে মানুষের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। সাক্ষরতা ও গণশিক্ষায় জনগণের উদ্যোগ লক্ষ্য করা যাচ্ছে এবং সর্বোপরি পঞ্চায়েতি রাজ ব্যবস্থা ধারাবাহিকভাবে উন্নততর কর্মে অনেক মানুষকে আকর্ষণ করেছে। সেখানে নারীরাও অংশ নিচ্ছেন। অনেক প্রত্যন্ত অঞ্চলের মধ্যেও পি. এইচ. সি. আছে। সেখানে মেডিক্যাল পারসোনাল-এর অভাব পূরণের চেষ্টা করতে হবে। পাশাপাশি মেডিক্যাল পার্সোনাল ছাড়াও ইনফ্রাস্ট্রাকচারে যারা রয়েছেন তাদেরকে অসুখগুলো সম্বন্ধে

সাধারণ জ্ঞানের ব্যবস্থা করতে হবে যাতে প্রতিদিন তারা যে সাধারণ মানুষের সম্মুখীন হন তাদেরকে মেডিক্যাল পার্সোনেলের অনুপস্থিতিতেও জনগণকে স্বাস্থ্য সম্পর্কে চেতনার মান বৃদ্ধি করতে সাহায্য করতে পারবেন। সেখানে কমিউনিকেবেল ডিজিজের পাশাপাশি নন কমিউনিকেবেল ডিজিজগুলো সম্পর্কেও সচেতন করার ব্যবস্থা থাকলে ভাল হয় যেমন হাইপারটেনশন, ডায়বেটিস ইত্যাদি।

এই সিমটমগুলি যাতে না হয়, এই সম্বন্ধে কিছু পজেটিভ ডিরেকশন যাতে নেওয়া যায় সেই সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে। আমাদের এখানে টিচিং ইনস্টিটিউটগুলি আছে, তাদের পোস্ট মর্টেম-এর মান যথেষ্ট উন্নত ধরনের, কিন্তু এই টিচিং ইনস্টিটিউট ছাড়াও অনেক জায়গায় পোস্ট মর্টেম সেন্টার আছে কিন্তু এই পোস্ট মর্টেম সেন্টারগুলির সাথে হোম ডিপার্টমেন্টের একটা ভূমিকা আছে, সেখানে কিছু কাজকর্ম করতে অসুবিধা হয়। এই যে ভূমিকাটা রয়েছে হোম ডিপার্টমেন্টের, সেখানে যদি একটা কিছু ব্যবস্থা করা যায় যাতে কাজটা সহজসাধ্য হয়, সেইজন্য আমি মন্ত্রীকে এটা অনুরোধ করব দেখার জন্য এবং মর্গগুলি সংস্কার করার দরকার আছে। সেখানে যে মেডিক্যাল পারসোনেল আছে, তাদের ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে। কিন্তু আন্ডার গ্রাজুয়েট কোর্সে সেইভাবে তাদের ট্রেনিং এর ব্যবস্থা থাকে না, ওখানে যারা পোস্টে থাকেন তারা সবাই ট্রেন্ড পারসেন নয়। হাসপাতালগুলি সুস্থভাবে পরিচালনার জন্য সুস্থ প্রশাসন দরকার আছে। এর জন্য স্পেশ্যাল ক্যাডার করলে ভাল হয়। এটাকে আকর্ষণীয় যদি করা যায় তাহলে আরও ভাল হয়। পাশাপাশি কড়া হাতে তাদেরকে ধরার ব্যবস্থা করতে হবে। পরিবার কল্যাণ কর্মসূচির গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। মাতা ও শিশুর স্বাস্থ্য পরিচর্চার কর্মসূচিটিও এই পরিবার কল্যাণ পরিষেবার সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত। বিগত বছরগুলির ক্রমাগত প্রচেষ্টায় এই রাজ্যে স্বাস্থ্য সূচকগুলিকে যে একটি সন্তোষজনক পর্যায়ে উন্নীত করা সম্ভব হয়েছে তা অভিনন্দনযোগ্য। ১৯৯৫ সালের ভারত সরকারের প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ২০০০ সালের মধ্যে দেশে যেটা করতে হবে, সেটা হচ্ছে জন্মহার ২১ প্রতি হাজারে, মৃত্যুর হার ৯ প্রতি হাজারে। শিশু মৃত্যুর হার ৬০ প্রতি হাজারে, '৯৫ সালে যে রিপোর্ট প্রকাশিত হয়েছে সেটা হচ্ছে, জন্মের হার ২৮.৩, সারা ভারতে, পাশাপাশি পশ্চিমবঙ্গে ২৩.৬। মৃত্যুর হার ৯ সারা ভারতে, পাশাপাশি পশ্চিমবঙ্গে ৭.৭। শিশু মৃত্যুর হার ৭৪ সারা ভারতে, পাশাপাশি পশ্চিমবঙ্গে ৫৯। এখানে দেখা যাচ্ছে যে জন্মের হার ছাড়াও দুটোর ক্ষেত্রে আমরা ধরতে গেলে ২ হাজার সালের মধ্যে অ্যাচিভ করার লক্ষ্যে আমরা পৌঁছে গেছি। কিন্তু এই জন্মহার কমানোর জন্য ২/৩টি বাচ্ছা হবার পর জাতি ধর্ম নির্বিশেষে অনেক মহিলাই এখন এগিয়ে আসছেন স্থায়ী পদ্ধতি গ্রহণের জন্য। কিন্তু সেখানে দেখা যাচ্ছে ল্যাপ্রোস্কোপি ক্যাম্পগুলোতে মহিলাদের ভিড় থাকলেও এর ট্রেনিং প্রাপ্ত সার্জেনরা ঠিকমতো না আসার জন্য ক্যাম্পগুলো সাফল্যমন্ডিত হচ্ছে না ফলে জন্মহার আরও কমানো যাচ্ছে না। সেইজন্য ট্রেনিং প্রাপ্ত সার্জেনদের আসাটা বাধ্যতামূলক করা যায় কিনা সরকারকে ভেবে দেখতে অনুরোধ করব। সকসময় আমরা জনস্বাস্থ্য নিয়ে আন্দোলন করি, এটা একটা ভালর দিক। আমরা এখানে যারা এসেছি জনপ্রতিনিধি হয়ে, আমাদের শিক্ষার মান যাই হোক না কেন, চেতনার দিক থেকে আমরা এগিয়ে আছি ; আশা করি তারা সেটা মানবেন, যখন তারা জনপ্রতিনিধি হিসাবে নির্বাচিত হয়েছেন। আমাদের প্রত্যেকেই সমাজের প্রতি কিছু দায়িত্ব

আছে, সরকারের দোষারোপ করা ছাড়াও নিজেদের দিকে তাকিয়ে সমাজের দিকে তাকিয়ে, যেখান থেকে নির্বাচিত হয়েছেন, আমাদের লক্ষ্য সেখানকার প্রতি থাকা উচিত একজন মানুষ হিসাবে। আমাদের কিছু দায়িত্ব আছে সেটা পালন করা উচিত। পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদ হচ্ছে মানুষ, মানুষের শ্রেষ্ঠ সম্পদ স্বাস্থ্য, সেই স্বাস্থ্য আজকে কতকগুলি বিষয়ের উপর নির্ভর করে। বিশেষ করে খাদ্য ও পুষ্টি। আজকে যত অসুখ করছে সেই অসুখের ৭৪ ভাগ হচ্ছে এই অপুষ্টিজনিত কারণে। এই সাধারণ বিষয়টা যদি আমরা জানি তাহলে অনেক রোগকে আমরা প্রতিরোধ করতে সক্ষম হব। খাদ্য ও পুষ্টি ছাড়াও আরও কিছু বিষয় আছে, যেমন জল, খাদ্য ও পুষ্টি, কর্মসংস্থান, সচেতনতা, পরিষেবা, বিজ্ঞানমনস্কতা, শিক্ষা, পরিবেশ, অর্থনীতি, বাসস্থান। আজকে খাদ্য ও পুষ্টির অভাবে শুধু যে সাধারণ মানুষ, দরিদ্র শ্রেণীর মানুষ ভোগেন তাই নয়, অনেক সচেতন মানুষ, সচেতনশীল পরিবারের মানুষকে দেখা যায় যাদের সম্যক জ্ঞান না থাকার জন্য পুষ্টির অভাব জনিত রোগে তারা ভোগেন।

তার সঙ্গে বুঝতে হবে যে সহজলভ্য কম খরচে কোন খাবারগুলিতে পুষ্টি আছে, এটা জানা থাকলে সহজভাবেই এই সমস্যার সমাধান করা যাবে। সুতরাং আমাদের এই আন্দোলন সংগঠিত করতে হবে আমাদের নিজ নিজ এলাকায় এবং জনপ্রতিনিধি হিসাবে আমাদের প্রত্যেককে দায়িত্ব নিতে হবে। শুধুমাত্র সমালোচনা করলে দায়িত্ব খালাস হওয়া যায় না, আজকে এই কথা বলে, এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় ৩২, ৩৩, ৩৪ নম্বর ডিমান্ডের অধীন যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি গত ছয় বছর ধরে দেখছি এই বিধানসভার প্রতিটি সদস্য, যারা মন্ত্রী নন তারা প্রত্যেকে কোনও না কোনও দিন, এই বিধানসভার মধ্যে স্বাস্থ্য দপ্তর সম্পর্কে তীব্র সমালোচনা করলেন এবং স্বাস্থ্য দপ্তরের যে পরিষেবা তা থেকে তারা বঞ্চিত। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আর কিছু ক্ষণের মধ্যে যখন বাজেট বরাদ্দ নিয়ে ভোটাভুটি হবে তখন আপনারা সবাই তাকে সমর্থন করবেন। বাজেট পাশ করার এটাই হচ্ছে নিয়ম। আমি প্রশ্ন করতে চাই, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আপনি যে কথাগুলো বইয়ে লিখেছেন, ভাইটাল স্ট্যাটিস্টিক্স. মৃত্যুর হার কমেছে, শিশু মৃত্যুর হার কমেছে, এই কথা কি আপনি আপনার এলাকার কোনও গ্রামে গিয়ে বলতে পারবেন। আজকে গ্রামীণ হাসপাতালগুলোর অবস্থা কি? স্বাস্থ্য বিষয়ক সাবজেক্ট কমিটির চেয়ারম্যান এখানে আছেন উনি ঘুরে দেখেছেন এবং রিপোর্টে লিখেছেন। সরকারি দলের সদস্যরা এজন্য আহ্লাদে আটখানা। কিন্তু এটা চেয়ারম্যানের একার রিপোর্ট না, অন্যান্য দলের সদস্যরাও সেই কমিটিতে আছেন। যদি তারা না থাকতেন তাহলে বামফ্রন্টের কোনও সদস্য এই সমালোচনা করতেন না, এটা ভাববার কোনও কারণ নেই। এই কথাগুলো লিখেছেন, কারণ উনি ভাল মানুষ, যতটা পেরেছেন সত্যি কথা লিখেছেন। তাও আবার ছাঁকনি দিয়ে ছেঁকে, যতটা না লিখলে নয় ততটাই লিখেছেন। বাস্তব কিন্তু আরও কঠিন। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন, এই কুড়ি বছর ধরে আপনি কি করলেন। আজকে

যদি আন্ত্রিক বেশি হারে হয় তাহলে হৈ-হৈ পড়ে যাবে, তার পরিষেবার ব্যবস্থা আপনি করতে পারেননি। মানুষের যখন ব্যাপক জ্বর হতে আরম্ভ করল তখন আপনারা বললেন ক্যালকাটা ফিভার। এই ক্যালকাটা ফিভার বলে আপনারা চালিয়ে দেবার চেষ্টা করলেন। কলকাতার স্বাস্থ্য ব্যবস্থার মান কতটা নিচে নেমে গেছে। যদি কোনও রোগ ব্যাপক হারে দেখা যায় তাহলে কেমন করে তাকে আপনি কম্ব্যাট করবেন। ম্যালেরিয়া সারা দেশ থেকে ইরাডিকেট হয়ে গেছে, কিন্তু পশ্চিমবাংলায় ম্যালেরিয়া আবার ফিরে এসেছে। আমি ভবানিপুরের লোক জীবনে কোনওদিন আমরা মশারি টাঙ্গিয়ে শুইনি, কিন্তু আমাদের এখন মশারি টাঙ্গিয়ে শুতে হচ্ছে। কোনও জায়গায় নিয়ে যাচ্ছেন আজকে? আজকে আপনি ব্যয় বরাদ্দ বাড়িয়েছেন দুশো কোটি টাকার উপর। এখানে আপনার সমর্থকরা আছেন, আপনার বাজেট পাসও হয়ে যাবে। কিন্তু সাধারণ মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবার কথা বললে এর থেকে লজ্জার আর কিছু আছে বলে আমি মনে করি না। আজকে চোখ খারাপ হলে মানুষ আর মেডিক্যাল কলেজে যায় না, একটু পয়সা জোগাড় করতে পারলেই তারা নেত্রালয়ে চলে যায়, কিডনি খারাপ হলে মাদ্রাজ চলে যায়, হার্ট খারাপ হলে টাটা সেন্টারে যায়, এ. আই. এম. এসে চলে যায়। এর থেকে লজ্জার আর কি আছে? আগে পশ্চিমবাংলার মেডিক্যাল কলেজে পি. জি. হাসপাতালে আগে মানুষ চিকিৎসার জন্য আসত। আর এই ২০ বছর ধরে আপনারা কোথায় নিয়ে গেছেন? আজকে মানুষ ঘটি বাটি বিক্রি করে চিকিৎসার জন্য কলকাতা থেকে বাইরে যাচ্ছে। কিডনির ট্রিটমেন্টের জন্য বোম্বে চলে যাচ্ছে। কেন যাচ্ছে? কারণ আপনি কোনও পরিষেবা দিতে পারছেন না। সরকারের নীতিটা কি? পিয়ারলেস হাসপাতাল হয়েছে, রুবি হাসপাতাল হয়েছে। আপনারা কম দামে তাদের জমি দিয়েছেন। তাদের উপর কোনও কন্ট্রোল রেখেছেন? আমি এরকম শুনেছি যে পিয়ারলেস হাসপাতালে গেলে রুগী ভাল হয়ে যায় কিন্তু তার বাড়ির লোক অসুস্থ হয়ে পড়ে। এত পয়সা খরচ করতে হয়। আপনারা তাদের কম দামে জমি দিয়েছেন সেখানে তো একটা বাধ্যবাধকতা থাকবে যে এই হাসপাতালে গরিব মানুষের জন্য এত পারসেন্ট ব্যবস্থা রাখতে হবে। আজকে আপনার কাছ থেকে সই করে নিয়ে গেলে তবে ফ্রি বেড পাওয়া যায়। আগে সার্জেন সুপারিনটেন্ডেন্ট এটা স্যাংশন করতেন। আগে হাসপাতালে ফ্রি বেডের ব্যবস্থা ছিল। কংগ্রেসি আমলে বিনা পয়সায় মানুষ চিকিৎসা পেত। এখন আপনি কার্ড করেছেন, লাল কার্ড তার দাম দু টাকা। বামপন্থী মানুষ আপনি কোথায় গরিব মানুষের সুযোগ সুবিধা বৃদ্ধি করবেন, আগে মানুষ বিনা পয়সায় ব্লাড টেস্ট করত, মাত্র ৫ টাকা দিয়ে ব্লাড টেস্ট করা যেত, আপনি ডাবল করে দিয়েছেন। সমস্ত প্যাথলজিকাল টেস্ট আপনি ডাবলড করে দিয়েছেন। কোনও সুযোগ সুবিধা বৃদ্ধি করেছেন যে আপনার বাজেটকে সমর্থন করতে হবে? কলকাতার সবচেয়ে ভাল যে হাসপাতাল, পি. জি. হাসপাতাল সেখানে রাজনৈতিক আখড়া বানিয়ছেন। কাদের দিয়ে কমিটি করেছেন? কলকাতা কর্পোরেশনের ক্লাস এইট পাশ করা [* *], সকাল ১০টায় পি. জি. হাসপাতালে যায়, সরকারি গাড়ি করে তাকে নিয়ে যাওয়া হয়, সমস্ত দিন পি. জি. হাসপাতাল থাকে একটানা ৪টে পর্যন্ত। [* *], একটা ডাম করেছেন। একটা আস্তাকুঁড় করেছেন। ডাঃ খাঁ একজন পরাজিত ডাক্তার তাকে নিয়ে গেছেন ওখানে। যে সমস্ত নার্স স্ট্রাইক করেছিল, এদের নেতাকে জানেন, [* *]। কি করে চলবে হাসপাতাল। গোটা পি. জি. হাসপাতালকে কন্ট্রোল

Note : * Expunged as ordered by the Chair.

করে এরা। ডাক্তার কোথায় পোস্টিং হবে সেটাও তারা কন্ট্রোল করে। সব বড় বড় ডাক্তাররা চলে যাচ্ছে। এম. ই. এস., টিচিং স্টাফ যারা রয়েছেন তারা আজকে সরকারি চাকরি ছেড়ে দিচ্ছেন। তারা পারবে না, তাদের মর্যাদা ক্ষুন্ন হবে। গ্রামীণ হাসপাতালের কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই।

[4-20 — 4-30 p.m.]

এর সাথে আরও একটা তথ্য দিয়েছেন। আপনি এখানে বিভিন্ন হাসপাতালের বেড দেখিয়েছেন। কিন্তু কতগুলি ইউটিলাইজড হয়? ধবুলিয়া টি. বি. হসপিটালে ১,০০০ বেড আছে। সেখানে ৬০০-৬২৫ এর বেশি রোগী ভর্তি হয় না। আপনারা করেনও না। কাঁচরাপাড়া টি. বি. হসপিটালে ১,০০০ বেড আছে, সেখানেও ৬০০-৬২৫ এর বেশি রোগী ভর্তি হয় না। লুম্বিনি পার্ক মেন্টাল হসপিটাল এ ২০০ বেড আছে। সেখানে ৪০-৫০ টার বেশি রোগী ভর্তি হয় না। লেডি ডাফরিনে ২৭৪ বেড, সেখানে পেসেন্ট আছে ৮৯টা। কেন এই অবস্থা? পাস্তুর ইনস্টিটিউট নিয়ে আপনি লিখেছেন। এইসব গল্প লেখেন কেন? মানুষ জানে যে, সেখানে ৮৯ সাল থেকে উন্নয়নের নামে একটা মেডিসিনও তৈরি হয়নি। আপনি বড় বড় কথা লিখেছেন। পাস্তুর ল্যাবরেটরি থেকে আমরা ওষুধ তৈরি করব। কিন্তু এই জলাতঙ্ক রোগের একটা ওষুধও সেখানে ৮৯ সাল থেকে তৈরি হয়নি। একটা মেডিক্যাল কলেজের ডাক্তার একজন গরিব রোগীকে কতগুলি ট্রিটমেন্টের কথা লিখে দিলেন এবং এরজন্য প্রায় ২-৪ হাজার টাকা খরচ করতে হবে। কোথা থেকে করতে হবে—না সুরক্ষা ল্যাবরেটরি থেকে এই চিকিৎসা করতে হবে বলে লিখে দিলেন। ডাক্তার লিখে দেবেন কেন? কমিশন আছে বলে? সরকারি ডাক্তার চিকিৎসার কথা বলতে পারেন যে, এই করতে হবে এবং ওটা করতে হবে। কিন্তু তারা পলিক্লিনিকের নাম সহ বলে দিচ্ছে। প্রত্যেক নার্সিং হোমের সাথে যোগ আছে। এখন কেউ সরকারি হাসপাতালে চিকিৎসা করে না। কোন জায়গায় চলে গেছে এই চিকিৎসা ব্যবস্থা? এখানে চিকিৎসার নামে রাজনীতি চলছে। স্বাস্থ্য দপ্তরে রাজনৈতিক আখড়া গড়ে তুলেছেন। তাই আমি এর বিরোধিতা করে, কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** মাননীয় চেয়ারম্যান, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। এখানে গোপাল গাঙ্গুলি এবং পল্টু রায়চোধুরির নাম বার বার উল্লেখ করা হয়েছে। এরা যেহেতু বিধানসভার সদস্য নন, সেইহেতু এদের নাম দেওয়া যায় কিনা ভাববেন।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আমাদের সামনে স্বাস্থ্য বিভাগের যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন, আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং কাট মোশনের বিরোধিতা করছি। আমরা সবাই জানি যে, মানুষ হচ্ছে শ্রেষ্ঠ সম্পদ এবং সেই সম্পদের শ্রেষ্ঠ সম্পদ হল স্বাস্থ্য। অথচ এই স্বাস্থ্য দপ্তরের বরাদ্দ তুলনামূলকভাবে কম। অথচ অন্যান্য সমস্ত অনাচারের দায়ভার ভোগ করতে হয় এই স্বাস্থ্য দপ্তরকে। পরিবেশ দূষিত হল, জল দূষিত হল, জলে আর্সেনিক মিশল, গাড়ি ঘোড়া চলল এবং ধোঁয়া বের করল এবং মানুষ অসুস্থ হল। সেই কারণে মানুষকে শ্রেষ্ঠ সম্পদ বলে যদি ভাবি, তাহলে স্বাস্থ্য দপ্তরে ব্যয় বরাদ্দ আরও বেশি বাড়ানো উচিত। এই দপ্তরের উপর গুরুত্ব দেওয়া উচিত. আমাদের ভারতে

অনেক রাজ্য আছে। তার মধ্যে পশ্চিমবঙ্গের আমরা ২০ বছর ধরে সরকার চালাচ্ছি। এই সরকার আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে বিকেন্দ্রীকরণের মাধ্যমে, জনগণের আন্তরিক সহযোগিতায় এই স্বাস্থ্য ব্যবস্থাকে আরও উন্নত করে তোলার জন্য। এই ৯৬ সালের জুলাই মাসে মুখ্যমন্ত্রীদের সম্মেলন হয়েছিল এবং সেখানে প্রধান ঘোষণা ছিল যে, ২ হাজার সালের মধ্যে একটা লক্ষ্যে পৌঁছাতে হবে। ইতিমধ্যে আমরা সেই লক্ষ্যে পৌঁছে গেছি। বিগত দিনে বামফ্রন্ট শাসন করত না। তাহলে তখন সারা ভারতে স্বাস্থ্যের হাল এই পর্যায়ে দাঁড়ালো যে, ভারতে শতকরা ৭৪ জন শিশুর মৃত্যু হয়েছে।

সেদিক থেকে পশ্চিমবঙ্গ ৫৯ ভাগে চলে এসেছে। এটা কি সরকারের সাফল্যের নিদর্শন নয়? আমরা জানি এক চক্ষু বিশিষ্ট হরিণরা শুধু একটা দিকই দেখতে পায়, অন্যদিকগুলো দেখতে পারে না। আপনারাও সেইরকম একটা দিকই দেখছেন। মাননীয় বিরোধী সদস্যরা যদি স্বীকার করতেন যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার তাদের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছেন তাহলে তাদের সমালোচনাগুলো গ্রহণ করতাম। এই রাজ্যে এখন রাজনৈতিক বিরোধ চলছে, [* *] সঙ্গে [* *] বিরোধ চলছে। [* *] এক কথা বললে [* *] আরেক কথা বলেন।

**মিঃ চেয়ারম্যান ঃ** নামগুলো বাদ যাবে।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** হাউসেও সেইরকম দেখছি। পঙ্কজবাবু তার বক্তৃতায় বললেন—'সিট নেই, বেড নেই, হাসপাতাল নেই। সুতরাং আপনারা সিট বাড়ান, বেড বাড়ান, হাসপাতাল বাড়ান।' কিন্তু ঐ দলেরই মাননীয় শ্রী অসিতবাবু, স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানালেন যে, 'আর বেড বাড়াবেন না, আর হাসপাতাল বাড়াবেন না, যেগুলো আছে সেগুলোকেই ভালভাবে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করুন।' মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আপনি একটা কমিটি করুন, সেই কমিটি ঠিক করবে যে, হাসপাতাল আর বাড়ানো হবে কিনা, বেড আর বাড়ানো হবে কিনা, নাকি যেগুলো আছে সেগুলোকেই রক্ষণাবেক্ষণ করা হবে। এই যে বাজেট করা হয়েছে সেই বাজেটে নিউ আউট-লুক, নিউ অ্যাপ্রোচ দেওয়ার চেষ্টা করা হয়েছে। এতে সকলের কাছে স্বাস্থ্য পৌঁছে দেওয়ার গ্যারান্টি দেওয়া হয়েছে। এর ফলে যারা বঞ্চিত নিপীড়িত ছিল তারাও স্বাস্থ্যের সুযোগ পাবে। এই লক্ষ্যে পৌঁছানোর জন্য সাক্ষরতা আন্দোলনের সঙ্গে 'সকলের জন্য স্বাস্থ্য' এই পরিকল্পনাকে যুক্ত করেছেন। এর ফলে শিশু মৃত্যুর হার কমবে, গরিব মা, বোনেরা এবং সকল মানুষ সমস্ত ধরনের চিকিৎসার সুযোগ পাবে। এতে মৃত্যুর হার কমবে। সেই সঙ্গে মেদিনীপুরে একটা নার্সিং স্কুল করার জন্য আমি আবেদন জানাচ্ছি। সাবজেক্ট কমিটির মাননীয় চেয়ারম্যান যে তথ্যগুলো উপস্থাপিত করেছেন সেটা স্বীকার করছি। আমাদের কিছু ত্রুটি আছে, কিছু সীমাবদ্ধতা আছে। আমরা জানি আমাদের সরকারের যে সদিচ্ছা, যে দৃষ্টিভঙ্গি আছে তাতে সব কাজে সফল হওয়া যাবে। কিন্তু সেই সুফল যাতে মানুষ না পায় তার জন্য সুপরিকল্পিতভাবে এক শ্রেণীর বড় বড় আমলা, এক শ্রেণীর ডাক্তার দীর্ঘ দিন ধরে পরিকল্পনামাফিক চেষ্টা করে যাচ্ছে। হাসপাতালের কিছু চিকিৎসক হাসপাতালে চিকিৎসা করার পরিবর্তে প্রাইভেট প্র্যাকটিসের দিকে নজর দেন। আমি আবেদন করব, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর এ ব্যাপারে বলিষ্ঠ ভূমিকা নিন। মহাভারতের পার্থ যেমন সমস্ত

---

Note : * Expunged as ordered by the Chair.

অন্যায়, অবিচারের বিরুদ্ধে কুরুক্ষেত্রের যুদ্ধে অবতীর্ণ হয়েছিলেন, তেমনি ভাবে পার্থবাবু আপনিও সমস্ত অন্যায়, অবিচারের বিরুদ্ধে সেনাপতির ভূমিকায় অবতীর্ণ হোন, আমরা সৈনিক হিসাবে আপনার সঙ্গে থাকব। এইভাবে আমরা পশ্চিমবঙ্গে 'সকলের জন্য স্বাস্থ্য' এই স্লোগানকে বাস্তবায়িত করতে পারব। এ ব্যাপারে আরেকটা কথা বলি—মেদিনীপুর জেলায় মেডিক্যাল কলেজ স্থাপন করবেন বলে ২ বছর আগে সেখানে শিলান্যাস হয়েছিল, কিন্তু এখনও পর্যন্ত সেখানে মেডিক্যাল কলেজ স্থাপিত হল না। আমি এ ব্যাপারে আপনার হস্তক্ষেপ দাবি করছি। যাতে অবিলম্বে মেদিনীপুরে মেডিক্যাল কলেজ স্থাপিত হয়। আমি পাঁশকুড়ার (পশ্চিম) বিধায়ক। এখানে সরাইঘাট এলাকায় ১২ হাজার মানুষ বাস করেন। তার মধ্যে অর্ধেক তফসিলি সম্প্রদায়ের মানুষ, এবং বাকি অর্ধেক সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ।

[4-30 — 4-40 p.m.]

সেই এলাকার মানুষকে আজও স্বাস্থ্য পরিষেবার সুযোগ পেতে হলে ১৫ কিলোমিটার যেতে হয়। সেখানকার মানুষ জমি দিয়েছে। কিন্তু ২০ বছর হয়ে গেল, কিছুই হয়নি। বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। আপনার নেতৃত্বে স্বাস্থ্য আন্দোলন গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে এবং তার ফলে যে নতুন পরিস্থিতি দাঁড়াবে তাতে পশ্চিমবঙ্গের সমস্ত মানুষ শুধু আপনাকে নয়, এই বামফ্রন্ট সরকারকে অভিনন্দিত করবে, আশীর্বাদ করবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে, কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, এই বাজেটের তীব্র বিরোধিতা করছি, কারণ আসল সমস্যাকে আড়াল করে পশ্চিমবাংলার মানুষকে ভাঁওতা দেওয়া হয়েছে এই বাজেটে এবং আমাদের পক্ষ থেকে আনা কাট মোশনকে সমর্থন করছি।

গোটা পশ্চিমবাংলার গ্রামের মানুষ আজও সরকারি স্বাস্থ্য ব্যবস্থার সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। দেখা যাচ্ছে ডাক্তার নেই, ওষুধ নেই—নেই আর নেই। আজকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বা সাব সেন্টারে গরু চরে। সন্ধ্যাবেলা তার বারান্দায় কুকুর আর পাগল ঘুরে বেড়ায়। এই তো চিত্র। মন্ত্রী মহাশয়কে জিজ্ঞেস করছি—উপ স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কতজন ডাক্তার নেই, কতজন কম্পাউন্ডার নেই, তার পরিসংখ্যানটা জানাবেন কি? সুন্দরবনে সাপের কামড়ে মানুষ মারা যায়। সুদূর পাথর প্রতিমার মতো দুর্গম এলাকাতেও প্রতিষেধক নেই। ডায়মন্ড হারবার, কাকদ্বীপের মতো জায়গায় অ্যাম্বুলেন্স নেই ; নদী বহুল দুর্গম সুন্দরবন এলাকায় অ্যাম্বুলেন্স বোটের ব্যবস্থা নেই ; তাহলে কি করে রোগী আসবে কলকাতায়?

আমার ফলতার একটা কথা বলছি। সেখানে আছে নরকের নিকৃষ্টতম স্বাস্থ্যকেন্দ্র। সেখানে ডাক্তার নেই, ওষুধ নেই, ভাঙা বেড, ছেড়া বিছানা, মাছি-মশার উপদ্রব্য একটা অ্যানালজিন ট্যাবলেটও পাওয়া যায় না। হাসপাতালটি ব্যবহার হয় শুধু ভাইয়ে ভাইয়ে ঝগড়া হলে কত দিন রাখা হয়, ডাক্তারবাবু কত পয়সা নিয়ে কেসটাকে হেভি করে দেয়, এই জন্য।

১৯৭২ থেকে ১৯৭৭, এই সময়ের মধ্যে ফলতায় তিনটি স্বাস্থ্যকেন্দ্র হয়েছে, তারপর দীর্ঘ ২০ বছর আর একটিও হয়নি। প্রথম সদর ফলতা, একটি ফতেপুর, আর একটি

জাফরপুর। জাফরপুর স্বাস্থ্যকেন্দ্রে দরজা-জানালা নেই, আগাছায় ভর্তি হয়ে গেছে—এটা হয়েছে এই ২০ বছর শাসনে। সেখানে মানুষ যায় শুধু যন্ত্রণার হাত থেকে মুক্তির জন্য, আত্মহত্যার জন্য। এই আত্মহত্যার ব্যবস্থা আপনারা ফলতার বুকে করে রেখেছেন। সেই সঙ্গে সঙ্গে বলতে হয়, আজকে ২০ বছর ধরে আমি দেখছি এই হাসপাতালের ডাক্তারবাবুরা সব রোগের একটাই রিপোর্ট লেখেন। তা হচ্ছে, রেফারড টু সাবডিভিসনাল হসপিটাল এট ডাইমন্ড হারবার।

আজকে গ্রাম-বাংলায় মায়েদের প্রসুতি যন্ত্রণা উঠলে গ্রামীণ পদ্ধতিতে চিকিৎসা করতে গিয়ে অনেক সংখ্যক মায়ের মৃত্যু হচ্ছে তার হিসাব আপনার এই বাজেট বই-তে নেই। আজকে চিকিৎসার অভাবে গ্রামে বাচ্চা ছেলে-মেয়ের জ্বর হলে, ঝাড়-ফুক করে, ঘা-ফোঁড়া হলে বিভিন্ন প্রকারের তেল লাগায় এবং তার ফলে বিষাক্ত হয়ে অকালে তার মারা যায়। হোমিওপ্যাথি চিকিৎসা একটা অল্প পয়সার চিকিৎসা। এর সুযোগ গ্রামের গরিব মানুষ সহজেই নিতে পারেন। কেন্দ্রীয় সরকার সাধারণভাবে এ বিষয়ে একটা দপ্তর গঠন করলেও আপনার সরকার গত ২০ বছরে কোনও নির্দিষ্ট নীতি ঘোষণা করেছেন কি? আজকে প্রত্যেকটা অঞ্চলে ডাক্তারের সঙ্গে হেলপার নেওয়ার কথা ছিল। কিন্তু তা নেওয়া হয়নি। আরেকটা কথা হচ্ছে, গত ২০ বছরে আপনারা ফলতার কোনও উন্নতি করেননি। পরিবার পরিকল্পনার ব্যাপারে আপনারা অনেক কথা বলছেন, কিন্তু মায়েদের লাইগেশনের পরে বাড়ি যাওয়ার জন্য গাড়ি পাওয়া যায় না, ভ্যান, রিকসা করে যেতে হয়। এটা এই সরকারের লজ্জা, স্বাস্থ্য দপ্তরের লজ্জা। এ ব্যাপারে আমরা দীর্ঘদিন ধরে দাবি করে আসছি। এই দপ্তরের আচরনে মানুষ আজ তিক্ত-বিরক্ত। আমার সময় শেষ হয়ে গেছে, তাই আমাদের আনা কাট মোশনের সমর্থন করে এবং এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রমথনাথ রায় :** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর উপস্থাপিত এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে আনীত কাট মোশনের সমর্থন করে কিছু অপ্রিয় সত্য কথা মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। মাঝখানে কিছুদিন আগে মাননীয় মন্ত্রী উত্তরদিনাজপুর জেলা সফরে গিয়েছিলেন। ওনার সঙ্গে একবেলা থাকার সৌভাগ্য আমার হয়েছিল। পাশের জেলা দক্ষিণ দিনাজপুরের মাননীয়া সদস্য এবং এই দপ্তরের রাষ্ট্র মন্ত্রী মিনতি ঘোষও এখানে আছেন। মাননীয় মন্ত্রী মহাশয় অধ্যাপক মানুষ। তিনি বাজেটে ২/৩টি শব্দ লিখেছেন, সেটা দেখছিলাম। উনি বলেছেন, বিকেন্দ্রীকরণের ব্যাপার আছে স্বাস্থ্য পরিষেবার মধ্যে এবং আরও বলেছেন, সুযোগ বঞ্চিত মানুষের জন্য এই বাজেটে অনেক সংস্থান করা হয়েছে। আমি কয়েকটা তথ্য দিয়ে প্রমাণ করার চেষ্টা করছি, বিকেন্দ্রীকরণ-এর নামে এবং বঞ্চিত মানুষকে সুযোগ দেওয়ার নামে কি হচ্ছে।

[4-40 — 4-50 p.m.]

এখানে মিনতি ঘোষ আছেন তিনি জানেন ১৯৯২ সালে পশ্চিমদিনাজপুর জেলা দুভাগে ভাগ হয়েছে এবং উত্তর দিনাজপুর জেলা স্বাস্থ্য দপ্তরে ৫ থেকে ৬ বছরের মধ্যে ওয়ান ম্যান ডিপার্টমেন্ট, সেখানে সি. এম. ও. এইচ. ছাড়া আর কেউ নেই। সেখানে অন্য কোনও পোস্টে

লোক নেই, সেখানে পিওন নেই, ক্লার্ক নেই, অন্য কেউ নেই। এইভাবে জেলা স্বাস্থ্য দপ্তর চলছে। আমি জানি এখানে দু-চার জন রিপোর্টার আছেন তাদের সামনে কথা বলে দেখেছি উত্তরবঙ্গের কথা বললে তারা পাশ কাটিয়ে চলে যান। সেখানে স্বাস্থ্য দপ্তর এত উপেক্ষিত এত অবহেলিত যে সেখানে সি. এম. ও. এইচ. ছাড়া অন্য আর কেউ নেই। ৫ বছর ধরে লোক পাওয়া যাচ্ছে না। একটু আগে ডাঃ তপতী সাহা বলেছেন যে এখানে কমবেশি সবাই সচেতন মানুষ আছেন। বামফ্রন্ট-এর মানুষ ছাড়া অন্য কেউ সচেতন এটা বিশ্বাস করতেই আমার কষ্ট হয়। আপনারা জানেন প্রত্যেক জেলাতেই জেলা স্বাস্থ্য দপ্তর আছে সেখানে এম. এল. এ.-দের থাকার কথা বলা আছে কিন্তু সেখানে এম. এল. এ.-রা নেই। উত্তর দিনাজপুরে ৯টি ব্লক আছে। প্রত্যেকটি ব্লকে একটি করে অ্যাম্বুলেন্স থাকার কথা কিন্তু ডিসেন্ট্রালাইজেশনের নামে সেন্ট্রালাইজেশন হচ্ছে। শুধু ইসলামপুর সাব-ডিভিসন হাসপাতালে একটি অ্যাম্বুলেন্স আছে আর রায়গঞ্জ হাসপাতালে একটি অ্যাম্বুলেন্স আছে আর বাকি ৭ টাতে নেই। কংগ্রেস আমলে ছিল কিন্তু এখন আর তার চিহ্ন নেই। ইউনিসেফের গাড়ি ছিল কিন্তু ভেঙে গেছে। আপনারা সকলেই জানেন কেমন বিকেন্দ্রীকরণ হচ্ছে? রায়গঞ্জ সদর হাসপাতালে ৩২ জন, ইসলামপুর হাসপাতালে ২৩ জন এম. ও. বা মেডিকাল অফিসার, ডাক্তারের পোস্ট খালি, অনেকগুলিতেই ডাক্তার নেই। সমস্ত ডাক্তাররা সাবডিভিসন এবং জেলা হাসপাতালে কেন্দ্রীভূত, বিভিন্ন ওষুধের দোকানে বসছেন, প্রচুর টাকা কামাচ্ছেন, কিন্তু তারা পি. এইচ. সি.-তে যাচ্ছেন না। একটা হেলথ সেন্টারের কথা বলছি রায়গঞ্জে পিঙ্গলা নামে একটা সেন্টার আছে সেখানে বিল্ডিং ভেঙে পড়েছে, ১৭ জন স্টাফ, বসে বসে তারা মাহিনা নিচ্ছে একটাও ট্যাবলেট নেই, একটা ট্যাবলেট প্রেস্ক্রাইব করার কেউ নেই। এই হচ্ছে বিকেন্দ্রীকরণ, উত্তর দিনাজপুর জেলায় বিকেন্দ্রীকরণের বিশেষ ব্যবস্থা কি সেটা শ্রীমতী মিনতী ঘোষ জানেন। ১৯৯৬ সালে নির্বাচিত হওয়ার পর থেকে রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী মিনতী ঘোষ জানেন ১৯৮৭ সালে কালিয়াগঞ্জ মিউনিসিপ্যালিটি হয়েছে, এটা হওয়ার পর কালিয়াগঞ্জ স্বাস্থ্যকেন্দ্র হয়েছে, যেখানে ৪৫০ থেকে ৫০০ জন রোগী আউট ডোরে চিকিৎসার জন্য আসে। কিন্তু সেই স্বাস্থ্যকেন্দ্রে টিনের শেড দিয়ে মুড়ে কাজ চালানো হয়, ডাক্তাররা ভিজবে, নার্সরা ভিজবে, ১০ বছরের কালিয়াগঞ্জ মিউনিসিপ্যালিটি শহর যেখানে ৪৫০ থেকে ৫০০ জন রোগী আউট-ডোরে চিকিৎসা করাতে আসে। টিন সেড ঘরে ৭৫ বেডের হাসপাতাল চলছে। ১০ বছরের চেষ্টাতেও সেই হাসপাতালের জন্য একটা ভাল বিল্ডিং হল না। আমি বিগত এক বছর ধরে ওকে বলে আসছি। শুনেছিলাম ৪ লক্ষ টাকা স্যাংশন হয়েছিল। আমি গত ৬ মাস ধরে ঘুরে কোনও কাগজ পত্র খুঁজে পেলাম না। সেদিনও আমি রাইটার্স বিল্ডিং-এ গিয়ে খোঁজ করেছিলাম, কিন্তু কিছুই খুঁজে পাওয়া যাচ্ছে না। এই হচ্ছে অবস্থা। কাজেই আমার সঙ্গীরা অনেকেই যে কথা বলেছেন সে কথা আমিও খুবই দুঃখের সঙ্গে বলছি, পার্থবাবু প্রাইমারি শিক্ষা মন্ত্রী ছিলেন, প্রাইমারি শিক্ষার সর্বনাশ করেছিলেন। তারপর হেরে গিয়ে বিধানসভা থেকে বিদায় নিয়েছিলেন। এখন আবার মন্ত্রী হয়ে স্বাস্থ্য দপ্তরের সর্বনাশ করছেন। পরবর্তীকালে স্বাস্থ্য দপ্তর থেকে বিদায় নেবেন এবং এম. এল. এ. হতে পারবেন না, এ ধরনের কঠিন কথা বলবার জন্য আমি দাঁড়াইনি। আমি এক বছর ধরে উত্তরবঙ্গের প্রতি বঞ্চনার কথা তাকে বলছি, বিশেষ করে উত্তর দিনাজপুরের প্রতি বঞ্চনার কথা বলছি। কিন্তু তিনি উত্তরবঙ্গের প্রতি, উত্তর দিনাজপুরের প্রতি দৃষ্টি দিচ্ছেন না। আমার এলাকার কথা রাষ্ট্রমন্ত্রী খুব ভালভাবেই

জানেন, তিনি গঙ্গারামপুরের মানুষ। সেখানে স্বাস্থ্য দপ্তর কিভাবে চলছে, চিকিৎসা ব্যবস্থার কি অবস্থা তা একটু বিবেচনা করে মোটামুটি সম্যক ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ করছি। তা যদি করা হয় তাহলে মাননীয় মন্ত্রী যে বিকেন্দ্রীকরণের কথা বলেছেন, সুযোগ বঞ্চিত মানুষের যে কথা বলেছেন সে কথা কিছুটা মর্যাদা পেতে পারে। এই কথা বলে এখানে যারা আমার সহযোদ্ধা বিধায়করা আছেন তাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে, পার্থবাবুকে ধন্যবাদ জানিয়ে, মিনতি দেবীকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী স্বাস্থ্য দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন আমি এখানে দিয়েছি সেই কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য এখানে রাখব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কথাটা কঠিন সত্য হলেও বাস্তব সত্য যে, এই রাজ্যে দারিদ্র সীমার নিচে বসবাসকারী মানুষেরা সরকারি হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রগুলো থেকে বিনা মুল্যে বা স্বল্প ব্যয়ে ইতিপূর্বে যে চিকিৎসার সুযোগ পেত বামফ্রন্ট সরকারের আমলে সেই ন্যূনতম সুযোগ-টুকু সম্প্রসারিত হওয়া দূরে থাক, সংকুচিত হতে হতে আজকে সেই সুযোগ প্রায় নিঃশেষ হতে চলেছে। আজকে পশ্চিমবাংলার সরকারি হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রগুলির বাস্তব চিত্র এই বক্তব্যের সত্যতা প্রমাণ করবে। আমাদের বাস্তব অভিজ্ঞতার সঙ্গে আমরা যদি এই বক্তব্যকে মিলিয়ে নিই তাহলে তা বুঝতে পারব। আজকে এমনিতেই তো ডাটা যা আছে—যা মোট ব্যয় বরাদ্দ তার ৮০% থেকে ৯০% অ্যাডমিনিস্ট্রেটিভ এক্সপেন্ডিচারে চলে যাচ্ছে। ফলে ওষুধ, পথ্য এবং চিকিৎসার জন্য প্রয়োজনীয় অন্যান্য বস্তুগুলি কতটুকুই বা পূরণ করা সম্ভব হচ্ছে। এই হিসাব থেকেই তো সমস্ত কিছু বোঝা যাচ্ছে। সেদিন পর্যন্ত সরকারি হাসপাতালে এবং স্বাস্থ্যে কেন্দ্রে ন্যূনতম যে জিনিসগুলো পাওয়া যেত আজকে সেগুলোও আর পাওয়া যাচ্ছে না। সাপে কাটার ওষুধ বা সিরাম, কুকুরে কামড়ালে যে ভ্যাকসিন, টি. বি. হলে ন্যূনতম যে ওষুধ-টুকু আগে পাওয়া যেত আজ আর সেগুলো পাওয়া যাচ্ছে না।

[4-50 — 5-00 p.m.]

আন্ত্রিক বা অন্যান্য রোগের জন্য যে স্যালাইন যেটা মিনিমাম দরকার যেগুলি আগে পাওয়া যেত আজকে এগুলি দুর্লভ। নামেই ফ্রি-বেড, কিন্তু ভর্তি হলে রোগীকে কিনে দিতে হবে। না দিতে পারলে ন্যূনতম চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবে। আজকে এমন একটি অবস্থা দেশে সৃষ্টি হয়েছে। যারা জুভিনাইল পেশেন্ট যাদের ইনসুলিন জীবনদায়ী ওষুধ—আজকে টোয়েন্টিয়েথ সেঞ্চুরিতে এতবড় বেদনাদায়ক—সেই ইনসুলিন পর্যন্ত সরবরাহ নেই। বারংবার রাজ্য সরকারের তথা স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু এইরকম একটা মারাত্মক অবস্থা সেখানে রয়ে গেছে। এছাড়া আছে অ্যাম্বুলেন্স এবং পথ্য। আজকে ৮ টাকা পথ্য রোগীর জন্য। আজকে প্রাইস ইন্ডেক্স যে জায়গায় এসে দাঁড়িয়েছে তাতে এই সামান্য টাকায় রোগীর পথ্য হয় না। কার্যত পথ্য দেওয়া স্বাস্থ্য দপ্তরের একটা দায়িত্ব ছিল এবং সেই দায়িত্ব অতীতে পালন করা হত। এখন সরকার কার্যত সেই দায়িত্বর দিক থেকে সরে আসছে। আজকে উত্তরোত্তর স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে যারা দারিদ্র্য সীমার নিচে তাদেরকে মূল্য দিয়ে

স্বাস্থ্য পরিষেবা নিতে হবে। আমি জানি না—কাগজে বেরিয়েছে—মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তিনি নাকি বলেছেন, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে রাজ্যের মানুষকে সরকারি মুখোপেক্ষিতা—এটা কমাতে হবে এবং আমাদের লক্ষ্য, আমরা চাই গ্রামের সাধারণ মানুষও এক্ষেত্রেও স্ব-নির্ভর হোক। কোথা থেকে স্ব-নির্ভর হবে? যেখানে তাদের পারচেজিং ক্যাপাসিটি কমছে, দারিদ্র্য সীমার নিচে যারা বাস করে তাদের সংখ্যা যেখানে ক্রমাগত বাড়ছে, এ হেন অবস্থায় তারা স্ব-নির্ভরতা জায়গায় যাবে কোথায়? অর্থাৎ আমাদের যেটা আশঙ্কা—স্বাস্থ্য পরিষেবাকে বেসরকারিকরণের দিকে নিয়ে যাওয়া—সেই দিকে যাচ্ছে। যেটুকু ন্যূনতম সুযোগ ছিল সেটাও আস্তে-আস্তে চলে যাচ্ছে। কিছু কিছু ইন্ট্রোডাকশন অলরেডি হাসপাতালগুলিতে হয়েছে অর্থাৎ চার্জ বসানো হয়েছে। গ্রামীণ হাসপাতালগুলির ক্ষেত্রে আবার নাকি চার্জ বসানোর জন্য চিন্তা-ভাবনা করছেন। ফলে ফ্রি-বেডের যে সংখ্যা ছিল সেটা আরও কমিয়ে দেওয়া হয়েছে এবং পেয়িং বেড ৩০ পারসেন্ট জি. ও. অর্ডার দিয়ে করে দেওয়া হয়েছে। অর্থাৎ সুলভে বা বিনামূল্যে দারিদ্র সীমার নিচের অংশের মানুষের যে স্বাস্থ্য পরিষেবার সুযোগগুলি ছিল সেগুলি আস্তে-আস্তে সংকুচিত হয়ে যাচ্ছে। সুতরাং এটা বেদনাদায়ক। আজকে স্বাস্থ্য পরিষেবার মান-উন্নয়নের কথা বলছেন। কিন্তু ন্যূনতম চিকিৎসার কথা বলছি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মুমূর্ষু রোগীর জন্য যে রক্তদান—আমরা সামাজিক আন্দোলনের মাধ্যমে স্বেচ্ছায় রক্তদান শিবির-এর প্রবণতা বাড়িয়েছি, তারা রক্ত দিতে চাইছে—কিন্তু কি মারাত্মক অবস্থা, এই মুহূর্তে পশ্চিমবাংলায় রক্তের সংকট এত মারাত্মক হওয়া সত্ত্বেও স্বাস্থ্য দপ্তরের কোনও মাথা-ব্যথা আছে কি না, এমন কি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর মাথা-ব্যথা আছে কি না আমি জানি না।

সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক থেকে শুরু করে অন্যান্য যে ব্লাড ব্যাঙ্কগুলি রয়েছে রক্ত সংগ্রহের ব্যাপারে তাদের তৎপরতার চূড়ান্ত অভাব রয়েছে। তার উপর আবার সম্প্রতি সুপ্রিম কোর্ট এক রায় দিয়ে এ রাজ্যের ২২টির মতোন সরকারি এবং বেসরকারি ব্লাড ব্যাঙ্ক-এর রক্ত সংগ্রহ বেআইনি বলে ঘোষণা করেছেন কারণ এই ব্লাড ব্যাঙ্কগুলি রক্ত যেভাবে সংগ্রহ করে দিচ্ছে তা মানব দেহের পক্ষে অনুপযুক্ত। ফলে রক্তের একটা চরম সংকট চলছে। রক্তের চাহিদা বাড়ছে কিন্তু ব্লাড ব্যাঙ্কগুলির রক্ত সংগ্রহ করার ব্যাপারে এতটুকু তৎপরতা নেই। এইরকম একটা সংকটের সুযোগ নিয়ে সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক, আর. জি. কর., এন. আর. এস. এস.-কে এস. এস. কে. এম.-এর ব্লাড ব্যাঙ্কগুলিতে দালালরা মুমূর্ষু রোগীদের আত্মীয়স্বজনদের অসহায় অবস্থার সুযোগ নিয়ে তাদের নানান রকমভাবে হয়রান করছে। গ্রামের মানুষরা তো রক্ত সংগ্রহ করতে এসে সর্বশান্ত হয়ে যাচ্ছে। সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক মাত্র ৬টা টিম, ১০০ বোতলের বেশি তারা রক্ত সংগ্রহ করতে পারে না। এস. এস. কে. এমেও তাই, এন. আর. এসেও তাই অবস্থা। এ ক্ষেত্রে আমি মনে করি ওয়ার ফুটিং-এর উপর দাঁড়িয়ে টিমের সংখ্যা বাড়িয়ে যত বেশি সম্ভব রক্ত সংগ্রহ করা দরকার....

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, সভায় কোরাম নেই।

(এই সময় কোরাম বেল বাজানো হয়।)

(সভায় কোরাম হবার পর)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই রকম একটা সংকট চলছে অথচ ব্লাড ব্যাঙ্কগুলির র সংগ্রহ করার ব্যাপারে গাফিলতি রয়েছে। এর সুযোগ নিয়ে দালালরা মানুষকে হয়রান করছে এ ক্ষেত্রে আমি মনে করি স্বাস্থ্য দপ্তরের গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া উচিত। আমার সুনির্দি প্রস্তাব, ২৪ ঘন্টা রক্ত সংগ্রহ করার জন্য ব্লাড ব্যাঙ্কগুলিকে খোলা রাখার ব্যবস্থা করতে হবে। স্বেচ্ছায় রক্তদান শিবিরগুলির ক্ষেত্রে শনিবার, রবিবার এবং ছুটির দিনগুলিতেও যাতে রক্ত সংগ্রহ করা যায় তার ব্যবস্থা করতে হবে এবং রক্ত সংগ্রহ করার জন্য টিমের সংখ এবং ইনফ্রাস্ট্রাকচার অবিলম্বে বাড়াতে হবে। এ ব্যাপারে কিন্তু আমরা দেখছি স্বাস্থ্য দপ্ত নির্বিকার হয়ে বসে আছেন। ম্যালেরিয়া বাড়ার কথা অবশ্য মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন এই টোয়েন্টিয়েথ সেঞ্চুরিতেও ম্যালেরিয়া ইর‍্যাডিকেশনের জায়গায় আমরা যেতে পারছি ন এটা লজ্জার ব্যাপার। আমাদের রাজ্যে বছরে ৯০ হাজার থেকে ১ লক্ষ মানুষ এই ম্যালেরিয়া শিকার হচ্ছেন এবং এই সংখ্যা ক্রমবর্ধমান। একটা উল্লেখযোগ্য সংখ্যার মানুষ প্রতি বছ মারা যাচ্ছেন। আন্ত্রিকে প্রতি বছর মানুষ মারা যাচ্ছেন উল্লেখযোগ্য সংখ্যার। একটা সভ দেশে আধুনিক চিকিৎসা বিজ্ঞানের যুগে মানুষ যদি আন্ত্রিকে বিনা চিকিৎসায় মারা যায় তা চেয়ে দুর্ভাগ্যের আর কিছু হতে পারে না। তারপর হাসপাতালে শয্যা সংখ্যা যে বাড়ছে ন সে তো ইকনমিক রিভিউ-এর তথ্য থেকেই প্রমাণ হয়।

[5-00 — 5-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শেষ করবার আগে একটি কথা বলছি যে, ৭০১ কোটি টাকার যে প্রকল্প সরকার নিয়েছেন বিশ্ব ব্যাঙ্কের সহায়তায়, সেই প্রকল্পটা কি আমি বুঝতে পারছি না। মন্ত্রী বলেছেন যে, এই প্রকল্পে মধ্যবর্তী যে স্বাস্থ্যকেন্দ্রগুলি রয়েছে সেগুলোর উন্নয়ন এবং জনসাধারণের সঙ্গে নিবিড় যোগাযোগ স্থাপন হচ্ছে অন্যতম ব্যাপার। জনগণের সঙ্গে নিবিড় সম্পর্ক স্থাপন—কিন্তু সেক্ষেত্রে জনপ্রতিনিধি বলতে এম. এল. এ. এবং এম পি. যারা তারা এই প্রকল্প কিভাবে রূপায়িত হচ্ছে সে-ব্যাপারে অবহিত নন। এখানেই রয়েছে কন্ট্রাডিকশন। আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক এক্ষেত্রে কি কনডিশন ইম্পোজ করেছে সেটা যদি উনি বলেন ; তাদের সঙ্গে কি ধরনের চুক্তি হয়েছে, সেখানে আমাদের স্বার্থ বিরোধী কোনও শর্ত এল কি না। কারণ আমরা শুনতে পাচ্ছি এবং কাগজেও দেখেছি যে, স্বাস্থ্য দপ্তরের গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলির ক্ষেত্রে তারা কতগুলো শর্ত ইম্পোজ করেছেন। কাজেই সবটা অবহিত করবেন। এই বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রী ১৯৯৬-৯৭ সালের জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ আনীত কাট মোশনের বিরোধিতা করছি। বর্তমানে সারা পৃথিবী জুড়ে চিকিৎসা সঙ্কট চলছে। সারা পৃথিবীর খবর যারা রাখেন তারা জানেন যে, বর্তমানে স্বাস্থ্যকে একটা ক্রয়যোগ্য পণ্যের দৃষ্টিতে দেখবার প্রচেষ্টা শুরু হয়েছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গের দৃষ্টিভঙ্গি এক্ষেত্রে একটু আলাদা। এখানে স্বাস্থ্যটা যাতে অস্বাস্থ্যকর না হয়ে ওঠে, স্বাস্থ্যকে সম্পদ হিসাবে আমরা ব্যবহার করতে পারি, স্বাস্থ্যমন্ত্রীর স্পিচে তারই ইঙ্গিতে রয়েছে। এবং তারই জন্য তার স্পিচকে আমি ধন্যবাদ জানাই। আমাদের যে চিকিৎসা ব্যবস্থা সেই ব্যবস্থার

মাঝখানে এটাই চিন্তা করা হয় যে, কোনও মানুষ অসুস্থ হয়ে যখন কোনও হাসপাতালে আসবেন সেখানে তার চিকিৎসা হবে এবং তার সঙ্গে সঙ্গে মানুষ যাতে অসুস্থ না হয় তারজন্য পরিষেবামূলক প্রিভেন্টিভ দিকটা দেখা হবে। আমরা জানি, রাজ্যের সার্বিক যে সাক্ষরতা প্রকল্প তার মধ্যে দিয়ে, রোগ প্রতিষেধকমূলক ঔষুধপত্র এবং সাধারণভাবে রোগ প্রতিরোধের ব্যাপারে প্রচার হয়েছিল এবং বর্তমানেও সেটা হচ্ছে। এটা একটা নজিরবিহীন পদক্ষেপ। কিন্তু এই প্রকল্পের সঙ্গে বিরোধী বন্ধুদের কতজনের যোগাযোগ ছিল আমার জানা নেই। এই সার্বিক রোগ প্রতিরোধ এবং সাক্ষরতা অভিযান কর্মসূচি অভিযানে তাদের কাউকে আমার দৃষ্টিপথে দেখিনি। যা হোক, আমাদের এই সার্বিক সাক্ষরতা এবং রোগ প্রতিরোধ আন্দোলনের ফলে গ্রামের সাধারণ মানুষ অনেকখানি সচেতন হয়েছেন নিজেদের স্বাস্থ্য সম্পর্কে।

আমি মাননীয় মন্ত্রীর বাজেট স্পিচে দেখছিলাম যে, হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদ চিকিৎসার দিকে উনি নজর দিয়েছেন। এটা আনন্দের কথা, কারণ গ্রামের মানুষ আমাদের প্রাচীন ভারতবর্ষের এই আয়ুর্বেদ চিকিৎসার পরিষেবার সুযোগটা গ্রহণ করতে চান। তারজন্য প্রতিটি ব্লক হাসপাতালে যদি হোমিওপ্যাথ এবং আয়ুর্বেদ ডাক্তার পাঠাতে পারেন এবং সেখানে যদি সেইমতো চিকিৎসা হয় তাহলে গ্রামের মানুষ অনেকটাই উপকৃত হবেন। এর কারণ হল, গ্যাট চুক্তি এবং তার সঙ্গে সঙ্গে ওরা যে সমস্ত কাজকর্ম করেছেন তারফলে অ্যালোপ্যাথ ওষুধের দাম দিনের পর দিন আকাশছোঁয়া হয়ে উঠেছে। আজকে ওষুধের দাম বৃদ্ধির যে দায় সেটা ওদের উপরই বর্তাবে। এই সঙ্গে আমি বলছি, এই ব্লক হাসপাতালগুলিকে বিচার-বিবেচনা করে সম্ভব হলে রুর‍্যাল হাসপাতালে পরিণত করা যায় কি না এবং সেগুলোতে ৫০টি বেডের ব্যবস্থা করা যায় কিনা সেটা একটু ভেবে দেখবেন। এছাড়া যেসব হাসপাতালে ব্লাড-ব্যাঙ্ক আছে সেগুলো যাতে ২৪ ঘন্টা খোলা থাকে এবং হাসপাতালগুলিতে ওষুধপত্র থাকে সেটাও একটু দেখবেন। প্রতিটি ব্লক হাসপাতালে একটা করে অ্যাম্বুলেন্স পাঠানো যায় কি না সেটা দেখবেন। এখন ছাত্র-ছাত্রীদের পরীক্ষা শেষ হয়ে গিয়েছে তাদের কাছে ঔষুধ পৌঁছে দেওয়া দরকার

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা দপ্তরের যে বাজেট এখানে রাখা হয়েছে সেই বাজেট নিয়ে আলোচনা চলছে। সেই আলোচনায় বিরোধী পক্ষের বন্ধুরা যে বক্তব্যগুলি রেখেছেন সেই বক্তব্যগুলি সামনে রেখে আমার একটা গল্প মনে পড়ে গেল। গল্পটা হচ্ছে অন্ধের হস্তি দর্শন। সেই অন্ধ যখন হাতির পাটা ধরেছে তখন সে বলছে হাতির থামের মতো, আবার যখন সে হাতির ল্যাজটা ধরেছে সে বলছে হাতি ল্যাজের মতো আবার যখন সে হাতির শুঁড়টা ধরেছে তখন সে বলছে হাতি শুঁড়ের মতো। আজকে বিরোধী দলের বন্ধুরা স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা দপ্তরের এত বড় বাজেট যে উত্থাপিত হয়েছে সেই বাজেটের উপর আলোচনা করতে গিয়ে তাদের আলোচনাটা কেন্দ্রীভূত করে রাখলেন হাসপাতাল এবং স্বাস্থ্য ব্যবস্থার উপর। আজকে পশ্চিমবাংলার এই স্বাস্থ্য পরিকাঠামোর মধ্যে হোমিওপ্যাথি চিকিৎসা আয়ুর্বেদিক চিকিৎসা এবং ইউনানি চিকিৎসার উপর জোর দিতে চলেছি এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে এই

সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করছি সেটা মাননীয় বিরোধী পক্ষের বন্ধুরা একবারও উল্লেখ করলেন না। আজকে বিরোধী পক্ষের বন্ধুরা বারে বারে ২০০০ সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য পৌঁছে দিতে হবে এই কথা উল্লেখ করেছেন। ১৯৭৮ সালে সোভিয়েতের আলমাটা শহরের যে স্লোগান, ভারত সরকার সেটা গ্রহণ করেছিল সকলের জন্য স্বাস্থ্য পৌঁছে দিতে হবে। এই কথা বারে বারে তারা উল্লেখ করেছেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বিরোধী বন্ধুরা এর মর্মবস্তু উপলব্ধি করতে ব্যর্থ হয়েছেন। সকলের জন্য ২০০০ সালের মধ্যে স্বাস্থ্য এর অর্থ শুধুমাত্র হাসপাতালের পরিকাঠামোর উন্নতি নয়, সমস্ত মানুষের দুয়ারে দুয়ারে ঔষুধ পৌঁছে দেওয়া নয়। সকলের জন্য স্বাস্থ্য আলমাটার দৃষ্টান্তকে সামনে রেখে মাননীয় ডেপুটি স্পিকার আপনি জানেন ভারত সরকার ১৯৮৩ সালে একটা ন্যাশনাল হেলথ পলিসি তৈরি করেছিল। সেই ন্যাশনাল হেলথ পলিসিতে কি লেখা আছে? সেখানে লেখা হয়েছে—National Health Policy 1983 Government of India—In spite of some impressive progress demographic and health picture of the country still constitutes a cause for serious and urgent concern. The high rate of population growth continues to have an adverse effect on the health of our people and the quality of their lives. The mortality rate for women and children are still distressingly high; almost one third of the total death occur among children below the age of 5 years, infant mortality is around 129 per thousand live births. Efforts at raising the multinational levels of our people have still to bear fruit and the extent and severity of mal-nutrition continues to be exceptionally high. Communicable and non-communicable diseases have still to be brought under effective control and eradicated. Blindness, leprosy and T.B. continue to have a high incidence. Only 31% of the rural population has access to potable water supply and .5% enjoys basic sanitation". এর উপর দাঁড়িয়ে আলমাটার দৃষ্টান্ত সামনে রেখে সেটাকে কার্যকর করতে ভারত সরকার পদক্ষেপ গ্রহণ করেছিলেন। আর এই সূত্রটাকে সামনে রেখে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে একটা সঠিক বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে স্বাস্থ্য নীতি রূপায়িত করে চলেছে।

[5-10 — 5-20 p.m.]

সেখানে স্বাস্থ্য পরিষেবার সার কথা হল রাজ্যের ব্যাপকতম মানুষের অংশ প্রতিষেধক এবং নিবারণমূলক যে সমাজমুখী স্বাস্থ্য ব্যবস্থা, সেই স্বাস্থ্য ব্যবস্থাটাকে গ্রামীণ জনসাধারণের কাছে পৌঁছে দিতে হবে। এবং এটাকে পৌঁছে দিতে গেলে আমাদের এই স্বাস্থ্য আন্দোলনটাকে একটা গণ আন্দোলন রূপে বিকশিত করতে হবে এবং যে তাৎপর্যটা আমাদের বিরোধীদলের বন্ধুরা আজকে বুঝতে ব্যর্থ হয়েছেন। আমি আপনাদের কাছে আবেদন করতে চাই যে, সবারজন্য স্বাস্থ্য এই স্লোগানটাকে সামনে রেখে আসুন আমরা ঐক্যবদ্ধভাবে স্বাস্থ্য মানে একটা সুস্থ সমাজের স্বাস্থ্য, একটা পরিবারের স্বাস্থ্য, একটা নারীর আত্মমর্যাদার প্রশ্নে নারীর স্বাস্থ্য এই কথাটা বুঝে আজকে সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক যে পরিবর্তন সেই পরিবর্তনটাকে লক্ষ্য রেখে আমরা এগিয়ে যেতে চাই। আজকে বন্ধুগণ আমি যে কথা বলতে চাই সেটা

হচ্ছে যে, আজকে সাধারণ মানুষ, যাদের স্বার্থের এই কথা বলা হচ্ছে, সেখানে বিরোধীদলের বন্ধুরা এই স্বাস্থ্য সম্পর্কে একটা বিভ্রান্তিমূলক ধারণা পোষণ করে চলেছেন। এরফলে সাধারণ মানুষ আজকে স্বাস্থ্য সম্পর্কে একটা বিভ্রান্তিমূলক ধারণা নিয়ে চলেছেন। আজকে স্বাস্থ্য বলতে আমরা বুঝি পুষ্টিকর খাদ্য এবং পরিপূর্ণ স্বাস্থ্য ব্যবস্থা বলতে আমরা বুঝি পানীয় জলের ব্যবস্থা হওয়া দরকার। স্বাস্থ্য বলতে আমরা বুঝি মানুষ এবং অন্যান্য প্রাণীর মল মূত্র নিষ্কাশনে যে বর্জ্য পদার্থ, সেই বর্জ্য পদার্থগুলোর সঠিক নিয়ন্ত্রণ এবং দাঁড়িয়ে আছে একটা সমাজের টোটাল সামগ্রিকভাবে স্বাস্থ্যের পরিকাঠামো। সেই পরিকাঠামো যদি তৈরি করতে চাই, সেই স্বাস্থ্যের পরিকাঠামো তৈরি করতে গেলে আমাদের ঐক্যবদ্ধভাবে জনস্বাস্থ্যের আন্দোলন গড়ে তুলতে হবে। এবং তার উপরে জোর দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের অর্থনৈতিক যে অবস্থা এবং রাজনৈতিক অবস্থা সেটা মেনে নিয়েই সংবিধানের নিবর্তনমূলক আইন সৃষ্টি করা হয়েছে। সংবিধানে যদিও হ্যাঁ বলা আছে যে, স্বাস্থ্য আমাদের মৌলিক অধিকার কিন্তু আমাদের স্বাধীনতার ৫০ বছর আজকে অতিক্রম হতে চলেছে, কোনও সুস্পষ্ট স্বাস্থ্য নীতি আজ পর্যন্ত ঘোষিত হয়নি। সমাজের অধিকাংশ মহিলা যে রয়েছে সেই মহিলাদের আত্মমর্যাদার প্রশ্ন এবং নারীর অধিকারের প্রশ্নে কোনও নীতি রূপায়িত হয়নি। সুতরাং সেইদিক থেকে স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের লক্ষ্যে পৌছানোর ক্ষেত্রে আমরা খুব বেশিদুর এগোতে পারিনি। আজকে একটা কথা আমাদের মনে রাখতে হবে যে, ভারতবর্ষের পঞ্চাশ ভাগ মানুষ এই দারিদ্র্য সীমার নিচে বাস করছে আর ৭৫ ভাগ মানুষ এই দারিদ্র সীমার কাছাকাছি বাস করছে এই সত্যটা স্বীকার করে নিতে হবে। এটা স্বীকার না করলে স্বাস্থ্য নীতির সুস্পষ্ট রূপদান করতে পারবেন না। আজকে যে অর্থনৈতিক পরিকাঠামো এতকাল ধরে চলে আসছে তাতে এই পরিকাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমরা দেখছি আমাদের ভারতবর্ষে শতকরা ৭৫ ভাগ অসুখ যেটা তৈরি হচ্ছে সেটা অপুষ্টির কারণে, আর ২০ ভাগ অসুখ যে তৈরি হচ্ছে সেটা অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে তাই এই ৭৫ শতাংশ এবং ২০ শতাংশ এই অসুখগুলো আজকে অস্বাস্থ্যকর পরিবেশ এবং অপুষ্টিজনিত কারণে তৈরি হচ্ছে। আজকে স্বাস্থ্যটিকে সবার জন্যে পৌঁছে দিতে গেলে প্রথমেই দরকার অপুষ্টির থেকে মানুষকে পুষ্টির দুয়ারে এনে দেওয়া। তারজন্য দরকার অপুষ্টিকর পরিবেশের মধ্যে জনচেতনার সৃষ্টির মধ্য দিয়ে তাকে স্বাস্থ্যকর পরিবেশের মধ্যে পৌঁছে দেবার শ্লোগানকে সামনে রেখে আন্দোলন করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর আমার বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না, আমি শুধু যে কথাটা বলতে চাইছি সেটা হচ্ছে যে, আজকে মাননীয় বিরোধীদলের চারজন বন্ধু বক্তব্য রেখেছেন, আমি আমার বক্তব্য পরিবার পরিকল্পনার মধ্যে সীমিত রাখতে চাই, তারইমধ্যে বলছি যে, যে চারজন বিরোধী বন্ধু বক্তব্য রেখেছেন তারা সেখানে যে কাটমোশন এনেছেন, তাতে দেখলাম যে শ্রী অজয় দে মহাশয় সহ অন্যান্য বিরোধীদলের সদস্যরা পরিবার পরিকল্পনা বিষয়ে উত্থাপিত করেননি। তারা বলেছেন আমরা নাকি পরিবার পরিকল্পনার ক্ষেত্রে পিছিয়ে আছি। আমি দৃঢ়ভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার পরিবার পরিকল্পনার ক্ষেত্রে সুস্পষ্ট নীতিকে সামনে রেখে দুই হাজার সালের মধ্যে যে গোল অ্যাচিভ করতে চাইছি তার অনেকখানি অংশে আমরা পৌঁছে গেছি।

আমরা অনেকাংশটা পৌঁছে গেছি। আমরা পরিবার কল্যাণ বলতে ঐ জরুরি অবস্থার সময়ে সঞ্জয় গান্ধীর ৫ দফা কর্মসূচির ঐ নাস বন্দি করা বুঝি না। '৭৬ সালে পশ্চিমবাংলায় ৬ লক্ষ ২৫ হাজার মানুষকে জোর করে নাসবন্দি করা হয়েছিল। আজকে যে কারণে সেই ভ্যাসিকটমি কর্মসূচি আমাদের পশ্চিমবাংলায় রূপায়িত হচ্ছে না। আমরা চাইছি পরিবার পরিকল্পনায় শুধু মেয়েদের এগিয়ে না এনে, পাশাপাশি পুরুষদেরও নিয়ন্ত্রিত পরিবারের পথে আনতে। আজকে যে কথা আমি বলতে চাই বিনীতভাবে, আমরা পরিবার কল্যাণ এর অর্থ বলতে বুঝি একটা সুস্থ সমাজ, একটা প্রজনন ক্ষমতাসম্পন্ন দম্পতি যারা আছে তাদের ক্ষেত্রে স্থায়ী পদ্ধতি অবলম্বন করা। নিয়ন্ত্রিত পদ্ধতি অবলম্বন বলতে আমরা পরিবার পরিকল্পনার মানে বুঝি অর্থাৎ শিশু মৃত্যুর হার কমানো, শিশুর জন্মের হার কমানো। সেই লক্ষ্যে পরিবার কল্যাণ কর্মসূচিকে আমরা সফলভাবে এগিয়ে নিয়ে যেতে সক্ষম হয়েছি। '৮১ সালে আমাদের বার্থ রেট অর্থাৎ জন্মের হার ছিল ৩৩.২ শতাংশ। শিশুর জন্মের হার '৮৫-তে ২৩.৬ শতাংশ, আমাদের স্থান কিন্তু তামিলনাড়ু, কেরালার পরে। ২ হাজার সালে আমাদের লক্ষ্য হচ্ছে শতকরা ২১ শতাংশ নামিয়ে আনা। আমরা দেখেছি অ্যামঙস্ট দি মেজর স্টেটস, কেরালা, এবং তামিলনাড়ু, তারপরে পশ্চিমবঙ্গের স্থান। ডেথ রেট, ন্যাশনাল গোল-২ হাজার সালের মধ্যে আমাদের লক্ষ্য ৯-এ অজানা। ইতিমধ্যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ৭.৯ শতাংশে নামিয়ে এনেছে। ইনফ্যান্ট মর্টালিটি রেট আমাদের ২ হাজার সালের মধ্যে ৬০ শতাংশ নামিয়ে আনার কথা, ওয়েস্টবেঙ্গল ৫৮ এনেছি, ভারত সেটা হচ্ছে শতকরা হিসাবে ৭৪, প্রতি ১ হাজারে। অ্যাভারেজ অ্যাজ এ ওয়াইফ, অফ এ স্টেরিলাইজেশান, আমাদের পশ্চিমবাংলায় ২৩.৮৮ শতাংশ এবং All India-তে এই প্রথম স্টেরিলাইজেশান ২৭.৬৯ শতাংশ। সারা ভারতের গড় থেকে আমরা অনেক এগিয়ে। আমাদের মেয়েদের বিয়ের বয়স হচ্ছে ১৯.৪— এটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গলে। সারা ভারতের গড় ১৯.৬। আর একটি বিষয়ে এখানে সুনিয়ন্ত্রিত পরিবার কল্যাণ করবার লক্ষ্যে আমরা ২টি সন্তানের জননীকে বেশি করে এই নিয়ন্ত্রণের মধ্যে আনছি। যেখানে সারা ভারতের গড় হচ্ছে ৪.৭। চারের উর্ধ্বে যারা সন্তানের জন্ম দিয়েছেন তাদেরকে পরিবার কল্যাণের মধ্যে অজানা হচ্ছে। পশ্চিমবাংলায় ২টি সন্তানের জননী যারা তাদেরকে এই পরিবার নিয়ন্ত্রণের পথে আনার ব্যবস্থা হচ্ছে। আমরা বয়সের সংখ্যাটাও কমিয়ে আনছি। পরিবার কল্যাণ কর্মসূচিকে সফল করার লক্ষ্যে আমরা স্বাস্থ্যকর্মিদের প্রশিক্ষণ দিচ্ছি, অঙ্গনওয়াড়ি কর্মিদের স্বাস্থ্যকর্মিদের তাদের যুক্ত করে এন. জি. ও. যারা আছে তাদেরও যুক্ত করে আমরা পরিবার পরিকল্পনাকে সফল করার লক্ষ্যে এগিয়ে চলেছি। আমাদের সমাজে যতক্ষণ পর্যন্ত না নারীদের মর্যাদা বৃদ্ধি করবার লক্ষ্যে আমরা সফল হচ্ছি, যতক্ষণ পর্যন্ত না নারীদের সম্মানজনক জায়গায় পৌঁছে দিতে পারব, ততক্ষণ পরিবার পরিকল্পনাকে আমরা সফল করতে পারব না। তাই নারীদের শিক্ষার অগ্রগতি ঘটাতে হবে, তাদের সচেতনতা বৃদ্ধি করতে হবে, প্রাথমিকভাবে সাক্ষরতার আন্দোলনের মধ্যে দিয়ে নারীদের শিক্ষার যে অগ্রগতি হয়েছে—পশ্চিমবাংলায় ৪৮.০৬ শতাংশ—তার ফলে পরিবার কল্যাণ কর্মসূচির লক্ষ্যে আমরা সাফল্য অর্জন করতে পেরেছি। আমরা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে আই. পি. পি.-৮ কর্মসূচিকে সি. এম. ডি. এ. এলাকায় গ্রহণ করেছি।

[5-20 — 5-30 p.m.]

পরিবার পরিকল্পনা এবং মা ও শিশুর স্বাস্থ্য সম্বন্ধে সি. এম. ডি.এ এলাকায় আমরা একটা কর্মসূচি গ্রহণ করেছি। মালদহ এবং মুর্শিদাবাদ এই দুটি পিছিয়ে পড়া জেলায় সোশ্যাল সেফটিনেস প্রোগ্রামের এই কর্মসূচিকে সফলতার দিকে এগিয়ে নিয়ে চলেছি। আজকে ডেভেলপমেন্ট ফর ইন্টারন্যাশনাল কান্ট্রিস তারা আমাদের পশ্চিমবাংলাতে উত্তর দিনাজপুর, পশ্চিমদিনাজপুর এবং মালদহে রি-প্রডাকটিভ চাইল্ড হেলথ্ প্রোগ্রামকে সামনে রেখে আমরা একটা কর্মসূচিকে গ্রহণ করেছি। বিরোধীদলের একজন মাননীয় সদস্য স্বাস্থ্য পরিকাঠামো সম্পর্কে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে একটা ব্যুরো করতে বলেছেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, তৎকালীন প্রধানমন্ত্রী পি. ভি. নরসিমা রাওয়ের কাছে একটা প্রোপোজাল পাঠিয়েছিল, কিন্তু সেই প্রোপোজালটা রিজেক্ট হয়ে যায়। আবার এই ব্যাপারে একটা প্রোপোজাল পাঠানোর কথা হচ্ছে। এইভাবেই আমরা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরকে নিয়ে আগামী দু-হাজার সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য এই কর্মসূচিকে এগিয়ে নিয়ে যাবে। যে বাজেট এখানে উপস্থিত করেছি, সেই বাজেটকে সমর্থন করার জন্য আপনাদের সকলের সাহায্য ও সহযোগিতা নিয়ে আমরা এগিয়ে যেতে চাই, এই কথা বলে বিরোধীদলের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩২, ৩৩ এবং ৩৪ নম্বর দাবির অধীন যে অর্থ বরাদ্দ চাওয়া হয়েছিল গতবারের বাজেটে এবারে তার থেকে অনেক বেশি পরিমাণে চাওয়া হয়েছে। এই বরাদ্দ যাতে অনুমোদিত হয় তা দপ্তরের তরফ থেকে আমি আপনাদের সকলের কাছে রাখছি। বাজেট স্টেটমেন্ট হিসাবে যে প্রতিবেদন আমি রেখেছি তাতে একটা কর্মসূচির কথা বলা হয়েছে। সেই কর্মসূচির অনেকগুলো দিক আছে, তার একটা মূল নীতি হল স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তুলতে হবে এবং তাকে এগিয়ে নিয়ে যেতে হবে। কারা সেটা করবেন, স্বাস্থ্যটা কোথায়? স্বাস্থ্য হচ্ছে মানুষের মধ্যে। এটা বিশেষ কোনও প্রতিষ্ঠানের মধ্যে, কোনও বিশেষজ্ঞের মধ্যে, কোনও বিশেষজ্ঞের চেম্বারে, কোনও ওষুধের দোকানে, যারা যন্ত্রপাতি তৈরি করেন তাদের মধ্যে কিন্তু এটা নেই, মানুষের মধ্যেই স্বাস্থ্য আছে। মানুষের স্বাস্থ্য গড়ে তোলার জন্য, আত্মমর্যাদা সম্পন্ন একটা মানুষ হিসাবে তাকে স্বীকৃতি দেওয়া এবং সক্রিয় করার প্রচেষ্টায় নিয়ে যাওয়ার জন্য তথ্য লাগবে, বিজ্ঞান লাগবে, টেকনোলজি লাগবে, প্রাতিষ্ঠানিক সাহায্য লাগবে। এদের সকলের সাহায্যকারি প্রধান উদ্‌যোগই এক একটি মানুষ হবে, এই কথায় বলা আছে। বিরোধীপক্ষের আলোচনাতে একটা কোনও গুরুত্ব পাইনি। স্বাস্থ্য বিরোধীপক্ষ বা সরকার পক্ষ এটা কোনও দলের স্বাস্থ্যের ব্যাপার নয়, এটা দেশের মানুষের স্বাস্থ্য রোগ এবং অসুখের প্রতি আগ্রহ থাকলে হবে না, মানুষের মনে স্বাস্থ্যের প্রতি আগ্রহ আনতে হবে। আমরা কি খাব, কোথায় থাকব, কোন পরিবেশের মধ্যে থাকব, কোন জল খাব, কোথায় মলমূত্র ত্যাগ করব, এইসবই হচ্ছে স্বাস্থ্য। এগুলোকে বাদ দিয়ে স্বাস্থ্য হতে পারে না। এইরকম স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধিত্ব আমরা করব না, যারা হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের কথা শুধু মাথায় রাখবে। এই ব্যাপারটায় আমাদের প্রথমে পরিষ্কার করে নিতে হবে এবং এইসবগুলো নিয়েই আমাদের চলতে হবে। আমি আগেই বলেছি কে কি বলেছেন সে সম্পর্কে যদি গুরুত্বপূর্ণ কিছু থাকে সে প্রশ্নের উত্তর দিয়ে আমি আবার মূল প্রশ্নে চলে

যাব। এটা একটা কর্মসূচির ব্যাপার, নাটকের ব্যাপার নয়। কতগুলো অসুখ আবার জনপ্রিয় বেশি হয়, তার জন্য কোথায় কি হবে, কে মাদ্রাজ যাবে, কে বোম্বে যাবে, কে কোথায় যাবে, এটা কি আমাদের আলোচ্য বিষয় হবে না আমরা মানুষকে কিছু দিতে পারি কিনা সেটা দেখব? অনেক জনপ্রতিনিধি আছেন যারা বলছেন আমরা এম. এল. এ.রা কোনও কাজে লাগছি না। কেন, এম. এল. এ.-দের তো বিরাট ক্ষেত্র পড়ে রয়েছে। কেন, এম. এল. এ.রা ফ্যামিলি ওয়েলফেয়ারে এগিয়ে আসছেন না, কেন বলছেন না মায়েদের স্বাস্থ্যের জন্য পরিবারকে সীমিত করার কথা? আপনারা সেই ক্ষেত্রটাকে কাজে লাগাচ্ছেন না কেন? যেখানে আপনাদের প্রবেশ করার দরকার নেই সেখানে প্রবেশ করছেন। জেলা পরিষদের সভাধিপতি আছেন তাঁকে প্রধান করে একটা জেলা স্বাস্থ্য কমিটি তৈরি করা হয়েছে। জেলা শাসক তিনি তো কোনও দলের নন। আরেকজন কর্মাধ্যক্ষ, আরেকজন জেলার স্বাস্থ্য অধিকর্তা। এদের ছাড়া কাদের ঢোকাবেন, কি করে এম. এল. এরা ঢুকবেন। সেজন্য যেখানে প্রবেশ করার দরকার নেই, প্রবেশ করবেন না। বিরাট ক্ষেত্র পড়ে রয়েছে, প্রবেশ করার অনেক বিষয় আছে সেখানে অংশগ্রহণ করুন। পঙ্কজ ব্যানার্জি বলেছেন এখানে স্বাস্থ্যকেন্দ্র কমে গেছে। পশ্চিমবাংলায় দু-হাজার ৮৯৬ ইউনিট রয়েছে আর যদি কালচার অব ইউনিটি ধরেন তাহলে ১ হাজার ৮৯২ ইউনিট রয়েছে কাজেই এটা কমেনি, বেড়েছে। টোটাল নাম্বার অব বেডস্ ৭০ হাজার বেড়েছে। নাম্বার অব হাসপাতাল আমাদের এখানে কমেনি বেড়েছে। এম. এন. পি'র টাকা কি করে ডিস্ট্রিবিউট হয় সেটা অর্থনীতির ব্যাপার, বাজেট-এর ব্যাপার। এটা জেনে নিতে হবে। অজয় দে মহাশয়, বলেছেন ওষুধের কথা, এ. আর. ডি'র কথা। আমরা পশ্চিমবাংলায় প্রতি বছর এ. আর. ডি., এ. ডি. এস ধারাবাহিকভাবে সংগ্রহ করি, সরবরাহ করি ৫৫ লক্ষ, ৫০ লক্ষ, ৫৫ লক্ষ, ৫০ লক্ষ এরকমভাবে আমরা প্রায় প্রতি বছর খরচ করছি। গত বছরে আমরা সংগ্রহ করেছিলাম ১৮ লক্ষ ইউনিট, তার আগের বছর সংগ্রহ করেছিলাম ১৯ লক্ষ ইউনিট। এটা বিতরণ করা হয়েছে। প্রতি সপ্তাহে এটা খোঁজ নেওয়া হয়, এটা যাচ্ছে কিনা। পশ্চিমবাংলায় সর্পাঘাতে বা র‍্যাবিসের কারণে যে মৃত্যু সে মৃত্যুর হার কমে যাচ্ছে। এটা সম্পর্কে অ্যালারমড্ হওয়ার কিছু নেই। এটা সম্পর্কে সরকারের কোনও কার্পণ্য নেই। ব্লাড ব্যাংকের কথা অনেক বলেছেন। পশ্চিমবাংলায় ৯৪টা ব্লাড ব্যাংক আছে তার মধ্যে ৬৬টা ব্ল্যাড ব্যাংক সরকারের। সুপ্রীম কোর্ট এই ব্ল্যাড ব্যাংক সম্পর্কে কিছু কিছু যোগ্যতা নির্ধারণ করে দিয়েছে। আপনারা শুনলে খুশি হবেন আমাদের সবকটা ব্ল্যাড ব্যাংক সেই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি ভলান্টারী ব্ল্যাড ডোনার এবং ভলান্টারী ডোনেশনের সংখ্যা সবচেয়ে বেশি। বছরে প্রায় সাড়ে তিন লক্ষ ইউনিট ব্ল্যাড ভলান্টারী ব্লাড ডোনেশনের মাধ্যমে আমরা জোগাড় করতে পারি।

[5-30 — 5-40 p.m.]

অথচ কোন কোন জায়গায় ডিসলোকেশান হয়ে যায়। সেইজন্য আজকে এখানে ক্যাম্প, ওখানে ক্যাম্প হচ্ছে। কোনও জায়গায় উঠতে পারছে না। গ্রীষ্মকালীন রক্ত সংরক্ষণ প্রতি বছরই বাড়ছে। এই বছরও বেড়েছে। সুতরাং এটা প্রশংসার কথা। আমাদের পশ্চিমবাংলাতে যাকে বলা হয় মরবিডিটি প্যাটার্ন—সেই মরবিডিটি রেট আমরা কমাতে পেরেছি। মরবিডিটি রেট ৯০ সালে ছিল ১০ হাজারের ১৭৫৫—এত লোক অসুস্থ হত। ১৯৯৩ সালে

পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে রেট ছিল ৯৬০ এবং আরবানে ১০ হাজারের ১৫২০ ছিল। ১৯৯৩ সালে হাজারের মধ্যে হয়ে গেল ৯৭২। অন্যান্য রাজ্যে এর থেকে বেশি। মহারাষ্ট্রে আরবানে আমাদের থেকে বেশি অসুস্থ হয়। এটা গর্বের কথা যে, আমরা ভারতের মধ্যে ২-৩-৪ এইসব জায়গায় পৌঁছেছি। এটাকে আরও ভাল করতে হবে। এটা ভাল করতে গেলে আমাদের যা আছে, সেটা কাজে লাগাতে হবে। কি আছে? এখানে অসংখ্য ছড়ানো কেন্দ্র আছে, উপকেন্দ্র আছে। উপকেন্দ্র দিয়ে শুরু হচ্ছে। তারপর প্রাথমিক, ব্লক স্বাস্থ্যকেন্দ্র—এটা হচ্ছে তলার মানুষের কাছে যাওয়ার একটা ব্যবস্থা। এই উপকেন্দ্রের কাজ কি? এই উপকেন্দ্রের কাজ হচ্ছে মানুষের কাছে যাওয়া এবং দুই অথবা তিনটি অতি প্রয়োজনীয় জিনিসের মধ্যে একটা হচ্ছে সাধারণ স্বাস্থ্য, সাধারণ পুষ্টি, শিশুদের পুষ্টি মায়ের কল্যাণ। পরিবারের মধ্যে যে কাজগুলি করণীয় আছে, তার মধ্যে একটি হচ্ছে—তাদের দায়িত্ববোধ সম্পর্কে সতেচন করা। যারা পেশাদার চিকিৎসক, পেশাদার স্বাস্থ্য কর্মী, তাদের সঙ্গে অপেশাদারদের একটা সংযোগ গড়ে তুলতে হবে। দেশের কোটি কোটি মানুষ গ্রামে থাকে। বেশ কিছু মানুষ শহরে থাকে। সবাই যে শহরে চলে আসবে, তার কোনও ঠিক নেই। দূরের লোকও থাকবে, আবার কাছের লোকও থাকবে। দূর এলাকার মানুষ যাতে কাজগুলি করতে পারেন, তারজন্য তাদের সাহায্য করতে হবে, উৎসাহিত করতে হবে। প্রয়োজন হলে তারা কোথায় যাবে—এমন কতগুলি কাজ আছে, যেগুলি তারা নিজেরা করতে পারেন—সেই ব্যাপারে তাদের সচেতন করতে হবে। আমাদের দেশের অনেক শিশু জন্মগ্রহণ করে পরিবারের মধ্যে। এইসব ব্যাপারে চিকিৎসকরা যাতে রীতি নীতি পালন করতে পারেন, সেইদিকে সাহায্য করতে হবে এবং ন্যূনতম কতগুলি ব্যাপার, যেগুলি চোখে দেখেই তারা বুঝতে পারেন—সেই ব্যাপারে তাদের সাহায্য করতে হবে। এরজন্য দরকার অসংখ্য মানুষের। তারা সবাই যে সরকারের কাছ থেকে মাইনে পাবে, তার কোনও মানে নেই। এটা বে-আইনি নয়, এটা অন্যায় নয়। এটা তারা খরচ করতে পারেন। সেইজন্য তাদের তুলে আনতে হবে। দ্বিতীয় কাজ হচ্ছে—যদি সাহায্যের প্রয়োজন না হয়, তাহলে সেটা নির্ধারণ করে দেওয়া দরকার। ভাল করে শুনুন, এটা সি. পি. আই. এমের দলীয় কর্মসূচি নয়। এটা জানতে পারবেন।

(গোলমাল)

**Mr. Deputy Speaker :** Please take your seat, Mr. Shobhandeb Chattopadhyay. Mr. Chattopadhyay, Please take your seat. He is giving the reply. আপনারা যখন বর্ক্তৃতা করছিলেন, তখন ওঁরা বাধা দেননি। ওঁকে বলতে দিন।

**শ্রী পার্থ দে :** কাজেই এই যে বিরাট ক্ষেত্র আছে, এই ক্ষেত্রটাকে গণ আন্দোলনের সঙ্গে যুক্ত করে ফেলতে হবে। সেইজন্য আমরা স্বাস্থ্য দপ্তরকে একেবারে পঞ্চায়েতি ব্যবস্থার সঙ্গে যুক্ত করেছি। আমরা সাক্ষরতা আন্দোলনের সঙ্গে যুক্ত করেছি। এটা একেবারে নতুন। এটা কোথাও কোনদিন ঘটেনি। এটা বিরোধীপক্ষের দৃষ্টি এল না। ওরা এটা একটা বিষয় বলে মনে করে না। এত সব মানুষের ভূমিকা আছে। তাদের নিজেদের স্বাস্থ্য নিজেরাই গড়ে নিতে পারবেন।

(গোলমাল)

এদের শোনার মতো ধৈর্য্য নেই। কথামালা-র একটা গল্প আছে—ভাল কথা বললে কিছু প্রাণী বিরক্ত হয়। আপনাদের শুনতে হবে। আপনারা যখন বলেছেন তখন আমরা শুনেছি। এর একটা বিরাট ব্যাপার আছে। যেটা আমাদের পশ্চিমবঙ্গে আরম্ভ করা সম্ভব। এই পশ্চিমবঙ্গ হচ্ছে সেই রাজ্য যে রাজ্যে ভূমি-সংস্কারের জন্য মানুষকে কাছে টানা গেছে। তখনও এঁরা বিরোধী ছিলেন, কিন্তু কোনও ইতরবিশেষ হয়নি। মানুষের কাছে স্বাস্থ্য একটা অধিকারের বিষয়, এ ব্যাপারে সহযোগী হিসাবে রাজ্য সরকারের শক্তিকে শক্তিশালি করতে হবে। যে স্বাস্থ্য কাঠামো আছে তার সঙ্গে সহযোগিতা করবেন। আমাদের ভারতবর্ষে বহু প্রাচীন ব্যবস্থাপনা আছে। যেমন—হোমিওপ্যাথি, আয়ুর্বেদ, ইউনানি, আবার অন্য রাজ্যের সিদ্ধাই আছে। এগুলোও মানুষকে সাহায্য করতে পারে। এ ব্যাপারে আমাদের সমন্বয় করতে হবে। কে সমন্বয় করবেন? বে-সরকারি বিভিন্ন স্বেচ্ছাসেবি সংগঠন আছে, জনগণের নির্বাচিত সংস্থা বিভিন্ন স্তরে আছে, তারা সমন্বয় করবেন। কিসের ভিত্তিতে করবেন? প্রত্যেকটি এলাকায় কর্মসূচি থাকবে। সেই কর্মসূচির ভিত্তিতে সমন্বয় হবে। এটা হচ্ছে আমাদের প্রতিবেদন, মূল কথা। আশা করি, এই ব্যাপরটা আমাদের বিধানসভার বেশিরভাগ সদস্যই গ্রহণ করবেন এবং এটা গ্রহণ করলে আপনারা বুঝতে পারবেন যে, জনপ্রতিনিধিদের কি বিশাল ভূমিকা রয়েছে। কত বড় চ্যালেঞ্জ অপেক্ষা করছে। কেবলমাত্র হাসপাতাল করা, রোগ-অসুখের তালিকা করা, চিকিৎসার নানা ব্যবস্থা করার উপর দৃষ্টি দিলেই হবে না, আসল ব্যাপার হল জনগণের স্বাস্থ্যের উপর নজর দিতে হবে। এখানে অনেক মাননীয় সদস্যই ডাঃ গৌরীপদ দত্তর লেখা কোটেশন দিলেন। কিন্তু তিনি কি বলতে চেয়েছেন সেটা তো আপনারা বুঝলেন না। তিনি বলার চেষ্টা করেছেন স্বাস্থ্য সমগ্র মানুষের কল্যাণের কর্মসূচি এবং এটা আমাদের গ্রহণ করতে হবে। এবারের হাসপাতালের ব্যাপারে আসছি। আমরা হাসপাতাল ব্যবস্থাটাকে প্রধানত ৩টি স্তরে ভাগ করেছি। প্রথমত, প্রাথমিক স্তরে চিকিৎসা করা, চিকিৎসার পরামর্শ দেওয়া, সাহায্য করা। তারপর মাঝারি স্তর অর্থাৎ সেকেণ্ডারি লেভেল। এই স্তরের প্রধান কাজ চিকিৎসা করা এবং শিক্ষা দেওয়া। স্বাস্থ্য ব্যবস্থাকে শিক্ষা ব্যবস্থায় পরিণত করা আজকের দিনের একটা চ্যালেঞ্জ। এতে কোন হাসপাতালের কি কাজ হবে সেটা সুনির্দিষ্টভাবে বলা থাকবে। সেই কাজ যাতে তারা ঠিকভাবে করতে পারেন তার ব্যবস্থা থাকবে। কোন হাসপাতালে আমি যাব সেটা বলা থাকবে এবং যাওয়া আসার জন্য ব্যবস্থা থাকবে। ইতিমধ্যে সেই ব্যবস্থা কার্যকর হতে শুরু করেছে। এর পরেরটা হচ্ছে চিকিৎসকদের প্রশিক্ষণ দেওয়া হবে এবং সেই সঙ্গে চিকিৎসার সঙ্গে যারা যুক্ত আছেন যেমন—চতুর্থ শ্রেণীর কর্মচারী, এদেরকেও প্রশিক্ষণ দেওয়ার দরকার আছে। কারণ এর ফলে সমস্ত কাজ ভালভাবে পরিচালিত করা যাবে এবং কোন কেন্দ্র কতখানি চিকিৎসা করবে, যেমন মহকুমা হাসপাতাল, স্টেট জেনারেল হাসপাতাল, রুরাল হাসপাতাল—এইসব হাসপাতালগুলোকে কতখানি চিকিৎসা করবে সেটা একেবারে সুনির্দিষ্টভাবে বলা থাকবে। এর ফলে তারা নিজেরাই নিজেদের কাজ করতে পারবে।

[5-40 — 5-50 p.m.]

আমরা যেটা নির্ধারণ করেছি, যেটা সকালবেলা প্রশ্নোত্তর পর্বে বলেছিলাম—মেডিক্যাল সাইডে ১১টি এবং সার্জিক্যাল সাইডে ৯টি, এইগুলো বাদ দিয়ে সবগুলোই জেলায় হবে। একজন বললেন সিউড়ি হাসপাতালের কথা। সেখানে আমরা চারটি ও.টি. করব, এক্স-রে

মেশিন থাকবেই। সেখানে আমরা নিয়ে যাব সেকেণ্ডারি লেভেল। ভাল করে ম্যানেজ করব, ভাল করে চিকিৎসা করব, ভালো করে মবিলিটি করব। আমাদের বিকেন্দ্রীকরণ করতে হবে। জেলা স্তরে বিকেন্দ্রীকৃত ব্যবস্থা আমাদের করে দিতে হবে। পঞ্চায়েত স্তর পর্যন্ত বিকেন্দ্রীকরণ করব, গ্রাম পঞ্চায়েত স্তরে বিকেন্দ্রীকরণ করব। জন প্রতিনিধি এবং স্বাস্থ্য দপ্তর কিভাবে কাজ করবে দেখব। দেবপ্রসাদবাবু বলেন, শর্ত কি দেব? আমরা সম্মিলতিভাবে আলোচনা করে একটা কর্মসূচি রচনা করেছি, সেই অনুযায়ী চলতে শুরু করেছি। আমাদের রাষ্ট্রমন্ত্রী তো বললেন, আমরা প্রাথমিক চিকিৎসা স্তরে, প্রাথমিক স্বাস্থ্য স্তরে অনেকগুলো প্রকল্প আরম্ভ করেছি, কিছু পরে করব এবং আমাদের যে বিভিন্ন প্রতিষ্ঠানগুলো আছে, সেইগুলোতে ব্যবস্থা করেছি। এর মধ্যে কতগুলো আমরা নিজেরা, কতগুলো কেন্দ্রের সাহায্য নিয়ে, কতগুলো বাইরের সাহায্য নিয়ে—এক্সাটারনালি এইডেড প্রোজেক্ট আরম্ভ করেছি। কমিউনিটি ডেভেলপমেন্ট, স্কুল অফ্ ট্রপিক্যাল মেডিসিনের ডেভেলপমেন্ট, ব্লাড টেস্টিং ল্যাবরেটরি ডেভেলপমেন্ট, ফুড টেস্টিং ল্যাবরেটরি ডেভেলপমেন্ট, এসব ভালো কাজ আমরা করেছি, তার কোনও খবর রাখেন নি? আমরা টোটাল মেডিক্যাল এডুকেশন সার্ভিসের ডেভেলপমেন্ট করার চেষ্টা করছি। শুধু অ্যালোপ্যাথি নয়, এর সঙ্গে আয়ুর্বেদ আছে, হোমিওপ্যাথিও আছে। আমাদের এমনভাবে প্রক্রিয়া করতে হবে, যাতে মানুষের প্রয়োজনের জন্য এই শিক্ষাটা কাজে লাগাতে পারে। এইজন্য ধারাবাহিকভাবে আমরা আলাপ-আলোচনা করছি—কিভাবে কি করা যায়। কমিটি রিপোর্ট করেছে, যাতে শিক্ষা, চিকিৎসা একসঙ্গে চলতে পারে। এইজন্য অনেকগুলো ব্যবস্থা নিয়েছি। একটাও চোখে পড়ল না। তপন হোড় মহাশয় বলেছেন, মেডিক্যাল এডুকেশন সার্ভিস, লাইব্রেরি করা দরকার। আমরা তা করব। শিক্ষকদের থাকার জন্য কি করা যায় তা করব। এইজন্য ব্যয়-বরাদ্দ বেশি চেয়েছি। শিক্ষক নিয়োগ করার জন্য ব্যবস্থা করব। এইজন্য পি. এস. সি.-র কাছে গেছি, যাতে তারা আসেন। কিন্তু এটা জেনে রাখুন, বিগত দিনে পশ্চিমবাংলায় শিক্ষকের যা ঘাটতি ছিল, সেটা অনেক কমে এসেছে। গৌরী দত্তের রিপোর্টটা ভালো করে আপনারা পড়েননি। আমাদের কিছু কিছু হাসপাতাল আছে, সেখানে টার্সিয়ারি কেয়ার আছে, সেইজন্য অনেক বেশি ভীড় সেখানে হয়ে যায়। আমরা চাইছি এক একটা বড় হাসপাতালের সঙ্গে ছোট ছোট হাসপাতাল যুক্ত করে ক্লাসটার করা। সেটা তো বললেন না? বাইরের লোক হাসপাতালে এসে নানারকম অন্যায় কাজে যাতে যুক্ত না হতে পারে, তার চেষ্টা করছি। আমরা সারা পশ্চিমবাংলার যে বাস্তব চিত্র (গোলমাল....) সারা পশ্চিমবাংলায় যে অসংখ্য গ্রাম আছে, হাসপাতাল আছে সেখানে, তার সামগ্রিক সমীক্ষা করছি। (গোলমাল...)

**মিঃ ডেপুটি স্পিকার :** Please listen me Mr. Deb. I am on my legs.

(নয়েজ)

আপনারা যখন বলেছিলেন তখন ওঁরা ডিস্টার্ব করেনি। ওঁরা যদি রাবিশ বলে আপনাদের শুনতে হবে। আপনারা যখন রাবিশ বলেছিলেন তখন ওরা শুনেছিল। সংসদীয় গণতান্ত্রিক পদ্ধতিকে তো মানবেন। নাকি সংসদীয় গণতান্ত্রিক পদ্ধতিকে ধ্বংস করবেন? এই কার্সি টুকুতো আপনাদের দেখাতে হবে। ভালো না লাগলে ধৈর্য ধরে শুনতে হবে।

(এই সময় মিঃ অম্বিকা ব্যানার্জি কিছু বলতে উঠে দাঁড়ান।)

Mr. Banerjee, please take your seat. You are the Deputy Leader of your party. As an Opposition Leader, it is your responsibility to help me to run the business of the House. If you have any point of order, you may raise it after the reply of the Minister. Have the patience to listen. Let the Minister say whatever he desires to say. You have said whatever you desired. They have not obstructed you. You should not disturb him. I shall hear you after his speech.

**শ্রী পার্থ দে ঃ** স্যার, আমি আগেই বলেছি, আমাদের সদস্যদের কারো কারো এমন ধারণা আছে, কয়েকটা ওষুধের ব্যাপারে নাটকীয়তা আছে। এটা থেকেই সমস্যা হচ্ছে। আমাদের সমীক্ষা অনুযায়ী দেখা যাচ্ছে, আপনারা যে বিশেষ বিশেষ অসুখের কথা বললেন সেগুলো ১ থেকে ৫-এর মধ্যে পড়ে না। একটা দায়িত্বশীল সরকারের কাজ কি হবে? যে . বেশি হয় সেগুলোর জন্য ব্যবস্থা নেওয়া, না যে অসুখ কম হয় তার জন্য ব্যবস্থা নেওয়া? সবগুলোই অসুখ। কিন্তু তার মধ্যে বেশি কম আছে। সরকার তো এনার্ক-ওয়েতে চলতে পারে না। যেটাতে অনেক বেশি মানুষ অসুস্থ হচ্ছে তাতে আগে হাত দিতে হবে। আর, এমন কিছু ব্যাপার নেই যে, সরকারকেই সব কিছু করতে হবে। বিভিন্ন প্রতিষ্ঠান আছে তাদেরও এই কাজে এগিয়ে আসতে হবে। সরকার একটা সমন্বয় করবেন। সেইজন্য প্রধান যেসব অসুখ—শারীরিক, মানসিক, সেদিকে আমাদের দৃষ্টি দিতে হবে। কাজেই সরকারের কাজ হবে অনেক বেশি মানুষের জন্য, বেশি মানুষের দিকে তাকিয়ে কাজ করা। সুপার স্পেশ্যালিটি সব হাসপাতাল করা সরকারের পক্ষে সম্ভব নয়। এটা পৃথিবীর কোনও দেশে নেই। আমেরিকা, ইউনাইটেড কিংডমেও নেই। আমরা সাধারণ মানুষের, সাধারণ চিকিৎসার জন্য করব। আর, কিছু থাকবে সুপার স্পেশ্যালিটিদের জন্য। কিছু সরকার করবে, কিছু বেসরকারি তরফ থেকে হবে। কিছু কঠিন অসুখ আছে যেগুলো কি না ভীষণ ব্যয়-বহুল। এরকম একটা প্রশ্ন আজকেই ছিল, কিন্তু ওঠেনি। একটা থ্যালাসেমিয়া পেশেন্টকে যদি ট্রিটমেন্ট করতে হয় তাহলে বছরে সাড়ে চার হাজার টাকা সরকারকে দিতে হবে। এটা কে দেবে?

[5-50 — 6-00 p.m.]

দেবব্রতবাবু দেবার কথা বলেছেন। আমি বলছি কেন সরকার দেবে? পৃথিবীর কোথাও আছে যে ইনসুলিন সংগ্রহ করছে। আগে সমাজতান্ত্রিক দেশে পেত, সেই জায়গায় আমরা পৌঁছাইনি, আমরা দিতে পারি না। মানুষ নিজে দাঁড়াবার চেষ্টা করছে, সেখানে যাতে সে এগিয়ে যেতে পারে তার চেষ্টা আমরা করছি। আমাদের ব্যবস্থাপনা হচ্ছে বাস্তবসম্মত, জনমুখি, সেকথা আমাদের যে প্রতিবেদন দিয়েছি এবং তাতে আমরা এই টাকা বরাদ্দ চেয়েছি। আমরা চাইব আজকে যে ৩টে দাবির ভিত্তিতে যেটা চাওয়া হয়েছে সেটা এখানে অনুমোদিত হবে। প্রায় একশোর উপর কাট-মোশন আছে, সবগুলির উপর বলা যাবে না হয়ত বলার প্রয়োজনও নেই। এসবগুলি বিরোধীদলের ব্যাপার। আশাকরি বিরোধিরা শুনবেন। তার মধ্যে একটা হচ্ছে অমুক অমুক জায়গায় স্বাস্থ্য দপ্তর ব্যর্থ হয়েছে হাসপাতাল তৈরি করতে। কোনও জায়গাতেই স্বাস্থ্য দপ্তর বলেনি যে আমরা নতুন হাসপাতাল তৈরি করব। কার্যত নতুন হাসপাতাল

আমরা তৈরি করব কি না সেটা বিবেচনার বিষয়। যে ক্ষেত্রগুলির নাম উল্লেখ করা হয়েছে সেখানে একাধিক হাসপাতাল আছে, সেদিক থেকে নতুন হাসপাতাল তৈরি করার কোনও প্রশ্নই নেই। হাসপাতাল পরিচালনার ক্ষেত্রের কথাও বলেছেন যে এটাতেও ব্যর্থ হয়েছি। হাসপাতাল পরিচালনার জন্য কতগুলি ধারাবাহিক ব্যবস্থা গ্রহণ করেছি। ধারাবাহিক প্রশিক্ষণ শুরু হয়েছে। প্রশিক্ষণের উপর খুব বেশি গুরুত্ব দিতে চাইছি আমরা। হাসপাতালে যারা সুপারিন্টেন্ডেন্ট আছেন তারা কি করে পরিচালনা করবেন, তাদের ধারণা কি হবে? মানুষকে কি করে সংশ্লিষ্ট করছেন, এর জন্য শৃঙ্খলা ব্যবস্থা চালু করছি। শৃঙ্খলার যেগুলি ধারাবাহিক নিয়মিত করার ব্যাপারটা সকলের চোখের সামনে প্রতিফলিত হয় যার জন্য আমরা কাজ করছি। তার আগে আমরা ফটো আইডেন্টিটি কার্ড চালু করেছি। আপনারা এটার প্রশংসাতো করলেন না? কেন করলেন না বুঝতে পারছি না। একটা লিখিত প্রস্তাব আছে খড়্গপুরে সাব-ডিভিসনাল হসপিটাল করার কথা আমরা গ্রহণ করেছি। ব্লাড ব্যাঙ্কের ব্যাপারে বলেছেন, পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে যে কোনও রাজ্য থেকে এগিয়ে আছে, এটা নিশ্চয়ই একটা আনন্দের কথা। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ ভলেন্টিয়ারি ব্লাড ডোনেশনের ব্যাপারে সামনের সারিতে আছে। আমাদের বাৎসরিক যে ব্লাড, ভলেন্টিয়ারি ব্লাড ডোনারদের কাছ থেকে পাই সেটা রাখার জন্য আমাদের ৬৬টি ব্লাড ব্যাঙ্ক আছে যেগুলি রাজ্য সরকার পরিচালিত। প্রত্যেকটি সুপ্রিম কোর্টের নির্ধারিত মান অনুযায়ী আছে। এ ব্যাপারেও আমরা নিশ্চয়ই প্রশংসা পেতে পারি। অনেকে বলেছেন ওষুধ সরবরাহ হচ্ছে না। এ. আর. ভি. এবং এ. ভি. এ. এই দুটি ওষুধের মধ্যে এ. আর. ভি. আমরা দিতে পারছি না, এ. আর. এ. দিতে পারছি। একজন সদস্য একটা ইনস্ট্রুমেন্টের নাম বলেছেন, ব্লাড গ্রুপ অ্যানালাইজার। এ নামে কোনও মেশিন নেই, তবে ব্লাড অ্যানালাইজার মেশিন পি. জি. হসপিটালে আছে। একটা বিশেষ ধরনের অ্যানালাইজার মেশিনও আছে যেটা রিপেয়ার করতে সময় লাগবে। আমাদের কোটি কোটি টাকার যন্ত্রপাতি আছে। পশ্চিমবঙ্গের সুপার-স্পেশ্যালিটি হসপিটালগুলিতে কোটি কোটি টাকার যন্ত্রপাতি দিয়েছি। যন্ত্রপাতি মাঝে মাঝে খারাপ হচ্ছে সেটা তদন্ত করার অধিকার রাজ্য সরকারের আছে। এটা যাতে তাড়াতাড়ি মেরামত করা যায় সেটা চেষ্টা করা হচ্ছে। কোনও জায়গাতেই চিকিৎসা বন্ধ নেই, যথেষ্ট পরিমাণে চিকিৎসা হচ্ছে এবং যথেষ্ট পরিমাণেই রোগী আসছে। পশ্চিমবঙ্গে একেবারে উপরের স্তরের হসপিটাল হচ্ছে সুপার স্পেশ্যালিটি হসপিটাল। সেখান থেকে তলার স্তর পর্যন্ত যেখানে রোগীর চিকিৎসা হবে, তার নিচেও এই ব্যবস্থাকে মানুষের কাছে নিয়ে যাবার জন্য প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠান বহির্ভূতভাবে নিয়ে যাবার জন্য আমরা সচেষ্ট আছি।

পশ্চিমবাংলায় এটাই আমাদের বরাবরের প্রচেষ্টা। এই ভাবেই আমরা ভূমি সংস্কার করেছি। একজন একটা কথা বলেছেন। সেটা তিনি বুজে বলেছেন, না, না বুঝে বলেছেন, জানি না। তবে শিক্ষার জন্য যা করেছিলাম, তার জন্য আমি গর্বিত। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার গর্বিত। সে কাজ স্বাস্থ্যের ক্ষেত্রেও করব। অর্থাৎ মানুষের কাছে শিক্ষাকে নিয়ে যাবার জন্য যেমন কাজ করেছি, তেমন মানুষের কাছে স্বাস্থ্যকে নিয়ে যাবার জন্য যা করার দরকার তা করব। বাধা দেবার কিছু লোক আছে তা আমরা জানি। সেজন্য আমি আবার বলছি, স্বাস্থ্যকে শুধুমাত্র পণ্য হিসাবে রাখতে দেব না। স্বাস্থ্যকে বিক্রয়-যোগ্য বস্তু হিসাবেই শুধু

থাকতে দেব না। অবশ্যই কিছু কিছু কেনা-বেচা থাকবে এবং তার মধ্যে দিয়েই মানুষ স্বাস্থ্য অর্জন করে নেবে। আর একটা তথ্য জেনে রাখুন—১৯৭৭ সালে নির্বাচন হয়েছিল, আমি প্রার্থী ছিলাম বামফ্রন্টের, শতকরা ৪২ ভাগ ভোট পেয়েছিলাম। তারপর ১৯৮২ সালে নির্বাচন হয়েছিল, শতকরা ৪৮ ভাগ ভোট পেয়েছিলাম। ৪২-এর চেয়ে ৪৮ বেশি, কিন্তু সেবার বিরোধী ভোট একত্রিত হয়েছিল। তারপর থেকে প্রতিবারই ৫০ ভাগের ওপর ভোট পাচ্ছি। পারলে কমিয়ে দেবেন। আমি আবার বলছি, পশ্চিমবাংলায় আমরা আর একটা প্রবল সংগ্রামের সামনে এসে দাঁড়িয়েছি ভূমি সংস্কারের ক্ষেত্রে মানুষের অধিকারকে তুলে ধরে কোটি কোটি মানুষের সহযোগিতায় এই পশ্চিমবাংলায় একটা সভ্য ভদ্র ভূমি ব্যবস্থা গড়তে সক্ষম হয়ে তার ওপর দাঁড়িয়ে অগণিত মানুষের সহানুভূতি, আশীর্বাদ নিয়ে এগিয়ে চলছি। দ্বিতীয় পর্যায়ে স্বাস্থ্য এবং শিক্ষার সমন্বয়ে মধ্যে দিয়ে বিপুল গণ-আন্দোলন গড়ে তুলে—স্বাস্থ্যের জন্য যত রকম প্রতিষ্ঠান আছে, সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান, ভলান্টারি অর্গানাইজেশন, সবাইকে সমন্বিত করে—মানুষের স্বাস্থ্য মানুষ যাতে নিজেই অর্জন করতে পারে তার ব্যবস্থা করব। সে ক্ষেত্রে আমরা কে কি ভূমিকা পালন করতে পারব তা অবশ্যই আমাদের ভেবে দেখেতে হবে। তাই আমি বিধানসভার সকল সদস্যের কাছে আবেদন করব—যারা আজকে উপস্থিত আছেন এবং যারা আজকে উপস্থিত হতে পারেননি—পুরো পরিপ্রেক্ষিতটা একটু বোঝবার চেষ্টা করুন এবং প্রত্যেকে নিজ নিজ ভূমিকা পালন করবার চেষ্টা করুন। মানুষের মধ্যে চেতনা বৃদ্ধির কাজে আমাদের সহযোগিতা করুন। যারা উপস্থিত আছেন এবং যারা উপস্থিত নেই প্রত্যেকের কাছে আমি এই আবেদন করছি—প্রফেশনাল, নন-প্রফেশনাল এবং প্যারা-প্রফেসনালদের মধ্যে সমন্বয় সাধনের যে চ্যালেঞ্জ তাকে গ্রহণ করার ক্ষেত্রে আপনাদের যে বিশাল ভূমিকা রয়েছে তা পালন করবার জন্য এগিয়ে আসুন। মানুষের পাশে গিয়ে দাঁড়ান, স্বাস্থ্য কর্মিদের পাশে গিয়ে দাঁড়ান। যে সমস্ত কর্মিরা একেবারে প্রাথমিক স্তরে উপ-কেন্দ্র পরিচালনা করছেন তাদের পাশে দাঁড়িয়ে যদি একটু বেশি পরিমাণে স্বেচ্ছা-সেবার মাধ্যমে তাদের সাহায্য করা যায় তাহলে আমরা নিশ্চয়ই আমাদের লক্ষ্যে এগিয়ে যেতে পারব। সাথে সাথে যারা সত্যিকারের বিশেষজ্ঞ, যারা রুগ্ন, অসুস্থ, অসহায় মানুষের জন্য নতুন নতুন গবেষণায় নিযুক্ত, তাদের গবেষণালব্ধ অভিজ্ঞতা ও জ্ঞানকে যাতে আমরা মানুষের সম্পত্তিতে পরিণত করতে পারি—কোনও জায়গায় কোন জ্ঞানকে যাতে কেউ কুক্ষিগত করে রাখতে না পারে তার জন্য যে বিশাল কর্মযজ্ঞ শুরু হয়েছে, আসুন আমরা সকলে সেই কর্মযজ্ঞে অংশ গ্রহণ করি। এক্ষেত্রে কোথাও কোনও বাধা নেই। কোনও সীমা নেই। আসুন, আপনারা সকলে অংশগ্রহণ করুন। এর জন্যই আপনারা এখানে নির্বাচিত হয়েছেন। চিৎকার করছেন, করুন, কিন্তু মানুষের জন্য কাজও করুন। আর যেখানে যে কাজের জন্য উপযুক্ত মানুষরা আছেন সেখানে আমাদের প্রবেশ করার দরকার নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমস্ত রাজ্যে সরকারি, বেসরকারি, মানুষদের সমন্বয়ে যে জনমুখী স্বাস্থ্য আন্দোলন গড়ে তোলার সম্ভাবনা আছে তাকে সাফল্যমন্ডিত করার জন্য সরকারের ভূমিকা পালন করতে যেটুকু দরকার সেটুকু বরাদ্দই আমি চেয়েছি। সেটুকু বরাদ্দ যেন অনুমোদিত হয়। সমস্ত ছাঁটাই প্রস্তাবের আমি আগেই বিরোধিতা করেছি। এই বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-08 p.m.]

**Demand No. 32**

**Mr. Deputy Speaker** : There are 51 cut motions. All the cut otions are in order. I take all the cut motions except cut motion Nos. 32, 42, 43 and 50 on which, I understand a Division will be deanded.

The motions (Cut Motion Nos. 1-5, 7-31, 33-41, 44-49 and 51) that e amount of the Demand be reduced by Rs. 100/- were then put and st.

The motions (Cut Motion Nos. 6, 32, 42, 43 and 50) that the nount of the Demand be reduced by Rs. 100/- were then put and a ivision was taken with the follows result :—

NOES

Bangal, Dr. Makhanlal

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Kamalakshi

Bose, Shri Shyamaprasad

Bouri, Shri Haradhan

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut Kumar

Das Thakur, Shri Chittaranjan

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Dutta, Shri Gurupada

Gayen, Shri Nripen

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Sunil Kumar

Goswami, Shri Subhas

Hembram, Shrimati Deblina

Kabi, Shri Pelab

Mandal, Dr. Ramchandra

Mistry, Shri Bimal

Mondal, Shri Rabindranath

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Pratyush

Mursalin Molla, Shri

Nanda, Shri Brahmamoy

Saha, Dr. Tapati

Sen Gupta (Bose), Shrimati Kamal

Sk. Khabiruddin Ahmed, Shri

Shaw, Dr. Prabin Kumar

Sinha, Shri Prabodh Chandra

**AYES**

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Tapas

Bhattacharjee, Shri Sudhir

Deb, Shri Ashok Kumar

De, Shri Ajoy

Ghosh, Shri Nirmal

Mal, Shri Asit Kumar

Mitra, Shri Asit

Mukherjee, Shri Kamal

Roy, Shri Pramatha Nath

**Abst :**

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 10 and the Noes 32, the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,02,63,00,000 be granted for expenditure under Demand No. 32, Major Head : "2210—Medical and Public Health (Excluding Public Health)" during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 2,34,20,00,000 already voted on account) was then put and agreed to.

**Demand No. 33**

The motion of Shri Sultan Ahmed, Shri Ajoy De, Shri Deba Prasad Sarkar, Shri Saugata Roy, Shri Ahsok Kumar Deb and Shri Tushar Kanti Mondal, that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 97,61,58,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "2210—Medical and Public Health (Public Health)" during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 32,54,00,000 already voted on account) was then put and agreed to.

**Demand No. 34**

The motion of Shri Ajoy De, Shri Sultan Ahmed, Shri Pankaj Banerjee, that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 85,02,37,000 be granted for expenditure under Demand No. 34, Major Head : "2211—Family Welfare" during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 28,34,00,000 already voted on account) was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6.08 p.m. till 11-00 a.m. on Monday, the 16th June, 1977 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 16th June, 1997 at 11-00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 104 Members.

[11-00 — 2-00 p.m.] (including adjournment)

**Mr. Speaker :** As you know of the sad demise of Shri Bijoy Singh Nahar, who was a former Member of the House for many many years and also a former Minister. His body has just come to the Assembly premises for Writers Buildings onwards and towards cremation ground. As the cremation has not yet taken place, so, we are not in the position to adopt an obituary reference. What I do now is I adjourn the House till two O-clock, by which the cremation is expected to take place. Then we will adopt the obituary reference and adjourne for the day. So, I adjourne the House till two O'clock. All the questions will be laid on the table.

## Heldover Starred Questions

## (to which written Answers were laid on the Table)

### এন বি এস টি সি কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ড

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩০) শ্রী সালিব টোপ্পো ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, উত্তর বঙ্গ রাষ্ট্রীয় পরিবহন বিভাগের কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের বেশ কিছু টাকা এখনও জমা দেওয়া হয়নি ; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) আর্থিক অনটনের জন্য গত কয়েক বৎসর সময়মতো প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেওয়া উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার পক্ষে সম্ভব হয়নি। এখন এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে এই আর্থিক বৎসরে এ পর্যন্ত এই সংস্থা মোট ৪১৫.০০ লক্ষ টাকা প্রভিডেন্ট ফান্ডের জমা দিয়েছে।

## সরকার নিয়ন্ত্রিত পরিবহনে লাভ-লোকসান

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২১) **শ্রী শ্যামদাস ব্যানার্জি এবং শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৯১-৯২ থেকে ৯৫-৯৬, আর্থিক বছরগুলিতে সরকার নিয়ন্ত্রিত পরিবহন সংস্থাগুলিতে লাভ/লোকসানের পরিমাণ কত ;

(খ) (১) ১লা এপ্রিল ৯১ বিভিন্ন সংস্থায় বাস/ট্রাম প্রতি কর্মীর গড় সংখ্যা কত ছিল ; এবং

(২) বর্তমানে বিভিন্ন সংস্থায় বাস/ট্রাম ও লঞ্চ প্রতি কর্মীর সংখ্যা কত?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিভিন্ন সরকার নিয়ন্ত্রিত পরিবহন সংস্থাগুলিতে লাভ/লোকসানের পরিমাণ নিম্নরূপ ঃ—

| | আর্থিক বছর | | | | | লোকসান লক্ষ টাকায় |
|---|---|---|---|---|---|---|
| | ৯১-৯২ | ৯২-৯৩ | ৯৩-৯৪ | ৯৪-৯৫ | ৯৫-৯৬ | |
| (১) সি এস টি সি | ৪৭১৭.৮৬ | ৪৭৪৩.২০ | ৪৭৬৭.২৬ | ৫৫১৫.৩২ | ৫৮৫৮.০০ | মোট ২৫,৬০৩.০০ লক্ষ টাকা |
| (২) এস বি এস টি সি | ৭৪৪.৩৭ | ৫৮৮.৫৫ | ৬৮২.০০ | ৮৭৩.৬০ | ৯৭৭.৩৫ | মোট ৩,৮৬৬.০০ লক্ষ টাকা |
| (৩) এন বি এস টি সি | ১৩.২১ | ৭৮৩.২০ | ১০০৮.৫৭ | ১৪৫৪.৭২ | ১৪৯৪.১৭ | মোট ৪,৭৫৪.০০ লক্ষ টাকা |
| (৪) সি টি সি | ২০১২.০০ | ২৯১৬.০০ | ৩১৬৮.০০ | ২০৫১.০০ | ২৭১৯.০০ | মোট ১২,৮৬৬.০০ লক্ষ টাকা |
| (৫) ডব্লু বি এস টি সি | ১০১.৩৬ | ৮৮.৮১ | ৯০.২৩ | ৭৪.১৩ | ৮৫.৬৭ | মোট ৪৪০.০১ লক্ষ টাকা |
| **মোট** | **৭৫৮৯.০০** | **৯১৬০.০০** | **৯৭১৬.০০** | **৯৯৬৯.০০** | **১১১৩৯.০০** | **মোট ৪৭,৫২৯,০০ লক্ষ টাকা** |

(খ) (১) সি এস টি সি—১৬.৬৯ জন

(২) এস বি এস টি সি—৪.৯৩ জন

(৩) এন বি এস টি সি—৮.২৫ জন

(৪) সি টি সি—২২ জন

(৫) ডব্লু বি এস টি সি—প্রশ্নই ওঠে না কারণ (১৯৯২ সালের ৩১এ মার্চ বাস সার্ভিস চালু হয়েছে)

| | | জন | তারিখ |
|---|---|---|---|
| (গ) | (১) সি এস টি সি | ১২.৯৭ | ৩০.১১.৯৬ |
| | (২) এন বি এস টি সি | ১১.০৮ | ডিসেম্বর ৯৬ |
| | (৩) এস বি এস টি সি | ৪.৮৩ | ৩১.১২.৯৬ |
| | (৪) সি টি সি | বর্তমানে ট্রাম প্রতি ১৮ জন<br>বর্তমানে বাস প্রতি ৭.৬০ জন | |

(৫) ডব্লু বি এস টি সি ৩.৪ (বাস প্রতি) ১.১.৯৭

**উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন পরিচালনের সদস্য সংখ্যা**

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৬) **শ্রী নির্মল দাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন পরিচালনে কত সদস্য রয়েছেন (মহিলা ও পুরুষ আলাদা আলাদা হিসাব) ;

(খ) (১) উক্ত সংস্থার অধীন কতগুলি ডিপো, (২) কতজন কর্মচারী এবং (৩) কতগুলি বাস চালু আছে?

(গ) বিধানসভার কোনও সদস্য পরিচালন কমিটিতে আছেন কি না ; এবং

(ঘ) উক্ত সংস্থায় বাৎসরিক কত অর্থ ভর্তুকী দিতে হয়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সদস্য সংখ্যা নিম্নরূপ ঃ—

| মহিলা | পুরুষ |
|---|---|
| নাই | ১৩ জন |

(খ) (১) ২১টি ডিপো আছে

(২) ৬৬৫৪ জন কর্মচারী

(৩) ৬৫০টি

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৯৫-৯৬ সালে ১৭৫৩.১৫ লক্ষ টাকা ভরতুকি দেওয়া হয়েছে।

**ছাতা ও অন্যান্য মরসুমী কারখানায় শ্রমিকদের চাকুরি**

*১৩৮।(অনুমোদিত প্রশ্ন নং *৪৫২) **শ্রী সৌগত রায় ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ছাতা কারখানা ও অন্যান্য মরসুমী কারখানার শ্রমিকদের চাকরির ব্যাপারে সরকার কোনও ব্যবস্থা নিচ্ছে কি না ; এবং

(খ) নিয়ে থাকলে, পরিকল্পনাটি কিরূপ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে মাছের চাহিদা ও উৎপাদন**

*৩৩৪।(অনুমোদিত প্রশ্ন নং *২৩) **শ্রী আবু আয়েশ মন্ডল এবং শ্রী পেলব কবি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ রাজ্যে মাছের (১) চাহিদা ও (২) প্রকৃত উৎপাদনের পরিমাণ কত ছিল ; এবং

(খ) তন্মধ্যে চিংড়ী মাছের পরিমাণ কত?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | | | |
|---|---|---|---|
| (ক) | ১) | ১৯৯৪-৯৫ | ১০.২০ লক্ষ মেঃ টন |
| | | ১৯৯৫-৯৬ | ১০.২০ লক্ষ মেঃ টন |
| | ২) | ১৯৯৪-৯৫ | ৮.২০ লক্ষ মেঃ টন |
| | | ১৯৯৫-৯৬ | ৮.৯৩ লক্ষ মেঃ টন |

(খ) চিংড়ি মাছের উৎপাদন পরিমাণ ঃ

| | |
|---|---|
| ১৯৯৪-৯৫ | ৩৫,৮০০ মেট্রিক টন |
| ১৯৯৫-৯৬ | ৩৬,৫০০ মেট্রিক টন |

যেহেতু উৎপাদিত চিংড়ির বড় অংশই বিদেশে রপ্তানি হয়, রাজ্যে চিংড়ির চাহিদা জানা নেই।

**ভুতনী দিয়ারা ফিশারি লিজ**

*৩৪৩।(অনুমোদিত প্রশ্ন নং *১৪৬১) **শ্রী সমর মুখার্জি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, মালদা জেলার ভুতনী দিয়ারা ইনল্যান্ড ফিশারি (পার্ট ওয়ান) সরকার পঞ্চায়েতের মাধ্যে লিজ দিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, কোন সংস্থা বা ব্যক্তিকে লিজ দেওয়া হয়েছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প

*৫৫৭।(অনুমোদিত প্রশ্ন নং *১৯০) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্পের ১ম ও ৩য় পর্যায়ের নির্মাণকাজ কোনও বেসরকারি সংস্থাকে দেওয়ার প্রস্তাব আছে কি না ;

(খ) থাকলে, উক্ত সংস্থার নাম কি ;

(গ) কি কি শর্তে এ-সংস্থাকে দায়িত্ব দেওয়া হবে ; এবং

(ঘ) কবে নাগাদ ঐ প্রকল্পগুলির কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাম্মাম জল বিদ্যুৎ প্রকল্পের Phase I (3×12 MW) এবং Phase III (3×20 MW) এর নির্মাণ কাজ কোনও বেসরকারি সংস্থাকে দেওয়ার ব্যাপারে কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। নির্মাণ, সংরক্ষণ ও পরিচালনা সংক্রান্ত প্রাথমিক বিশদ অনুসন্ধান কার্যের জন্য বিভিন্ন সংস্থা থেকে Tender গ্রহণ করে এবং তা বিশ্লেষণ করার পর Indo Canadian Power Consortium (Consortium of SNC Lavalin Canada) এবং Birla Technical Services, Calcutta কে দায়িত্ব দেওয়া হয়েছে। অনুসন্ধানের ফলাফলের উপর নির্ভর করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### কলকাতা শহরের বাইরে ট্রাম চালু

*৫৫৮।(অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা শহরের বাইরেও ট্রাম চালানোর পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্যি হলে, কোথায় কোথায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**প্রধানমন্ত্রীর রোজগার যোজনা**

*৫৫৯।(অনুমোদিত প্রশ্ন নং *৩১৫) **শ্রী অজয় দে ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত রাজ্যে কত জন পি এম আর আই ওয়াই প্রকল্পে আবেদন করেছেন ;

(খ) তন্মধ্যে, কত জনকে ডি আই সি ব্যাঙ্কের কাছে সুপারিশ করেছে এবং কত জনকে ব্যাঙ্ক ফাইনান্স করেছে ; এবং

(গ) নদীয়া জেলার ক্ষেত্রে এর সংখ্যা কত?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১,০৫,০৬৮ (এক লক্ষ পাঁচ হাজার আটষট্টি)।

(খ) ৯৬,৮৪৮ জনের ক্ষেত্রে ডি আই সি ব্যাঙ্কের নিকট সুপারিশ করেছে এবং ৯৯৯৭ জনকে ব্যাঙ্ক ফাইনান্স করেছে বলে জানা গেছে।

(গ) ৩,৯৭৬ জন আবেদন করেছেন, তন্মধ্যে ৩২২৩ জনের ক্ষেত্রে ডি আই সি ব্যাঙ্কের নিকট সুপারিশ করেছে এবং ৬৪২ জনকে ব্যাঙ্ক ফাইনান্স করেছে বলে জানা গেছে।

**আইনজীবীদের অবসরকালীন সুযোগ**

*৫৬০।(অনুমোদিত প্রশ্ন নং *৪১৯) **শ্রী তপন হোড় ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দুঃস্থ আইনজীবীদের জন্য রাজ্য সরকার অবসরকালীন আর্থিক সুবিধার ব্যবস্থা চালু করতে চলেছেন ;

(খ) সত্যি হলে, কত জন আইনজীবী উপকৃত হবেন ; এবং

(গ) উক্ত পরিকল্পনার ফলে রাজ্য সরকারের আনুমানিক কত টাকা খরচ হতে পারে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ বিষয়ে পশ্চিমবঙ্গ আইনজীবী কল্যাণ তহবিল আইন ১৯৯১ নামাঙ্কিত একটি

আইন বিধানসভায় পাস হয়েছে। আইনটি ১৯৯২ সালের ১লা মে থেকে কার্যকর করা হয়েছে এবং সেই মর্মে বিজ্ঞপ্তি জারি হয়েছে।

(খ) যে সকল আইনজীবী উপরোক্ত কল্যাণ তহবিলের সদস্য হবেন কেবলমাত্র তাহারাই উপকৃত হবেন।

(গ) এখন রাজ্য সরকার ঐ আইন অনুযায়ী আইনজীবী কল্যাণ তহবিলে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা দেবেন।

**কলকাতা-গেদে বাস চালু**

*৫৬২।(অনুমোদিত প্রশ্ন নং *৯৩) **শ্রী সুশীল বিশ্বাস :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার বন্ধ হওয়া রুটে পুনরায় বাস চলাচলের জন্য সরকার উদ্যোগ গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) কলকাতা থেকে গেদে (সি এস টি সি) এবং

(২) কলকাতা থেকে কৃষ্ণগঞ্জ (এন বি এস টি সি) বাস দুটি কবে থেকে পুনরায় চালু হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) (১) রাস্তা খারাপ থাকার জন্য কলকাতা-গেদে রুটে সি এস টি সি-র বাস সার্ভিস বন্ধ রাখতে বাধ্য হয়েছে। রাস্তার অবস্থা ভাল হলে আবার সার্ভিসটি চালু হবে।

(২) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা কলিকাতা-কৃষ্ণগঞ্জ রুটে বাস চালানো শুরু করে। অত্যন্ত কম রাজস্ব আদায়ের জন্য সার্ভিসটি বন্ধ করে দেওয়া হয়। সার্ভিসটি পুনরায় চালু করার জন্য চেষ্টা করা হচ্ছে।

**বেসরকারি ম্যারেজ অফিসার নিয়োগ**

*৫৬৩।(অনুমোদিত প্রশ্ন নং *৭০৬) **শ্রী কমল মুখার্জি :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেসরকারি ম্যারেজ অফিসার নিয়োগ কি শুধু মহকুমাভিত্তিক হবে ;

(খ) বিবাহ নিবন্ধনের সুযোগ শহর/গ্রামভিত্তিক হবে কি ; এবং

(গ) উক্ত অফিসার নিয়োগের নিয়ম কি?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) শহরে পৌর এলাকা, গ্রামে ব্লক ভিত্তিক।

(গ) উক্ত অফিসার নিয়োগের ক্ষেত্রে আবেদনকারিকে তার বয়স, শিক্ষাগত যোগ্যতা পেশা, স্থায়ী বসবাসের ঠিকানা, কোন ঠিকানায় অফিস করা হবে, নিয়োগের এলাকা, অন্যান্য বিশেষ যোগ্যতা বা দক্ষতা ইত্যাদি জানিয়ে বিচার বিভাগের সচিব সমীপে আবেদন করতে হয়। আবেদনটি স্থানীয় এলাকার প্রতিষ্ঠিত মান্যগণ্য ন্যূনতম দশজনের দ্বারা শংসিত করতে হয় এই মর্মে যে আবেদনকারি উক্ত অফিসার নিয়োগের জন্য যোগ্য ব্যক্তি। আবেদনকারিকে ভারতীয় নাগরিক, এলাকার স্থায়ী বসবাসকারী, ২৫ থেকে ৬০ বৎসর বয়স, উচ্চ মাধ্যমিকের দ্বাদশ শ্রেণী বা সমতুল পরীক্ষায় পাশ ইত্যাদি হতে হবে।

## কলকাতা থেকে আগরতলা বাস সার্ভিস

*৫৬৪।(অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রী ইউনুস সরকার ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা থেকে আগরতলা পর্যন্ত (ত্রিপুরা) ভায়া ঢাকা বাস চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

## Introduction of Family Court

*565 (Admitted Question No. *1402.) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) how many Family Courts have so far been introduced in the State (up to 31-12-1996); and

(b) name of the districts ?

**Minister-in-charge of the Judicial Department :**

(a) One

(b) Calcutta.

**কলকাতা-বাংলাদেশ রাষ্ট্রীয় পরিবহন**

*৫৬৬।(অনুমোদিত প্রশ্ন নং *৮৭০) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কলকাতা-বাংলাদেশ রাষ্ট্রীয় পরিবহন চালু করার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিবহন চালু করা হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ইহা সত্য যে, রাজ্য সরকার কলকাতা-ঢাকা রাষ্ট্রীয় পরিবহন চালু করার পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) উক্ত পরিবহন চালু করার বিষয়ে রাজ্য সরকার ভারত সরকারের ভূতল পরিবহন মন্ত্রকের কাছে নির্দিষ্ট প্রস্তাব পাঠিয়েছে এবং উক্ত মন্ত্রকের সঙ্গে যোগাযোগ রেখেছে।

**চিৎপুর লক গেটের উপর উড়ালপুল**

*৫৬৭।(অনুমোদিত প্রশ্ন নং *২০৫) **শ্রী তারক ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার চিৎপুর লক গেটের উপর একটি উড়ালপুল নির্মাণের কাজ কোন পর্যায়ে আছে ;

(খ) কোনও বিদেশি সংস্থার সঙ্গে এই উড়ালপুল নির্মাণের জন্য চুক্তি হয়েছে কি না ;

(গ) হলে, সংস্থাটির নাম কি ;

(ঘ) এটি নির্মাণে কত টাকা ব্যয় হবে ; এবং

(ঙ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উক্ত উড়ালপুল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) না। তবে জাপানের ও ই সি এফ সংস্থার কাছ থেকে উড়ালপুল নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ ঋণ হিসাবে পাওয়া যাবে।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) আনুমানিক ২৬ কোটি ৪৫ লক্ষ টাকা।

(ঙ) ২০০১ সাল নাগাদ।

### নয়াগ্রাম ব্লকে বৈদ্যুতিকরণ

*৫৬৮।(অনুমোদিত প্রশ্ন নং *৯৬৯) **শ্রী সুভাষচন্দ্র সরেন :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম-এলাকার নয়াগ্রাম ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণের পরিকল্পনার অগ্রগতি কিরূপ ; এবং

(খ) কবে নাগাদ উক্ত ব্লকের বৈদ্যুতিকরণ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৮১ সালে ডিসেম্বর অনুযায়ী নয়াগ্রাম থানার ২৯৭টি বসতিপূর্ণ মৌজার মধ্যে ৩১-১২-৯৬ তারিখ পর্যন্ত ৭টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে।

(খ) বাকি মৌজাগুলিতে বিদ্যুৎ সরবরাহ করতে গেলে প্রথম প্রয়োজন অর্থ বরাদ্দ। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া যেতে পারে। এতদঞ্চলে ৩৩ কে ভি উপকেন্দ্র স্থাপিত না হলে যথাযথ বিদ্যুতায়ন সম্ভব নহে। এ ছাড়া উচ্চচাপ পরিবাহী লাইন টানার জন্য বন বিভাগের প্রয়োজনীয় অনুমোদনও দরকার। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ও বন বিভাগের অনুমোদন সাপেক্ষে বৈদ্যুতিকরণ সম্পূর্ণ করতে কমপক্ষে চার পাঁচ বছর সময় লাগবে।

### কলকাতা ও তৎসংলগ্ন-এলাকায় চালু দোতলা বাসের সংখ্যা

*৫৬৯।(অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮) **শ্রী জটু লাহিড়ি :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১:৯৬ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কলকাতা ও তৎসংলগ্ন এলাকায় কতগুলি দোতলা বাস চালু আছে ; এবং

(খ) উক্ত বাসগুলি তুলে দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১টি দোতলা ও ২২টি ত্রিতলিকা।

(খ) আপাতত নেই।

### Average Daily Income of CSTC

*571.(Admitted Question No. *48.) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

what was the average daily income of CSTC during June 1995 to January 1996?

**Minister-in-charge of the Transport Department :**

Daily average income of C.S.T.C. during the period from June 95 to January 96 was as follows :-

| | Rs. |
|---|---|
| City Service | : 6.38 lakhs |
| Long distance service | : 4.99 lakhs |
| Overall C.S.T.C. | Rs. 11.37 lakhs |

### নন্দীগ্রাম-কলকাতা বাস সার্ভিস

*৫৭৩।(অনুমোদিত প্রশ্ন নং *৬৩৯) **শ্রী দেবীশঙ্কর পান্ডা :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নন্দীগ্রাম-কলকাতা রুটে সাউথ বেঙ্গল বাস সার্ভিস চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তরে 'হ্যাঁ' হলে কবে নাগাদ তা চালু হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### বৈদ্যুতিকরণের জন্য গৃহীত স্কীম

*৫৭৪।(অনুমোদিত প্রশ্ন নং *১৩২২) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য গৃহীত স্কীমগুলি বাস্তবায়িত করার ক্ষেত্রে গ্রামবাসী বা গ্রাহকদের মোট খরচের শতকরা ২৪ ভাগ দেওয়ার নিয়ম আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না, ইহা সত্য নহে।

**ব্যাঙ্ক ড্রাফট ভাঙ্গানোর গাফিলতি**

*৫৭৫।(অনুমোদিত প্রশ্ন নং *৬৬৩) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ব্যাঙ্ক ড্রাফট সময়মতো না ভাঙ্গানোর ফলে পরিবহন দপ্তরের গাফিলতিতে রাজ্য সরকারের বেশ কয়েক কোটি টাকা লোকসান হয়েছে ;

(খ) সত্যি হলে, এই বাবদ লোকসানের মোট পরিমাণ কত ; এবং

(গ) উক্ত গাফিলতির বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জাতীয় পারমিট স্কীমে পশ্চিমবঙ্গ রাজ্যের জন্য প্রেরিত ব্যাঙ্ক ড্রাফটগুলির অধিকাংশই মেয়াদ উত্তীর্ণ হয়েই ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে পরিবহন দপ্তরে জমা হয়। তাই ওদের পুনঃমেয়াদীকরণ করে সময়মতো ভাঙানো সম্ভব হয়নি। পরিবহন দপ্তর পুনঃমেয়াদিকরণের চেষ্টা করেও বিফল হওয়াতে প্রেরিত ব্যাঙ্ক ড্রাফটগুলি সময়মতো ভাঙানো সম্ভব হয়নি। সময়মতো ভাঙাতে পারলে বেশ কিছু রাজস্ব আগেই জমা পড়তে পারত।

(খ) বিভিন্ন রাজ্য থেকে মেয়াদ উত্তীর্ণ হয়ে পশ্চিমবঙ্গের জন্য প্রদেয় কর ব্যাঙ্ক ড্রাফট মারফৎ আসে। ওই ব্যাঙ্ক ড্রাফটগুলির পুনঃমেয়াদীকরণ করার জন্য যে রাজ্য থেকে ওগুলি আসত সেখানেই পাঠানো হত। তাতে পুনঃমেয়াদিকরণ করে ওই প্রাপ্ত ব্যাঙ্কড্রাফটগুলি ফিরে আসত না। তাই পরিবহন দপ্তর ব্যাঙ্ক ড্রাফটগুলির পুনঃমেয়াদিকরণ পশ্চিমবঙ্গের কোনও ব্যাঙ্কের মাধ্যমে করা যায় কিনা তার চেষ্টা করেছিল ও পাওয়া ব্যাঙ্ক ড্রাফটগুলি ধরে রাখতে বাধ্য হয়েছিল। পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের অনুমোদন নিয়ে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কলকাতা শাখা পরিবহন দপ্তরের হয়ে পুনঃমেয়াদিকরণের দায়িত্ব নেওয়াতে সমস্ত জমিয়ে রাখা ড্রাফট স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কলকাতা শাখায় পাঠানো হয়েছে। ওদের কাছ থেকে পুরো টাকার হিসাব তারিখ অনুযায়ী পাওয়ার পর সময়মতো না ভাঙানোতে কত ক্ষতি সরকারের হল সেটি জানানো সম্ভব হবে।

(গ) 'খ'-এ বলা ব্যবস্থানুযায়ী বর্তমানে যেসব ব্যাঙ্কড্রাফট মেয়াদ উত্তীর্ণ হয়ে পরিবহন দপ্তরে বিভিন্ন রাজ্য থেকে আসছে সেগুলো সঙ্গে সঙ্গেই স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কলকাতা শাখায় পাঠানো হচ্ছে। বিভিন্ন রাজ্যকেও চিঠি পাঠানো হয়েছে যাতে তারা মেয়াদ থাকতে থাকতে আমাদের রাজস্ব বিষয়ক ব্যাঙ্ক ড্রাফটগুলি সময়মতো পাঠায়।

**আড়ংঘাটায় সরকারি বাস সার্ভিস**

*৫৭৭।(অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৮) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রানাঘাট ২নং ব্লকের আড়ংঘাটায় সরকারি বাস চালানো এবং বাস টার্মিনাস তৈরির কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

**মৎস্য চাষীদের অনুদান**

*৫৭৮।(অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৭) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ বর্ষে রাজ্য সরকার মৎস্য চাষীদের জন্য কত টাকা অনুদান দিয়েছে ; এবং

(খ) তন্মধ্যে বাঁকুড়া জেলায় কত?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ (২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত) বর্ষে রাজ্য সরকার মৎস্য চাষীদের জন্য যথাক্রমে ৩৪৪.১০ লক্ষ টাকা ও ১৩০.৭৭ লক্ষ টাকা অনুদান দিয়েছেন। উক্ত অনুদানের মধ্যে বার্ধক্য ভাতার জন্য মৎস্য চাষীদের প্রদত্ত অর্থ অন্তর্ভুক্ত করা হয়নি।

(খ) তন্মধ্যে বাঁকুড়া জেলায় ১৯৯৫-৯৬ বর্ষে ১১.৫৮ লক্ষ টাকা এবং ১৯৯৬-৯৭ বর্ষে (২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত) ৪.৪০৬ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে।

**সালানপুর বরাবনী ব্লকে বৈদ্যুতিকরণ**

*৫৭৯।(অনুমোদিত প্রশ্ন নং *১৪৫১) **শ্রী মানিক উপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূবর্ক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলায় সালানপুর ও বরাবনী ব্লকের মৌজাগুলিতে বৈদ্যুতিকরণ হয়েছে কি না ; এবং

(খ) না হলে, সরকার এ-ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাপ্ত তথ্য অনুযায়ী বর্ধমান জেলার সালানপুর থানার ৬৫টি গ্রামীণ মৌজার মধ্যে

৫৪টি মৌজা এবং বারবনী থানার ৫০টি গ্রামীণ মৌজার মধ্যে ৪৩টি মৌজা ভারজিন হিসাবে বিদ্যুতায়িত হয়েছে।

(খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে জেলা পরিষদ বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবশিষ্ট মৌজাগুলিতে পর্যায়ক্রমে বিদ্যুতায়ন করা যেতে পারে।

**দীঘায় আধুনিক বাস-টার্মিনাস**

*৫৮০।(অনুমোদিত প্রশ্ন নং *১১৪৭) **শ্রী মৃণালকান্তি রায় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, দীঘাতে একটি অত্যাধুনিক বাস-টার্মিনাস তৈরি করা হচ্ছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হ্যাঁ।

**মালদা জেলার গ্রামীণ বৈদ্যুতিকরণ**

*৫৮১।(অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৫) **শ্রী সমর মুখার্জি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ চলছে ;

(খ) সত্যি হলে, ৩১এ ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত মালদা জেলার কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে ; এবং

(গ) তন্মধ্যে রতুয়া থানা-এলাকায় কতগুলি মৌজা ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) মালদা জেলার মোট ১৬১৫টি গ্রামীণ মৌজার মধ্যে ৩১এ ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত ১৫৯৬টি মৌজা ভারজিন হিসাবে বিদ্যুতায়িত হিসাবে ঘোষিত হয়েছে।

(গ) মালদা জেলার রতুয়া থানা এলাকার ১৩৫টি গ্রামীণ মৌজার মধ্যে ১৩৪টি মৌজা ঐ সময় ভারজিন হিসাবে বিদ্যুতায়িত হয়েছে। কেবল গোবিন্দপুর মৌজা বাকি আছে।

**কোন্নগর থেকে বাবুঘাট লঞ্চ সার্ভিস**

*৫৮২।(অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বালি থেকে বাবুঘাট পর্যন্ত লঞ্চ সার্ভিসটিকে উত্তরপাড়া বাজার ও কোন্নগর বাজার ফেরিঘাট পর্যন্ত সম্প্রসারিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে সৌর চুল্লির সংখ্যা**

*৫৮৩।(অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৩) **শ্রী নির্মল ঘোষ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১-১-৯৫ পর্যন্ত রাজ্যে স্থাপিত (জেলাওয়ারি) সৌর চুল্লির সংখ্যা কত ; এবং

(খ) নতুন কতগুলি সৌর চুল্লি স্থাপনের পরিকল্পনা আছে (আনুমানিক ব্যয়সহ)?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৫১৬টি। জেলাওয়াড়ি হিসাব ঃ—

| | |
|---|---|
| কলকাতা | ১৮০টি |
| হাওড়া | ৩৫টি |
| হুগলি | ৮৪টি |
| উত্তর ২৪ পরগনা | ৪০টি |
| দক্ষিণ ২৪ পরগনা | ২৩টি |
| বর্ধমান | ৫০টি |
| বাঁকুড়া | ৭টি |
| বীরভূম | ২৪টি |
| মেদিনীপুর | ১৯টি |
| মুর্শিদাবাদ | ১২টি |
| পুরুলিয়া | ২টি |
| নদীয়া | ১৮টি |
| জলপাইগুড়ি | ২১টি |
| দার্জিলিং | ১টি |
| | ৫১৬টি |

(খ) রাজ্যে দুটি সৌর সামগ্রী বিক্রয় কেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রথমটি আলিপুর ও দ্বিতীয়টি নরেন্দ্রপুরে। সৌর চুল্লি সরাসরি সৌরসামগ্রী বিক্রয় কেন্দ্র থেকে বিক্রয় করা হয়। একেকটি সৌর চুল্লির আনুমানিক মূল্য ১৪০০ টাকা।

**কলকাতা-ঝাড়গ্রাম বাস চলাচল**

*৫৮৪।(অনুমোদিত প্রশ্ন নং *১৭০৯) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা-ঝাড়গ্রাম ভায়া খড়গপুর বাস চালানোর কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) কলকাতা-পুরুলিয়া ভায়া ঝাড়গ্রাম এবং হলদিয়া-পুরুলিয়া ভায়া ঝাড়গ্রাম সরকারি বাস সার্ভিস (১) কি কারণে বন্ধ আছে ; এবং

(২) উক্ত বাস সার্ভিস কবে থেকে পুনরায় চালু হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) (১) নিম্ন আয়ের জন্য দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার উক্ত রুট দুটি বন্ধ আছে।

(২) নিম্ন আয়ের জন্য আপাতত চালু করা সম্ভব হচ্ছে না।

**বহরমপুর থেকে কলকাতা লঞ্চ সার্ভিস**

*৫৮৫।(অনুমোদিত প্রশ্ন নং *১৫২৯) **শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বহরমপুর থেকে কলকাতা পর্যন্ত গঙ্গাবক্ষে লঞ্চ চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, তা কোন পর্যায়ে আছে ; এবং

(গ) কতদিন নাগাদ চালু করা হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কতিপয় বেসরকারি সংস্থার (ডি সি এল) তরফ থেকে বহরমপুর হইতে কলকাতা পর্যন্ত গঙ্গাবক্ষে লঞ্চ চালাবার প্রস্তাব আছে।

(খ) নাব্যতার অভাবে কার্যকর করা যায়নি।

(গ) বলা সম্ভব নয়।

## গোয়ালতোড়ে সাব-স্টেশন

*৫৮৬।(অনুমোদিত প্রশ্ন নং *২০৬১) **শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোয়ালতোড়ে সাব-স্টেশন নির্মাণের কাজটি কি অবস্থায় আছে ;

(খ) উক্ত কাজটি কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত কাজটির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) প্রশ্নে বর্ণিত সাব-স্টেশনটি নির্মাণের জন্য প্রয়োজনীয় ১.৯৬ একর জমির মধ্যে ১.৭২ একর খাস জমি চিহ্নিত হলেও, বিদ্যুৎ পর্ষদের অনুকূলে হস্তান্তরিত না হওয়ায়, এখনও কোনও নির্মাণ কার্য শুরু করা যায়নি। বাকি ০.২৪ একর রায়তি জমি অধিগ্রহণের ব্যবস্থাও এখনও করা যায়নি।

(খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে জমি পাওয়ার পর এক বৎসরের মধ্যে কাজ শেষ করা যাবে।

(গ) আনুমানিক ২১০ লক্ষ টাকা।

## Damaged and Rundown Buses

*587. (Admitted question No. *1704.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) the total number of damaged and rundown state buses lying idle in different state garages; and

(b) whether the Government have prepared any plan to undertake repairs of the damaged buses in a big way or alternatively, it is contemplating to hand over the buses to private operators ?

**Minister-in-charge of the Transport Department :**

(a) Total Nos. of damaged & rundown buses lying idle are as follows :-

SBSTC —274 Nos. buses,

SBSTC —270 Nos. buses

CSTC —473 Nos. buses,

CTC —Nil Nos. buses

Total : 1017 Nos. buses.

(b) The Govt. have prepared a plan to undertake repairs of the damaged buses in phases. No such decision has been taken to handover the buses to private operators.

**সাগরদীঘির তাপবিদ্যুৎ কেন্দ্র**

*৫৮৮।(অনুমোদিত প্রশ্ন নং *২১৫০) **শ্রী ঈদ মহম্মদ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুসারে মুর্শিদাবাদ জেলার সাগরদীঘির প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সাগরদীঘি তাপ বিদ্যুৎ প্রকল্পের প্রথম পর্যায়ের (২×৫০০) মেগাওয়াট ক্ষমতাযুক্ত দুটি ইউনিট-তৈয়ারি-পরিচালন হস্তান্তর (B-O-T) এর ভিত্তিতে বাস্তবায়নের জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড, ডেভেলপমেন্ট কনসালট্যান্টস লিমিটেড, দি কুলজিয়ান কর্পোরেশন ও তাদের সহ-যোগীদের মধ্যে সমঝোতা অনুসারে গত ১২-২-৯৬ তারিখে সাগর দীঘি পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নামে একটি যৌথ উদ্যোগ কোম্পানি নথিভুক্ত হয়। ভারতের বৈদেশিক বিনিয়োগ উন্নয়ন পর্ষদ (FIPB) ইতিমধ্যে প্রকল্পটি কে ছাড়পত্র দিয়েছে। কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা (C.E.A.) গত ৩১-৩-৯৬ তারিখে উক্ত প্রকল্পটিকে বিভিন্ন বাণিজ্যিক ও আর্থিক চুক্তি ব্যবস্থাদি গ্রহণের সুবিধার্থে নীতিগত ছাড়পত্র দেয়। বিভিন্ন আর্থিক ব্যবস্থাদি ও বিভিন্ন ধরনের বকেয়া ছাড়পত্র, যা এখনও পর্যন্ত সাগরদীঘি পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর নামে নামান্তকরণ হয়নি, সেগুলি সহ বিস্তারিত প্রকল্প প্রতিবেদন আগামী ৩১এ মার্চ, ১৯৯৭ তারিখের মধ্যে কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থার নিকট পাঠানোর হবে যাতে উক্ত সংস্থা প্রকল্পটিকে অনতিবিলম্বে অর্থ কারিগরি ছাড়পত্র দিতে পারে। কেন্দ্রীয় সরকারের পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র ও কয়লাখনির সঙ্গে সংযোগ সম্পর্কিত ছাড়পত্র এখনও সাগরদীঘি পাওয়ার জেনারেশন কোম্পানির নামে নামান্তরকরণ হয়নি।

**নামখানা থেকে সীতারামপুর ফেরি সার্ভিস**

*৫৮৯।(অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৫) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পাথরপ্রতিমা এলাকায় জলপথ পরিবহনের মাধ্যমে যাতায়াতের সুবিধার জন্য নামখানা থেকে সীতারামপুর ভায়া রামগঙ্গা ভূতল পরিবহন নিগমের অধীন 'ভেসেল চালনার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কোন পর্যায়ে আছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত নৌকা**

*৫৯০।(অনুমোদিত প্রশ্ন নং *১৮০৯) **শ্রী সুভাষ নস্কর :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত নৌকা চলাচল নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার কোনও বিধি বা নিয়মাবলী প্রণয়ন করেছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না।

**চাঁচোল ডিপোয় বাসের সংখ্যা**

*৫৯১।(অনুমোদিত প্রশ্ন নং *১৯১৮) **শ্রী মহবুবুল হক :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলায় চাঁচোল ডিপোর চালু বাসের সংখ্যা কত ;

(খ) ঐ সংখ্যা বাড়ানোর পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ বাড়তি বাস চালু করা হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৮ (আট)

(খ) আছে।

(গ) আগামী আর্থিক বছরে।

(At this stage the House was adjourned till 2-00 p.m.)

(After recess)

## OBITUARY REFERENCE

[2-00 — 2-06 p.m.]

**Mr. Speaker :** I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Bijoy Singh Nahar, Former Deputy Chief Min-

ister of West Bengal who breathed his lost on the 15th June, 1997 following cardiac Failure. He was 91.

Shri Nahar was born on November 7, 1906 at Azimganj in Murshidabad. He was educated at Metropolitan Institution. Bowbazar, St. Xevier's College, Calcutta and Calcutta University. He had joined the Freedom movement under the leadership of Mahatma Gandhi and C. R. Das while a student. Soon he became on eminent student and youth leader. He joined Bipin Behari Ganguly's revolutionary party Atmonnati Samity. In 1970 he was elected a member of Bengal Provincial Congress Committee. Later he became a disciple of Netaji Subhas Chandra Bose. He was externed from Bengal for six months in 1932 for his active involvement in the freedom struggle. He served in various organisation in different capacities. He also actively participated in Quit India movement and was imprisoned during 1942-45. From 1933 to 1944 he served the Calcutta Corporation as a Councillo . He was also the Aldermen of Calcutta Corporation from 1957 to 1961, member of Municipal Service Commission from 1952 to 1957, member of Calcutta University Senate from 1957 to 1967. He was also life member of Asiatic Society of India. Ashutosh Museum Committee and General Council of Research Institute of **Prakrit Sainology and Ahimsa.** He was once the Vice-President of Bengal Provincial Students Association. He also held various position in Congress during a long period of time. He was the Treasurer of West Bengal Pradesh Congress Committee from 1948 to 1949 and from 1958 to 1960, the General Secretary of West Bengal Pradesh Congress Committee from 1950 to 1958 and was the President of West Bengal Pradesh Congress Committee from 1969 to 1971. He joined Janata Party in 1977. He was the editor of Oswal 'Nabayubak (Hindi)', 'Tarun Jain (Hindi)', 'weekly Deshpriya (Bengali)' and 'Madhya Kalikata (Bengali)' Journals. He also possessed keen interest in sports and culture and was the Manager of Indian Boxing Team at the Helsinki Olympics in 1952. He was the President of Sporting Union Club, Rajasthan Club, Taltala Public Library and Secretary of Girindra Balika Vidyalaya. He led the Indian delegation at I.L.O. conference at Geneva in 1966. He was very much interested in collection of Indian Printings and coins and rare books.

Shri Nehar proved himself to be a good Parliamentarian and a good administrator. He was a member of the West Bengal Legislative Council from 1946 to 1947 and from 1952 to 1957, was a member of West Bengal Legislative Assembly from 1957 to 1977 and a member of Lok Sabha from 1977 to 1979. He was the Minister of Labour and Information from 1952 to 1967 and Minister for Transport, Excise For-

est Department in 1968. He was also the Deputy Chief Minister in 1971 in the West Bengal State Cabinet.

At the demise of Shri Nahar the State has lost a veteran freedom fighter, political leader, a good administrator and a Social Worker.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members rose in their seats for 2 minutes as a mark of respect to the deceased.)

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

**Adjournment**

The House was then adjourned at 2-06 p.m till 11 a.m. on Tuesday, the 17th June, 1997 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 17th June, 1997 at 11.00 a.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 5 Ministers of State, and 125 Members.

[11-00 — 11-10 a.m.]

### Held Over Starred Questions (to which written Answer was laid on the Table)

**চাল উৎপাদন হ্রাস**

*৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৩) **শ্রী অজয় দে :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৫ সালের তুলনায় ১৯৯৬ সালে চাল উৎপাদন হ্রাস পেয়েছে ;

(খ) সত্যি হলে, এর কারণ কি ; এবং

(গ) উৎপাদন বৃদ্ধিতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) গত ১৯৯৬ সালের চাল উৎপাদনের পরিসংখ্যান এখনও চূড়ান্ত না হওয়ায়, ১৯৯৫ সালের চাল উৎপাদনের সঙ্গে তুলনামূলকভাবে ১৯৯৬ সালে চাল উৎপাদন হ্রাস পেয়েছে, তা বলা যাবে না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) উৎপাদন বৃদ্ধিতে সরকার কৃষি উপকরণগত ও কৃষি প্রযুক্তিগত বিষয় দুটির ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। এ সবের মাঠে প্রয়োগের ওপরও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

### Starred Questions (to which oral Answers were given)

*৫৯২। **মিঃ স্পিকার :** আচ্ছা, এটা পরে হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** না, স্যার, আপনি আমাকে ডেকেছেন। চার মাস আগে প্রশ্ন করেছি, আর আপনি হেল্ড ওভার করে দিচ্ছেন।

**Mr. Speakèr :** The Minister has communicated to the Office that he has held up because of break down of his car. He is making alternative arrangeme to come. We are passing the question for the moment.

**লোক-সংস্কৃতি গ্রাম**

*৫৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭) **শ্রী আবু আয়েশ মন্ডল :** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'লোক-সংস্কৃতি গ্রাম' তোলার কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা নেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, কোথায় এই 'লোক-সংস্কৃতি গ্রাম' গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(গ) উক্ত পরিকল্পনা রূপায়ণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

(ক) হ্যাঁ।

(খ) কলকাতা কর্পোরেশনের ১০৯ নং ওয়ার্ডের কালিকাপুর মৌজায়।

(গ) নকসা চূড়ান্ত করার কাজ চলছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি বললেন যে লোক-সংস্কৃতি গ্রাম গড়ে তোলার জন্য নকশা তৈরির কাজ চূড়ান্ত ভাবে তৈরি হচ্ছে। আমি জানতে চাইছি, এই লোকসংস্কৃতি গ্রাম যে এলাকায় হবে বললেন, মোট কত পরিমাণ জমির উপরে এটি গড়ে উঠবে ; এবং এরজন্য কত টাকা খরচ হবে ; এবং যে টাকা খরচ হবে তাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও সাহায্য পাওয়া যাবে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমাদের জমির হিসাব হচ্ছে ৯.৫৯ একর খাস জমি, আমরা এই ভেস্টেড ল্যান্ড যেটা পেয়েছি, এখানেই এটা করব। আর এর পূর্ণাঙ্গ যে প্রকল্পটি হচ্ছে, এর জন্য মনে হচ্ছে এক কোটি টাকার মতো খরচ হবে। এইজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩৯ লক্ষ ৫৭ হাজার টাকার প্রতিশ্রুতি পেয়েছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** লোকসংস্কৃতি গ্রাম যেটি গড়ে উঠতে চলেছে, রাজ্য স্তরে একটি গবেষণামূলক কেন্দ্র হবে, এতে রাজ্যে সর্বস্তরের আদিবাসী ও লোক-সংস্কৃতি শিল্পী যারা আছেন তারা কিভাবে সাহায্য পাবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমাদের কেন্দ্রে অনেকগুলো কাজের ব্যাপার আছে। একটি হচ্ছে প্রিজার্ভেশন। তারজন্য একটি মিউজিয়াম থাকবে। আর একটি হচ্ছে প্রমোশন—বিভিন্ন

ডিস্ট্রিক্টে পঞ্চায়েতের মাধ্যমে আমাদের সংগঠন গড়ে উঠেছে। বিভিন্ন জেলাতে লোকসংস্কৃতির বিষয়গুলো আছে এবং তাতে বিভিন্ন রকম সাহায্যের বিষয়গুলোও থাকবে। এখানে পাবলিকেশন হবে, গ্রন্থাগার বিষয়ক থাকবে, মিউজিয়াম এবং ট্রেনিংয়ের ব্যবস্থা থাকবে। এখানে বাৎসরিকভাবে একবার করে লোক-সংস্কৃতির উৎসব এই সেন্টারগুলোতে হবে এবং সেখানে সমস্ত জেলার থেকে লোকশিল্পীরা অংশগ্রহণ করতে পারবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আপনার ফোক ট্রাইব্যাল সেন্টার যে করা হবে সেটা রাজ্যের ব্লকস্তরে লোকচর্চার কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা আছে কি না জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** কেন্দ্রীয়ভাবে এই ফোক এবং ট্রাইব্যাল কালচারাল সেন্টার যেটা করা হবে তার কমিটি আমরা তৈরি করেছি। এটা দেখার জন্যে গোটা রাজ্যে ব্লক এবং জেলা পরিষদে পঞ্চায়েতের মাধ্যমে যোগাযোগ রক্ষা করা হবে। পঞ্চায়েতের শিক্ষা এবং সংস্কৃতির যে সহায়ক কমিটি আছে তারাই যোগাযোগ করে এই কাজটা করবে।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী বিধানসভাতে বললেন যে ওনার ১০৯ নং ওয়ার্ডে লোকসংস্কৃতির গ্রাম গড়ে তোলার পরিকল্পনা আছে, আমি এই প্রসঙ্গে জানতে পারি কি, বেঙ্গল চেম্বার অফ কমার্সের ইন্ডাস্ট্রিজের পক্ষ থেকে একটা ক্র্যাফট ভিলেজ বা কারুশিল্পের গ্রাম তৈরি করছে, এর সঙ্গে লোক-সংস্কৃতি গ্রামের কোনও সম্পর্ক আছে কি না এবং আমার যতটুকু ধারণা এই দুটিই খুব পাশাপাশি, সেই কারণে এগুলোকে ডেভেলপ করার জন্য এবং সমন্বয় করার কোনও পরিকল্পনা আছে কি না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আপনি যেটা বলেছেন সঠিকই বলেছেন যে, বেঙ্গল চেম্বার অফ কমার্স একটা ক্র্যাফট ভিলেজ বা কারুশিল্প গ্রাম করার পরিকল্পনা নিয়েছে এবং এতে মূলত হ্যান্ডি ক্র্যাফটের বিষয়গুলো থাকবে। বিভিন্ন জেলার থেকে মূলত কারু শিল্প বিষয়ক জিনিস এনে বাণিজ্যিক ভিত্তিতে করা হবে। বিশেষ করে ট্যুরিস্টদের আকর্ষণের জন্যে এটা করা হবে। এখানে শুধুমাত্র হ্যান্ডি ক্র্যাফটের বিষয় থাকবে। আর লোক সংস্কৃতি বলতে লোক নৃত্য, লোক সঙ্গীত এগুলো এর মধ্যে থাকবে অর্থাৎ লোকসংস্কৃতি বিষয় প্রোমোট করার জন্য এই সেন্টার করা হবে আর ক্র্যাফট ভিলেজটাতে কারুশিল্প বিষয়ক হবে এবং এটা সম্পূর্ণ বাণিজ্যিকভাবে তৈরি হবে।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য যে উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলাতে বিশেষ করে ডুয়ার্স এলাকায় যে ২০টি অ্যাথেনিক গোষ্ঠী রয়েছে, তাদের জীবন ধারণ নিয়ে চর্চার জন্য এবং কালচারাল দিকটা দেখার জন্যে কোনও কালচারাল রিসার্চ সেন্টার করবেন কিনা, কারণ ওখানে যে ভৌগোলিক অবস্থান তাতে এই ২০টি অ্যাথেনিক গোষ্ঠী যে রয়েছে, তারা প্রায়ই ক্ষয়িষ্ণু হয়ে এসেছে, তাদেরকে সংরক্ষণের জন্য কোনও কালচারাল রিসার্চ সেন্টার করার পরিকল্পনা আছে কি না, কেননা লোকসংস্কৃতি গ্রাম জলপাইগুড়ি জেলা এবং কুচবিহারে করার পরিকল্পনা নিয়েছেন, সেখানে সি. আর. আই করার কোনও পরিকল্পনা ওই অঞ্চলে আছে কি না জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমরা খানিকটা অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছি যে, লোকসংস্কৃতির কেন্দ্র আমার, আপনার জেলা এবং প্রত্যন্ত এলাকার মধ্যে নিয়ে যেতে হবে। আপনার জেলায় মেজ, রাভা এদের নিয়ে চর্চা করা হচ্ছে। এরজন্য একেবারে নিচু স্তরে অর্থাৎ তৃণমূলে যোগাযোগ রক্ষা করতে হবে। এটা গুরুত্বপূর্ণ বিষয়। সেখানে রিসার্চ সেন্টার করতে গেলে তার বই প্রকাশ করতে হবে এবং এই বিষয়ে অভিজ্ঞ লোকের দরকার। ঝাড়গ্রামে এই রিসার্চ সেন্টার করতে গিয়ে খুব অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। এরজন্য লোকজন প্রচুর চাই। এই ব্যাপারে একেবারে মাটির তলা পর্যন্ত যোগাযোগ করতে হবে। আপনি যে অঞ্চলের রিসার্চ সেন্টার করার কথা বলছেন, সেটা করলে সেটাকে জীবন্ত করা সম্ভব হবে না বলে আমার অভিজ্ঞতা।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী সঞ্জীবকুমার দাস :** আপনি শুরু করেছেন একটা জায়গা থেকে আপনার তো একটা পরিকল্পনা আছে, সারা রাজ্যে এই রকম কতকগুলি লোক সংস্কৃতি গ্রাম করবেন, বছরে কয়টি করবেন এবং কিসের ভিত্তিতে এটা চার্জ করছেন, হোয়াট আর দি নর্মস?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি যে কেন্দ্রের কথা বলছি, এটা রাজ্য স্তরের কেন্দ্র। এটা একটাই হবে। প্রথমে কেন্দ্র থেকে প্রতিটি জেলায় জেলাস্তরে এবং তারপরে পঞ্চায়েত সমিতি স্তরে এবং গ্রাম স্তর পর্যন্ত পঞ্চায়েত স্থায়ী কমিটির মাধ্যমে যাবে। রাজ্য স্তরে যে কেন্দ্র করেছি এটা প্রত্যেক জায়গায় হওয়া সম্ভব নয়। এছাড়াও আমাদের কয়েকটি জেলা কেন্দ্র যেমন পুরুলিয়া, ঝাড়গ্রাম, আলিপুরদুয়ার, সিউড়িতে এই রকম ৪টি কেন্দ্র আছে যেখানে আমাদের লোক সংস্কৃতির অনেকগুলি ধারা আছে। সেখানে জেলা ভিত্তিক যাতে করতে পারি, প্রতিটি গ্রামে হবে না, এটা হচ্ছে রাজ্য স্তরের কেন্দ্র।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় আমি জানতে চাই, আদিবাসীদের সম্পর্কিত যে সংস্কৃতি, যে অরিজিনাল সংস্কৃতি সেটাকে ডেভেলপ করার জন্য রাজ্য সরকারের তরফ থেকে কতকগুলি কেন্দ্র স্থাপনের কথা ভাবা হচ্ছে? এছাড়াও লোক সংস্কৃতির দিক থেকে আদিবাসী ছাড়াও পিছিয়ে পড়া শ্রেণী অর্থনৈতিক দিক থেকে, সংস্কৃতির দিক থেকে এই রকম অনেক আছে, তাদেরও কিছু কিছু নিজেদের সংস্কৃতি আছে, সেইগুলিকে ডেভেলপ করার জন্য আপনি কোনও ব্যবস্থা নেবেন কি না বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমাদের লক্ষ্য শুধু আদিবাসী সংস্কৃতি নয়, এটাকে বলছি লোকসংস্কৃতি, লোকসংস্কৃতির একটা দিক। আদিবাসী ছাড়াও আমাদের বিভিন্ন সম্প্রদায়ের মানুষজন আছেন অর্থাৎ পিছিয়ে পড়া মানুষজন, এইসবগুলিই তাদের সঙ্গে যুক্ত হবে, এটার নাম হচ্ছে লোক সংস্কৃতি ও আদিবাসী চর্চা কেন্দ্র।

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, রাজ্য স্তরে লোকসংস্কৃতি কেন্দ্রের ব্যাপারে যে নির্দিষ্ট এলাকার কথা বললেন, ডুয়ার্স এলাকায়, বাঁকুড়ায় ইত্যাদি জায়গায় ; এই লোকসংস্কৃতি আপনি ভাল করেই জানেন, বিভিন্ন এলাকায় বিভিন্ন রকমভাবে গড়ে উঠেছে।

যেমন মালদার গম্ভীরা, মুর্শিদাবাদের আলপান, নদীয়ার বোলান এইগুলি লোক-সংস্কৃতির একটা বড় অঙ্গ। যদিও এইগুলি ক্ষয়িষ্ণু, অপসৃয়মান। এই সমস্ত শিল্পীরা যারা চলে যাচ্ছে তাদের বাঁচানো যাচ্ছে না, আপনি সংস্কৃতির আধুনিকীকরণের জন্য সুনির্দিষ্ট নীতি বা পরিকল্পনা গ্রহণ করেছেন, এইক্ষেত্রে পঞ্চায়েত সমিতির স্ট্যান্ডিং কমিটিগুলিকে অংশগ্রহণের চেষ্টা করছেন। বিভিন্ন গ্রামে যারা এই লোকসংস্কৃতি নিয়ে কাজ করছেন, তাদেরকে অবলম্বন করে শহরের লোকরা থিসিস করছেন, ডক্টরেট করছেন, তাদের সঙ্গে মিলেমিশে আত্মসংস্কৃতির বিশ্লেষণ করে ডক্টরেট করছেন। এখন কথা হচ্ছে, শুধু স্ট্যান্ডিং কমিটি নয়, যারা সংস্কৃতির ধারাকে বজায় রেখেছেন তাদের কে কিভাবে এর সঙ্গে অংশগ্রহণ করানো যায় সেটাও দেখতে হবে। কারণ দেখা যাবে, এর জন্য প্রচুর অর্থ ব্যয় হবে, যারা থিসিস করেছেন, ডক্টরেট করেছেন তারা ঢুকে পড়লেন, ফলে লোকসংস্কৃতির ব্যাপারটা উঠে গিয়ে একটা আধুনিক হযবরল ব্যাপার হয়ে যাবে। তাই এই লোক সংস্কৃতিকে নিয়ে যারা চর্চা করছেন তাদেরকে অন্তর্ভুক্ত করার জন্য কোনও বিধিবিধান রাখবেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মূল প্রশ্ন আপনি যেটা করলেন, নিছক কলকাতা থেকে একটা অ্যাকাডেমি এক্সারসাইজ করছেন কিনা। আমরা সেটা করতে চাইছি না, আপনি জেলাতে লক্ষ্য করে থাকবেন আমরা সেই স্তরে গিয়ে তাদেরকে উৎসাহিত করি, তাদেরকে নিয়ে ওয়ার্কশপ করি, তাদের গানগুলোকে রেকর্ড করি, প্রিসার্ভ করি, তাদের ইনস্ট্রুমেন্টগুলো রক্ষা করি এবং বেশ কিছু ক্ষেত্রে অনুদান দেওয়া এবং বৃদ্ধ শিল্পীদের ভাতা দেওয়া এই ধরনের কাজগুলো আমরা আমাদের কর্মসূচির মধ্যে রেখেছি। মুর্শিদাবাদ জেলায় যেসব মূল ধারা আছে তাদের কাছে গিয়ে আমরা পৌছতে পেরেছি আলকাফ এবং সেই ধরনের যেসব শিল্পীরা আছে তারা এখন খানিকটা পাদপ্রদীপের আলোয় এসে পৌছতে পেরেছে।

**শ্রীমতী শান্তা ছেত্রী :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে বলবেন কি, দার্জিলিং পাহাড়ি এলাকায় লোকসংস্কৃতি গ্রাম গড়ে তোলার জন্য এবং লোক-সংস্কৃতির বিকাশের জন্য সরকার কোনও পরিকল্পনা করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** সরকারের সব পরিকল্পনা ডি. জি. এইচ. সি.-র হাতে দিয়ে দেওয়া হয়েছে। সঙ অ্যান্ড ড্রামা ইউনিট, রবীন্দ্রভবন, যার নাম দেওয়া হয়েছে গোর্খা রঙ্গ মঞ্চ এবং ওল্ড প্রিন্টিং প্রেস এসব ডি. জি. এইচ. সি.-র হাতে দিয়ে দেওয়া হয়েছে, ওরা যা করবে তাই হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় যে লোকসংস্কৃতি গ্রাম গড়ে তোলার কথা বললেন গ্রামীণ এলাকায়, সেই কলকাতা শহরের উপর এই লোকসংস্কৃতি গ্রাম আপনি করছেন। বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া যে সমস্ত জায়গায় লোকসংস্কৃতি নিয়ে চর্চা হচ্ছে, যেখানে তাদের বিপদ আছে, তারা খানিকটা প্রোটেকশন চাইছে সেখানে না করে আপনি শহর কলকাতায় করবেন বলেছেন। আর জয়ন্ত বাবুরা যখন বলবেন, তখন আপনি বলবেন, শহরমুখী চিন্তা ধারা করে আমাদের চিন্তাধারাকে নষ্ট করে দেওয়া হচ্ছে। আপনি লোক সংস্কৃতি গ্রাম দক্ষিণ বাংলায় বা উত্তর বাংলায় না করে, আপনার নিজের বিধানসভা কেন্দ্র এবং কলকাতার উপকণ্ঠে করতে চাইছেন কেন, এর পেছনে যুক্তিটা কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এই কেন্দ্রের লক্ষ্যটা কি, অবজেক্ট কি এবং সোসাইটির প্রোগ্রামটা আপনার কাছে আমি পাঠিয়ে দবে। লোকসংস্কৃতির একটা দিক হচ্ছে তৃণমূল স্তরে গিয়ে সেই শিল্পীদের সঙ্গে সরকারের যোগাযোগ স্থাপন, তাদের উৎসাহিত করা এবং তাদের সাহায্য করা। সিউড়ি, ঝাড়গ্রাম, আলিপুরদুয়ারে কেন্দ্র খোলা হয়েছে এবং আমরা পঞ্চায়েত সমিতি এবং গ্রাম স্তরে গিয়ে অজস্র উৎসব বা ওয়ার্কশপের কাজ করছি। তবে এই গবেষণামূলক কাজ, প্রিজারভেশনের কাজগুলো গ্রামে বসে করা সম্ভব নয়, তারজন্য ইনফ্রাস্ট্রাকচার দরকার। সাত, আটজন অ্যাকাডেমিশিয়ান তারা কাজ করে যাচ্ছে এইসব কাজ করতে গিয়ে যেসব জিনিসপত্র লাগে সেটা কোনও গ্রামের মধ্যে গিয়ে আমরা কাজ করতে পারি না। আমাদের প্রধান কাজ হচ্ছে তথ্য সংগ্রহ করা। বিকেন্দ্রীকরণের সঙ্গে সঙ্গে ম্যাক্রো এবং মাইক্রো লেভেলে আমাদের কাজ করতে হয়। পুরুলিয়া বা ঝাড়গ্রামে বসে এই কাজ আমরা করতে পারব না। সেইজন্য আমরা রাজ্যের কেন্দ্রটা কলকাতায় করেছি এবং একটা রুর‍্যাল টাচ রাখার জন্য যাদবপুর বা সন্তোষপুর অঞ্চলে আমরা করেছি। যদিও সেই অঞ্চলটা কর্পোরেশনের মধ্যে, কিন্তু মূলত সেটা একটা গ্রাম। তাদের আমরা জায়গাটা দিয়ে দিয়েছি। কিন্তু এই কেন্দ্রের যে কাজ এবং পরিকল্পনা সেটা কোনও গ্রামে বা দূরবর্তী জেলায় বসে করা যায় না।

## সব্জির মূল্যবৃদ্ধি

*৫৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৫০১) **শ্রী পঙ্কজ ব্যানার্জি :** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাজারে আলুসহ অন্যান্য সব্জির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণ কি ; এবং

(খ) মূল্যবৃদ্ধিরোধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :**

(ক) বর্তমানে আলু ও অন্যান্য শাকসব্জির বাজার মূল্য স্বাভাবিকই আছে। তন্মধ্যে শীতকালীন সব্জিগুলির দাম অপেক্ষাকৃত কম এবং গ্রীষ্মকালীন সব্জির মূল্য সামান্য বেশি।

(খ) এ ব্যাপারে কোনও প্রশ্নই উঠে না।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীকে যে প্রশ্নটা করেছিলাম। তাতে উনি বললেন এটা পুরনো প্রশ্ন। আমি তার কাছে জানতে চাইছি যে আপনারা তো জানতেন যে আলুর উৎপাদন বৃদ্ধি পাবে। তো এই উৎপাদন বৃদ্ধি পেলে তার রক্ষণাবেক্ষণ, সংরক্ষণের কোনও ব্যবস্থা করেছিলেন কি যে এই পরিমাণ আলু হবে, তার এস্টিমেট করে, সেই এস্টিমেট অনুযায়ী আলু সংরক্ষণের কোনও ব্যবস্থা করেছিলেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা আসে না। তবুও আমি উত্তর দিচ্ছি। সংরক্ষণ গত ৫০ বছরে যা হয়েছে আমরা এটা বৃদ্ধি করবার চেষ্টা করছি। আলুর উৎপাদন যা বেড়েছে, যা হয়েছে সেটা একদিনে ব্যবস্থা করা সম্ভব না। আমরা চেষ্টা করছি যতটা সম্ভব করা যায়। ৫০ বছরে যা হয়ে আছে এক বছরে সেটা করা সম্ভব না। এটা আপনিও বোঝেন, আমরাও বুঝি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** আপনি তো এক বছর মন্ত্রী হয়েছেন। আপনার মন্ত্রিসভা গত ২০ বছর ধরে কি করেছে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** আজকে বাজেটে আলোচনা হবে। তখন আপনাকে বলতে পারব ২০ বছরে আমরা কতটা কি করতে পেরেছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** আলুর বন্ড নিয়ে যে কেলেঙ্কারি হয়েছে তা আপনি জানেন। এমন লোক আলুর বন্ড পেয়েছে যারা কোনওভাবেই চাষবাসের সঙ্গে যুক্ত নয়। আপনি নিজেও বলেছেন যে এইরকম ঘটনা ঘটেছে। আপনি এ নিয়ে পদত্যাগও করতে গিয়েছিলেন। এই ব্যাপারে সঠিক কি পদক্ষেপ নেওয়ার চেষ্টা করেছেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন এখানে অপ্রাসঙ্গিক তাও আমি ওনার প্রশ্নের উত্তর দিচ্ছি। প্রথম কথা হচ্ছে যে আমি কখনও পদত্যাগ করতে চাইনি। এটা ঠিক নয়। এটা কাগজে বেরিয়েছিল মাত্র। আমি তার প্রতিবাদ করেছি। দ্বিতীয় কথা হচ্ছে যে আমরা যে কটা অভিযোগ পেয়েছি প্রত্যেকটার তদন্ত করেছি, তার ব্যবস্থা আমরা করেছি। আমাদের ইনফ্রাস্ট্রাকচার যেটুকু ছিল, আপনাদের প্রতিনিধিদের সঙ্গে বসে থেকে, একভাবে বসে আমরা ব্যবস্থা করেছিলাম। তার মধ্যে কিছু ত্রুটি হয়নি আমি এমন কথা বলব না। কিন্তু এর থেকে ভাল ব্যবস্থা আপনাদের যদি কিছু জানা থাকে, এর থেকে ভাল ব্যবস্থা যদি কিছু করা যায় আমাকে বলবেন, আমি করব। সেটা আমাদের বলুন, তখন আমরা করব। কিন্তু আমরা যেটুকু করেছি, এই ব্যবস্থা ভারতের কোথাও নেই।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয়, গ্রামবাংলার আলু চাষীরা আলু সংরক্ষণের ব্যবস্থা না থাকায় আলু মাটির নিচে পচিয়ে ফেলতে বাধ্য হচ্ছে। এছাড়া চাষীরা ৫০ পয়সা রেটে আলু ফোড়েদের কাছে বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। এতে ওরা সর্বস্বান্ত হচ্ছে। পাটের ক্ষেত্রে আখের ক্ষেত্রে সহায়ক মূল্য দেওয়া হয়। এক্ষেত্রেও সহায়ক মূল্য দিয়ে সরকার আলু চাষীদের সর্বস্বান্ত হওয়ার হাত থেকে বাঁচানোর কোনও ব্যবস্থা করেছেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় সদস্যকে বলছি যে, আমরা যদি সহায়ক মূল্য করতাম, তাহলে আমাদের কিনতে হত। কিন্তু আমরা রাখতাম কোথায়? তখন আপনারাই বলতেন দুর্নীতি হচ্ছে। জুট কর্পোরেশন সহায়ক মূল্য করে। কিন্তু তাদের ইনফ্রাস্ট্রাকচার আছে। সব জায়গায় তাদের গোডাউন আছে। কোল্ড স্টোরেজের অভাব ছিল বলেই আলু রাখতে পারিনি। কিন্তু আলু যাতে বাইরে নিয়ে যাওয়া হয়, তার জন্য সাবসিডি দেওয়ার

কথা ঘোষণা করেছি এবং সাবসিডি দেওয়ার কথা বলেছি। কিন্তু আমাদের ইনফ্রাস্ট্রাকচার ছিল না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** আলু চাষীরা আলু চাষ করে আলুর যে প্রোডাকশন কস্ট, তার নিচে বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। কিন্তু তাতে তারা আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই ব্যাপারে কোনও কিছু ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** আমরা এই বছরেই এক তৃতীয়াংশ সংরক্ষণ বাড়াবার চেষ্টা করছি। অর্থাৎ যা আছে, আরও ৮০টা কোল্ড স্টোরেজ বাড়াবার চেষ্টা করছি। সেইজন্য এই ব্যাপারে ডব্লু. বি. আই. ডি. সি. এবং ডব্লু. বি. এফ. সি. টাকা দেবেন। এরপর আমরা করব। তবে সেটা এক বছরের মধ্যে হবে কিনা জানি না। এই বছর আরম্ভ করার চেষ্টা করছি। এবার বোরোতে জল পাওয়া যায়নি। সেইজন্য আলু চাষ বেশি হয়েছে। কিন্তু আলু চাষ এইভাবে বাড়ল, এটা আমরা ধারণা করলেও, আমাদের কিছু করার ছিল না। এটা স্বীকার করতে আপত্তি নেই। এর কারণ হচ্ছে অন্য গোডাউন ভাড়া করে আলু রাখা যেত না।

**শ্রী রবীন ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয়, ২০ বছর আগে কতগুলি কোল্ড স্টোরেজ ছিল। কত আলু উৎপাদন হয়েছিল। আজকে কত আলু উৎপাদন হয়েছে। এই আলু বেশি পরিমাণে উৎপাদন বামফ্রন্টের আমলেই হয়েছে। জিনিসপত্রের যেভাবে দাম বাড়ছে, তা রোধ করবার চেষ্টা করছেন কি? কারণ কালোবাজারিরা সুযোগ নিয়ে জিনিসপত্রের দাম বাড়িয়ে দিচ্ছে। এক্ষেত্রে রেট অনুযায়ী যাতে বিক্রি হয়, তার ব্যবস্থা করবেন কি?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** ১৯৯৪ সালে আলুর উৎপাদন ছিল ৫১.৭১ লক্ষ মেট্রিক টন। তখন হিমঘরের ধারণ ক্ষমতা ছিল ২২ লক্ষ ২ হাজার মেট্রিক টন। ১৯৯৫ সালে আলুর উৎপাদন ছিল ৫৫.৫৮ লক্ষ মেট্রিক টন। তখন হিমঘরের ধারণ ক্ষমতা ছিল ২৪.৩৩ লক্ষ মেট্রিক টন। ১৯৯৬ সালে আলুর উৎপাদন হয়েছিল ৬২.৫৮ লক্ষ মেট্রিক টন। তখন হিমঘরের ধারণ ক্ষমতা ছিল ২৬.৪৭ লক্ষ মেট্রিক টন। ১৯৯৭ সালে আলুর উৎপাদন হয়েছে ৭২ লক্ষ মেট্রিক টন এবং এখন হিমঘরের ধারণ ক্ষমতা বেড়েছে ৩০ লক্ষ মেট্রিক টন। আমরা ৪ বছরের মধ্যে গত বছরে ৪ লক্ষ মেট্রিক টন আমরা বাড়িয়েছি এবং আপনাদের বলতে আমার আপত্তি নেই যে, এছাড়া প্রায় ৩ লক্ষ মেট্রিক টন ওভার লোডিং হয়েছে, সেটা এর মধ্যে আছে। ৪ বছরের মধ্যে ৮ লক্ষ মেট্রিক টন বাড়াতে পেরেছি।

**শ্রী অসিত মিত্র :** গত বছরে আলু চাষীরা অনেক ক্ষতিগ্রস্থ হয়েছিল। আপনারা জানেন হর-পার্বতী এবং আরও কয়েকটা কোল্ড-স্টোরেজে আলু ব্যাপকভাবে নষ্ট হয়। তার ফলে আলু চাষীরা ক্ষতিগ্রস্ত হয়েছে। এই আলু চাষীরা বার বার আবেদন করার পরও তারা কোল্ড-স্টোরেজের মালিকদের কাছ থেকে ঠিকমতো কমপেন্সেশন পায়নি। আমরা নিজেরা গিয়েও দেখেছি যে, ঐ সমস্ত কোল্ড-স্টোরেজের আলু নষ্ট হওয়ার ফলে চাষীরা কিভাবে

ক্ষতিগ্রস্ত হয়েছে। এরকম অনেক চাষী আমার কেন্দ্রে আছে। এবারে আলু চাষীরা প্রচন্ড দুরবস্থার মধ্যে পড়েছে। হয়ত কিছু লোক বন্ড পেয়েছে, কিছু লোক বন্ড পায়নি। কিছু ফিকটিসাস লোক বন্ড পেয়েছে। এবারে আলুর উৎপাদন ৭২ লক্ষ মেট্রিক টনের কাছাকাছি। গ্রামে গ্রামে আলু পচে যাচ্ছে। যার ফলে সামান্য যে মূলধন নিয়ে আলু চাষীরা আলু চাষ করেছিল তা তারা হারাতে বসেছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনারা এই সমস্ত আলু চাষীদের কোনও রিলিফ বা সাবসিডি পঞ্চায়েতের মাধ্যমে বা পঞ্চায়েত সমিতির মাধ্যমে দেওয়ার কথা ভাবছেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি বলতে চাই যে, আমি এ ব্যাপারে আপনার সঙ্গে একমত আছি। কৃষকদের খুব কষ্ট হয়েছে। তবে কমপেন্সেশন, পাচ্ছে না বা পায়নি এটাও ঠিক। এ ব্যাপারে আমরা এ বছর টাস্ক-ফোর্স করতে যাচ্ছি। আমরা কমপেন্সেশন দিই না। কমপেন্সেশন দেয় ইনকিওরেন্স কোম্পানি। গতবছর আমাদের কৃষি মন্ত্রী পোলবা-দাদপুরে ২১ লক্ষ টাকার বীজ বিনা পয়সায় সরবরাহ করেছিলেন। এ বারে আমি দিল্লি গিয়েছিলাম কৃষিমন্ত্রীর সাথে কথা বলেছিলাম এই কমপেন্সেশন দেওয়ার ব্যবস্থা করার জন্য। ইন্সিওরেন্স কোম্পানি নানা অজুহাত দেখিয়ে কমপেন্সেশন দেয় না। এই কমপেন্সেশন যাতে ঠিকমতো পাওয়া যায় তার জন্য আমরা গভর্নমেন্টের পক্ষ থেকে কিছু করা যায় কি না তার জন্য ভাবছি।

ক্ষতিপূরণের ব্যাপারটা নিয়ে আমরা ভাবছি কি করে কি করা যায়। আমরা এবারে ঠিক করেছিলাম, পরবর্তীকালে মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছিলেন, কিছু সাবসিডি দিয়ে আলুগুলো পাঠাব। কিন্তু সেইগুলো এমন ভাবে খারাপ হয়ে গেছে যে, কিছুই করা যাবে না। এই ব্যাপারে আমরা খুব দুঃশ্চিন্তাগ্রস্ত আছি। অন্যান্য বার মে মাসে কোল্ড স্টোরেজগুলো খুলে যায়, কিন্তু এবার এখনও খোলেনি। দেড় মাস হয়ে গেল, এখন ৩০ লক্ষ টন আছে। কোল্ড স্টোরেজের আলুর দামও পাবে কি না, এই নিয়ে চিন্তিত আছি। আমরা চেষ্টা করেছিলাম কিছু আলু বাইরে পাঠানো যায় কিনা। এই জন্য বাংলাদেশ, নেপাল, মেঘালয়ে গিয়েছিলাম। ইতিমধ্যে ২৫ হাজার মেট্রিক টন আলু শ্রীলঙ্কায় পাঠানো হয়েছে। আলু যদি বাইরে পাঠানো না যায়, তাহলে কোল্ড স্টোরেজের আলুর দামও পাবে না। এই নিয়ে চিন্তা-ভাবনা করছি। এই নিয়ে মাননীয় অর্থমন্ত্রী বলুন, কি ক'রে কি করা যায়। আগামী বারে আলুর কার্ড তৈরি করার জন্য কৃষি বিভাগকে বলেছি। সেটা কিভাবে সুষ্ঠুভাবে করা যায়, সেটা দেখে আমরা আগামীবার আলুর নীতি নির্ধারণ করব।

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** আলু ছাড়াও অন্যান্য সবজি আছে। সেসবের দামও ক্রমবর্ধমান এবং এখানকার চাহিদা অনুযায়ী উৎপাদন হচ্ছে না। সুষম খাদ্যের ক্ষেত্রে আলু ছাড়া অন্যান্য সবজির চাহিদা পূরণের জন্য বাইরের কোনও রাজ্য থেকে আনার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** সব জিনিসের দাম যখন বাড়ছে, তখন চাষীর জিনিসের দাম বাড়বে না, এটা ঠিক নয়। শুধুমাত্র কনজিউমারদের কথা ভাবলেই হবে না, চাষীরা যাতে

তাদের জিনিসের ন্যায্য দাম পায়, সেটাও দেখতে হবে। আমরা সার্ভে করছি, দেখছি কলকাতার আশেপাশে কোন সবজি কোন সময়ে কম হয়। সেটা বাড়াবার জন্য কৃষি বিভাগের সঙ্গে আলোচনা করছি। চাষী যাতে ন্যায্য দাম পায় এবং কৃষি উৎপাদনও যাতে বাড়ে, এই উভয় দিকই রক্ষা করতে হবে। তার জন্য চিন্তা-ভাবনা করছি। একটি সংস্থাকে দায়িত্ব দিয়েছি, তারা দেখবে গোটা কলকাতায় শাক-সবজির প্রয়োজনীয়তা কত, আর ডেফিসিট কত। যেখানে যেখানে ঐসব জিনিসের দাম পাওয়া যায় না, সেখান থেকে যাতে আনা যায় তারজন্য চিন্তা-ভাবনা করছি।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী রবীন মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় অবগত আছেন যে, সারা ভারতবর্ষের মধ্যে আমাদের হুগলি জেলাতে সব চেয়ে বেশি আলু উৎপন্ন হয়। হুগলি জেলার বিভিন্ন গ্রাম—হরিপাল, তারকেশ্বর, পুড়শুরা এবং আরও অন্যান্য গ্রামে এখন মাঠে আলুর কে. জি. ৫০ থেকে ৭৫ পয়সা। বহু আলু মাঠে পচে গেছে। এই আলু পচে যাওয়াতে সেখানকার চাষীরা তারকেশ্বর এবং বর্ধমান মেইন লাইন অবরোধ করে। পুলিশ সেখানে গিয়ে লাঠি-চার্জ করে এবং টিয়ার গ্যাস ছোঁড়ে। গত বছর হরপার্বতী এবং হারিৎ কোল্ড স্টোরেজে বহু বস্তা আলু পচে নষ্ট হয়ে গেছে। এ ব্যাপারে আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু সেই চাষীরা কোনও ক্ষতিপূরণ পায়নি। যে গোষ্ঠীর পরিচালন ব্যর্থতায় আলু পচে গেল তাদের বিরুদ্ধে কোনও আইনগত ব্যবস্থা আপনার দপ্তর থেকে নেওয়া হয়নি। কেন হয়নি? দ্বিতীয় কথা হচ্ছে, বিভিন্ন কোল্ড স্টোরেজে পুনরায় যাতে হরপার্বতী বা হারিৎ কোল্ড স্টোরেজের মতো অবস্থা না হয় তার জন্য যেখানে ওভার লোডিং হয়েছে বা ইন্সিওরেন্স করা হয়নি তাদের জন্য কি ব্যবস্থা নিয়েছেন? হারিৎ-এর চাষীদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছিল। আপনি এই হাউসে বলেছিলেন, মিথ্যা মামলা তুলে নেবেন, কিন্তু এখনও পর্যন্ত সেই কেস তুলে নেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় জেনে রাখুন, আপনাদের দলের লোকের বিরুদ্ধে আজকে বন্ড কেলেঙ্কারির অভিযোগ উঠছে। কমিউনিস্ট পার্টির লোকেরা প্রতি বছর বন্ড ব্ল্যাক করছেন। এ ব্যাপারে যদি আপনি কিছু বলেন।

**মিঃ স্পিকার :** হবে না, এটা হবে না।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল :** চাষীরা আলু যাতে ২/৩ মাসের জন্য রাখতে পারে তার ব্যবস্থা করতে পারলে মাঠে আলু পচে যাওয়া বন্ধ হবে এবং চাষীরাও বাজার পাবেন। এর জন্য আপনারা কোনও উদ্যোগ বা ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** কোল্ড স্টোরেজের যারা জায়গা বৃদ্ধি করতে চান তাদের লাইসেন্স দেওয়া হচ্ছে। অন্য পদ্ধতির মধ্যে, কাগজে যা বলেছে, আমরাও দেখছি, এটা ঠিক, সব জায়গায় হয়নি। বোম্বের ভাবা ইনস্টিটিউট এ ব্যাপারে অ্যাটমিক এনার্জি দিয়ে কিছু করার চেষ্টা করছিল। আমাদের লোক সেখানে যাচ্ছে, দেখে আসবে। তবে আমরা শুনেছি, এটা ফুল-প্রুফ হয়নি। এখানে গ্রেট ইস্টার্ন হোটেলেও এ নিয়ে কিছু আলোচনা হয়েছিল। তবে সত্যি কথা বলতে গেলে, কিছু করতে পেরেছি—এটা এখনই বিধানসভায় দাঁড়িয়ে বলতে

পারছি না। তবে চিন্তা-ভাবনার মধ্যে রেখেছি। আবার, এ বিষয়ে জার্মানিতে নাকি কিছু কিছু ব্যবস্থা আছে। সেখানেও লোক পাঠাবার ব্যবস্থা করছি। এ বিষয়ে আপনাদের যদি কোনও সাজেশন থাকে তাহলে নিশ্চয় জানাবেন।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** আপনি নেপাল, মিজোরামে আলু বিক্রির কথা বললেন।

আপনি কখন গেলেন? যখন দেখলেন আলু পচতে আরম্ভ করেছে, মাঠেই আলু রয়ে গেল, চাষীরা আলু বিক্রি করতে পারল না, নষ্ট হল। এতে আমার মনে হয় যখন আলু চাষ হয়েছিল তখন আপনি নিশ্চয়ই বুঝতে পেরেছিলেন যে আলুর প্রোডাকশন অনেক বেশি হবে, কতটা আলু কোল্ড স্টোরেজে সংরক্ষণ করা যাবে, কতটা বিদেশে রপ্তানি করা যাবে। আমার মনে হয় আপনি পরিকল্পনা নিতে ব্যর্থ হয়েছেন। আপনি ব্যর্থ এবং মন্ত্রিসভাও ব্যর্থ। এর জন্য হাজার হাজার চাষী ক্ষতিগ্রস্ত হয়েছে। আপনার কি মনে হয় না যে এই পরিকল্পনা আপনার অনেক আগেই নেওয়া উচিত ছিল?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্নের উত্তর দিতে হবে না।

**শ্রী বংশীবদন মৈত্র ঃ** মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন যে আলু সহ অন্যান্য সবজির মূল্যবৃদ্ধি হলে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। কিন্তু আমাদের হুগলি জেলায় খানাকুল অঞ্চলে দেখেছি সমস্ত রকম শাক-সবজির দাম খুব কমে গেছে, সেই হিসাবে আলুর দাম ৬০ কেজির প্যাকেট ২০-২২ টাকা দাম। একে রোধ করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং বিকল্প কোনও ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি? যেমন ফুড প্রসেসিংয়ের মাধ্যমে কিছু করা যায় কি না, কোল্ড স্টোরেজের ব্যবস্থা করা যায় কি না?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় সদস্যকে বলি সবজি সংরক্ষণের ব্যবস্থা আমরা এখনও করতে পারিনি। তবে যেখানে সবজির দাম খুব কমে যাচ্ছে সেই সবজিগুলি কলকাতা শহরে আনার জন্য যদি আমাদের ভরতুকি দিতে হয় এবং এই কাজগুলি যদি সমবায় সমিতি করেন তাহলে তাদের সাহায্য করার কথা আমরা ভাবব।

## 'পুলিশ মিউজিয়াম'

*৫৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৫) **শ্রী সুকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে 'পুলিশ মিউজিয়াম' তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত মিউজিয়াম নির্মাণে কত অর্থ খরচ হবে বলে আশা করা যায়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) কলকাতা পুলিশের উদ্যোগে "কলকাতা পুলিশ মিউজিয়াম" তৈরি হয়েছে।

(খ) সঠিকভাবে এখনই বলা সম্ভব নয়।

[11-50 — 12-00 Noon]

**শ্রী সুকুমার দাস :** কি পার্সপেক্টিভে হঠাৎ পুলিশ মিউজিয়াম করার জন্য মাননীয় পুলিশমন্ত্রী মনস্থির করলেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** যে কোনও সভ্য সমাজে, সমস্ত রাষ্ট্রে পুলিশের কার্যাবলী নিয়ে মিউজিয়াম থাকে। বিশেষ করে আমাদের মতো দেশে যেখানে কলকাতার পুলিশ ব্রিটিশ আমল থেকে আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের যে ইতিহাস এবং তার সঙ্গে কলকাতা পুলিশের যে ভূমিকা কলকাতার পুলিশ সে সময়ে কি করেছে এই তথ্য জানার জন্য। আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস জানার যে উপাদানগুলি আছে তার মধ্যে অন্যতম হচ্ছে পুলিস রেকর্ডস। সে সবগুলো সাধারণ মানুষকে জানাবার জন্য আমরা দুটি লক্ষ্য ঠিক করেছি—একটা হচ্ছে মিউজিয়াম, সেখানে স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন ঘটনাবলী, পুলিসের কাজ-কর্ম ইত্যাদি প্রিজার্ভ করে তা মানুষকে দেখান। আর পুলিসের রেকর্ডের মধ্যে থেকে স্বাধীনতা আন্দোলনের সময়কার গোটা ইতিহাসটা প্রকাশ করা। এই দুটো দায়িত্ব আমরা নিয়েছি। আমার ধারণা এই কাজ আমাদের সমাজের পক্ষে, ভবিষ্যৎ প্রজন্মের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কলকাতা শহরকে ভিত্তি করে কলকাতা পুলিশের একটা মিউজিয়াম করতে চেয়েছেন স্বাধীনতা আন্দোলনে পুলিশের প্রেক্ষাপটকে তুলে ধরবার জন্য। আমার যতটুকু জানা আছে, তাতে আমি জানি যে, ব্রিটিশ আমলেই আমাদের দেশে পুলিশ মানুষের ওপর সব চেয়ে বেশি অত্যাচার করেছিল। তাহলে ফর দি এনলাইমেন্ট অফ দি নেক্সট জেনারেশন, শুধু সেই অত্যাচারের ব্যাপারগুলোকে মিউজিয়ামে ধরে রাখাটা যুক্তি-যুক্ত কিনা তা আমার বোধগম্য হচ্ছে না। এখন প্রশ্ন হচ্ছে সেই অবস্থায় সে সময়েও যে ভাল দিকগুলো ছিল—বিশেষ করে আমাদের মেদিনীপুর জেলায় স্বাধীনতা আন্দোলনের সময় প্রথম স্বাধীন সরকার প্রতিষ্ঠিত হয়েছিল এবং কিছু ব্রিটিশ আমলের পুলিশ অফিসার যে দৃষ্টিভঙ্গি নিয়ে সহযোগিতা করেছিল তাও কি তুলে ধরার মানসিকতা নিয়ে কলকাতার বাইরে অন্যান্য জেলাতেও মিউজিয়াম বা ঐ জাতীয় কিছু করার কোনও প্রচেষ্টা আপনাদের আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য এখানে দুটি বিষয় তুললেন। একটা বিষয় সম্পূর্ণ অ্যাকাডেমিক। সে বিষয়ে এখানে বলার কিছু নেই। ঐতিহাসিকদের সঙ্গে আলোচনা করেই আমরা এই সব করেছি। মোটামুটি সে যুগের পুলিশের ভূমিকার কথা আমরা সবাই জানি। কলোনিয়াল বা ঔপনিবেশিক যুগে পুলিশের ভূমিকা নিয়ে এখানে আর আলোচনা করতে চাই না। আপনি মিউজিয়ামে গেলে দেখতে পাবেন, ওখানে একটা সেকশান আছে, প্রেস্ক্রাইব বুকস, কি কি বে-আইনি হয়েছিল—শরৎচন্দ্রের 'পথের দাবি' যে বইটির ওপর বে-আইনি ছাপ মারা হয়েছিল সেটা ওখানে রাখা হয়েছে। নিশ্চয়ই সেটা রাখার গুরুত্ব আছে। তারপর '৪৬ সালের

দাঙ্গায় যেসব অস্ত্র ব্যবহার করা হয়েছিল সে সব রাখা হয়েছে। সেই লজ্জার এবং কলঙ্কের ইতিহাসের তা সাক্ষী। তারপর ১৯৪১-৪২ সালে জাপান কলকাতা শহরে দুটো বোমা ফেলেছিল, তার একটা ফাটেনি, সেটা ওখানে রাখা আছে। আমরা মনে করি আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের সময়ে ব্রিটিশ সরকারের পুলিশ কি ভূমিকা পালন করেছিল তা আমাদের নতুন প্রজন্মকে জানানো উচিত। এর থেকে তাদের একটা ধারণা সৃষ্টি হবে। আর দ্বিতীয় যে কথা আপনি বলছেন সেটা ঠিকই—তবে এটা প্রথমে আমরা কলকাতায় করতে পেরেছি, তার কারণ কলকাতায় অনেকগুলো সুযোগ সুবিধা ছিল এবং কলকাতা পুলিশের এই কাজ করার জন্য অনেক দিন আগে থেকেই উদ্যোগ নেওয়া হয়েছিল। এখন আমরা মনে করছি রাজ্য স্তরেও আমাদের এ রকম একটা মিউজিয়াম হওয়া দরকার। জেলায় জেলায় যা ছড়িয়ে আছে, বিশেষ করে মেদিনীপুর জেলার স্বাধীনতা আন্দোলনের ইতিহাস, সেখানে ব্রিটিশ আমলের পুলিশ কি ভূমিকা নিয়েছিল তা খানিকটা আমরা জানি, কিছু কিছু তথ্য, দলিল আমাদের কাছে আছে। সেটা নিয়ে একজন গবেষণা করছেন, কিছু বই প্রকাশ করার চেষ্টা হচ্ছে। একটা বই বেরিয়েছে, একজন অবসরপ্রাপ্ত অফিসার শ্রী সামন্ত সেটা লিখেছেন, 'টেরোরিজম ইন বেঙ্গল'। সেই বইটা গুরুত্ব পাচ্ছে। ইতিহাস সম্পর্কে আবশ্যিক ধারণা দেওয়ার জন্যই শুধু নয়, বা ঔপনিবেশিক আমলে ইংরাজদের ভূমিকাকে গ্লোরিফাই করার জন্যই করা হচ্ছে না। স্বাধীনতা আন্দোলনের তথ্যগুলোকে গুরুত্ব দেয়ার জন্যই এই মিউজিয়াম তৈরি করা হয়েছে।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন মিউজিয়াম তৈরি করার পরিকল্পনা আছে ব্রিটিশ আমলে পুলিশের ভূমিকা কি সেই সম্পর্কে। আমার প্রশ্ন হচ্ছে, ১৯৪৭ সালে স্বাধীনতার পর কংগ্রেসের আমলে পুলিশের ভূমিকা কি ছিল সেই সম্বন্ধে মিউজিয়ামে দেখাবার ব্যবস্থা করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্যকে জানাচ্ছি, আপাতত আমাদের সিদ্ধান্ত স্বাধীনতা পর্যন্ত অর্থাৎ ১৯৪৭ সাল পর্যন্ত এই মিউজিয়াম এবং প্রকাশনা যেগুলি করছি সেগুলি এই পর্যন্তই ছেদ টানছি। তারপর আর আসতে চাচ্ছি না। কিন্তু আপনি যে দিকটা বললেন অর্থাৎ স্বাধীনতার পরবর্তী সময়ে কংগ্রেস আমলে কি হয়েছে সেই মিউজিয়াম মানুষের মনে মনেই রয়ে গেছে।

**শ্রী পরেশ পাল :** স্বাধীনতা পর্যন্ত সমস্ত স্মারক হিসাবে আপনি মিউজিয়াম তৈরি করছেন। কিন্তু আপনাদের এই ২০ বছরের রাজত্বে পুলিশ যে অত্যাচার করেছে, ২১ জুলাইয়ের যে ঘটনা সেগুলি রাখার পরিকল্পনা করেছেন কি না? কারণ আপনি নাকি নিরপেক্ষ মন্ত্রী।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এই ২০ বছরও রাখব না এবং তার আগেকার ২০ বছর যখন আপনারা ছিলেন তখনও রাখব না। কংগ্রেস আমলে আপনি গ্রেপ্তার হয়েছিলেন পি. ডি. অ্যাক্টে সেটাও রাখব না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আপনি বলেছেন ব্রিটিশ আমলে বিশেষ করে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, স্বাধীনতা সংগ্রামের অনেক অনুদ্ঘাটিত ঘটনা সেগুলির পূর্ণাঙ্গ ইতিহাস রচনা এবং তার পূর্ণাঙ্গ ব্যবস্থা সাধারণ মানুষের সামনে আনার জন্য যে পরিকল্পনা নিয়েছেন তা অত্যন্ত অভিনন্দনযোগ্য। পুলিশের মহাফেজখানায় পুরানো অনেক দলিল দস্তাবেজ আছে। এগুলি সাধারণ মানুষের কাছে প্রকাশের জন্য শুধু মিউজিয়াম নয়—অতীত আমলের অনেক ইতিহাস পুলিশের তথ্য থেকে পাওয়া যাবে—এগুলি সাধারণ মানুষের কাছে প্রকাশের জন্য অন্য কোনও বিকল্প ব্যবস্থা অর্থাৎ মিউজিয়াম ছাড়া অন্য কোনও ভাবে প্রকাশ করার ব্যবস্থা করবেন কি? কারণ মিউজিয়ামে সেইভাবে মানুষ যাবে না, একে আরও ব্যাপকভাবে প্রকাশ করতে হবে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি বললাম একটা কমিটি তৈরি আছে। সেই কমিটির একটা কাজ হচ্ছে ক্যালকাটা মিউজিয়ামের এক্সটেনশন, স্টেট মিউজিয়াম তৈরি করা আর একটা কাজ হচ্ছে, পাবলিকেশন। ইতিমধ্যে কিছু বই প্রকাশ করেছে। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস পুলিশ রেকর্ড থেকে যে সমস্ত তথ্য পাওয়া গেছে সেগুলি নিয়ে নতুন পাবলিকেশনের উদ্যোগ নেওয়া হচ্ছে।

**শ্রী অশোককুমার দেব :** আপনি মিউজিয়ামে ইতিহাস ধরে রাখার চেষ্টা করছেন। এরজন্য নিশ্চয়ই একটা কমিটি হয়েছে। আপনি কি জানাবেন কারা কারা এই কমিটিতে আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমার হাতের কাছে এখন পুরো নামের তালিকা নেই। আমি সাধারণভাবে যেটা মনে করতে পারছি সেটা বলছি, শ্রী গৌতম চট্টোপাধ্যায়, শ্রী অতীশ দাশগুপ্ত, আই. এস. আর. শ্রী সুরঞ্জন দাস, কলকাতা বিশ্ববিদ্যালয়ে ইতিহাস পড়ান। এই ৩ জন কাজ করছেন। আমি কিছু লোককে যুক্ত করার চেষ্টা করছি।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের সময়ে পুলিশের ভূমিকা সম্পর্কিত বিভিন্ন জিনিস এই মিউজিয়ামে সংরক্ষিত থাকবে। এটা ঠিকই যে লালবাজারের মহাফেজখানাতে বিভিন্ন জিনিস সংগৃহীত ছিল। আমার জিজ্ঞাস্য, স্বাধীনতা আন্দোলনে কমিউনিস্টদের যে ডিভিসনের ভূমিকা ছিল সেই তথ্যগুলি সেখানে থাকবে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** কমিউনিস্টদের ভূমিকা নিশ্চয় সেখানে থাকবে। সেই ভূমিকা ডিভিসনের, না, দেশপ্রেমের সেটা মানুষই ঠিক করবেন।

## Starred Questions

## (to which written Answers were laid on the Table)

### 'গবাদি' প্রাণী চিকিৎসা প্রসারে প্রশিক্ষণ

*৫৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২৫) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামাঞ্চলে 'গবাদি' প্রাণী চিকিৎসা প্রসারের জন্য স্বল্প সময়ের প্রশিক্ষণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**দার্জিলিং-এ. আই. সি. ডি. এস. প্রকল্প**

*৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৫) **শ্রীমতী শান্তা ছেত্রী :** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দার্জিলিং জেলায় মোট আই. সি. ডি. এস. প্রকল্পের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত জেলায় নতুন কোনও প্রকল্প করার চিন্তা-ভাবনা সরকারের আছে কি না?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) দার্জিলিং জেলায় মোট অনুমোদিত আই. সি. ডি. এস. প্রকল্পের সংখ্যা ৯টি। ৬টি আই. সি. ডি. এস. প্রকল্প চালু আছে।

(খ) হ্যাঁ, আছে।

**দেগঙ্গায় নারী নির্যাতন**

*৫৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬) **শ্রী তপন হোড় :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দে-গঙ্গায় সম্প্রতি কয়েকজন মহিলা নির্যাতন এবং ধর্ষণ-এর শিকার হয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, পুলিশ এ-বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে নারী ধর্ষণ ও বধূ হত্যার সংখ্যা**

*৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯৮) **শ্রী কমল মুখার্জি :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালে রাজ্যে কয়টি নারী ধর্ষণ ও বধূ হত্যার ঘটনা ঘটেছে ;

(খ) উক্ত ঘটনায় সংশ্লিষ্ট অপরাধীদের গ্রেপ্তার করা হয়েছে কি না ; এবং

(গ) বিগত পাঁচ বছরে নারী ধর্ষণ ও বধূ হত্যাকারী অপরাধীদের কত জন সাজা পেয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নারী ধর্ষণ—৮৫৫।

বধূ হত্যা—১৫৯।

(খ) হ্যাঁ।

(গ) ২৬৭ জন।

**দুঃস্থ সাংস্কৃতিক জগতের মানুষদের জন্য অনুদানের পরিকল্পনা**

*৫৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩০) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতিক-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দুঃস্থ লেখক, কবি, সাহিত্যিক, প্রবন্ধকার ও নাট্যকার গ্রন্থ প্রকাশ করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে অনুদান দেওয়ার কোনও কর্মসূচি সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, বিগত আর্থিক বছরে কত জন এই ধরনের অনুদান পেয়েছেন?

**তথ্য ও সংস্কৃতিক-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলকাতার বিভিন্ন থানায় ভারপ্রাপ্ত মহিলা পুলিশ**

*৬০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭১) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে কলকাতার সব থানাতেই কমপক্ষে একজন করে মহিলা অফিসার আছে কি না ;

(খ) কলকাতা পুলিশে কত জন মহিলা ইন্সপেক্টর ও সাব-ইন্সপেক্টর আছে ; এবং

(গ) কলকাতা পুলিশের মোট সংখ্যার কত জন মহিলা পুলিশ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) ১২ (বারো) জন ইন্সপেক্টর এবং ৪৪ (চুয়াল্লিশ) জন সাব-ইন্সপেক্টর।

(গ) মোট ২৩,৩৪৬ (তেইশ হাজার তিনশ ছেচল্লিশ) জনের মধ্যে ৩১১ (তিনশ এগারো) জন মহিলা পুলিশ।

## দৈনিক দুধের চাহিদা

*৬০১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রী আবু আয়েশ মন্ডল :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে কলকাতা ও শহরতলি মিলিয়ে দৈনিক মোট দুধের চাহিদা কত ;

(খ) দুগ্ধ সরবরাহের পরিমাণ কত ; এবং

(গ) দুগ্ধ সরবরাহের উৎস কেন্দ্রভিত্তিক সরবরাহের পরিমাণ কত?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সর্বমোট ৩০ লক্ষ লিটার (প্রায়)

(খ) সরকারি দুগ্ধাগার থেকে দৈনিক গড়ে ২ লক্ষ ১৫ হাজার লিটার।

(গ) উক্ত পরিমাণ এইরূপ :

| | | | |
|---|---|---|---|
| ১) | কেন্দ্রীয় দুগ্ধাগার, বেলগাছিয়া | — | ১,৭৭,০০০ লিটার |
| ২) | হরিণঘাটা দুগ্ধাগার, নদীয়া | — | ৮,০০০ লিটার |
| ৩) | কৃষ্ণনগর দুগ্ধাগার, নদীয়া | — | ৮,০০০ লিটার |
| ৪) | বর্ধমান দুগ্ধাগার, বর্ধমান | — | ৭,০০০ লিটার |
| ৫) | দুর্গাপুর দুগ্ধাগার, বর্ধমান | — | ১৫,০০০ লিটার |

## কলকাতায় ভূগর্ভস্থ জলের স্তর

*৬০২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৪) **শ্রী তপন হোড় : জল অনুসন্ধান ও উন্নয়ন** বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতায় ভূগর্ভস্থ জলের স্তর উদ্বেগজনকভাবে নেমে যাচ্ছে ;

(খ) সত্যি হলে, প্রকৃত কারণ কি ; এবং

(গ) উক্ত বিষয়ে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এটা সত্যি নয়।

(খ) ইহা প্রযোজ্য নয়।

(গ) ইহাও প্রযোজ্য নয়।

**হলদিয়ায় সার কারখানা**

*৬০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৯) **শ্রী তপন হোড় :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হলদিয়ায় সার কারখানাটি পুরোপুরি বন্ধ হয়ে আছে ; এবং

(খ) সত্যি হলে, এ-বিষয়ে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে কারখানাটিতে উৎপাদন বন্ধ আছে।

(খ) পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন সময়ে কারখানাটির পুনরুজ্জীবনের জন্য ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং জোরালো দাবি জানিয়েছেন। এমনকি ভারত সরকারের সঙ্গে যৌথ মালিকানায় চালাবার প্রস্তাবও দিয়েছেন।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received three notices of Adjournment Motion.

The first one is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of Deterioration of Law and Order situation in the State. The second one is from Shri Sudip Bandyopadhyay on the subject of spurt in the number of dacoity in the State and the third one is from Shri Saugata Roy on the subject of death of five persons by electrocution in Siliguri Subdivision on 16. 06. 97.

The subject matter of the first notice is couched in general terms and cover a large number of cases. The notice of Adjournment Motion on the subject similar to the first notice was held out of order and rejected on 13. 06. 97. The subject matter of second Motion is also couched in general terms and is not on a definite matter as required

under Rules for Adjournment Motion. The first two notices are, therefore, out of order and I reject those.

The subject matter of the third Motion is not such that may call for Adjournment of the business of the House. The Member may call attention of the concerned Minister through Calling Attention, Mention Question etc.

I, therefore, withhold my consent to the third Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

**Shri Saugata Roy :** This Assembly do no adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :—

Five persons of a family died of electrocution in Samarnagar Colony near Maligara in Siliguri Sub-division when a high tension electric wire fall on their house on early Monday morning. This accident occurred due to carelessness of West Bengal State Electricity Board employees who recharged the line after the wire snapped. Just about 23 days ago in a nearby place on Chandmari Tea Estate 6 persons were killed when a high tension wire fell in the Chamta river. Serious preventive steps should be taken in the matter.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day I have received three notices of Calling Attention on the following subjects, namely :

| | | |
|---|---|---|
| 1. Irregular supply of ration commodities in the Kurseong Sub-division, Darjeeling | : | Smt. Shanta Chhetri |
| 2. Alleged non-arrest of criminals indulged in loot etc. in May 1997 at Anantapur in Birbhum District | : | Shri Suniti Chattarai |
| 3. Reported decoity in Calcutta—Mominpur Mini Bus On 16. 6. 97 | : | Shri Sailaja Kumar Das |

I have selected the notice of Shri Sailaja Kumar Das on the subject of Reported dacoity in Calcutta—Mominpur Mini Bus on 16.6.97.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The statement will be made on June 24, 1997.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-Charge of Home (Police) Department to make a statement on the subject of reported murder of one Kalipada Sarkar on 6. 6. 97 in North 24-Parganas district.

(Attention called by Shri Abdul Mannan on the 10th June, 1997)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

গত ৬ই জুন, ১৯৯৭ অত্যন্ত যাত্রীবহুল শিয়ালদহগামী বনগাঁ লোকালে অশোকনগর—কল্যাণগড় পুরসভার পুরপিতা কালীপদ সরকারকে গুলি করে হত্যা করার ঘটনা প্রসঙ্গে বিধায়ক শ্রী আবদুল মান্নান মহাশয়ের দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে আমি বক্তব্য রাখছি ঃ—

কালীপদ সরকার, অশোকনগর—কল্যাণগড় পুরসভার একজন পুরপিতা ছিলেন। তিনি বারাসত আদালতে মুহুরির কাজও করতেন। তিনি সাধারণত সকাল ৯টা ৩৮ মিনিটের ডাউন বনগাঁ—শিয়ালদহ ট্রেনে অশোকনগর স্টেশন থেকে বারাসত আদালতে যাওয়ার জন্য উঠতেন। ঐ ট্রেনটি অশোকনগরে সকাল ১০.৪৫ মিনিট নাগাদ পৌঁছায়।

৬ই জুন, ১৯৯৭ তারিখেও তিনি অশোকনগর স্টেশন থেকে ঐ ট্রেনটির একটি কামরায় ওঠেন। ট্রেনটি নিত্যযাত্রীদের ভিড়ে ঠাসা ছিল। ১১.০৫ মিনিট নাগাদ ট্রেনটি বিড়া স্টেশনে থামলে ঐ কামরায় আরও কয়েকজন যাত্রী ওঠেন।

ট্রেনটি বিড়া স্টেশন ছাড়ার পরেই ঐ কামরার যাত্রীদের মধ্যে ৫/৬ জন কালীপদ সরকারকে টেনে তুলে খুব কাছ থেকে তার মাথায় ও বুকে গুলি করে। তিনি ট্রেনের দরজার কাছে পড়ে যান। তারপর হত্যাকারিরা বিড়া স্টেশন থেকে দত্তপুকুরের দিকে আনুমানিক ১ কিলোমিটার দূরে কালীপদ সরকারের দেহটি চলন্ত ট্রেন থেকে ঠেলে ফেলে দেয়। দত্তপুকুর স্টেশনে ঢোকার আগে ট্রেনটির গতি কমে গেলে দুষ্কৃতিরা ট্রেন থেকে নেমে খানপাড়া—দত্তপুকুরের দিকে পালিয়ে যায়।

ট্রেনটি দত্তপুকুর স্টেশনে পৌঁছানোর পর দেখা যায় আরও ২ জন যাত্রী বুলেটে আহত হয়েছেন। তাদের মধ্যে একজন স্বরূপনগরের লবণ গোলার দেবাশিস দাস। গুলি

করার সময় তিনি জানালার ধারের একটি আসনে বসেছিলেন। তার ডান চোখের পাশে বুলেট বিদ্ধ হয়। অন্যজন রথীন্দ্রনারায়ণ চক্রবর্তী। তার পিঠেও বুলেট ঢুকে যায়। তাদের দুজনকে বারাসাত জেলা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়।

এই ঘটনার খবর শিয়ালদহ রেল পুলিশ দপ্তরে সকাল ১১.৪০ মিঃ নাগাদ পৌঁছায়। তৎক্ষণাৎ অফিসাররা পুলিশ বাহিনী নিয়ে বারাসাত অভিমুখে রওনা দেন।

প্রয়াত কালীপদ সরকার ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী) অশোকনগর—কল্যাণগড় লোকাল কমিটির সদস্যও ছিলেন।

জানা যায় যে, একটি ডাকাতির ঘটনায় লুণ্ঠিত দ্রব্য সামগ্রীর ভাগ নিয়ে কতিপয় দুর্বৃত্তের মধ্যে ঝগড়া শুরু হয় (বনগাঁ রেল পুলিশ কেস নং ২২ তাং ১৫/০৪/৯৪ ; ৩৯৫/৩৯৭ ধারা)।

এখন পর্যন্ত পুলিশের তদন্তে জানা যায় যে, এই হত্যাকান্ডটি একদল দাগী অপরাধী ব্যক্তিগত শত্রুতার বশে পরিকল্পনা অনুযায়ী সংঘটিত করে। এছাড়া বিগত ৬ মাসে অশোকনগর অঞ্চলে সংঘটিত আরও অন্তত দু'টি হত্যাকান্ডের জের হিসাবে এই ঘটনাটি ঘটেছে বলে মনে করা হচ্ছে।

গত ০৬/০৬/৯৭ তারিখে দত্তপুকুরের চালতা বেড়িয়ার রবীন্দ্র পল্লীর জনৈক ভবরঞ্জন হালদারকে পুলিশ গ্রেপ্তার করে, কারণ, জনসাধারণ অভিযোগ করে যে, ভবরঞ্জন দুষ্কৃতকারিদের আশ্রয় দিয়েছে এবং কালীপদ সরকারের খুনীদের পালিয়ে যেতে সে সাহায্য করেছে। তাকে প্রথম পর্বে ৪ দিনের জন্য পুলিশি হেপাজতে রাখার আদেশ হয়। এই মেয়াদ শেষে পরবর্তী আদেশ পর্যন্ত তাকে বিচার বিভাগীয় হেপাজাতে রাখা হয়েছে। তবে এখনও পর্যন্ত এই খুনের ঘটনায় তার প্রত্যক্ষ যোগাযোগের তেমন প্রমাণ পাওয়া যায়নি।

জেলা ও রেল পুলিশ যুগ্মভাবে বারাসাত, দত্তপুকুর, গুমা, বিড়া, হাবড়া, আমডাঙ্গা ও অশোকনগরে তল্লাসি অভিযান চালিয়েছে। কিন্তু, এ পর্যন্ত প্রকৃত সন্দেহভাজনদের গ্রেপ্তার করা যায়নি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী যে বিবৃতি দিলেন আমরা তার কপি পেয়েছি। কিন্তু দুভার্গ্যের বিষয় যে এখনও পর্যন্ত প্রকৃত অপরাধীকে গ্রেপ্তার করা হয়নি। উনি যে কথা বললেন, এর আগে সংবাদপত্রে একই বিবরণী বেরিয়েছে। আমরা সংবাদ পত্র থেকে যেগুলি জেনেছি, উনি সেই কথাই বলে গেলেন। আমাদের হাউসের একজন মাননীয় সদস্য তিনি সংবাদ পত্রে বিবৃতি দিয়ে বলেছেন যে, খুনিকে আমরা চিনি এবং সেই সদস্য হাউসে উপস্থিত আছেন। আরও একজন ওনার ক্যাবিনেট কলিগ, তিনি বলেছেন যে এটা রাজনৈতিক হত্যাকান্ড এবং খুনিদের তিনিও চেনেন। ওনাদের সহকর্মী এবং ক্যাবিনেট কলিগ, জেলার নেতা, তিনি একথা বলেছেন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ মান্নান, নো স্পিচ, ইউ পুট ইওর কোয়েশ্চেন।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে নিখিল মন্ডলের সঙ্গে এর কি সম্পর্ক ছিল এবং অশোকনগরের প্রাক্তন বিধায়কের সঙ্গে বন্ধুত্ব ছিল কিনা বা তার সঙ্গে কোনও সম্পর্ক ছিল কিনা। আপনার ক্যাবিনেট কলিগ বলেছেন যে এটা রাজনৈতিক হত্যাকান্ড। কাজেই কোন রাজনৈতিক দল এর সঙ্গে জড়িত আছে সেটা আমরা জানতে চাই। আর স্বপন দাসকে খুন করার ব্যাপারে ঐ ব্যক্তি কতখানি জড়িত এবং সংবাদপত্রে বিবৃতি দিয়ে বলা হয়েছে যে খুনিদের আমি চিনি, সেই ব্যাপারে তাকে ইন্টারোগেশন করা হয়েছে কি না?

[12-10 — 12-20 p.m.]

আপনি একজন ক্রিমিনাল ল'ইয়ার, আপনি অবশ্যই জানেন যে, এতবড় একজন সমাজসেবী যেখানে খুন হয়েছেন এবং সেখানে একজন বিধায়ক যখন বলছেন যে, তিনি খুনীদের নামধাম জানেন—সংবাদপত্রে এটা বেরিয়েছে—সেখানে পুলিশ অবশ্যই তাকে জেরা করবেন। আমার প্রশ্ন, পুলিশ তাকে জেরা করেছে কি না এবং কোনও রাজনৈতিক দল তাকে খুন করেছে সেটা বলুন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মিঃ স্পিকার স্যার, মাননীয় সদস্য শ্রী মান্নান যে প্রশ্ন করলেন, আমি বলব—খবরের কাগজে কোনও এম. এল. এ. বা কোনও মন্ত্রীর নামে কি বেরিয়েছে সেটা পড়ে প্রশ্ন করবেন না, প্রশ্ন করলে আমাকে সোজাসুজি প্রশ্ন করুন। আগে যেটা বলেছি সেটাই আবার বলছি যে, এর পেছনে সমাজবিরোধীদের একটা পরিকল্পনা রয়েছে। 'ভাইভাই' বলে একটি ক্লাবের দু'জন সম্পাদক সেখোনে খুন হয়ে যায়া। ঐ খুন কারা করেছে, কার জন্য খুন হয়েছে, কার সঙ্গে কার কি সম্পর্ক—এ সমস্ত ব্যাপারে পুলিশ পূর্ণাঙ্গ চেহারা পেয়েছে। যাদের গ্রেপ্তার করলে সবকিছু বেরিয়ে যাবে তারা অ্যাবস্কন্ডেড। তবে সেই লোকগুলোকে খুঁজে বের করতে অসুবিধা হবে না, কারণ তাদের নাম আমরা পেয়েছি। সবকিছু তদন্ত করে বার করতে সময় লাগছে। এই মুহূর্তে তারা ঐ এলাকায় নেই, পাঁচ-ছয়টি জায়গায় অ্যাবস্কন্ড করে রয়েছে।

(....প্রচন্ড গোলমাল....)

## LAYING OF REPORTS

### Annual Reports and Audited Accounts of the West Bengal Forest Development Corporation Limited for the years 1990-91 and 1991-92

**Shri Prabodh Chandra Sinha :** With your kind permission, Sir, I beg to lay the Annual Report and Audited Accounts of the West Bengal Forest Development Corporation Limited for the years 1990-91 and 1991-92.

## Audit Report of the Calcutta Metropolitan Development Authority for the year 1992-93

**Shri Prabodh Chandra Sinha :** With your kind permission, Sir, I beg to lay the Audit Report of the Calcutta Metropolitan Development Authority for the year 1992-93.

## Audit Report of the West Bengal Housing Board for the years 1992-93 and 1993-94

**Shri Prabodh Chandra Sinha :** With your kind permission, Sir, I beg to lay the Audit Report of the West Bengal Housing Board for the years 1992-93 and 1993-94.

## Annual Budget of the Damodar Valley Corporation for the year 1997-98

**Shri Prabodh Chandra Sinha :** With your kind permission, Sir, I beg to lay the Annual Budget of the Damodar Valley Corporation for the year 1997-98.

## MENTION CASES

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্র মন্ত্রী কালিপদ সরকার হত্যা সম্পর্কে এখানে একটা ভাসাভাসা উত্তর দিয়েছেন। তার দলের কর্মিরাই এই অপরাধের সঙ্গে যুক্ত বলে তারই দলের এক মন্ত্রী এবং এক বিধায়কের পক্ষ থেকে ইঙ্গিত দেওয়া হয়েছে। সুশীল রায়চৌধুরি, যিনি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির হিসাব-রক্ষক ছিলেন, তাকে খুন করা হয়েছে, কিন্তু বুদ্ধদেববাবুর পুলিশ এখনও পর্যন্ত আততায়িদের গ্রেপ্তার করতে পারেনি। পত্রিকা খুললেই দেখা যাবে, রাজ্যে প্রতিদিনই খুন, লুট, রাহাজানির ঘটনা ঘটছে, জনপ্রতিনিধিরা খুন হচ্ছেন। ক্যালকাটা কর্পোরেশনের একজন কমিশনার তারক সিংকে খুন করা হবে বলে প্রতিদিন হুমকি দেওয়া হচ্ছে। তাকে বলা হচ্ছে—তার বাড়ির ছেলেমেয়েদের কিডন্যাপ করা হবে, তাদেরকে বাড়ি ছাড়া করা হবে। কংগ্রেস কমিশনার মালা রায়ের বাড়িতে স্বপন এবং তার বন্ধুরা ঢুকে পড়ে আসবাবপত্র ভাঙচুর করেছে। অন্যান্য কংগ্রেস কর্মিরাও যেখানে-সেখানে আক্রান্ত হচ্ছেন। পশ্চিমবঙ্গে সাধারণ মানুষের সর্বস্ব লুট করে নেওয়া হচ্ছে। কলকাতা শহরে প্রকাশ্য রাজপথে মিনিবাসে ডাকাতি হচ্ছে, মহিলাদের খুন করা হচ্ছে।

**শ্রী শক্তিপদ খাঁড়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হুগলি জেলায় পোলবা দাদপুর পঞ্চায়েত সমিতির কার্যালয়ে এবং তৎসংলগ্ন আরও ১৫-১৬টি গ্রামে এখনও পর্যন্ত টেলিফোন সংযোগ হয়নি। এই সমস্ত গ্রামগুলি হচ্ছে সেঁইয়া, আমনান, পাওনান, বরুনামপাড়া, রামনগর, আলিনগর ইত্যাদি। এই গ্রামগুলি থেকে বিশিষ্ট ব্যক্তি সমাজসেবী রাজনৈতিক ব্যক্তি পঞ্চায়েত প্রতিষ্ঠানসহ

প্রায় ৫০-৬০ জন টেলিফোনের সংযোগ চেয়ে নির্ধারিত ফর্মে প্রয়োজনীয় ফিজ সহ সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করেছেন। কিন্তু এই দপ্তরের কোনও কর্মতৎপরতা আজ পর্যন্ত লক্ষ্য করা যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি যাতে পলবা-দাদপুর পঞ্চায়েত সমিতির কার্যালয়ে এবং ওই এলাকার আরও ৫০-৬০ জন যারা টেলিফোনের সংযোগ চেয়ে আবেদন করেছেন তাদের যাতে টেলিফোন সংযোগ দেওয়া হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার রাস্তা-ঘাট তৈরি করার জন্য এবং নানা কারণে প্রথমে জমি অধিগ্রহণ করা হয়। কিন্তু যাদের জমি তাদের ঠিক সময়ে ক্ষতি পূরণ দেওয়া হচ্ছে না, ২০-২৫ বছর ধরে তারা কোনও ক্ষতি-পূরণ পাচ্ছে না। আমার কেন্দ্রে এই রকমই একটা রাস্তা কোরিয়া নারিক লিঙ্ক রোড, আজ থেকে প্রায় ২০ বছর আগে জমি অধিগ্রহণ করা হয়েছিল। দরিদ্র চাষীরা আজও তার ক্ষতিপূরণ পায়নি। সেই জন্য এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দিবাকান্ত রাউথ :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত এবং সড়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা বলাগড়ে রাস্তা-ঘাটের অবস্থা খুব খারাপ হয়ে পড়েছে। অনেক দিন রাস্তা-ঘাট মেরামত না করার ফলে নিত্য এখানে দুর্ঘটনা ঘটছে। বাস ট্রেকারের মালিকরা যানবাহন রাস্তায় নামাতে চাইছে না সেই রাস্তাগুলি হল মগরা থেকে কুন্তীঘাট বেহুলা থেকে গুপ্তিপাড়া এবং পাণ্ডুয়া থেকে কালনা। এই রাস্তাগুলি খুবই অকেজো হয়ে পড়েছে। জরুরি ভিত্তিতে আগামী বর্ষার আগে এই রাস্তাগুলি যদি মেরামত না করা হয় তাহলে আরো দুর্ঘটনা বাড়বে। এই ব্যাপারে ওখানকার জনগণ খুবই ক্ষুব্ধ। যাতে এই রাস্তাগুলি মেরামত করা হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় স্পিকার স্যার, আমি বক্তব্য রাখার সময় মাননীয় সদস্য পরেশ পাল মহাশয়ের ব্যাপারে উত্তর দেবার সময় আমি একটু ভুল কথা বলেছি। সেটা হচ্ছে আমি বলেছি উনি ১৯৬৬ সালে পি. ডি. অ্যাক্টে গ্রেপ্তার হয়েছেন। উনি পি. ডি. অ্যাক্টে গ্রেপ্তার হননি. উনি শুধু গ্রেপ্তার হয়েছিলেন। পি. ডি. অ্যাক্টে গ্রেপ্তার হয়েছিলেন, এই কথা বলে আমি ভুল করেছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী সুনীলকুমার ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ), তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উনি এখানে উপস্থিত আছেন, ভালই হল। আমরা এটা জানি যে, মাঝে মাঝে কিছু কিছু বিগ্রহ চুরি হয়ে যায় এবং বিদেশে পাচারের মাধ্যমে দুষ্কৃতিরা বেশ কিছু অর্থ পায়। কিছুদিনের মধ্যে নদীয়া জেলায় বেশ কয়েকটি মূর্তি চুরি হয়ে গিয়েছে। আমি একটা ঘটনার কথা মাননীয় মন্ত্রী

মহাশয়কে জানিয়েছিলাম। কিন্তু তারপরেও আরও তিনটি মূর্তি চুরি হয়ে গিয়েছে। শান্তিপুরে 'রাধাকৃষ্ণ' মূর্তি, চাপড়াতে একটি মূর্তি এবং তেহট্টে 'কৃষ্ণ রায়', এই মূর্তিগুলি একের পর এক চুরি হয়েছে। এর ফলে ধর্মীয় আবেগকে ব্যবহার করে মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করা হচ্ছে এবং শান্তিশৃঙ্খলা বিঘ্নিত হওয়ার আশংকা দেখা দিয়েছে। কোথাও কোথাও সাম্প্রদায়িক জিগির তোলবার চেষ্টা চলছে। অতি সম্প্রতি কৃষ্ণনগরের টাউন হলে পুরাতত্ত্ব নিয়ে একটি আলোচনাচক্র অনুষ্ঠিত হয়েছে। এর পরেও এই ঘটনাগুলো ঘটছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, একটি গোপন চক্র এই সমস্ত কাজগুলো চালাচ্ছে। এই গোপন চক্রকে ঠিকমতো ধরতে না পারলে জনমানসে নানারকম বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা চলতে থাকবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই, অবিলম্বে এই গোপন চক্রকে ধরা হোক এবং তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করুন এবং জেলায় শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার ব্যবস্থা করুন।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বজবজে বিদ্যুতের অবস্থা ভয়াবহ আকার ধারণ করেছে। দীর্ঘদিন আগে যারা টাকা জমা দিয়েছেন তারা আজ পর্যন্ত বিদ্যুৎ পাচ্ছেন না। শুধু তাই নয়, যাঁরা বিদ্যুৎ নেবার জন্য অ্যাপ্লিকেশন জমা দিয়েছেন, আজ পর্যন্ত তাদের এনকোয়ারি হয়নি। একটু জল বৃষ্টি হলেই এলাকায় বিদ্যুৎ থাকে না। স্বভাবতই ওখানে মানুষকে বিরাট অসুবিধার মধ্যে পড়তে হয়। ওখানে অনেক জুটমিল আছে, অয়েল রিফাইনারি আছে। এটি একটি ইণ্ডাস্ট্রিয়াল বেল্ট। ফলে ওখানে বিদ্যুৎ না থাকলে সবারই ক্ষতি হয়। ওখানে ই. এস. আই. হসপিট্যাল আছে, অনেক হাউসিং আছে। আমি অনুরোধ করব, মাননীয় মন্ত্রী যেন দায়িত্ব নিয়ে এর ব্যবস্থা করেন। এর আগে আমি অনেকবার বলেছি, কিন্তু আজ পর্যন্ত কোনও সুরাহা হয়নি। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে এই বিষয়ে চিন্তা করেন এবং যাতে বিদ্যুৎ আসে তার ব্যবস্থা করলে আমি বাধিত হব।

**শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এখানে ট্যুরিজম-এর বিষয় নিয়ে বহু আলোচনা হয়েছে। ট্যুরিজম নিয়ে সরকার ভাবছেন। কিন্তু এখানে মুর্শিদাবাদের যে ঐতিহাসিক হাজার দুয়ারি আছে, তার কাছে দক্ষিণ দরজা নামে একটি গেট আছে। তার নিচে গঙ্গার ভাঙন ধরেছে এবং আরও ভাঙন শুরু হয়েছে ঐতিহাসিক সৌধগুলিতে। তারপাশে ওমরাহীগঞ্জ নামে একটি গ্রাম আছে, সেখানে মূলত তফসিলি জাতির বাস। সেই গ্রামটি গঙ্গাবক্ষে ঝুলছে, যে কোনও সময়েই সেখানে দুর্ঘটনা ঘটতে পারে। তার নিচে বীনপাড়া গ্রাম, সেখানে গঙ্গার ভাঙন শুরু হয়েছে। এই ভাঙনের প্রতিরোধে এখুনি কাজ করা দরকার। দুর্ভাগ্যের বিষয়, যেখানে ভাল আছে, সেখানে ভাঙনের কাজ শুরু হয়েছে এবং যেখানে গঙ্গার ভাঙন শুরু হয়েছে সেখানে কাজ আরম্ভই হয়নি। যেখানে দরকার ছিল না, সেখানে কাজ শুরু হয়েছে। গঙ্গার ভাঙন যেখানে যেখানে শুরু হয়েছে, সেখানে যে কোন সময়ে বিরাট বিপর্যয় দেখা দিতে পারে। ঐতিহাসিক সৌধ এবং বিভিন্ন গ্রামের ভাঙনকে পয়েন্ট করে যেগুলো ধ্বংস হয়ে যেতে পারে, সেইরকম গ্রামকে টার্গেট করা হচ্ছে না।

সেখানে সেচ দপ্তর এমনভাবে অপরিকল্পিতভাবে সদর ঘাট বাঁধের কাজ করেছেন যে নৌকা পারাপার করা বন্ধ হয়ে গেছে। একমাত্র এই ঘাট দিয়েই নবগ্রাম শহরে আসার রাস্তা ছিল। সেখানে নৌকা পারাপার করা বন্ধ হয়ে গেছে। সেচ দপ্তরের অপরিকল্পিত কাজের জন্য নৌকা পারাপার হতে অসুবিধা হচ্ছে। সেচ দপ্তর যেখানে কাজ করবার নয় সেখানে করছেন আর যেখানে দরকার সেখানে কাজ করছেন না। সেই কারণে আপনার মাধ্যমে বিনীতভাবে মন্ত্রীর কাছে আবেদন যাতে অতি সত্ত্বর বিষয়টি তদন্ত করে সঠিকভাবে কাজ শুরু করা যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশনে সি. পি. এম. পরিচালিত একটি বোর্ড আছে। তারা একমাস আগে একটি নতুন বিল্ডিং অ্যাসেসমেন্ট করেছে, তারা সব নিয়মনীতি, রীতিনীতি লঙ্ঘন করে অ্যাসেসমেন্ট করেছে। সেখানে হল্ডিং নম্বর যেখানে আগে ৫০ টাকা ছিল সেটা বাড়িয়ে ১২৫০ টাকা করা হয়েছে। এইভাবে মানুষের উপরে ৫০০ টাকা, ৬০০ টাকা, ৭০০ টাকা ট্যাক্স বসানো হয়েছে। এরইমধ্যে কর্পোরেশনের বিরুদ্ধে আন্দোলনে নেমেছে, রাস্তাঘাট অবরোধ হচ্ছে। ট্যাক্স যে সেখানে বাড়ান হল তাতে মানুষের কিন্তু নাগরিক পরিষেবা পাচ্ছে না। ওখানে পানীয় জলের জন্য মানুষ হাহাকার করছে, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ নেই। রাস্তাঘাটের অবস্থা খারাপ, এমন কি আসানসোলের বিভিন্ন জায়গায়ও এখনো বস্তি আছে। সবচেয়ে আশ্চর্য্যের বিষয় যে, এখানে সভ্য সমাজে যেটা নাইট সয়েল, সেটা মাথায় করে মানুষ বয়ে নিয়ে যাচ্ছে। মানুষ মাথায় করে মানুষের নাইট সয়েল নিয়ে যাচ্ছে। যেখানে কেন্দ্রীয় সরকার আইন করে এই জিনিস বন্ধ করে দিয়েছেন, সেখানে এই শহরে এখনো এসব জিনিস দেখা যায়। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যে অ্যাসেসমেন্ট করে তাতে প্রতি স্কোয়ার ফিট হিসাবে কত ট্যাক্স হবে তার একটা হিসাব করে একটা স্কেচ ম্যাপ প্রতি হল্ডিং নম্বরের মালিকদের দেওয়া উচিত। সেখানে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কাছে একটা কপি থাকবে, আর আরেকটা কপি হল্ডিং মালিকের কাছে থাকবে। তাতে কত স্কোয়ার ফিটের উপরে তারা এই অ্যাসেসমেন্ট করছে তার একটা হিসাব দেওয়া থাকবে। এই ব্যাপারে কর্পোরেশন একটা নোটিশও টাঙিয়েছে যে অমুখ হোল্ডিং নাম্বারের এত ট্যাক্স ছিল, এখন এত ট্যাক্স হল এবং অমুক কাউন্টারে জমা দিতে হবে। দুজন সি. পি. এমের কমরেড এর থেকে লক্ষ লক্ষ টাকা কামাচ্ছেন। কর্পোরেশন থেকে কিছু অসৎ ব্যক্তি এইভাবে ল-- লক্ষ টাকা কামিয়ে সাধারণ মানুষের উপরে লক্ষ লক্ষ টাকার বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। বা।ড় করে ঐ অঞ্চলে বহু রিটায়ার্ড লোক ভাড়া দিয়েছেন, তারা ভাড়া পাচ্ছেন ৪০০ টাকা, আর দিতে হবে তাদের কর্পোরেশনকে ট্যাক্স ৩০০ টাকা, এইভাবে তাদের ঘাড়ে বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। এইভাবে কখনো ট্যাক্স ইমপ্লিমেন্ট হতে পারে না, পৌরমন্ত্রীকে বিষয়টি দেখার জন্য অনুরোধ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের ত্রাণমন্ত্রীর, সেচ দপ্তরের মন্ত্রীর, অর্থ দপ্তরের মন্ত্রী, গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর এবং স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় এখনো বন্যা না হলেও বৃষ্টিপাত প্রায় ৫০০ মি.লি. হয়েছে এবং যে কোন মুহূর্তে বন্যা হতে পারে। ইতিমধ্যেই যে সমস্ত এলাকা নিচু সেখানে

জলপূর্ণ হয়ে গেছে। আমরা জানি বন্যার পরেই মন্ত্রীরা আসেন এবং ত্রাণের ব্যাপারে ব্যবস্থা নেন এবং মনিটারিং করেন। কিছুদিন আগে অর্থমন্ত্রী ওখানে গিয়েছিলেন।

[12-30 — 12-40 p.m.]

বন্যা নিয়ন্ত্রণের জন্য অর্থের অভাব হবে না। আমার কাছে যা খবর অর্থই হচ্ছে সবচেয়ে বড় সমস্যা, অর্থর জন্য বহু জায়গায় বাঁধ নির্মাণের কাজ শেষ হচ্ছে না। অবিলম্বে অর্থ বরাদ্দ করা দরকার। আমি মন্ত্রী মহোদয়ের উদ্দেশ্যে আবেদন জানাই বন্যার পরে না গিয়ে আগেই যাওয়া দরকার এবং একটা মনিটারিং করা দরকার। আলিপুরদুয়ারকে বন্যাপ্রবণ এলাকা হিসাবে জেলা প্রশাসন ঘোষণা করেছে, কিন্তু তার জন্য যে ব্যবস্থা দরকার সেটা পৌঁছচ্ছে না। ত্রাণ সামগ্রীর ব্যবস্থা নেই, গত বছরে ৬টি বোট দেওয়া হয়েছিল, তার মধ্যে দুটো ফুটো ছিল। আমি অসামরিক প্রতিমন্ত্রীকে অনুরোধ করছি, আপনি আসুন, তাঁকে কেউ ডাকে না, আমি ডাকছি, আপনি সেখানে গিয়ে এটা মনিটর করুন। ওখানে ট্রেনিং দেওয়া দরকার। জলপাইগুড়ি জেলায় দুই শতাধিক ছোটখাট নদী আছে, ১৪টি আন্তর্জাতিক নদী আছে, যেমন সংকোশ, রায়ডাক, কালচিনি, তিস্তা, তোর্সা, জলঢাকা ইত্যাদি। সেখানে ভূটান, নেপাল, তিব্বত-এর সঙ্গে জলচুক্তির জন্য যে কমিশন হয়েছে, সেই কমিশনের সাথেও বসা দরকার। শিল্টেশানের ফলে নদীর নাব্যতা কমে যাচ্ছে, এখুনি এই ব্যাপারগুলি নিয়ে ভাবা দরকার। এই ব্যাপারটি নিয়ে মনিটারিং করারও দরকার আছে।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনার জেলা পরিষদের সভাধিপতি, এ. ডি. এম. জেলা পরিষদ বনাম মুখ্য বাস্তুকার এর লড়াই-এ দক্ষিণ ২৪ পরগনার উন্নয়নের কাজ স্তব্ধ হয়ে গেছে। বিভিন্ন সংবাদপত্রে বিশেষ করে আমাদের জেলায় 'অরণ্যদূত' পত্রিকায় এই ব্যাপারে বিস্তারিত লিখেছে। আমাদের সাগরের বিধায়কও জানেন। বোটখালি এলাকায় ১৭ লক্ষ টাকায়, গোসাবায় বটতলিতে ৫৭ লক্ষ টাকা, তালদির মেথর রোড, ক্যানিং-এ ১ নম্বর রাস্তার জন্য ১৩ লক্ষ টাকা থেকে ৭২ লক্ষ টাকায় খরচ পৌঁছেছে, ডায়মণ্ডহারবার পিক্‌নিক স্পটের জন্য ৩৫ লক্ষ টাকা থেকে ৭৮ লক্ষ টাকায় খবর পৌঁছেছে ঢোলা থেকে মিলন মোড় রাস্তায় অর্থের অসংগতি ধরা পড়েছে ; এই সংবাদ বর্তমান পত্রিকায় প্রকাশিত হয়েছে। জেলা পরিষদের সভাধিপতি, এ. ডি. এম. জেলা পরিষদ বলছেন মুখ্য বাস্তুকার তার অনুমোদন ব্যতীত এই টাকা খরচ করেছেন। দক্ষিণ ২৪ পরগনার উন্নয়নের কাজ বন্ধ হয়ে গেছে। স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলব, পশ্চিমবাংলায় পি. এল. অ্যাকাউন্টের নামে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা তছরূপের যে অভিযোগ উঠেছে, তেমনিভাবে জেলা পরিষদগুলিতে আজকে উন্নয়নের নামে যতটুকু বরাদ্দ ধরা হয় তার চেয়েও বেশি অননুমোদিত টাকা খরচ করা হচ্ছে। এলোমেলো করে দে মা লুটেপাটে খাই, এইভাবে টাকা আত্মসাৎ করা হচ্ছে, তাই বিষয়টি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, ১লা জুন থেকে এই রাজ্যে যারা দারিদ্র

সীমার নিচে বাস করে, তাদের অর্ধেক দামে রেশন দেওয়া হবে। এই কর্মসূচি যখন ঘোষণা করা হয়েছে তার দেড় সপ্তাহের মধ্যে গোটা পশ্চিমবাংলায় রেশন ব্যবস্থা যেভাবে ভেঙে পড়েছে, তাতে পশ্চিমবাংলায় মানুষ খুবই উদ্বিগ্ন। স্যার, আপনি জানেন, একদিকে যখন এই কথা ঘোষণা করা হচ্ছে অপরদিকে রেশন-এ চালের দাম, গমের দাম এই রাজ্যে অস্বাভাবিকভাবে বাড়িয়ে দেওয়া হল. গম প্রতি কে. জি. ৯৫ পয়সা, চাল ১ টাকা থেকে ১ টাকা ৩০ পয়সা বাড়িয়ে দেওয়া হল।

সাথে সাথে রেশন সামগ্রীর বরাদ্দ যেভাবে কমিয়ে দেওয়া হল, তাতে কার্যত এই রাজ্য থেকে রেশন ব্যবস্থা তুলে দেওয়ার জায়গায় নিয়ে আসা হয়েছে এবং রাজ্য সরকার সম্প্রতি ঘোষণা করেছে দশ কেজি করে চাল গরিব মানুষরা যেটা পাওয়ার কথা ছিল সেটা এখন কমিয়ে দু-কেজিতে নামিয়ে আনা হয়েছে। এইরকম অবস্থায় বিধিবদ্ধ রেশন এলাকায় আগে সপ্তাহে কার্ডপিছু ৭৫০ গ্রাম চাল এবং এক কেজি দরে গম দেওয়া হত, সেটা এখন কমিয়ে প্রতি সপ্তাহে কার্ডপিছু ৩০০ গ্রাম চাল এবং ৫০০ গ্রাম করে গম দেওয়া হবে। মডিফায়েড রেশন এলাকায় আগে ৫০০ গ্রাম করে চাল দেওয়া হত, এখন সেটা তুলেই দেওয়া হয়েছে এবং ২৫০ গ্রাম করে গম দেওয়া হয়। সম্প্রতি খাদ্যমন্ত্রী ঘোষণা করেছে হাসপাতাল, জেলখানা এবং অনাথ আশ্রমগুলোতে আর চাল, গম পাঠানো যাবে না। এইরকম একটা মারাত্মক অবস্থার মধ্যে কেন্দ্র ঘোষণা করেছে আগে যে ১৮ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য দেওয়া হত, এখন সেটা চার লক্ষ মেট্রিক টনে এসে পৌঁছেছে। এইরকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে। আমরা এক সময় নিত্য প্রয়োজনীয় জিনিস গণবন্টন ব্যবস্থার মাধ্যমে সম্প্রসারিত করার দাবি জানিয়েছিলাম। আর আজকে নতুন ঘোষণার ফলে এইভাবে রেশন ব্যবস্থা প্রায় তুলেই দেওয়া হচ্ছে, বিশেষ করে স্ট্যাটুটারি এরিয়ায় যেভাবে রেশন কমিয়ে দেওয়া হল তাতে মানুষ কোথা থেকে চাল পাবে, গম পাবে তার নির্দিষ্ট কোনও নীতি নেই। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত নেই, মাননীয় খাদ্যমন্ত্রীও নেই, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেববাবু এখানে আছেন, তিনি বলুন, পশ্চিমবাংলায় যেভাবে জেলায় জেলায় আজকে চাল, গম নেই, রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে, স্ট্যাটুটারি এরিয়ার আরও খারাপ অবস্থা এই সম্পর্কে সরকারের সুস্পষ্ট খাদ্যনীতি কি? যারা গরিব মানুষ, বস্তির মানুষ, যারা কালোবাজার থেকে চাল, গম কিনতে পারবে না, তাদের সম্পর্কে রাজ্য সরকারের নীতি কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, পশ্চিমবাংলার মানুষের বেঁচে থাকার প্রশ্ন জড়িত। অথচ কিছুদিন আগে ঘোষণা করা হয়েছিল, অর্ধেক দামে গরিব মানুষদের রেশন দেওয়া হবে। এদিকে প্রচলিত ব্যবস্থা যেটা ছিল সেটা ভেঙে পড়েছে এবং রেশনের সুযোগ থেকে মানুষ বঞ্চিত হতে চলেছে। এই সম্পর্কে রাজ্য সরকারের পক্ষ থেকে সুস্পষ্ট নীতি ঘোষণা করা হোক। রাজ্য সরকার এই সমস্যা মোকাবিলা করার জন্য কি ব্যবস্থা করছেন সেটা আমি বুদ্ধদেববাবুর কাছে জানতে চাইছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য যে ব্যাপারে বললেন এই ব্যাপারে খাদ্যমন্ত্রী বলতে পারতেন, কিন্তু উনি এখানে নেই। আমরা এক সপ্তাহ ধরে এই ব্যাপারটা নিয়ে আলোচনা করছি। আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে একটা চিঠি এই ব্যাপারে দিয়েছেন। দ্বিতীয়ত, মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লিতে গিয়েছিলেন ইন্টার স্টেট কাউন্সিলের

মিটিঙে, তিনি নিজে প্রধানমন্ত্রীর সঙ্গে ওখানে কথা বলবেন। সেখান থেকে কথা বলে একটা সমাধানের পথ বেরিয়ে আসবে। দিল্লিতে যাই হোক না কেন, আমাদের রাজ্যের জেলখানা, পুলিশ, হাসপাতাল, বিভিন্ন আশ্রম এবং আরও কিছু আণ্ডার টেকিংয়ে আমরা যে রেশন দিই, তার পুরো প্রোটেকশন আমরা রাখব, সেটা দিল্লি থেকে পেলেও রাখব, না পেলেও রাখব। আমরা বুঝতে পারছি না, দারিদ্র সীমার নিচে যারা বাস করে তাদের সম্পর্কে একটা নতুন সিদ্ধান্ত কেন্দ্র নিচ্ছে। সেটা বুঝে নিয়ে আমাদের রাজ্যের রেশন ব্যবস্থার একটা পুনর্বিন্যাস আমাদের করতে হবে।

[12-40 — 12-50 p.m.]

কিন্তু যেটা মূল কথা বললেন যে জেলখানা, হাসপাতাল ইত্যাদিতে রেশনের কোটা বাতিল হয়ে যাবে। এটা হবে না। যে কোনও অবস্থায় আমরা এটা রক্ষা করবার চেষ্টা করব। মুখ্যমন্ত্রী ফিরে এলেই সিদ্ধান্ত নেওয়া হবে যে এ ব্যাপারে কি করা হবে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বর্তমান বছরে আলু চাষিরা সর্বশান্ত হয়ে পড়েছে। গ্রামের অর্থনীতি ধ্বংস হয়ে গেছে। কৃষকরা আলুর দাম পাচ্ছে না। আলু চাষ করার জন্য তারা যে ঋণ নিয়েছিল সেই ঋণ তারা পরিশোধ করতে পারেনি। আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি তাদের সেই ঋণ যেন মুকুব করা হয় এবং পুনরায় চাষ করার জন্য তাদের যেন সমবায় থেকে ঋণ দেওয়া হয়। তাছাড়া মাঠে সমস্ত আলু পচে যাওয়ার কারণে কোটি কোটি মাছিতে ভরে গেছে। গ্রামে ডায়েরিয়া হচ্ছে। যে কোনও সময়ে ব্যাপক আকার ধারণ করতে পারে। আমি স্বাস্থ্য দপ্তরেরও দৃষ্টি আকর্ষণ করছি ব্যবস্থা নেওয়ার জন্য।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের যে বোর্ড আছে, সেই বোর্ড যে প্যানেল তৈরি করেছিল, প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে, সুপ্রীম কোর্টের অর্ডার থাকা সত্ত্বেও তারা সেই প্যানেল ক্যানসেল করেনি। সুপ্রীম কোর্টের যে অর্ডার ছিল তাতে একটা মন্তব্য ছিল যে, যে প্যানেল তৈরি হয়েছে সেখানে বিভিন্ন রকমের অভিযোগ পাওয়া গেছে। লক্ষ লক্ষ টাকা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃবৃন্দ উৎকোচ হিসাবে গ্রহণ করেছে। তাই এই প্যানেল ক্যানসেল করে দেওয়া হোক এবং নতুন বোর্ড গঠন করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একই অর্ডার শুধু মালদা নয় মেদিনীপুর প্রাথমিক শিক্ষক বোর্ডের ক্ষেত্রেও করা হয়েছিল। আমি আপনাকে যে কথা বলতে চাইছি যে মালদায় ১১টা সিটের মধ্যে ৮টা সিট কংগ্রেস পেয়েছে। লোকসভার আসনটিও কংগ্রেস পেয়েছে। কাজেই সেখানে নতুন করে প্রাথমিক শিক্ষক বোর্ড গঠন করলে কংগ্রেস এর আধিপত্য থাকবে এবং সি. পি. এমের মৌরসীপাট্টা থাকবে না। মালদা জেলায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টি যেভাবে প্রাথমিক শিক্ষক নিয়োগের নাম করে লক্ষ লক্ষ টাকা দরিদ্র মানুষ এর কাছ থেকে গ্রহণ করেছে, সেটা পারবে না। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে যারা মহামান্য সুপ্রীম কোর্টের রায়কে মান্য করে না, মন্তব্যকে ডোন্ট কেয়ারভাব করে তাদের সরকারে থাকার অধিকার আছে কিনা এবং জেলা বিদ্যালয়ের যে বোর্ড আছে যারা মানুষের কাছ

থেকে অন্যায়ভাবে অর্থ নেয়, বেকার যুবকদের কাছ থেকে অন্যায়ভাবে অর্থ নেয় তাদের এই বোর্ড চালানোর অধিকার আছে কি না।

**শ্রীমতী শকুন্তলা পাইক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুলপি, কাকদ্বীপ, পাথরপ্রতিমা, মথুরাপুর এই কয়টি থানায় ৩০, ৪০ কিলোমিটারের মধ্যে কোন উচ্চ-মাধ্যমিক স্কুল নেই। এখানে ধলাহাটি একটি মাধ্যমিক স্কুল আছে। এই মাধ্যমিক স্কুলটিকে যাতে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা যায় দ্বাদশ শ্রেণীর ছাত্ররা উপকৃত হবে। বর্তমান আর্থিক বছরে যদি এই স্কুলটিকে উচ্চ-মাধ্যমিক করা যায় তার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## ZERO HOUR

**শ্রীমতী শান্তা ছেত্রী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, দার্জিলিং হিল মিউনিসিপ্যালিটির গৃহ নির্মাণ আইন সংশোধন না হলে অনতিবিলম্বে গ্যাংটকের মতো দার্জিলিংএও ভয়াবহ ধ্বস নামার সম্ভাবনা রয়েছে। সুতরাং এই বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নৃপেণ গায়েন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় একটা মর্মান্তিক ঘটনা ঘটে গেছে। গতকাল আজকালেও এই সংবাদ বেরিয়েছে। একজন গৃহবধূকে খুন করে রায়মঙ্গল নদীতে ভাসিয়ে দেওয়া হয়েছে। আমি বলতে চাইছি যে, ৯ তারিখে ওই গৃহবধুর স্বামী, শ্বশুর, দেওর ও ননদ মিলে তাকে খুন করেছে। ৮ বছর ধরে সে ওদের নির্যাতন ভোগ করছে এবং ওই মহিলাকে মেরে, তার গায়ে ইট বেঁধে এবং ভারি জিনিসপত্র বেঁধে নদীতে ডুবিয়ে দিয়েছে। ১০ তারিখে গণতান্ত্রিক মহিলা সমিতির স্থানীয় নেত্রীরা ওই ঘটনাটা জানতে পেরে থানায় এফ আই আর করেন। কিন্তু দুঃখের বিষয় যে, ওই মহিলার মা, বাবা কেউই নেই। বৈমাত্রেয় ভাই আছে। কিন্তু সে এই ব্যাপারে খবর পাওয়া সত্ত্বেও কোনও গা করেনি। এখন এফ আই আর করার পর থানা মহিলার শ্বশুর এবং স্বামীকে ধরে এনে কোর্টে এনে চালান করে। কোর্ট সঙ্গে সঙ্গে জামিন দিয়ে দিয়েছে। কিন্তু পরবর্তীকালে পাশের থানা সন্দেশখালি, সেখানে তার স্বামী অ্যারেস্ট হয়। সেখান থেকে তাকে হিঙ্গলগঞ্জ থানায় পাঠানো হয়। আমি বলতে চাইছি যে ১০-১৫ দিন ধরে একটা মৃতদেহ জলের মধ্যে পড়ে রয়েছে। খুবলে খুবলে মাংস উঠছে। আমি জানতে চাইছি যে, প্রযুক্তিগতভাবে মৃতদেহটাকে তোলার ব্যবস্থা করা যায় কিনা এবং সেই মৃতদেহটাকে পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা করা যায় কিনা তার ব্যবস্থা করা হোক। এতে জানা যাবে যে কিভাবে তার মৃত্যু হয়েছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মিঃ স্পিকার, আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রী এবং পি এইচ ই র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, বারুইপুর অঞ্চলের অধিকাংশ এলাকাই আর্সেনিক আক্রান্ত। আপনি জানেন যে, বারুইপুরের যে ১৯টি অঞ্চল, সেখানে ব্যাপকভাবে জলকষ্ট দেখা দিয়েছে। বারুইপুরে যেহেতু আর্সেনিক আছে, সেই কারণে ওখানকার মানুষ ডিপ টিউবওয়েল ছাড়া জল খায় না। কিন্তু অল্প ডিপ টিউবওয়েল হওয়ার জন্য মানুষকে অনেক দূর থেকে জল আনতে হয়। আমি বলতে চাইছি যে, এই যে জলকষ্ট দেখা দিয়েছে, এতে

অনতিবিলম্বে সেখানে কিছু ডিপ টিউবওয়েল করার ব্যবস্থা করা হোক, যাতে করে সেই অঞ্চলের মানুষ জল নিতে পারে। ১৯টি অঞ্চলের মধ্যে ১০টি অঞ্চলই আর্সেনিক অ্যাফেক্টেড এবং সরকার স্বীকার করে নিয়েছেন এবং অনেক জল প্রকল্পের ব্যবস্থাও করা হয়েছে। কিন্তু সেই জল আসতে ২-৩ বছর সময় লেগে যাবে।

[12-50 — 1-00 p.m.]

কিন্তু মানুষ জলের জন্য ২-৩ বছর অপেক্ষা করতে পারবে না। সেখানে দারুণ জলের কষ্ট দেখা গেছে। তার জন্য সরকারের পক্ষ থেকে এমার্জেন্সি ব্যবস্থা গ্রহণ করে সেখানে যাতে ডিপটিউব্‌ওয়েল পোঁতার ব্যবস্থা গ্রহণ করা হয় সেজন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী আবদুস সালাম মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকায় পলাশী সুগার মিলে ১১ কে. ভি.-র মিনি পাওয়ার স্টেশন করা হয়েছে। কিন্তু সেখানে দেবগ্রাম থেকে ৩৩ কে. ভি.র সাব-স্টেশন থেকে ঐ ১১ কে. ভি. মিনি পাওয়ার স্টেশনে বিদ্যুৎ সরবরাহ প্রচণ্ড বিঘ্নিত হচ্ছে। প্রায় ২৪ ঘণ্টাই পাওয়ার স্টেশনে পাওয়ার পাওয়া যায় না। যার ফলে মিলের কাজকর্মে অসুবিধা দেখা দিয়েছে। ১১ কে. ভি.-র পলাশী সুগার মিলের পাওয়ার স্টেশনে যাতে বিদ্যুৎ নিয়মিতভাবে পাওয়া যায় তার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডঃ রামচন্দ্র মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের খেজুরি থানা এলাকায় একটা লঞ্চঘাটা আছে। সেই লঞ্চঘাটা—তালপটি-কচুবেড়িয়া-কাকদ্বীপ, সেখানে আসল লোককে না ডেকে জেলা পরিষদের ২ জন লোককে চুক্তির ভিত্তিতে রাখা হয়েছে। এর ফলে তারা সেখানে মাল পরিহবনের জন্য যেখানে ৯ টাকা ভাড়া ছিল সেটা তারা ৯ টাকার জায়গায় ১৩ টাকা ভাড়া করেছে এবং মানুষের জন্য যেখানে ভাড়া ৮ টাকা ছিল সেখানে তারা ৮ টাকার জায়গায় ১০ টাকা ভাড়া করেছে। এছাড়া আধ কিলোমিটার দূর থেকে লঞ্চ চলাচল করছে। এর ফলে জনসাধারণের মধ্যে দুর্ভোগ দেখা দিয়েছে। আমি এ ব্যাপারে সুরাহার জন্য মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিতকুমার মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার নলহাটি ২ নং ব্লক প্রচণ্ড ঘূর্ণিঝড়ে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এখানে মাননীয় তথ্যমন্ত্রী আছেন। সেখানে কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা তিনি জানালে ভাল হয়। এই ঘূর্ণিঝড়ে নলহাটির হাজারিপুর, নতুন গ্রাম ও বামাখালি গ্রামের কয়েকশো ঘরবাড়ি উড়ে গেছে, টিন উড়ে গেছে, বহু মানুষের ক্ষতি হয়েছে। বি. ডি. ও সেখানে দেখতে গিয়েছিলেন। কিন্তু দুঃখের বিষয় সেখানকার কয়েকশো মানুষ রাজ্য সরকারের কাছ থেকে রিলিফ পাওয়ার জন্য দরখাস্ত জমা দিয়েছেন। কিন্তু একটা তারপলিনও রাজ্য সরকারের পক্ষ থেকে দিতে পারেননি। তারা বলছেন আমাদের কাছে কোনও রিলিফ নেই। আমি রাজ্য সরকারের কাছে নিবেদন করতে চাই বীরভূম জেলার নলহাটি ২নং ব্লকের যে

সমস্ত মানুষের ঘরবাড়ি ভেঙে গেছে, নতুন গ্রামে যে মসজিদ ভেঙে গেছে, যাদের টিনের চাল উড়ে গেছে, তাদেরকে রাজ্য সরকারের পক্ষ থেকে রিলিফ্ দেওয়ার ব্যবস্থা করা হোক কিংবা তাদের লোন দিয়ে বাড়িঘর তৈরি করার ব্যবস্থা করা হোক। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, সেখানকার ঘূর্ণিঝড়ের কোনও তথ্য যদি এসে থাকে এবং এ ব্যাপারে কোনও ব্যবস্থা নিয়েছেন কি না জানালে বাধিত হব। ধন্যবাদ।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবঙ্গের মতো মুর্শিদাবাদ জেলারও আইন-শৃঙ্খলার পরিস্থিতি এক অগ্নিগর্ভ অবস্থায় এসে পৌঁছেছে। মাত্র দুই-আড়াই মাস আগে হরিহরপাড়ায় পুলিশ এবং সি. পি. এমের খুনিরা কংগ্রেসের ২ জন কর্মীকে হত্যা করেছিল।

তারপর আমরা দেখেছি গত ১৩ জুন মুর্শিদাবাদের সামসেরগঞ্জ থানায় পুলিশ নির্বিচারে গুলি চালিয়ে একজন সাধারণ দোকানদারকে হত্যা করল। আমরা একটা জিনিস লক্ষ্য করছি, মুর্শিদাবাদ জেলায় মাঝেমাঝে বামফ্রন্ট-এর বিশেষ বিশেষ মন্ত্রীরা যাচ্ছেন, সভা করছেন এবং সেখানে উত্তেজনামূলক ভাষণ দিচ্ছেন। গত মাসের ১৯ তারিখে সেখানে নবগ্রামে দাঁড়িয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী সূর্যকান্ত মিশ্র এবং মন্ত্রী মানব মুখোপাধ্যায় মানুষকে উৎসাহিত করেছেন কংগ্রেসের লোককে মারার জন্য লাঠি নয়, শক্ত শক্ত মোটা লাঠি দরকার এবং কংগ্রেসের লোকের মৃত্যু হলে সেখানে শহিদ বেদি করার টাকা দেবে সি. পি. এম পার্টি। তার দুদিন পরে দেখছি ৫৫ বছর বয়সী স্কুল শিক্ষক সন্ধি ঘোষকে নৃশংস ভাবে খুন করা হল। তারপর দেখলাম স্যাডো চিফ 'মিনিস্টার উত্তেজনামূলক ভাষণ দিয়ে এলেন। তিনি মানুষকে, প্রশাসনকে উৎসাহিত করছেন কংগ্রেস কর্মিদের আক্রমণ করার জন্য। তারপর দেখছি সামসেরগঞ্জের মতো এলাকায় পুলিশের গুলি চালানোর ঘটনা ঘটল। আমরা সেইসব বামফ্রন্টের মন্ত্রীদের জানিয়ে দিতে চাই, আমরা জন প্রতিনিধি হয়েছি কোনও মন্ত্রীর দয়ায় নয়, মুর্শিদাবাদ জেলার মানুষের অকুণ্ঠ সহযোগিতায়। তাদের পুলিশ মন্ত্রীর যদি সাহস থাকে তাহলে পদত্যাগ করে আসুন সেখানে, এক সাথে দাঁড়াই, দেখি মানুষ কাকে সমর্থন করে। সেইসব মন্ত্রীদের বলছি, দে শুড বি রেসট্রেইন ফ্রম ডেলিভারিং প্রোভোকেটিভ স্পিচেস।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এই রাজ্যের আইন-শৃঙ্খলার পরিস্থিতি ভেঙে চুরমার হয়ে গেছে। গুন্ডা, বদমাইস, ডাকাতরা প্রকাশ্য দিবালোকে অন্যায় কাজ করে বেড়াচ্ছে। প্রকাশ্য দিবালোকে মিনি বাসের মধ্যে পাঁচ পাঁচটা দুষ্কৃতি উঠে যাত্রীদের ঘড়ি, আংটি, টাকা, সব ছিনতাই করে নিল। এই জিনিস আরও বেশি করে আমরা দেখতে পাচ্ছি, যেদিন থেকে আমাদের বুদ্ধিজীবী মন্ত্রী পুলিশ মন্ত্রীর দায়িত্ব নিয়েছেন সেদিন থেকে—ডাকাতি, খুন-খারাপি, ধর্ষণ, গণ পিটুনিতে হত্যা বেড়েছে। দিনের বেলায় ফ্ল্যাটে বৃদ্ধাকে হত্যা করে ডাকাতি করা হয়েছে। আজকে কলকাতা মহানগরী হয়েছে দুষ্কৃতিদের স্বর্গরাজ্য। আর আমাদের পুলিশমন্ত্রী এই মহানগরীর মানুযকে আশ্বস্ত করার চেষ্টা করছেন। (এখানে মাইক বন্ধ হয়ে যায়)।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য-সংস্কৃতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মধ্যযুগের মঙ্গলকাব্যের কবি কবিকঙ্কন

মুকুন্দরাম চক্রবর্তীর জন্মভূমি তামুন্না গ্রামে তার পুঁথি ও অন্যান্য স্মৃতি বিজড়িত জিনিস সংরক্ষণের জন্য আবেদন রাখছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বুদ্ধদেববাবু এখানে আছেন, আমি আপনার মাধ্যমে ওনার দৃষ্টি আকর্ষণ করছি। উনি গত ১২ তারিখে বহরমপুর শহরে ছিলেন। সেদিন মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ থানার বুলিয়ান বাজারে এই কান্ড ঘটল। কয়েক মাস ধরে জায়গাটা ছিনতাইকারিদের স্বর্গ রাজ্যে পরিণত হয়েছে। মাস খানেক আগে সেখানে সন্ধ্যার সময় এক ব্যবসায়ীর চেন ছিনতাই হয়। এই রকম ছিনতায়ের বিরুদ্ধে এক মাস আগে সমস্ত দলের মানুষ মিলিত হয়ে রাস্তা অবরোধ করে। ব্যবসায়ীরা স্টেশন থেকে বাড়ি যেতে পারে না, দোকানে যেতে পারে না, রাস্তা দিয়ে যেতে পারে না। অথচ এ ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। গত ১২ তারিখে সিন্ডিকেট ব্যাঙ্কের কমিশন এজেন্ট নিরঞ্জন সিংহ যখন বাড়ি ঢুকছিল তখন দুষ্কৃতকারিরা তার ব্যাগ ছিনতাই করার চেষ্টা করে। কিন্তু না পেরে বোমা ছোঁড়ে এবং উক্ত নিরঞ্জন সিংহ মারা যায়। তখন কিছু মানুষ এ ব্যাপারে থানায় জানাতে গেলে দেখে যে, থানায় অফিসার নেই, লোডশেডিং চলছে। থানাতে বাকি যারা ছিল তারা বলে, এখন যাওয়া হবে না। তখন কয়েকশ মানুষ সেখানে জমায়েত হয়ে। ওখানে প্রতিদিন সন্ধা ৬-টা থেকে ১০টা পর্যন্ত লোডশেডিং থাকে। ফলে জনতা রেগে গিয়ে এস. ই. বি.-র অফিস নষ্ট করে। এবং থানাতে ইট-পাটকেল ছুঁড়তে থাকে। পাবলিক প্রপার্টি নষ্ট হোক আমরাও চাই না। কিন্তু বুদ্ধদেববাবুর পুলিশ উইদাউট এনি ওয়ার্নিং—কোনও লাঠি চালানো নেই, টিয়ার গ্যাস ছোড়া নেই, গুলি চালায়। ফলে ভিড় কেন হয়েছে তা দেখতে আসা মাধব দাস বলে একজন তেলেভাজার দোকানি মারা যায়। মাধব দাসের দুই ছেলে, এক মেয়ে। নিরঞ্জন সিংহেরও সন্তান আছে। এই পুলিশি অত্যাচারের বিরুদ্ধে সেখানে সমস্ত দলের মিটিং হয়েছে এবং প্রতিকারের চেষ্টা করা হচ্ছে। সেই ভাঙ্গচুরের পর থেকে এস. ই. বি. অফিস বন্ধ হয়ে গেছে। আজকে যদি কেউ রাইটার্স বিল্ডিং ভাঙ্গচুর করে তাহলে কি জ্যোতিবাবু রাইটার্স ছেড়ে দিয়ে বিহারে চলে যাবেন? যদিও আমরা এস. ই. বি. অফিস ভাঙ্গচুর করাকে সমর্থন করি না। কিন্তু সেখানকার মানুষ ইলেক্ট্রিসিটি পাবে না—এটা হয় না। আমি মাধববাবুর মৃত্যুর জন্য উপযুক্ত ক্ষতিপূরণ দাবি করছি এবং সঙ্গে সঙ্গে এস. ই. বি. যাতে পুনরায় চালু হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করার দাবি করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, কলকাতার মানুষ নিরাপত্তার অভাব বোধ করছে। প্রকাশ্য দিবালোকে বাসের মধ্যে গুলি চালিয়ে লুঠ করা হচ্ছে। আমার নির্বাচনী কেন্দ্র অন্তর্গত হিন্দ সিনেমার সামনে দুষ্কৃতাকারী লুঠ করতে যাওয়ায় এক মহিলা বাধা দেয় কিন্তু দুষ্কৃতকারীর গুলিতে এক যুবকের মৃত্যু হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হল না। কালিপদবাবুর মৃত্যুতে এখন বুদ্ধদেববাবুকে বলতে হচ্ছে, দুষ্কৃতকারীকে খুঁজে পাওয়া যাচ্ছে না। আজকে পুলিশের সঙ্গে সমাজবিরোধীদের একটা আনহোলি নেকসাস গড়ে উঠেছে। এক শ্রেণীর পলিটিসিয়ানদের সাথে দুষ্কৃতকারীদের যোগাযোগকে মোকাবিলা করার জন্য পুরোধা হিসাবে মাননীয় পুলিশ মন্ত্রী যদি ব্যবস্থা না নেন তাহলে দুষ্কৃতকারীরা বাড়বে এবং পুলিশকে হেল্পলেসলি

সারেন্ডার করতে হবে। কলকাতা শহরের বুকে অতীতে এইভাবে ঘটনা কখনও কল্পনা করা যেত না। শাসক দল হিসাবে সি. পি. এম. এবং পুলিশ যদি সমাজ বিরোধীদের প্রশ্রয় দেয় তাহলে আজকে এই জিনিস বাড়তে বাধ্য। আজকে বুদ্ধদেববাবু প্রথম থেকেই সভায় উপস্থিত আছেন এবং দেখছেন যে সদস্যরা উদ্বেগ প্রকাশ করছেন। আপনার কলিং অ্যাটেনশনের জবাব আমাদের স্যাটিসফাই করতে পারেনি। এই ধরনের বিবৃতি দুষ্কৃতকারীদের উৎসাহিত করবে। ভবিষ্যতের পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করে আমাদের সরকার কি ব্যবস্থা করলেন সেটা আমাদের জানাবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের বেশির ভাগ জায়গার থেকে পশ্চিমবঙ্গের বিদ্যুতের দাম বেশি হওয়া সত্ত্বেও সম্প্রতি সরকার ডব্লু. বি. এস. ই. বি.-কে ইউনিট প্রতি ২০ পয়সা এবং সি. ই. এস. ই.-কে ইউনিট প্রতি ১৪ পয়সা ফুয়েল সারচার্জ বাড়াবার অনুমতি দিয়েছে এবং এপ্রিল মাস থেকেই এটা কার্যকরী করার অনুমতি দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৯৯৬ সালের নভেম্বর মাস থেকে এই ৬ মাসে পশ্চিমবাংলায় ৩ বার বিদ্যুতের দাম বাড়ল। একবার বাড়ল ইউনিট প্রতি বিদ্যুতের দাম, আর দু-বার বাড়ল ফুয়েল সারচার্জ। যেখানে বিদ্যুতের আইনকে লঙ্ঘন করে এই ভাবে বিদ্যুতের দাম বাড়ানো হল। জনস্বার্থে আমরা এই ফুয়েল সারচার্জ বৃদ্ধির যে নির্দেশ সেটা প্রত্যাহার করার দাবি জানাচ্ছি। যারা ভবিষ্যতের বিদ্যুত গ্রাহক তাদের প্রতিনিধি, বিদ্যুত সরবরাহকারী বিশেষজ্ঞ এবং বিচারপতিদের নিয়ে একটা কমিশন গঠন করে এবং ভবিষ্যতে বিদ্যুতের দাম বাড়ানোর ক্ষেত্রে এদের মতামত নিয়ে যেন তা করা হয়। পেট্রল, ডিজেলের দাম যেভাবে বাড়ল তাতে উৎপাদন ব্যয় কত বাড়ল আর ফুয়েল সারচার্জ বসিয়ে কত আয় হল তার তুলনামূলক তালিকা জনসমক্ষে প্রকাশ করা হোক। বার বার বিদ্যুতের দাম বাড়ছে এর প্রতিবাদ জানাচ্ছি। এ ছাড়াও মিটারের মিনিমাম চার্জ বৃদ্ধি করা হয়েছে, অবিলম্বে এই ফুয়েল সারচার্জ বৃদ্ধি প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার প্রতিনিয়ত চিৎকার করে বলছেন তারা পশ্চিমবাংলায় শিক্ষায় বিপ্লব এনেছেন এবং এই বিপ্লবকে তরান্বিত করার জন্য ৬ জনকে মন্ত্রিসভায় বিভিন্ন শিক্ষা দপ্তরের দায়িত্বে দিয়েছেন। এই কলকাতায় প্রাথমিক শিক্ষক তারা সারা জীবন চাকরি করার পর অবসরপ্রাপ্ত হয়ে তাদের প্রাপ্ত টাকা না পাওয়ার জন্য রাস্তায় ভিক্ষা করতে বাধ্য হচ্ছেন। আমি আরেকটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, কলকাতার বুকে চেতলা রোডে সুপ্রভাত প্রাথমিক স্কুলের শিক্ষিকা শ্রীমতী মনিমালা রায়চৌধুরি, তিনি গত ২১ বছর যাবৎ প্রতিদিন নিয়মিত ১০টায় হাজির থেকে শিক্ষকতা করেছেন। কিন্তু তিনি মাহিনা পাচ্ছেন না, নানা কারণ দেখানো হচ্ছে। আজকে ২১ বছর যাবৎ একজন প্রাথমিক শিক্ষিকা শ্রীমতী রায় চৌধুরি সুপ্রভাত প্রাথমিক স্কুলে তার উপর আরোপিত দায়িত্ব তিনি নিষ্ঠার সঙ্গে পালন করে এসেছেন, অথচ রাজ্য প্রাথমিক শিক্ষা দপ্তর তার দাবিকে নস্যাৎ করার চেষ্টা করছেন। শ্রীমতী রায়চৌধুরি হাইকোর্টে গেছেন, হাইকোর্ট রায় দিয়েছেন তার পাওনাগন্ডা মিটিয়ে দেওয়া হোক। কিন্তু শিক্ষা দপ্তর তার আবেদনে সাড়া দিচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্তৃতায়, ভাষণে, সেমিনারে, ডিসকাশনে, মাঠে-ময়দানে, আমরা শিক্ষাই জাতির মেরুদন্ড।

[1-10 — 2-00 p.m.] (Including adjournment)

প্রতি বছর পরলোকগত রাষ্ট্রপতি রাধাকৃষ্ণানের জন্ম দিন ৫ই সেপ্টেম্বরকে আপনারা শিক্ষক দিবস হিসাবে পালন করবেন, বিভিন্ন জায়গায় ভাষণ দেবেন, বক্তৃতা দেবেন, কিছু লোককে পুরস্কার দেবেন, কিছু মানুষের হাতে সাম্মানিক টাকা পয়সা তুলে দেবেন অথচ কলকাতা শহরে একজন প্রাথমিক শিক্ষিকা তার অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। তাকে মাইনে দেওয়া হচ্ছে না স্বীকৃতি দেয়া হচ্ছে না। কিন্তু তাকে পড়াতে দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি এই বিষয়টির প্রতি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়রে দৃষ্টি আকর্ষণ করছি। তার একটা আবেদন পত্র আপনার কাছে আমি পেশ করছি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন পত্রটি পৌছে দেবার জন্য। ঐ প্রাথমিক শিক্ষিকা বর্তমানে প্রচন্ড আর্থিক দুরবস্থার মধ্যে পড়েছেন, টাকা পয়সা না পেয়ে তিনি দারিদ্রসীমার শেষ রেখায় গিয়ে পৌছেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে আপনি বিচারের ব্যবস্থা করুন।

(At this Stage the House was adjourned till 2.00 p.m.)

[2-00 — 2-10 p.m.] (After Adjournment)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 47, 48, 55 & 58

**Mr. Dy. Speaker :** There are 7 cut motions to Demand No. 47 by Shri Kamal Mukherjee, (Cut motion Nos. 1-3), Shri Sultan Ahmed (Cut motion No. 4), Shri Ajoy De (Cut motion No. 5), Shri Deba Prasad Sarkar (Cut motion No. 6) and Shri Saugata Roy (Cut motion No. 7).

There are four Cut motions to Demand No. 48 by Shri Kamal Mukherjee (Cut motion Nos. 1-3), and by Shri Shobhan Deb Chattopadhyay (Cut motion No. 4).

There are five Cut motions to Demand No. 55 by Shri Pankaj Banerjee (Cut motion No. 1), Shri Nirmal Ghosh (Cut motion No. 2), Shri Ashok Kumar Deb (Cut motion No. 3), Shri Kamal Mukherjee (Cut motion No. 4), Shri Saugata Roy (Cut motion No. 5).

There are six Cut motions to Demand No. 58 by Shri Ashok Kumar Deb (Cut motion No. 1), Shri Shashanka Shekhar Biswas (Cut motion No. 2), Shri Abdul Mannan (Cut motion Nos. 3 & 4), Shri

Shymadas Banerjee (Cut motion No. 5) and Shri Gopal Krishna Dey (Cut motion No. 6).

All the cut motions are in order. Now I request Hon'ble members to move the motions.

### Demand No. 47

**Shri Kamal Mukherjee, Shri Sultan Ahmed, Shri Ajoy De, Shri Deba Prasad Sarkar** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 48

**Shri Kamal Mukherjee, Shri Shobhan Deb Chattopadhyay** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 55

**Shri Pankaj Banerjee, Shri Nirmal Ghosh, Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, and Shri Saugata Roy** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 58

**Shri Ashok Kumar Deb, Shri Shashanka Shekhor Biswas, Shri Abdul Mannan, Shri Shymadas Banerjee, Shri Gopal Krishna Dey** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী ১৯৯৭-৯৮ সালের জন্য প্রায় ১৬৮ কোটি টাকার যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট-মোশনগুলি এসেছে সেই কাট-মোশনগুলি যাতে আপনারা গ্রহণ করেন তারজন্য আবেদন রাখছি। প্রথমত, খাদ্যের উৎপাদন সাধারণভাবে যেটুকু বৃদ্ধি হয়েছে সেই সম্পর্কে বলছি। গত বছর এই খাদ্যের উৎপাদন যৎসামান্য বৃদ্ধি হয়েছিল এবং সেটা যেটুকু বৃদ্ধি হয়েছে সেটা স্বাভাবিক নিয়মেই হয়েছে। রাজ্যপালের ভাষণে এবং মাননীয় অর্থমন্ত্রী যখন বাজেট ভাষণ দেন সেই সময়ে তিনি বারে-বারে বলেছেন, ভূমি সংস্কার হয়েছে বলেই খাদ্যের উৎপাদন বেড়েছে। আমি প্রথমেই মাননীয় খাদ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই, উনি তার দীর্ঘ ভাষণে এই ক্লেম করেননি। ভূমি রাজস্ব দপ্তরের বাজেট যখন এই সভায় পেশ হয়েছিল তখন আমি বিতর্কে অংশগ্রহণ করে দেখিয়েছিলাম যে ভূমি সংস্কার পশ্চিমবাংলায় গত ১৭-১৮ বছর বন্ধ হয়ে গেছে, নতুন করে বর্গা রেকর্ড হচ্ছে না, নতুন করে জমি ভেস্ট হচ্ছে না, সাধারণ গরিব মানুষের মধ্যে সেই জমি বিলি হয়নি। যেটুকু হয়েছিল ১৯৭৭-এর পর ২/১ বছর পর্যন্ত। ১৯৭৮-৭৯ সাল থেকে ভূমি সংস্কার শেষ হয়ে

গেছে। আপনারা যতই বলুন যে আমূল ভূমি সংস্কার করেছেন এবং তারই জন্য চাষীরা উৎসাহিত হয়ে খাদ্যের উৎপাদন বাড়িয়েছে, সেটা মাননীয় খাদ্যমন্ত্রী নিজে জানেন এবং তিনি জানেন বলেই এইসব কথা তার বাজেট ভাষণে উত্থাপন করেননি। এরজন্য নিশ্চয়ই তাকে ধন্যবাদ জানাব। কিন্তু মাননীয় কৃষি মন্ত্রী স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গের কৃষি প্রধানত বৃষ্টিপাত এবং সূর্যকরোজ্জ্বল দিবসের উপর নির্ভরশীল। গত ২০ বছরে বামফ্রন্ট সরকারের রাজত্বে পশ্চিমবাংলার কৃষি এখনও বৃষ্টিপাত এবং সূর্যকরোজ্জ্বল দিনগুলির নির্ভর করে বসে আছে। সেচের সম্প্রসারণ যদি ঠিকমতো হত এবং বন্যা ও খরা এগুলির নিয়ন্ত্রণ এই বামফ্রন্ট সরকার গত ২০ বছরে যদি করতে পারতেন তাহলে মাননীয় মন্ত্রী মহাশয়কে এই স্বীকারোক্তি করে আজকে আমাদের সামনে উপস্থিত করতে হত না। আমি পরে পরিসংখ্যান দিয়ে দেখাব, সেচের কি উন্নতি হয়েছে বা অন্য দিক থেকে কি উন্নতি হয়েছে। দুঃখের বিষয়, পশ্চিমবাংলার কৃষিকে আজও সম্পূর্ণ প্রকৃতির উপর নির্ভর করে বসে থাকতে হচ্ছে। বৃষ্টি হলে খাদ্যের উৎপাদন হবে আর বৃষ্টি না হলে খাদ্যের উৎপাদন হবে না। এখনও আমরা বলতে পারছি না যে প্রকৃতিকে জয় করে নিজস্ব প্রযুক্তি বৈজ্ঞানিক পদ্ধতি চালু করে, সেচের সম্প্রসারণ করে খাদ্যের উৎপাদন আমরা বাড়াব। এই কথা বলবার মতোন ক্ষমতা এই সরকারের নেই। এরপর আমি বলতে চাই, আপনি যে ভুল বক্তব্য রেখেছেন সেটা পয়েন্ট-আউট করে দেখিয়ে দিতে চাই, সংশোধন করিয়ে দিতে চাই। বাজেট ভাষণের ১ পাতার শেষের দিকে—১ পাতার প্রথম দিকে যেটা মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, "১৯৯৫-৯৬ সালে খাদ্যশস্যের উৎপাদন পূর্বতন ১৯৯৪-৯৫ সালের নজির সৃষ্টিকারী উৎপাদন মাত্রা অতিক্রম করে এক সর্বকালীন নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করেছে।"

কি নজির বাপরে বাপ। এবারে দেখুন যে ১৯৯৪/৯৫ সালে কি রকম নজির সৃষ্টিকারী উৎপাদন ছিল। আপনারা যদি আর্থিক সমীক্ষাটা দেখেন তাহলেই সব দেখতে পাবেন। আমার কাছে সমস্ত তথ্য আছে, আমি আর বই-টা খুলছি না। ১৯৯৪-৯৫ সালে মোট খাদ্য উৎপাদন হয়েছিল ১৩২.৭৯ লক্ষ টন। আর আপনি যেটা ক্লেম করছেন যে ১৯৯৫/৯৬ সালে ১৯৯৪/৯৫ সালের সর্বকালীন রেকর্ডকে অতিক্রম করেছে, তখন হল ১২৮.৮৬ লক্ষ টন। তাহলে তো ৪ লক্ষ টন কমে গেল। অথচ আপনি বলছেন যে ১৯৯৫/৯৬ সালে নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করেছেন ১৯৯৪/৯৫ সালের মাত্রাকে অতিক্রম করে। এটা একটা ভুল সিদ্ধান্তে আপনি উপনীত হয়েছেন, এগুলি আশা করি সংশোধন করবেন। যারা বাজেট ভাষণ লিখে দেন তাদের বলবেন স্ট্যাটিসটিক্সগুলি দেখে ভাষণ লিখে দিতে। আপনি নিজেও এগুলি একটু দেখবেন। আপনি এত নজির সৃষ্টি করছেন কিন্তু তথ্যের সঙ্গে কোনও কিছুর মিল হচ্ছে না। এ বছর অর্থাৎ ১৯৯৬/৯৭ সাল সম্বন্ধেও আপনি অনেক কথা বলেছেন এবং এখানেও অর্থাৎ ১৯৯৬/৯৭ সালেও আবার একটা রেকর্ড সৃষ্টি করে নজির সৃষ্টি করবেন বলেছেন। আপনি জানেন, এবারে বোরো ধানের চাষের সময় আমরা বিধানসভার কয়েকজন সদস্য আপনার কাছে গিয়েছিলাম এবং তখন আপনি স্বীকার করেছিলেন যে এবারে জলাধারগুলি থেকে বোরো চাষের জন্য জল পাওয়া যাবে না। যখন আপনার কাছে গিয়েছিলাম তখন আপনি আমাদের বলেছিলেন, "আমি কি করব, জেলা পরিষদগুলিকে বলেছি যে এবারে বোরো ধানের জন্য জলাধারগুলি থেকে জল দেওয়া যাবে না, বোরো ধানের চাষীরা নিজেদের

উদ্যোগে চাষ করলে করবেন কিন্তু ক্যানেলের জল দেওয়া যাবে না—ডি. ভি. সি. ময়ূরাক্ষী, কংসাবতী কোনও জলাধার থেকেই জল পাওয়া যাবে না। আপনার কাছে আমরা কমপ্লেন করে বলেছিলাম, পশ্চিমবঙ্গের কোনও জেলা পরিষদ বোরো চাষীদের কাছে এই তথ্য পরিবেশন করেননি। গণ-মাধ্যমের মাধ্যমে হোক, কাগজের মাধ্যমে হোক, রেডিও, টেলিভিশনের মাধ্যমে হোক বা অন্য কোনও উপায়ে হোক—এই যে জলাধার থেকে জল পাওয়া যাবে না একথা চাষীদের কাছে কোনও জেলা পরিষদ প্রচার করেননি। এবারে যে ৯ লক্ষ হেক্টর জমিতে ''মবঙ্গে বোরো ধানের চাষ হয়েছে তারমধ্যে কমপক্ষে ৫/৬ লক্ষ হেক্টরের বোরো ধানের চাষ সম্পূর্ণ মার খেয়েছে। প্রকৃতি অবশ্য এবারে আপনাদের কিছুটা সাহায্য করেছে। যে সময় বৃষ্টি হয় না/দেড় মাস আগে, সেই সময় কিছু কিছু বৃষ্টিপাত হয়েছে, তাতে কিছু বোরো ধান হয়ত হবে কিন্তু জলাধার থেকে জল না পাবার ফলে বোরো চাষীরা দারুণ মার খেয়েছে। এ ক্ষেত্রে সম্পূর্ণ অপদার্থতার পরিচয় আপনার দপ্তর এবং জেলা পরিষদগুলি দিয়েছেন, বোরো চাষীরা আগে থেকে কোনও ওয়ার্নিং পাননি ফলে তারা মার খেয়েছেন। এর পর নানান রকমের ধানাই-পানাই করে, কোনও সময় বৃষ্টি কম হয়েছে, কোনও সময় বেশি হয়েছে ইত্যাদি বলে তিনের পাতার শেষের দিকে আপনি আবার দাবি করেছেন যে দেশের অন্যান্য রাজ্যের তুলনায় ১৯৯৬/৯৭ সালের সামগ্রিক কৃষি উৎপাদনে এ রাজ্য আর একটা সর্বকালীন রেকর্ড মাত্রায় গিয়ে পৌছাবে। আপনি সর্বকালীন রেকর্ড করতে এত ব্যগ্র হয়ে পড়েছেন যে আমরা ঠিক বুঝতে পারছি না কি চাইছেন আপনি। আপনি বলেছেন, সর্বকালীন রেকর্ড ১৯৯৬/৯৭ সালে হবে। তারপর অবশ্য একটা রাইডার যোগ করে দিয়েছেন। একেবারে স্পেসিফিক বলেননি। বলেছেন, আমাদের রাজ্যের উৎপাদন-এ সর্বকালীন রেকর্ড হবে এবং সেখানে রাইডার যোগ করেছেন এই বলে যে—'অন্যান্য রাজ্যের তুলনায়।' অন্যান্য রাজ্যের তুলনায় সর্বকালীন রেকর্ড হবে—এর মানেটা কি তা আমি বুঝতে পারছি না। ১৯৯৬/৯৭ সালে উৎপাদন বাড়ুক সেটা আমরা সবাই চাই কিন্তু বোরো ধান নিয়ে আমরা দেখলাম বোরো চাষীদের আপনারা ক্ষতিগ্রস্ত করেছেন।

[2-10 — 2-20 p.m.]

সেই ক্ষতি যাতে আগামী দিনে না হয় তার জন্য সমস্ত দায়িত্ব আপনার সরকারকে, আপনার দপ্তরকে নিতে হবে। আজকে বোরো ধানের যেভাবে ক্ষতি হচ্ছে সেটা সকলেই জানেন। আপনি জানেন যে বোরো ধানের চাষ করতে করতে মাটির তলার জল শেষ হয়ে যাচ্ছে। আজকে বহু জেলা থেকে বলা হয়েছে যে মাটির তলা থেকে আর জল পাওয়া যাচ্ছে না। সেজন্য একটা কমিটিও করা হয়েছে। জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া থেকে পার্মিশন না নিলে কোনও মিনি ডিপ টিউবওয়েল, ডিপ ডিউবওয়েলে বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে না। অথচ আপনি বোরো ধানের চাষীদের বলছেন যে, তোমরা বোরো ধান চাষ কর। এবারে ৯ লক্ষ হেক্টর, তারপরে ১০ লক্ষ হেক্টর, তারপরে ১১ লক্ষ হেক্টর চাষ কর। কিন্তু কোথা থেকে জল পাওয়া যাবে? আজকে খাবার জলও পাওয়া যাচ্ছে না। অতিরিক্ত নিচের জল তোলার ফলে যে শিলাস্তরে আর্সেনিক আছে, সেই শিলাস্তর পর্যন্ত জলের লেভেল নেমে যাচ্ছে এবং তার ফলে বহু জেলায় জলে আর্সেনিক দেখা দিয়েছে। পশ্চিমবাংলায় আগামী দিনে যদি সার্বিক কোনও পরিকল্পনা গ্রহণ না করেন, বোরো ধানের চাষ করা সম্পর্কে

কতখানি জল নেওয়া যাবে, এই সম্পর্কে যে অ্যাকুইফার আছে সেগুলি যদি বিচার না করেন, যদি বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন না করেন তাহলে আগামী দিনে বোরো ধানের চাষ মার খাবে এবং সেই সঙ্গে শহরের মানুষ এবং গ্রামের মানুষ পানীয় জলও খেতে পারবে না, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি একটা প্রশ্নের উত্তরের কথা এখানে উল্লেখ করছি। ১৯শে এপ্রিল ১৯৯৫ সালে একটা প্রশ্ন আবু আয়েশ মন্ডল এবং বীরেন ঘোষ মহাশয় তুলেছিলেন। প্রশ্নটা ছিল (ক) এটা কি সত্য যে ভূগর্ভস্থ জলের অপরিকল্পিত ব্যবহারের ফলে রাজ্যের বিভিন্ন জেলায় জলের স্তর ভয়াবহভাবে নেমে গেছে এবং (খ) সত্যি হলে সেই ব্লকের সংখ্যা কত? জল সম্পদ অনুসন্ধান এবং উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় উত্তরে বলেছিলেন যে, না, এটা প্রযোজ্য নয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাস্তব সত্য কি? প্রতিদিন আমাদের বিধায়করা যে মেনশন করছেন তাতে তারা বলছেন যে জলের স্তর নেমে যাচ্ছে, জলে আর্সেনিক দেখা দিচ্ছে। দুই বছর আগের ঘটনা। সেই সময়ে সরকার বলেছে যে, না জলের স্তর নেমে যাচ্ছে না, ভূগর্ভস্থ জলের অপরিকল্পিত ব্যবহার হচ্ছে না। আপনারা আর কয়েক বছর পরে বুঝতে পারবেন যে কি পরিস্থিতি দাঁড়াবে।

আমার আর একটা পয়েন্ট হচ্ছে, আপনারা জানেন যে সেচের জলের উপরে কৃষি অনেক খানি নির্ভরশীল বিশেষ করে যখন খারিফ সিজন থাকে না। যখন আকাশ থেকে সৃষ্টি হয় সেই সময় ছাড়া অন্য সময়ে যে চাষ হয় সেটা বোরো ধানের চাষ হোক বা অন্যান্য চাষ হোক, সেগুলি সেচের উপরে নির্ভরশীল। কিন্তু সেচের জলের কি ব্যবস্থা করেছেন? এখানে নন্দবাবু এসে গেছেন, আপনি শুনুন। হাই ক্যাপাসিটি ডিপ টিউবওয়েলের অবস্থা কি? আমি সমস্ত পরিসংখ্যান স্ট্যাটিস্টিক অ্যাপেন্ডিক্স থেকে উল্লেখ করছি। পেজ ৯৯, টেবল ৫.১২, যে পরিসংখ্যান অ্যাপেন্ডিক্স এবারে আমাদের দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ১৯৯৬-৯৭ সালে হাই ক্যাপাসিটি ডিপ টিউবওয়েলের সংখ্যা হচ্ছে ৩ হাজার ১১০। ১৯৯৪-৯৫ সালের স্ট্যাটিসটিকস অ্যাপেন্ডিক্স-এর পেজ ১০০, টেবল ৫.১২-তে হাই ক্যাপাসিটি ডিপ টিউবওয়েলের সংখ্যা ছিল ৩ হাজার ১৪৪। তাহলে দুই বছরে ৩৪টা কমে গেল। স্যালো টিউবওয়েলের সংখ্যা ১৯৯৩-৯৪ সালে ছিল ৪ হাজার ৮৩৭টি। এটা সরকারি ক্ষেত্রের কথা বলছি। বে-সরকারি ক্ষেত্রের কথায় পরে আসছি। ১৯৯৫-৯৬ সালে সেটা হল ৩ হাজার ৯৪৫টি। অর্থাৎ ৮৯২টি কমে গেল শ্যালো টিউবওয়েল।

সবটাই আপনাদের পরিসংখ্যান। আর. এল. আই.—১৯৯৩/৯৪ সালে ছিল ৩, ২৯৭টি, ১৯৯৫/৯৬ সালে দাঁড়িয়েছে, ৩,১৭০টি, অর্থাৎ কমে গেছে ১২৭টি। অবশ্য মিডিয়াম এবং লো পাওয়ার ডিপ টিউবওয়েলের সংখ্যা কিছুটা বেড়েছে। কমে গেছে শ্যালো এবং হাই পাওয়ার ডিপ টিউবওয়েলের সংখ্যা। সেখানে বেসরকারি শ্যালো টিউবওয়েলের সংখ্যাটা কি? ৩১. ৩. ৮০ সালে এর সংখ্যা যেখানে ছিল ৪২,৬১১, সেখানে ৩১. ৩. ৯২ তারিখ, অর্থাৎ ঠিক ১২ বছর পরে বেসরকারি শ্যালো টিউবওয়েলের সংখ্যা ৫ লক্ষের উপর চলে গেছে। আশা করি নন্দবাবু আমার দেওয়া পরিসংখ্যান মেনে নেবেন। এই পরিসংখ্যান থেকেই বোঝা যায় যে, সরকারের তরফে ক্ষুদ্র সেচে কোনও বৃদ্ধি ঘটেনি, কারণ শ্যালো এবং হাই ক্যাপাসিটি ডিপটিউবওয়েলের সংখ্যা এবং আর. এল. আই.-এর সংখ্যা কমে গেছে। এর পাশাপাশি বেসরকারি শ্যালোর সংখ্যা হু হু করে বাড়তে শুরু করেছে। এসব থেকে এটাই প্রমাণিত হয়

যে, বেসরকারি প্রচেষ্টা এবং চাষীদের নিজেদের উদ্যোগের ফলেই কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি ঘটেছে। এর সঙ্গে আপনাদের সত্যিকারের প্রচেষ্টা যদি যুক্ত হত তাহলে সেচের কমান্ড এরিয়া আরও বাড়ত, ফলে কৃষির উৎপাদন আরও খানিকটা বেড়ে যেত। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, এক্ষেত্রে সরকারের প্রচেষ্টার অভাব রয়েছে। তারই জন্য এই বাজেটের বিরোধিতা করছি।

এরপর রয়েছে ক্যানাল ওয়াটার দিয়ে সেচ-ব্যবস্থা। পরিসংখ্যান এক্ষেত্রে কি বলছে? আপনাদের স্ট্যাটিসটিকাল অ্যাপেন্ডিক্স, ১৯৯৬-৯৭, ১০০ পাতা, টেবল নং ৫.১৩ থেকে বলছি। এখানে বলা হয়েছে, ক্যানাল সিস্টেমে ১৯৮০-৮১ সালে সেচ-সেবিত হয়েছে ১০.১৭ লক্ষ হেক্টর জমি, ১৯৯৫-৯৬ সালে সেচ-সেবিত জমির পরিমাণ দাঁড়িয়েছে ১১.৭৫ লক্ষ হেক্টরে। এই যে সেচ-সেবিত জমির পরিমাণ গত ১৫ বছরে যা সামান্য বেড়েছে সেটা মূলত তিস্তা সেচ প্রকল্পের জন্য বেড়েছে, কারণ দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলার কিছু এলাকায় ক্যানালের জল দিয়েছেন, যার জন্য সেচের কমান্ড এরিয়া কিছুটা বেড়েছে। কিন্তু আমরা বলতে চাই, এই তিস্তা প্রকল্পের কাজ বহুদিন ধরে চলছে। প্রথেম বলতেন যে, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না বলে কাজ হচ্ছে না। তারপর বললেন যে, জমি পাওয়া যাচ্ছে না বলে কাজ হচ্ছে না। প্রশ্ন হ'ল, একটি প্রকল্পের কাজ কতদিন ধরে চলবে? যদি তিস্তা প্রকল্পের কাজ শেষ করতে পারতেন তাহলে আরও বেশি জমি কমান্ড এরিয়ার মধ্যে নিয়ে এসে কৃষি উৎপাদন অনেকটা বাড়াতে পারতেন। কিন্তু সেটা হচ্ছে না, এটাই হচ্ছে অবস্থা।

তারপর বাজেট বরাদ্দে আমরা দেখছি, আশ্চর্যের ব্যাপার, ১৯৯২-৯৩ সালে বাজেট বরাদ্দ ছিল ১৫৬ কোটি টাকা, এই বছর সেটা দাঁড়িয়েছে ১৬৮.৪৩ কোটি টাকা। এই ১৬৮.৪৩ কোটির মধ্যে স্যালারি পেমেন্টের পরিমাণ ৮৪ কোটির কিছু বেশি। অর্থাৎ স্যালারি কম্পোনেন্টেই চলে যাবে বাজেটের প্রায় অর্ধেক টাকা। ১৯৯২-৯৩ সালে ছিল ১৫৬ কোটি টাকা এবং সেটা বিগত পাঁচ বছরে বেড়ে ১৯৯৭-৯৮ সালে দাঁড়িয়েছে ১৬৮.৪৩ কোটি টাকা, অর্থাৎ বিগত পাঁচ বছরে বাজেট বাড়ল মাত্র ১২.৪৩ কোটি টাকা। আপনারা জানেন, মুদ্রাস্ফীতি বলে একটা জিনিস রয়েছে। ধরে নিলাম গত পাঁচ বছরের প্রতি বছর মুদ্রাস্ফীতি ঘটেছে ১০ পারসেন্ট এবং ১৯৯২-৯৩ সালের মূল্যমান আমরা ধরে রাখতে চাই।

[2-20 — 2-30 p.m.]

প্রতি বছর যদি ১০ পারসেন্ট ইনক্রিজ ধরে নিই তাহলে অঙ্ক কষলে দেখা যাবে ১৫৬ কোটির ১০ পারসেন্ট গত ৫ বছরে দাঁড়ায় ৭৮ কোটি টাকা। অর্থাৎ ১৯৯২ সালে যে বাজেট পেশ করেছিলেন সেই মূল্যমানে এই বছর যে বাজেট পেশ করেছেন সেটা যদি এক রাখতে চাইতেন তাহলে অঙ্কের হিসাব অনুযায়ী ১৫৬ কোটি টাকার সঙ্গে আরও ৭৮ কোটি টাকা যোগ করতে হবে অর্থাৎ ২৩৪ কোটি টাকা করা উচিত ছিল। প্রতি বছর ১০ পারসেন্ট ইনক্রিজ হয়েছে এটা ধরে নিয়ে ২৩৪ কোটি টাকা হয় সেই জায়গায় আপনি এই বছর বাজেট পেশ করেছেন ১৬৮ কোটি ৪৩ লক্ষ টাকার। তাহলে ১৯৯২ সালে বাজেট বরাদ্দের যে প্রস্তাব ছিল তার তুলনায় এই বছর বাজেট বরাদ্দ অনেক নিচে নেমে গেছে। আপনি এর

উত্তর কি দেবেন জানি না। এই দপ্তরে ফরোয়ার্ড ব্লকের মন্ত্রী আছে বলে বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে কিনা আমি জানি না। বাস্তব যে অঙ্ক তার থেকে দেখতে পাচ্ছি ১৯৯২-৯৩ সালে আপনারা যে বাজেট বরাদ্দ পেয়েছিলেন তার তুলনায় এই বছর যে বাজেট বরাদ্দ পেশ করেছেন মূল্যমানের ভিত্তিতে সেটা অনেক কম। কি করে আপনি কৃষির উন্নতি করবেন? কৃষির উন্নতি এই সামান্য বাজেট দিয়ে করা সম্ভব নয়। মন্ত্রী মহাশয়ের প্রতি সহানুভূতির সুরে বলছি আপনি সরকারের কাছে দাবি করুন কৃষির মতো একটা ইম্পর্টেন্ট সাবজেক্টে বাজেট বরাদ্দ বাড়ানো হোক। পশ্চিমবাংলা কৃষি নির্ভর রাজ্য, এখানে ৭ কোটি মানুষের মধ্যে ৭৫ পারসেন্ট মানুষ কৃষি নির্ভর, কৃষির উপর তারা জীবনধারণ করে। সেই দপ্তরকে বঞ্চিত করা হলে পশ্চিমবাংলার মানুষ বেঁচে থাকবে কি করে সেটা আমি বুঝতে পারছি না। আপনারা দেখুন স্টেট প্ল্যানে কি করুন অবস্থা। ১৯৯২-৯৩ সালে স্টেট প্ল্যান ধরা হয়েছিল ৩৫ কোটি ৫৫ লক্ষ টাকা। ৫ বছর পরে ১৯৯৭-৯৮ সালে স্টেট প্ল্যান কত? ৩৬ কোটি ৬২ লক্ষ। কমেনি আপনার ভাগ্য ভাল। কিন্তু ভাল করে দেখলে কমেছে। আমি বলছি কি করে কমেছে। এবারের যে স্টেট প্ল্যান ৩৬ কোটি ৬২ লক্ষ টাকা তার মধ্যে আর. আই. ডি. এফ. আছে ৪ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালে যে স্টেট প্ল্যান ছিল তার মধ্যে আর. আই. ডি. এফ.-এর টাকা ছিল না। এই ৪ কোটি টাকা বাদ দিলে ১৯৯২-৯৩ সালের স্টেট প্ল্যানের সঙ্গে এই বছরের স্টেট প্ল্যানের সঙ্গে তুলনামূলক বিচার করলে ৩১-৩২ কোটি টাকা এই বছর স্টেট প্ল্যানে খরচ করবেন বলেছেন। তবে শেষ পর্যন্ত অর্থ দপ্তর কত টাকা আপনাকে মঞ্জুর করবেন আমি জানি না। আমি যতদূর খবর পেয়েছি, প্রতি বছর স্টেট প্ল্যানের টাকা সমস্তটা মঞ্জুর হয় না। আমরা দেখলাম বাজেট বরাদ্দের ক্ষেত্রে এবং স্টেট প্ল্যানের ক্ষেত্রেও ১৯৯২-৯৩ সালের তুলনায় এই বছর বরাদ্দ কমে গেছে। কি করুন অবস্থা দেখুন। এই অবস্থার যদি পরিবর্তন না হয় তাহলে কি করে কৃষি দপ্তর আগামী দিনে—বিভিন্ন সময় আপনারা বলছেন কৃষিতে রেকর্ড সৃষ্টি করছে—রেকর্ড সৃষ্টি করবে আমি জানি না। খাতায় কলমে যদি রেকর্ড সৃষ্টি না হয়ে থাকে যদি সত্যিকারের রেকর্ড সৃষ্টি হয়ে থাকে তাহলে পশ্চিমবাংলার মানুষ বাঁচবে। খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির হার নিয়ে আপনারা খুব গর্ব করে থাকেন। এটা যে কতখানি ফাঁকা আওয়াজ সেটা আমি তথ্য দিয়ে বুঝিয়ে দিতে চাইছি। আমাদের সময় ১৯৭০-৭১ সালে খাদ্য শস্য উৎপাদন হয়েছিল ৭১ লক্ষ টন। ১৯৭৫-৭৬ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছিল ৮২ লক্ষ টন। অর্থাৎ আমাদের সময় ৫ বছরে মোট খাদ্য উৎপাদন বৃদ্ধি ঘটেছিল ১১ লক্ষ টন। অর্থাৎ প্রতি বছর গড় বৃদ্ধি দাঁড়াবে ১১ লক্ষ টনকে ৫ দিয়ে ভাগ করলে ২.২ লক্ষ টন দাঁড়ায়। আমাদের সময় ৫ বছরে প্রতি বছর ২.২ লক্ষ টন খাদ্য উৎপাদন বৃদ্ধি ঘটেছিল।

আপনাদের সময়ে কি হল? ১৯৯৫-৯৬ সালের উৎপাদন যদি আমরা ধরি ১২৮.৮৬ লক্ষ টন, তাহলে আপনাদের ২০ বছরে, ১৯৭৫-৭৬ থেকে শুরু করে ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত উৎপাদন বেড়েছে ৪৭ লক্ষ টন। এটাকে যদি ২০ দিয়ে ভাগ করেন, তাহলে দেখবেন উৎপাদন বেড়েছে প্রতি বছরে ২.৩৩ লক্ষ টন। এখানে কৃষি মন্ত্রী মহাশয়কে মনে রাখতে হবে যে, আমাদের সময়ে—'৭০, '৭১, '৭২ এবং '৭৩ সালে উৎপাদন বেড়েছিল ২.২ লক্ষ টন করে। হাই ইল্ডিং ভ্যারাইটি ধান তখন সবেমাত্র চাষীদের কাছে ইন্ট্রোডিউসড হচ্ছে। তখন

সেচের জল যে মাটির নিচে থেকে তুলে ব্যবহার করে চাষ করা যায় এটা চাষীরা জানত না। তখন সাত্তার সাহেব ছিলেন কৃষিমন্ত্রী। তিনি চাষীর ঘরের ছেলে। তিনি জায়গায় জায়গায় শ্যালো টিউবওয়েল, রিভার লিফট, ডিপ টিউবওয়েল বসিয়ে চাষীদের দেখিয়েছিলেন যে, না মাটির নিচে থেকে জল তুলে চাষ করা সম্ভব—বোরো ধান, হাই ইল্ডিং ভ্যারাইটি বিঘা প্রতি ২০/২৫ মন করে উৎপাদন করা সম্ভব। আমাদের সময়ে এটা উৎপাদন করাটা ছিল কৃতিত্বপূর্ণ ব্যাপার। কারণ চাষীরা তখন হাই ইল্ডিং ভ্যারাইটি দিয়ে চাষ করতে অভ্যস্থ ছিল না। তবুও যথাযথভাবে ব্যবহার করে ও পরিচালনা করে আমরা উৎপাদনকে ২.২ লক্ষ টন করে বাড়িয়েছিলাম। আর আপনারা এত সুবিধা নিয়ে, চাষীরা যখন জাগ্রত হয়ে গেছে, নিজেরা যখন টিউবওয়েল বসাচ্ছে, যখন ১৯৮০-৮১-তে টিউবওয়েলের সংখ্যা ছিল ৪২ হাজার, সেটা বেড়ে হয়ে গেল ৫ লক্ষ তখন আপনারা প্রতি বছর ২.৩৩ লক্ষ টনের বেশি উৎপাদন বাড়াতে পারলেন না। এটা আপনাদের চরম ব্যর্থতা। চাষীরা যখন বুঝতে পারল যে ব্যাঙ্ক থেকে, ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে লোন পাওয়া যায়, তখন তারা নিজেরা ঘটিবাটি বন্ধক রেখে লোন নিয়ে টিউবওয়েল বসিয়ে এই চাষ শুরু করল, তখন আপনারা প্রতি বছর ২.৩৩ লক্ষ টনের বেশি উৎপাদন বাড়াতে পারলেন না। এটা আপনাদের চরম ব্যর্থতা। আমরা পার্সেন্টেজে ইনক্রিজ কি হচ্ছে দেখছি? প্রতি বছর ২.৩৩ লক্ষ টন করে উৎপাদন বেড়েছে। উৎপাদন যেখানে ১২৮ লক্ষ টন, অর্থাৎ প্রতি বছরে ২.৩৩ লক্ষ টন করে বেড়েছে, অর্থাৎ প্রতি বছর ১.৮ পারসেন্ট করে উৎপাদন বেড়েছে। আর জনসংখ্যার রেট বেড়েছে ২.৫ পারসেন্ট। এর ফলটা তাহলে কি দাঁড়াচ্ছে? অ্যাভেলিবিলিটি পার ক্যাপিটা কমে যাচ্ছে। আপনাদের ২০ বছরে খাদ্যের অ্যাভেলিবিলিটি পার ক্যাপিটা কমে যাচ্ছে। এখনও যদি একটা কিছু সার্বিক চিন্তাধারা নিয়ে না চলেন এবং জনসংখ্যা বৃদ্ধি যদি রুখতে না পারেন তাহলে আগামী দিনে পশ্চিমবাংলায় দুর্ভিক্ষ দেখা দেবে। পশ্চিমবাংলাকে বরাবরই অন্য রাজ্যের উপরে খাদ্যের ব্যাপারে নির্ভর করতে হোত। আপনারা বলছেন যে রেকর্ড পরিমাণে উৎপাদন করেছেন। কিন্তু আপনারা প্রকিরওরমেন্ট করেন না। কোনও বছরে প্রকিওরমেন্ট করেন ৫০ হাজার টন, কোনও বছরে ৭০ হাজার টন, কোনও বছরে এক লক্ষ টন। প্রফুল্লচন্দ্র সেনের সময়ে যখন উৎপাদন বর্তমান সময়ের মতো এতবেশি ছিল না, তখন প্রকিওরমেন্ট করা হত ৫ লক্ষ টন। আপনারা যখন বলছেন খাদ্যোৎপাদন বছরে ১৩৩ লক্ষ টনের বেশি হচ্ছে তখন প্রকিওরমেন্ট ঠিকমতো করতে পারছেন না। ফলে রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। আর আপনারা কেন্দ্রীয় সরকারের উপরে দোষারোপ করছেন। কংগ্রেস থাকলে আরও গালাগাল করতেন, এখন রেখে ঢেকে গালাগাল দিচ্ছেন। বলছেন, কেন্দ্রের কাছ থেকে চাল পাওয়া যাচ্ছে না, তাই রেশন ব্যবস্থা ভেঙে পড়ছে। এই অবস্থা চলতে থাকলে পশ্চিমবাংলার মানুষ খেতে পাবে না। আপনারা আগামী দিনের একটা পরিকল্পনা দিয়েছেন। নবম পরিকল্পনার শেষে আপনারা ১৭৬ লক্ষ টনে পৌছুতে চান। কিন্তু কি করে ঐ জায়গায় পৌছুতে চান আমি জানি না।

[2-30 — 2-40 p.m.]

সেই রকম সারও নেই, হাই ব্রিড বীজ নেই তাহলে কি করে ১৭৬ লক্ষ টনে পৌছানো যাবে জানি না। আসলে আপনাদের কোনও পরিকল্পনা নেই, বাস্তব অভিজ্ঞতাই নেই

আপনারা ওই লক্ষ্যে পৌঁছাবেন কি করে জানি না। আপনারা একটা কল্যাণী বিশ্ববিদ্যালয় করেছেন, কিন্তু ওই বিশ্ববিদ্যালয়ে কোনও নতুন ধরনের বীজ, নতুন ধরনের সার উৎপাদন করতে পেরেছে কিনা আমার জানা নেই। কেবলমাত্র লোকেদের মাইনের পেছনে ৪ কোটি টাকা খরচ করা ছাড়া আর কিছুই করতে পারেননি। সেখানে দেখুন পাঞ্জাব ইউনিভার্সিটি নতুন নতুন ধরনের ধান, গমের বীজ আবিষ্কার করছে, আর এখানে কৃষি বিশ্ববিদ্যালয় একটা ঠুঁটো জগন্নাথের মতো বসে আছে, একটা সাদা হাতি পোষার মতো অবস্থা। প্রতি বছর কিছু স্নাতক ছেলে বেরুচ্ছে, তারা চাকুরি পাচ্ছে না, চাকুরির জন্যে ঘুরে ঘুরে হাহাকার করে বেরাচ্ছে। কোথাও তাদের কোনও চাকুরি নেই। অবশ্যি একটা প্রস্তাব আপনারা দিয়েছেন, সেই বিষয়ে আমি পরে বলব। সুতরাং এই তো হচ্ছে বাস্তব অবস্থা পশ্চিমবঙ্গের। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আগামী দিনে এর সার্বিক চিন্তাধারা কি হবে, কি করে খাদ্যের উৎপাদন বাড়াবে, সেচের সম্প্রসারণ ঘটবে জানি না। গোটা পশ্চিমবঙ্গে শতকরা ৩৫ ভাগ জমি সেচের আওতার মধ্যে আনতে পেরেছেন। আমরা জানি সব সময়ে খরা হলেও বৃষ্টি না হলেও বিদ্যুতের অভাব থাকলেও সেচের ব্যবস্থা থাকলে পরে চাষের অসুবিধা হয় না। কিন্তু পশ্চিমবঙ্গে যে বাস্তব অবস্থা, সেই অবস্থার মধ্যে থেকে কি করে উদ্ধার হবে জানি না। যেখানে শতকরা ১.৮ পারসেন্ট রেটে খাদ্যের উৎপাদন বাড়ছে, সেখানে পপুলেশন বাড়ছে ২.৫ পারসেন্ট রেটে। সুতরাং এই রেটে পপুলেশন যদি বাড়ে তাহলে খাদ্যের যোগান দেবে কি করে বুঝতে পারছি না, সেখানে মাননীয় মন্ত্রী কি পরিকল্পনা গ্রহণ করবেন সেটা তার জবাবি ভাষণে জানাবেন। আপনারা উৎপাদনশীলতা নিয়ে অনেক বড়বড় কথা বলেছেন যে আমাদের পশ্চিমবঙ্গে এত উৎপাদনশীলতা বেড়েছে যে ভাবা যায় না। কিন্তু আমি একটা পরিসংখ্যান দিয়ে জানাচ্ছি যে, এই পরিসংখ্যান আমাদের নয়, আপনাদেরই স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেন্ডিক্স, ১৯৯৬, পেজ ৯৭ থেকে বলছি যে, ১৯৯১-৯২ সালে হাই ইল্ড রেট ছিল ২ হাজার ৯০ কে. জি. পার হেক্টর আর ১৯৯৫-৯৬ সালে ওই ইল্ড রেট পার হেক্টর হল ১ হাজার ৯৯৭ কে. জি.। গমের ক্ষেত্রে ১৯৯১-৯২ সালে ২ হাজার ২৪৭ কে. জি. পার হেক্টর হয়েছিল, ১৯৯৫-৯৬ সালে সেটা হয়েছে ২ হাজার ১৪৭ কে. জি. পার হেক্টর। অর্থাৎ ১৯৯৫-৯৬ সালে ১০০ কে. জি. পার হেক্টর ধান এবং গমে কমেছে। কোথায় আপনারা হাই ইল্ডিং ভ্যারাইটিজের সিড দিচ্ছেন, কোথায় আপনারা মাইক্রো নিউট্রিয়েন্ট দিচ্ছেন? কোথায় আপনাদের সার্বিক রেকর্ড, সার্বিক সর্বকালীন রেকর্ড বা ম্যাজিক যার দ্বারা আপনারা গর্বের সঙ্গে বড়াই করে বলেন যে ধান উৎপাদনে আমরা প্রথম? আপনারা সব সময়ে বলেন যে ধান উৎপাদনে আমরা প্রথম, তাহলে আপনারা আসার আগে পশ্চিমবঙ্গ ধান উৎপাদনে কি লাস্ট ছিল?

তা কিন্তু নয়। এটা আমি অনেকবার বলেছি। আবার শুনুন, চাল উৎপাদনে বা ধান উৎপাদনে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের ক্ষেত্রে প্রথম ছিল। আপনারা এসে নতুন কিছু করেননি। আমি '৭৬-'৭৭ সালে স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেন্ডিক্স থেকে পড়ছি, ৬.৩ প্যারাগ্রাফে, প্যারা ১৩টা দেখুন ইন রিয়েল টার্মস West Bengal is the highest producer of rice and jute in India. শুধু রাইস নয়, জুটেও আমরা সর্ব প্রথম, ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করে আছি। বরাবরই আছি, এটা আপনারা কিছু করেননি। ভারতবর্ষের যত রাজ্যে রাইস প্রোডাকশন হয়, তার মধ্যে সবচেয়ে বেশি জমিতে ধান চাষ পশ্চিমবাংলায় হয়।

দুটো একটা হিসাব দিলেই এটা বুঝতে পারবেন। অন্ধ্র তারা চাল খায়, সেখানে ধান বা চাল চাষ হয় ৩১.২৩ লক্ষ হেক্টরে, উড়িষ্যায় ধান চাষ হয়, ৪০.৪৬ লক্ষ হেক্টরে। আর পশ্চিমবাংলায় ধান চাষ হয় ৫৪.৭৬ লক্ষ হেক্টর জমিতে। স্বাভাবিকভাবে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি জমিতে ধান চাষ হয়। সেইজন্য সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় অন্যান্য রাজ্যের তুলনায় ধান বা চাল চাষ বেশি হয়। সুতরাং আপনারা এসে যে প্রথম স্থান করে দিয়েছেন সেটা নয়। বরঞ্চ আপনারা খারাপ করে দিয়েছেন। '৭৪-'৭৫ সালে যে ধান বা চাল উৎপন্ন হত, পশ্চিমবাংলায় তার কন্ট্রিবিউশন ছিল ১৬.৩ শতাংশ। '৯৫-'৯৬ সালে সেটা কমে দাঁড়াল ১৫.৯ শতাংশ। সারা ভারতবর্ষে যেখানে যেখানে ধান উৎপন্ন হয় তার তুলনায় '৯৫-'৯৬ সালে সেটা কমে দাঁড়াল ১৪.৯ শতাংশয়। সুতরাং আপনারা এই কৃতিত্ব দাবি করতে পারেন না, কোথায় আপনাদের এই কৃতিত্ব বুঝতে পারছি না। একটা কথা শুনছি, বক্রেশ্বর থার্মাল পাওয়ার স্টেশন হলে পরে আমরা শুনেছি ময়ূরাক্ষীর জল আর পাওয়া যাবে না। এখানে ক্ষুদ্র সেচ মন্ত্রী আছেন, ইরিগেশন মন্ত্রী থাকলে ভাল হত, বীরভূম এবং মুর্শিদাবাদ এর লোকেরা ময়ূরাক্ষীর ক্যানাল এর জল পাবে না, বক্রেশ্বর থার্মাল পাওয়ার স্টেশন হলে পরে। আমি কৃষি মন্ত্রীর কাছে জানতে চাই, সেচের উপর আপনাদের ধান চাল নির্ভর করছে। বক্রেশ্বর থার্মাল পাওয়ার স্টেশন হলে পরে কতখানি জল থার্মাল পাওয়ার স্টেশনে যাবে, আর বীরভূম মুর্শিদাবাদ এর চাষীরা বোরো ধানের চাষের জন্য তারা কতটা জল পাবে? যদি না পাওয়া যায় তাহলে তার অল্টারনেটিভ ব্যবস্থা কি করছেন? আমি এটা পরিষ্কারভাবে জানতে চাই। এখানে বীরেনবাবু আছেন, প্রায় ৭০ লক্ষ টন আলু উৎপন্ন হয়েছে, সেই আলু রাখবার কোনও হিমঘরের ব্যবস্থা নেই। টোটাল আলু উৎপাদন করে পশ্চিমবঙ্গ রেকর্ড করেছে, কিন্তু এর নিট ফল কি হল? আলুর যা উৎপাদন এবং তার রাখার জন্য যে ব্যবস্থা থাকা দরকার, তা নেই। আপনারা বলছেন, পশ্চিমবাংলা আলু উৎপন্ন করে প্রথম স্থান অধিকার করেছে। এই আলু চাষ করে চাষীরা সর্বস্বান্ত হয়ে গেল। যে চাষীদের জন্য কৃষি দপ্তর আছে, যে দপ্তরের জন্য আপনারা ১৬৮ কোটি টাকা বরাদ্দ চেয়েছেন, সেই চাষীরা আলু উৎপাদন করতে গিয়ে তাদের আলু মাঠেই পচে গেল। তারা ২৫ পয়সা, ৫০ পয়সা দরে আলু বিক্রি করতে বাধ্য হল। এই অপদার্থতার পরিচয় আপনারা দিয়েছেন, এর কি জবাব দেবেন আপনারা? কোনও পরিকল্পনা নেই, পাট চাষ করে ৫০০ টাকা কুইন্টাল দরে বিক্রি করছে, কত টাকা লাগে পাট উৎপন্ন করতে গিয়ে?

[2-40 — 2-50 p.m.]

আজকে সহায়ক মূল্য বাড়ানোর জন্য আপনারা কেন দিল্লিতে বন্ধু সরকারের উপর চাপ দিচ্ছেন না? আপনারা বন্ধু সরকারকে বলুন, পাটের সহায়ক মূল্য বাড়াতে হবে, জে. সি. আই.-কে দিয়ে পাট কেনাতে হবে, আপনাদের যে সমস্ত মার্কেটিং ফেডারেশন আছে, তাদেরকে বলুন পাট সংগ্রহ করতে হবে এই দামে। আজকে এই ব্যাপারে সরকারের কোনও পরিকল্পনা নেই, আজকে পাট চাষীরা মার খাচ্ছে। এদিকে জুট মিলগুলো বন্ধ, এন. জে. এম. সি. তারা কোনও কাজ করতে পারছে না, জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া পাট কিনছে না, মার্কেটিং ফেডারেশন পাট কিনছে না। আপনারা বলুন পাট চাষীদের উন্নতি করবার জন্য তন্তুবায়দের উন্নতি করবার জন্য আমাদের সরকার অমুক অমুক পরিকল্পনা গ্রহণ করেছে।

আজকে পাট চাষীদের যদি উৎপন্ন ফসলের দাম ৫০০ টাকা কুইন্টালে বিক্রি করতে হয়, তাহলে তারা সর্বস্বান্ত হয়ে যাবে। পাট চাষী এবং আলু চাষীদের বাঁচাবার জন্য একটা সুচিন্তিত পরিকল্পনা আপনারা গ্রহণ করুন, যাতে আগামী দিনে এই আলু চাষী এবং পাট চাষীরা সর্বস্বান্ত না হয়ে যায়। ফসলের উৎপাদন বাড়ছে, কিন্তু সেই ফসলের উৎপাদন বাড়িয়ে তাদের কোনও লাভ হচ্ছে না। আপনি বলেছেন ১৯৯৫-৯৬ সালে ৪.০৮৩ লক্ষ হেক্টর জমিতে ৫৬.৩৯ লক্ষ গাঁইট পাট উৎপন্ন হয়, আপনি বলেছেন আগামী বছরে এটা ৬৫.৪৫ লক্ষ বেল পাট উৎপাদন করার টার্গেট নিয়েছেন। কিন্তু এই টার্গেট করে তো কোনও লাভ নেই। পাট চাষীরাতো আরও পাট চাষ করে মরবে, আরও তারা সর্বস্বান্ত হবে। সিড ফার্ম নিয়ে সাবজেক্ট কমিটিতে অনেক আলোচনা হয়েছে, ২২১টি সিড ফার্ম আছে, সেখানে যারা ক্যাজুয়াল কর্মী আছে তাদের স্থায়ীকরণ করলেন, কিন্তু সিড ফার্মের কোনও উন্নতি হল না। কল্যাণী ইউনিভার্সিটি, যাদের মূল কাজটা হচ্ছে ব্রিডিং, সেই বীজ তৈরি করতে তারা অক্ষম হচ্ছে, আপনাদের বীজ বাইরে থেকে কিনতে হচ্ছে। আপনারা বীজ সময়মতো চাষীদের দিতে পারছেন না। আপনারা শুধু একটা কাজ ভাল করেছেন। যারা সাধারণ ডাক্তার, তাদের আমরা বলি রেডক্রশ ডাক্তার, তদের গাড়িতে লাল ক্রশ চিহ্ন থাকে, আপনারা বলেছেন আপনারা গ্রিণ ক্রশ ডাক্তার করবেন, তাদেরকে ডাক্তার হিসাবে আপনারা লাইসেন্স দেবেন। কম ফিতে তারা চাষীদের মাটি পরীক্ষা করবে, কোন মাটিতে কি সার প্রয়োগ করতে হবে সেটা বলবে, কি চাষ করা যাবে সেটা বলবে, শুনলাম এই একটা প্রস্তাব আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবেন। যদি এটা কেন্দ্রীয় সরকার মেনে নেয়, তাহলে নিশ্চয় আপনি আমাদের সহানুভূতি পাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাটির তলায় জল নেই, সেই জল কিভাবে ব্যবহার করবেন তার কোনও পরিকল্পনা নেই, বিদ্যুতের অভাবে শ্যালো টিউবওয়েল চলছে না, এদিকে আপনি বলছেন ১৭৬ লক্ষ টনে নিয়ে যাবেন। যে হাই ব্রিড সিডস তৈরি হচ্ছে তাতে বিঘেতে চল্লিশ, পঞ্চাশ মন উৎপন্ন হচ্ছে। কিন্তু হাইব্রিড সিড এ পর্যন্ত যে সামান্য পরিমাণ জমিতে ইন্ট্রোডিউস করতে পেরেছেন তাতে আগামী নবম পরিকল্পনার শেষে ১৭৬ লক্ষ টনে আপনারা পৌঁছতে পারবেন না। যদি না সবাই মিলে অদম্য উৎসাহে চাষীদের পিছনে গিয়ে দাঁড়ান তাহলে সেই টার্গেটে পৌঁছনো সম্ভব না। ফুড প্রোডাকশনের গ্রোথ যেখানে ১.৮ সেখানে জনসংখ্যার বৃদ্ধির গ্রোথ ২.৫। এতে আগামী দিনে পশ্চিমবাংলায় দুর্ভিক্ষ অবশ্যম্ভাবী। কেন্দ্রীয় সরকারের কাছে চাল গম দাও বলে এই পশ্চিমবাংলার মানুষের কাছে অব্যাহতি পাবেন না। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হিমাংশু দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ৯৭-৯৮ সালের যে ব্যয়বরাদ্দ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। ৬০ এর দশক থেকে আমাদের ভারতবর্ষে কৃষির উপর কিছু প্রযুক্তিগত পার্থক্য চাপানোর জন্য কৃষির উৎপাদন বৃদ্ধি পায়। কিন্তু অন্যান্য রাজ্যের তুলনায় পাঞ্জাব, হরিয়ানার বৃদ্ধির হার অনেক বেশি। ৬৯-৭০ থেকে ৭৮-৭৯ এই সময়ে গোটা ভারতবর্ষে কৃষি উৎপাদন বৃদ্ধির হার ছিল ২.৪৮। সেখানে পশ্চিমবাংলায় উৎপাদনের হার ছিল .০৫। সেই সময়ে আমরা কি দেখেছি? কি রকম অবস্থা

ছিল সেই সময়ে পশ্চিমবাংলায়। গ্রামগঞ্জ থেকে মানুষ একটু ভাতের জন্য, একটু ফ্যানের জন্য শহরে ছুটে আসত। আজকে গ্রামে কি আর সেই অবস্থা আছে? আজকে যদি আমরা গ্রামের বিভিন্ন জায়গায় যাই মানুষ আর আজকে বলে না যে আমাদের একটু জি. আর দাও। আজকে মানুষ বলে যে আমাদের বিদ্যুৎ দাও, আমাদের রাস্তাঘাট করে দাও। অর্থাৎ আজকে মানুষের চাহিদা বেড়েছে। একথা আপনারা অস্বীকার করতে পারবেন না। আজকে গোটা ভারতবর্ষের কৃষি উৎপাদন বৃদ্ধির হার যদি তুলনা করি তাহলে দেখব সারা ভারতবর্ষে কৃষি উৎপাদন বৃদ্ধির হার ছিল ২.৭ শতাংশ সেখানে অন্যান্য রাজ্যগুলিতে, পশ্চিমবাংলায় ৬.৫, হরিয়ানাতে ৪.৩, উড়িষ্যাতে ৪.১, পাঞ্জাবে ৪, উত্তরপ্রদেশে ৩ শতাংশ, কেরালাতে এবং গুজরাটে যথাক্রমে মাইনাস ২.১ এবং মাইনাস ১.১ শতাংশ। এই হচ্ছে গোটা ভারতবর্ষের চিত্র। ভারতবর্ষে কৃষি বিপ্লব বলুন আর সবুজ বিপ্লব বলুন আঞ্চলিকতাবাদের বৈষম্যের কারণে এই অবস্থা। কংগ্রেসি আমলে কি অবস্থা ছিল? বৃহত্তম এবং মাঝারি সেচ প্রকল্পে ৭৭-৭৮ সালে ৯৯০ হাজার হেক্টর জমিতে চাষ হত, ৮৯-৯০-তে ১,২৫৫ হাজার হেক্টর জমিতে চাষ হত, ৯৬-৯৭-তে ২০ হাজার হেক্টর জমিতে চাষ হত। ক্ষুদ্র সেচ যেখানে রাজ্য সরকার সবচেয়ে বেশি জোর দিয়েছেন সেখানে ৭৭-৭৮ সালে মাত্র ১৩শো হেক্টর জমিতে চাষ হত, ৮৯-৯০-তে হল ২,৪৯৬.৪৬ হাজার হেক্টর, এটা ৯৬-৯৭-তে পৌঁছয় ৩,০৩৬.৪৬ হাজার হেক্টরে। এখন বুঝা যাচ্ছে সেচ ব্যবস্থা আমাদের বেড়েছে। ব্যক্তিগত সেচ বেড়েছে। ব্যক্তিগত সেচের কারণ আই. আর. ডি. পি.।

[2-50 — 3-00 p.m.]

এস. সি. এস. টি.-দের পূর্ণ সাবসিডি এবং ক্ষুদ্র প্রান্তিক চাষীদের ১/৩ সাবসিডির মাধ্যমে উৎসাহিত করার চেষ্টা করা হচ্ছে। এই উৎসাহিত করার চেষ্টা কেন তখন ছিল না? এটার তিনি উত্তর দেবেন। আমি বলতে চাইছি যে, ১০ই জুন আমাদের একটা উল্লেখ পর্বে একজন মন্ত্রীকে প্রশ্ন করেছিলেন যে, দেখা গেছে ১৯৯৬ সালে ১১টি ব্লকে তুঙ্গ ভাইরাস রোগে বর্ধমান জেলায় ব্যাপক হারে ধান নষ্ট হয়েছে। বারবার কৃষি দপ্তরকে জানানো হয়েছে। কিন্তু প্রতিকার পাওয়া যায়নি। হ্যাঁ ফলন কমেছে। তবে এই ব্যাপারে আমি কৃষিমন্ত্রীকে দৃষ্টি দেওয়ার কথা বলছি। ১৯৯৬ সালে পাঞ্জাবে কৃষি বিশ্ববিদ্যালয়ের রিপোর্টে বিজ্ঞান কংগ্রেসের ৭৩তম অধিবেশনে জানা গেছে যে, গোটা বিশ্বে ধানের গড় উৎপাদন হচ্ছে ২.৬ মেট্রিক টন প্রতি হেক্টরে। ভারতের স্থান সেখানে ১.৬ এবং সেই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার স্থান ছিল ২.১২ টন প্রতি হেক্টরে। এই যে এত প্রতিকূল অবস্থা থাকা সত্ত্বেও এই যে উন্নয়ন এটা গর্ব করারই কথা। এটাকে কি ছোট করে দেখব? আর একটা জিনিস হচ্ছে পাট চাষ। উনি বললেন যে প্রথম থেকেই ভারতের মধ্যে পশ্চিমবাংলায় ধান উৎপাদনে প্রথম। না এটা সত্যি নয় এবং এটা এই বামফ্রন্টের আমলেই হয়েছে। আর একটা জিনিস হচ্ছে পাট চাষে প্রথম। গোটা ভারতে যেখানে ৬২-৬৫ শতাংশ জমিতে যে চাষ হয় পশ্চিমবাংলায়, কিন্তু উৎপাদন হয় কত—গোটা ভারতে ৭২-৭৫ শতাংশ এবং ভারতের বাজারে চিরাচরিত অব্যবস্থা এবং অনিয়মিত বাজার দরের কারণে পাট উৎপাদন ব্যাহত হচ্ছে। সুতরাং ওই সহায়ক মূল্যের কথা বলে কি লাভ আছে? তাই এগুলি চিন্তা করে দেখতে হবে। এবার তৈল বীজের কথায় আসি। আগে পশ্চিমবাংলায় এই তৈল বীজ ভাল উৎপাদন হত না। আমাদের চাহিদার

০ শতাংশ এখানে উৎপন্ন হত না। বর্তমানে দেখা যাচ্ছে যে, ১৯৯৫-৯৬ সালে প্রায় ৫০ তাংশের বেশি এখানে তৈরি হয়েছে। এই তৈল বীজের ক্ষেত্রে এখানে বিরাট সাফল্য সেছে। এখানে আলু উৎপাদনেও বিরাট সাফল্য এসেছে। আগে পূজোর পরে পাঞ্জাব াজ্যে এখন আলু পাঠাতে হয় ১৯৯২-৯৩ সালে আলুর হেক্টর প্রতি উৎপাদন ছিল ২১৬ ইন্টাল পার হেক্টর। ১৯৯৩-৯৪ সালে ২২৫। ১৯৯৪-৯৫ সালে ২৩৯। ১৯৯৫-৯৬ সালে ৫৬ কুইন্টাল পার হেক্টরে। এই বছর আলু উৎপাদন ৭২ লক্ষ টনে পৌঁছে গেছে। এই ালু কৃষকরা রাখতে পারছে না। এরজন্য নতুন নতুন কোল্ড স্টোর করতে হবে। যেসব াজ্যে আলু উৎপাদন কম হয়, এই পশ্চিমবাংলার আলু যাতে সেখানে যেতে পারে, তার বেস্থা করতে হবে। আজকে এই যে সাফল্য এসেছে, এর মূল কারণ হচ্ছে—ভূমিসংস্কার।

এতে কি দেখেছিলাম? গোটা ভারতবর্ষে দেখেছি, ১৯৮৯ সালে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মাধব ং সোলাঙ্কি ভূমিসংস্কার সম্পর্কে বলেছিলেন যে, ভূমিসংস্কারে ভারতবর্ষ ব্যর্থ। মহলানবীশ মিশন বলেছিলেন যে গোটা ভারতবর্ষের মধ্যে ৬.৩০ কোটি হেক্টর জমি পাওয়ার কথা। ন্তু ১৯৮৯ সালের জুন মাস পর্যন্ত পাওয়া গেছে মাত্র ৫৭.৫১ লক্ষ একর জমি। তার ধ্যে বন্টিত হয়েছে ৪৪.৭৭ লক্ষ একর জমি। আর সেই জমি বিলি হয়েছে ৪২ লক্ষ রিবারের মধ্যে। এর মধ্যে পশ্চিমবঙ্গে আমরা ১২.৭১ লক্ষ হেক্টর জমি পেয়েছি, বিলি য়েছে ৯.৭১ লক্ষ একর জমি। গোটা ভারতবর্ষে ৪২ লক্ষ পরিবারের মধ্যে জমি বিলি য়েছে, সেখানে পশ্চিমবঙ্গে জমি বিলি হয়েছে ২৩.৪৬ লক্ষ পরিবারের মধ্যে। গোটা ভারতবর্ষে ।খানে ৪২ লক্ষ পরিবারের মধ্যে জমি বিলি হয়েছে তা সেখানে পশ্চিমবঙ্গে তার অর্ধেকেরও শি পরিবারের মধ্যে জমি বিলি হয়েছে। পশ্চিমবঙ্গে যে পরিমাণ জমি বিলি হয়েছে তার ধ্যে এস. সি., এস. টি. পরিবার মিলিয়ে ১২ লক্ষ পরিবারের মধ্যে সবচেয়ে বেশি জমি লি হয়েছে। এখনও গোটা দেশে যত জমি আছে তার মধ্যে ৩.৫ পারসেন্ট জমি পশ্চিমবঙ্গের ধ্যে আছে। বামফ্রন্ট সরকার পঞ্চায়েত ব্যবস্থার উন্নতি ও ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা করার লে পশ্চিমবঙ্গের এমন কোনও গ্রাম নেই যেখানকার মানুষ মিনিকিট সম্বন্ধে জানে না। এখন তি বছর মিনিকিট এখানে বিলি করা হয়। এখন পশ্চিমবঙ্গে বিভিন্ন পঞ্চায়েতের মাধ্যমে ন্নতমানের বীজ বিলি করা হয়। এখন গ্রামে গ্রামে আই. আর. ডি. পি.-র মাধ্যমে সেচ বং শ্যালোর ব্যবস্থা করা হয়েছে। এছাড়া নানাভাবে যাতে শস্য উৎপাদন বাড়ানো যায় তার ন্য চেষ্টা করা হচ্ছে। এর ফলে ভারতবর্ষের কৃষির মানচিত্রে পশ্চিমবঙ্গের স্থান অনেক পরে। আলুতে পশ্চিমবঙ্গ এখন দ্বিতীয় স্থানে রয়েছে, আশা করছি কিছুদিনের মধ্যে পশ্চিমবঙ্গ ালু উৎপাদনে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থানে যাবে। ডাল উৎপাদন পশ্চিমবঙ্গে আগে ভাল ত। এখন ডাল উৎপাদনের জন্য আরও উৎসাহ দেওয়া হচ্ছে। এছাড়া এখানে তৈলবীজ, বজি ইত্যাদিতে সবচেয়ে বেশি লাভ হয়। কৃষির উন্নতি করতে হলে সারের প্রয়োজন আছে। ন্তু দেখা যাচ্ছে আজকে সারা দেশে একের পর এক সার কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে। ই বন্ধ সার কারখানাগুলো খোলার জন্য ১৬.৫.৯৭ তারিখে এক পত্রিকায় কেন্দ্রের উচ্চ র্যায়ের এক কমিটির কাছে প্রস্তাব করা হয়েছিল। কিন্তু সেই উচ্চ পর্যায়ের সেক্রেটারি মিটি সেই প্রস্তাব বাতিল করে দিয়ে বিদেশ থেকে সার আমদানি করতে বলেছে। বিদেশ থেকে ১৯৯৪-৯৫ সালে ৩৭.৮৩ হাজার মেট্রিক টন, ১৯৯৫-৯৬ সালে ২৩.২৮ হাজার

মেট্রিক টন এবং ১৯৯৬-৯৭ সালে ২৩ হাজার মেট্রিক টন সার আমদানি করা হয়েছে। এই আমদানি নীতির ফলে দেশের সার কারখানাগুলো বন্ধ হচ্ছে, শ্রমিকরা কাজ পাচ্ছেন না, আমাদের দেশের টাকা বাইরে চলে যাচ্ছে। কেন্দ্রীয় নীতির ফলেই আজ এই অবস্থা দাঁড়িয়েছে। এই সমস্ত কারণে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে এনেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধী দলের আনীত কাট-মোশনগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী রবীন মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি ও কৃষি বিপণন মন্ত্রী এখানে যে ব্যয় বরাদ্দের প্রস্তাব রেখেছেন, তার বিরোধিতা করছি। ইতিপূর্বে আমাদের বিরোধী দলনেতা শ্রী অতীশ সিংহ তার অভিজ্ঞ মতামত রেখেছেন।

আজকে পশ্চিমবাংলা যে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ নয়, তার প্রমাণ সরকারি বন্টন ব্যবস্থা, অর্থাৎ রেশন ব্যবস্থার সম্পূর্ণ রূপে ব্যর্থতা। যদি আজকে আমাদের রাজ্য চাল, গম ও অন্যান্য শস্য উৎপাদনে রেকর্ড করতে পারত, তাহলে আর অন্য রাজ্যের উপর নির্ভরশীল হয়ে থাকতে হত না। আজ পশ্চিমবাংলার দরিদ্র, মধ্যবিত্ত মানুষ রেশন থেকে কোনও খাদ্য দ্রব্য পাচ্ছে না এই কৃষি দপ্তরের ব্যর্থতার ফলে। এই রেশন ও খাদ্যকে কেন্দ্র করে ৬৭ সালে আমরা সরকার থেকে চলে গিয়েছিলাম। শ্রী প্রফুল্লচন্দ্র সেনের তৎকালীন খাদ্য নীতির যারা বিরোধিতা করেছিলেন, আজকে তারাই রাজ্যের সরকারি বন্টন ব্যবস্থাকে সম্পূর্ণরূপে ব্যর্থ করেছে। মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গে ২৮০টি হিমঘরের কথা বলেছেন, যার ধারণ ক্ষমতা ২৭ লক্ষ টন। আজকে এই রাজ্যের বিভিন্ন জেলায়, বিশেষত হুগলি, মেদিনীপুর, বাঁকুড়াতে রেকর্ড পরিমাণ আলু উৎপাদিত হয়েছে, ৬২ লক্ষ মেট্রিক টনেরও বেশি। কিন্তু সেই অনুপাতে হিমঘর নেই। বলেছেন আরও ১২টি নতুন হিমঘর এবং ১৬টি হিমঘরের সম্প্রসারণের জন্য অনুমতি দেওয়া হয়েছে।

আজকে বিভিন্ন জেলায়, বিশেষত হুগলি জেলায় আলু চাষীরা সর্বস্বান্ত হয়েছে সরকারি এই নীতির ফলে এবং হাজার হাজার টন আলু পচছে, তাদের জন্য কি করেছেন? আজকে তারা বৃহত্তর আন্দোলন বিভিন্ন জায়গায় করছে, তা তো পত্র-পত্রিকাতেই দেখা যাচ্ছে। ঐ আন্দোলন ভাঙতে অনেক জায়গায় পুলিশকে নামাতে হয়েছে, আন্দোলনকারিদের উপর লাঠি চার্জ করতে হয়েছে, টিয়ার গ্যাস ছাড়তে হয়েছে এবং আমরা দেখছি মন্ত্রী সেখানে নীরব দর্শকের ভূমিকায় আছেন।

এই দপ্তরের ভার নেওয়ার পর মন্ত্রী মহাশয় বলেছেন, এই আলু ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এমনকি দেশের বাইরে নেপাল, বাংলাদেশে পাঠাবেন। বাংলাদেশে আলু রপ্তানির বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন, তা ওনার বাজেট বক্তৃতায় বলেননি। আজকে আলুকে কেন্দ্র করে চাষীদের মধ্যে হতাশা দেখা দিয়েছে, তাদের দুরবস্থার মধ্যে পড়তে হয়েছে। যদিও শহরে দু টাকা কেজি আলু বিক্রি হচ্ছে, কিন্তু গ্রামে আট আনা বারো আনার বেশি দাম ওঠেনি। এই

দাম না পাওয়াতে চাষীদের মধ্যে অনীহা, অসন্তোষ দেখা দিয়েছে। আলুর যে মাদার সিড পাঞ্জাব থেকে আনতে হয়, তার কোনও পরিকল্পনার কথা তিনি বলেননি।

অথচ আমরা কি দেখছি, হুগলি জেলাতে যে এগ্রিকালচার ফার্ম আছে, যেটা কিনা এশিয়ার মধ্যে বৃহত্তম রাইস রিসার্চ সেন্টার তার একর একর জমি শিক্ষা দপ্তরকে দিয়ে দেওয়া হচ্ছে, ক্যাবিনেটে কোনও রকম সিদ্ধান্ত না নিয়ে, বিধানসভায় কোনও রকম আলোচনা না করেই। নিজের ইমেজ তৈরি করার জন্য, ফিজিক্যাল এডুকেশনের জন্য, এডুকেশন দপ্তরকে দিয়ে দেওয়া হচ্ছে, এটা কার স্বার্থে। আজকে বিভিন্ন হাটে—পাণ্ডুয়াতে রেগুলেটিং মার্কেট এখনও পর্যন্ত সঠিকভাবে চালু করা যায়নি। কৃষকদের কাছ থেকে উনি টাকা তুলছেন, টোল তুলছেন কিন্তু সেই টাকায় রুর‍্যাল এরিয়ার কাজ হচ্ছে না, এস. সি., এস. টি. এলাকার কাজ হচ্ছে না। অথচ শহর অঞ্চলের জন্য মন্ত্রীর কেন্দ্রের জন্য লক্ষ লক্ষ কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে।

হারিৎ কোল্ড স্টোরেজে লক্ষ লক্ষ বস্তা আলু পচে গেলে কৃষকরা বিদ্রোহ করেছিল। পুলিশ তাদের উপর লাঠি-চার্জ করেছিল। কিন্তু আজ পর্যন্ত সেই সব কৃষকরা ক্ষতি-পূরণ পেল না। আপনি এই হাউসে দাঁড়িয়ে বলেছিলেন যে, যে কৃষকদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছে তা প্রত্যাহার করে নেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত তা করা হল না।

কৃষির সাথে বিদ্যুৎ অঙ্গাঙ্গীভাবে জড়িত। যে ট্রান্সফর্মারে ডিপ-টিউবওয়েল, শ্যালো, রিভার লিফট চলে সেটা পড়ে গেলে কৃষকদের নিজেদের টাকা খরচ করে সারাতে হচ্ছে। বিদ্যুৎ দপ্তর সারিয়ে দিচ্ছে না। কৃষি দপ্তর শুধু কাগজে, টি. ভি.-তে কিছু বিবৃতি দিয়ে, বক্তৃতা দিয়ে ক্ষান্ত থাকছে। আজকে মিনিকিট বিলিই বলুন, আর বন্ড বিক্রি বলুন— সমস্ত কিছুই চোরাপথে দুর্নীতিবাজদের হাতে চলে যাচ্ছে। এ ব্যাপারে কৃষি-বিপণন দপ্তর থেকে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। আজকে সবকিছু কালো-বাজারে বিক্রি হচ্ছে। তাই এই বাজেটের বিরেধিতা করে এবং আমাদের আনা কাট-মোশনের সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রী হাফিজ আলম সেইরাণী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে বাজেট বরাদ্দ প্রস্তাব রেখেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে দু-চারটা কথা বলব। ইতিমধ্যে বিরোধী দলের মাননীয় সদস্য অতীশচন্দ্র সিন্‌হা তথ্য ও পরিসংখ্যানের মাধ্যমে খুব চালাকির সঙ্গে যেখানে ধরা পড়ার অবস্থা সৃষ্টি হয়েছিল সেগুলো এড়িয়ে যাবার চেষ্টা করেছেন। আমি তার কয়েকটা উদাহরণ এখানে তুলে ধরতে চাই। তিনি বলেছেন, পশ্চিমবাংলায় কৃষি বাজেট বরাদ্দ দিনের পর দিন বামফ্রন্ট সরকারের আমলে কমে যাচ্ছে। তিনি পরিসংখ্যানের মাধ্যমে দেখাতে চেয়েছেন যে, ১৯৯২/৯৩ সালে কৃষি খাতে বরাদ্দ ছিল ১৫৬ কোটি টাকা। ১৯৯৭/৯৮ সালে দঁড়িয়েছিল ১৬৮.৪৩ কোটি টাকা। অর্থাৎ প্রতি বছর বাজেট বরাদ্দ বৃদ্ধি হচ্ছে ২.৪ কোটি টাকা। কিন্তু তিনি একথা উল্লেখ করেননি যে, তাদের শেষ অবস্থায়, তাদের যখন ক্ষমতায় থাকা শেষ হয়েছে তখন কত ছিল।

[3-10 — 3-20 p.m.]

১৯৭২-৭৭ সাল পর্যন্ত তখন তারা কৃষি খাতে কত টাকা বরাদ্দ করতেন? আমাদের কাছে যে পরিসংখ্যান আছে তাতে ১৯৭২-৭৩ সালে তাদের কৃষিখাতে বরাদ্দ ছিল মাত্র ৮ কোটি টাকা। সেই পরিমাণ ১৯৭৬-৭৭ সালে গিয়ে দাঁড়িয়েছে ২১ কোটি টাকা, অর্থাৎ এই ৫ বছরে তারা কৃষিখাতে বৃদ্ধি করেছিলেন ১৩ কোটি টাকা, তাকে যদি ৫ দিয়ে ভাগ দেওয়া যায় তাহলে গড়ে প্রতি বছর হয় ২.৬ কোটি টাকা। এই তথ্য কিন্তু তিনি বললেন না, তিনি বললেন আমরা সেচের কাজ কিছু করিনি। আমি বলতে চাই তিনি একটু বাজেট বক্তৃতাটা দেখে নেবেন যে সত্তরের দশকে যেখানে পশ্চিমবঙ্গে ৩০ শতাংশের কম জমিতে সেচের ব্যবস্থা ছিল, সেখানে ১৯৯৫-৯৬ সালে আমরা দেখছি ৫০ শতাংশের বেশি জমিতে সেচের ব্যবস্থা করেছি এবং সেই পরিসংখ্যাটা ১৯৯৬-৯৭ সালে গিয়ে দাঁড়ায় ৫৫ শতাংশে। যেহেতু তিনি অঙ্কের মাস্টার, তাই অঙ্কের ভেলকি দেখিয়ে সেচের উন্নতি হয়নি, কৃষির উন্নতি হয়নি এটা বোঝাতে চেয়েছেন। আমি বলতে চাই যে কৃষির যে মূল নীতি, কৃষিব্যবস্থা যে জিনিসগুলির উপর দাঁড়িয়ে আছে সেগুলি হল ভূমি এবং সেচ। উন্নত প্রযুক্তির প্রয়োগ এবং উৎপাদিত ফসল ও তার বাজার, এই তিনটি ব্যবস্থার উপর কৃষি ব্যবস্থা দাঁড়িয়ে আছে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে ভূমি সংস্কারের মাধ্যমে সঠিকভাবে যে উদ্বৃত্ত জমি ছিল, সেই সমস্ত জমি ভূমিহীনদের মধ্যে বন্টন করা হয়েছে। তার ফলে আমরা দেখছি পশ্চিমবঙ্গে বেশির ভাগ কৃষি জমি প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, মাঝারি চাষীদের হাতে এসেছে। কিন্তু একটা সমস্যা হচ্ছে। সমস্যাটা হচ্ছে প্রান্তিকচাষী, ক্ষুদ্রচাষী বা মাঝারি চাষীদের উন্নত প্রযুক্তি প্রয়োগের যে ব্যয়, অর্থাৎ উন্নত মানের বীজ, উন্নত মানের সার, উন্নত ধরনের কীটনাশক ওষুধ, উন্নত ধরনের যন্ত্রপাতির ব্যবহার ইত্যাদি, এগুলির দাম খুব বেশি। যেটা ক্ষুদ্র, প্রান্তিক, বা মাঝারি চাষীদের কাছে নেই। আমি কৃষি দপ্তরকে অনুরোধ করব যে এই উন্নত মানের জিনিস বা আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে মাঝারি, ক্ষুদ্র, ও প্রান্তিক চাষীরা যাতে আরও উন্নতি করতে পারে তার জন্য কো-অপারেটিভ ফার্মিং-এর ব্যবস্থা করতে। এই কো-অপারেটিভ ফার্মিং-এর ব্যবস্থা যদি আমরা করতে পারি তাহলে কৃষি উৎপাদনকে আমরা বৃদ্ধি করতে পারব। এ ব্যাপারে দুটি ব্যবস্থা আমরা করতে পারি, ১) এখন পশ্চিমবঙ্গে যে উদ্বৃত্ত জমি আছে সেটা ব্যক্তিগত মালিকানায় বিলি-বন্টন না করে, সেগুলোকে সোসাইটির মাধ্যমে সেই উদ্বৃত্ত জমিগুলিকে সোসাইটির হাতে দিয়ে কো-অপারেটিভ গঠন করে কো-অপারেটিভ ফার্মিং-এর ব্যবস্থা করা। ২) অপর দিকে সার্ভিস সেন্টার করা। এই সার্ভিস সেন্টারে ট্রাক্টরের ব্যবস্থা থাকবে, স্প্রে-মেশিনের ব্যবস্থা থাকবে, উন্নত মানের বীজ সরবরাহের ব্যবস্থা থাকবে, ঋণ দানের ব্যবস্থা থাকবে। এগুলি যদি আমরা করতে পারি তাহলে যারা কম জমির মালিক তাদেরকে আমরা উৎসাহিত করতে পারব এই সোসাইটি ফার্মিং-এর মধ্যে এনে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব আপনি এটা ভাবনা-চিন্তা করে দেখবেন। পশ্চিমবঙ্গে মনোক্রপিং-এর চাষের ব্যবস্থা আছে।

অর্থাৎ দিনের পর দিন একই জমিতে একই ধরনের ফসলের চাষ করে আসছে। যে চাষী ধান চাষ করে সে চিরকাল ধান চাষই করে আসছে, যে পাট চাষ করে সে পাট চাষই করে চলেছে। ফলে একদিকে উৎপাদন হার কমে যাবার সম্ভাবনা দেখা দিচ্ছে, অপর দিকে

কৃষি লাভজনক হচ্ছে না। সেজন্য মনোক্রপ ফার্মিং থেকে মাল্টি-ক্রপ ফার্মিং-এর দিকে আমাদের কৃষি ব্যবস্থাকে নিয়ে যাবার চেষ্টা করতে হবে। কিন্তু মাল্টি-ক্রপ ফার্মিং-এর ক্ষেত্রে . যা খরচ তা প্রান্তিক চাষী, মাঝারি চাষী এবং ক্ষুদ্র চাষীর পক্ষে বহন করা সম্ভব হয় না। মাল্টি-ক্রপ ফার্মিং-এর জন্য উন্নত মানের বীজের প্রয়োজন, ভাল সেচের প্রয়োজন, উন্নত প্রযুক্তি প্রয়োজন। সেগুলো যাতে ভরতুকির মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি চাষীদের দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। অত্যন্ত দুঃখের কথা, এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গে কৃষি ক্ষেত্রে ভরতুকির পরিমাণ সবচেয়ে কম। পশ্চিমবঙ্গে মাত্র ১.৫ কোটি টাকা কৃষি ক্ষেত্রে ভরতুকি হিসাবে দেওয়া হয়। অথচ মহারাষ্ট্র সরকার সে রাজ্যে প্রায় ২০ কোটি টাকা ভরতুকি হিসাবে চাষের ক্ষেত্রে যন্ত্রপাতি কেনার জন্য, বীজ কেনার জন্য, সার কেনার জন্য দেয়। আমি আমাদের সরকারকেও অনুরোধ করব পশ্চিমবঙ্গে কৃষি ক্ষেত্রে ভরতুকির পরিমাণ বৃদ্ধি করা যায় কিনা তা একটু চিন্তা ভাবনা করে দেখুন। তারপর স্যার, আমরা দেখছি যখন আমাদের কৃষকরা কোনও ফসলের উৎপাদন বৃদ্ধি করার চেষ্টা করে উৎপাদন বৃদ্ধি করে তখন সেই ফসলের বা পণ্যের বাজার পড়ে যায়। ফলে পরবর্তীকালে কৃষকদের সে সমস্ত জিনিস উৎপাদনের উৎসাহে ভাটা পড়ে। এ বছর আলু এবং প্রতি বছর পাটের ক্ষেত্রে আমরা এই জিনিস লক্ষ্য করছি। কোনও উৎপাদন সামগ্রির একবার বাজার পড়ে গেলে পরবর্তীকালে চাষী সেই জিনিস উৎপাদন না করে অন্য জিনিস উৎপাদন করতে চেষ্টা করে। সেখানে বাধা পেলে আবার অন্য খোঁজে। এ বছর যদি আমরা প্রক্রিয়াকরণ শিল্পের মাধ্যমে আলু সংগ্রহ করতে পারতাম তাহলে চাষী মার খেত না। এখন পর্যন্ত আমাদের এখানে প্রক্রিয়াকরণ শিল্প সেই ভাবে গড়ে ওঠেনি। এই দিকে আমাদের সরকারের নজর দেওয়া দরকার। আজকে যেখানে ৫০ গ্রাম আঙ্কেল চিপস-এর দাম ১৪ টাকা সেখানে গ্রামে কৃষক ৭০ পয়সা, ৮০ পয়সা কে. জি. দরে আলু বিক্রি করতে বাধ্য হচ্ছে। প্রক্রিয়াকরণ শিল্পে মানুষকে উৎসাহিত করতে পারলে তারা সেই আলু বাজার থেকে টেনে নিতে পারত। সুতরাং প্রক্রিয়াকরণ শিল্পকে এ রাজ্যে টেনে আনতে পারলে আমাদের রাজ্যের আলুর দাম বৃদ্ধি পাবে বলে আমি মনে করি। ফলে চাষী উপকৃত হবে। এর সঙ্গে সঙ্গে আমরা লক্ষ্য করছি এ বছর ব্যাপকভাবে পাট চাষ হয়েছে, ফলে উৎপাদন বৃদ্ধি পাবে এবং খুবই স্বাভাবিকভাবে পাটের দাম কমে যাবে। এ বিষয়ে এখন থেকেই আমাদের কৃষি দপ্তরের উদ্যোগ নেওয়া উচিত, কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলা উচিত যাতে কৃষকরা পাটের ন্যায্য মূল্য পায় এবং জে. সি. আই. যাতে কমার্শিয়াল ভিত্তিতে বাজারে আসে তার জন্য তাদের ব্যবস্থা করা উচিত। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের ওপর আমাদের কৃষি দপ্তরের চাপ দেওয়া উচিত। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, কৃষকদের থেকে কৃষি শ্রমিকদের আলাদা করা যায় না। কারণ আমরা জানি কৃষকদের থেকে কৃষি শ্রমিকদের পরিষেবা অনেক বেশি। আমাদের কৃষি ক্ষেত্রে কৃষি শ্রমিকদের অবদান সবচেয়ে বেশি। কিন্তু দুঃখের বিষয় স্বাধীনতার ৫০ বছর অতিবাহিত হ'ল, আজ পর্যন্ত আমাদের কৃষি শ্রমিকদের জন্য কোনও সার্বিক আইন প্রণয়ন হ'ল না। আমাদের কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত এ বিষয়ে কোনও কিছুই করেনি। গোটা দেশে দুটো মাত্র প্রগতিশীল বামফ্রন্ট সরকার ইতিমধ্যে তাদের রাজ্যে কৃষি শ্রমিকদের জন্য আইন প্রণয়ন করে নজির সৃষ্টি করেছেন। তারা হচ্ছেন, কেরালা এবং ত্রিপুরা। এই দুটি রাজ্যে বামপন্থীরা ক্ষমতায় আছেন, কিন্তু তারা একনাগাড়ে ২০ বছর ক্ষমতায় থাকার সুবিধা অর্জন করতে পারেননি। কিন্তু তবুও তারা কৃষি শ্রমিকদের

যথাযথ মর্যাদা দিয়ে, তাদের রাজ্যের কৃষি শ্রমিকদের জন্য আইন করতে পেরেছেন। আমাদের রাজ্যে ২ কোটি কৃষি শ্রমিক আছে। যেখানে আমাদের রাজ্য সরকার ২০ বছর ক্ষমতায় আছে সেখানে এই ২ কোটি কৃষি শ্রমিকদের জন্য যাতে অনুরূপ আইন তৈরি করতে পারে তারজন্য বিশেষ ব্যবস্থা নেবার জন্য আমি অনুরোধ করছি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি দপ্তরের যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে আমি তার বিরোধিতা করি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট-মোশনগুলি আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। এক সময়ে বামপন্থীদের চোখে প্রতিক্রিয়াশীল, পরবর্তী পর্যায়ে ১৯৭৭ সালের পর তাদের চোখে প্রগতিশীল এবং তারও পরে প্রতিক্রিয়াশীল স্বর্গত প্রফুল্লচন্দ্র সেন। এক সময়ে তিনি যে খাদ্য নীতি প্রণয়ন করেছিলেন এবং সেই সঙ্গে সঙ্গে বাংলার খাদ্য-উৎপাদনকে বাড়িয়ে তোলার জন্য তিনি কতকগুলি পথ অবলম্বন করেছিলেন। সেই সময়ে বামপন্থীদের অনেককেই আন্দোলনে নামতে দেখেছি। তারা বলেছিলেন মাইলো খাবার কথা। এখন এই সভাগৃহে শুধু নয়, গ্রামাঞ্চলেও মাইলো খাবার কথা তারা বলেন। কিন্তু গোটা ব্যাপারটা সবারই জেনে রাখা দরকার, আজকে বামপন্থী বন্ধুরা ভুলে যাচ্ছেন, রাতারাতি খাদ্য শস্যের সমাধানের পথ খুলে যায় না, উৎপাদনের পথ খুলে যায় না, এরজন্য দীর্ঘদিন ধরে তপস্যা করতে হয়েছিল, সংগ্রাম করতে হয়েছিল। আজকে এই সি. পি. এম. যখন ৫ বছরের শিশু ছিল তখন কংগ্রেস ছিল ২৫ বছরের যুবক। এই কংগ্রেসিরাই তখন কৃষি উৎপাদনের উন্নতি করার চেষ্টা করেছিল—এ কথা অস্বীকার করার উপায় নেই। আজকে আপনারা বিকল্প চাষের, বিকল্প সারের কথা বলছেন। কিন্তু সেদিন যখন তাইচুন এবং তাইনান বীজ ইন্ট্রোডিউস হয়েছিল তখন এই বামপন্থী বন্ধুরা ব্যঙ্গ করা, উপহাস করার চেষ্টা করেছিলেন। তারা বলেছিলেন, ক্যামোফ্লেজ করার চেষ্টা হচ্ছে, আই-ওয়াস করার চেষ্টা হচ্ছে। পরবর্তী পর্যায়ে দেখা গেল, সাবস্টিটিউট ক্রপ ছাড়া পশ্চিমবাংলার মানুষকে অন্য কিছু দেওয়া যাবে না। মাননীয় কৃষি মন্ত্রী বীজের কথা বলেছেন। কিন্তু মিথ্যা কথা বলে লাভ নেই, মিথ্যা ডাটা দিয়ে কোনও লাভ হয় না। মাননীয় কৃষি মন্ত্রী কি রাজি আছেন আমার সঙ্গে যেতে? যে কোনও বামপন্থী বন্ধুরা রাজি আছেন আমার সঙ্গে যেতে? যে কোনও বামপন্থী বন্ধুরা—সে ফরওয়ার্ড ব্লকেরই হোক আর যে কোনও দলের হোক আমার সঙ্গে যেতে পারেন। আমার সঙ্গে গিয়ে দেখে আসুন পশ্চিমবাংলার সিড ফার্মগুলির কি দুরবস্থা। সেখানে উন্নত বীজ তৈরি করার যে স্বপ্ন দেখছেন—পশ্চিমবাংলায় উন্নত ধান বীজ হবে, উন্নত গম বীজ হবে বা অন্যান্য সবজি আরও উন্নত হবে—সেটা বাস্তবে কোনওমতেই হওয়া সম্ভব নয়। পশ্চিমবাংলায় সিড-ফার্মগুলির অবস্থা যদি দেখেন তাহলে কৃষি মন্ত্রীকে পদত্যাগ করে মাথা নিচু করে চলে যেতে হবে। এ ছাড়া আর কোনও পথ থাকবে না। আমি কৃষি বিভাগের সাবজেক্ট কমিটির মেম্বার হিসাবে মোহিতনগরে গিয়েছিলাম। সেখানে কত টাকা খরচ করেছিলেন? ১৬ লক্ষ, ১৮ লক্ষ কিম্বা ২০ লক্ষ টাকা। জেনে রাখুন—এটা সত্য সিড ফার্মে খরচ হচ্ছে ২০ লক্ষ টাকা আর সেখানে সিড তৈরি হচ্ছে দেড় লক্ষ টাকার। এরপরেও কৃষিমন্ত্রী বলবেন যে আমরা এগুচ্ছি? আপনারা বিধানচন্দ্র কৃষি

বিশ্ববিদ্যালয় করেছেন। আর একটা সেন্টার আছে দার্জিলিং-এ এবং আর একটা সেন্টার আছে কার্শিয়াং-এ। আমরা ঐ সমস্ত জায়গায় গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখে আসুন কি হচ্ছে? আলু চাষের নাম করে ১ মন আলু তৈরি করতে যে খরচ হচ্ছে, সেখানে আলু ১০ মন কিনে পাঠানো যেতে পারে। সেখানে কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। ওখানকার ডায়রেক্টরকে জিজ্ঞাসা করলাম, কত আলু লাগিয়েছেন? তিনি বললেন ১০ মন। কত পেলেন? তিনি বললেন সাড়ে ৪ মন। এই হচ্ছে সেখানকার অবস্থা। তাহলে কিসের সিড ফার্মের কথা বলছেন? অন্যান্য জায়গায় গিয়েও দেখেছি। ফেনসিং নেই, গরু-ছাগল ঢুকে পড়ছে। আর স্টাফেরা ঘরে বসে আছে, মাহিনা নিচ্ছে। মোহিতনগর সিড ফার্মের কথা বলছি। সেখানে ৩ খানা গাড়ি আছে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় বলুন—এই ৩ খানা গাড়ির জন্য একজন মাত্র ড্রাইভার আছেন।

আমি জিজ্ঞাসা করলাম, তিন খানা গাড়ির একজন মাত্র ড্রাইভার কেন? উত্তর পেলাম, ড্রাইভারের দুটি পোস্ট ভেকেন্ট আছে, পূরণ করা হয়নি। সেখানে কোয়ার্টারগুলি ফাঁকা পড়ে আছে, সাপখোপ ঘুরছে, স্টাফরা অন্য জায়গায় বাড়ি ভাড়া করে আছেন এমনই স্টাফ কোয়ার্টার করেছেন। আপনারা নানান রকমের তথ্য দিচ্ছেন কিন্তু আমরা দেখছি যে চাষীরা পশ্চিমবঙ্গে মরছে। আলু চাষীদের কথা রবীনবাবু বলেছেন, আমিও সকালবেলাতে উল্লেখ করেছি। পশ্চিমবঙ্গে আলু চাষীরা তো মরেছে, বোরো চাষীদেরও জলের ব্যবস্থা না করে আপনারা মেরেছেন। কৃষকদের খাতক যদি বলতে হয় তাহলে এই বামফ্রন্ট সরকারকেই সেই আখ্যায় ভূষিত করতে হয়। কংগ্রেসের সময় এখানে ৮২ লক্ষ মেট্রিক টন উৎপাদন ছিল। আপনারা বলছেন, আপনারা প্রডাকশন অনেক বাড়িয়েছেন এবং পাঞ্জাবের সঙ্গে আপনারা নিজেদের তুলনা করছেন। আপনারা বলছেন, আপনারা নাকি সকলের থেকে প্রডাকশনের ব্যাপারে এগিয়ে আছেন। আপনাদের একজন সদস্য তো বললেন, সারা পৃথিবীর মধ্যে আমাদের চাষের প্রডাকশন নাকি বেশি। এরপর হয়ত বলবেন যে মঙ্গল গ্রহ-এর থেকেও বেশি। আপনারা তো ব্যুরো অব স্ট্যাটিস্টিক্যাল ডিপার্টমেন্টের স্ট্যাটিস্টিকসের ধার ধারেন না, আপনাদের এগ্রিকালচারাল ডাইরেক্টরেট যা লিখে দেন মন্ত্রীরাও সেটাই এখানে এসে বলে যান। ১৯৮৮ সালে ৫৬.২ লক্ষ হেঃ জমিতে ১০৯ লক্ষ টন চাল পাওয়া গিয়েছিল। তখন সার ব্যবহৃত হয়েছিল ৬.৫০ লক্ষ টন। ১৯৯০/৯১ সালে ৫৮.১২ লক্ষ হেক্টর জমিতে চাষ হয়েছিল এবং ৭.৫৩ লক্ষ টন সার ব্যবহৃত হয়েছিল এবং চাল পাওয়া গিয়েছিল ১০৪ লক্ষ টন। সারের ব্যবহার বেড়ে গেল কিন্তু চালের প্রডাকশন কমে গেল। জমির চরিত্র এইভাবে পাল্টায় নাকি? আবার ১৯৯৩/৯৪ সালে দেখা যাচ্ছে ৫৮.৭ লক্ষ হেক্টর জমিতে চাষ হয়েছিল, ৭.৪৫ লক্ষ টন সার ব্যবহৃত হয়েছিল এবং ১২১ লক্ষ টন চাল প্রডাকশন হয়েছিল। আমার জিজ্ঞাস্য, জমির চরিত্র কি এমন পাল্টে গেল যে মাত্র ১৭ লক্ষ টন চাল বেশি উৎপাদন হল? কেন তার থেকে বেশি হল না? আপনারা বলেছেন যে আপনারা প্রডাকশনে নাকি অনেক এগিয়ে আছেন—১৩২ লক্ষ টন এবারে উৎপাদন হয়েছে। আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি একটি বিষয় আকৃষ্ট করছি। আমাদের ভারতবর্ষে চালের যা ব্যবহার সেটা হচ্ছে, প্রতিদিন প্যার ক্যাপিটা কনজামশন হচ্ছে .৪৫ কে. জি.। তা যদি হয় এবং ১৩২ লক্ষ টন যদি পশ্চিমবঙ্গে উৎপাদন হয় তাহলে পশ্চিমবঙ্গের খাদ্য সমস্যার সমাধান হচ্ছে না

কেন? কেন তাহলে বুদ্ধদেববাবু, খাদ্যমন্ত্রীকে বলতে হচ্ছে যে আমরা রেশনে চাল, গম দিতে পারছি না কেন্দ্র থেকে পাচ্ছি না বলে? কেন সেন্ট্রাল পুল থেকে তাহলে প্রতি বছর ২০/২৫ লক্ষ টন করে চাল আনতে হচ্ছে? আপনাদের স্ট্যাটিস্টিক্স যদি ঠিক হয় কেন তাহলে প্রতি বছর ভিক্ষার ঝুলি হাতে নিয়ে কেন্দ্রের কাছে আপনাদের যেতে হচ্ছে খাদ্যের জন্য? কেন্দ্রে কংগ্রেস সরকারই থাকুক এবং আপনাদের বন্ধু সরকারই থাকুক, আমরা দেখছি, প্রতি বছর ভিক্ষার ঝুলি নিয়ে কেন্দ্রের কাছে আপনাদের দাঁড়াতে হচ্ছে এই বলে যে খাদ্য দাও। এর জবাব কৃষিমন্ত্রীকে দিতে হবে। একজন বামপন্থী বন্ধু ঠিকই বললেন যে ভারতবর্ষে এখনও মার্জিনাল ফারমারদের হাতে বেশি জমি আছে এবং কম জমিতে তারা ব্যক্তিগত উদ্যোগে চাষ করছে। আমাদের এখানে মাত্র ৩৫ পারসেন্ট জমি ইরিগেটেড বাকি হচ্ছে নন-ইরিগেটেড। নন-ইরিগেটেড জমিতে চাষীরা পুকুর থেকেই হোক, খাল, বিল থেকেই হোক বা অন্য কোনও উপায়েই হোক জল সংগ্রহ করে ব্যক্তিগত উদ্যোগে চাষ করছে। আপনারা পাঞ্জাবের কথা বলছিলেন। ইল্ড রেট অব ভেরিয়াস ক্রপস ইন ওয়েস্ট বেঙ্গল অ্যান্ড পাঞ্জাব—তার কিছু পরিসংখ্যান দিচ্ছি। ১৯৮০/৮১ সালে পশ্চিমবঙ্গে হচ্ছে ১৪৪২ আর পাঞ্জাবে হচ্ছে ২ হাজার ৭৩৩। ১৯৯৪/৯৫ সালে পশ্চিমবঙ্গে হচ্ছে ২ হাজার ১২০ আর পাঞ্জাবে হচ্ছে ৩ হাজার ৩৮৩। এই হচ্ছে তফাৎ। আমি আর স্ট্যাটিস্টিক্সে যাব না, এবারে আমি অন্য কথায় আসছি। এবারে আমি একটা উদাহরণ দিচ্ছি। ন্যাবার্ডের কথা বলছি। ন্যাবার্ড, সারা ভারতবর্ষে রুর‍্যাল ডেভেলপমেন্টের কাজ করে।

[3-30 — 3-40 p.m.]

এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট যারা করেন সেই নাবার্ডের কাছে কোন রাজ্য কত স্কীম জমা দিয়েছে তার একটা হিসাব আমি এখানে দিচ্ছি। অন্ধ্রপ্রদেশ ১ হাজার ২৬৩টি স্কীম জমা দিয়েছে, আসাম জমা দিয়েছে ৭৫টি, বিহার জমা দিয়েছে ১২৮টি, গুজরাট জমা দিয়েছে ২৮৮টি, হরিয়ানা জমা দিয়েছে ১৪৯টি, কর্ণাটক এক হাজার ১৯৮টি স্কীম জমা দিয়েছে, আর সেখানে পশ্চিমবঙ্গ স্কীম জমা দিয়েছে ১৯৯৪-৯৫ সালে ১২১টি এবং ১৯৯৫-৯৬ সালে মাত্র ২৭টি। এই হচ্ছে পশ্চিমবঙ্গ কৃষি দপ্তরের এগিয়ে যাওয়ার নমুনা। আপনার দপ্তরের কাজ যে জায়গায় গিয়ে পৌঁছেছে তাতে চরম সর্বনাশের জায়গায় এগিয়ে যাচ্ছে।

আমি আর একটা কথা এখানে বলতে চাই। ধূপগুড়ি মার্কেটে যে গরু বিক্রি হচ্ছে সেই ব্যাপারে একটা চুরি ধরেছিলাম। সেখানে একটা গরু ২ শত টাকা করে বিক্রি হচ্ছে এবং মার্কেট কমিটিকে ৫ পারসেন্ট করে ১০ টাকা দিচ্ছে। কিন্তু সেই গরু অনেক বেশি দামে বিক্রয় হচ্ছে। আমরা যখন জিজ্ঞাসা করলাম যে একটা গরু ২ শত টাকা করে কিভাবে বিক্রয় হতে পারে? তখন তারা বলল, এটা ভুল হয়েছে, এটা গরু হবে না, এটা বাছুর হবে। এই অবস্থা চলছে।

তারপরে বাগনানে আপনারা ৭০-৮০ বিঘা জমি দখল করেছেন মার্কেট করবেন বলে, কিন্তু আজ পর্যন্ত সেখানে কোনও মার্কেট হয়নি। অথচ সেখানে চাষীদের কাছ থেকে টোল

তোলা হচ্ছে, অত্যাচার করা হচ্ছে। একটা জায়গায়ও রেগুলেটেড মার্কেট কমিটি হয়নি। কাজেই আপনার এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, পশ্চিমবঙ্গ সরকারের কৃষি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নরেন্দ্রনাথ দে এবং কৃষি বিপণন মন্ত্রী বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয় যে বাজেট বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি প্রথমে তা সমর্থন করছি। আমরা জানি যে আমাদের দেশ ভারতবর্ষ কৃষি প্রধান দেশ এবং শতকরা প্রায় ৭০ ভাগেরও বেশি মানুষ গ্রামে বাস করে। গান্ধীজি তাই বলেছিলেন যে, ভারতবর্ষ কোথায়, না সেটা গ্রামে। আমরা লক্ষ্য করেছি যে, আমাদের দেশ স্বাধীন হবার পরে যে চাষীদের কথা গান্ধীজি বলেছিলেন, বিশেষ করে সুভাষচন্দ্র বসু যখন আমাদের জাতীয় কংগ্রেসের রাষ্ট্রপতি নির্বাচিত হন, তিনিও পরিকল্পিত অর্থনীতির কথা বলেছিলেন এবং তিনি যে পরিকল্পনা কমিশন গঠন করেছিলেন, তার মূল লক্ষ্য ছিল দেশের কোটি কোটি চাষী, যারা ব্রিটিশ সাম্রাজ্যবাদের শোষণে জর্জরিত তাদের অর্থনৈতিক পরিকাঠামো যাতে পরিবর্তন করতে পারে, স্বাধীন দেশে তারা যাতে মর্যাদা, আর্থিক মর্যাদা, সামাজিক মর্যাদা নিয়ে বাস করতে পারে। কিন্তু দুঃখের কথা, দীর্ঘদিন ধরে ওরা রাজত্বে ছিল, ওদের পাপের ফসল আজকে আমাদের দেশকে এই জায়গায় নিয়ে গেছে। একথা বলার অপেক্ষা রাখে না যে জমির পরিমাণ বাড়ানো যায়নি। আসল লক্ষ্য হওয়া উচিত ছিল উৎপাদন বৃদ্ধি করা, কৃষিতে অনেক বেশি গুরুত্ব দেওয়া, কৃষিকে সেদিক থেকে একটা জায়গায় দাঁড় করানো। কিন্তু কেন্দ্রীয় সরকারের পলিসির জন্য সেটা সম্ভব হয়ে ওঠেনি। প্রকৃতপক্ষে আমার যা চেয়েছিলাম এবং আমাদের সুভাষচন্দ্র বসু যা চেয়েছিলেন সেটা হচ্ছে, এমন একটা অবস্থার সৃষ্টি করা যাতে করে চাষীদের মুখে হাসি ফুটবে।

(এই সময়ে কংগ্রেস বেঞ্চ থেকে হাউসের কোরাম নেই বলে ডেপুটি স্পিকারের দৃষ্টি আকর্ষণ করেন।)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি কাকে বলব। এখানে কোনও মন্ত্রী নেই। এটা খুবই অন্যায় কথা। এখানে বার বার মন্ত্রীদের থাকার কথা বলেছি। আমরা বারবারই বলছি মাননীয় মন্ত্রীদের সভায় থাকবার জন্য, কিন্তু তারা যদি না থাকেন কি করতে পারি বলুন। যা হোক, একজন মন্ত্রী এসেছেন, আরও এসে যাবেন। নির্মলবাবু, আপনি বলুন। ... (নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)....

**শ্রী নির্মল দাস ঃ** মিঃ ডেপুটি স্পিকার, আমাকে বাড়তি সময় দিতে হবে। সরকার পক্ষের হলেও আমি এই দাবি করছি, কারণ আমার সময় নষ্ট হয়েছে।

...(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)...

(এই সময় অনেক মাননীয় কংগ্রেস বিধায়কগণকে দাঁড়িয়ে প্রতিবাদ করতে দেখা যায়। শ্রী তাপস ব্যানার্জিকে দেখা যায় মিঃ ডেপুটি স্পিকারের কাছে উঠে গিয়ে প্রতিবাদ করতে।)

...(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)...

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** বসুন, বসুন। মিঃ তাপস ব্যানার্জি, টেক ইওর সিট প্লিজ। দেখতে পাচ্ছি, আরও একজন মন্ত্রী এসে গেছেন। নির্মলবাবু আপনি বলুন।

**শ্রী নির্মল দাস ঃ** কিন্তু মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি বলব কিভাবে। বলবার পরিবেশ তৈরি করুন। সবাই দাঁড়িয়ে রয়েছেন। (....গোলমাল....)

আমি প্রথমে মাননীয় কৃষি-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা দুর্ভাগ্যের হলেও সত্যি যে, আমাদের রাজ্যে রুর‍্যাল ডেভেলপমেন্টের ক্ষেত্রে বলুন, কৃষি দপ্তরেই বলুন, বা ক্ষুদ্র-সেচের ক্ষেত্রেই বলুন—যে কো-অর্ডিনেশনের দরকার ছিল তার অভাব রয়েছে। তারফলে আমাদের যে প্রত্যাশা ছিল সেই প্রত্যাশা পূরণ হয়নি, যদিও আমরা ভারতবর্ষে আজকে কৃষি উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছি। (...কংগ্রেস বেঞ্চ থেকে বক্তব্যের প্রতি সমর্থনসূচক ধ্বনি...)। কংগ্রেসি বন্ধুদের আনন্দিত হবার কোনও কারণ নেই। কারণ আপনাদের কংগ্রেসের দীর্ঘ ৪৫ বছরের শাসনে কৃষিক্ষেত্রে কোনওরকম সুযোগ-সুবিধা দেবার কথা আপনারা চিন্তা করেননি। কিন্তু বামফ্রন্ট সরকার এক দিকে ভূমি সংস্কার করেছেন. অন্যদিকে যারা ঐ জমি ব্যবহার করবেন তাদের উন্নত মানের বীজ, সার এবং সেচের সুবিধা করে দিয়েছেন। তবে এক্ষেত্রে আরও বেশি করে উদ্যোগ নিতে হবে। ওরা খুব উল্লসিত, কিন্তু কংগ্রেসি প্রাক্তন প্রধানমন্ত্রী নরসিমা রাওয়ের পুত্র সার সরবরাহ না করে সরকারের কোটি কোটি সর্বনাশ করলেন। এরকম অবস্থায় এখানে কংগ্রেসিরা কি করে সমালোচনা করছেন এটাই আমার কাছে আশ্চর্যের। আমি কৃষিমন্ত্রীর উদ্দেশ্যে আবেদন রাখব, বিশেষ করে জল-সম্পদ উন্নয়ন দপ্তরের কাছে আবেদন জানাব, উপযুক্ত অনুসন্ধান করে তারপর যেন গ্রাউন্ড ওয়াটারের ব্যবহার সীমিত করতে হবে, পরিকল্পিতভাবে যাতে এই জল ব্যবহার করা হয় সেটা দেখতে হবে। আর একটি কথা হল, দুর্ভাগ্যের হলেও আমাদের রাজ্যে কৃষি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা মাত্র একটা। এই বছরটা নেতাজি জন্ম-শতবর্ষ বছর। আমি নেতাজিকে শ্রদ্ধা করি।

[3-40 — 3-50 p.m.]

আমরা চাইছি নেতাজির জন্ম শতবর্ষে নেতাজির নামে, পুন্ডিবাড়িতে যে ক্যাম্পাস রয়েছে উত্তরবঙ্গে সেখানে নেতাজি কৃষি বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হোক। শুধু মাত্র কৃষিতে স্নাতক ছাত্র-ছাত্রী বার করলে হবে না যে সমস্ত এলাকা অনুন্নত, যেখানে সম্ভাবনা আছে সেই সম্ভাবনাকে ব্যবহার করে চাষীরা যাতে প্রতিটি জমি খন্ডের মাটি পরীক্ষা করতে পারে সেটা নিশ্চিত করতে হবে। আমরা দেখতে পাচ্ছি প্রত্যন্ত এলাকায় বিশেষ করে পুরুলিয়া এবং বাঁকুড়ায় মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের ক্ষেত্রের এই ব্যবস্থা হওয়া দরকার। আমরা চাইছি বাঁকুড়া, পুরুলিয়া এবং বর্ধমান এই সমস্ত এলাকার চাষীদের মদত দিতে হবে। দার্জিলিং-এর পার্বত্য এলাকায় জলের অভাব সেখানে চাষীদের মদত দিতে হবে, তাদের সাবসিডি দিতে হবে যতই লোকসান হোক না কেন। আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করব, আপনি বিশ্ববিদ্যালয়কে ব্যবহার করুন। আজকে পৌরাণিক যুগ নয়, এখন লাঙ্গল দিয়ে চাষ হয় না, চাষীরা এখন আল্লা ম্যাঘ দে পানি দে বলে না. আজকে উন্নত মানের চাষীদের যুগ। আজকে উন্নত মানের

বীজ আনতে হবে এবং সেটা চাষীদের কাছে পৌছে দিতে হবে। এবারে আমি কিছু বক্তব্য রাখব কৃষি বিপণন মন্ত্রীর উদ্দেশ্যে। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিশেষ করে বর্ধমান সহ কলকাতার আশেপাশের জেলাগুলিতে এবং বিশেষ করে হুগলি জেলায় ব্যাপক আলু চাষ হয়। এই সমস্ত জেলাগুলিতে যে ধরনের আলু চাষ হয় সেই তুলনায় কোল্ড স্টোরেজের ব্যবস্থা নেই। উত্তরবঙ্গে হিমঘর নেই বললেই চলে। আমি যে জেলা থেকে প্রতিনিধিত্ব করি সেখানে স্বাধীনতার ৫০ বছর পরে একটা মাত্র হিমঘর হয়েছে গত বছরে। কিন্তু সেখানে এখন ব্যাপক আলু চাষ হচ্ছে। আমার নির্দিষ্ট প্রস্তাব হল যে সমস্ত ব্লকে আলু চাষ হয়, যেখানে বাম্পার আলু চাষ হয় সেখানে প্রতিটি ব্লকে একটা করে হিমঘর গড়ে তোলার উদ্যোগ সরকারকে নিতে হবে। আজকে হিমঘর তৈরি করার জন্য নূতন কোনও উদ্যোগী আসছে না। তার কারণ হল সাবসিডি বন্ধ করে দেওয়া হয়েছে বলে। কেন সাবসিডি বন্ধ করা হল সেটা বোঝা যাচ্ছে না। কলকাতার আশাপাশে সেখানে হিমঘর যখন হল তখন সাবসিডি উঠল না। উত্তরবঙ্গে কিছু কিছু আলু চাষ হচ্ছে। বাঁকুড়ার প্রত্যন্ত এলাকায় হিমঘর তৈরি করার জন্য সাবসিডির ব্যবস্থা করা হোক এই আবেদন আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। আজকে আলু নিয়ে একটা সমস্যা দেখা দিয়েছে। বীরেনবাবুর বয়েস হয়েছে তথাপিও তিনি এনারজেটিক ম্যান, তিনি চেষ্টা করছেন, তিনি বাংলাদেশে গিয়েছিলেন আলু রপ্তানি করার জন্য। আমার বক্তব্য হল আপনি সার্ক ভুক্ত দেশগুলিতে যান যারা আলু আমদানি করে। সেখানে আমাদের আলু রপ্তানি করার যদি ব্যবস্থা করতে পারেন তাহলে আলু চাষীদের আর মাথায় হাত দিতে হয় না। সবজির কথা বলি। আজকে সকালে এই নিয়ে আলোচনা হয়েছে। আজকে সবজি বিশেষ করে টমেটো হাইব্রিড তৈরি হচ্ছে, হাইব্রিড বেগুন হাইব্রিড লঙ্কা হাইব্রিড ঢ্যাঁড়োস প্রচুর পরিমাণে তৈরি হচ্ছে। কিন্তু ভাল বাজার চাষীরা পাচ্ছে না। যার ফলে তারা মার খাচ্ছে। সেই কারণে এই সমস্ত সামগ্রির বিপণনের ব্যবস্থা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে সবচেয়ে বড় যেটা দরকার সেটা হল ডিপার্টমেন্টাল কো-অর্ডিনেশন। এখন সব কিছু রুর‍্যাল ডেভেলপমেন্টের বিষয় পঞ্চায়েতের হাতে। সেখানে কৃষি দপ্তর আছে বলে মনে হয় না। কৃষি দপ্তর একক ভাবে যুক্ত নয়, ডুয়েট নয়, ট্রিপিল টাস্ক। কিন্তু সেটা আমরা সঠিকভাবে দেখতে পাচ্ছি না। আমি মনে করি প্রতিটি সাব-ডিভিসনে, সম্ভব হলে প্রতিটি ব্লকে একটা করে বীজাগার তৈরি করা দরকার। বিশ্ববিদ্যালয়ের প্রচুর পরিমাণে জমি আছে, সেই জমিকে ব্যবহার করা দরকার। শুধু কল্যাণী বিশ্ববিদ্যালয় নয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আছে। আমার নির্দিষ্ট প্রস্তাব হল প্রতিটি জেলায় কৃষি কলেজ স্থাপন করা দরকার এবং সেখানে শুধু গবেষণা নয় সেটাকে বাস্তবায়িত করে চাষীরা যাতে উপকৃত হতে পারে সেটা দেখা দরকার।

সেটাকে গ্যারান্টি দেওয়া দরকার। আমাদের ক্ষুদ্র সেচ দপ্তরের দুর্ভাগ্য, সেচ দপ্তর নামে ওরা বন্যা নিয়ন্ত্রণ করেন আর পাশাপাশি পদ্মা, গঙ্গা এবং ভাগিরথীকে প্রতিরোধ করেন সেচের ব্যবস্থা করতে পারেন না আর্থিক অসুবিধার জন্য। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করব, ক্ষুদ্রসেচ, রুর‍্যাল ডেভেলপমেন্ট দপ্তর এবং কৃষি দপ্তর, এই দপ্তরগুলোর কো-অর্ডিনেশন দরকার। আমরা জানি, কৃষি দপ্তরে ভাল ভাল ইঞ্জিনিয়ার আছেন। তাদের আমরা যদি ঠিকমতো ব্যবহার করতে পারি তাহলে আমরা আরও এগিয়ে যেতে পারব। আমি

বলছি, আমাদের যতই উন্নতি হোক না কেন, আমরা আরও বেশি ফলন দিতে পারি। ওরা বললেন, এখানে এত যদি উৎপাদন হয় তাহলে এত ক্রাইসিস কেন? ওরা জানেন না, অনেক পরে রাজনীতিতে এসেছেন। দেশ যখন স্বাধীন হয় তখন পূর্ববাংলার ভাগে কৃষি জমির বেশিরভাগ ওদের অংশে পড়ে, আর এখানে জনসংখ্যার চাপ বেশি পড়ে। সেজন্য কেন্দ্রীয় সরকার তখন ঘোষণা করে—আপনাদের প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরু পার্লামেন্টে ঘোষণা করেছিলেন যে পশ্চিমবঙ্গের পাট চাষীরা যতদিন পর্যন্ত না পাট উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হবে ততদিন পর্যন্ত রেশনের গ্যারান্টি দেবেন। সেই ব্যবস্থা এখনও পর্যন্ত ঘটেনি। আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করব, ধান নয়, গম নয়, পাটের ব্যাপারে আমাদের উদ্যোগ নিতে হবে। কৃষি বিপণন দপ্তরকে এই ব্যাপারে উদ্যোগ নিতে হবে। জে. সি. আই.—এটি জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া নয়, এটি ঝুটা কর্পোরেশন। ওরা এগিয়ে আসে না। উত্তর বাংলায় ডিস্ট্রেস সেল শুরু হয়ে গেছে। বীরেনবাবু, আপনি আলু নিয়ে চেষ্টা করছেন, আম নিয়ে চেষ্টা করছেন, এবারে আপনি পাটের জন্য চেষ্টা করুন, পাট চাষীরা যাতে মার না খায় তারজন্য গ্যারান্টি দিতে হবে। শিল্পোন্নয়নের কথা এখানে বলা হয়। আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করব, কৃষকদের মুখে যদি হাসি ফোটাতে হয়, তাহলে কৃষিপণ্যের সঙ্গে তার যে দর তাকে সামঞ্জস্যপূর্ণ করতে হবে। এর উদ্যোগ সরকারকে নিতে হবে, কৃষি দপ্তরকে নিতে হবে। ওরা যতই বলুন না কেন চাষীরা বামফ্রন্টের বিরুদ্ধে চলে গেছে, চাষীরা যদি ওদের পক্ষে থাকত তাহলে ওরা ট্রেজারি বেঞ্চে আসতেন। সেই গুড়ে বালি। পশ্চিমবাংলার কৃষকরা বামফ্রন্টের পক্ষেই থাকবে। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** স্যার, আজকে কৃষি বিভাগের যে বাজেট এখানে পেশ হয়েছে তার আমি তীব্র বিরোধিতা করছি এবং কংগ্রেসের আনীত কাট মোশনগুলোকে সমর্থন করছি। পশ্চিমবাংলায় কৃষকের গণতান্ত্রিক অধিকারকে যেভাবে খর্ব করা হয়েছে, কৃষকের স্বার্থকে যেভাবে লুণ্ঠিত করা হয়েছে, কৃষক আজকে মাথায় হাত দিয়ে বসে গিয়েছে। সরকারের কোনও সাহায্য না পেয়ে যেভাবে কাজ করে চলেছে, তার ফলে কৃষক তার মূল্য পাচ্ছে না। আমি তাই আজকে এই বাজেটের বিরোধিতা করছি। শুধু জল থাকলেই কৃষকের উন্নতি হবে না। শুধু মিনিকিট অনুদানে কৃষকের উন্নতি হবে না। শুধু সার দিলে কৃষকের উন্নতি হবে না। কৃষকের উন্নতি ঘটাতে গেলে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রামের মধ্যে ছড়িয়ে দিতে হবে। সরকারের একটা বাজেট আছে যে, কৃষক কিভাবে চাষ করবে, কৃষক কিভাবে বেশি ফসল ফলাবে তারজন্য তাদের মাটি পরীক্ষা করে দেখতে হবে। তারজন্য একটা বাজেট আছে। সরকারের অফিসাররা সেই বাজেটের পয়সাকে পকেটস্থ করছে, কৃষকদের কোনও শিক্ষার ব্যবস্থা করছে না। আমরা কংগ্রেস আমলে দেখেছি, ব্লকে ব্লকে ফার্ম সৃষ্টি হয়েছে। সেখানে কৃষকদের শিক্ষার ব্যবস্থা হয়েছে। বিভিন্ন এলাকায় কৃষককে খাইয়ে-দাইয়ে প্রশিক্ষণ দিয়েছে।

[3-50 — 4-00 p.m.]

তাতে করে কৃষকদের অনেকটা উন্নতি হয়েছিল। কিন্তু আজকে দিনের পর দিন যে অবস্থা তাতে করে কৃষকরা আর শিক্ষিত হয়ে ভাল ফলন ফলাতে পারছে না। আপনারা গর্ব

করে বলছেন যে, আলুর ক্ষেত্রে নাকি এত উৎপাদন বেড়েছে যে আলুতে পচন ধরেছে। আপনাদের ক্যাডাররা সব সময়ে বলছেন যে, প্রোডাকশন নাকি ভীষণ হয়েছে। সবসময়ে পাবলিসিটি করা হচ্ছে কৃষিতে নাকি দারুণ উন্নতি করেছে। আজকে ফসলে যে উন্নয়ন, সেই উন্নয়নে সরকারের বা বামফ্রন্টের কৃতিত্ব নয়, চাষীরা তাদের চেষ্টাতে ফসল ফলাতে পেরেছে। কৃষকরা যে আলু লাগাচ্ছে, সেই আলু বস্তুত তারা গ্রামেই ৬০ কে. জি. আলু ২০ টাকা দরে বিক্রি হচ্ছে, সেই আলু কিন্তু শহরে আসে না। সুতরাং কোনও জায়গাতেই কৃষকদের স্বার্থ রক্ষিত হয়নি। আপনারা যদি কৃষকদের কথা ভাবতেন তাহলে কৃষকরা যখন আন্দোলন করতে গেছিল তাদের গুলি খাইয়ে মারতেন না। কৃষকরা গরু কিনতে গেলে তাদের আপনারা সাহায্য দেন না কেন? আজকে কৃষকদের গরুর অসুখ হলে তার চিকিৎসার জন্য আপনারা কোনও সাহায্য করেন না। তাদের নিজেদের খরচ করে গরুর চিকিৎসা করাতে হয়। তারজন্য কোনও বিমার ব্যবস্থা আপনারা করেননি। কৃষকরা যে জমি চাষ করে তাদের ভাল বীজ, সার দেওয়ার ক্ষেত্রে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন? আজকে কৃষকরা উপযুক্ত সার, বীজ না পাওয়ার জন্যে মাথায় হাত দিয়ে বসেছে। আমার বীরভূম জেলাতে এবং বিভিন্ন জেলাতে কংগ্রেস আমলে যেসব ফার্ম হয়েছিল সেগুলোকে ভাল ভাবে তৈরি করে শিক্ষা দেবার ব্যবস্থা করুন। এই ব্যাপারে কৃষি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে নতুন করে ভাবনা চিন্তা করুন এবং নতুন নতুন ধ্যানধারণা কৃষকদের মধ্যে ছড়িয়ে দেবার চেষ্টা করুন। শুধু কাগজে কলমে এইসব কাজ করলে হবে না। তারপরে এস. আর. পি. পি. স্কীম চালু রাখলে বিভিন্ন বীজ কৃষকরা সংগ্রহ করতে পারবে। এই ই. এস. আর. পি. পি. স্কীমটি থাকলে পরে কৃষকরা বিনা পয়সায় বীজ পাবে কিন্তু আপনারা সরকারে আসার পরে দীর্ঘ ৫ বছর ধরে ও স্কীমটি বন্ধ করে রেখে দিয়েছেন। স্কীমটি থাকলে স্পেশ্যাল প্রোডাকশন অফ রাইস হতে পারত, কিন্তু সেটা হচ্ছে না। এটি কেন্দ্রীয় সরকারের, এর দ্বারা ব্লক স্তরে কৃষকদের সাহায্য দেওয়া যেত। আপনারা কৃষকদের উন্নতির স্বার্থে এই স্কীমটি আবার চালু করুন। আমাদের কংগ্রেসি বিধায়ক যখন বলছিলেন মাননীয় মন্ত্রী আর শুনতে না পেরে লজ্জায় সিট ছেড়ে চলে গেলেন।। আবার আপনাদের দলের বিধায়ক নির্মলবাবু যখন অসত্য কথাগুলো বলছিলেন অন্যান্য মন্ত্রীরা আর অসত্য কথা সহ্য করতে না পেরে চলে গেছেন। এইকথা বলে কাটমোশনকে সমর্থন করে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** স্যার, ভূমি সংস্কারকে ভিত্তি করে পশ্চিমবঙ্গের কৃষি উন্নয়নের ক্ষেত্রে কৃষি দপ্তরের যে রোল, সেই রোল প্রশংসার দাবি নিশ্চয় রাখে। সেই হিসাবে যে ব্যয় বরাদ্দ এখানে আনা হয়েছে তাকে সমর্থন করে, আমার সময় কম তারই মধ্যে কিছু পরামর্শ দিয়ে আমার বক্তব্য শেষ করব।

এই দপ্তরের যথাযথ কার্যকারিতা সম্পর্কে অন্যান্য অনেক দপ্তর জড়িয়ে আছে। আমি সে বিষয়ে যাচ্ছি না। কিন্তু এই দপ্তরের সামনে সবচেয়ে বড় সমস্যাটা কি, সিচুয়েশন অ্যাজ ইট ইজ। পশ্চিমবঙ্গের যে অবস্থা উৎপাদন আরও বাড়ানোর জন্য কোনও গতিময় মুখের দিকে যাওয়া যায় কিনা সেটা ভাবতে হবে। মাননীয় কৃষিমন্ত্রী এখানে নেই, মাননীয় বিপণন মন্ত্রী আছেন দয়া করে শুনবেন, গত বছরের বাজেট বক্তৃতাতে এবং এবারেও আমি খুঁজে পাইনি, পশ্চিমবঙ্গের সামগ্রিক কৃষি উন্নয়নকে আরও ত্বরান্বিত, বৃদ্ধির হারকে আরও ত্বরান্বিত

করার জন্য কোন গতিমুখে পশ্চিমবাংলার কৃষিকে নিয়ে যেতে চান, যেটুকু হচ্ছে সরকারি উদ্যোগে হচ্ছে, বেসরকারি উদ্যোগে মানুষ যেভাবে এগুচ্ছে সেটাতো আছেই। এই অবস্থা নয়। ডিরেকশন তো দিতে হবে, আপনাদের দপ্তরকে, সেই বিষয়ে আমাদের সুনির্দিষ্ট পরামর্শ হচ্ছে, জমিতে কৃষকদের ন্যায় সঙ্গত অধিকার বা মালিকানা আছে, জমিতে নিজস্ব শ্রম বিনিয়োগ করার যে অধিকার আছে এবং নিজের পুঁজি বিনিয়োগ করার যে অধিকার আছে, এই তিনটিতে কোনওটিতে ডিসটার্ব না করে এগ্রিকালচারাল ইমপুটস যা কৃষকদের কাছে এখনও সহজলভ্য নয়। সময় মতো ট্রাক্টর, পাওয়ারটিলার, সময়মতো ন্যায্য ফার্টিলাইজার, পেস্টিসাইডস সিডস এবং ওয়াটার ; এই এগ্রিকালচারাল ইম্পুটসগুলি পৌঁছে দেওয়ার ব্যবস্থা যদি করা যায় সরকারি উদ্যোগে, মাননীয় মন্ত্রী নিশ্চয় সেটা অস্বীকার করবেন না। এই মেজর পোরশনে এগ্রিকালচারাল ইম্পুটস এর লায়ন্স সেক্টর কন্ট্রোল হয় প্রাইভেট সেক্টরের ক্ষেত্রে। সেখানে সরকারের কোনও বক্তব্য নেই। এখানে আমার আগে একজন বক্তা উল্লেখ করে গিয়েছেন, আমি ইনসিস্ট করছি, এই গতিমুখে নিয়ে যাওয়া দরকার ; পশ্চিমবাংলাকে এগ্রিকালচারাল সার্ভিস কো-অপারেটিভ সেন্টারে। এটাই হচ্ছে একমাত্র সলিউশন। এই বর্তমান পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার কৃষকদের আরও বেশি উৎসাহিত করার জন্য। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে বলব বিষয়টা বিবেচনা করে দেখবেন, এই মুহূর্তে আপনারা চাইলেই পশ্চিমবাংলায় কো-অপারেটিভ ফার্ম হবে না, কালেক্টিভ ফার্ম হবে না, সেটা সম্ভবও নয়। কিন্তু সেই গতিমুখের দিকে যেতে হবে। ফ্যাগমেন্টেশন অফ ল্যান্ড আছে। সেই ফ্যাগমেন্টেশন অফ ল্যান্ড ধীরে ধীরে কৃষকদের অভিজ্ঞতার মাধ্যমে তুলতে হবে। এবং তা যদি করতে হয় কৃষকদের কাছে তাদের এগ্রিকালচারাল ইম্পুটস যে সময়মতো সহজলভ্য হতে পারে তা আপনাদেরকে হাতে নাতে প্রমাণ করে দেখাতে হবে। তা অন্তত গ্রাম পঞ্চায়েত ভিত্তিক না পারেন পশ্চিমবাংলায় ব্লক ভিত্তিক সমস্ত এগ্রিকালচার সেন্টার যদি চালু করতে পারেন, সিড-এর ক্ষেত্রে করতে পারেন, ফার্টিলাইজারের ক্ষেত্রে করতে পারেন, ওয়াটার ম্যানেজমেন্ট এর ক্ষেত্রে, টিলারের ক্ষেত্রে, সবক্ষেত্রে, আপনি কৃষকদের কাছে একটা ভরসা নিয়ে দাঁড়াবেন। এই বিষয়টা আমি আশা করব আপনি বিবেচনা করে দেখবেন। দ্বিতীয়ত যে বিষয়টা উল্লেখ করতে চাই মাননীয় মন্ত্রী আগের বাজেট বক্তৃতায় বলেছিলেন এবারেও বলেছেন, পশ্চিমবাংলার কৃষি ভারতবর্ষের অন্যান্য কৃষির মতো এখানেও প্রকৃতির খামখেয়ালির উপর নির্ভর করে। সেক্ষেত্রে কৃষকদের কাছে ফিনান্সিয়াল সাপোর্ট হিসাবে দাঁড়াবার জন্য সারা ভারতবর্ষের ক্ষেত্রে একটা পলিসি আছে। ক্রপ ইন্সিওরেন্স যেটা আপনি জানেন ৮৫ সাল থেকে চালু হয়েছে, আসলে সেটা লোন ইন্সিওরেন্স। এটা সেন্ট্রাল গভর্নমেন্ট করেছিল লোন ইন্সিওরেন্সটা। এটা ঠিকই সেখানে আপনাদের কিছু করার নেই। কিন্তু এই লোন ইন্সিওরেন্স যে স্কীমটা আছে, সেই অবস্থায় দাঁড়িয়ে কৃষকদের যে মিনিমাম রিলিফ দেওয়া যায় তা কি আপনি দিতে পেরেছেন? আজও আপনার বাজেট বক্তৃতাতে তার কোনও গতিমুখ দেখতে পাচ্ছি না। আপনি কি চালু করেছেন সেই প্রশ্নে নিশ্চয় পরে আলোচনা করা হবে। সেন্টার ধরে রেখেছেন, গোটা ব্লক ভিত্তিতে ক্রপ ফেলিওর উপর দাঁড়িয়ে যদি হিসাব করতে হয়, একটা ব্লক মানে কমপক্ষে ১০০ গ্রাম, তার ২০ শতাংশ ক্রপ ফেলিওর কি আপনি কাউন্ট করেন না। আমি সে বিষয়ে কিছু আপত্তি করছি না। কিন্তু ক্রপ ফেল এর হিসাব নেওয়ার যে পদ্ধতি সেটাতো সেন্ট্রাল গভর্নমেন্ট এর ডিরেকশনে নয়। এটা আপানাদের নিজস্ব মেকানিজিম এর উপর নির্ভর করে।

আপনি রান্ডাম ১৬টা ব্লক হিসাব করে নেন। যা খুশি সেখানে আপনার ক্রপ কাস্টিং হয়। আমি আপনার দপ্তরকে বারবার বলে এসেছি, কেন আপনারা ক্রপ কাস্টিং এর দায়-দায়িত্ব পঞ্চায়েতের হাতে দেবেন না। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী, ডাঃ মিশ্র আছেন, দয়া করে আমার কথা শুনবেন। এই ক্রপ কাস্টিং যেটা হয় সেটা ইচ্ছামতো হয়, ঠিকমতো হয় না। এলোমেলো হয়। যার ফলে রিয়েলি পশ্চিমবাংলার যা প্রোডাকশন তার ফিগার পাওয়া যায় না। অনেক সময় আমাদের মনে হয়, আপনারা যে ফিগার দেন, রোজি ফিগারস, একটা ব্লকে ১০০/১৫০ গ্রাম আছে, সেখানে ১৬টা জায়গায় ক্রপ কাস্টিং করে আপনি কি হিসাব করবেন? কতখানি ফসল ফলেছে আর কতখানি ফসল ফলেনি?

[4-00 — 4-10 p.m.]

গত বারো বছর ধরে আমাদের এই সন্দেহটা হচ্ছে। শুধু পলিটিক্যাল আন্ডারস্ট্যান্ডিং নই, আরেকটা আন্ডারস্ট্যান্ডিংও আছে। গভর্নমেন্টটা বামফ্রন্টের, আপনার জেলা পরিষদ, কৃষি দপ্তর বামফ্রন্টের মধ্যে দায়-দায়িত্ব ভাগ বাটোয়ারা হচ্ছে, পঞ্চায়েত দপ্তর চালাচ্ছেন ডাক্তার মিশ্র। কিন্তু ন্যারো পলিটিকাল পার্টি কিছু বাধা সৃষ্টি করছে। তাহলে আপনার এই পঞ্চায়েত দপ্তরের হাতে এই ক্রপ কাটিঙের দায়-দায়িত্ব ছেড়ে দিচ্ছেন না কেন। পশ্চিমবাংলার কৃষকদের প্রতি আপনারা বিট্রে করেছেন। আমি এই মুহূর্তে দাবি করছি ক্রপ কাটিঙের দায়িত্ব পঞ্চায়েত দপ্তরের হাতে দেওয়া দরকার এবং সমস্ত দায়িত্ব দিলে যথাযথ তথ্য বেরিয়ে আসবে। আমি আশা করব আপনি এই বিষয়টা বিবেচনা করবেন। ডাঃ মিশ্র এখানে আছেন, সমগ্র মন্ত্রিসভার কাছে আমি এই বিষয়টা উপস্থিত করছি, এটার আলোচনা হওয়া দরকার। আমার তৃতীয় বিষয় হচ্ছে সিড সংক্রান্ত যে বীজ সরবরাহ হচ্ছে তা টাইমলি হয় না। অনেক সময় খারাপ বীজ আসে আমি সেদিকে যাচ্ছি না। কিন্তু আমরা উদ্বিগ্ন হয়ে পড়ছি, আগামীদিনে পপুলেশনের যে প্রয়োজনীয়তা তাকে মিট করার জন্য হাই ব্রিড সিডের দিকে আমাদের যেতে হবে। এই হাইব্রিড মেকানিজম এবং আমাদের দেশের বড় বড় পুঁজিপতি তাদের কন্ট্রোল করতে হবে। গত দু'বছর ধরে আমি দেখলাম না, গত দু বছর ধরে গ্যাট চুক্তি সই হয়ে গেছে, আমাদের রাজ্যের কৃষি দপ্তরের ভূমিকা আমি কখনও দেখিনি। হাইব্রিড সিডসের জন্য বড় বড় বিগ বিজনেস ম্যাগনেট যারা আছে তাদের উপর নির্ভর করতে যেন না হয়। আমাদের রাজ্যে কৃষি খামারগুলোতে এবং গবেষণাগারগুলোতে হাইব্রিড ভ্যারাইটি সিডসের প্রোডাকশনের জন্য চেষ্টা করছেন তার বিন্দুমাত্র গতি এবারের বাজেট ভাষণে দেখিনি, গতবারের ভাষণেও দেখিনি। এর ফল কি দাঁড়াচ্ছে? শুধু রাজনৈতিক বক্তৃতা করে গ্যাট চুক্তির বিরোধিতা করে, কৃষির উপর বেপরোয়া হামলার কথা বলে, মাল্টিন্যাশনালের বিরোধিতা করে, সিডের উপর তাদের যে অধিকার তাকে এজ ইট ইজ রেখে দিয়ে, বিন্দুমাত্র আঘাত করার জন্য সরকারের যে উদ্যোগ থাকা দরকার সেই উদ্যোগ নেই। আগামী দিনে আমরা কোন দিকে যাব, ভারতবর্ষ সহ সারা পশ্চিমবাংলায় কি দাঁড়াবে? ইতিমধ্যে আপনারা জানেন দেশি আমন ধান পাওয়া যায় না, হাই ইল্ডিং ভ্যারাইটির দিকে লোকে চলে যাচ্ছে। আগামী কয়েক বছরের মধ্যে এই হাই ইল্ডিং ভ্যারাইটির সিডস ছেয়ে যাবে। তার জন্য আমাদের পশ্চিমবাংলার অনেক কৃষি খামারে মিনিমাম ইউটিলাইজেশনের কোনও থিংকিং নেই। সবচেয়ে বড় কথা আগামী দিনে গোটা

ভারতবর্ষের সামনে এগ্রিকালচারাল সিঁডসের ক্ষেত্রে হাইব্রিড ভ্যারাইটি হচ্ছে একটা চ্যালেঞ্জ। সেই চ্যালেঞ্জকে আমাদের মোকাবিলা করতে হবে, তার মিনিমাম রিফ্লেকশন কিন্তু আমরা আপনার বাজেট বক্তৃতায় দেখতে পেলাম না, সেই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি পশ্চিমবাংলার অনেক বিষয়ে উল্লেখ করেছেন। পশ্চিমবাংলার একটা বিরাট এলাকা হচ্ছে স্যালাইন ওয়াটার এলাকা। এই স্যালাইন এলাকা বরাবরের জন্য আছে তা নয়। আমাদের মেদিনীপুর জেলায় আন্ডারগ্রাউন্ড সুইট ওয়াটার এলাকা আছে এবং দিনের পর দিন আন্ডারগ্রাউন্ড ওয়াটার তুলে নেওয়ার জন্য সেইসব এলাকায় স্যালাইন ওয়াটার ঢুকে স্যালাইন এলাকা হচ্ছে। কিন্তু সেখানে স্যালাইন ওয়াটার সিডস কাল্টিভেশনের কোনও সুবিধা নেই। মাননীয় সদস্য কমলবাবু যখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন স্যালাইন ওয়াটার প্রুফ সিডস নাকি উদ্ভাবিত হয়েছে একটি গবেষণাগারে, তিনি বলেছিলেন তিন বছর সময় লাগবে। এখন কিন্তু অনেক তিন বছর পেরিয়ে গেছে, আপনারা পশ্চিমবাংলার কোস্টাল এলাকায় স্যালাইন ওয়াটার প্রুফ সিডস সরবরাহ করতে পারেননি। সেই ব্যাপারে কোনও উচ্চবাচ্য আপনার বক্তৃতায় নেই, এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার শেষ প্রশ্ন, ফার্টিলাইজার এবং পেস্টিসাইডসের ব্যাপারটা একেবারে খোলাবাজারের উপর ছেড়ে দেওয়া হয়েছে। মিনিমাম একটা কন্ট্রোল, একটা নো হাউতো বার করবেন। এবারে কি হয়েছে আমি বলছি, টপ বেসিনের সময় চাষী যখন ইউরিয়া কিনতে যাচ্ছে, তখন ব্যবসায়ীরা ফোর্স করছে ইউরিয়া তুমি পেতে পার, যদি তুমি আমার কাছ থেকে ডি. এ. পি. কেনো। এই ব্যাপারে কোনও কন্ট্রোল থাকবে না, অথচ গভর্নমেন্টের একটা ডিপার্টমেন্ট আছে। ভেজাল পেস্টিসাইডস বাজারে ছেয়ে গেছে, সিবা গাইজির মতো কোম্পানি তার মাল ভেজাল বিক্রি হচ্ছে। কেউ দেখার লোক নেই, যা খুশি তাই হয়ে যাচ্ছে, এইদিকে তো আপনি একটু নজর দেবেন। আমার পরামর্শ হচ্ছে, প্রতি বছর নিত্য-নতুন টেকনোলজি যা রিভাইসড হচ্ছে গ্রাম পঞ্চায়েতের সঙ্গে আলোচনা করে সেগুলো ঠিক করা। প্রতি বছর ভিডিও শো করুন সেখানে কৃষকদের শিক্ষিত করার জন্য চেষ্টা করুন। কৃষকদের শিক্ষিত করে গড়ে তুলতে পারলে উৎপাদনের ক্ষেত্রে তারা অনেকখানি এগিয়ে যেতে পারবে। আপনাকে ভাবতে হবে কৃষিপ্রধান এলাকায় কিছু এগ্রিকালচারাল কলেজ করা যায় কি না। একাধিক ইউনিভার্সিটি না করতে পারেন এগ্রিকালচারাল কলেজ করা যায় কি না এটা একটু ভাববেন। সর্বশেষ যে কথাটা আমি মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর কাছে বলতে চাই সেটা হচ্ছে আপনি আপনার বাজেট বক্তৃতায় আলু চাষীদের সাহায্য করার জন্য আপনি বন্ধকী লগ্নীর কথা ভেবেছেন। আপনার বাজেট বক্তৃতায় এই বিষয়ে কোনও ডিটেলস আমি পাইনি। এই বিষয়ে সাপোর্টিং ফিনান্সের কোনও ডকুমেন্ট আমরা এর মধ্যে পেলাম না। এটা আপনি ব্যাখ্যা করে দেবেন। নিয়ন্ত্রিত বাজার সমিতির সহায়তায় বন্ধকি লোন ৭৫ পারসেন্ট আলু চাষীদের অ্যাডভান্স পেমেন্ট করবেন বলেছেন কিন্তু টাকা কে দেবে? এটা আপনার বাজেট অ্যালোকেশনে নেই। গভর্নমেন্ট টাকা দেবে? নিয়ন্ত্রিত বাজার সমিতি দেবে? হিমঘর দেবে? কিন্তু তার গ্যারান্টি কি আছে? আপনার পরিকল্পনা ভাল কিন্তু কিসের এগেনস্টে আপনি এগুলো দেবেন তার জন্য কনক্রিট কি স্টেপ নিয়েছেন সেটা আপনি ব্যাখ্যা করেননি। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে বলব যে আমার পরামর্শ গ্রহণ না করেন আশা করি আমার প্রশ্নের উত্তরগুলো দেবেন।

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় চেয়ারম্যান স্যার, কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নরেন দে মহাশয় এবং কৃষি বিপণন দপ্তরের মন্ত্রী শ্রী বীরেন মৈত্র মহাশয় যে বাজেট বরাদ্দ রেখেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। কৃষিমন্ত্রী তার বাজেট বক্তৃতায় যে পরিসংখ্যান বলেছেন এই বছরের জন্য এ সম্পর্কে বিভিন্ন বক্তা বলেছেন কিন্তু করুণা হয় কৃষি বিপণন মন্ত্রীর জন্য যিনি আলু কেলেঙ্কারিতে নিজেকে কলঙ্কিত করে বেনারস পরিভ্রমণ করে বিদেশের মাটিতে আমাদের আলু এবং আম বিক্রির একটা প্রচেষ্টা চালিয়েছেন। কতটা বিক্রি করতে পেরেছেন জানি না কিন্তু মুর্শিদাবাদ, মালদা—স্বদেশে এই সমস্ত আম, আলু সংরক্ষণের কি ব্যবস্থা আপনি করতে পেরেছেন? এই মন্ত্রকের দায়িত্ব অনেক কিন্তু বরাদ্দকৃত অর্থের পরিমাণ কম। আমি এই প্রসঙ্গে বলতে চাইছি, নিছক বিরোধিতা করার জন্য নয়, আমাদের রাজ্যের কৃষিমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে প্ল্যান বাজেট এবং নন প্ল্যান বাজেট এর যে টাকা, তা যদি আমরা দেখি তাহলে দেখব যে মাত্র ২১ পারসেন্ট টাকা আর অন্যান্য সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্সের টাকা নিয়ে ৩১ পারসেন্ট টাকা প্ল্যান বাজেটে খরচ হচ্ছে। বাকি টাকা নন প্ল্যান বাজেটে খরচ হচ্ছে। ৯৬-৯৭ সালে ২৯ কোটি ৭০ লক্ষ টাকার মধ্যে এই মন্ত্রক মাত্র ২৪ কোটি টাকা খরচ করতে পেরেছেন। ৫ কোটি ৭০ লক্ষ টাকা এই দপ্তর খরচ করতে পারেননি। এটা মন্ত্রীর ব্যর্থতা, দপ্তরের ব্যর্থতা, না, মন্ত্রীর অকর্মণ্যতা কোন দিক দিয়ে এর ব্যাখ্যা মেলে আমি জানি না।

আজকে পশ্চিমবাংলায় কৃষিযোগ্য জমি আছে। আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী বারবার বলেন, আমাদের অর্থমন্ত্রী বলেন দায়বদ্ধতার কথা। এই কৃষিযোগ্য জমিতে কৃষকদের আন্তরিক প্রয়াসে চাষ হয়, সরকারের সহযোগিতায় নয়। জমিতে চাষ করাটা নির্ভর করে চারটে শর্তের উপর—বীজ, সার, সেচ, বাজার। এই সরকার কোনও উন্নয়নের রূপরেখা নির্ণয় করছে যেখান দিয়ে পশ্চিমবাংলার কৃষিক্ষেত্রে একটা রেকর্ড স্থাপিত হতে পারে? বাজেট বক্তৃতায় শুধুমাত্র রেকর্ড সৃষ্টির কথা বললে সেটা আষাঢ়ে গল্প হয়ে যায়।

[4-10 — 4-20 p.m.]

বাস্তবের সাথে তার সম্পর্ক থাকে না। আমাদের বাংলার কৃষকরা ঘর্মাক্ত কলেবরে পরিশ্রম করে নিজেদের উদ্যোগে চেষ্টা করেন বলেই এটা হয়েছে। এখানে মাইনর ইরিগেশন মিনিস্টার নন্দবাবু আছেন। আমি জানি না, মাইনর ইরিগেশন মিনিস্টার মাইনর থাকার কারণে কিনা। পশ্চিমবাংলায় তিনি মেজর ওয়ার্ক করতে পারলেন না। এখনও মাইনরই রয়ে গেলেন। অনেক সময় হয়ত তিনি গ্রামবাংলায় খোঁজ রাখেন, কিন্তু মাইনর ইরিগেশন মিনিষ্ট্রি রাজ্য পরিষেবায়, কৃষক পরিষেবায়, কৃষি উদ্যোগের ক্ষেত্রে কোনও ভূমিকা পালন করতে পারেননি। যদিও ওনার উদ্যোগ আছে, শুভ প্রচেষ্টা আছে। কিন্তু তিনি বিদ্যুতের কারণে নাকি বহু ক্ষেত্রে, সেচের ক্ষেত্রে, রিভার লিফটিং এর ক্ষেত্রে, শ্যালো টিউবওয়েলের ক্ষেত্রে ডিপ টিউবওয়েলের ক্ষেত্রে এখনও পর্যন্ত কৃষকদের কাছে কৃষি উৎপাদনের ক্ষেত্রে তেমন ভূমিকা ইচ্ছা থাকলেও পৌঁছে দিতে পারছেন না। আজকে আমি এই কথা বলতে চাইছি যে, পশ্চিমবাংলায় আমাদের কত বীজ দরকার? নতুন উদ্ভাবনী শক্তির দ্বারা আমাদের কৃষকদের

কল্যাণ করা হবে বলে বলা হয়েছিল। পশ্চিমবাংলায় গত আর্থিক বছরে কত মেট্রিক টন বীজ উৎপন্ন হয়েছে? যেখানে ৩০ হাজার মেট্রিক টন বীজের প্রয়োজন, সেখানে রাজ্য থেকে ৩ হাজার মেট্রিক টন বীজ উৎপন্ন হয়েছে। এই লজ্জা বামফ্রন্ট সরকার রাখবে কোথায়? পশ্চিমবাংলা যদি এগিয়ে যাবে, কৃষকদের যদি অগ্রগতি হবে, তাহলে পশ্চিমবাংলার কৃষকদের আজও পাঞ্জাবের উচ্চ ফলনশীল বীজের দিকে তাকিয়ে থাকতে হয় কেন? আজকে কৃষিমন্ত্রী তার জবাব দেবেন। আজকে আমরা দেখছি যে, পশ্চিমবাংলায় প্রচার সর্বস্ব রাজনীতি চলছে। এটা বিরোধিতার ব্যাপার নয়। বাংলার মানুষকে উদ্যোগ গ্রহণের মধ্য দিয়ে কৃষি ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিতে হবে। শুধু কিছু প্রচার করলে বা একদল আর এক দলের বিরুদ্ধে বিষোদগার করলেই হবে না। এখানে এগ্রিকালচার সাবজেক্ট কমিটির চেয়ারম্যান আছেন, তার রিপোর্ট কি বলছে না—আমরা যে ধান উৎপাদন করি যতটা পরিমাণ জমিতে, তার এক চতুর্থাংশ জমিতে চাষ করে পাঞ্জাব রেকর্ড স্থাপন করেছে। আর আমরা ধানের বড়াই করছি। ধান উৎপাদনে বাংলা এর আগেও এগিয়ে ছিল। তাহলে রাজ্যে বামফ্রন্টের কৃতিত্ব কোথায়? আজকে আমার সেটাই প্রশ্ন। আমি জানি যে, শাসকদলের বন্ধুরা উদ্বিগ্ন হচ্ছেন—বাস্তব সত্যটা বলে দেওয়ায়। আজকে কামাখ্যাবাবু স্যালাইন বেসড এরিয়ার কথা বলছিলেন। কেন্দ্রীয় সরকার কোস্টাল জোনে কোস্টাল স্যালাইন রিসার্চ ইনস্টিটিউট নামে একটা প্রতিষ্ঠানের মাধ্যমে কি করে এই উদ্যোগ নেওয়া যায়, তার চেষ্টা করছে। এতে রাজ্য সরকারের কোনও ভূমিকা আছে কি? এতে রাজ্য সরকারের ভূমিকাটা কি আমাদের বলবেন। মন্ত্রী নিজে বললেন যে, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের মান উন্নয়ন করবেন। কৃষকদের সচেতন করবেন। গত আর্থিক বছরে ১ কোটি টাকা বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়কে দেওয়া সম্ভব হয়নি। উত্তরবঙ্গের মানুষ বঞ্চনার স্বীকার। নির্মলবাবু আজকে তরাই ডেভেলপমেন্ট প্রোজেক্টের ৫০ টাকা কোথায় গেল বললেন। এর জবাব কৃষিমন্ত্রীকে দিতে হবে। কৃষি দপ্তর এর জবাব দেবেন না? আজকে আমি এই কথা বলব যে, ঐটা বাস্তব যে, একটা ব্লকে ৫০ পারসেন্ট কভার না করলে, ক্রপিং ইন্সিওরেন্স এর যে বেনিফিট, কৃষকদের পাওয়ার কথা, সেটা পাবে না।

সরকারি দলের বন্ধুরা বুকে হাত দিয়ে স্বীকার করবেন, কিন্তু এখানে দলের কারণে বলবেন না পাছে চিফ হুইপের কাছে ধমক খাবেন সেই কারণে এটা স্বীকার করবেন না যে, এগ্রিকালচার ডিপার্টমেন্টের এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসাররা এবং এগ্রিকালচারের সঙ্গে যুক্ত কর্মচারিরা গ্রাম-পঞ্চায়েত এলাকাগুলোতে যান না। এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসাররা ব্লক এরিয়াতে তাদের বেসিক ওয়ার্কটুকু পর্যন্ত করেন না। ফলে আজকে এই অবস্থা দাঁড়িয়েছে। চাষের জন্য আমাদের বিদ্যুতের প্রয়োজন আছে। আজকে বামফ্রন্টের বন্ধু প্রকাশসিং বাদল, তার রাজ্যে চাষের জন্য কৃষকদের বিনা পয়সায় বিদ্যুৎ সরবরাহ করেছেন। আর এই রাজ্যে ২০ বছর ধরে বামফ্রন্ট সরকার কৃষক দরদের নামে কুম্ভীরাশ্রু বিতরণ করে কৃষকদের বিদ্যুৎ দিতে পারেন না। এখানে বামফ্রন্ট সরকার কৃষকদের বলেছেন, 'তোমরা পিক আওয়ারে পাম্প চালাবে না, পিক আওয়ারের পাম্প চালালে ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাবে।' যার জন্য আজ কৃষির এই অবস্থা দাঁড়িয়েছে। আমরা কৃষকের কল্যাণের কথা বললে, কৃষকদের আর্তনাদ শুনেও, হা-হা-কার শুনেও দায়বদ্ধতায় অঙ্গীকারবদ্ধ বামফ্রন্ট মন্ত্রিসভার মন্ত্রীরা দায়বদ্ধতা

পালন করেন না। আজকে আপনারা রেগুলেটেড মার্কেটের কি অবস্থা করেছেন সেটা বলছি। আমি দক্ষিণ ২৪-পরগনা জেলার কথা বলছি। সেখানে আলিপুর রেগুলেটেড মার্কেট আছে। কিন্তু কৃষক সেই মার্কেটের সুযোগ পায় না। কৃষককে হাটে বিক্রি করতে হয়। কি কারণে রেগুলেটেড মার্কেট বা নিয়ন্ত্রিত বাজার-কে নির্বাচনের মাধ্যমে না দিয়ে মনোনীত কমিটির মাধ্যমে চালিয়ে একদলীয় শাসন ব্যবস্থা কায়েম করার চেষ্টার মধ্যে দিয়ে কৃষি এবং কৃষি পণ্যের সর্বনাশ করছেন আপনারা? কৃষকের প্রতি দায়বদ্ধতার কথা আপনারা অস্বীকার করতে পারেন না। এখানে পান চাষের ক্ষেত্রে, সি. পি. আই. বন্ধুরা স্বীকার করবেন, আজকে পানকে কৃষি পণ্যের তালিকায় রেখেছেন। কিন্তু মাননীয় মন্ত্রী তার বাজেটের কোথাও পানের সংরক্ষণ, পান চাষের উন্নয়ন ইত্যাদি বাপারে কিছু উল্লেখ করেননি। তাই আমি এই বাজেটের ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে, আমাদের দলের আনীত কাট-মোশনগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজকুমার ঘোষ ঃ** (হাউসে উপস্থিত ছিলেন না।)

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, কৃষি দপ্তর থেকে যে বাজেট পেশ করা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন করছি। এটা অস্বীকার করার উপায় নেই যে ৭৫-৮০ ভাগ গ্রামে কৃষির উন্নতি ঘটেছে। কৃষির উন্নতির সাথে সাথে কৃষকের অর্থনৈতিক উন্নতি ঘটেছে। কারণ কৃষিতে উন্নয়ন ছাড়া কৃষকের জীবন-জীবিকার উন্নতি ঘটা সম্ভব নয়। এখানে আমূল ভূমিসংস্কার ঘটেছে, ফলে ছোট চাষীর হাতে জমি এসেছে এবং এতে আরও বেশি ফলন ফলেছে। তার ফলে কৃষি ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। এটা আমরা অস্বীকার করতে পারি না। এখানে বিরোধী দলনেতা ১৯৭০-৭১ সালের কথা বলেছেন। আমি সেই সময়ের কথা জানি। তখন সাধারণ, ভাল গেরস্থ ঘরের ছেলে-মেয়েরা, শিশুরা এক মুঠো ভাতের জন্য হাহাকার করত। ভাত না পেয়ে বাজরা, মাইলো ভুট্টো তাকে খেতে হয়েছে। সুতরাং এখন কৃষিক্ষেত্রে যে উন্নয়ন ঘটেছে সেটা আমরা অস্বীকার করতে পারি না। কিন্তু একটা বিষয়ে কৃষি-দপ্তরকে আমি বলতে চাই।

[4-20 — 4-30 p.m.]

কৃষিক্ষেত্রে এই যে অগ্রগতি, এখানে কৃষি দপ্তরের ভূমিকা নেই। জনগণের মধ্যে বিজ্ঞান সচেতনতা, চেতনার বিকাশ, সেটা আরও বেশি করে অনুপ্রাণিত করেছে কৃষিক্ষেত্রে উন্নতি করতে। তারা কৃষি দপ্তরের সাহায্য পেয়েছে ঠিকই, কিন্তু সেটা মোটেই আশানুরূপ নয়। সরকার পক্ষের বক্তব্য বিশ্লেষণ করলে দেখবেন তাদেরও গ্রিভেন্স আছে। তারাও বলেছেন কৃষি দপ্তর বিভিন্ন ক্ষেত্রে ব্যর্থতার পরিচয় দিয়েছে। আলুর কথা বলা হয়েছে। আমি পাটের কথা বলছি। আজকে পাটের দাম কমতে কমতে ৫০০ টাকায় এসেছে। সাধারণ গৃহস্থ অনেকেই দাম বাড়বে আশা করে রেখে দিয়েছে, ঘরের সোনা-দানা, ধান, গম বিক্রি করেও। এইবার যখন আরও উৎপাদন হবে, তখন তারা কোথায় যাবে? এই ব্যাপারে কৃষি দপ্তর কি চিন্তা-ভাবনা করছেন সেটা বলবেন। এস. এম. এস. তিন জন থাকার কথা, কিন্তু তারা কাজ করে না। আর. এম. সি.-র কথা বলতে চাই। একজন মাননীয় সরকার পক্ষের সদস্য

বলেছেন বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় থাকছে না। আর. এম. সি. কাজ করছে ঠিকই, কিন্তু তা আশানুরূপ নয়। বলা হয়েছে চেক পোস্ট যা বসানো হয়েছে, সেখানে ব্যবসায়ীরাই টাকা দিচ্ছে। কিন্তু এটা জানবেন, ব্যবসায়ীরা কখনও তা দেবে না। তারা যদি ৫ টাকা পার কুইন্টাল দেয় তো ১০ টাকা পার কুইন্টাল আদায় করবে। এটা ভাববেন। লিঙ্ক রোডের ক্ষেত্রে কৃষি বিপণন দপ্তর এবং পঞ্চায়েতের মধ্যে কোনও সমন্বয় নেই। তাদের মধ্যে বিরোধ আছে। যারা প্রথমে করছে, তাদেরটাই হচ্ছে। কৃষি বিপণন দপ্তরের মার্কেটিং কমিটিতে বেশির ভাগ ক্ষেত্রে বামফ্রন্টের লোক আছে, জেলা-পরিষদ, পঞ্চায়েত সমিতিতেও আছে, তবুও এরকম অবস্থা। পঞ্চায়েত সমিতিতে বামফ্রন্ট আছে, আর. এম. সি.-তে বামফ্রন্ট আছে, অথচ হাটের লাইসেন্স দেওয়ার ব্যাপারেও বিরোধিতা দেখা যাচ্ছে উভয়ের মধ্যে। অর্থাৎ, দপ্তরগুলোর মধ্যে কো-অর্ডিনেশন নেই। আমি বলব, কোনও দপ্তরে কোন পার্টির লোক আছে, সেটা না দেখে এলাকার জনগণের কথা, মানুষের কথা ভাবনা-চিন্তা করে, যাতে অধিক সাফল্য আসতে পারে, সেদিকে চিন্তা-ভাবনা করে যেটা ভাল হবে, সেটা করবেন। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় কৃষিমন্ত্রী যে ১১০ কোটি টাকা কৃষি উৎপাদন ক্ষেত্রে, সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন-এর ক্ষেত্রে ১৯ কোটি টাকা এবং এগ্রিকালচারাল রিসার্চ অ্যান্ড এডুকেশনের ক্ষেত্রে ৩৯ কোটি টাকা ব্যয় বরাদ্দ করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এছাড়া কৃষি বিপণন মন্ত্রী যে ১৪ কোটি টাকা বরাদ্দ করেছেন, সেটাও সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই।

গত ২০ বছরে বামফ্রন্ট সরকার কৃষি উৎপাদনের ক্ষেত্রে কি উন্নতি করেছে সেটা যদি আমরা দেখি তাহলে দেখব—১২২ লক্ষ টন চাল, ৭ লক্ষ টন গম, পাট ৬৫ লক্ষ গাঁট, ডাল ২ লক্ষ টন, ৫ লক্ষ টন তৈলবীজ, ইত্যাদি। অর্থাৎ চাষের দিক থেকে আমরা স্বয়ংসম্পূর্ণ হয়ে এসেছি এটা বোঝা যায়। এর কারণ হচ্ছে, জমির সম বন্টন এবং প্রান্তিক চাষীরা জমি চাষের সুযোগ পেয়েছে। সেচের ব্যবস্থায় অনেকটা এগিয়ে গেছি। ৫০ শতাংশ জমি সেচ-যোগ্য করা হয়েছে। কিন্তু কথা হচ্ছে, স্মল স্কেল ইরিগেশনে যে পাম্প সেটা করা হচ্ছে কেউ কেউ বলছেন, সেগুলো আরও বেশি হলে উৎপাদন বাড়তে পারে। কিন্তু এই যে, কো-অপারেটিভ সিস্টেমে ইরিগেশন-এর কথা হচ্ছে তাতে যে ক্লাস্টার অফ ইরিগেশন সিস্টেম আছে তাতে যদি কো-অপারেটিভ ফার্মিং না করা যায় তাহলে সেটা আরও উৎপাদন করতে পারে না।

সিড প্রডাকশনের ক্ষেত্রে আমাদের অনেক সমস্যা আছে। ২২১-টা ফার্মের মধ্যে ১৬৩-টা ব্লক ফার্ম আছে। সেটা ঠিকমতো কাজ করলে সিড প্রডাকশন ভাল হ'ত। আমাদের ওয়েস্ট বেঙ্গল সিড কর্পোরেশন যে কাজ করছে তাতে সিডগুলো নিজেদের মনে হয় না, অধিকাংশই সংগৃহীত করে হয়। আমাদের অধিকাংশ ফার্মই অকেজ হয়ে পড়ে আছে। এর সাথে যদি পশুখাদ্য, গ্রিণ সিড বা সোশ্যাল ফরেস্ট্রির স্কীম রাখা যায় তাহলে মনে হয় ফার্মগুলো ওয়েল ইউটিলাইজ হতে পারত। এক্ষেত্রে ৯০ শতাংশ টাকাই মাইনে দিতে চলে যাচ্ছে, ১০ শতাংশ টাকায় আর কত উন্নয়ন হবে। এগ্রিকালচারাল সিড বাইরে থেকে এনে,

প্র্যাকটিক্যালি ন্যাশনাল সিড কর্পোরেশন থেকে এনে বা রিসার্চ ইনস্টিটিউট থেকে এনে যদি টেস্ট করে সিডগুলো ফার্মারদের কাছে পৌছে দেওয়া যায় তাহলে ভাল হয়। যে মিনিকিট সিড দেওয়া হচ্ছে সেটা এ. ডি. ও.-দের কাছ থেকে পঞ্চায়েতে যাচ্ছে এবং পঞ্চায়েত বিলি করছে। কিন্তু অধিকাংশ বীজই নষ্ট হয়ে যাচ্ছে, কেউ ব্যবহার করছে না। সিডগুলোর জন্য যদি ফিড ব্যাক সিস্টেম সরকারের থাকত তাহলে সিডগুলো ওয়েল ইউটিলাইজ হ'ত এবং বোঝা যেত ভাল মানের সিড কি না। সিড সার্টিফিকেশন স্কীম ভাল ভাবে হচ্ছে না। যার ফলে ভাল কোয়ালিটির সিড আমরা পাচ্ছি না। যদিও যথেষ্ট টাকা এখাতে বরাদ্দ আছে।

আমরা সবুজ সারের পরিবর্তে কৃত্রিম সার দিয়ে কাজ করছি। এতে সয়েল হেলথ নষ্ট হয়ে যাচ্ছে। এর জন্য যে টাকা বরাদ্দ আছে তাতে কোনও কাজ হচ্ছে বলে মনে হয় না। সবুজ সার ঠিকমতো ব্যবহার না করাতে জমির উৎপাদন ক্রমশ হ্রাস পাচ্ছে। সয়েল টেস্টিং ল্যাবরেটরির মতো সিড টেস্টিং ল্যাবরেটরিও দরকার। সয়েলটা কি রকমের সেটা যদি না জানা যায় তাহলে অসুবিধা হয়। মাটিতে এসিড, অ্যালকালি-কি বেশি আছে, বা ডলোমাইট, লাইম কি লাগবে সেটা বোঝা দরকার। অ্যালকালিক মাটিতে জিপসাম, জিঙ্ক কি দরকার আছে সেটা জানা দরকার। অ্যালকালিক মাটিতে স্যালাইনিটি রিমুভ করতে হবে কিনা—এ সব জানতে গেলে টেস্টিং ল্যাবরেটরি দরকার।

যথেচ্ছ ভাবে ইনসেক্টিসাইড ব্যবহারের ফলে ক্ষতির কারণ হয়ে দাঁড়াচ্ছে।

[4-30 — 4-40 p.m.]

অধিকাংশ জায়গাতেই প্রচুর সার দেওয়া হয়, যতটা সারের প্রয়োজন তার থেকেও বেশি পরিমাণে সার দেওয়ার ফলে শস্যের ক্ষতি হচ্ছে। এই ইনসেকটিসাইড দেওয়ার ব্যাপারে এদের একটা প্রশিক্ষণের প্রয়োজন। যারা এটা দোকানে রাখে তাদেরও প্রশিক্ষণের প্রয়োজন আছে। এ. ডি. ও.-রা মোটেই কাজ করেন না, জমিতে যান না, সেই জন্য বলছি কে. পি. এস.-দের প্রশিক্ষণের ব্যবস্থা করা দরকার। এই কে. পি. এস.-রা যেন ফার্মারদের টেকনোলজির নো হাউটা বুঝিয়ে দেন, এ ব্যাপারে সাইন্টিফিক টেকনোলজির উন্নতি প্রয়োজন হয়ে পড়েছে। চুঁচুড়া থেকে সি. এম. জি.-থ্রি একটা ভ্যারাইটি বীজ বেরিয়েছে, হাইব্রিড বীজ, সেটা যথেষ্ট পপুলার হয়ে পড়েছে। এক. কে. জি.-তে এক একর জমি চাষ হতে পারে। যাতে বেশি পরিমাণে বীজ উৎপাদন হয়ে চাষীদের কাছে পৌছে দেওয়া যায় তার দিকে বেশি নজর দিতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই আমাদের পান চাষীদের দুটি কারণে দুর্ভোগ হচ্ছে। একটা হচ্ছে পান চাষ ঝড়ে নষ্ট হয়ে যাচ্ছে, তাদের জন্য ক্রপ ইন্সিওরেন্স স্কীম চালু হওয়া দরকার, আর দ্বিতীয়ত হচ্ছে পানের স্টেবিলিটি ইন মার্কেট সেদিকেও নজর দিতে হবে। এই বলে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেটের উপর যে ব্যয় বরাদ্দের প্রস্তাব আছে সেটাকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি কংগ্রেসি বন্ধুদের বক্তৃতা শুনলাম আবার আমাদের পক্ষে অর্থাৎ বামফ্রন্টে যারা আছেন তাদেরও বক্তৃতা শুনলাম। একটা কথা বারবার উচ্চারণ করে কোনও লাভ নেই। কংগ্রেসিদের পক্ষ থেকে শুধু বিরোধিতার

নামেই বিরোধিতা করেছেন, তারা কি চিন্তা করেছেন সাবজেক্ট কমিটি তার যে রিপোর্ট পেশ করেছে—এই এগ্রিকালচার সাবজেক্ট কমিটির চেয়ারম্যান মাননীয় সৌগত রায়—আমার মনে হয় তারা এই রিপোর্টটা পড়েননি। এই রিপোর্টটাতে কোথাও বলা নেই যে, এগ্রিকালচারাল প্রোডাকশনের ব্যাপারে যে পদক্ষেপগুলি পশ্চিমবঙ্গে বামফ্রন্ট আসার ১৯৭৭ সালের পর থেকে গ্রহণ করা হয়েছে, এবং যে পরিমাণে উন্নয়ন ঘটেছে, সেই উন্নয়নকে অন্য দিকে নিয়ে যাওয়ার চেষ্টা—আমার মনে হয় তারা এই রিপোর্ট পড়েননি। রিপোর্টে বলা আছে এগ্রিকালচারাল প্রোডাকশন বাড়াবার জন্য, তিনি আরও দু-একটি সাজেশনও দিয়েছেন, মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত করেছেন, উনি একটা চিঠি লিখেছেন তাতে বলেছেন কিছু কিছু জায়গায় ইরিগেশন ফেসিলিটিজ বাড়ানো দরকার, but with regard to the agricultural production as a whole in West Bengal উনি অ্যাপ্রিসিয়েট করেছেন, ওনার কমিটি অ্যাপ্রিসিয়েট করেছেন। আমাদের বিরোধী বন্ধুরা মনে হয় এটাকে স্টাডি করেননি, দেখেননি। এটা রিসেন্টলি বেরিয়েছে। দ্বিতীয় কথা এগ্রিকালচার যে বিষয়টার উপর মানুষের খাদ্য এবং তার সঙ্গে আর্থিক সঙ্গতিও যুক্ত হয়ে আছে। স্যার, আমার জন্য কতটা সময় ধার্য হয়েছে?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ১০ মিনিট।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** থ্যাঙ্ক ইউ স্যার। এগ্রিকালচারাল প্রোডাক্ট তৈরি করতে প্রথমেই লাগে ল্যান্ড। ইন দি ইয়ার ১৯৭৭, প্রায়র টু দ্যাট আমাদের ল্যান্ড পজিশন কি ছিল ; এভরিবডি নোজ। প্রত্যেকেই জানেন সে সময় পর্যন্ত কি পরিমাণ ল্যান্ড কৃষকের হাতে ছিল। প্রত্যেকেই জানেন সে সময় পর্যন্ত কৃষক জমি সম্পর্কে সচেতন ছিল, কি ছিল না। তাদের যে ক্ষোভ, বিক্ষোভ ছিল তা তারা কতটা কাজে লাগাতে পেরেছিলেন, তা আমরা সকলেই জানি। ১৯৭৭ সালের পরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ল্যান্ড সংক্রান্ত সমস্ত কিছুই কৃষকের স্বার্থে, কৃষির স্বার্থে সংশোধন করেছে। কৃষি উৎপাদনের দ্বিতীয় গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, জল। প্রায়র টু ১৯৭৭ সাল কত জল ছিল? তৎকালীন কংগ্রেস সরকার কতটা সেচের ব্যবস্থা করেছিলেন? রাজ্যের মোট কৃষি জমির মাত্র ২৬%-কে তখন পর্যন্ত তারা সেচের আওতায় এনেছিলেন। শতকরা ২৬ শতাংশ জমিতে তারা সেচের ব্যবস্থা করেছিলেন, আফটার দি ল্যাপস অফ দি থার্টি ইয়ার্স অফ কংগ্রেস গভর্নমেন্টে। পশ্চিমবাংলায় তার পরবর্তী পর্যায়ে আমরা কত করেছি? আজ পর্যন্ত ৬২ শতাংশ জমিতে আমরা সেচের জলের ব্যবস্থা করেছি। তৃতীয়ত, বামফ্রন্ট সরকার কৃষককে আজকে মিনিকিট দিয়ে সাহায্য করছে। আমি কোনও হিসাবের জাগলারির মধ্যে যেতে চাই না—হোয়াট ইজ আওয়ার এক্সপিরিয়েন্স? আমাদের এক্সপিরিয়েন্স কি? প্রত্যেকটা পঞ্চায়েত সমিতিকে ভিত্তি করে একটা করে কৃষি স্থায়ী সমিতি আছে এবং তার সঙ্গে এগ্রিকালচাল ডিপার্টমেন্টে যুক্ত আছে। সেখানে প্রতিটি এলাকায় এ. ই. ও.-রা যুক্ত আছে। তারা প্রতিটি এলাকায় গরিব কৃষকদের মিনিকিট সরবরাহ করছে। সে হিসাব এখানে আছে। ১ লক্ষ ৭৭ হাজার মিনিকিট সরবরাহ করা হয়েছে এ বছর। এরপরেও কৃষকদের কি কি ইনপুট দেওয়া হচ্ছে সে হিসাব এখানে পেশ করা হয়েছে। ব্যাপকভাবে ফার্টিলাইজারের ব্যবস্থা করা হয়েছে। পশ্চিমবাংলার কৃষি ক্ষেত্রে আগে আমরা কি দেখেছি? কাঁধে একটা লাঙ্গল নিয়ে, আর দুটো বলদ নিয়ে চাষী মাঠে যেত। তার আর কিছুই ছিল না। আজকে অবস্থার পরিবর্তন ঘটেছে। বিজ্ঞান এবং প্রযুক্তির উন্নতির সাথে সাথে মানুষের

ধ্যান-ধারণার পরিবর্তন হয়েছে। ফলে আজকে প্রতিটি গ্রামে পাওয়ার টিলার ঢুকে গেছে। এটা আজ আর কেউ অস্বীকার করতে পারবেন না। এই অবস্থায় আজকে যখন মাননীয় সদস্য অতীশচন্দ্র সিন্‌হা মহাশয়ের বক্তৃতা শুনি তখন আমাদের ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের কথা মনে পড়ে যায়। ১৯৫৯ সালে যে সমস্ত মানুষরা খাদ্যের দাবিতে এই শহরে আন্দোলন করতে এসেছিল তাদের ওপর বিরাট আক্রমণ নেমে এসেছিল। যারা খাদ্য চাইতে এসেছিল তাদের গুলি করে হত্যা করা হয়েছিল। সে জিনিস আজ আর এ রাজ্যে ঘটে না। ১৯৬০ সালেও এ রাজ্যে খাদ্য আন্দোলন হয়েছিল। আজ আর মানুষ খাদ্যের দাবি করে না। এ রাজ্যে মানুষের জন্য খাদ্য বস্ত্র এবং মাথা-গোঁজার ব্যবস্থার দাবিতে অতীতে যখনই আন্দোলন হয়েছে তখনই তাকে বাধা দেবার ব্যবস্থা হয়েছে। আর আজকে আমাদের বিরোধীরাও ঐসব দাবি করছেন না। আজকে তারা বলছেন, 'রাস্তা চাই, বিদ্যুত চাই, আরও একটু পানীয় জলের ব্যবস্থা করা হোক ইত্যাদি'। আজকে এ রাজ্যের মানুষ আর টিউবওয়েলের দাবি জানাচ্ছে না। তারা বলছে, টিউবওয়েলে না করে, গ্রামে গ্রামে পাইপ লাইনের সাহায্যে বিশুদ্ধ জল সরবরাহ করা হোক। এই জায়গায় আজকে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলাকে আনতে পেরেছে। আমরা কংগ্রেস আমলে যত ফসল উৎপাদন হতে দেখতাম, আজকে তার দু' গুনেরও বেশি ফসল এ রাজ্যে উৎপন্ন হচ্ছে। বোধ হয় ১ লক্ষ ৩১ হাজার মেট্রিক টন খাদ্য-শস্য এ বছর এ রাজ্যে উৎপন্ন হয়েছে। এ বছর পশ্চিম বাংলায় ৭২ লক্ষ মেট্রিক টন আলু উৎপন্ন হয়েছে। এটা এমনি এমনি হয়নি। সামগ্রিক সংগ্রাম, লড়াই এবং প্রচেষ্টার মধ্যে দিয়েই এটা সম্ভব হয়েছে। আন্তরিক প্রচেষ্টার এটা প্রতিফলন। ৭২ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদন করে আমরা হরিয়ানা—পাঞ্জাবের পরেই গোটা দেশের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করতে সক্ষম হয়েছি। এর সাথে সাথে এ রাজ্যে আলু সংরক্ষণের ব্যবস্থাও বেড়েছে। তবে এই ব্যবস্থাকে আরও সম্প্রসারিত করতে হবে। তার জন্য আমাদের আরও প্রচেষ্টা দরকার এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে বাধ্য হচ্ছি যে, আমাদের কৃষি ফার্মগুলির জন্য অবিলম্বে কিছু ব্যবস্থা গ্রহণের প্রয়োজন আছে। সেগুলিকে আরও উন্নত করে তুলতে হবে। এর জন্য আমাদের কিছু ভাবনা চিন্তার প্রয়োজন আছে। রাজ্যের বিভিন্ন জায়গায় বিভিন্ন সময় এই কৃষি ফার্মগুলো তৈরি হয়েছে। কংগ্রেস রাজত্বকালে কিছু হয়েছিল, আমাদের সময়ে অনেক হয়েছে। কিন্তু সেই কৃষি ফার্মগুলো সব জায়গায় সঠিকভাবে কাজ করছে না। তার মধ্যে বেশ কিছু কৃষি ফার্ম ইতিমধ্যেই বন্ধ্যাত্ব প্রাপ্ত হয়েছে।

[4-40 — 4-50 p.m.]

আর একটা কথা বলছি, আই. সি. এ. আর অর্থাৎ ইন্ডিয়ান কাউন্সিল এগ্রিকালচারাল রিসার্চ এবং এগ্রিকালচারাল ইউনিভার্সিটি বলতে কল্যাণী ইউনিভার্সিটি—এগুলিকে মানুষের কাছে পৌঁছে দিতে হবে এবং তা পৌঁছে দিতে হলে কো-অর্ডিনেশন দরকার। সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে চেষ্টা হয়েছে এবং মাননীয় মন্ত্রী মহাশয়ও সেই চেষ্টা করছেন। আমি চাইব, এই চেষ্টা আরও যাতে ফলবতী হয়। কিন্তু কো-অর্ডিনেশন বিটুইন আই. সি. এ. আর এবং এগ্রিকালচারাল ইউনিভার্সিটি—এটাকে আরও দ্রুত করার দরকার আছে ফর রিসার্চ ওয়ার্ক অ্যান্ড ফর ডেভেলপমেন্ট অফ এগ্রিকালচার। মাননীয় সদস্য শ্রী কামাক্ষ্যানন্দন দাসমহাপাত্র মহাশয় বললেন হাই-ব্রিড এসে গেছে। হ্যাঁ, এসে গেছে। কিন্তু কোনও নিয়ম-তান্ত্রিকভাবে নয়,

মানুষের প্রয়োজন আছে, খানিকটা বলতে পারেন প্রত্যক্ষভাবে প্রতিটি মানুষের প্রয়োজনে এসেছে। কোনও এগ্রিকালচারাল সায়েন্টিস্টকে নিয়ম শেখাতে হয়নি। মানুষ তার নিজের প্রয়োজনে শিখে নিয়েছে। ঐ একটা কথা আছে—দেখাদেখি চাষ, পাশাপাশি বাস। চাষীর প্রয়োজনেই শেখে। সেই জন্য এগ্রিকালচারের উন্নয়নের ব্যাপারে বিজ্ঞান যতটা সাহায্য করেছে, তার সাথে-সাথে মানুষের প্রচেষ্টা, মানুষের ক্ষুধা মেটানোর জন্য বামফ্রন্ট সরকার তাদের পাশে দাঁড়িয়ে সমস্ত রকমের সাহায্য করে আজকে এই জায়গায় পৌঁছে দিয়েছে। আমি চাই, এই ডিপার্টমেন্ট আরও উন্নত প্রযুক্তির চেষ্টা করুক। এই এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট আন্ডার দি লিডারশিপ অফ লেফটফ্রন্ট গভর্নমেন্ট কৃষকদের আরও উন্নতি করুক, আরও সাহায্য করুক। এই কথা বলে এই বাজেটে যে বক্তব্য রাখা হয়েছে তাকে সমর্থন করে এবং ব্যয়-বরাদ্দের জন্য যে টাকা চেয়েছেন সদস্যদের খানিকটা অনুরোধ করব, প্লিজ গো থ্রু দি রিপোর্ট সাবমিটেড বাই প্রফেসার সৌগত রায়। কিন্তু মাননীয় সদস্য শ্রী অসিত মাল এবং শ্রী গোপালকৃষ্ণ দে'রা সেই রিপোর্টটি পড়েননি। রিপোর্টটি পড়ে যদি বলতেন তাহলে আমি কনভিনসড হতাম। বাট দে হ্যাভ নট গন থ্রু ইট। ধন্যবাদ।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি এবং কৃষি বিপণন এই দুই দপ্তরের মাননীয় মন্ত্রীদ্বয় যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই ব্যয়-বরাদ্দের আলোচনার সূচনায় আমাদের দলের নেতা অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় তার বিভিন্ন পরিসংখ্যান দিয়ে বক্তব্য উপস্থাপিত করলেন। আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যতই খাদ্যশস্যের ক্ষেত্রে একটা রেকর্ড সৃষ্টি করেছেন বলে উল্লেখ করুন, এটা কিন্তু সত্যিকারের সঠিক চিত্র নয়।

তিনি এই জিনিসটা দীর্ঘ আলোচনার মধ্য দিয়ে তুলে ধরার চেষ্টা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি নিশ্চয়ই একথা অস্বীকার করব না যে গত ২০ বছরে খাদ্যশস্যের উৎপাদন বেড়েছে। কিন্তু তার মানে এই নয় যে অন্যান্য রাজ্যের তুলনায় এই রাজ্য ব্যাপকভাবে এগিয়ে যেতে পেরেছে। আজকে বামফ্রন্ট সরকার পাঞ্জাব, হরিয়ানা প্রভৃতি বিভিন্ন রাজ্যের সাথে তুলনা করে। স্যার পরিসংখ্যান নিয়ে দেখুন, ক্রপিং ইন্টেন্সিটি যেখানে পশ্চিমবাংলায় শতকরা ১৬২ পারসেন্ট, সেখানে পাঞ্জাবে এখন ১৯২ পারসেন্ট। অনেক দূরে তারা রয়েছেন। তবে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে আমাদের এই রাজ্য বোরো ইন্ডিং-এর বিশেষ ভূমিকা পালন করে চলেছে। এই রাজ্য খাদ্য-শস্য উৎপাদনের ক্ষেত্রে প্রকৃতি নির্ভর।

শতকরা ৫০ ভাগের বেশি জমিকে এরা সেচের আওতায় আনতে পারেননি। স্যার, আপনি জানেন, এ রাজ্যে দিনের পর দিন কলকারখানাগুলি বন্ধ হয়ে গিয়েছে, যাদের চাকরি ছিল তাদের চাকরি চলে গিয়েছে, নতুন চাকরির সন্ধান নেই, নতুন নিয়োগ হচ্ছে না ফলে তারা কৃষিতে চলে আসছেন উপরন্তু যারা অবসর গ্রহণ করছেন সেখান থেকে তারা বেরিয়ে এসে কৃষিতে নিজেদের নিয়োজিত করে জীবিকা নির্বাহের চেষ্টা করছেন। কিন্তু সে ক্ষেত্রে এই সরকারের অবদান কি? এরা কৃষিপণ্যের উৎপাদনের জন্য গর্ববোধ করেন কিন্তু এখানে রিসার্চ সেন্টার যেগুলি আছে সেগুলির অবস্থাটা কি? চুঁচুড়াতে একটি রাইস রিসার্চ সেন্টার আছে।

এতদিনে একটি মাত্র ভ্যারাইটির বীজ তারা তাদের গবেষণাকেন্দ্র থেকে বার করতে পেরেছেন। আজকেও এই রাজ্যের চাষীদের বীজের জন্য অন্য রাজ্যের উপর নির্ভরশীল হয়ে থাকতে হয়। সিড কর্পোরেশন থেকে কি সিড দেবে তার উপর নির্ভর করে আমাদের রাজ্যের চাষীদের কৃষি কাজ চালাতে হয়। এখানে শস্য উৎপাদনে জোয়ার বইছে বলছেন অথচ কল্যাণীতে যে কৃষি বিশ্ববিদ্যালয় আছে তারা আজ পর্যন্ত কি একটিও নতুন ভ্যারাইটি বার করতে পেরেছেন? না, তা পারেননি। রাজ্যে সরকার পরিচালিত যে সমস্ত কৃষি খামার আছে মাননীয় কৃষিমন্ত্রী বলুন সেই সমস্ত সরকারি কৃষি খামারের মধ্যে একটিও কি লাভজনক ভাবে চলছে? মানুষের উৎসাহ, উদ্দীপনা থাকা সত্ত্বেও একেবারে তৃণমূল স্তরে সাহায্য করার জায়গাটা বি. ডি. ও. অফিস থেকে এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট অফিসে বিচ্ছিন্ন করে নিয়ে যাওয়া হয়েছে। কৃষির ক্ষেত্রে সহায়তা দানের ব্যাপার যেটা তার ব্যবস্থা এই সরকার করতে পারছেন না। এখানে নিয়মিত মাটি পরীক্ষা কি করা হয়? না, তার ব্যবস্থা করা হয় না। অন্য রাজ্যে গেলে দেখতে পাবেন যে গ্রামে নিয়মিত মাটি পরীক্ষা করে কৃষকদের বলে দেওয়া হয় যে সেই মাটিতে কোনও ধরনের সার প্রয়োগ করতে হবে এবং কি চাষ করলে বেশি লাভ পাওয়া যাবে। আর এখানকার কৃষকরা, যারা মাথার ঘাম পায়ে ফেলে কৃষির উৎপাদন বাড়াতে চায় তারা দোকানে জিজ্ঞাসা করে যে আমার জমিতে কোন সার ব্যবহার করতে হবে। বামফ্রন্ট সরকারের কৃষি দপ্তরের কর্মচারিদের কোনও ভূমিকা বা কৃতিত্ব সেখানে নেই। গত ২০ বছর ধরে এখানকার কৃষকরা খেয়ে পরে বেঁচে থাকার স্বার্থেই নিজেরা এগিয়ে এসে কৃষির উৎপাদন বাড়াচ্ছে। এ ক্ষেত্রে নরেন দে মহাশয়ের দপ্তরের কোনও ভূমিকা নেই বা পালন করতে পারেননি। ২০ বছরে একটি মাত্র ভ্যারাটির বীজ তারা বের করতে পেরেছেন তাদের গবেষণা কেন্দ্র থেকে, এর পর কোনও কৃতিত্ব কি তারা দাবি করতে পারেন? স্যার, এই দপ্তর সম্পূর্ণ ব্যর্থ। চাষীরা নিজেদের স্বার্থে এবং উদ্যোগে এবং প্রয়োজনে কৃষিকাজ চালিয়ে যাচ্ছে।। সিড সার্টিফিকেট দেবার ব্যবস্থা জেলায় জেলায় করা হয়নি, গ্রামের কৃষককে তারজন্য টালিগঞ্জে আসতে হবে তা নেবার জন্য। স্যার, কামাখ্যাবাবুকে সমর্থন করে বলি, ঐ ব্লকের একটি জায়গায় দাঁড়িয়ে ক্রপ কাটিং-এর রিপোর্ট নিয়ে এ রাজ্যের খাদ্য উৎপাদন কত হয়েছে তা যদি স্থিরিকৃত করে থাকেন তাহলে বলব সেটা ভুল।

[4-50 — 5-00 p.m.]

আজকে গ্রাম পঞ্চায়েত স্তরে যেতে হবে। আপনারা বড় গলা করে খাদ্য শস্যের যে সমস্ত পরিসংখ্যান দিয়ে থাকেন, আমাদের সেই বিষয়ে সন্দেহ থেকে যায়। আপনারা ২০ বছরের একটা বছরের নাম করুন যে বছরে আপনারা খাদ্য শস্য সংগ্রহের যে লক্ষ্যমাত্রা স্থির করেছেন সেই লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পেরেছেন? আপনারা কখনও তা পারেননি। এই বছর আপনারা লক্ষ্যমাত্রা স্থির করেছিলেন ৩ লক্ষ মেট্রিক টন আপনারা সংগ্রহ করবেন কিন্তু আপনারা মাত্র ৭৬ হাজার মেট্রিক টন এখনও পর্যন্ত খাদ্য শস্য সংগ্রহ করেছেন। কাজেই আপনারা যে পরিসংখ্যান দিচ্ছেন সেগুলি আসলে ভুয়া, বাস্তব সম্মত নয়। আজকে কৃষকরা বিনা পয়সায় বিদ্যুৎ চায়, আমি সেকথা বলতে চাচ্ছি না। তারা পয়সা দিয়ে বিদ্যুৎ নিতে চায়, কিন্তু সেই বিদ্যুৎও কি আপনারা অ্যাসিওর করতে পেরেছেন? আজকে কৃষকরা যদি বিদ্যুৎ না পায় তাহলে তারা কোন ভরসায় চাষ করবে? আজকে বোরো চাষ সম্পূর্ণভাবে

ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েলের উপরে নির্ভরশীল। সময়ে বিদ্যুৎ না থাকার জন্য কৃষকরা বিপন্ন হয়ে পড়ছে। তারা নিজেদের ঘরের পয়সা দিয়ে বিদ্যুৎ নিতে এবং তারা কৃষি কাজ করবে, কিন্তু সেই বিদ্যুৎও তারা পাচ্ছে না। এরজন্য দায়ী শাসক দলের আশ্রয়পুষ্ট লোক যারা তাদের মদতে রাস্তায় রাস্তায় হুক দিয়ে বিদ্যুৎ চুরি করে নিচ্ছে। অথচ কৃষকরা কৃষি কাজের জন্য বিদ্যুৎ পাচ্ছে না। এই সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিয়েছেন? ক্ষুদ্র সেচ দপ্তর থেকে এই রাজ্যে অনেক ডিপ টিউবওয়েল করা হয়েছে, আর. এল. আই. করা হয়েছে। কিন্তু আপনি বলুন যে কৃষিকে সাহায্য করার জন্য যে ডিপ টিউবওয়েল করা হয়েছে তার কতগুলি অকেজো হয়ে পড়ে আছে? কৃষকরা চাষের ব্যবস্থা করছে কিন্তু তারা জল পাচ্ছে না। অথচ আপনি বলছেন যে অনেক এগিয়ে গেছেন। আজকে শ্যালো টিউবওয়েলের অবস্থা, সিড ফার্মের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? আজকে এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে আপনি চলেছেন।

এখানে আমি আর একটা কথা বলতে চাই। আমার আগে যে সব সদস্য বক্তৃতা করেছেন, তারা নোনা জল-এর এলাকার সম্পর্কে তাদের ক্ষোভের কথা অভিমানের কথা বলেছেন। আমাদের এলাকা বঙ্গোপসাগরের থেকে ৮ কিলো মিটার দূরে। সেখানে মেদিনীপুরের বিস্তীর্ণ এলাকা এবং ২৪ পরগনার বিস্তীর্ণ এলাকার ৬০টি ব্লকে স্যালাইন বেল্ট এলাকার মধ্যে অবস্থিত। সেখানকার কৃষকদের কৃষি কাজের উন্নত ব্যবস্থা করা, একটা কৃষি জমিতে ২/৩টি ফসল উৎপাদন করে তারা যাতে বেঁচে থাকতে পারে, সেই ব্যাপারে নোনা জলের এলাকার মানুষদের কাছে আপনি কৃষি মন্ত্রী হিসাবে কি বার্তা পৌঁছে দিতে পেরেছেন? আজকে তারা সম্পূর্ণভাবে প্রকৃতির উপরে, বৃষ্টির উপরে নির্ভরশীল, তার বাইরে সেচের কোনও ব্যবস্থা সেখানে নেই। সেখানে সেকেন্ড ক্রপও তারা তুলতে পারে না, থার্ড ক্রপ, ফোর্থ ক্রপতো দূরের কথা। মান্ধাতার আমলে একটা সার্ভে রিপোর্টে বলা হয়েছিল যে সমুদ্র উপকূলবর্তী জায়গায় মিষ্টি জল পাওয়া যাচ্ছে না। কিন্তু আজকে যেখানে ডিপ টিউবওয়েলের [illegible] পানীয় জল পাওয়া যাচ্ছে সেখানে কৃষির জন্য কেন জল পাওয়া যাবে না তার উত্তর আপনি দেবেন। আজকে সমুদ্র উপকূলবর্তী এলাকার বিধায়ক হিসাবে আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, এই ব্যাপারে আপনার কোনও পরিকল্পনা আছে কি না?

আর একটা কথা কৃষি বিপণন মন্ত্রীর কাছে জানতে চাই যে, গত বছর আলু অনেক হয়েছে ... এক বছরও রেকর্ড ফলন হয়েছে। কিন্তু সংগ্রহের কোনও সুষ্ঠু ব্যবস্থা করা হয়নি।

(এই সময়ে অন্য বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী নন্দুলাল মাঝি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয় কৃষি বিপণন মন্ত্রীদ্বয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী দলের কাট মোশনের বিরোধিতা করছি।

কৃষির উপর আলোচনা করতে গিয়ে প্রথমে বলতে হয়, কৃষি মূলত কতগুলি বিষয়ের উপর নির্ভরশীল। কৃষি উৎপাদন ব্যাপারটা [illegible] এবং সার

প্রয়োগের উপর নির্ভর করে। সর্বপরি উৎপাদনটা নির্ভর করে শ্রমশক্তির উপর। আমাদের ভারতবর্ষ কৃষি প্রধান দেশের মাত্র ২৫-৩০ ভাগ মানুষের হাতে ৮০-৮৫ ভাগ জমি রয়ে গেছে এবং তারই জন্য কৃষির কোনও উন্নতি হয়নি। কিন্তু বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর বিগত ২০ বছরে আমরা এক্ষেত্রে অনেকটাই অগ্রগতি ঘটিয়েছি। বামফ্রন্ট সরকার ত্রিস্তর পঞ্চায়েত-ব্যবস্থাকে হাতিয়ার করে ভূমি সংস্কারের মাধ্যমে ভূমিহীন কৃষকের হাতে বিনামূল্যে জমি তুলে দিয়েছেন যার পরিমাণ ১০ লক্ষ একরেরও বেশি, এবং ১৫ লক্ষ একর জমিতে বর্গা রেকর্ড করাতে সক্ষম হয়েছেন। এরফলে তারা বুঝতে পেরেছেন যে, প্রাপ্ত জমিটা তাদের নিজেদের এবং সেখানে তারা নিজেরা চাষ করতে পারবেন। এর পাশাপাশি আমাদের সরকার চাষীদের ভরতুকিতে সার দিতে পেরেছেন, উন্নত মানের বীজ এবং সেচের ব্যবস্থা করতে পেরেছেন। আগে চাষীদের আকাশের দিকে তাকিয়ে চাষাবাদ করতে হত, কিন্তু এখন আর সেটা করতে হয় না। কারণ সরকার নদী-বাঁধ সংস্কার করে খাল কেটে জল পৌঁছে দিয়েছেন মাঠে। এছাড়া পঞ্চায়েতের মাধ্যমে কৃষকদের পাম্পসেট বিতরণ করা হয়েছে। এসব ব্যবস্থা নেওয়ার ফলে কৃষি-ব্যবস্থায় ব্যাপক উন্নতি যে হয়েছে সেটা বলবার অপেক্ষা রাখে না। এখানে কংগ্রেস বিধায়ক, যারা কলকাতায় বাস করেন, তাদের শুধুমাত্র তথ্য দিয়ে বললেই হবে না। দূরবর্তী জেলাগুলিতে গিয়ে দেখবেন, আজকে পুরুলিয়া বাঁকুড়া প্রভৃতি জেলায় সবুজ বিপ্লব ঘটেছে। এটা চোখে না দেখলে বোঝা যাবে না। আমি পরিসংখ্যান দিয়ে বলছি যে, খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ কিভাবে বেড়েছে। বছরে যেখানে ধান একবার হ'ত, এখন সেখানে দু'বার তো হচ্ছেই, এমন কি তিনবারও হচ্ছে যাকে সেকেন্ড বোরো বলা হয়ে থাকে। সেখানে আগে কেবলমাত্র দামোদর, কংসাবতী প্রভৃতি নদীর পার্শ্ববর্তী অঞ্চলে আলু চাষ হ'ত, কিন্তু এখন সেচের উন্নতি হবার ফলে অন্যান্য অনেক ব্লকে এবং সব মাটিতে আলুর চাষ হচ্ছে। তারই ফলে এই বছর ৭২ লক্ষ টন আলুর উৎপাদন হয়েছে। অবশ্য তার সবটা হিমঘরে রাখার ব্যবস্থা হয়নি। নিশ্চয়ই আগামী দিনে এ-ব্যাপারে সরকার ব্যবস্থা নেবেন আশা করি। এছাড়া রাজ্যে বর্তমানে পাট চাষ অনেক বেড়েছে। যদিও আমাদের রাজ্যে বিভিন্ন কারণে পাটকলগুলি বন্ধ হয়ে গেছে। তা সত্ত্বেও আমাদের রাজ্যে পাট চাষ বাড়ছে। আমি এখানে কিছু পরিসংখ্যান দিতে চাই। ২০ বছর আগে গম ও চালের উৎপাদন হত ৭৪ লক্ষ টন এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ১৩২ লক্ষ টনে। শুধুমাত্র চালের উৎপাদন হয়েছে ১২২.৩৬ লক্ষ টন। আগে আমাদের বিভিন্ন চাষ থেকে, আলু, গম, চাল এই সমস্ত চাষ থেকে যা আয় হত এন. এস. এস. রিপোর্ট অনুযায়ী মাথা পিছু আয় হত ১৪.২ কে. জি. খাদ্য এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ১৫.৪ কে. জি.-তে। এটা হচ্ছে প্রতি মাসের হিসাব। সারা ভারতবর্ষের ক্ষেত্রে এই হিসাব আগে ছিল ১৪.৮ কে. জি. এখন সেটা কমে দাঁড়িয়েছে ১৪.০০ কে. জি.। গোটা দেশের উৎপাদন আয় বৃদ্ধির হার হচ্ছে সারা ভারতবর্ষের ক্ষেত্রে ৬.২ শতাংশ, সেই ক্ষেত্রে পশ্চিমবাংলায় আয় হচ্ছে ৭.১ শতাংশ। সুতরাং আমাদের রাজ্যের ক্ষেত্রে সেটা বেড়েছে। চাষ যোগ্য জমির পরিমাণ আমাদের দেশে যা আছে তার ৩.৫ পারসেন্ট হচ্ছে পশ্চিমবাংলায় সেখানে সারা ভারতবর্ষে যে জনসংখ্যা তার ৮ পারসেন্ট বাস করে পশ্চিমবাংলায়। এটা বিচার করলে দেখা যাবে সারা ভারতবর্ষে যে রাজ্যগুলি আছে তার মধ্যে সব চেয়ে জনসংখ্যা বেশি আমাদের রাজ্যে। এই সমস্ত পরিসংখ্যান আমি আর্থিক সমীক্ষা থেকে রাখছি। আউস আমন এবং বোরো যে চাল হয়েছে তার থেকে আমাদের যে উৎপাদন হয়েছে তা হল

[17th June, 1997]

১৯৯২-৯৩ সালে হচ্ছে ১১,৪৪৫.৪১ টন, ১৯৯৩-৯৪ সালে উৎপাদন হয়েছে ১২,১১০.৯১ টন। এখন এটা আরও বেড়েছে। আলু চাষ হয়েছে ১৯৯২-৯৩ সালে ২২০.৭৫ হেক্টরে ৪,৭৭৯.১০ টন। সারা ভারতবর্ষে যে সমস্ত চাল উৎপাদনকারী রাজ্যগুলি আছে সেই রাজ্যগুলির মধ্যে চাল উৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থানে আমাদের পশ্চিমবাংলা আছে। পশ্চিমবাংলাতে ১৯৮৩-৮৪ সালে চাল উৎপাদন হয়েছিল ৭,৯৪০ টন। ১০ বছর পরে ১৯৯৩-৯৪ সালে উৎপাদন হয়েছিল ১১,৪৪৪.৪ টন। ১৯৮৩-৮৪ থেকে ১৯৯৩-৯৪ পর্যন্ত এই ১০ বছরে উৎপাদন বৃদ্ধির হার হচ্ছে ৬.৪ শতাংশ। দ্বিতীয় স্থানে রয়েছে পাঞ্জাব, তাদের উৎপাদন বৃদ্ধির হার হচ্ছে ৫.৬ শতাংশ। তৃতীয় স্থানে আছে উত্তরপ্রদেশ। এই স্ট্যাটিস্টিক্স থেকে বোঝা যাবে যে পশ্চিমবাংলা প্রথম স্থানে আছে। সেই কারণে মাননীয় মন্ত্রীদ্বয় যে বাজেট পেশ করেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় কৃষিমন্ত্রী এবং কৃষি বিপণন মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার বিরুদ্ধে নিছক বিরোধিতা করার জন্য আমি বক্তব্য রাখছি না। এই প্রসঙ্গে গতকাল একটি অনুষ্ঠান হয়েছিল। আপনারা জানেন, ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সে আন্তর্জাতিক খাদ্য সমস্যা নিয়ে অর্থনীতিবিদ অমর্ত্য সেন জীবনভোর কৃতিত্বের জন্য পুরস্কার পেয়েছেন। সেই জীবনভোর কৃতিত্বের স্বীকৃতির পুরস্কার নিতে তিনি গিয়েছিলেন এবং সেখানে তিনি একটি ভাষণ দিয়েছেন। তিনি ভারতের কথা বলেছেন। তিনি বলেছেন, ৫০ বছরে ভারত দক্ষিণ কোরিয়ার চেয়ে পিছিয়ে আছে। ৫০ বছরে ভারত হংকংয়ের চেয়ে পিছিয়ে আছে। ৫০ বছরে ভারত সিঙ্গাপুরের চেয়ে পিছিয়ে আছে। কিন্তু ভারত এগিয়ে আছে পাকিস্তানের চেয়ে একমাত্র ক্রিকেট খেলা বাদ দিলে। আমার এইক্ষেত্রে তাই মনে হয়েছে যে, পশ্চিমবাংলার সরকার কম্পারিজন করে কৃষক সভায়। আমি সভাগুলো শুনি যখন মাইকে বলেন, যে বিষয়ে বলেন তার মধ্যে ভূমি সংস্কার, কৃষিতে বিপ্লব, চালের উৎপাদনে সেরা এইসব বলে বক্তব্য রাখেন। আমি আপনাদের বলছি, আমি নিছক বিরোধিতার জন্য কথা বলছি না। আমার প্রশ্নগুলোর উত্তর মাননীয় মন্ত্রী মহোদয় যারা আছেন তারা যদি সঠিকভাবে দিতে পারেন, তাহলে আমি নিশ্চয়ই ভুল স্বীকার করে নেব। আপনারা বক্তব্য রেখেছেন যে, ১৩২ লক্ষ মেট্রিক টন উৎপাদন হয়েছে ১৯৯৬-'৯৭ সালে। আমি তাদের বলব, একমাত্র সরকারি দলের একজন বক্তা বললেন, তিনি আমার পরিচিত এবং রাজনীতিতে আমার চেয়ে সিনিয়র, কামাখ্যানন্দন দাস মহাপাত্র, তিনি এই পরিসংখ্যানের উপরে বক্তব্য রেখেছেন, আমি শুনেছি। সেই বক্তব্য হচ্ছে, সরকারের পরিসংখ্যানের সঙ্গে বাস্তবের মিল আছে বলে আমি মনে করি না। এই সরকারের কৃষি দপ্তরের পরিসংখ্যান দেখে এগ্রিকালচার বিভাগের স্ট্যাটিস্টিক্যাল ডিপার্টমেন্ট সচল না অচল তা জানি না। আমি যতটুকু জানি, পুরোপুরি জেনেই বলছি, স্ট্যাটিস্টিক্যাল ডিপার্টমেন্টের কোনও অফিসার কাজ করেন বলে আমি জানি না। ডিপার্টমেন্ট অচল। এটা মনগড়া স্ট্যাটিস্টিক্স। আজকে যদি ১৩২ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন হয়, একজন মানুষের প্রতি দিন প্রয়োজন হয় ৪৫০-৫০০ গ্রাম খাদ্য, তাতে ৭ কোটি লোকের জন্য কত খাদ্য লাগে? লাগে প্রায় ১২৭ লক্ষ মেট্রিক টন। উৎপাদন কত? ১৩২ লক্ষ মেট্রিক টন। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত পান বছরে? ২০ লক্ষ মেট্রিক টন। বেসরকারি ভাবে পাঞ্জাব, হরিয়ানা থেকে কত লক্ষ টন আসে? তার হিসাব

নেই। তাহলে গ্রামে খাদ্য নেই কেন? বাজারে চাল পাওয়া যায় না কেন? ১০ টাকা কেজি কেন চাল বিক্রি হয়? এই পরিসংখ্যান উড়িয়ে দেবেন না। অনেক তত্ত্ব দিয়ে রাশিয়ার বক্তব্য পৃথিবীর মানুষকে শুনিয়েছিলেন। ৭২ বছর পরে পৃথিবীর মানচিত্র থেকে রাশিয়ার নাম মুছে গেছে। সেই দৃষ্টান্ত রেখে আপনারা ক্ষমতায় আছেন। কাজের জন্য ক্ষমতায় নেই। শুধু ভোটের অর্গানাইজেশন করার জন্য আছেন। কিন্তু জ্যোতিবাবুর এলাকায় ২০-২৫ হাজার ভোট কমেছে, এটা কি জানেন? সেজন্য আপনাদের কাছে বলছি, পশ্চিমবাংলার মানুষের কাছে এই পরিসংখ্যান দিয়ে মানুষের কল্যাণ করছেন কিনা আমি জানি না। অমর্ত্য সেন যেটা বলেছেন, ভারতবর্ষকে অন্যান্য দেশের সঙ্গে তুলনা করলে দেখা যাবে পিছিয়ে আছে। আরও উন্নতি হতে পারত, কিন্তু তা হয়নি। ভারতবর্ষে মাল্টি ডেমোক্রেটিক সেট আপ-এর জন্য হোঁচট খেয়েছে কি না জানি না। সাময়িক পতন হলেও উত্থানের মধ্যে দিয়ে উঠেছে। কিন্তু রাজ্যের ক্ষেত্রে ২০ বছরে উত্থান নেই। পি. এল. অ্যাকাউন্টের নজির নেই অন্য রাজ্যে। চুরির নজির নেই অন্য রাজ্যে।

[5-10 — 5-20 p.m.]

এত দুর্নীতির কালোপাহাড় কোনও রাজ্যে নেই, কিন্তু দুর্ভাগ্য আমাদের যে, বিরোধী দলের নিশ্চয় কোনও দুর্বলতা আছে বলেই আজকে বিধানসভাতে তারা নিরুত্তাপ অবস্থায় রয়েছে। আমার কিন্তু রক্ত টগবগ হয়ে ওঠে যে আমার অঞ্চলে এত দুর্নীতির কালোপাহাড় জমে আছে অথচ সরকারের কোনও বিষোদ্গার করা হচ্ছে না বলে। সুপ্রিম কোর্ট যেমন কংগ্রেসিদের ক্ষেত্রে সি. বি. আই. বসিয়েছে তেমনি আমারও মনে হয় সেই পথে এগোবার চেষ্টা করলে ভাল হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই ফসল বাড়ছে কি করে? আমাদের লিডার অফ দি অপজিশন যে স্ট্যাটিস্টিক্যাল পরিসংখ্যান দিয়েছে তাতে দেখা গেছে যে রিভার লিফট বলুন, শ্যালো টিউবওয়েল বলুন, ডিপটিউবওয়েল বলুন কিংবা বোরো চাষের ক্ষেত্রে বলুন কোনও জায়গাতেই ভাল ফল আনতে পারেননি। আপনারা বোরো চাষে জল দিতে পারেননি। আপনারা কোনও কিছুই আর নতুন করে বাড়াতে পারেননি, তাহলে প্রোডাকশন বাড়বে কি করে? It is applicable to Russia and for which Russia has been abolished for ever from the pages of history. It is happending on the part of West Bengal. এখানে প্রগেসের যে পরিসংখ্যান দেওয়া হয়েছে সেটা ভুল। মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনাদের বন্ধু সরকারের খাদ্যমন্ত্রী কি বলেছিলেন? Central Food Minister asked the State Government for greater co-operation to the Central pool by procuring foodgrains to the Central pool. He has agreed in consultation with the Hon'ble Chief Minister. The Hon'ble Chief Minister has agreed, to donate the surplus procurement to the central pool rounding $2^1/_2$ lakh M.T. এতে কি স্টেট গভর্নমেন্ট দিতে রাজি হয়েছে? আপনাদের প্রকিয়রমেন্ট কত? আপনাদের যদি প্রকিয়রমেন্ট ঠিক হয় তাহলে ঝাড়গ্রামে কেন আদিবাসীদের চাল দিতে পারলেন না। আজকে অন্ধ্রপ্রদেশ কিংবা পাঞ্জাব থেকে চাল এনে সাপ্লাই করতে পাচ্ছে। As your disposal per year you are receiving 152 lak' M.T. The Government for whose purpose? If the Government totally fails to procure the sufficient amount of production? আপনাদের উৎপাদন

১৩২ লক্ষ মেট্রিক টন আর সেন্ট্রাল পুল থেকে ২০ লক্ষ তাহলে ১৩৫ লক্ষ মেট্রিক টন প্রতি বছরে ক্রাইসিস কেন? আপনারা তো প্রকিয়রমেন্টের দিকে থেকে একেবারে জিরো। নতুন খাদ্যমন্ত্রী তো একটা পলিসি নিলেন প্রকিয়রমেন্ট সিস্টেমটাকে সাকসেসফুল করার জন্য। তিনি নতুন হাস্কিং মেশিন বসিয়ে হাস্কিং মেশিনের মালিকদের বললেন যে, চাল বিক্রি করে আমাদের প্রকিয়র করতে সাহায্য করুন, তাতেও কি কোনও উন্নতি করতে পেরেছেন? আপনারা সার, বীজ সর্বক্ষেত্রে চাষীদের ঠিকমতো সরবরাহ করতে পারছেন না। আজকে তো আপনারা সব সময়ে প্রশ্ন তুলছেন যে হংকংয়ে কেন ভারত চ্যাম্পিয়ন হতে পারল না, সিঙ্গাপুরে কেন ভারতবর্ষ চ্যাম্পিয়ন হতে পারল না, এখন আমরা যদি প্রশ্ন করি আপনারা কেন খাদ্যশস্য উৎপাদনে বিহার, উড়িষ্যার থেকে পিছিয়ে আছেন? আপনারা স্ট্যটিস্টিক্যাল যে অ্যাপেন্ডিক্স দিয়েছেন তা সম্পূর্ণ ভুল due to your organisation. Not any development work. আগামীকাল মেনশনে আমি অসীমবাবুর কাছ থেকে জানতে চাইব যে দেশের কাজের জন্য যে টাকা দেওয়া হচ্ছে সেটা কোন খাতে খরচ করা হচ্ছে এবং সেন্ট্রাল পুলের টাকা পি. এল. অ্যাকাউন্টে ট্রান্সফার হয়ে যাচ্ছে। তারপরে এম. পি.-র টাকা পি. এল. অ্যাকাউন্টে ঢুকে যাচ্ছে। I am talking seriously. I can show you the record, the latest letter for the development planning, they are reluctant. তার একটা কপি আছে, আপনাকে দেখাব।

ডিপার্টমেন্ট রিলাকটেন্ট, জেলা পরিষদ রিলাকটেন্ট, ডেভেলপমেন্ট-এর কাজ করতে চাচ্ছে না। আমার কাছে খবর আছে, বরেনবাবুকে দেখিয়ে দেব হোয়াট ইভার আই টেল, আই টেল উইথ দি ডকুমেন্ট অফ দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল। সেইজন্য আপনাদের কাছে বলছি, কৃষি বাড়বে কি করে, রিভার লিফট নেই, শ্যালো-টিউবওয়েল নেই, ডিপ-টিউবওয়েল নেই, মডার্নাইজেশন থিওরি নেই, সার দিতে পারেন না। পেস্টিসাইডস রিপোর্ট কি বলছে, পেস্টিসাইডস ইউটিলাইজেশন কমে গেল। আর প্রোডাকশন বেড়ে গেল। আপনারা মানতে পারেন? কামাখ্যাবাবু বলছিলেন, '৯০-'৯১ সালে কত ৭.৩৫ লক্ষ মেট্রিক টন ফার্টিলাইজার ইউটিলাইজড হয়ে যেটুকু প্রোডাকশন হয়েছে, তারপরের বছরে ১০ লক্ষ মেট্রিক টন কমে গেল, প্রোডাকশন ১০৪ থেকে ১২১ লক্ষ মেট্রিক টন চলে গেল। ইজ ইট বিলিভিবিল? সার কমে যাবে, ডিপ-টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, রিভার লিফট থাকবে না, বোরো প্রোডাকশন হবে ১ লক্ষ মেট্রিক টন। জলের জন্য চাষবাস এর ক্ষেত্রে ৩ শত কোটি টাকা জলাঞ্জলি যাবে। তা সত্ত্বেও আমরা বলব উৎপাদন বাড়ছে। কে বিশ্বাস করবে, আপনারা যারা অন্ধ স্তাবক তারা ছাড়া কেউ বিশ্বাস করবে না। আমি দপ্তরের সঙ্গে কথা বলেছি, তারা বলেছে এই স্ট্যাটিস্টিকস আমরা দিইনি। এই স্ট্যাটিস্টিকস মেড বাই গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল। ইট সেলফ যেটা পঞ্চায়েতের কথা বলেছেন, ঠিকই কি প্রোডাকশন হচ্ছে না, হচ্ছে, সব আন্দাজের রিপোর্ট। পত্র-পত্রিকা লিখেছে, এক জায়গায়, এই স্ট্যাটিস্টিক্স এর কোনও দাম নেই। সেইজন্য আপনাদের কাছে বলছি, ফার্স-এর মধ্যে থাকুন, রাশিয়ার প্যাটার্নে চলুন। কংগ্রেসের দ্বন্দ্ব মেটাতে হবে বাঁচবার জন্য, যে কারণে আজকে নিরুত্তাপ অবস্থান বিধানসভায় চলে যাচ্ছে। আমরা বিরোধী দলের ক্ষমতায় বসে আলোচনা করতে চাই যে এত দুর্নীতি ব্যভিচার ইউটিলাইজেশন অফ ক্যাপিটাল হবে না, পি. এল. অ্যাকাউন্ট-এর টাকা চলে যাবে, অডিট হবে না, কোটি কোটি

টাকা চলে যাবে, তার বিচার হবে না। এতবড় আস্পর্দ্ধা। আমরা দেখতে পাচ্ছি অঙ্গুলি নির্দেশ করে ওরা সরকার চালাবে। আমরা এটা জানতে চাইব, আমরা গভীরভাবে ভাবছি, কিভাবে বিদ্রোহ করা যায়। সেইজন্য আজকে কৃষির উন্নতি বলুন আর যাই বলুন, বরেনবাবুরা কি বক্তৃতা দেন। আমাদের পশ্চিমবঙ্গের কৃষি নির্ভরশীল অর্থনীতি এত বেশি হয়েছে, বন্ধুগণ আমরা চাই এবারে শিল্প নির্ভর হতে। মানুষের হাতে ক্রয় ক্ষমতা বেড়ে গিয়েছে। সেই কৃতিত্ব কি শুধু পশ্চিমবঙ্গ সরকারের। এখানে আরও বেশি করা যেত। একের জায়গায় দুই করা যেত। ২ জন পরীক্ষা দিচ্ছে, আপনি প্রথম হচ্ছেন, এই কৃতিত্ব নিয়ে আপনি থাকতে পারেন, কিন্তু ওয়েস্ট বেঙ্গল হ্যাজ বিন ডাউনওয়ার্ড কম্পেয়ার্ড টু আদার স্টেটস, ইভেন টু বিহার অ্যান্ড ওড়িষ্যা। এই নিয়ে গর্ব করে থাকতে পারেন আর পরিসংখ্যান দিয়ে বলতে পারেন। কিন্তু আমরা যারা পড়াশুনা করি তারা সুনির্দিষ্ট হতে পারি এবং গ্রামে গঞ্জে কৃষকরা তারা কি কথা বলছে। আজকে কৃষকের ফসল যে বাড়বে তা কি ভাবে বাড়বে, অ্যাগ্রো সার্ভিস কর্পোরেশন এর ফার্টিলাইজার দেবার ক্ষমতা আছে। একজন সরকারি দলের সদস্য বলছিলেন, সারের সাবসিডি কমিয়ে দেওয়া হচ্ছে, মহারাষ্ট্রে ২০ গুণ, আপনি ১ গুণ। আর বক্তৃতায় বলবেন ২০ গুণ, আমার ২০ গুণ সারপ্লাস প্রোডাকশন। এই ধরনের কোনও তথ্য দিয়ে বোঝাতে পারেন নরেনবাবু, নরেনবাবু বোঝালে বোঝাতে পারবেন, কিন্তু আমরা বুঝতে চাইব না। আমরা দেখতে চাইব, উই ওয়ান্ট টু সি in the practical field of agrarian area. সেখানে কাল্টিভেটার কি বেনিফিট পাচ্ছে। যে বেনিফিট তারা পাচ্ছে সেটা নিজেদের স্বতঃস্ফূর্ত উৎপাদন করে। আরও পরিসংখ্যান আছে, আপনি যদি ইরিগেশন দিতে পারতেন তার পারসেন্টেজ কত—৩২? বোরোতে কত জমিতে জল দিতে পারেন, সেটা ৮ শতাংশ ও দিতে পারেন কিনা সন্দেহ আছে। আর বাকি মানুষ যেটা কামাখ্যাবাবু বলছিলেন, তারা নিজেরা চাষে নির্ভরশীল, চাষ নির্ভর অর্থনীতি, সেই শ্রেণীর মানুষেরা কেউ শ্যালো-টিউবওয়েল করছে, কেউ ডিপ-টিউবওয়েল করছে, এই কারণে তারা জলটা দিতে পারছে। এখানে লেটেস্ট যে ঘটনা ঘটল, ফারাক্কার জল বন্টন চুক্তিতে কি অবস্থা হবে? ৪০ হাজার কিউসেক জল চলে গেলে স্যালাইনিটিতে ভরে যাচ্ছে। যে জল নিয়ে আমরা গ্রামের জমিগুলিতে চাষ করতাম, আজকে সেগুলি নোনাসিক্ত হয়ে যাচ্ছে। আজকে চাষী সেই জল পাবে না, জল লবণাক্ত হয়ে যাচ্ছে। এর জন্য ভয়াবহ দিক নির্ণয় নিয়ে কৃষিমন্ত্রীকে ভাবতে বলছি। ফারাক্কার জল চুক্তিতে আজকে পশ্চিমবাংলা আজ হোক, কাল হোক অধঃপতনের দিকে চলে যাবে, তাই আমি কৃষিমন্ত্রীর বক্তব্যর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

**শ্রী দেবনারায়ণ মুর্মু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী এবং কৃষি বিপণন মন্ত্রীদ্বয় কৃষির স্বার্থে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। স্যার, আপনি জানেন এই পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে প্রতি বছর ধারাবাহিকভাবে খাদ্যশস্য উৎপাদন বেড়েছে। এখানে কংগ্রেসি বন্ধুরা আলোচনা করবার সময় বিভিন্নভাবে বলার চেষ্টা করেছে এই খাদ্যশষ্য উৎপাদন বৃদ্ধির পেছনে নাকি বামফ্রন্ট সরকারের কোনও কৃতিত্ব নেই। তারা বলবার চেষ্টা করেছেন কৃষকরা নাকি বেঁচে থাকার তাগিদে তারা

এই উৎপাদন বৃদ্ধি ঘটিয়েছে। আমি বলব ঠিকই, আজকে কৃষকরা বুঝতে পেরেছে এখানে পশ্চিমবাংলায় জনপ্রিয় বামফ্রন্ট সরকার আছে এবং তাদের স্বার্থে যে সমস্ত কর্মসূচি গৃহীত হচ্ছে, তার জন্য তাদের বেঁচে থাকার ইচ্ছা বেশি হচ্ছে, সেই কারণেই আজকে কৃষিতে উৎপাদন বাড়াবার জন্য তারা চেষ্টা করছে। স্যার, আমি ওদের বলতে চাই, এখানে কংগ্রেসের সরকার যখন ছিল তখন কি কৃষকদের বেঁচে থাকার ইচ্ছা ছিল না, সেইজন্যই তারা খাদ্যশস্য উৎপাদন বাড়াবার জন্য কোনও চেষ্টা করেনি। তারা বামফ্রন্ট সরকারকে হেয় করবার জন্য, বামফ্রন্ট সরকারের যে কৃষিনীতি তাকে হেয় প্রতিপন্ন করবার জন্য বিভিন্ন যুক্তি খাঁড়া করতে চেয়েছে। আমি বলব পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার আগে কৃষকদের শোচনীয় অবস্থা আমরা দেখেছি। দিনের পর দিন তাদের অনাহারে থাকতে হত, মাঠ থেকে, জঙ্গল থেকে বনের কচু তুলে এনে খেয়ে তাদের বাঁচতে হত। বর্ষাকালে যখন তাল পাকত, সেই তালের আঁটি কৃষকের সন্তানরা চুষে খেত। কংগ্রেসি আমলে তারা মানুষকে খাদ্য দিতে পারত না। তাদের কৃষি নীতি এবং রেশন ব্যবস্থা যখন বিপর্যস্ত, তখন তারা সাধারণ মানুষকে খাবার দেওয়ার জন্য গ্রামে গ্রামে লঙ্গরখানা খুলত। কিন্তু সেই লঙ্গরখানায় যে খিচুড়ি দেওয়া হত, বাচ্চা বাচ্চা ছেলেমেয়েরা থালা নিয়ে গিয়ে লাইনে দাঁড়াত, তারপর সেই খিচুড়ি নিয়ে এসে থালায় ঢেলে পোকা তুলে তুলে বেছে বেছে তাদের খেতে হত। আজকে গ্রামে গেলে বুঝতে পারবেন কৃষকরা কি আলোচনা করছেন, লোকসংখ্যা বৃদ্ধি হলেও, বামফ্রন্ট সরকার যে সমস্ত জনপ্রিয় কর্মসূচি গ্রহণ করেছে তার মধ্যে দিয়ে তাদের না খেয়ে থাকতে হচ্ছে না।

আজকে বামফ্রন্ট সরকার আসার ফলে আজকে কৃষিতে যে সমস্ত সুযোগ সুবিধা কৃষকদের দেওয়া হয়েছে তার ফলে কৃষকদের যে উৎপাদন ক্ষমতা তাকে তারা সঠিকভাবে ব্যবহার করছে। আমরা লক্ষ্য করছি যে এখানে বামফ্রন্ট সরকার আসার ফলে যে ভূমিসংস্কার হয়েছে তার ফলে এখানে বারবার বর্গা রেকর্ড হয়েছে। কৃষকরা নিজের মতো করে সেই জমিগুলোকে চাষ করতে শিখছে। ২৫/৭৫ ভাগ চালু হওয়ার ফলে তারা বর্গা জমিতে ভাল করে চাষ করছে এবং তার ফলে বেশি ফসল পাচ্ছে।

(মাইক অফ)

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সকাল বেলা আলু নিয়ে অনেক আলোচনা হয়েছে। আজকে এখন আবার আলুর কথা উঠল। আমি একটা কথাই বলতে চাই যে সব কথার আগে আমি বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। আর সাবজেক্ট কমিটির চেয়ারম্যান সৌগতবাবুকে আমি ধন্যবাদ জানাছি। তিনি শহরের মানুষ হয়েও আমাদের বিভিন্ন জায়গায় গিয়েছেন, আমাদের আর. এম. সি.-গুলো দেখতে গিয়ে উনি অনেক কথা বলেছেন, অনেক পরামর্শ দিয়েছেন, সেজন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। একজন বিরোধী দলের সদস্য বলেছেন ধূপগুড়িতে দুর্নীতির কথা। দুর্নীতি আছে একথা আমি অস্বীকার করি না। যেখানে রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকে গেছে তো এইসব জায়গায় দুর্নীতি থাকবে না এটা হতে পারে না। একবার চেক পোস্টের কর্মিরা আমাকে বলেছিল যে সুখরাম এত টাকা রেখে দিল আর আমরা রেখে দিলেই যত দোষ। আমি সাজেক্ট কমিটির চেয়ারম্যানকে বলব, এই

কমিটির মেম্বারকে বলব টাস্ক ফোর্স আমি করতে চেয়েছিলাম কিন্তু কিছু বিরোধিতা আসছে। আপনারা যদি সাহায্য করেন তাহলে আপনাদের ধন্যবাদ দেব। আরেকটা কথা বলি। আমাদের এই কৃষি বিপণন বিভাগটা যেন শুধুই আলুর জন্য এর যেন আর অন্য কোনও কাজ নেই। আমি আপনাদের বলছি, আমরা চাষীদের জন্য খুব বেশি কিছু করতে পেরেছি এমন কথা বলছি না। ৫৯ সালে একবার আলুর ধ্বসা রোগ হয়েছিল। তার পরে সমস্ত আলু, পশ্চিমবাংলার আলু কোথাও যাওয়ার কোনও উপায় ছিল না। গভর্নমেন্ট অব ইন্ডিয়া একটা ব্যান করেছিল। মুখ্যমন্ত্রীর সহায়তায় এবার চেষ্টা করে ওই ব্যান তোলানো গেছে। এটা আমরা করতে পেরেছি। এটা একটা বড় কথা। আমি বাংলাদেশে যাওয়ার কথা বলছিলাম। আমরা তাইওয়ান, পর্তুগালে আলুর স্যাম্পেল পাঠিয়েছে। শ্রীলঙ্কাতে ২৫ টন আলু আমরা পাঠাতে পেরেছি। এটা সম্ভব ছিল না যদি না এই ব্যান তোলা যেত। সেজন্য আমরা বলছি যে আমরা চেষ্টা করছি। আপনারা জানেন একটা হিম৭র করতে সাড়ে তিন কোটি টাকা লাগে। আমাদের বাজেট হচ্ছে ৪ কোটি টাকার কম। আমাদের করা সম্ভব না।

[5-30 — 5-40 p.m.]

আমাদের আনতে হবে, এন্টারপ্রেনারসদের আনতে হবে। কেন না কো-অপারেটিভ তৈরি করতে হবে। এই ব্যাপারে আমরা চেষ্টা করছি। আমরা কোল্ড স্টোরেজ বাড়াবার চেষ্টা করছি। এরজন্য ডবলু. বি. আই. ডি. সি. থেকে সাহায্য পাব বলে আশা করছি। এই সাহায্য পেলে আমরা এই কাজ করব। তবে এক দিনে এই কাজ করা সম্ভব নয়। আমাদের আজকের এই যে সমস্যা, এটা পশ্চিমবাংলার সমস্যা নয়। আমি বাংলাদেশে গিয়েছিলাম। সেখানে ১১ লক্ষ টন আলু বেশি আছে। এই আলু ওদের প্রয়োজনের থেকে বেশি। কাজেই আমাদের ট্যাক্স দিয়ে পাঠানোর চেষ্টা হচ্ছে এবং আরম্ভ হয়ে গেছে আলু যাওয়া। ওরা ঢুকতেই দেবে না বলেছিল। তবে ট্যাক্স দিয়ে পাঠালে আপত্তি নেই। ওখানে ৭ টাকা দাম আছে। আমাদের এখান থেকে আলু পাঠালে যেতে পারে। নেপাল আলু নিতে রাজি আছে। কিন্তু আমাদের কাস্টমস গোলমাল করছে। আমরা পর্তুগালে এবং তাইওয়ানে স্যাম্পেল পাঠিয়েছি। ওরা চেয়েছে। সেই আলু গেলে আমরা রক্ষা পাব। কারণ এই আলু মার খেয়েছে। আবার কোল্ড স্টোরেজে যে আলু আছে, সেই আলু সমস্ত বিক্রি করতে পারব কি না আশঙ্কা করছি। সেইজন্য আপনারাও যেমন চিন্তিত, তেমনি আমরাও চিন্তিত। একটা গণতান্ত্রিক দেশে আমরা এক্ষুনি বলতে পারব না যে, আপনারা আলু চাষ করবেন না। এখানে ব্রিটিশ আমলে যখন একবার পাটের চাষ বেশি হয়েছিল, তখন বলা হয়েছিল যে, এইটুকুই চাষ করবেন। কিন্তু আমরা সেটা বলতে পারছি না। আমরা সেইজন্য বলছি যে, আমরা চেষ্টা করছি। আমরা ডাইভারসিফাই করার চেষ্টা করছি। তবে এই ব্যাপারে আমাদের আন্তরিকতা থাকবে এবং এক বছরের মধ্যে সবটা করা যাবে বলে মনে করতে পারছি না। আপনারা সংরক্ষণের ব্যবস্থার কথা বলেছেন। আপনারা অনেকেই বলেছেন যে, বন্ড নিয়ে গোলমাল হচ্ছে। আপনারাই বলুন যে, আমরা যে ব্যবস্থা করেছিলাম, সেটা আপনাদের প্রতিনিধিদের সামনে রেখেই আমরা এটা করেছিলাম। সবসময় ঠিকমতো যদি ইমপ্লিমেন্ট না হয়ে থাকে, তাহলে আপনাদের নিয়ে বসে ঠিক করব। এরমধ্যে কিভাবে করা যায়, সেটা আপনাদের সঙ্গে বসে আলোচনা করে ঠিক করব। তবে এর থেকে বেশি ভাল ব্যবস্থা

ভারতের কোথাও আছে কিনা বলবেন। আপনারা আগ্রায় যান, দেখবেন যে, ওখানে রাস্তায় আলু পড়ে রয়েছে। উত্তরপ্রদেশ সরকার হিমঘরের আইন তুলে দিলেন। পশ্চিমবাংলায় কিন্তু হিমঘরের আইন আমরা শিথিল করে দিইনি। যে আইন ছিল, সেই আইনি আছে। উত্তরবঙ্গে ক্ষতি হয়েছে বলে একজন সদস্য বলছিলেন। আমরা উত্তরবঙ্গে আরও ৮-টা হিমঘর তৈরি করার চেষ্টা করছি এবং করব বলে আশা রাখছি। মাননীয় রবীনবাবু বলছিলেন যে, পান্ডুয়াতে আর. এম. সি.-তে কোনও কাজ হচ্ছে না। ওনার অবগতির জন্য বলছি যে, ওখানে আমরা ইনকাম করেছি ৪৫.৮৪ লক্ষ টাকা। সেখানে ডেভেলপমেন্টের কাজ করেছি। আমাদের বোর্ড থেকে হয়েছে ৩৫.৭৮ লক্ষ টাকা। লোকালি ওরা করেছেন আরও ১০ লক্ষ টাকা। যত টাকা ইনকাম করা হয়, সব টাকাই ওখানে খরচ হয়েছে। আগে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে কিছু টাকা আসত রাস্তা তৈরি করার জন্য।

আমরা এই বছরে, এই বাজেটের বাইরে থেকে ৪ কোটি ৫ হাজার টাকার ডেভেলপমেন্টের কাজ করেছি। আমরা ৪ কোটি ৪৫ লক্ষ টাকার অ্যাসেট তৈরি করেছি আপনাদের এই তোলা থেকে। এত দুর্নীতির কথা বলেন, তার মধ্যেও আমরা কাজ করেছি। তবে যা প্রয়োজন তার তুলনায় কিছুই করতে পারছি না। আমার কনস্টিটিউয়েন্সিতে বর্ষার সময় এক কুইন্টাল মাল আনতে চাষীকে ৫০ টাকা ভাড়া দিতে হয়। টাকা যদি না থাকে তাহলে কি করে কাজ করব? বামফ্রন্ট সরকারের তো নোট ছাপাবার কল নেই। কাজেই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যেটুকু কাজ করার করেছি। আমরা ৪ কোটি টাকার কাজ করেছি। আমাকে একজন মাননীয় সদস্য বলেছেন যে, আলুর ব্যাপারে যে এরকম হল এটা আপনারা আগে থেকে চিন্তা করেননি কেন? আলুর ব্যাপারে কোল্ড-স্টোরেজ ভাড়া পাওয়া যায় কিনা তার জন্য আমি নিজে উত্তরপ্রদেশ, বিহারে গিয়েছিলাম। এর জন্য আমার দপ্তরের অফিসারদের ২ বার তামিলনাড়ু ও একবার কেরালায় পাঠিয়েছিলাম। সুতরাং আমরা কিছু ভাবিনি সেটা ঠিক নয়। আমি একটা কথা বলি, আপনাদের সাহায্যের দরকার, আমাদের আছে। মাননীয় অতীশবাবু বলেছেন, আজকে চিনি শিল্পকে বাঁচানোর জন্য, চিনি শিল্পে ভরতুকি দিয়ে সেন্ট্রাল গভর্নমেন্ট বাইরে চিনি পাটাচ্ছেন। আমাদের আলুর ব্যাপারেও আপনারা দাবি তুলুন, রেজোলিউশন করে বলুন, এ ব্যাপারে কিছু করা যায় কিনা দেখুন। আমাকে কংগ্রেসের একজন নেত্রী বলেছিলেন, 'আপনারা আলু কিনছেন না কেন?' তখন আমি বললাম, আলু কিনে রাখব কোথায়? তখন তিনি বললেন, 'এফ. সি. আই.-র গুদামে রাখবেন।' আমি বললাম তা সম্ভব নয়। একজন মাননীয় সদস্য বলেছেন, আর. এম. সি.-র কমিটি হয়নি কেন? আর. এম. সি.-র ৪৪টা চালুর মধ্যে ২২-টাতে কমিটি আছে, ২০-টাতে কমিটি নেই। কতকগুলোর মামলা হাইকোর্টে চলছে, আমরা মামলা লড়ছি। সেজন্য এখনও কমিটি করা যাচ্ছে না, কমিটি করা যায়নি। বাগনান সম্পর্কে একজন মাননীয় সদস্য বলেছেন, এই ব্যাপারে খবর পেলে আমি বলব। পান চাষ সম্বন্ধে একজন মাননীয় সদস্য বলেছেন। পান চাষের ব্যাপারটা আমার ডিপার্টমেন্টের নয়। কিন্তু পান মার্কেটিং-এর ব্যাপারটা আমার ডিপার্টমেন্টের। সেজন্য পান মার্কেটিং-এর ব্যাপারটা আমরা চেষ্টা করে দেখছি। মাননীয় সদস্য কামাক্ষ্যানন্দনবাবু জানতে চেয়েছেন, 'আলু চাষীদের বন্ধক রেখে টাকা দেওয়ার যে প্রকল্প, সে ব্যাপারে আপনারা কি করছেন?' এটা আমরা চালু করতে যাচ্ছি। এটা মার্কেট প্রাইসে হবে। টাকাটা দেবে আর. এম. সি.। এটা

যদি খুব পপুলার হয় এবং আর. এম. সি.-র টাকায় যদি না কুলোয়, তখন আমরা ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কথা বলেছি, তাদের থেকে টাকা নিয়ে এই টাকা আমরা আলু চাষীকে দেব—এই প্রতিশ্রুতি দেওয়ার চেষ্টা করছি।

[5-40 — 5-50 p.m.]

উত্তরবঙ্গের কুচবিহার, জলপাইগুড়ি, শিলিগুড়িতে আমরা চেষ্টা করছি—তরাই ডেভেলপমেন্ট ফান্ড আমরা পেয়েছি, তাই দিয়ে সমস্ত হাটগুলোর উন্নতি করার চেষ্টা করছি। সমস্তটা করেছি বলছি না, চেষ্টা করছি আমরা, সহায়তা পেলে এগিয়ে যাব। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় কৃষি দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপিত হয়েছে, আমি আশা করব সেই দাবি এখানে ধ্বনি ভোটে গৃহীত হবে। সঙ্গে সঙ্গে বিরোধীপক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এখানে আনা হয়েছে, তার বিরোধিতা করছি, কারণ সেইগুলো তথ্যভিত্তিক নয়, সেইগুলো সত্যের কাছ দিয়েও যাচ্ছে না, তার অনেকগুলোই অপ্রাসঙ্গিক এবং অবাস্তব।

আমাদের মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের অনেকেই বললেন, পশ্চিমবাংলায় কৃষি উৎপাদন সবটাই নির্ভর করে প্রকৃতির উপর, বৃষ্টি না হলে উৎপাদন হবে না, প্রকৃতিকে বাদ দিয়ে আমরা চলতে পারি না। কৃষি দপ্তরের থেকেই আমি এই কথা বলছি, হ্যাঁ, বৃষ্টির জল, মাটির উর্বরতা, সূর্যের আলো, এসবের উপর আমাদের নির্ভরতা আছে, নির্ভর করতেই হয়, একে অস্বীকার করা যায় না। তার মধ্যেও প্রকৃতির খামখেয়ালিপনা আছে। গত বছর দেখলাম অনেক পরে বৃষ্টি এল, উত্তরবঙ্গে বেশি বৃষ্টি হ'ল, কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতি হ'ল। মাঝখানে কতদিন বৃষ্টি হ'ল না, দক্ষিণ বঙ্গে বীজ রুইতে দেরি হল, মালদা, মুর্শিদাবাদে নদীর জল বেড়ে বন্যা পরিস্থিতি হ'ল। এসব প্রতিকূলতা আছেই। এর মধ্যেও আমরা আমাদের উৎপাদন বাড়িয়েছি। ১৯৯৫-৯৬ সালে আমাদের চাল উৎপান ছিল ১১৮.৮৬ লক্ষ টন, ৯৬-৯৭ সালে আমাদের শুধু আমন আর আউস হয়েছে ৯৩ লক্ষ টন। বোরো-র রিপোর্ট এখনও পাইনি। এই প্রসঙ্গে বলে রাখি, বিরোধী পক্ষ থেকে এখানে যে সমস্ত ফিগার দেওয়া হয়েছে, সেইগুলি অসত্য, অতিরঞ্জিত। মাননীয় বিরোধী সদস্যদের অবগতির জন্য জানাই—কৃষি দপ্তর উৎপাদন করে, কিন্তু কত শস্য উৎপাদন হ'ল, সেই কথা কৃষি দপ্তর বলে না, বলে 'ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস'। আর, এটা আজ থেকে বলে না, বলে কংগ্রেস আমল থেকেই এবং এটা কেন্দ্রীয় সরকারের। কংগ্রেস যখন কেন্দ্রে ছিল তখনও এটা ছিল, এখনও আছে। ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস কংগ্রেস আমলে যে তথ্য দেবে তা সত্য, আর বামফ্রন্টের আমলে যা দেবে তা অসত্য। এটা তো হতে পারে না। ফলেন পরিচয়তে। এটা মানবেন না?

দেখছেন উৎপাদন বেশি হচ্ছে, উৎপাদনশীলতা বাড়ছে, তবুও বলবেন, না ; দেখছেন লঙ্কা লাল, বলবেন, সবুজ। অদ্ভুত কথা। মাননীয় বিরোধী দল নেতা অতীশচন্দ্র সিন্‌হা ১৯৯৪/৯৫ এবং ১৯৯৫/৯৬ সালে একটা তথ্যগত ফল তুলে ধরলেন। বাজেট বক্তৃতায়

যেটা আছে একটু জানাচ্ছি। খাদ্য, তা সে চাল উৎপাদনের ক্ষেত্রে নয়, বলা হয়েছে, ১৯৯৪/৯৫ সালে মোট এগ্রিকালচারাল উৎপাদন হয়েছিল ২৮৬.৮১ লক্ষ টন। আর ১৯৯৫/৯৬ সালে মোট উৎপাদন হয়েছিল ৩০০.৩৮ লক্ষ টন। যেটা বাজেট বক্তৃতায় আছে আমি পড়ে দিচ্ছি—'ডিউরিং' '95-'96 the production of foodgrains was comperatively less than that of previous record of '94-'95. But the total agricultural production of foodgrains during the year registered an all-time record surpassing the previous record of '94-'95. অর্থাৎ ফুড গ্রেইন—চাল, ডাল, গম ধরে এটা কমল, কিন্তু টোটাল এরিয়াতে যে সবজি হয়েছে তার পরিমাণ বাড়ল। এটা পরিষ্কার লেখা আছে যে, শস্য উৎপাদন কমলেও টোটাল এগ্রিকালচারাল প্রডাকশন বেড়েছে। মাননীয় অতীশবাবুকে বলব, চমকাবেন না, দেখবেন কত সুন্দর, কত আকর্ষণীয়, কত খাঁটি।

সেভেন্থ প্ল্যান পিরিয়ড থেকে এইটথ প্ল্যান পিরিয়ডে আমাদের প্রডাকশন ১৭.৭৮ শতাংশ বেড়েছে। ১৭৩৮ থেকে ২৪৭ হয়েছে। শুধু রেজাল্ট নয়, এর পেছনে অনেক পরিশ্রম রয়েছে। বিজ্ঞানীরা মাথার ঘাম পায়ে ফেলে এবং সেই সঙ্গে এক্সটেনশন সার্ভিস, এগ্রিকালচার ডিপার্টমেন্ট, কে. পি. এস. ডাইরেক্টরেটের কর্মচারিদের-ও পরিশ্রম যুক্ত আছে। আর, তার নিট ফল হচ্ছে, প্রধান প্রধান বীজ আজকে আমাদের হাতে। কিন্তু এর পিছনে যাদের অক্লান্ত পরিশ্রম রয়েছে তাদের প্রশংসা না করুন নিন্দা করার আগে একটু ভাববেন। এর মধ্যে সেভেন্থ প্ল্যান থেকে এইটথ প্ল্যানে খাদ্য-শস্যের উৎপাদন ২৩ শতাংশ বেড়েছে। তৈলবীজ ৩৮ হাজার টন বেড়েছে। এটা ১০.৪ শতাংশ বেশি। পাটের উৎপাদনও বেড়েছে। গমের উৎপাদন ৭ লক্ষ ২৫ হাজার টন হয়েছে। গমের উৎপাদন আরও বাড়াতে হবে। কারণ, এখানকার লোকেদের ফুড হ্যাবিট চেঞ্জ হয়ে গেছে, তারা এখন এটাকেও পছন্দ করছে। তাই এর ফলনের এলাকা বাড়াতে হবে। কিন্তু অন্যান্য সবুজ-ফসলে চাষীরা বেশি লাভ পাচ্ছে। তাই এরিয়াটা কমে গেছে। আমরা এটা বাড়াবার চেষ্টা করছি। আলুর উৎপাদন এবং উৎপাদনশীলতা—দুই-ই বেড়েছে। বিশ্বাস করব না যে, এর পিছনে বিজ্ঞানের, বিজ্ঞানীদের অবদান আছে, তাদের গবেষণার অবদান আছে?

আমি ব্যক্তিগত গ্রামে গ্রামে ঘুরে দেখেছি, সেখানে বোর্ডে চার্ট এঁকে কোন মাটিতে কি সার, কতটা লাগবে, তা বোঝানো হচ্ছে।

[5-50 — 6-00 p.m.]

৭০-এর দশকে আপনাদের সময়ে আমরা দেখেছি গ্রাম থেকে হাজার হাজার মানুষ এই পুজোর মুখে স্টেশনে স্টেশনে ভিক্ষে করত। এখন সেই চিত্র দেখতে পান? তবুও আপনারা বলবেন কৃষিতে কিছু হয়নি। একজন মাননীয় সদস্য বললেন এত চাল উৎপন্ন হচ্ছে, তিনি কি একটা হিসাব দিলেন যে ৭ কোটি মানুষকে প্রতিদিন খাওয়ানো যাবে। ২.২ হারে আমাদের পপুলেশন গ্রোথ কোথাও নেই, তাহলে প্রোজেক্টেড পপুলেশন আমাদের ছিল ৭ কোটির বেশি। ১৯৯২ সালে হয় ৬ কোটি ৮০ লক্ষ। টোটাল যে প্রোডাকশন হয় তার ১০

পারসেন্ট আমাদের বীজ রাখতে হয়, আর বাংলাদেশের বর্ডারে বেশ কিছু চাল বি. এস. এফ.-এর কল্যাণে চলে যায়। হিসাবের মধ্যে এগুলো ধরতে হবে। এ ব্যাপারে বি. এস. এফ.-কে বলা হয়েছে। আমি যখন খাদ্য দপ্তরে ছিলাম তখনকার প্রত্যক্ষ অভিজ্ঞতা আমার আছে। এই যে গবেষণা হচ্ছে, মূল গবেষণাগার আমাদের রাজ্যে ১২টি আছে, এছাড়াও প্রত্যেকটি ব্লকে একটি করে আছে। আপনারা বলবেন বীজ উৎপাদন যতটা করা প্রয়োজন ছিল ততটা হয়নি। ২২১টি ফার্মের প্রত্যেকটিতে পরিকাঠামো ভাল সে কথা আমি বলি না। এ বছর রুর‍্যাল ডেভেলপমেন্ট ফান্ড থেকে ৪ কোটি টাকা নিয়েছি এবং অনেকগুলি ফার্মে পরিকাঠামোকে উন্নত করতে চাই। কিন্তু কোনও কাজ হয়নি এ কথা আপনারা বলবেন না। আদিসপ্তগ্রামে আমি গিয়েছিলাম এবং ওখানে গিয়ে শুনি যে সৌগতবাবুও গিয়েছিলেন এবং তিনি ফার্ম দেখে খুব খুশি হয়েছেন এবং ওদের খাতায় তিনি খুশি হয়ে কিছু লিখেছিলেন, আমাকে ওরা সেটা দেখাল। অনেক ফার্মেই খারাপ অবস্থা আছে, সেখানে গরু-ছাগল ঢুকছে। কিন্তু যেখানে ভাল পরিকাঠামো আছে সেখানে কাজ হচ্ছে। যদি ফার্মগুলি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপ করতে পারি সেগুলিকে যদি বীজ উৎপাদন করার ক্ষেত্রে পুরোপুরি কাজে লাগাতে পারি তাহলে শুধু ৩ হাজার টন নয়, তার থেকে অনেক বেশি বীজ আমরা উৎপাদন করতে পারব। আমাদের উৎপাদনশীলতা বেড়েছে। সার্বিকভাবে দেখলে দেখা যাবে ভারতবর্ষ উৎপাদনশীলতায় পিছিয়ে আছে। কিন্তু বিচার হবে সমানে সমানে। এই রাজ্যে আউস, আমন কম উৎপাদন হয় কিন্তু বোরো বেশি উৎপাদন হয়। শীতকালে পাঞ্জাব, হরিয়ানায় সানসাইন আমাদের এলাকার সঙ্গে তুলনা করুন, আউস, আমন যোগ করে আমরা কতটা পিছিয়ে আছি। আমাদের বোরো চাষ বেশি হয়, অথচ এই বোরো মেজর ইরিগেশন থেকে জল পায় না। কিন্তু মেজর ইরিগেশন থেকে জল না পেলেও প্রায় ৫৪ লক্ষ হেক্টর জমিতে এখন চাষ হয়। ৮৮ লক্ষ একরের মধ্যে ১৬০ ভাগই চাষ হয়, তার মধ্যে ৫০ পারসেন্ট চাষের জন্য মাইনর ইরিগেশন জল দেয়। কিন্তু মেজর ইরিগেশনের জল না পাওয়ার জন্য চাষ কমেছে। বোরো চাষে মেজর ইরিগেশনের জল না পাওয়া সত্ত্বেও আমাদের উৎপাদনশীলতা বেড়েছে এবং বেড়েছে বলেই আমরা আশা করছি ৩৪ লক্ষ টন ধান পাব, তবে এটা এখন অ্যাসেসমেন্ট করা হয়নি।

এখন আমাদের এখানে সবজি থেকে শুরু করে চাল, ধান, গম সরষে প্রভৃতি সমস্ত রকমের বীজ তৈরি হচ্ছে। আপনারা যদি সুযোগ পান লেবোরেটরিতে গিয়ে দেখবেন কি নিষ্ঠা, কি অধ্যাবসায়ের সঙ্গে দিনের পর দিন আমাদের বিজ্ঞানীরা কাজ করছেন। তাদের কঠোর পরিশ্রমের ফলে নানা রকম হাইব্রিড বীজ এসেছে। এখন বোরোতে ৩,০০০ কে. জি. হচ্ছে, যে হাইব্রিড-টা আসছে, সেটা এলে ৪.৫০০ কে. জি. হবে। আমরা টুয়েন্টি ফার্স্ট সেঞ্চুরিতে যাচ্ছি। নাইন্থ প্ল্যানের শেষে আমাদের প্রোজেক্টে যা পপুলেশন হবে তাতে আমাদের প্রায় ১৭২ লক্ষ টন খাদ্য-শস্যের দরকার হবে। পার হেড পার ডে যে হিসাবটা আছে সেই হিসাবে ৪৫৩ গ্রাম করে যদি ধরা হয় তাহলে আমাদের ১৭২ লক্ষ টন মতো খাদ্য-শস্যের প্রয়োজন হবে। আমাদের ৪০ লক্ষ টন মতো উৎপাদন বাড়াতে হবে। এ বিষয়ে আমরা আশাবাদী, কৃষি দপ্তর আশাবাদী। এর জন্যই আমরা নানা রকম ভ্যারাইটির সিড তৈরি করছি, উৎপাদনশীলতা বাড়াচ্ছি। কারণ আমরা জানি জমি আর বাড়বে না, আর ইরিগেশনেরও খুব

বেশি স্কোপ হবে বলে মনে হয় না। একটা সার্ভে হয়েছে, তাতে দেখা যাচ্ছে আন্ডারগ্রাউন্ড ওয়াটারের আর বেশি স্কোপ নেই। আমরা সারফেস ওয়াটারকে কাজে লাগাবার জন্য এন. এন. ডি. পি. আর.-কে কাজে লাগাচ্ছি এবং আমাদের বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগাচ্ছি। এর সাথে সাথে আমরা সার ব্যবহার করছি। একজন বললেন, সারে কি হয়? আমাদের এইটথ প্ল্যানের পর থেকে সার ব্যবহার বেড়েছে। এখন হেক্টরে ১০০ কে. জি. হয়ে গেছে, আগে ছিল ৯০ কে. জি.। সারের প্রোপোরশন, এম. পি. কে. ৪ঃ২ঃ২ ম্যাক্সিমাম। আমাদেরটা আইডিয়াল নয়। কিন্তু আমাদের দেশে নিয়ারেস্ট টু দি আইডিয়াল স্টেট হচ্ছে অনলি ওয়েস্ট বেঙ্গল, অন্য কোনও রাজ্য নয়। এখানে সবচেয়ে ভাল রেশিও মেনটেন হয়—অন্য রাজ্যের তুলনায় ওয়েস্ট বেঙ্গলে রেশিও অনেক ভাল মেনটেন হয়। আমরা চেষ্টা করছি একেবারে [illegible]ডিয়াল [illegible] আই. পি. এফ.-এ আমরা জানি কিছু কেমিক্যাল পেস্টিসাইড আছে যা হেলথের পক্ষে হ্যাজার্ডাস, সেগুলিকে আমরা অফ করার চেষ্টা করছি। ১লা এপ্রিল ১৯৯৭ থেকে কতগুলো কেমিক্যালস-কে বাদ দেওয়া হচ্ছে। তার বদলে নতুন পেস্টিসাইডস পাব। আমরা কৃষকদের উৎসাহ দিচ্ছি, ট্রেনিং দিচ্ছি। ইন্টিগ্রেটেড পেস্ট ম্যানেজমেন্ট প্রোগ্রামের মাধ্যমে বন্ধু পোকা এবং শত্রু পোকা চিহ্নিত হবে। সব পোকা-ই মেরে দিয়ে লাভ নেই। কিছু পোকা আছে ভাল, সেই বন্ধু পোকাকে রেখে শত্রু পোকাকে সরাতে হবে। এরজন্য আমরা কৃষকদের ট্রেনিং দিচ্ছি, কাজ করছি টোটাল প্রোডাক্টিভিটি বাড়াবার জন্য। ঠিকমতো জল দিয়ে, সার দিয়ে, পোকা মাকড় না লাগে তার ব্যবস্থা করে আমরা উৎপাদনশীলতা বাড়াবার চেষ্টা করছি। এর মধ্যে কিছু প্রক্রিয়াগত ব্যাপার আছে—কোথায় কবে কখন জল আসবে তা যেমন নির্দিষ্ট করতে হবে, তেমন জমিতে এলো-মেলো সার যাতে ব্যবহার না করা হয় তার জন্য মাটি পরীক্ষার ব্যবস্থা করতে হবে। এই কাজ আমরা করছি এবং এই নেট ওয়ার্ককে এক্সটেন করবার চেষ্টা করছি যাতে মাটি পরীক্ষা করে বলে দেওয়া যায় কোন মাটিতে কি সার ব্যবহার করতে হবে, কতটা পরিমাণে করতে হবে এবং সেখানে কি কি শস্যের চাষ হতে পারে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নরেনবাবু, আপনার আর ক' মিনিট সময় লাগবে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** স্যার, আর পাঁচ মিনিট সময় লাগবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** তাহলে আমি সভার অনুমতি নিয়ে আলোচ্য বিষয়ের ওপর সময় আরও ১৫ মিনিট বাড়িয়ে দিচ্ছি।

(কৃষি খাতের ব্যয়-বরাদ্দের ওপর আলোচনার সময় ১৫ মিনিট বৃদ্ধি পায়)

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** পেস্ট ম্যানেজমেন্টে এগুলো করা হচ্ছে। মাটি পরীক্ষার মূল কারণই হচ্ছে, আমাদের পশ্চিমবাংলার সব জায়গায় একই রকম মাটি নয়, বিভিন্ন এলাকায় বিভিন্ন রকমের মাটি আছে। অতএব কোন মাটিতে কোন সার লাগবে সেটা পরীক্ষার প্রয়োজন আছে। সব রোগে একই ওষুধ চলে না, রোগের ওয়েট অনুযায়ী ওষুধ লাগে। সে রকম সারের ক্ষেত্রেও সব জায়গায় একই সার দেওয়া যায় না। আমরা যেসব ব্যবস্থা করছি

তা যাতে কৃষকদের কাছে পৌছায় তার জন্য আমরা উদ্যোগ গ্রহণ করছি। কোন মাটি বেসিক স্ল্যাগ, কোন মাটিতে ডলোমাইট বেশি আছে—এই সমস্তগুলি দেখে আমরা ব্যবস্থা গ্রহণের কাজ করছি।

[6-00 — 6-10 p.m.]

এগুলি একেবারে নিষ্ফল? এগুলি কি কৃষি দপ্তরের কাজ নয়? সুতরাং এগুলি আপনাদের বুঝতে হবে। হ্যাঁ, নিশ্চয়ই আরও বেশি করতে পারলে ভাল হত। আমাদের নাইন্থ প্ল্যানের শেষে ২০০২ সালে যে পরিমাণ খাদ্য-শস্য বাড়াতে হবে তারজন্য আমরা অনেকগুলি উদ্যোগ গ্রহণ করেছি। এরজন্য আমাদের রাজ্যে উন্নত চাষের জন্য কৃষি বিজ্ঞানীদের ডেকেছিলাম। আমরা তাদের পরামর্শ নিয়েছি এবং তারা যে সমস্ত পরামর্শ দিয়েছেন তাকে কার্যকর করার জন্য আমরা উদ্যোগ গ্রহণ করেছি। মোদ্দা কথা হচ্ছে, কৃষি, বিজ্ঞান এবং প্রযুক্তিকে কাজে লাগাতে হবে। বিজ্ঞানকে কৃষকদের দরজার গোড়ায় পৌঁছে দিতে হবে এক্সটেনশন সার্ভিসের মধ্য দিয়ে। কৃষি দপ্তরের যারা কাজ করছেন তাদের মধ্যে ট্রেনিং দিচ্ছি, তেমনি কৃষকদের প্রশিক্ষণ দিচ্ছি। তাদের বোঝাবার চেষ্টা করছি কোন সময়ে কোন ফসল লাগাবে, কোন মাটিতে কি ধরনের সার দেবে, তাদের যদি মাইক্রো-নিউট্রিয়েন্টের অভাব থাকে, জিঙ্কের অভাব থাকে—মাইকো-নিউট্রিয়েন্টের অভাব থাকলে অনুখাদ্যর বিষয়গুলি কি করে পূরণ হবে সেগুলি আমরা তুলে ধরছি। এরই মাধ্যমে আমরা নাইন্থ প্ল্যানের শেষে যে চ্যালেঞ্জ—টোয়েনটিয়েথ সেঞ্চুরিতে যে চ্যালেঞ্জ নিয়েছি তার মোকাবিলা করতে পারব বলে কৃষি দপ্তরের পক্ষ থেকে ব্যবস্থা করেছি। আমি আর একটি কথা বলি, সেটা হচ্ছে সয়েল সার্ভের ব্যাপারে। সয়েল সার্ভে দপ্তরের কাজ শুধু কৃষি দপ্তরের নয়, সুবর্ণরেখা যে ব্যারাজ হবে বা বক্রেশ্বরে যে ব্যারাজ হবে সেই ব্যাপারে সয়েল সার্ভে ডিপার্টমেন্টকে দায়িত্ব দেওয়া হয়েছিল। তারা সেখানে সয়েল সার্ভের কাজ করেছেন। কিন্তু এটা বলে নিশ্চয় দপ্তরের মন্ত্রী হিসাবে গর্ব অনুভব করি, সয়েল সার্ভের কাজ দেখে কেন্দ্রীয় সরকার স্বীকার করেছেন যে এরা বেস্ট ইন ইন্ডিয়া। এটার জন্য আমি প্রশংসা চাচ্ছি না, কিন্তু আপনাদের বলছি, নিন্দা করার আগে আর একবার ভাবুন। এগুলি হচ্ছে আমাদের দপ্তরের কাজ। তবুও বলছি, আমরা কি সাটিসফাইড? আমি বলছি, না। এরজন্য আরও আমাদের এগুতে হবে। আমি যদি সন্তুষ্ট হই তাহলে কাজ থেমে যাবে। আমরা যতক্ষণ অসন্তুষ্ট আছি ততক্ষণ এগিয়ে যাব। আমাদের এগুবার সুযোগ আছে, এগুতে আমাদের হবে। তারপর আই. সি. এ. আরের যে পয়েন্টটি তুলছেন—এটা গুরুত্বপূর্ণ কথা, এটা আমি অনুভব করি। আমাদের কৃষি দপ্তর শুধু নয়, আমাদের এখানে বিশ্ববিদ্যালয় আছে, ইন্ডিয়ান কাউন্সিল ফর এগ্রিকালচারাল রিসার্চ উইংস আছে। এগুলি আমরা উদ্যোগ নিয়েছি যাতে কৃষি বিশ্ববিদ্যালয়, আই. সি. এ. আর, এগ্রিকালচার ডিপার্টমেন্ট সমস্ত কো-অর্ডিনেটেড ওয়েতে কাজ করে। এই কো-অর্ডিনেশন খুবই দরকার—এটা আমরা উপলব্ধি করি এবং এ ব্যাপারে আমরা উদ্যোগ গ্রহণ করেছি। আর সার সম্পর্কে আমি ইতিমধ্যেই বলেছি, এখন পার হেক্টরে ১০০ কেজি সার ব্যবহার হচ্ছে। আমাদের ৩৩ হাজার ডিলার আছে। আমাদের যে নেট-ওয়ার্ক আছে তাতে ৩৩ হাজার সারের ডিলার আছে। তাদের মাধ্যমেই সার পৌঁছে দিচ্ছি। সিড ফার্ম রিভাইভ করার জন্য ৪ কোটি টাকার প্রোজেক্ট তৈরি

করেছি। আমরা আশা করছি, শীঘ্রই করতে পারব। ভাল সিড তৈরি করার জন্য সমস্ত ফার্মগুলিকে চাঙ্গা করব এবং এই কাজ নিশ্চয়ই সফল হবে বলে আমাদের বিশ্বাস আছে। আমি জানি, সব সিড ফার্ম-এ ঠিকমতো কাজ হচ্ছে না। অনেক পরিকাঠামোর ত্রুটি আছে, অনেক জায়গায় জল নেই, ফেনসিং নেই, ফার্ম ম্যানেজারের থাকার জায়গা নেই। এগুলি আমরা সংশোধন করে নেব। তাহলে সিডের যে অভাব আছে ভাল সিড আমরা সাপ্লাই করতে পারব।

কাটমোশন যেগুলি এসেছে আমি মনে করি সেগুলির যথাযথ উত্তর আমি দিয়েছি। কাটমোশনগুলি মেনে নেওয়ার ব্যাপারে আমার অস্বীকৃতি জানাচ্ছি। এই বলে কাটমোশনগুলির বিরোধিতা করে কৃষি দপ্তরের বাজেট ধ্বনি ভোটে গৃহীত হবে এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-12 p.m.]

## DEMAND No. 47

The motions of Shri Kamal Mukherjee, Shri Sultan Ahmed, Shri Ajoy De, Shri Deba Prasad Sarkar and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 110,17,6[illegible] be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops), 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings & Horticultue and Vegetable Crop) and 6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertakings & Horticulture and Vegetable Crops)" during the year 1997-98. (This is inclusive of a total sum of Rs. 36,7[illegible],00,000 already voted on account) was then put and agreed to.

## Demand No. 48

The motions of Shri Kamal Mukherjee, Shri Shobhan Deb Chattopadhyay that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,43,00,000 be granted for expenditure under Demand No. 48, Major [illegible] 2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation" during the year 1997-98. (This is inclusive of a total sum of Rs. 6,47,00,000 already voted on account) was then put and agreed to.

## Demand No. 55

The motions of Shri Pankaj Banerjee, Shri Nirmal Ghosh, Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 39,08,90,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2415—Agricultural Research and Education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)" during the year 1997-98. (This is inclusive of a total sum of Rs. 13,03,00,000 already voted on account) was then put and agreed to.

## Demand No. 58

The motions of Shri Ashok Kumar Deb, Shri Shashanka Shekhor Biswas, Shri Abdul Mannan, Shri Shymadas Mukherjee, Shri Gopal Krishna Dey that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,15,85,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes" during the year 1997-98. (This is inclusive of a total sum of Rs. 4,72,00,000 already voted on account) was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-12 p.m. till 11 a.m. on Wednesday, the 18th June, 1997, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 18th June, 1997 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 5 Ministers of State and 162 Members.

[11-00 — 11-10 a.m.]

## Held Over Starred Questions
## (to which oral answers were given)

### তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রদের জন্য ছাত্রনিবাস

*৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৫) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং ও. বি. সি.-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে মোট কতগুলি তফসিলি জাতি ও তফসিলি উপজাতিদের জন্য ছাত্রনিবাস (Hostel) আছে ; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি চালু আছে?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ**

| | | |
|---|---|---|
| ক) | বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাসের সংখ্যা | ৭৮৮ |
| খ) | সমস্ত ধরনের মিলিয়ে আশ্রম আবাসিক ছাত্রাবাসের সংখ্যা | ৩৫১ |
| গ) | কেন্দ্রীয় ছাত্রাবাসের সংখ্যা | ১৫ |
| | **মোট ছাত্রাবাসের সংখ্যা** | ১১৫৪ |

| | | |
|---|---|---|
| ক) | বিদ্যালয় সংলগ্ন চালু ছাত্রাবাসের সংখ্যা : | ৭৮৮ |
| খ) | আশ্রম আবাসিক চালু ছাত্রাবাসের সংখ্যা | ২০৩ |
| গ) | কেন্দ্রীয় চালু ছাত্রাবাসের সংখ্যা | ১৫ |
| | **মোট চালু ছাত্রাবাসের সংখ্যা** | ১০০৬ |

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** আমার প্রশ্ন, আপনি যে পরিসংখ্যান দিলেন তাতে দেখা গেল ১৪৮টি ছাত্রাবাস বন্ধ ; এগুলো বন্ধ হবার কারণ কি এবং সেগুলো খুলবার কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ওগুলো বন্ধ নয়, কমপ্লিট হয়নি বলে চালু করা যায়নি। ৩৫১টি স্যাংশন্ড ছাত্রাবাসের মধ্যে ২০৩টি চালু করেছি, বাকিগুলো চালু করা যায়নি। সেগুলো নির্মাণের বিভিন্ন স্টেজে রয়েছে।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** হোস্টেলের জন্য যে গ্র্যান্ট দেওয়া হয় ঐ টাকায় ঠিক সংকুলান হয় না। কাজেই গ্র্যান্ট বাড়াবার কোনও পরিকল্পনা আপনার আছে কি না?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** আগে ছাত্র প্রতি হোস্টেল গ্র্যান্ট ছিল ৭৫ টাকা। এটা তিন বছর আগে আমরা করেছি ১৫০ টাকা এবং ১ বছর আগে সেটা ৩০০ টাকা করেছি। কাজেই আপাতত এটা রিভিশনের কোনও সম্ভাবনা নেই।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** ও. বি. সি.-দের মধ্যে লায়েক সম্প্রদায় রয়েছে। তাদের কাস্ট সার্টিফিকেট দেবার ব্যাপারে কোনও উদ্যোগ নিচ্ছেন কি না?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ও. বি. সি. সংক্রান্ত ব্যাপার কোনও জায়গায় এখনও সম্প্রসারিত করা যায়নি।

**শ্রী নির্মল দাস ঃ** আমাদের রাজ্যে তফসিলি এবং আদিবাসী বিভাগের পক্ষ থেকে ছাত্রাবাস নির্মাণের জন্য যে সব অনুমোদন দেওয়া হয়েছে, বহু ক্ষেত্রেই দেখতে পাচ্ছি, টাকা স্যাংশন করবার পরও তার নির্মাণকার্য শেষ হচ্ছে না।

সেই বাজার দরে সেই নির্মাণ কাজ হচ্ছে না। সেই জন্য বহু বিদ্যালয় ছাত্রাবাস চালু করতে পারছে না। কোনও কোনও বিদ্যালয় হোস্টেল না করে ক্লাস চালাচ্ছে। এই রকম উদাহরণ জলপাইগুড়ি জেলায় এবং অন্যান্য জেলায় আছে। এই হোস্টেল করার উদ্দেশ্য হল এই হোস্টেলে তফসিলি জাতি উপজাতি এবং আদিবাসী শিক্ষার্থীরা থাকবে। আমার জিজ্ঞাস্য হল এই হোস্টেল নির্মাণের জন্য প্রয়োজনীয় গ্র্যান্ট না পাওয়ার জন্য বিদ্যালয়গুলি যেভাবে ক্লাস চালাচ্ছে সেটা আপনি অবহিত আছেন কি না এবং এই অবস্থা দ্রুত হোস্টেল নির্মাণের কাজ শেষ করে হোস্টেল চালু করার জন্য আপনার দপ্তরের পক্ষ থেকে কী উদ্যোগ নেওয়া হয়েছে জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** আপনি দুটি প্রশ্ন করেছেন। প্রথম প্রশ্নের উত্তর হল যে টাকা মঞ্জুর করা হয়েছে সেই টাকায় যদি বর্তমান মূল্য বৃদ্ধির ফলে না কুলায় তাহলে আমরা একটা ব্যবস্থা নিয়েছি। এর জন্য স্থানীয় প্রশাসন অতিরিক্ত টাকা চাইলে আমরা সেই টাকা দিচ্ছি। অবশ্য পুরানো স্কীম অর্থাৎ যে প্লান তৈরি করা হয়েছিল সেই প্ল্যান রেখে প্ল্যান এস্টিমেট করে যদি চায় তাহলে সেই টাকা আমরা মঞ্জুর করছি। মূল্য বৃদ্ধির কারণে ইঞ্জিনিয়ার সংশোধন করে উইদিন দি সেম প্ল্যান এক্সট্রা প্রাইস এসকালেশনের জন্য যদি টাকা

লাগে সেই টাকা আমরা দিচ্ছি। দু নম্বর প্রশ্নের উত্তর হল কোনও কোনও জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে হোস্টেল বিল্ডিং তৈরি করেছে কিন্তু সেটাতে ছাত্রের স্থান সংকুলান না হওয়ায় অনেক হোস্টেলকে ক্লাস রুমে পরিণত করেছে। এই রকম সংবাদ আমাদের কাছে আছে। এই ব্যাপারে আমরা ব্যবস্থা নিচ্ছি। তবে বাস্তব অসুবিধা রয়েছে। ক্লাস রুম নেই, সেই জন্য একটু সময় লেগে যাচ্ছে। তবে এইগুলি রিকভারি করে প্রকৃত হোস্টেলে পরিণত করার কথা ভাবছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের জানা আছে কি, তফসিলি জাতি-উপজাতি এবং আদিবাসী ছাত্র-ছাত্রীদের হোস্টেলের অনুদানের টাকা নিয়ে বিভিন্ন স্কুলে দুর্নীতি চলছে? আমি নির্দিষ্টভাবে গত বছর এই রকম একটা স্কুলের ব্যাপক দুর্নীতির কথা বলেছিলাম। এই সমস্ত দুর্নীতিগুলি বন্ধ করার জন্য আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছে?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে আমাদের যে প্রথা সেই প্রথা অনুযায়ী স্কুলের প্রধান শিক্ষককে টাকাটা দেওয়া হয় ফর ডিসবার্সমেন্ট টু দি স্টুডেন্ট। আমাদের ডিপার্টমেন্টের একজন ইন্সপেক্টর এই টাকা বিলি করার জন্য বা বিলি করার সময় সেখানে উপস্থিত থাকেন। সংখ্যায় কম হলেও কিছু কিছু অভিযোগ পাওয়া গেছে যে ছাত্রের নামে টাকা বিলি হয়েছে সেই ছাত্রদের কাছ থেকে নালিশ এসেছে এবং কোনও কোনও ক্ষেত্রে অন্যভাবে নালিশ এসেছে যে সেই ছাত্র কম টাকা পেয়েছে আবার কোনও কোনও ক্ষেত্রে ছাত্রদের নন-একজিসটেন্সের খবর এসেছে। এই ব্যাপারে আমরা ব্যবস্থা নিয়েছি এবং কিছু কিছু ক্ষেত্রে পুলিশ কেসও হয়েছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বলেছেন কতগুলি হোস্টেল আছে তার মধ্যে কতগুলি চালু আছে এবং কতগুলি চালু নেই, আমি সেই ব্যাপারে যাচ্ছি না। আমি সরাসরি প্রশ্ন করতে চাই এমন স্কুল আছে যেখানে শিডিউল কাস্টের সংখ্যা অনেক বেশি।

[11-10 — 11-20 a.m.]

কিন্তু বর্তমান অবস্থায় আমাদের সেখানে সাধারণভাবে স্কুল বিল্ডিংয়ের অপ্রতুলতা আছে। সেই ক্ষেত্রে আপনার দপ্তর থেকে কোনও সাহায্য দেবার প্রস্তাব আছে কিনা, বা কোনও প্রস্তাব দিলে বিবেচনা করবেন কি না?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** বিশেষ ক্ষেত্রে আমাদের যে কমিউনিটি ডেভেলপমেন্ট স্কীম আছে, যাকে আমরা সি. ডি. স্কীম বলি, আমরা সেই সি. ডি. স্কীমে জেলায় জেলায় তফসিলি জাতি এবং উপজাতির সংখ্যা অনুযায়ী একটা থোক টাকা দিই। এই টাকা পনের কুড়ি থেকে তিরিশ লক্ষ টাকা পর্যন্ত হয়। সেই টাকায় স্কুল বিল্ডিং, রাস্তাঘাট জনস্বার্থে এনি থিং করতে ব্যবহার করতে পারে। সেইভাবে তারা টাকাটা ব্যবহারও করে। জেলা পরিষদ যেহেতু নানা ধরনের কাজ করছে, সেজন্য আমরা গত বছর চিঠি দিয়ে বলেছি—স্কুল বিল্ডিংয়ের বেশিরভাগই হচ্ছে সেকেন্ডারি স্কুল, যে স্কুলগুলো সাফার করছে—প্রয়োজন হলে ঐ টাকা সেই রকম স্কুল

বিল্ডিংয়ের জন্য ব্যবহার করতে পারেন। জেলা সভাধিপতি হচ্ছেন ডি. ডবলু. সি.-র চেয়ারম্যান। আমরা চিঠি দিয়ে গত বছর এই রকম নির্দেশ দিয়েছি যে, প্রয়োজনে স্কুল বিল্ডিং করতে পারেন, ছোট পুল করতে পারেন, রাস্তাঘাটও করতে পারেন। গত বছরে আমরা স্কুল বিল্ডিংয়ের জন্য সরকারের পক্ষ থেকে অনুরোধ করেছি। তাছাড়া, কিছু কিছু ক্ষেত্রে আমরা সরাসরি কেন্দ্রীয়ভাবে করি—স্কুল বিল্ডিং বা কলেজ বিল্ডিং, যেখানে যেমন হয়। স্কুল বা কলেজগুলোতে যেখানে ৫০ পারসেন্ট বা মোর এস. সি., এস. টি. থাকে, সেখানে সাহায্য করার ব্যবস্থা আছে।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করছি। তফসিল জাতি এবং তফসিল উপজাতি ছাত্রাবাস তৈরির জন্য কেন্দ্রীয় সরকারের যে টাকা আছে, সেই টাকা যদি ঐ ছাত্রাবাস তৈরি না হয়ে অন্য খাতে খরচ হয়েছে, এই রকম খবর মন্ত্রী মহাশয়ের জানা আছে কি না?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** না, জানা নেই।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** আমি জানতে চাইছি, তফসিল জাতি বা উপজাতিদের জন্য যে ছাত্রাবাস আছে, তারমধ্যে কতগুলো ছাত্রীনিবাস আছে, এবং কতগুলো করার পরিকল্পনা আছে?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** ছাত্রীনিবাস আছে, তবে সংখ্যাটা এখুনি ঠিক দিতে পারছি না। আমাদের ছাত্রীনিবাসগুলোতে ১,১৩৪ জন ছাত্রী থাকেন। কিন্তু ক'টা ইউনিট আছে, তা আমার এখানে লেখা নেই।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এটা একটা দীর্ঘদিনের দাবী—তফসিল জাতি এবং উপজাতি ছাত্রছাত্রীদের অভিভাবকদের যে গ্রান্ট বা অনুদান দেওয়া হয় তা বছরের শেষে না দিয়ে অন্তত্তপক্ষে ছ'মাসে একবার করে বছরে দু'বার করে গ্রান্ট দেবার কোনও পরিকল্পনা আপনি করছেন কি না?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্য কোনও জায়গায় বিশেষভাবে যদি দেখে থাকেন, তাহলে আলাদা কথা। কিন্তু আমরা সেপ্টেম্বরে একবার এবং ফেব্রুয়ারিতে একবার রিলিজ করি। এটা হচ্ছে সাধারণ নিয়ম।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য যে, ছাত্রাবাসে ছেলেমেয়েদের যে খাবার দেওয়া হয় তা যথেষ্ট নয় এবং আমরা দেখছি অনেক দিন ধরেই টাকা ঠিকমতো দেওয়া হয়নি পঞ্চায়েত সমিতির থেকে। ওই টাকা ঠিকমতো না পাওয়ার ফলে রাঁধুনি যে রাঁধে তারও টাকা দেওয়া হয় না, এক্ষেত্রে তাদেরকে টাকা দেওয়ার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** বর্তমানে এই টাকা দেবার ব্যবস্থাটাকে বছরের শেষের জায়গায় বছরে দুবার করে দেবার ব্যবস্থা করেছি। আগে এই টাকাটা সেপ্টেম্বর মাসে দেওয়া

হত। জুন-জুলাই থেকে খাদ্যের টাকার অভাব হয়ে পড়ে। এরফলে হোস্টেল কর্তৃপক্ষের দায়-দায়িত্ব থেকে যায় এটার সম্পর্কে আমরা অবহিত, অবগত এবং খুবই দুশ্চিন্তাগ্রস্ত। আমরা সবসময়ে চিন্তা করছি যে অন্য কোনও ব্যবস্থা করা য়ায় কি না, তারজন্য সবসময়ে ভাবা হচ্ছে, এই ব্যাপারে কিছু জায়গায় আলোচনাও করেছি। সবগুলো তো আবার সরকারি হোস্টেল নয়, বেশ কিছু হোস্টেল স্কুল কর্তৃপক্ষ চালান, সরকারি গ্রান্ট ইন অ্যাডে চলে, সরকারি ডাইরেক্ট হোস্টেল নয়। সরকারি ডাইরেক্ট যেসব হোস্টেল আছে তাদের ক্ষেত্রে আমরা ঠিক করছি যে, ক্যাটারিং সিস্টেমের মধ্যে এনে খাওয়া দাওয়া দেওয়ার ব্যবস্থা করব। বিষয়টি আলোচনা স্তরে আছে, এই ব্যাপারে সিদ্ধান্ত নিলে পরে বেসরকারি হোস্টেলগুলো সম্পর্কে চিন্তা ভাবনা করব।

## Starred Questions
## (to which oral answers were given)

### নতুন ডিগ্রি কলেজ স্থাপন

*৬০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯৬ রাজ্যে কতগুলি নতুন ডিগ্রি কলেজ স্থাপন করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি কলেজে বিজ্ঞান/জীব বিজ্ঞান বিভাগ পাশ ও অনার্স কোর্সে পঠনের ব্যবস্থা আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

(ক) ১৯৯১-৯৬ রাজ্যে মোট ১৮টি নতুন ডিগ্রি কলেজ স্থাপন করা হয়েছে ;

(খ) এর মধ্যে রায়দীঘি কলেজ এবং আরামবাগ গার্লস কলেজে পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত সহ বিজ্ঞান এবং ইস্ট ক্যালকাটা গার্লস কলেজে রসায়ন, উদ্ভিদবিদ্যা ও প্রাণীতত্ত্ব সহ পাশ কোর্সে পঠন ও পাঠনের ব্যবস্থা আছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ১৮টি ডিগ্রি কলেজ হয়েছে—কোনও জেলায় কত কলেজ এবং গার্লস কলেজের সংখ্যা কত?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** গার্লস কলেজের সংখ্যা দুটি একটা হচ্ছে লেক টাউনে এবং ইস্ট ক্যালকাটা গার্লস কলেজ। এছাড়া আরামবাগে আরামবাগ কলেজ। বিভিন্ন জেলাতেও কলেজের কথা বলেছি যেমন দক্ষিণ ২৪ পরগনা রায়দীঘিতে শহীদ অনুরূপ চন্দ্র কলেজ, মগরাহাটে মগরাহাট সম্মিলনী কলেজ। তাছাড়া বর্ধমানে দুটি কলেজ হয়েছে যেমন হাটখোলা গোবিন্দপুর কলেজ এবং দুর্গাপুর কলেজ। ফরাক্কায় পাঁচ ধাব কলেজ, মালদহতে দুটি কলেজ যথা সাউথ মালদা কলেজ এবং কালিয়াচক কলেজ কুচবিহারে মেখলিগঞ্জ এবং ডালখোলা কলেজ। দার্জিলিংয়ে বিজনবাড়ি এবং মেদিনীপুরে হিজলিতে কলেজ হয়েছে। এইভাবে মোট ১৮টি কলেজ পশ্চিমবঙ্গে স্থাপন করা হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে হিসাব দিলেন তাতে প্রতিটি জেলাতেই একটি করে কলেজ হয়নি, তবে একটা ফিনান্সিয়াল ইয়ারে যথেষ্ট কলেজ হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, স্টুডেন্ট ভর্তির যে সমস্যা দিনের পর দিন বাড়ছে তাতে মাধ্যমিক পাশ করে একাদশ এবং দ্বাদশ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে সমস্যা দেখা দিচ্ছে এবং উচ্চ মাধ্যমিক পাশ করার পরে ডিগ্রি কলেজে ভর্তি হওয়ার ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হচ্ছে, যার ফলে অনেক ছেলেমেয়েকেই বাধ্য হয়ে মাঝপথে পড়াশুনো বন্ধ করে দিতে হচ্ছে।

[11-20 — 11-30 a.m.]

এই অবস্থায় ডিগ্রি কলেজ বাড়াবার ক্ষেত্রে কোনও পরিকল্পনা আছে কি বা আগামী বৎসরে কতকগুলি নেওয়ার পরিকল্পনা আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, আমাদের ছাত্র সংখ্যা বাড়ছে, যেহেতু ছাত্র সংখ্যা বাড়ছে তাদের পড়াশুনার দায়িত্বও অবশ্যই আমাদের সরকারের। সেটার প্রতি নজর রেখে আমরা বিভিন্ন জেলাতে সার্ভে করছি যে কতকগুলি স্কুল, হায়ার সেকেন্ডারি স্কুল থেকে কত ছেলে পাশ করছে, এটা আরও দেখতে হবে, তারা সবাই কি বিষয় নিয়ে পড়তে চায়। এই সম্পর্কে বলি, যে সব অঞ্চলে কলেজ নেই, বহুদূরে ছাত্রদের যেতে হয়, সেটা বিবেচনা করে ভবতোষ দত্ত কমিশন যেভাবে নির্দেশ দিয়েছেন, সেইভাবে ২৫/৩০ কি.মি এর মধ্যে একটি করে কলেজ স্থাপন করা যায় সেটা আমরা করছি। এই বছরে আমরা সিদ্ধান্ত নিয়েছি, দক্ষিণ ২৪ পরগনাতে আর একটি কলেজ হুগলিতে আর একটি কলেজ, মালদাতে আর একটি কলেজ আমরা করব। আর বিভিন্ন বিষয় যেটা বলেছেন, ভর্তির ব্যাপারে আমরা বলি, যতগুলি কলেজ করেছি, আর যত ছেলে হায়ার সেকেন্ডারি পাশ করছে, আমাদের যা সিট আছে, তাতে সমস্ত ছাত্র ভর্তি হতে পারেন। কিন্তু অসুবিধা হল, পাশ করার ফলে ছাত্ররা বিশেষ বিশেষ কলেজে ভর্তি হতে চায়, বিশেষ বিশেষ বিষয় নিয়ে পড়তে চায়। কোন কোন বিষয় নিয়ে অনার্স পড়তে চায়, সেখানে সবাইকে এক জায়গায় আনা সম্ভব নয়, তখন মেরিট বা মেধার ভিত্তিতে করতে হয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ছাত্র ভর্তির ব্যাপারে, ছাত্ররা বিশেষ বিশেষ কলেজে, বিশেষ বিশেষ বিষয় নিয়ে ভর্তি হতে চায়। একটা ছাত্রের ইনটেনশন হচ্ছে, বিশেষ বিষয় নিয়ে সে পড়তে চায়, স্বাভাবিক কারণে সে যেখানে পড়তে চায় সেটা হয়ত বঙ্গবাসী কলেজে কিংবা আজাদ কলেজে কিংবা বিদ্যাসাগর কলেজে আছে, সেটা আলাদা ব্যাপার। ১৮টি কলেজের মধ্যে ২টি কলেজ হচ্ছে গার্লস কলেজে, এখানে সাইন্স পড়বার সুযোগ আছে। বাকি ১৬টিতে নেই। একজিসটিং কলেজে সাইন্স পড়বার সুযোগ নেই। পাস কোর্স পড়বার সুযোগ আছে। বাকি ১৬টিতে নেই। একজিস্টিং কলেজে সাইন্স পড়বার সুযোগ নেই। পাশ কোর্স পড়বার সুযোগ আছে। স্বাভাবিক কারণে ছাত্রদের সাইন্স পড়বার ইচ্ছা থাকে, তাই যেখানে পিওর সাইন্স বা বায়ো সাইন্স নেই, সেখানে এইগুলি চালু করার কোনও প্রস্তাব আছে কি না বলবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, বর্তমানে ছাত্রদের ঝোঁক বিজ্ঞানের দিকে এবং যেগুলিকে আমরা ভোকেশনাল সাবজেক্ট বলি সেইগুলি পড়ে তারা

কর্মক্ষেত্রে ঢুকতে পারে। এই ঝোঁকটা ভাল, এইগুলি আমরা উৎসাহিত করছি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তারাও উৎসাহিত করছেন। ইতিমধ্যে আমরা গত তিন বছরে, পশ্চিমবাংলার বিভিন্ন কলেজে যেখানে বিজ্ঞান পড়বার সুযোগ ছিল না, সেখানে যেমন জিওগ্রাফি পাশ অনার্স কোর্স দিয়েছি। গত বছরের রিপোর্টটা দেখবেন, হায়ার সেকেন্ডারি এডুকেশন দপ্তরের, সেখানে বিস্তারিতভাবে দেওয়া হয়েছে। বিভিন্ন কলেজে বায়ো সাইন্স, ফিজিকাল সাইন্স, বিভিন্ন ভোকেশনাল সাবজেক্ট, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সাইন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন দিয়েছি। মেদিনীপুরে একটা কলেজে সিড টেকনোলজি, হোটেল এবং ট্যুরিজম ম্যানেজমেন্ট এর বিভিন্ন বিষয়গুলি দেওয়া হচ্ছে। নূতন যে ১৮টি কলেজ আছে, সেখানে যেহেতু তাদের যাত্রা শুরু করছে, তাই তাদের পরিকাঠামো গড়ে তুলতে সময় লাগবে, তাই কোনও নূতন কলেজকে প্রথমে বিজ্ঞান দিই না, তাদের ঘর, পরিকাঠামো, লাইব্রেরি, আছে কি না, কত শিক্ষক লাগবে, কত ছাত্র ভর্তি হচ্ছে, সেটা দেখে আমরা বিজ্ঞানটা দিই।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্য অশোক মিত্র কমিশন যে রিপোর্ট দিয়েছিল তার বিরোধী। আমি জানি না, কোনটা আপনাদের সরকারের পলিসি। অশোক মিত্র কমিশন তার রিপোর্টে বলেছিল অনেকগুলো কলেজ আছে সেগুলো আনভায়াবেল এবং সেই কমিটির একটা স্পষ্ট রেকমেন্ডেশন ছিল আনভায়াবেল কলেজগুলোকে না রেখে দু-তিনটি কলেজকে অ্যামালগ্যামেট করার সাজেশন তিনি দিয়েছিলেন। তখন উচ্চ শিক্ষামন্ত্রী ছিলেন মুখ্যমন্ত্রী নিজে এবং তিনি ঘোষণাও করেছিলেন এই রেকমেন্ডেশনগুলো আমরা মেনে নেব এবং যেগুলো আনভায়াবেল কলেজ আছে সেগুলোর ব্যাপারে আমরা চিন্তা-ভাবনা করব। আর আজকে মন্ত্রী মহাশয় জানালেন ১৮টি নতুন কলেজ তিনি করেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি এই আনভায়াবেল কলেজের ব্যাপারে সরকারের পলিসি কি এবং কোন ক্রাইটেরিয়ার ভিত্তিতে সরকার নতুন কলেজ অনুমোদন দিচ্ছেন? পুরোপুরি রাজনৈতিক চাপে, লোকাল সি. পি. এমের চাপে কি এই অনুমোদন দেওয়া হচ্ছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্য সঠিকই বলেছেন, অশোক মিত্র কমিশন কিছু কিছু কলেজের কথা বলেছিলেন, যেগুলোকে বলা যেতে পারে ভবিষ্যতে নিজের পায়ে দাঁড়ানো এবং পরিপুষ্ট হওয়ার সম্ভাবনা কম। আমরা কমিশনে রিপোর্ট পাওয়ার পর ঐ সমস্ত কলেজগুলো সম্পর্কে খবারাখবর নিতে শুরু করি। দেখা যাচ্ছে ইতিমধ্যে যে পরিমাণে ছাত্র-ছাত্রী পাশ করে বেরোচ্ছে তাতে ঐ সমস্ত কলেজগুলোর অধিকাংশ কলেজই সবল কলেজে পরিণত হয়েছে। অশোক মিত্র কমিশনের রিপোর্ট বেরিয়েছে পাঁচ বছর হয়ে গেছে, অবস্থার পরিবর্তন হয়েছে। তবে এখনও দু-একটা কলেজ সম্পর্কে বলি, যেখানে যে পরিমাণে ছাত্র-ছাত্রী উচিত সেখানে সেই পরিমাণ ছাত্র-ছাত্রী নেই। এই রকম কয়েকটি কলেজ আমরা আরও লক্ষ্য করব, কারণ আমরা দেখছি আরও বেশি পরিমাণে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, হায়ার সেকেন্ডারি স্কুল হচ্ছে এবং যত বেশি পরিমাণে হায়ার সেকেন্ডারি স্কুল হচ্ছে তত বেশি ছাত্র-ছাত্রী পাশ করে বেরিয়ে আসছে। একটি কলেজে ৩০ জন ছাত্র-ছাত্রী ছিল, আমরা কি করব সেই ব্যাপারে দুশ্চিন্তায় ছিলাম, কিন্তু দেখা গেল তিন বছরে সেখানে ৭০ জন ছাত্র-ছাত্রী হয়ে গেছে। আরেকটা জিনিস লক্ষ্য রাখতে হবে দুর্গম, পাহাড়ি এলাকায়, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইব, পিছিয়ে পড়া অঞ্চলে কম ছাত্র-ছাত্রী হলেও সেগুলোকে আমাদের

রক্ষা করতে হবে, কারণ এটা আমাদের সামাজিক দায়িত্ব। এর পরেও যদি দেখা যায় কোনও কলেজ এই রকম আছে তখন আমরা চিন্তা করব।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী বলেছেন যে আপনি ১৮টা কলেজ করেছেন। সেজন্য আপনাকে ধন্যবাদ। আমি জানতে চাই যে হিল এরিয়া, দুর্গম অঞ্চল সুন্দরবন এরিয়াতে লোকেশনাল ডিসঅ্যাডভান্টেজ আছে, যেমন সাগরদ্বীপের একটা রিপ্রেজেন্টেশন আপনার কাছে জমা পড়েছে। এই সমস্ত দিক থেকে সাগর দ্বীপ একটা বিচ্ছিন্ন এলাকা হ্যাভিং পপুলেশন অব ওয়ান লাখ সেভেন্টি ফাইভ থাউজেন্ড। পারসেন্টজ অব লিটারেসি রুর‍্যাল বেঙ্গল হায়েস্ট। এই সমস্ত সিচুয়েশনাল অ্যাডভান্টেজ এবং লোকেশনাল ডিসঅ্যাডভান্টেজ আপনি বিবেচনার মধ্যে রাখবেন কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা বললেন, আমি আগেই বলেছি বিভিন্ন অঞ্চল যেখানে প্রয়োজনীয়তা আছে, যেখানে দেখা যাবে ভবতোষ দত্ত কমিশন এবং অশোক মিত্র কমিশন যে গাইডলাইন দিয়েছেন সেই অনুসারে কলেজ করা উচিত, আমরা যে সমস্ত জায়গায় যেমন করেছি আগামীতেও করব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়, দয়া করে বলবেন কি যে পশ্চিমবাংলায় যে সমস্ত জায়গায় বিল্ডিং হয়ে আছে, ডিগ্রি কলেজ চলছে, ছাত্রছাত্রী আছে, কলেজটি চলছে কিন্তু আপনাদের অনুমোদনের অপেক্ষায় আছে। আপনাদের অনুমোদনের ক্রাইটেরিয়াটা কি? আপনার অনুমোদনের ক্রাইটেরিয়াটা কি? আপনাদের পারটির অ্যাফিলিয়েশন না ডাইরেক্ট ফিজিক্যাল ভেরিফিকেশন অব ডি. আই., রিপোর্ট?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য বোধ হয় ওদের আমলের পুরনো অভিজ্ঞতার রেশটা কাটাতে পারেননি। আমাদের এখানে এইরকম কোনও অ্যাফিলিয়েশনের ব্যাপার নয়। আপনি যদি নিজে দেখাতে পারেন, আমি আপনার অ্যাফিলিয়েশন থাকা সত্ত্বেও জনসাধারণের স্বার্থে আমরা সেটা করার চেষ্টা করব। আমি যেটা বলতে চাইছি, সৌগতবাবুকে পশ্চিমবাংলায় কোনও কলেজের বাড়ি ভাঙা আছে, এমন কোনও বাড়ির ঠিকানা আমাকে দিন আমরা সেটা সারিয়ে দেব। আমরা অনেক টাকা দিচ্ছি। এক হাজার শিক্ষকের নাম পাঠানো হয়েছে কলেজগুলিতে, কলেজ সার্ভিস কমিশন থেকে।

**শ্রী হাফিজ আলম সৈইরাণী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে জানতে চাইছি যে ডালখোলা মহাবিদ্যালয় স্থাপন করা হয়েছে সেখানে উর্দু পড়ানোর কোনও ব্যবস্থা আছে কি না? আর ইটাহারে নতুন কোনও কলেজ স্থাপন এর পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আপনি নিশ্চয়ই অবগত আছেন যে ডালখোলা কলেজে আমরা উর্দু পড়ানোর অনুমতি দিয়েছি। আমি আগেই বলেছি যে অন্য কোথাও কলেজ হবে এই রকম দরখাস্ত পেলে, ভবতোষ দত্ত কমিশন এবং অশোক মিত্র কমিশন যে গাইডলাইন

দিয়েছেন সেগুলো দেখে আমাদের দপ্তর থেকে ইন্সপেকশন করে আমরা যদি সন্তুষ্ট হই যে এখানে ছাত্রছাত্রীদের স্বার্থ দেখা দরকার এবং ওই গাইডলাইনে যদি তারা অন্তর্ভুক্ত হয় তাহলে আমরা সেই জায়গায় নিশ্চয়ই সেটা করব।

**শ্রী সুকুমার দাস :** স্যার, মেদিনীপুর জেলার খেজুরিতে একটা শিডিউল কাস্ট এলাকা আছে। ওই এলাকায় শিডিউল কাস্ট এলাকা ভিত্তিক কলেজ স্থাপনের জন্য ৬ বছর ধরে বারে বারে আপনার কাছে অনুরোধ করেছিলাম। এখন আপনি প্রশ্নোত্তর পর্বে উত্তর দিতে গিয়ে বললেন যে, New college to be established on this criteria that means scheduled castes area. এই রকম ক্ষেত্রে স্পেসিফিক কিছু যদি এরিয়া ভিত্তিক দাবি থাকে আমরা সেখানে প্রায়োরিটি দেব। আমার প্রশ্ন মেদিনীপুর জেলায় শিডিউল কাস্ট এরিয়ায় এই কলেজ স্থাপনের জন্য আবেদন নিবেদন করেও সাড়া পাওয়া যাচ্ছে না কেন?

**শ্রী সত্যসাধান চক্রবর্তী :** মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে, আমি আলোচনা করেছিলাম এবং বলেছিলাম যে, আমরা সাধারণত এই যে ডিগ্রি কলেজ যেখানে আর্টস, সায়েন্স, কমার্স পড়ানো হয়, সেগুলি করতে হবে। তার সঙ্গে সঙ্গে আমরা বলেছিলাম যে, ভোকেশনাল বা টেকনিক্যাল কোনও ইনস্টিটিউট তৈরি করা। এই নিয়ে কথাও হয়েছে। তবে আপনি যে জায়গা সম্পর্কে বললেন, আমি বলব—সেটা আমাদের দপ্তরের বিবেচনাধীন আছে।

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** স্যার, আমি একটা কলেজ তৈরি করেছি, যদিও এটা ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়েছে এবং এই কলেজের ছাত্র সংখ্যা ক্রমবর্ধমান। এই কলেজ এখনও পর্যন্ত মুর্শিদাবাদ জেলার মধ্যে সবচেয়ে ভাল রেজাল্ট করে। কিন্তু এখানে সিঙ্গল টিচারের সমস্যা থেকে গেছে। পার্ট টাইম করে কলেজ চালাতে হয়। আর একটা বিষয় হচ্ছে যে, ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন এর সহায়তা পেতে গেলে কি কি কন্ডিশন পালন করতে হবে? আমরা যদিও জানি সমস্ত কন্ডিশন ফুলফিল করেছি, কিন্তু তা সত্ত্বেও ইউ. জি. সি. গ্র্যান্ট পাওয়া যায়নি।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্য এটা জানেন, আমি বলেছি যে, আমরা যখন কোনও কলেজে নতুন পাস কোর্স দিই, তখন আমরা একজন টিচার দিই। তার কারণ সেই সাবজেক্টের পাসকোর্সে ফার্স্ট ইয়ার, সেকেন্ড ইয়ার থাকলেও ১২ টার বেশি ক্লাস থাকে না। ফার্স্ট ইয়ারে ৬টা ক্লাস থাকে। ইউ. জি. সি. ওয়ার্কলোডের ভিত্তিতে যে টিচার দেওয়ার কথা বলেন, সেই ভিত্তিতে আমরা সবটা বিবেচনা করি। কিন্তু তা সত্ত্বেও জানেন যে, অনেক ক্ষেত্রে টিচার রিটায়ার করার পরে আমাদের প্যানেল তৈরি হচ্ছে। আমি বহুবার স্লেট পরীক্ষা চালু করার জন্য বলেছি। এখন প্রত্যেক বছর পরীক্ষার প্ল্যান তৈরি হচ্ছে। আমি বলেছি ইতিমধ্যে এক হাজারের মতো টিচারের নাম পাঠানো হয়েছে এবং আবার এই বছর প্যানেল তৈরি হচ্ছে। বাকি সমস্ত জায়গায় নাম পাঠানো হবে এবং এই সম্পর্কে প্রত্যেকটা কলেজে বলেছি যে, আপাতত আপনারা পার্ট টাইম দিয়ে চালান। তার কারণ, কলেজে গেলে যে ফি গভর্নমেন্টের কাছে ৫০ ভাগ জমা দিতেন, ওটা আর জমা দিতে হয় না, ওটা কলেজেই রাখতে পারেন। গভর্নমেন্টের অর্ডারে বলা হয়েছে, সেই টাকা থেকে পার্ট টাইম টিচারদের বেতন দেবেন, যতক্ষণ পর্যন্ত ফুল টাইমারদের বেতন দিতে না পারছি।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে বিভিন্ন কলেজে এক হাজার শিক্ষকের নাম পাঠিয়েছেন। এই মুহূর্তে পশ্চিমবঙ্গের কলেজগুলোতে অধ্যাপক এবং অধ্যক্ষের ভ্যাকেন্সি কত আছে সেই সংখ্যাটা আপনার নিশ্চয় জানা আছে। কারণ এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। আমার মনে হয় এরজন্য নোটিশ লাগবে না।

**শ্রী সত্যসাধান চক্রবর্তী :** মাননীয় সদস্য আপনি এর আগে যখন প্রশ্ন করেছিলেন তখন বলেছি যে, এই যে পদ খালি থাকা, এটার নির্দিষ্ট কিছু নেই। ইতিমধ্যে ১০৪টি কলেজের জন্য প্রিন্সিপ্যালের পদের জন্য ইন্টারভিউ করা হয়েছিল। ৫২টি কলেজে প্রিন্সিপ্যাল পাঠানো হয়েছে। বাকি কলেজগুলোতে খালি আছে। কারণ উপযুক্ত ক্যানডিডেট নেই, আবার অনেক ক্ষেত্রে কেউ আবেদন করেননি। এটা চলাকালীনও প্রিন্সিপ্যাল রিটায়ার করছেন, ভ্যাকেন্সি হচ্ছে। টিচারের সংখ্যা এখনই নির্দিষ্ট করে বলা সম্ভব নয়। আমি এর আগে ২ বার হাউসে বলেছি যে, কত অধ্যাপকদের পদ শূন্য আছে। এই পদগুলোতে যেমন নিয়োগ করা হচ্ছে, আবার সঙ্গে সঙ্গে তেমনি খালিও হচ্ছে। একটা নির্দিষ্ট সময়ে কিছু পদ খালি থাকবেই। কারণ এটা একটা প্রসেস। কারণ রিটায়ার করলে সেটা কলেজ সার্ভিস কমিশনকে জানানো হচ্ছে। এরপর কলেজ সার্ভিস কমিশন প্যানেল তৈরি করছে। এবং এই সময়ের মধ্যে একটা গ্যাপ থাকছে। এরজন্য পার্ট টাইম টিচার নিয়োগের কথা বলেছি।

**শ্রী মুরসালিন মোল্লা :** মাননীয় মন্ত্রী বললেন, গ্রামীণ কলেজ যেখানে পাস-কোর্স খোলা হয়েছে সেখানে প্রত্যেকটা সাবজেক্টে একজন করে টিচার দেওয়ার ব্যবস্থা করেছেন। কিন্তু আমার কনস্টিটিউয়েন্সিতে মহেশতলা কলেজে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথামেটিক্সের জন্য সেখানে একজনও পার্মানেন্ট টিচার দেওয়া হয়নি। সেখানে সাবজেক্ট ওয়াইজ ৪০০ টাকা করে পার্ট টাইম টিচার দেওয়া হয়েছে। তার ফলে সেখানে পঠন-পাঠনের অসুবিধা হচ্ছে। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি, যে সমস্ত কলেজগুলোতে পাস অথবা অনার্স কোর্স খোলার অুমোদন দেওয়া হয়েছে সেখানে অন্তত সাবজেক্ট ওয়াইজ একজন করে টিচার দেওয়া হচ্ছে কিনা সেটা দেখবেন। মহেশতলা কলেজে পাসকোর্সে সাবজেক্ট ওয়াইজ কোনও টিচার দেওয়া হয়নি।

**শ্রী সত সাধান চক্রবর্তী :** ইতিমধ্যে বিভিন্ন কলেজে ৬৪টি পোস্টে নিয়োগ করা হয়েছে। আরও ২০০'ট পোস্ট খালি আছে। সেগুলোতে নিয়োগ করা হবে যে সমস্ত কলেজের অধ্যক্ষরা আমার সঙ্গে দেখা করতে আসেন, তাদের আমি বলেছি কলেজ চালাবার মতো শিক্ষক যদি থাকে তবেই আপনারা নতুন কোর্স চালু করবেন, আর তা চালাবার মতো শিক্ষক যদি না থাকে তবে আপনারা নতুন কোর্স খুলবেন না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয়, দক্ষিণ-কলকাতার যোগেশচন্দ্র চৌধুরি কলেজে সাইন্স, আর্টস এবং কর্মাস বিভাগ খোলা হয়েছে। চৌধুরি পরিবারের দেওয়া এই বাড়িটির গত ১০ বছর যাবৎ কলেজ কর্তৃপক্ষ সংস্কার, পুনর্নির্মাণের জন্য আবেদন করে আসছেন। কিন্তু সরকারের তরফ থেকে এক পয়সাও পাননি।

বিজয়গড় জ্যোতিষ রায় কলেজ একটি পরিত্যক্ত মিলিটারি ব্যারাকের মধ্যে শুরু হয়েছিল—১ তলা বাড়িতে ১১টি ক্লাস ঘর করা হয়েছে। তারপর ফারদার এক্সপ্ল্যানেশনের জন্য এবং ক্লাস যাতে সুষ্ঠু পরিবেশের মধ্যে হয়, তারজন্য আবেদন-নিবেদন করে আসছে, কিন্তু গত ৭ বছর বাদেও পাননি। যোগেশচন্দ্র চৌধুরি কলেজের রিনোভেশনের জন্য ভাবছেন কি না বা বিজয়গড় কলেজের ঐ অবস্থা দুর করার কথা চিন্তা করছেন কি না, জানাবেন কি?

**শ্রী সত্যসাধান চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, আমি ঐ দুটি কলেজেই গেছি। যোগেশচন্দ্র চৌধুরি কলেজ আপনি জানেন ট্রাস্টি পরিচালিত কলেজ, সেখানে অনেক সমস্যা আছে। সেখানকার ট্রাস্ট যারা চালাচ্ছেন তারা এবং শিক্ষকরা যত বার আমার সঙ্গে দেখা করেছেন টিচিং পোস্ট চেয়েছেন। অন্যান্য যে বিষয়গুলো নিয়ে গেছেন, তাদের সাহায্য করেছি। ঐ বাড়িটা আমি দেখেছি। সৌগত রায় যেভাবে বলেছেন 'ভগ্নদশা', ভেঙে পড়েছে, ক্লাস হয় না, রাস্তায় ক্লাস হয়, বৃষ্টির জল পড়ে—আপনি নিজে বলুন তো যোগেশচন্দ্র চৌধুরি কলেজের সেইরকম করুণ চিত্র কিনা? (**সৌগত রায় ঃ টিনের চাল**)। টিনের চাল হলেই যে রাস্তায় ক্লাস হচ্ছে বা ঘরে জল পড়ছে, তা নয়। ঐ কলেজ যদি নতুন বিল্ডিং, ইত্যাদির পরিকল্পনা করে এবং সব ব্যাপারে সরকারের সঙ্গে সহযোগিতা করতে চায়, তাহলে আমরা সহযোগিতা করব। দ্বিতীয় কলেজ যেটা বললেন, সেটা আপনিও জানেন, তার নতুন বাড়ি তৈরি হয়েছে। আমি দুবার গেছি। তারা যদি তার এক্সটেনশনের জন্য টাকা চান, তাহলে আমরা নিশ্চয় টাকা দেওয়ার চেষ্টা করব। আবার বলি, সৌগতবাবু যে ভাবে এই হাউসকে বলেছেন—ভেঙে পড়েছে, রাস্তায় গিয়ে ক্লাস করছে, সেটা যে নয়, তা দেখে আসবেন।

**তফসিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের ভরণ-পোষণ ভাতা**

*৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** তফসিলি জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে মাধ্যমিক স্তর পর্যন্ত তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত পাঠরত ছাত্র-ছাত্রীদের ভরণ-পোষণ বাবদ ভাতা দেওয়া হয় ;

(খ) সত্যি হলে, কোন আর্থিক বছর থেকে ভরণ-পোষণ ভাতা চালু করা হয়েছে; এবং

(গ) বর্তমানে মাথাপিছু বার্ষিক ভাতার পরিমাণ কত?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) বামফ্রন্ট সরকার এই রাজ্যে ক্ষমতায় আসার পর এই জনপ্রিয় প্রকল্পটি ১৯৭৯-৮০ সনে চালু করেন।

(গ) বর্তমানে মাথা পিছু বার্ষিক ভাতার পরিমাণ ৩৬০ টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এই ভাতা প্রাপ্ত ছাত্রছাত্রীদের ফ্যামিলি ইনকামের সীমানাটা তখন কত ছিল জানাবেন কি?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** যখন শুরু হয়েছিল, তখন আয়ের সিলিংটা কম ছিল। মাঝখানে ১৯৯৫ সালে ছিল ৬ হাজার টাকা। বর্তমানে ১৮ হাজার টাকা। এই টাকা পর্যন্ত পারিবারিক উপার্জন থাকলে এটা পেতে এন্টাইটেল্ড।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** ১৯৯৬-৯৭ সালে এই রাজ্যে পাঠরত ছাত্র-ছাত্রী সংখ্যা এবং কত জন ছাত্র-ছাত্রী ভাতা পেয়েছেন, তার সংখ্যাটা জানাবেন কি?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** ১৯৯৬-৯৭ এর সম্পূর্ণ হিসেব এখনও হয়নি। ১৯৯৫-৯৬ পর্যন্ত হিসেব আছে আমাদের কাছে।

[11-50 — 12-00 Noon]

এর উদ্দেশ্য হল মাধ্যমিক স্তরে পাঠরত ছাত্র-ছাত্রীদের ভরণপোষণ ভাতা দেওয়া। এতে ১৯৯৫-৯৬ সালে ৬.০৯ কোটি টাকা ব্যয় হয়েছে, উপকৃত ছাত্র-ছাত্রীর মোট সংখ্যা হল ১ লক্ষ ৬৯ হাজার ১৬৭ জন। এখানে বলে রাখা ভাল যে এই সংখ্যার মধ্যে আমাদের আর্থিক অবস্থা অনুযায়ী কত জনকে দেব সেটা সারা রাজ্যে ঠিক করা হয়। বর্তমানে ১ লক্ষ ১০ হাজার তফসিলি জাতির ছেলেমেয়েকে এই ভরণপোষণ ভাতা দেওয়া হবে এটা ধরা হয়েছে। কিন্তু তফসিলি উপজাতিদের বেলায় এই সংখ্যার কোনও সীমা নেই, ১৮ হাজার টাকার আর্থিক সীমা ঠিক করা হয়েছে কিন্তু কোনও সিলিং নেই। কাজেই উপাজাতিদের যাদের আয় ১৮ হাজার টাকার নিচে আর যারা হোস্টেলে থাকে বা বাড়িতে থাকে তারাও পাবে যদি তাদের ১৮ হাজার টাকার নিচে ইনকাম হয়।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তর থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত আদিবাসী ছাত্রছাত্রীদের পুস্তক বাবদ অনুদান দেওয়া হয়। কিন্তু যারা ভরণপোষণ বাবদ টাকা পায় তাদেরও কি এই পুস্তক বাবদ অনুদান দেওয়া হয়? আর যদি দেওয়া হয়ে থাকে তাহলে তার পরিমাণ কত?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** পুস্তক অনুদানের প্রশ্নটা হল আলাদা প্রশ্ন, তবুও আমার মনে আছে বলে বলছি, তফসিলি জাতি এবং আদিবাসী মিলে মোট প্রায় সাড়ে ৯ লক্ষ ছাত্রছাত্রীকে বুক গ্রান্ট দেওয়া হয়। তার মধ্যে ১ লক্ষ ৫৯ হাজার সংখ্যককে মাসে ৩০ টাকা বা বছরে ৩৬০ টাকা দেওয়া হয়। বাড়িতে যারা থাকে তাদেরও ভরণপোষণ সাহায্য দেওয়া হয়, হোস্টেলে যারা থাকে তাদের ৬০ হাজার জনকে এই সাহায্য দেওয়া হয়। হোস্টেলে থেকে যেটা পাওয়ার কথা, আর বাড়িতে থেকে যেটা পাওয়ার কথা, এই দুটো মিলিয়ে মোট ছাত্রছাত্রীর একের চার অংশ আমরা কভার করি।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** আপনি উত্তরে বলেছেন তফসিলি জাতি ও উপজাতিদের গ্র্যান্টের ব্যাপারে। প্রশ্ন হচ্ছে কিছু এস. সি. হোস্টেলে তফসিলি জাতির ছেলেমেয়েরা অ্যাডমিশন

তে যাচ্ছে, কিন্তু পার্মিশন পাচ্ছে না। এস. টি.-দের পার্মিশন কি নেই? ডিস্ট্রিক্ট প্রোজেক্ট ফিসার অফ দি রেসপেক্টিভ তারা আটকে দিচ্ছেন। দিস ইজ ফর এস. টি., এস. সি. টপিল নট অ্যালাউড এই জায়গায় তারা আটকে দিচ্ছেন। এ ব্যাপারে পার্মিশন বা অর্ডার বেন কি?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** এস. সি.-দের হোস্টেল এস. সি.-দের জন্য, সেখানে এস. ব্যতীত অন্য কাউকে দেওয়া যাবে না। তবে এস. সি. হোস্টেলে এস. সি.-দের থাকার ও যদি জায়গা থাকে তাহলে এস. টি.-দের দেওয়া যেতে পারে, এবং তার পরও যদি য়গা থাকে তাহলে জেনারেল কাস্টরাও পাবে। অন্যদিকে শিডিউল্ড ট্রাইবস হস্টেলে শিডিউল্ড বস ছাত্র-ছাত্রীরা থাকার পরেও যদি জায়গা থাকে তাহলে প্রথমে শিডিউল্ড কাস্টরা যোগ পাবে এবং তারপরেও জায়গা থাকলে জেনারেল কাস্টরা সুযোগ পাবে। এই ভাবে ছে, যদি কোথাও ব্যতিক্রম থাকে, নজরে আনবেন, ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল :** বিদ্যালয়ের বই-এর দাম যেভাবে বাড়ছে তাতে তফসিলি এবং দিবাসী ছাত্র-ছাত্রীদের যে বুক গ্রান্ট দেওয়া হয় তার পরিমাণ বাড়ানো দরকার বলে মনে ছ। এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের কোনও চিন্তা ভাবনা আছে কি?

**শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া :** বুক গ্রান্টের পরিমাণ সাধারণত তিন বছর অন্তর অন্তর ভাইস করা হয়। গত দু বছর আগে শেষ রিভাইস হয়েছে এবং তাতে ক্লাস নাইনের ত্রে ২৫০ টাকা করা হয়েছে। তারপর এখনও তিন বছর হয়নি। তিন বছরের মাথায় আর বার রিভাইস করব।

**ইংরাজি মাধ্যম স্কুলকে দিল্লি বোর্ডের অনুমোদন**

*৬০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৩) **শ্রী কমল মুখার্জি :** বিদ্যালয় শিক্ষা বিভাগের রপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯১ সাল থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত সরকার বেশ কিছু বে-সরকারি ইংরাজি মাধ্যম স্কুলকে দিল্লি বোর্ডের অনুমোদন পাওয়ার জন্য 'আপত্তি নাই' সার্টিফিকেট দিয়েছেন ;

(খ) সত্যি হলে, এই ধরনের স্কুলের সংখ্যা কত ; এবং

(গ) দিল্লি বোর্ডের অনুমোদন পাওয়ার পর রাজ্য সরকার ঐসব স্কুলের উপর কতখানি কর্তৃত্ব রাখতে পারবেন?

**শ্রী কান্তি বিশ্বাস :**

(ক) হ্যাঁ, সত্য

(খ) এই ধরনের স্কুলের সংখ্যা ৬০।

(গ) শংসাপত্র প্রত্যাহার করার উদ্যোগ গ্রহণ করা ব্যতীত ঐ সকল বিদ্যালয়কে নিয়ন্ত্রণ করার কোনও সুযোগ রাজ্য সরকারের কার্যত কিছু নেই।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে, ঐসব প্রাইভেট ইংলিশ মিডিয়াম স্কুলগুলো ছাত্র ভর্তির ব্যাপারে হাজার হাজার টাকা ডোনেশন নিচ্ছে। অথচ শিক্ষক শিক্ষিকাদের নাম-মাত্র মাইনে দিচ্ছে এবং স্টুডেন্টদের কাছ থেকে অত্যধিক পরিমাণে টিউশন ফি নিচ্ছে। অতএব তাদের পরিচালন ব্যবস্থা খুঁটিয়ে দেখা দরকার এবং ব্যবস্থা নেওয়া দরকার। তা কি সরকার নিচ্ছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি আগেই বলেছি নো অবজেকশন সার্টিফিকেট দেবার পরে তা আমরা প্রত্যাহার করে নিতে পারি এবং যদি তা করি তাহলে স্কুল ডি-রেকগনাইজ হয়ে যাবে। তখন সেই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অন্ধকার হয়ে যাবে। সে জন্য যে ক্ষমতা আমাদের আছে তা প্রয়োগ করি না। ফলে এই সুযোগে স্কুল কর্তৃপক্ষ স্বেচ্ছাচারিতা চালায়, অন্যায় কাজ করে। সে জন্য কিছু দিন আগে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের মানবাধিকার বিকাশ দপ্তরের মন্ত্রীর কাছে চিঠি লিখেছেন যে, এইসব বিদ্যালয়কে নিয়ন্ত্রণ করবার জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আইন রচনা করা হোক। কিন্তু এখানেও কিছু সমস্যা আছে, এই বিদ্যালয়গুলির মধ্যে যেগুলি সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত বিদ্যালয় বলে পরিচিত সেগুলি সংবিধানের ৩০ নং অনুচ্ছেদের নিয়ন্ত্রণের। সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার জানিয়েছেন সংবিধান সংশোধন না করে তাদেরও কিছু করণীয় নেই। বাকিগুলির জন্য কেন্দ্রীয় সরকার বলছেন যে, নিয়ন্ত্রণ করার জন্য কিছু ব্যবস্থা গ্রহণ করার কথা তারা চিন্তা ভাবনা করছেন।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই ধরনের কোনও স্কুলের ক্ষেত্রে নো অবজেকশন সার্টিফিকেট প্রত্যাহার করে নেবার উদ্যোগ গ্রহণ করেছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি আগেই বলেছি নো অবজেকশন সার্টিফিকেট প্রত্যাহার করে নিলে বিদ্যালয় ডি-রেকগনাইজ হয়ে যাবে, ফলে ছাত্র-ছাত্রীরা বিপদে পড়বে, তাদের ভবিষ্যৎ অন্ধকার হয়ে যেতে পারে। সেজন্য আমরা ঐ উদ্যোগ গ্রহণ করতে পারছি না। তবে দু-একটা জায়গায় ইন্সপেক্টর পাঠিয়েছি এবং দু'-একটা ক্ষেত্রে নো অবজেকশন সার্টিফিকেট না দেবার কথা বলা হয়েছে। আমি বলতে পারি যে, আমরা অনেক ক্ষেত্রেই বাধ্য হয়ে বিদ্যালয় চালাতে দিচ্ছি। এটা খুবই দুঃখজনক। কিন্তু আমরা যথেষ্ট পরিমাণে নিরূপায়।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সমাজের অবস্থাপন্ন শ্রেণীর স্বার্থে প্রাইভেট ইংলিশ মিডিয়াম স্কুলগুলিকে নো অবজেকশন সার্টিফিকেট দিয়ে চালাতে দিচ্ছেন, অথচ তাদের ত্রুটিপূর্ণ পরিচালন ব্যবস্থার ওপর হস্তক্ষেপ করতে পারছেন না। এ ব্যাপারে আপনার বক্তব্য কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** কেন্দ্রীয় সরকার যে নিয়ম চালু রেখেছেন তাতে সংখ্যালঘু সম্প্রদায়ের বিদ্যালয়গুলির ক্ষেত্রে সংবিধানের ৩০ নং অনুচ্ছেদ সংশোধন না করে আমাদের বা কেন্দ্রীয় সরকারের কিছুই করার নেই।

[12-00 — 12-10 p.m.]

দ্বিতীয়ত, যে বিদ্যালয়গুলি সংবিধানের ৩০ অনুচ্ছেদের মধ্যে নেই যে নিয়ম আছে এটা রাজ্য সরকারের পক্ষ থেকে কিছু করার নেই। যদি কিছু করতে পারে সেটা কেন্দ্রীয় সরকারই। আপনারা যখন ছিলেন কেন্দ্রে তখনও আইন করেননি। বর্তমান সরকার যদি আইন করেন নিশ্চয়ই কিছু করা হবে।

**শ্রী রবীন মুখার্জি ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, আমাদের রাজ্যে কতগুলি বেসরকারি ইংলিশ মিডিয়াম স্কুল রাজ্য সরকারের কাছে নো-অবজেকশনের জন্য আবেদন করেছিলেন এবং রাজ্য সরকার কেন্দ্রের কাছে কতগুলি পাঠিয়েছিলেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** একটু আগেই বললাম ৬০টি শংসাপত্র দিয়েছি ১৯৯১ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত। শ্রী কমল মুখার্জির প্রশ্নের উত্তরেই তো আমি বললাম।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### অজয় নদীর বন্যা নিয়ন্ত্রণ

*৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৮) **শ্রী তপন হোড় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) অজয় নদীর বন্যা নিয়ন্ত্রণ করার কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে পরিকল্পনার রূপরেখাটি কিরূপ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে, তবে 'অজয় জলাধার প্রকল্পটি পুনর্বিবেচনার কারণে আবার রচনার পর্যায়ে ফিরে গেছে।

(খ) বন্যা নিয়ন্ত্রণ সহ উক্ত প্রকল্পের বহুমুখী উদ্দেশ্যগুলি বর্তমানে খতিয়ে দেখা হচ্ছে।

### কলকাতায় তফসিলি জাতি ও উপজাতিদের জন্য ভবন নির্মাণ

*৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭৬) **শ্রী নরেন হাঁসদা ঃ** তফসিলি জাতি ও আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় তফসিলি জাতি, উপজাতি ও অনগ্রসর শ্রেণীভুক্ত মানুষের জন্য অল্পমূল্যে থাকা ও খাওয়ার কোনও নির্দিষ্ট পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**তফসিলি জাতি ও আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই ধরনের কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**উদ্বাস্তু কলোনির উন্নয়ন**

*৬০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৯) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হুগলি জেলার কোন্ কোন্ উদ্বাস্তু কলোনিগুলিকে রাস্তাঘাট, পয়ঃপ্রণালী, পানীয় জল ইত্যাদি পরিকাঠামোগত উন্নয়নের উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে ; এবং

(খ) কলোনিভিত্তিক ও পরিকল্পনাভিত্তিক বরাদ্দের পরিমাণ কত?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হুগলি জেলার নিম্নলিখিত কলোনীগুলিকে রাস্তাঘাট, পয়ঃপ্রণালী, পানীয় জল ইত্যাদি পরিকাঠামোগত উন্নয়নের উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে ঃ

| **কলোনির নাম** | **অবস্থান** |
|---|---|
| ১. শেওড়াফুলি ২নং গভঃ স্পনসর্ড স্কিম | বৈদ্যবাটি পৌরসভা (সি. এম. ডি. এ. এলাকা) |
| ২. বীর ক্ষুদিরাম কলোনি | বাঁশবেড়িয়া পৌরসভা |
| ৩. বি. পি. আর. | ঐ |
| ৪. শিব সোহাগিনী কলোনি | ঐ |
| ৫. নেতাজীনগর কলোনি | ঐ |
| ৬. ভদ্রেশ্বর ২নং গভঃ স্পনসর্ড কলোনি | ভদ্রেশ্বর পৌরসভা |
| **কলোনির নাম** | **অবস্থান** |
| ৭. নিরঞ্জননগর কলোনি | চন্দননগর পৌরসভা |
| ৮. বলাগড় গভঃ স্পনসর্ড কলোনি | চুঁচুড়া পৌরসভা |
| ৯. সুকান্তনগর জবরদখল কলোনি | ঐ |
| ১০. কালিতলা কলোনি | কোন্নগর পৌরসভা |

| | কলোনির নাম | অবস্থান |
|---|---|---|
| ১১. | ভদ্রকালি কলোনি | উত্তরপাড়া কোতরং পৌরসভা |
| ১২. | বিবেকানন্দ কলোনি | ঐ |

(খ)

| | কলোনির নাম | উন্নয়নের জন্য নির্ধারিত অর্থের পরিমাণ | পরিকল্পনার জন্য প্রকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | শেওড়াফুলি ২নং | ৩৮,৫৭,৬০৯ টাকা | ৩৮,৫৬,০০০ টাকা |
| ২. | বীর ক্ষুদিরাম কলোনি | ১২,২৬,৬১৩ " | ১২,২৬,৩৮০ " |
| ৩. | বি. পি. আর কলোনি | ১২,২৬,৬১৩ " | ১২,২২,৭৫৬ " |
| ৪. | নেতাজীনগর কলোনি | ৮,৮৮,৮৫০ " | ৮,৮৩,৩২০ " |
| ৫. | শিবসোহাগিনী কলোনি | ৭,৪৬,৬৩৪ " | ৭,৪৬,৬৩০ " |
| ৬. | ভদ্রেশ্বর ২নং | ৭,৯১,০৯৪ " | ৩,৮৬,১৮৫ " |
| ৭. | নিরঞ্জননগর ১নং কলোনি | ১৭,৪২,১৪৬ " | ১৬,৫৭,৩৫৫ " |
| ৮. | বলাগড় গভঃ স্পনসর্ড কলোনি | ১২,৬২,১৬৭ " | ১২,৭৪,৩৭৪ " |
| ৯. | সুকান্তনগর জবরদখল কলোনি | ৪৭,৮২,০১৩ " | ৪৬,৬১,৬৬০ " |
| ১০. | কালিতলা কলোনি | ৩২,৭০,১৬৮ " | ৩২,৭০,১৭১ " |
| ১১. | ভদ্রকালি কলোনি | ৯,২৪,৪০৪ " | ৬,০৯,৯২০ " |
| ১২. | বিবেকানন্দ কলোনি | ৪,৭৯,৯৭৯ " | ৪,৭৯,৫৫৫ " |
| | মোট | ২,০৭,৯৯,০৯০ টাকা | ২,০২,৬৫,১০৫ টাকা |

## ২৮টি কলেজ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা

*৬১০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬৩) **শ্রী অজয় দে ঃ** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) নদীয়া ও মুর্শিদাবাদ জেলায় ২৮টি কলেজ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে আনার পরিকল্পনা আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, তা কত দিনের মধ্যে কার্যকর হবে বলে আশা করা যায়?

**উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, নদীয়া জেলার ৫টি কলেজ পূর্ব থেকেই কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**তফসিলি ও আদিবাসী সার্টিফিকেট প্রদানে বিলম্ব**

*৬১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৫) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** তফসিলি জাতি ও আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জেলার ব্লক ও সাব-ডিভিসনাল অফিসগুলি থেকে ও. বি. সি., তফসিলি, আদিবাসী (উপজাতি) সার্টিফিকেট প্রদানে বিলম্ব ঘটছে ; এবং

(খ) সত্যি হলে, ঐ সার্টিফিকেট প্রদান ত্বরান্বিত করার জন্য বিশেষ 'সেল' খোলার কোনও পরিকল্পনা আছে কি?

**তফসিলি জাতি ও আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আংশিক সত্য

(খ) 'সেল' খোলার প্রস্তাব নেই।

**Scheme for giving flats to the aged Female Refugee**

*612. (Admitted question No. *2208) **Dr. Pravin Kumar Shaw :** Will the Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department be pleased to state—

(a) Whethei the Government has any scheme for giving flats to the aged female refugees of Titagarh Refugee Rehabilitation Camp instead of distribution of plots of land to them ; and

(b) if so, the details thereof ?

**The Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department :**

(a) No.

(b) Does not arise.

**বর্তমান বর্ষে ছাত্র ভর্তির সমস্যা**

*৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩২) **শ্রী শক্তিপদ খাঁড়া :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিকে ছাত্র ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় স্থানাভাব মেটানোর সমাধানের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৭-৯৮ সালে উচ্চ মাধ্যমিকে ছাত্র ভর্তির ক্ষেত্রে স্থানাভাব আছে কিনা তা এখনও নির্ণীত হয়নি, যেহেতু মাধ্যমিক পরীক্ষার ফল এখনও প্রকাশিত হয় নি।

**কোস্ট ক্যানালের জলে সেচের পরিকল্পনা**

*৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭২৯) **শ্রী চক্রধর মাইকাপ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

উড়িষ্যার কোস্ট ক্যানাল-এর জল সেচের কাজে ব্যবহার করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনায় রয়েছে কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না, নেই।

**মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিকে উন্নীতকরণ**

*৬১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬৭) **শ্রীমতী মমতা মুখার্জি ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে মোট কয়টি মাধ্যমিক বিদ্যালয়কে 'উচ্চমাধ্যমিক' স্তরে উন্নীতকরণ করা হবে বলে আশা করা যায়?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৭-৯৮ সালে ব্যয়-বরাদ্দের দাবি বিধানসভায় অনুমোদিত হওয়ার পূর্বে এবং অর্থ বিভাগের প্রয়োজনীয় সম্মতি না পাওয়া পর্যন্ত এ সম্পর্কে কোনও কিছু বলা সম্ভব নয়।

**"প্রাথমিক স্বাস্থ্য বিধান"**

*৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮০৮) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাধ্যমিক স্তরে "প্রাথমিক স্বাস্থ্য বিধান" সিলেবাসে অন্তর্ভুক্ত করার কথা সরকার ভাবছেন কি ; এবং

(খ) অতি সাধারণ অসুখের "চিকিৎসা শিক্ষা" পাঠক্রম মাধ্যমিক স্তরে চালু করার বিষয়টি কোন পর্যায়ে আছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কোনও বিষয় পাঠক্রমে অন্তর্ভুক্ত করতে হলে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদই মাধ্যমিক স্তরে সিদ্ধান্ত গ্রহণ করে। প্রয়োজন হলে সরকার সুপারিশ করে।

"প্রাথমিক স্বাস্থ্য বিধান" পাঠক্রমে অন্তর্ভুক্ত করার কোনও সুপারিশ সরকার এখন পর্যন্ত করেনি।

(খ) এ বিষয়ে কোনও সিদ্ধান্ত এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ গ্রহণ করেনি।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment motion.

The first one is from Shri Pankaj Banerjee on the subject of deterioration of law and order situation in Tollygunge area and the second one is from Shri Gopal Krishna Dey on the subject of deplorable condition of the river dams in Sundarban areas.

The subject matter of the first motion is couched in general terms and not on a definite matter as required under the rules for an Adjournment Motion. The motion is thus out of order and I reject it.

On the subject matter of the second motion, an Adjournment Motion was given on 16.6.97 by Shri Gopal Krishna Dey on which I withheld my consent. The second motion is also thus out of order and I reject it.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received ten (10) notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | Name |
|---|---|
| i) Enquiry into the death of one Fazlu Khan from the police firing in July '96 at Parulia More under Diamond Harbour P.S. in South 24-Pgs. | : Shri Sk. Daulat Ali |
| ii) Alleged lease-transfer of Bhutani Diyara Inland Fisheries Part I by the Bhanuka Fishermen Society under Ratua Assembly Constituency, Malda. | : Shri Samar Mukherjee: |

| | |
|---|---|
| iii) Reported death of 11 persons by electrocution at Samarnagar and Siliguri in Darjeeling district. | Shri Sudip Bandyopadhyay |
| iv) Rejection of acquisition of the Mongla-Hat, Howrah. | : Shri Mursalin Molla |
| v) Non-completion of construction work of the dam in Manickchak area, Malda. | : Shri Ram Prabesh Mondal |
| vi) Alleged pollution of drinking water by arsenic in Bhagawangola area, Murshidabad. | : Shri Abu Suffian Sarkar |
| vii) Steps taken for early payment of pensions to the retired teachers. | : Shri Nirmal Das |
| viii) Steps taken to prevent fire in cinema halls in the State. | : Shri Ashok Kumar Deb |
| ix) Non-availability of rice and wheat in ration shops in the State. | : Shri Rabin Mukherjee and Shri Abdul Mannan |
| x) Alleged non-implementation of Jamgram Panuria (Kharabar) Water Supply Scheme in Burdwan district. | : Shri Manik Upadhyay |

I have selected the notice of Shri Sudip Bandyopadhyay on the subject of 'Reported death of 11 persons by electrocution at Samarnagar and Siliguri in Darjeeling districts.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 24th June, 1977.

**Mr. Speaker :** Now I shall take up the mention cases. I have 28 mentions with me today. The time allotted is one and a half minute for each one. I call upon Shri Saugata Roy.

## MENTION CASES

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি কয়েকদিন ধরে এই বিষয়ে মেনশন দিয়েছি। আমার বিধানসভা কেন্দ্রে অহীন্দ্র চৌধুরির নামে একটি নাট্যমঞ্চ অহীন্দ্রমঞ্চ হয়। সরকার হঠাৎ

সিদ্ধান্ত নেন এই নাট্যমঞ্চটি চলছে না, সুতরাং একে সিনেমা হলে পরিণত করা হবে। এই সিদ্ধান্ত সরকার একতরফা নেন। স্থানীয় লোকেদের সঙ্গে, স্থানীয় বিধায়কের সঙ্গে কোনও আলোচনা করেননি। স্থানীয় লোকেরা যখন বাধা দেয় এই অহীন্দ্র মঞ্চকে সিনেমা হলে রূপান্তরিত করার প্রচেষ্টা বন্ধ করার জন্য, তখন তারা আমার সঙ্গে যোগাযোগ করে এবং ওখানকার যিনি স্থানীয় কাউন্সিলার তার সঙ্গেও যোগাযোগ করে আলোচনা করেন। ওনারা বলেন, সিনেমা হল হলে স্থানীয় লোকেদের যেটুকু অসুবিধা হবে—স্থানীয় ক্লাবের ছেলেরা যেহেতু কোনও নাটক করতে পারবে না, বা কোনও অনুষ্ঠান করতে পারবে না সেহেতু পুষিয়ে দেবার জন্য স্থানীয় বেকার ছেলেদের অহীন্দ্র মঞ্চে কাজে নেবেন। যখন সিনেমা হল রেডি হয়ে গেল এবং ১৫ই মে যখন খুলল তখন ওনারা জানিয়ে দিলেন, স্থানীয় লোককে এখানে নিতে পারব না, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেব। তখন কংগ্রেসের পক্ষ থেকে সেখানে আন্দোলন শুরু হয় এবং স্থানীয় কাউন্সিলার ওখানে অনশন শুরু করেন।

গত ১২ই মে বুদ্ধদেববাবুর পুলিশ নির্মমভাবে কংগ্রেস কর্মিদের লাঠি পেটা করে এবং কাউন্সিলার রুবি দত্তকে ধরে নিয়ে যায়। তারপর দু/তিন বার বুদ্ধদেববাবুকে বলেছি কিন্তু উনি অনমনীয় মনোভাব নিয়েছেন, কিছুতেই উনি স্থানীয় কাউন্সিলারের সঙ্গে কথা বলবেন না। বুদ্ধদেববাবুর এই জেদের ফলে অহীন্দ্র মঞ্চে সিনেমা হলও চলছে না। সেখানে মৃনাল সেনের তা উদ্বোধন করার কথা ছিল কিন্তু আমাদের অনুরোধে তিনি আসেননি। স্থানীয় লোকদের বিরোধিতায় সেখানে সিনেমা হল চলতে পারে না। আমি তাই আগেও বুদ্ধদেববাবুকে অনুরোধ করেছি, আবার করছি, কাউন্সিলার রুবি দত্তের সঙ্গে আলোচনা করে সেখানে যাতে একটা সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হয় তার ব্যবস্থা করুন। একতরফা ভাবে একটা নাট্যমঞ্চকে সিনেমা হলে পরিণত করে আমাদের লোকজনদের পুলিশ দিয়ে পিটিয়ে তা চালাবেন এটা কিছুতেই হ'তে পারে না। আমি এ ব্যাপারে বুদ্ধদেববাবুর বিবৃতি দাবি করছি।

**শ্রী জয়ন্ত চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বন, পর্যটন, মৎস্য, ক্ষুদ্রশিল্প প্রভৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, বিষ্ণুপুরে মল্ল রাজাদের অনেক মন্দির রয়েছে। তার সঙ্গে সঙ্গে ৭টি বাঁধও এই ছোট শহরটিতে আছে। এই শহরের মন্দিরগুলির যেভাবে রক্ষণাবেক্ষণ হচ্ছে তেমনি এই বাঁধগুলির সংস্কার না করলে বাঁধগুলি মজে যাবে। এখনই এই বাঁধগুলির দিকে দৃষ্টি দেওয়া দরকার। ৭টি বাঁধ সংস্কার করলে একদিকে যেমন কয়েক হাজার বিঘা জমিতে চাষ করা সম্ভব হবে অপরদিকে মৎস্য চাষও করা যাবে। এর সঙ্গে সঙ্গে সেখানে পর্যটন শিল্পেরও উন্নতি করা যাবে। এক দিকে বন তৈরি করে তাতে ডিয়ার পার্ক তৈরি করলে এবং তার সঙ্গে পিকনিক স্পট ও লালবাঁধে বোটিং-এর ব্যবস্থা করলে আমি মনে করি সেখানে পর্যটন শিল্পের অনেক উন্নতি হবে এবং জায়গাটি আরও আকর্ষণীয় করে তোলা যাবে। সঙ্গে সঙ্গে বিষ্ণুপুরে যে কুটির শিল্প আছে সেগুলিও বাঁচবে। মৎস্যচাষ, কৃষিজীবী মানুষদের সাহায্য এবং পর্যটন শিল্পের উন্নতির স্বার্থে অবিলম্বে সেখানকার ৭টি বাঁধ এবং জলাশয়টির সংস্কার করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা শহরে একজন শিক্ষকের উপর কি ধরনের অমানবিক অত্যাচার চলছে এবং রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য, রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার ব্যাপার ঘটছে সেই ঘটনাটিই আমি তুলে ধরতে চাই। কলকাতার উদয়প্রতাপ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীকান্ত পাঠক, তাকে রাজ্য সরকার এবং স্কুল কমিটি জোর করে সাসপেন্ড করে রেখেছে। কমপক্ষে ১০ বার তিনি রাজ্য সরকার এবং স্কুল বোর্ডকে মামলায় হারিয়ে তার চাকরি ফিরে পেয়েছেন। কয়েকদিন আগে আমি বিষয়টি চিঠি দিয়ে মন্ত্রী মহাশয়কে জানিয়েছিলাম। এই লোকটিকে বোর্ড অব ডাইরেক্টার্স চাকরি ফিরিয়ে দিয়েছে কিন্তু তা সত্ত্বেও তার চাকরি ফেরৎ দেওয়া হচ্ছে না। মন্ত্রী মহাশয়কে আমি একথা জানিয়েছিলাম কিন্তু মন্ত্রী মহাশয় তার প্রতিটি চিঠিতেই উত্তরে লিখছেন যে তার বিরুদ্ধে গুরুতর অভিযোগ আছে। কোনও স্তরের কোর্ট বা এনকোয়ারি কমিটির সামনে কোথাও তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি কিন্তু তা সত্ত্বেও শুধুমাত্র দলীয় লোককে সেখানে হেড মাস্টার করার জন্য জোর করে ১০ বছর ধরে তাকে সাসপেন্ড করে রাখা হয়েছে। তার কিডনি পরিবর্তন করতে হয়েছে এবং তারজন্য তাকে হাসপাতালে থাকতে হয়েছে, পয়সা নেই বলে নিজেই তিনি কোর্টে অ্যাপিয়ার হয়েছেন। ডাইরেক্টার তাকে তার চাকরি ফিরিয়ে দিয়েছে কিন্তু তা সত্ত্বেও তিনি চাকরি ফিরে পাচ্ছেন না ফলে তিনি অনাহারে দিন কাটাচ্ছেন। এ সম্পর্কে মাননীয় বিরোধীদলের নেতা মন্ত্রী মহাশয়কে চিঠি দিয়েছেন, শ্রী সঞ্জয় বক্সি চিঠি দিয়েছেন, আমিও চিঠি দিয়েছি। কেন এই জিনিস চলবে? তার চাকরি যদি ফিরিয়ে দেওয়া না হয় তাহলে মন্ত্রী মহাশয়কে বলছি, আপনার দপ্তরের সামনে আমি আমরণ অনশন করব—বিধানসভায় একথা আমি ঘোষণা করলাম। একজন প্রাথমিক শিক্ষক, তার কোনও দোষ না থাকা সত্ত্বেও এবং কোর্টে আপনারা বারবার পরাজিত হওয়া সত্ত্বেও তিনি তার চাকরি ফিরে পাচ্ছেন না। মন্ত্রী মহাশয়ের কাছে আমি এর জবাব দাবি করছি।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্য যে কথা বললেন আমি তাকে একথা বলতে চাই যে, প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ করেন জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদ। কলকাতা জেলাও এই আইনের আওতায়। ফলে আলোচ্য শিক্ষকের নিয়োগ কর্তা কলকাতা জেলা প্রাথমিক সংসদ। তার বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণের পরিপূর্ণ অধিকার ঐ সংসদের। ঐ সংসদই ঐ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে। ঐ শিক্ষক আদালতের দারস্থ হয়েছেন এবং তিনি দাবি করেছেন। আদালত তাকে বিদ্যালয়ে যোগদান করার জন্য আদেশ দিয়েছেন। এখন তিনি যোগদান করতে গিয়ে বাধা পাচ্ছেন। এক্ষেত্রে সরকারের পক্ষ থেকে কিছু করণীয় নেই যেহেতু সরকার তার নিয়োগ কর্তা নন এবং তাকে নিয়ন্ত্রণ করা, শাস্তি দেওয়া বা শাস্তি মকুব করার কোনও অধিকার সরকারের নেই। আলোচ্য শিক্ষক আমার সঙ্গে দেখা করেছিলেন। আমি তাকে বলেছি যে, আদালত থেকে যে প্রতিকার আপনি পেয়েছেন, যদি প্রয়োজন মনে করেন তাহলে সেই প্রতিকারকে বাস্তবায়িত করার জন্য আপনি কলকাতা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের বিরুদ্ধে আদালতের নিকট আদালত অবমাননার মামলা দায়ের করতে পারেন। এ ছাড়া অন্য

কোনও পরামর্শ দেওয়ার সুযোগ আমার কাছে নেই। যদিও এই বিদ্যালয়ের বিরুদ্ধে ভুরিভুরি অভিযোগ আমার কাছে জমা আছে। সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের যে সমস্ত বিধায়করা এই বিষয়ে আমার কাছে চিঠি লিখে জানতে চেয়েছেন, আমি প্রত্যেককে লিখিত ভাবে একথা সবিস্তারে জানিয়েছি।

**শ্রীমতী শক্তি রানা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার গোপীবল্লভপুরে সাঁকরাইল ব্লকে ৩৮৭টি মৌজার মধ্যে ২৩টি মৌজায় মাত্র বিদ্যুৎ রয়েছে, বাকিগুলিতে কোনও বিদ্যুৎ নেই। অথচ ঐ সমস্ত এলাকার বেশির ভাগ মানুষ কৃষির উপরে নির্ভরশীল। তাই আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ সমস্ত এলাকায় বিদ্যুৎ সম্প্রসারণ করা যায় সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য। এছাড়া আর একটা কথা আমি এখানে বলতে চাই। আমরা এখানে যারা নির্বাচিত হয়ে আসি, আমাদের মতামত এবং এলাকার মানুষের কথা বলব কিন্তু বিরোধী পক্ষের সদস্যদের গোলমাল করার জন্য সেই সব কথা ঠিকমতো বলতে পারি না। কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করব যে, আমরা যাতে এলাকার কথা এখানে সুষ্ঠুভাবে বলতে পারি আপনি সেই সুযোগ আমাদের করে দেবেন।

**श्री राम जनम मांझी** : माननीय स्पीकर सर, मै आपके माध्यम से विद्युत मंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ। सर, हमारे उलबेड़िया उतर केन्द्र मे अबतक विद्युत की कोई व्यवस्था नही हो सका है। आप जानते है उलबेड़िया उतर केन्द्र मे सीडल कास्ट का मेजरिटी है। सिडल कास्ट का इलाका है क्षेत्र मे भारी संख्या मे अनुसुचित जाति के लोग रहते है सर, उन जगहो मे विद्युत की कोई व्यवस्था नही है। मै आगे भी विद्युत मंत्री से अनुरोध किया था और उन्होने आशवासन दिया था कि विद्युत की समुचित व्यवस्था होगी, परन्तु आज तक कोई व्यवस्था नही किया गया है। सर, पोल है तो तार नही और बहुत जगह तार है तो पोल नही है, और तार पोल है तो भी लाइन नही है। उतर उलबेड़िया केन्द्र मे भारी असुविधा होती है, सर, उलबेड़िया शिल्पांचल इलाका है इस ओर बिशेष नजर देते हुए जल्द से जल्द विद्युत की समुचित व्यवस्था किया जाए यह मै आपके माध्यम से विद्युत मंत्री से अनुरोध करता हूँ।

**শ্রী ননীগোপাল চৌধুরি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উদয়নারায়ণপুর থেকে হাওড়া শহরে আসবার মোটামুটি তিনটি রাস্তা যার বেশির ভাগটাই হুগলি জেলা দিয়ে। ঐ রাস্তা দিয়ে হাওড়া জেলায় পড়লেই গাড়ি এবং যাত্রী উভয়েই বুঝতে পারে যে, হাওড়া এসে গেছে, কারণ গাড়ি গর্তে পড়ে আর উঠতে পারে না। এর একটি হচ্ছে পেড়ো—হরিশপুর রাস্তা যার অবস্থা অত্যন্ত খারাপ। ঐ রাস্তায় চলতে গিয়ে জীবন সংশয় হয়ে যাচ্ছে মানুষের। আর একটি রাস্তা হচ্ছে বেতাই উদয়নারায়ণপুর

রাস্তা। এর এমনই দুরবস্থা যে, প্রাকৃতিক নিয়মে মানুষের দেহের হাড়গুলি চামড়া নামক বস্তু দিয়ে ঢাকা আছে তাই রক্ষা, না হলে বাসযাত্রীদের দেহের হাড়গুলি গামছা দিয়ে বেঁধে নামাতে হ'ত। আর একটি রাস্তা বেতাই থেকে ঝিকিরা। এই রাস্তাটিরও এমন দুরবস্থা যে, এই বর্ষায় ঐ রাস্তাটি সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যাবে, ফলে মানুষ জন যোগাযোগের ক্ষেত্রে বিচ্ছিন্ন হয়ে পড়বে। তারজন্য আমার অনুরোধ, বর্ষা নামার আগেই রাস্তাগুলি সংস্কার করা হোক।

**শ্রী সুধীর ভট্টাচার্য :** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি ভূমি সংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধানসভা কেন্দ্রে সরারহাটে বি. এল. এল. আর. ও. অফিস রয়েছে, কিন্তু ঐ অফিসে বিগত পাঁচ-ছয় মাস ধরে কোনও পার্মানেন্ট বি. এল. এল. আর. ও. নেই এবং তার ফলে সেখানে কোনও কাজ হচ্ছে না। স্টাফ যারা আছেন তারা বেলা ১২টার সময় মুখ দেখিয়েই চলে যাচ্ছেন। তার ফলে ঐ অফিসে মিউটেশন এবং ১৪০ ধারায় এনকোয়ারির কাজ বন্ধ। এর ফলে এলাকার মানুষের খুবই অসুবিধা হচ্ছে। অফিসার হিসাবে যিনি আছেন তিনি সপ্তাহে একদিন আসেন। তবে কখন তিনি আসেন বা চলে যান মানুষ জানতে পারেন না। তারজন্য আমার অনুরোধ, অবিলম্বে ঐ অফিসে একজন পার্মানেন্ট বি. এল. এল. আর. ও. নিযুক্ত করা হোক।

**শ্রীমতী রুবী নুর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। আমার সুজাপুর বিধানসভা কেন্দ্রে একমাত্র স্কুল—নসীমপুর—বামনগ্রাম জুনিয়র হাইস্কুল বন্ধ হবার মুখে। বহুদিন ধরে গ্রামবাসীদের প্রচেষ্টার মাধ্যমে স্কুলটি চলছিল, কিন্তু বিভিন্ন অসুবিধার কারণে তারা আর স্কুলটিকে চালাতে পারছেন না। তারা অনেক দিন ধরেই স্কুলটির জন্য গভর্নমেন্ট রিকগনিশন পাওয়ার চেষ্টা করে আসছেন। জেলা কমিটির রেকমেন্ডেশনও তারা পেয়েছেন। ডিস্ট্রিক্ট লেভেলে সেটা স্যাংশন্ডও হয়ে গেছে। যাতে স্কুলটিকে সরকারিভাবে মঞ্জুরি দেওয়া হয় তারজন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী বিমল মিস্ত্রী :** (নট প্রেজেন্ট)

**শ্রী সুভাষচন্দ্র সোরেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নয়াগ্রাম এলাকার গোপীবল্লভপুর ব্লকে একটি মাত্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয় থাকার ফলে প্রতি বছর ভর্তির সমস্যা প্রকট আকার ধারণ করছে। প্রতি বছর মাধ্যমিক পরীক্ষার পর ভর্তি নিয়ে বিরাট সমস্যা দেখা দিয়েছে। এই ব্লকটি একটা অনুন্নত এলাকা, এখানে একটি সারিয়া ট্রাইবাল জুনিয়ার হাইস্কুল আছে। আমার দাবি এই স্কুলটিকে উচ্চ মাধ্যমিক স্কুলে যাতে রূপান্তরিত করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই এলাকাটি আদিবাসী অধ্যুষিত এলাকা, এখানকার ছাত্র-ছাত্রীরা উচ্চ শিক্ষা গ্রহণ করা থেকে প্রতি বছর বঞ্চিত হচ্ছে। এই এলাকায় বেশির ভাগ ট্রাইবাল মানুষ

বসবাস করে। তাই এই সারিয়া ট্রাইবাল জুনিয়ার হাই স্কুলকে হায়ার সেকেন্ডারি স্কুলে যাতে রূপান্তরিত করা যায় তার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে, এখানে ইরিগেশন মন্ত্রী আছেন সুন্দরবন ডেভেলপমেন্ট মিনিস্টারও এখানে আছেন, আমি মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের নদী বাঁধগুলির অবস্থা খুব খারাপ। শুধু আমার এলাকায় নয়, সুন্দরবনের সমস্ত এলাকায় নদী বাঁধগুলির অবস্থা অত্যন্ত খারাপ। এখানে জেলা পরিষদের মাধ্যমে যে সামান্য কাজ হয়েছে তাও সব এখন নদী গর্ভে চলে গেছে। অন্যান্য বিভাগের যে সমস্ত কাজ এখানে আছে, তাদের টাকা নেই বলে কাজ করতে পারছে না। আগে সুন্দরবন ডেভেলপমেন্টের রাস্তাগুলির ইরিগেশন ডিপার্টমেন্ট মেনটেন করত এবং খুব ভালভাবে করত। এখন সেই কাজ জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির হাতে যাওয়ার ফলে কিছু কিছু জায়গায় মাটির বাঁধ এমন ভাবে করা হয়েছে যে ১০ দিনের মধ্যে নদী গর্ভে চলে গিয়েছে। প্রভঞ্জনবাবুর এলাকায় এক মাসের মধ্যে ৩০ লক্ষ টাকার মাটির কাজ জলে চলে গিয়েছে। আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই নদী বাঁধগুলি আগামী বর্ষার মধ্যে নির্মাণ করার জন্য কোনও পরিকল্পনা নিয়েছেন কিনা আপনি অনুগ্রহ করে বলুন।

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় সুন্দরবনের নদী বাঁধ সম্পর্কে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন। সুন্দরবনের বিশাল এলাকায় মাটির বাঁধ দিয়ে সুন্দরবনের গ্রামগুলিকে রক্ষা করা হয়। বিশেষ করে বর্ষাকালে অনেক জায়গা বিপজ্জনক হয়ে ওঠে। এর আগে আমরা অনেকগুলি জায়গায় কাজ শেষ করেছি, কিছু কিছু জায়গার কাজ এখনও বাকি আছে। আমাদের দপ্তরের অফিসারদের আমরা বলেছি যে সমস্ত জায়গা খুব বিপদজনক সেই সমস্ত জায়গাগুলি নির্দিষ্ট করে অবিলম্বে সেখানে কাজ করার ব্যবস্থা করুন। সেই ভাবে লোকাল অফিসাররা স্কীমগুলি করছেন এবং প্রায়রিটির ভিত্তিতে কাজগুলি করার চেষ্টা করছেন। আমি ২৪-পরগনা জেলার সভাধিপতির সঙ্গে কথা বলেছি, ২৪-পরগনা জেলার সুন্দরবন অংশের সভাধিপতির সঙ্গে ১লা জুলাই আমরা আলোচনায় বসছি। সেখানে আলোচনা হবে কিভাবে এক সঙ্গে সামগ্রিক ভাবে সুন্দরবনের নদী বাঁধগুলির সংস্কারের কাজ করা যায় এবং ক্ষতির হাত থেকে বাঁচানো যায় তার চেষ্টা করছি। আশা করি সকলের সহযোগিতা নিয়ে এই কাজগুলি করতে পারবো।

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্যে এবারে রেকর্ড পরিমাণ আলুর উৎপাদন হয়েছে। তার সঙ্গে সঙ্গতি রেখে আমাদের শালবনিতে ব্যাপক আলু চাষ হয়েছে। কিন্তু এই এলাকার চাষীরা সেখানে কোনও হিমঘর না থাকার জন্য তারা আলু সংরক্ষণ থেকে বঞ্চিত হচ্ছে এবং ক্ষতিগ্রস্ত হচ্ছে। এমতাবস্থায় কৃষকদের স্বার্থ রক্ষা করার জন্য ঐ এলাকায় সরকারি উদ্যোগে কিম্বা সরকারি সহায়তায় ব্যক্তিগত মালিকানায় যাতে হিমঘর স্থাপন করা যায়, সেই বিষয়ে আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দে** : অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের প্রতি। আমরা শুনতে পাচ্ছি যে নদীয়া জেলার ১১টি এবং মুর্শিদাবাদ জেলার ১৭টি কলেজকে কলকাতা ইউনিভার্সিটি থেকে সরিয়ে কল্যাণী ইউনিভার্সিটিতে আনার একটা সিদ্ধান্ত সরকার নিতে চলেছে। স্যার, সিদ্ধান্তটি সরকার প্রায় পাকা করে ফেলেছেন, আনুষ্ঠানিক ঘোষণাটি কেবল বাকি আছে। এতবড় একটা সিদ্ধান্ত নিতে চলেছে সরকার, যেখানে ৫০ হাজার ছাত্র ছাত্রীর ভাগ্য জড়িত রয়েছে, সেখানে আমার মনে হয়, কলেজগুলোর সঙ্গে একটা আলোচনা করে বা সেমিনার করে এটা করা উচিত ছিল। ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে কল্যাণী ইউনিভার্সিটিতে যেখানে এই কলেজগুলোকে আনা হচ্ছে, সেখানে যে পরিকাঠামো আছে তাতে ছাত্রছাত্রীরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবেন। বর্তমানে ওখানে যে পরিকাঠামো আছে তাতে চারটির বেশি রাখা যায় না। এই অবস্থায় বর্তমানে ২৮টি কলেজ, এতগুলো কলেজ আসার ফলে—এতগুলো কলেজের মতো ইনফ্রাস্ট্রাকচার সেখানে নেই—ওখানে বর্তমানে যে অনার্স কোর্সগুলো আছে তাতে সীমিত সংখ্যক ছাত্রছাত্রী পড়ার সুযোগ পাবেন। তাছাড়া কল্যাণী ইউনিভার্সিটির রেজাল্ট বেরুতে সাত থেকে দশ মাস সময় লেগে যায় দেখা যায়। বিশেষ করে কল্যাণী ইউনিভার্সিটিতে পোস্ট গ্রাজুয়েট এবং আন্ডারগ্রাজুয়েট, দুটোই রয়েছে। এর ফলে কি হবে, না ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপারে লিমিটেশনস রয়েছে, সিটের যে সংখ্যা রয়েছে তাতে আন্ডারগ্রাজুয়েটে ওখানে যারা আছন, তারা প্রথমে পোস্ট গ্রাজুয়েটে ভর্তির সুযোগ পাবেন। তারাই ফার্স্ট প্রেফারেন্স পাবেন। বাকি ছাত্রছাত্রীরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবেন হঠাৎ করে এই ধরনের একটা সিদ্ধান্ত নেওয়ার ফলে। আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করতে চাই, এতবড় সিদ্ধান্ত নেবার আগে কলেজগুলোর সঙ্গে, সেখানে যে সমিতিগুলো আছে তাদের সঙ্গে আলোচনা করে যেন সিদ্ধান্ত গ্রহণ করেন। বর্তমানে কল্যাণী ইউনিভার্সিটিতে যে পরিকাঠামো রয়েছে তাতে এইসব কলেজের ছাত্রছাত্রীরা যদি আসেন তাহলে তারা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবেন। এখানে উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় আছেন, বিষয়টির প্রতি তিনি গুরুত্ব দেবেন এই আশা করছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী মৃণালকান্তি রায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেপাল হীরাকোনিয়া রাস্তা এবং সারসার কাজু বাদাম রাস্তার উপর লালমাটির যে রাস্তা চলে গেছে তারই পাশে ধাড়াসগ্রামে রজনী জ্ঞান মন্দির। প্রায় আড়াই হাজার প্রত্নতাত্ত্বিক শিল্প সম্ভার এবং নৃতাত্ত্বিক নিদর্শন ওখানে ভাঙাচোরা ঘরের মধ্যে আছে। এখানে উল্লেখযোগ্য যে, কিছু দিন আগে রোমান অ্যাম্ফোরা ওখানে পাওয়া গেছে যা নিয়ে বর্তমানে গবেষণা চলছে। এই সমস্ত সম্ভারগুলো প্রায় ছ'হাজার বছরের পুরনো। এছাড়া সমুদ্র উপকূলবর্তী এলাকায় অস্ট্রোলিয়েট, দ্রাবিড়িয়ান গোষ্ঠীর ও এলপাইন গোষ্ঠীর আর্মেনিয়াম মানুষজনের অবস্থান লক্ষ্য করা গেছে। বৈদিক ধর্মের প্রভাব থাকলেও জৈন, বৌদ্ধ, শৈব, শাক্ত এবং বৈষ্ণব ইত্যাদি ধর্মের প্রভাবও গড়ে উঠেছিল বলে জানা যায়। তাম্রলিপ্ত বন্দরের বদলে এখানেও নৌ-বাণিজ্য ইত্যাদি চলাচলের যোগাযোগ ছিল, তার প্রমাণ পাওয়া গেছে তা থেকেই বোঝা যায়। বহু বৈচিত্র্যে ভরা প্রেক্ষাপট পট যা বাংলার কোথাও পাওয়া মুশকিল, তা এখানে ছিল। এই সমস্ত জিনিস ৩০ পারসেন্ট

রামনগরে সংগৃহীত এবং বাকিটা মেদিনীপুর ও পাশাপাশি এলাকা থেকে সংগৃহীত হয়েছে। সুটেড বুটেড সূর্য মূর্তি, বিষ্ণু মূর্তি, টেরাকোটা পঞ্চচূড়া, যক্ষিণী মূর্তি, মৌর্য-শুঙ্গ-গুপ্ত টেরাকোটা বৌদ্ধ ভিক্ষুপাত্র, বিচিত্র ধরনের মৃৎপাত্র পাওয়া গেছে। বেনুগোপাল মূর্তি, তান্ত্রিক বৈষ্ণব মূর্তি, প্রাচীন পটচিত্র, ভুজ্যপত্র, তাল পাতার পুঁথি, হস্ত তৈরি কাগজের পুঁথির অপূর্ব হাতের লেখা, এগুলো দিঘা এবং শঙ্করপুরের পর্যটকদের ভীষণ আকর্ষণ করতে পারে। তাই এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী অসিতকুমার মাল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের পূর্ত মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হাসান বিধানসভা কেন্দ্রের কাটা গড়িয়া থেকে কচগ্রাম যে রাস্তাটি গেছে, সেই রাস্তাটির খুব খারাপ অবস্থা। বিশেষ করে ইন্টেরিয়র রাস্তা দিয়ে ছেলেমেয়েরা যারা লেখাপড়া করতে আসে তাদের খুবই অসুবিধা হয়। সামনেই বৃষ্টির সময়ে, যে কোনও সময়ে ওই রুটে বাস চলাচল বন্ধ হয়ে যেতে পারে। এখনই অল্প বৃষ্টিতে বাস চলাচল বন্ধ হয়ে যায়, বেশি বৃষ্টি হলে আরও খারাপ অবস্থা হবে। অবিলম্বে ওই রাস্তাটিতে কালো পিচ দেওয়ার ব্যবস্থা করা হোক। এমনিতেই সারা পশ্চিমবঙ্গের রাস্তার অবস্থা বেহাল, তারমধ্যে আবার ওই এলাকার রাস্তাটির অবস্থা এত খারাপ যে, যে কোনও সময়ে বাস বন্ধ হয়ে যাবে। আমার প্রশ্ন বৃষ্টি হলেই যদি ওই রুটে বাস বন্ধ হয়ে যায় তাহলে সেইসব বাসের মালিকদের পারমিট দেওয়া হয় কি করে? সুতরাং এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার এবং রাস্তাটির নির্মাণকাজ সম্পন্ন করা দরকার।

**শ্রী কামাখ্যা নন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পটাশপুর ১নং ব্লকে গোনাড়া ব্লকে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিতে প্রতিদিন শত শত রোগীর চিকিৎসা হয়। ঐ রকম একটা গুরুত্বপূর্ণ স্বাস্থ্যকেন্দ্রটিতে বিদ্যুৎ সংযোগের ব্যাপারে ঘটে চলেছে দায়িত্বজ্ঞানহীন কান্ড কারখানা। গত ৪. ১১. ৯৫ তারিখে বিদ্যুৎ দপ্তর এস. এস. পটাশপুর ডব্লিউ. বি. এস. ই. বি.-কে ৩,২৪,২২৭ টাকার কোটেশন পাঠায়। বি. এম. ও. এইচ. সঙ্গে সঙ্গে সি. এম. ও. এইচ.-কে কোটেশন এবং ওয়ারিংয়ের টাকা দেওয়ার জন্য জানান। সি. এম. ও. এইচ. আবার বি. এম. ও. এইচ.-কে নির্দেশ দেন যে কোটেশনটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ইলেক্ট্রিক্যাল সাব (থ্রি) পি. ডব্লিউ. (সি. বি.) মেদিনীপুরকে সাবমিট করার জন্য। বি. এম. ও. এইচ. সঙ্গে সঙ্গে তা পালন করেন এবং ওয়ারিংয়ের টাকার বিষয় কিছুই জানাননি। সি. এম. ও. এইচ. আবার পরে ১২. ২. ৯৬ একজিকিউটিভ অফিসার, জেলা পরিষদ, মেদিনীপুর স্বাস্থ্য কেন্দ্রে বিদ্যুৎ সংযোগের কাজটি অতি সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। চারটি দপ্তর যথা স্বাস্থ্য, বিদ্যুৎ, পূর্ত এবং পঞ্চায়েত—কাজটা কার? টাকা কে দেবে? কেন কোটেশন এবং ওয়ারিংয়ের টাকা দেওয়া হয়নি? কেন কাজ হয়নি? সরকারি অফিসগুলোতে তো তিন দিনের মধ্যে এ. সি. হয়ে যায়, শীততাপ নিয়ন্ত্রিত হয়ে যায় কিন্তু হাসপাতালের মতো গুরুত্বপূর্ণ জায়গায় এই দায়িত্বজ্ঞানহীন কাজের অধিকার কে দিয়েছে সেটা একটু জানাবেন। সুতরাং আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ বিভাগের মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই মাসের মধ্যেই বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করা হয়।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর উদ্দেশ্যে আমার এলাকার একটি বিষয় তুলে ধরতে চাইছি। তবে জানি না এই সরকারের কাছে তার বিচার পাব কিনা। কলেজ করতে গেলে সি. পি. এমের নির্দেশ ছাড়া নতুন কলেজ করা যাবে না সেটা আমরা জানি। হায়ার সেকেন্ডারি স্কুলের ক্ষেত্রে এ. বি. টি. এ. রেকমেন্ডেশন ছাড়া হবে না। গভর্নমেন্টের পলিসি অনুযায়ী আমার নির্বাচনী কেন্দ্র মহিষাদলে জুনিয়র হাইস্কুল অর হাইস্কুলটি ওই অঞ্চলে অর্থাৎ কিসমানাইকুন্ডিতে একটি জুনিয়র হাইস্কুল করার প্রস্তাব নেওয়া হয়। প্রস্তাবটি পাস হওয়ার পর থেকেই শাসক গোষ্ঠীর দল রাজনীতি শুরু করে দেয়। যেহেতু ওই অঞ্চলটি পঞ্চায়েত সমিতির মধ্যে পড়েছে সেই কারণে শাসকদল বিরোধী দলের বিরুদ্ধে কাজ করে যাচ্ছে। ওখানে যে ম্যানেজিং কমিটি আছে তাতে শাসকদলের মানুষেরাই ওই কমিটিতে রয়েছেন। এই ব্যাপারে শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী কান্তিবাবুকে একটা চিঠিও দিয়েছি।

আপনারা বিধায়ক যতক্ষণ হবেন, ততক্ষণ সি. পি. এম.-র লিডার, আমি মনে করি যখন দেশের মন্ত্রী হন তখন সি. পি. এম.-এর ঊর্ধ্বে উঠতে চান না, এই রকম বহু নজির আছে। আমার এলাকায় যে জুনিয়ার হাইস্কুলটি আছে, প্রায়রিটির ভিত্তিতে সেখানে যেহেতু হাইস্কুল নেই, তাই হাইস্কুল করা হয়েছে কিসমানাইকুন্ডিতে। এই স্কুলটি অনুমোদিত হয়েছে শিক্ষা দপ্তর থেকে। ওখানে যেহেতু আমাদের পঞ্চায়েত সমিতি, তাই ওখানকার কোনও স্থানীয় মানুষের সঙ্গে সংযোগ না রেখে কান্তিবাবুর দপ্তর ডাইরেক্ট সি. পি. এম.-এর বাছা বাছা লোকেদের নিয়ে ম্যানেজিং কমিটি তৈরি করে দিয়েছে। অসংখ্য কোর্ট কেস হয়েছে। আমি নিজে শিক্ষামন্ত্রীকে লিখিতভাবে জানিয়েছি, কাগজও দিয়েছি। রেজাল্টটা কি হবে, কোর্ট কেস এর অর্ডার হলে স্কুলটা বন্ধ হয়ে যাবে। এই বিষয়টা আপনার মাধ্যমে আমি কান্তিবাবুর কাছে রাখছি, ওনাকে লিখিতভাবে জানিয়াছি, এই ব্যাপারটা দেখুন। যেখানে কংগ্রেসের পঞ্চায়েত সমিতি সেখানে আমরা দেখছি আপনারা ডি-সেন্ট্রালাইজেশন এর কথাটা ভুলে যান।

**শ্রী মহঃ মহামুদ্দিন ঃ** মাননীয় স্পিকার স্যার, উত্তর দিনাজপুরের চোপড়ায় একটি দলুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। আমার নির্বাচনী কেন্দ্রে সেটি নাজেহাল অবস্থায় আছে। মানুষের কোনও চিকিৎসা সেখানে হয় না। কোনও ডাক্তার থাকে না, একজন ডাক্তার আছেন তিনিও ছুটি নিয়ে গিয়েছেন। কলকাতা থেকে একজন ডাক্তার গিয়েছিলেন, তিনি কোনও রকম চিকিৎসা না করে নিজের বাড়িতে এসে বসে থাকেন। তাই আপনার মাধ্যমে বলছি, স্বাস্থ্যকেন্দ্রটিকে সঠিকভাবে যাতে চালান যায়, তাই ঐ স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে কিভাবে উন্নীত করা যায় সেই ব্যাপারটি দেখার জন্য অনুরোধ করব। বিষয়টি আমি জনসাধারণের স্বার্থে বলছি।

**শ্রী সবুজ দত্ত ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাগনান বিধানসভা কেন্দ্রে গত ১৮ই মে মহরমকে উপলক্ষ্য করে রতন বিশ্বাস নামে এক ভ্যান চালককে পুলিশ বিনা অপরাধে গুলি করে নিহত করে। অবিলম্বে পুলিশের এই গুলি করার ব্যাপারে বিচার বিভাগীয় তদন্তর দাবি করছি। রতন বিশ্বাসের

পরিবারবর্গকে আর্থিক ২ লক্ষ টাকা ক্ষতিপূরণের দাবি জানাচ্ছি। সঙ্গে সঙ্গে এটাও জানাতে চাই, '৬৭ সালে শ্রমিক নেতা আজকের মুখ্যমন্ত্রী, নুরুল মারা যাবার পর—পুলিশের গুলিতে মারা গিয়েছিল—তারা যে ক্ষোভ দেখিয়েছিলেন, সেই ব্যাপারে বলব, মুখ্যমন্ত্রী থাকাকালীন কতজন ব্যক্তি পুলিশের গুলিতে মারা গেছে, সেই ব্যাপারে এই বিধানসভায় মুখমন্ত্রীর বিবৃতি দাবি করছি। না হলে পুলিশ মন্ত্রীকে আমরা নিজেরা প্রতিবাদ জানাব। আমরা চাই নূতন বিশ্বাসের পরিবারকে আর্থিক ২ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হোক।

**শ্রী মাণিকচন্দ্র মন্ডল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় লাভপুর থেকে লাঙ্গলহাটা ও সিয়ান থেকে সারিনা এই দুটি রাস্তার কাজ শুরু হয়েছে। এই রাস্তার কাজ সম্পূর্ণ হলে, প্রত্যন্ত এলাকার সঙ্গে গ্রামের যোগাযোগ গড়ে উঠবে। পার্শ্ববর্তী মুর্শিদাবাদ জেলার সঙ্গেও যোগসূত্র গড়ে উঠবে, এতে হাজার হাজার মানুষ উপকৃত হবে। বর্তমানে এই এলাকায় রাস্তার কাজ বন্ধ হয়ে আছে, অবিলম্বে সেই রাস্তার নির্মাণের কাজ যাতে দ্রুত শেষ হয় তার দাবি আমি জানাচ্ছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** (নট কল্ড)

**শ্রী তুষারকান্তি মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে সুতাহাটা বিধানসভার অন্তর্গত হলদিয়া শিল্পনগরী একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্রের যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে সেই সম্পর্কে রাজ্য সরকারের এবং ইরিগেশন ডিপার্টমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলার গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্র হলদিয়া, সেখানে নদীর মোহনায় পলি জমে নদীর নাব্যতা হ্রাস পেয়েছে। নদীর নাব্যতা কমে যাওয়ার জন্য বড় বড় তৈলবাহী জাহাজ এবং বাণিজ্যিক লেনদেনের জন্য যে জাহাজগুলো আসে সেগুলোর যাতায়াত বন্ধ হয়ে যাচ্ছে। আমরা জানি, মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বন্ধু সরকারের প্রাক্তন প্রধানমন্ত্রী দেবগৌড়ার আমলে যে জল চুক্তি হয়েছিল তার ফলে নদীর জলস্রোত ব্যহত হচ্ছে। এই অবস্থার ফলে শিল্পনগরী হলদিয়ার বাণিজ্যিক অবস্থা বন্ধ হতে চলেছে। এমতাবস্থায় নদীর নাব্যতা বাড়াবার জন্য ড্রেজিঙের মাধ্যমে জমা পলি সরিয়ে তৈলবাহী জাহাজ এবং বাণিজ্যিক জাহাজ যাতায়াতের সুবন্দোবস্ত হয় সেদিকে সতর্ক দৃষ্টি রেখে এবং হলদিয়ার উন্নয়ন যাতে অব্যাহত থাকে তার জন্য দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গুলশন মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এন. এইচ. সিক্সের দু'পাশে, বিশেষ করে পাঁচলা বাস স্ট্যান্ড থেকে আলমপুর বাস স্ট্যান্ড পর্যন্ত রাস্তার দু পাশে প্রায় দেড় থেকে দু' ফুট করে গর্ত হয়ে গেছে। বামফ্রন্ট সরকার আসার পর থেকে রাস্তার এই দু পাশগুলো রিপেয়ার করা হয়নি। ফলে প্রতি দিনই বাস এবং ট্রাক দুর্ঘটনার কবলে পড়ছে এবং মানুষকে প্রাণ দিতে হচ্ছে। শুধু তাই নয়, প্রায় প্রতিদিনই বাস বন্ধ হয়ে যাচ্ছে, ফলে সাধারণ মানুষ এবং চাকুরিজীবীদের অসুবিধার

মধ্যে পড়তে হচ্ছে। তাই অবিলম্বে ঐ রাস্তা রিপেয়ার করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশনাথ দাস :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সাগরদ্বীপ বিধানসভা কেন্দ্রে দু'লক্ষ মানুষের বাস। সেখানে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং একটি গ্রামীণ হাসপাতাল আছে। সেই গ্রামীণ হাসপাতালে চারজন ডাক্তার আছে এবং ওখানে আরও ডাক্তার প্রয়োজন। তাছাড়া ঐ চারজন ডাক্তার প্রায়শই একই সঙ্গে ছুটি নেন। স্বাভাবিকভাবেই চিকিৎসা সংক্রান্ত কাজে সমস্যা সৃষ্টি হচ্ছে এবং মানুষের মধ্যে অসন্তোষ সৃষ্টি হচ্ছে, অবিলম্বে এদিকে দৃষ্টি দেওয়ার জন্য স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজিত খাঁড়া :** (উপস্থিত নেই)

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। গত ৩১. ১০. ৯৬ তারিখে কোতোয়ালি থানার অন্তর্গত হাঁসখালির গোপালপুর গ্রামে মিন্টু সাঁধুখা খুন হল। পরিচিত সমাজবিরোধীদের সাথে পুলিশের এত নিবিড় সম্পর্ক যে বাবলু প্রামাণিক নামে এক কনস্টেবল এই খুনের সাথে জড়িত।

তিনি কলকাতা পুলিশের ফোর্থ ব্যাটেলিয়নে কাজ করেন। সেই বাবলু প্রামাণিক প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়াচ্ছে। তার নামে হাঁসখালি থানায় ১৭৮/৪৬, ডেটেড ৩০. ১০. ৯৬ তারিখে কেস করা হয়েছিল যেখানে আমাদের পুলিশমন্ত্রী বারবার বলেন আইনশৃঙ্খলা কঠোর হস্তে দমন করতে হবে নিরপেক্ষতা অবলম্বন করতে হবে। সেখানে মিন্টু সাধুখাঁ, একজন ঘরামি তাকে খুন হতে হল। কে খুন করল? আইনশৃঙ্খলা রক্ষাকারি, কলকাতা পুলিশের ফোর্থ ব্যাটেলিয়নের কনস্টেবল। সে এই খুনের সাথে জড়িত। আজ পর্যন্ত সে গ্রেপ্তার হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিন্টু সাধুখাঁকে খুনের অপরাধে হাঁসখালি থানার গোপালপুরে যে কেস করা হয়েছিল তার পরিপ্রেক্ষিতে বাবলু প্রামাণিক, ফোর্থ ব্যাটেলিয়ন তাকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক। সমাজবিরোধীদের গ্রেপ্তার করা হোক যাতে নদীয়া জেলার কোতোয়ালি থানা এবং হাঁসখালি থানায় আইনশৃঙ্খলা বজায় থাকে। এই বিষয়ে আমি স্বরাষ্ট্র মন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিশ্বনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নগরে একটি কলেজ স্থাপন করার জন্য আমি বহুবার এই বিধানসভায় উল্লেখ করেছি। পরিশেষে এই শিক্ষাবর্ষে আমরা ওখানকার মানুষদের নিয়ে সেখানে যাতে কলেজ স্থাপন করা যায় তার জন্য একটা উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সমস্ত কাগজপত্র, জমির দলিল, সমস্ত সরকারের কাছে আবেদন পত্রের সাথে দেওয়া হয়েছে। ওই এলাকায় ১৯টি মাধ্যমিক স্কুল এবং দুটি উচ্চমাধ্যমিক স্কুল আছে। ওই এলাকায় বেশির ভাগ মানুষ তফসিলি, আদিবাসী সম্প্রদায়ভুক্ত। তাছাড়া এক পাশে নবগ্রাম ও অন্য পাশে বড়োয়া বিধানসভা কেন্দ্র। আমাদের ধারে কাছে কোনও কলেজ

নেই। এখানে কলেজ স্থাপন করার জন্য আমি উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Smt. Shanta Chettri :** Hon'ble Speaker, Sir, I would like to draw the special attention to the Hon'ble Education Minister concerned that a separate School Service Commission be set up for D. G. H. C. area to safeguard the sentiments of the hill people. This demand was separately raised in the Assembly for consideration, but no action seems to be taken up as yet to meet up the demand. The deprieved people of the hill may be agitated and take serious agitational path. Though the Education Department of the hill is a transferred department to the D. G. H. C., but it is a matter of great regreat that the voice of the hill never received any attention of the government. Sir, what further assurance should I expect in this regard from the Hon'ble Minister-in-charge to fulfill the above demand ?

**শ্রী বীরেন ঘোষ :** মাননীয় স্পিকার স্যার, আমার নির্বাচনী কেন্দ্র কালনা। কালনা ১ নম্বর ব্লকের উদয়গঞ্জে বারবার গঙ্গার ভাঙনে নিশ্চিহ্ন হয়ে যায়। বর্ধমান জেলা পরিষদ থেকে গ্রামবাসীদের পুনর্বাসনের জন্য এখানে একটি কলোনি করে দেওয়া হয়েছিল। সেই কলোনিটি গঙ্গা গর্ভে নিশ্চিহ্ন হয়ে গেছে। সেখানকার ৮৪টি পরিবার ক্ষেতমজুর, গরিব। তারা আশ্রয়হীন হয়ে পড়েছে। সেই আশ্রয়হীন মানুষগুলোর পুনর্বাসনের জন্য আমি ত্রাণমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী আবদুস সালাম মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ এবং জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকার জুড়ানপুর গ্রাম পঞ্চায়েতের ছুটিপুর, নওগাঁ, আদমপুর এই ৩/৪টি গ্রামে অন্তত ৭/৮ হাজার বিঘা জমিতে বর্ষার জল—স্ট্যাগনান্ট ওয়াটার জমে থাকে। যার ফলে ৭/৮ হাজার বিঘা জমিতে আবাদ হয় না। যার ফলে ৭-৮ বিঘা জমিতে আবাদ হয় না এবং ভাগিরথী নদীর বাঁধে একটা স্লুইস গেট যদি করা যায়, তাহলে অন্তত এই ৭-৮ বিঘা জমি চাষযোগ্য হবে। তাই আপনার মাধ্যমে সেচ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, অবিলম্বে জুরানপুরে ভাগিরথী নদীর বাঁধে যেন একটা স্লুইস গেট করা হয়।

**শ্রী বিমল মিস্ত্রী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ দিন ধরে দক্ষিণ ২৪ পরগনার কুলতলি ব্লকে এস. ইউ. সি. এবং ওখানকার ডাকাত সমাজবিরোধীরা সি. পি. আই. এমের সমর্থকদের বাড়িতে লুঠপাট করছে। ইতিমধ্যে আমাদের একজন কর্মী, সি. পি. এম. কর্মী (বাবু সরকার), সুনীল সরকারকে হত্যা করা হয়েছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, অনেক সি. পি. আই. এম. কর্মী ঘরছাড়া হয়েছে। অবিলম্বে এই ব্যাপারে তদন্ত করে, এইসব দুষ্কৃতিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

## ZERO HOUR

[12-50 — 1-00 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যে লক্ষাধিক শিক্ষক শিক্ষিকা অবসর গ্রহণ করার পরে যখন অনাহারে, অর্ধাহারে বছরের পর বছর পেনশন না পেয়ে মৃত্যুর দিন গুনছে, অনেকে পেনশন না পেয়ে মারা গেছে, এই রকম একটা পরিস্থিতিতে আমরা আশ্চর্য হয়ে দেখেছি যে, স্বয়ং শিক্ষামন্ত্রী তার সুপারিশে সমস্ত নিয়ম নীতি লংঘন করে তার ফেবারিট তার অনুগত ২৯ জন শিক্ষককে পনেরো দিনের মধ্যে পেনশন দেওয়ার ব্যবস্থা হল। হাজার হাজার শিক্ষককে টপকে এই ঘটনা ঘটেছে। এই পেনশনের ক্ষেত্রে দলবাজি এবং শিক্ষকদের পেনশন পাওয়ার ক্ষেত্রে সরকারের দীর্ঘদিনের এই যে অবহেলা, এই সম্পর্কে আমি মন্ত্রীর কাছ থেকে জবাব চাইছি যে, কেন আজকে শিক্ষাক্ষেত্রে এই অরাজকতা, পেনশনের এই কেলেঙ্কারি, এই দলবাজি? এর আগেও শুনেছি যে, উনি ১০ দিনে পেনশন পেয়েছিলেন।

**শ্রী অশোককুমার দেব :** স্যার, এখানে দুজন শিক্ষামন্ত্রী আছেন। আমার বজবজ বিধানসভা কেন্দ্রে ছাত্র-ছাত্রী অনুপাতে স্কুল এবং কলেজের সংখ্যা কম। আমি অনেকবার জানিয়েছি যে, যে সমস্ত ৮ ক্লাস স্কুল আছে, সেগুলি দশম শ্রেণী পর্যন্ত করতে এবং যেগুলি দশম শ্রেণী পর্যন্ত আছে, সেগুলি বারো ক্লাস পর্যন্ত করতে। কিন্তু আজ পর্যন্ত ফল হয়নি। কলেজে যে সাবজেক্ট নেই, সেগুলিকে চালু করার জন্য বলেছি এবং যে সাবজেক্ট আছে, সেগুলিতে অর্নাস চালু করার জন্য বলেছি। এই অবস্থায় ডি. আই. অফিসে জানানো হয়েছে। কোনও কাজ হয়নি। এই ব্যাপারে বিবেচনার জন্য বলেছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** স্যার, কয়েকদিন যাবৎ লক্ষ্য করছি যে, পশ্চিমবাংলার চরম অবনতি ঘটেছে। মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি কমিশনার খুন হওয়া শুরু করে, প্রকাশ্য রাস্তায় চলন্ত মিনিবাস ডাকাতি হয়েছে এবং গতকাল টালিগঞ্জ এর চন্ডীতলা অঞ্চলে সশস্ত্র দুর্বৃত্ত এক একটা বাড়িতে লুটপাঠ করছে। টাকা লুটপাঠ করেছে। সেখানকার লোকেরা গতকাল দুটো থেকে আজকে এখনও পর্যন্ত ওই এলাকায় বন্ধের ডাক দিয়েছে।

কিন্তু সবচাইতে আশ্চর্যের বিষয় এখান থেকে ১০ মিনিট দূরে থানা। কিন্তু সেই থানা থেকে কোনও পুলিশ সেখানে এসে, যারা লুণ্ঠিত হয়েছেন তাদের পাশে এসে দাঁড়ায়নি। এই সর্বস্বান্ত মানুষগুলোকে রক্ষা করার জন্য কোনও ব্যবস্থা পুলিশ নেয়নি। লুঠেরারা রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। সমাজবিরোধীদের আওতায় গোটা সমাজ চলে যাচ্ছে। পুলিশ প্রশাসন ও সমাজবিরোধীদের যৌথ আঁতাতে গোটা পশ্চিমবঙ্গের জন-জীবন বিপর্যস্ত হয়ে যাচ্ছে। মানুষের ধন, মান, জীবন ও সম্পত্তির রক্ষার জন্য পুলিশ কোনও ব্যবস্থা নিচ্ছে না।

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে খবরের কাগজে দেখলাম জুন মাসে মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট বেরোচ্ছে। এই পরীক্ষার সময় প্রশ্নপত্র ফাঁস নিয়ে যে

কেলেঙ্কারি হয়েছিল সে ব্যাপারে অনেক কিছু এই হাউসকে আড়াল করার জন্য মাননীয় মন্ত্রী চেষ্টা করেছেন। সম্প্রতি একটা কাগজে দেখলাম তিনি মেদিনীপুরের একটা সভায় গিয়ে বলেছেন যে, এই প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে এক শ্রেণীর অসাধু কর্মচারী যুক্ত। ফলাফল প্রকাশের ক্ষেত্রে, ট্যাবুলেশনের ক্ষেত্রে, খাতাপত্র দেখার ক্ষেত্রে, মার্কশিট প্রকাশের ব্যাপারে ঐ সব অসাধু কর্মচারিরা যুক্ত আছে কিনা সেটা আমরা জানতে চাই। কারণ এর সঙ্গে লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ জড়িত। ঐ সব অসাধু কর্মচারিদের জন্য লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ গড্ডালিকা প্রবাহে নিমজ্জিত হতে চলেছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রীর বিবৃতি দাবি করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, পেনশন কেলেঙ্কারি শুরু হয়েছে। এর আগে ২০০ জনকে টপকে এক মন্ত্রী মহোদয়ের স্ত্রীকে পেনশন দেওয়া হয়। কালকের সেন্সেশনাল খবর, হাজার, হাজার ফাইল টপকে ২৯ জনকে পেনশন দেওয়া হয়েছে। যারা এই নিয়ম ভেঙে পেনশন পেলেন তাদের মধ্যে ১২ জনের পেনশনের আবেদনপত্র জমা পড়েছে এই বছর, এদের ১৬ জনের পেনশনের আবেদনপত্র জমা পড়েছে ১৯৯৬ সালে এবং একজনের পেনশনের আবেদনপত্র জমা পড়েছে ১৯৯৫ সালে। পেনশনের ক্ষেত্রে এই দলীয় মনোবৃত্তি বন্ধ হওয়া দরকার। সিনিওরিটি অথবা প্রায়োরিটি লিস্টের ভিত্তিতে পেনশন হওয়া উচিত। কিন্তু তা হয়নি। সি. পি. এম. সংগঠনের মাধ্যমে নামের তালিকা গেলে, প্রত্যক্ষভাবে আপনাকে অভিযুক্ত করে ঢালাও ভাবে পেনশন দেওয়া হচ্ছে। অথচ মন্ত্রী হিসাবে আপনি বিধানসভায় বসে আছেন। কিন্তু এ ব্যাপারে আপনি কোনও জবাব দিচ্ছেন না। হাউসে বিরোধীরা প্রশ্ন করলে, মন্ত্রী মহাশয়ের উত্তর জানা থাকলে তিনি উত্তর দেবেন। কিন্তু আপনি এ ব্যাপারে কোনও জবাব দিচ্ছেন না কেন? এত ঔদ্ধত্য কিসের? যাদের আগে নাম তাদেরকে টপকে এই যে অন্যায়ভাবে পেনশন দেওয়া হচ্ছে এ ব্যাপারে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের বিবৃতি দাবি করছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিঘাতে বিদ্যুৎ বিপর্যয়ের ফলে পর্যটন শিল্প ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ ব্যাপারে বিদ্যুৎ দপ্তরকে বার বার বলা হয়েছে যাতে সেখানে পাওয়ারের কোনও গন্ডগোল না থাকে। রামনগর সাবস্টেশন থেকে দিঘায় পাওয়ার পাঠাতে গেলে পাওয়ার স্টেশন ঠিক রাখতে হবে। স্থানীয় যে সাব-স্টেশন ১১ এবং ৩৩ হাজার কে. ভি.-র যে লাইন আছে সেটা ক্ষতিগ্রস্ত হয়েছে। এবং ট্রান্সফর্মার পুড়ে গেছে। ফলে দিঘাতে পর্যটন শিল্পে ক্ষতি হচ্ছে। দিঘাতে যাতে বিদ্যুতের সুব্যবস্থা করা হয় তার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষর্ণ করছি।

**শ্রী নির্মল দাশ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলিপুরদুয়ার থেকে কুমারগঞ্জ হয়ে জলপাইগুড়ির দূরত্ব ২০০ কিলোমিটার। আলিপুরদুয়ারকে একটা আলাদা জেলা করার দরকার আছে। এ ব্যাপারে বিপ্লবী যুব সংগঠনের পক্ষ থেকে দাবি করা হয়েছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করা হয়েছে। আইনশৃঙ্খলার উন্নতি এবং প্রশাসনিক কাজকর্ম ভালভাবে করার জন্য আলিপুরদুয়ারকে আলাদা জেলা হিসাবে গ্রহণ করার দরকার আছে। শুনেছি অ্যাডিশনাল এস. পি.-র অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। সেখানে অ্যাডিশনাল ডি. এম. এবং অ্যাডিশনাল

ডি. এম. পি.-র যাতে পোস্টি হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-00 — 2-10 p.m.] (Including adjournment)

**শ্রী তাপস ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোলে একটি কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে, আসানসোল পাবলিক কো-অপারেটিভ ব্যাঙ্ক। সেখানে ১০ হাজার আমানতকারির ৩০০ টাকা জমা আছে। কিন্তু গত ১ মাস ধরে কেউ ব্যাঙ্ক থেকে টাকা পাচ্ছে না, হাজার হাজার লোক টাকার জন্য হন্যে হয়ে ঘুরছে। সমবায় মন্ত্রী তার দায়িত্ব এড়াতে পারেন না এই ব্যাপারে, যেহেতু এটি কো-অপারেটিভ ব্যাঙ্ক। মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, অবিলম্বে যাতে আমানতকারিরা তাদের টাকা ফেরত পান তার ব্যবস্থা করুন।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে আমার পাশের এলাকার মৃণাল রায়, দিঘা যার এলাকার মধ্যে পড়ে, তার যেমন করুণ আর্তনাদ, আমারও তেমনি। নন্দাগড়, দিঘা থেকে কাঁথি মহকুমা শহর পর্যন্ত বিস্তীর্ণ অঞ্চলে বিদ্যুতের অভাবে পানীয় জল সরবরাহ ব্যহত হচ্ছে, ছাত্র-ছাত্রীরা পড়াশোনা করতে পারছে না, ঘন্টার পর ঘন্টা লোডশেডিং, যতক্ষণও বা থাকে—লো ভোল্টেজ। শুধুমাত্র মহানগরীতে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রেখে সারা পশ্চিমবঙ্গের বিদ্যুতের অবস্থা স্বাভাবিক আছে, এই ধারণা ভ্রান্ত। মফস্বলে একটু বৃষ্টি হলে, প্রাকৃতিক বিপর্যয় একটু হয়ে গেলেই বিদ্যুৎ চলে যায়। এই বিষয়ে মন্ত্রী মহাশয় হস্তক্ষেপ করুন এবং মফস্বলে স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করুন।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া মহকুমা হাসপাতালে চারটি জেলার রোগী আসে। সেই মহকুমা হাসপাতালে কয়েকমাস ধরে কোনও সুপারিনটেন্ডেন্ট নেই, হাসপাতাল প্রশাসন ভেঙে পড়েছে। হাসপাতালে রোগী আসছে, ফিরে যাচ্ছে—এমনই একটি অবস্থা হয়েছে। সেখানে সাধারণ পথ্য ও ওষুধপত্র নেই। এই কাটোয়া মহকুমা হাসপতালের বহির্বিভাগে পশ্চিমবঙ্গের মধ্যে সবচেয়ে বেশি রোগী দেখাতে আসে। অবিলম্বে যাতে কাটোয়া মহকুমা হাসপাতালে একজন সুপারিনটেন্ডেন্ট নিয়োগ করা হয় এবং সেখানে পূর্বের অবস্থা ফিরে আসে, সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী মানিক উপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল এলাকার রাণীগঞ্জ কোল্ডফিল্ডস এরিয়ায় টোটাল আন্ডারগ্রাউন্ড ওয়ার্ক চলছে। এলাকার মানুষ ভয়ঙ্কর বিপদের মধ্যে আছে। গত ২৯ তারিখে সালানপুর এলাকায়, রাত্রি ৯ টার সময় সংগ্রামগড় এলাকায় বিরাট ধ্বস নামে এবং তাতে আট-দশটি বাড়ি দুশো ফিট নিচে চলে যায়। সেখানে একটি বছর তিরিশের ছেলে নাপিতের দোকান করে সংসার চালাত, সে মাটি চাপা পড়ে মারা যায়। আজ পর্যন্ত তার কোনও কম্পেনসেশন দেওয়া হয়নি। টোটাল বারাবনি বিধানসভা কেন্দ্র এবং লোহাট এলাকায় ১৪ ফুট সলিড

জায়গা মেন রোডের আন্ডারগ্রাউন্ডে বালি পুশিং চলছে। যে কোনও সময় এলাকাটি মাটির তলায় চলে যেতে পারে। সেখানকার লোকগুলো দিন-রাত আর্তনাদ করছে। সেখানে লোকে দিন-রাত আর্তনাদ করছে, সেখানে কেউ দেখার নেই। এই সরকার অকর্মণ্যের পরিচয় দিচ্ছে।

**শ্রী রবীন মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস এখানে উপস্থিত আছেন। কান্তি বিশ্বাসের পেনশন কেলেঙ্কারি আজকের কাগজে আপনারা দেখেছেন। এমন একজন মন্ত্রী যিনি মন্ত্রিসভায় যোগদান করার ১০ দিনের মধ্যে পেনশন বের করে নিয়েছেন। আমি অত্যন্ত লজ্জার সঙ্গে মাননীয় স্পিকারের মাধ্যমে ক্যাবিনেটের কাছে জানতে চাইছি, ৫০ হাজার পেনশন কেস তার মধ্যে থেকে বেছে বেছে ২৯ জনকে নিয়ম বহির্ভূতভাবে কি করে পেনশন পাইয়ে দিলেন। শিক্ষামন্ত্রী নিজের স্বার্থকে চরিতার্থ করবার জন্য [***]। গ্রামবাংলার ৫০ হাজার শিক্ষক পেনশন পাচ্ছেন না, তারা অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছেন। আর টাকার বিনিময়ে সেখানে এই ধরনের কেলেঙ্কারি চলছে।

**মিঃ স্পিকার :** মন্ত্রী হওয়ার ১০ দিনের মধ্যে পেনশন নিলেন, এটা বাদ যাবে। এখন বিরতি, আমরা আবার দুটোর সময় মিলিত হ'ব।

(At this stage the House was adjourned till 200 p.m.)

(After recess)

## POINT OF INFORMATION

[2-00 — 2-10 p.m.]

**শ্রী মহঃ ইয়াকুব :** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, অন এ পয়েন্ট অব ইনফরমেশন। স্যার, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় আমি এখানে উল্লেখ করতে চাই। বিষয়টি নিয়ে সারা দেশে আগুন জ্বলে যেতে পারে। স্যার, ৫ম এবং ৬ষ্ঠ শ্রেণীর জন্য পাঠ্য 'গল্প নয় সত্যি' নামে পুস্তকটিতে হজরত মহম্মদের ছবি ছাপা হয়েছে। শুধু তাই নয়, স্যার, গুরু নানকের ছবি দিয়ে একটা গল্প লেখা হয়েছে—মক্কা শরিফের দিকে গুরু নানকের পা দুটোকে রেখে বলা হয়েছে, "পা দুটো সরাতেই মক্কা শরিফ-ও সরে যাচ্ছে আসতে আসতে।" আমাদের সরকারের বদনাম করার জন্য উদ্দেশ্য প্রণোদিতভাবে গল্প লেখা হয়েছে। পশ্চিম বাংলায় যে সাম্প্রদায়িক সম্প্রীতি বিরাজ করছে তাকে ভঙ্গ করার জন্য যারা সক্রিয়, এটা তাদেরই কাজ। তাই স্বাভাবিকভাবেই আমি আপনার মাধ্যমে আমাদের সরকারের কাছে বলতে চাই যে, এই 'গল্প নয়, সত্যি' বই-টি এখনই বাজেয়াপ্ত করা হোক এবং যারা এ রকম গল্প লিখেছে, যারা এ রকম ছবি ছেপেছে তাদের বিরুদ্ধে অবিলম্বে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক। আমি এই দাবি আপনার কাছে রাখছি এবং এই বই-টা আপনার কাছে জমা দিচ্ছি। সরকারি নিয়ম অনুযায়ী গল্পে ছবি ছাপার কোনও ব্যবস্থা নেই। আমি আপনার কাছে পুস্তকটি পেশ করছি।

---

Note : * Expunged as ordered by the Chair.

**(এই সময় বিভিন্ন পক্ষের একাধিক সদস্য এক সাথে দাঁড়িয়ে উঠে মাননীয় সদস্য শ্রী মহঃ ইয়াকুবকে সমর্থন করেন।)**

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য একটা বই এই সভায় উপস্থাপিত করে আপনার নজর আকর্ষণ করে যে বক্তব্য পেশ করলেন তা অত্যন্ত মর্মান্তিক। তিনি যে গল্পের কথা উল্লেখ করলেন তা জাতির পক্ষে ক্ষতিকর। দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলার বিভিন্ন সম্প্রদায়ের মানুষ শান্তিপূর্ণ সহ-অবস্থানের মধ্যে দিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে চলেছে এবং নিজেদের সুনাগরিক হিসাবে পরিচিত করেছে। সেই সম্প্রীতির বিরুদ্ধে এটা একটা ষড়যন্ত্র। তাই অবিলম্বে এই বই-টির যারা পাবলিশার, লেখক ইত্যাদি তাদের গ্রেপ্তার করা হোক এবং তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা হোক। পশ্চিমবাংলায় কেউ যাতে সাম্প্রদায়িকতার আগুন জ্বালাতে না পারে, সাম্প্রদায়িকতার বিষ বাষ্প ছড়িয়ে পশ্চিমবাংলাকে অশান্ত করতে না পারে তার জন্য সরকারের পক্ষ থেকে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক। প্রাথমিক শিক্ষা মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি অবিলম্বে এ বিষয়ে একটা বিবৃতি দিন যে, এই বই-টি সম্পর্কে তাদের সরকারের মতামত কি, কি ব্যবস্থা তারা নিচ্ছেন এই বই-টির লেখক এবং প্রকাশকের বিরুদ্ধে? অবিলম্বে ব্যবস্থা নিন, তা না হলে একে কেন্দ্র করে স্বার্থান্বেষী সংশ্লিষ্ট মহলগুলি আগুন নিয়ে খেলা করবে। তার ফলে পশ্চিমবাংলার শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হবে এবং সাম্প্রদায়িকতার বিষ বাষ্প ছড়িয়ে পড়বে। তাই আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অবিলম্বে তার মতামত জানাতে অনুরোধ করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য উল্লেখ করলেন যে, একটা বই-তে হজরত মহম্মদের ছবি ছাপা হয়েছে এবং গুরু নানকের পা-এর ছবি ছাপিয়ে একটা গল্প লেখা হয়েছে। স্বাভাবিকভাবেই এই অবস্থায় বর্তমান ভারতবর্ষে এবং পশ্চিমবাংলার বর্তমান যে অবস্থা সেই অবস্থায় যেখানে আমরা শান্তিপূর্ণভাবে বসবাস করছি, দুটি মিলিত ধারা যেখানে পরস্পর পরস্পরের পরিপূরক হিসাবে আছে, সেখানে মানুষের কৃষ্টি এবং সংস্কৃতির ক্ষেত্রে আঘাত করছে। এই হজরত মহম্মদের ছবি ছাপানো নিয়ে এর আগেও হাউসে উত্থাপিত হয়েছে। এটা খুবই অন্যায়। আমি চাই, আমাদের তরফ থেকে এর তীব্র প্রতিবাদ হওয়া দরকার এবং যারা এই বই ছাপিয়েছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত হোক যে অ্যাক্ট আছে তার মধ্য দিয়ে এবং এই বইটি অবিলম্বে বাজেয়াপ্ত করা হোক ফর কমিউনাল হারমনি এবং এই বইটি যারা ছাপিয়েছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সারা বিশ্বব্যাপী ইসলাম ধর্মাবলম্বী মানুষ আছেন। কিন্তু কোনও জায়গায় হজরত মহম্মদের ছবি পাওয়া যায়নি এবং যাবেও না। এখানে যে বইয়ের কথা ইয়াকুব সাহেব তুলে ধরেছেন সেখানে মহম্মদের ছবি ছাপানো হয়েছে যেটা কাল্পনিক এবং ইসলাম ধর্ম-বিরোধী। এটা কেবল পশ্চিমবাংলা নয়, শুধু ভারতবর্ষ নয় সমস্ত পৃথিবীর কাছে ইসলাম বিরোধী কাজ করেছেন। আমি আপনার কাছে আবেদন রাখছি, এই বইয়ের যারা মালিক, যারা ছাপিয়েছেন তাদের বিরুদ্ধে কঠোর

ব্যবস্থা গ্রহণ করা হোক। উদ্দেশ্য-প্রণোদিতভাবে বইটি ছাপানো হয়েছে যাতে পশ্চিমবাংলায় বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে হানা-হানি হয় এবং গন্ডগোল বাধে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করব, তিনি এই ব্যাপারে বিবৃতি দিন এবং এদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করছেন সেই সম্পর্কে বলুন।

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বইটিকে কেন্দ্র করে এই বিধানসভায় মাননীয় সদস্যরা যে উদ্বেগ প্রকাশ করেছেন, আমি সরকারের পক্ষ থেকে সেই উদ্বেগের অংশীদার। এর আগে বিভিন্ন সময়ে এই ধরনের দায়িত্বজ্ঞানহীন এবং উদ্দেশ্য-প্রণোদিতভাবে পুস্তক রচনা করা হয়েছে। বিভিন্ন ধর্মের এবং বিভিন্ন সম্প্রদায়ের মানুষের যে বিশ্বাস সেই বিশ্বাসের আঘাত হানা হয়েছে। তবে আনন্দের বিষয়, দলমত নির্বিশেষে সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষ এর বিরোধিতা করার জন্য ঐক্যবদ্ধ হয়েছেন। এই বইটি আমি দেখলাম খুব সুকৌশলে ছেপেছেন—পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার পর্ষদের নির্ধারিত সিলেবাস দিয়ে। কিন্তু পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার সিলেবাস করে না, প্রাথমিক শিক্ষা পর্ষদ সিলেবাস করে। নিয়ম হচ্ছে মাধ্যমিক স্তরে কোনও বই যদি করতে হয় তাহলে মধ্য শিক্ষা পর্ষদের টেক্সট বুক নাম্বার নিতে হবে। কিন্তু এই বইটিতে টেক্সট বুক নাম্বার দেওয়া হয়নি। প্রাথমিক শিক্ষা পর্ষদের যদি বই হয় তাহলে তাদের মাধ্যমেই প্রকাশ করা হয়। কিন্তু এই বইটি সেই ধরনের বই নয়। সম্পূর্ণ বে-আইনিভাবে, অন্যায়ভাবে ছাপা হয়েছে। আমরা সবাই জানি, ইসলাম ধর্মের যারা বিশ্বাস করেন, কিম্বা না করেন হজরত মহম্মদের ছবি কোথাও নেই এবং তা ইসলাম বিরোধী। ইসলাম ধর্মে হজরত মহম্মদের ছবি থাকার কথা নয়। তা সত্ত্বেও এই বইটিতে ছাপা হয়েছে এবং দেখা যাচ্ছে মসজিদের দিকে পা করে একটি ছবি ছেপে দেওয়া হয়েছে। স্বাভাবিকভাবেই বিভিন্ন সম্প্রদায়ের মানুষের যে মানসিকতা সেই মানসিকতার উপর আঘাত হানছে, ধর্ম বিশ্বাসী মানুষের মধ্যে আঘাত হানছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সরকারের পক্ষ থেকে, মন্ত্রিসভার পক্ষ থেকে আপনার মাধ্যমে এই সভাকে আশ্বস্ত করতে চাই, বইটি সম্পর্কে স্বরাষ্ট্র দপ্তরের পক্ষ থেকে যে তদন্ত করা দরকার সেই তদন্ত করা হবে এই বইটি প্রকাশ করার জন্য যে ৩ জন লিখেছে—তার মধ্যে দুজন হিন্দু এবং একজন মুসলমান—যেই হোক না কেন—সে হিন্দু ও হতে পারে আবার মুসলমানও হতে পারে—তারা যে ধর্মীয় মনোভাবের উপর আঘাত এনেছে—স্বরাষ্ট্র দপ্তরের এই ব্যাপারে যা কর্তব্য সেই কর্তব্য নিশ্চয়ই সম্পাদন করবে। এই নিয়ে যাতে উত্তেজনা বৃদ্ধি না করা হয় তারজন্য আমি সরকারের পক্ষ একান্ত আবেদন জানাচ্ছি যে আপনারা সহযোগিতা করুন। যারা দুস্কৃতকারী, যারা ধর্মীয় বিশ্বাসের সুড়সুড়ি দিচ্ছেন তাদের এই অপচেষ্টার মোকাবিলা করার জন্য আপনাদের সকলের সহযোগিতা চাই।

[2-10 — 2-20 p.m.]

আইনশৃঙ্খলা যাতে বজায় থাকে তা দেখা হবে এবং আইনানুগ ব্যবস্থা যা গ্রহণ করা দরকার তা গ্রহণ করা হবে। আমার মনে আছে অতীতে একাধিকবার অনেক বই নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। সরকারের পক্ষ থেকে আমি এই আশ্বাস দিচ্ছি, সরকারের তরফে যা

করণীয় তা করা হবে।

(গোলমাল)

এই বই-টি বজেয়াপ্ত করা হবে।

**শ্রী মহম্মদ ইয়াকুব :** স্যার, এই বইটির প্রথম পৃষ্ঠাটি আমি দেখতে অনুরোধ জানাচ্ছি। প্রথম পৃষ্ঠাতে বি. জে. পি.-র প্রতীক চিহ্ন পদ্মফুল ছাপা আছে।

**মিঃ ডেপুটি স্পিকার :** বইটি আমি মন্ত্রী মহাশয়কে দিয়েছি, উনি পরীক্ষা করেছেন, আরও বিশদভাবে করবেন। উনি হাউসকে আশ্বস্ত করেছেন এই বলে যে উপযুক্ত ব্যবস্থা উনি গ্রহণ করবেন।

**শ্রী কান্তি বিশ্বাস :** স্যার, আমি আর একটি কথা বলতে চাই। এই বই-টির লেখক হিসাবে নাম ছাপা আছে—সলিল মিত্র, ডঃ সাধনগোপাল চক্রবর্তী এবং শেখ রহমান আলির। এই তিন জন লেখক বই-টি লিখেছেন। বই-টির প্রকাশক হচ্ছে, সাকসেস পাবলিশিং হাউস, ১ নং বিধান সরণী, কলকাতা ৭০০০৭৩। বই-টির নাম হচ্ছে—'গল্প নয়, সত্যি'। বলা হচ্ছে, এটা হচ্ছে, ৫ম ও ৬ষ্ঠ শ্রেণীর দ্রুত পঠন। স্যার, আমাদের পক্ষ থেকে এই বই-টি নিষিদ্ধ ঘোষণা করা সহ আইন অনুসারে যে সমস্ত ব্যবস্থা নেওয়া সম্ভব তা সবই নেওয়া হবে।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 30 & 45

**Mr. Deputy Speaker :** Now Discussions under Demand Nos. 30 & 45. There are, however, 74 cut motions to Demand No. 30 But there is no cut motion to Demand No. 45.

**Shri Nirmal Ghosh, Shri Md. Sohrab, Shri Shashanka Sekhor Biswas, Shri Ajoy De, Shri Rabindranath Chatterjee, Shri Sultan Ahmed, Shri Ashok Kumar Deb, Shri Abdul Mannan, Shri Gyan Singh Sohanpal, Shri Kamal Mukherjee, Shri Shyamadas Banerjee, Shri Deba Prasad Sarkar, Shri Saugata Roy, Shri Tushar Kanti Mondal, Shri Sanjoy Bakshi, Shri Biplab Roychowdhury, Shri Ajit Khanra, Shri Sobhan Deb Chattopadhyay, Shri Pankaj Banerjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা দপ্তরের ৫ জন মাননীয় মন্ত্রী এই সভায় যে শিক্ষা বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, শিক্ষা বাজেট নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়রা যে বক্তব্য রেখেছেন তা আমি

ভালভাবে পড়েছি। আমি মনে করি এই ভাষণ গতানুগতিক এবং পূর্বের অভিজ্ঞতা থেকে মন্ত্রীরা কোনও লেসন নেননি। স্যার, যে রাজ্যের বাজেটের শতকরা ৯৫ ভাগই শিক্ষক এবং শিক্ষাকর্মিদের বেতন দিতে চলে যায় সেই রাজ্যের বাজেটকে কখনই সমর্থন করা যায় না। এই প্রসঙ্গে আমি কয়েকটি তথ্য তুলে ধরতে চাই। আমাদের রাজ্যের স্টেট প্ল্যান এক্সপেন্ডিচারটা কি রকম হয়েছে ইন দি heads of education, sports, arts and culture. এই সব মিলিয়ে প্ল্যান বাজেটে খরচ হয়েছে মাত্র ২৫ কোটি ৮০ লক্ষ টাকা। ১৯৯৩/৯৪ সালে প্ল্যান বাজেটে ছিল ৪৫ কোটি ৮৩ লক্ষ টাকা, ১৯৯৪/৯৫ সালে প্ল্যান বাজেটে ছিল ৮১ কোটি ৫৭ লক্ষ টাকা, ১৯৯৫/৯৬ সালে টোটাল বাজেট যেখানে ছিল ২ হাজার ২৭৯ কোটি ১৬ লক্ষ ২০ হাজার টাকার সেখানে দেখা যাচ্ছে প্ল্যান বাজেটে রাখা হয়েছিল ১৩৬ কোটি ৪৭ লক্ষ টাকা, আর ১৯৯৬/৯৭ সালে যেখানে টোটাল বাজেট হচ্ছে ২ হাজার ৩৬৩ কোটি ৮৮ লক্ষ ৭১ হাজার টাকার সেখানে প্ল্যান বাজেটে ছিল ১৩৩ কোটি ৪৮ লক্ষ টাকা। এটা কোনও পারসেন্টেজেই আসে না। সরকার থেকে যে ইকনমিক রিভিউ দেওয়া হয়েছে তার ১৯৮ পৃষ্ঠাতেই সব দেওয়া আছে। শিক্ষার মতন একটা সংবেদনশীল বিষয়ে আমাদের রাজ্যের সরকার সংকীর্ণ দলীয় রাজনীতি নিয়ে চলার ফলে এ রাজ্যের গোটা শিক্ষা ব্যবস্থাটাই তারা তুলে দেওয়ার ব্যবস্থা করেছেন।

আমি বিনীত ভাবে বলতে চাই স্কুল এবং কলেজে দুটি গুরুত্বপূর্ণ বিষয় আছে। একটা হচ্ছে পঠন-পাঠন, আর একটা হচ্ছে পরীক্ষা গ্রহণ করা। রাজ্য সরকার নিরবিচ্ছিন্ন ভাবে একনাগাড়ে ২০ বছর ক্ষমতায় থাকার পরেও এই দুটি বিষয় একেবারে তুলে দিয়েছেন। আজকে কিছুতেই আর মানুষ বিশ্বাস করে না যে স্কুল-কলেজে লেখা-পড়া হয়। এটা বিশ্বাস করে না বলেই আজকে সমগ্র রাজ্যে টিউশনি, কোচিং ব্যবস্থা এবং নোট বইয়ের একটা প্যারালাল শিক্ষা ব্যবস্থা চলেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি যে, অশোক মিত্র কমিশন বলেছিলেন যে এই রাজ্যে মাধ্যমিক স্তরে ৯২.৫ পারসেন্ট এবং উচ্চ মাধ্যমিক স্তরে ৯৫.১৭ পারসেন্ট ছাত্র-ছাত্রীরা টিউশনিতে পড়ছে। এই রাজ্যে একটা প্যারালাল শিক্ষা ব্যবস্থা চালু হয়েছে। এই রকম একটা জায়গায় আজকে চলে গেছে। ১৯৭৭ সালে যখন প্রথম বামফ্রন্ট সরকার নির্বাচিত হয়ে এল তখন শিক্ষা বিষয়ে তারা নির্বাচনী ইস্তহার দিয়ে বলেছিল যে প্রত্যেক সংসদের নির্বাচন করব, মধ্যশিক্ষা পর্ষদের নির্বাচন করব, উচ্চ-মাধ্যমিক সংসদের নির্বাচন করব। কিন্তু কেবলমাত্র মধ্যশিক্ষা পর্ষদের নির্বাচন ছাড়া আজ পর্যন্ত বাকি দুটির নির্বাচন হয়নি। তার পরিবর্তে নিজেদের পছন্দ মতো লোকেদের বসিয়ে দিয়ে শিক্ষা ব্যবস্থাকে একেবারে ভেঙ্গে দিয়েছেন এবং আজকে রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে গণতন্ত্রীকরণের নামে ১০০ ভাগ রাজনীতিকরণ করেছেন। আমি উচ্চ শিক্ষা মন্ত্রীকে এই বিষয়ে কয়েকটি নমুনা দিতে চাই যে আপনারা ক্ষমতায় এসে কলেজগুলিতে কি করেছেন তারা। আমার কাছে ৩৭টি কলেজের রেকমেন্ডেশন আছে। কাঁচরাপাড়া কলেজের গভর্নমেন্ট নমিনি ছিলেন ডঃ হরিদাস গুপ্ত, এম. এস. সি., পি. এইচ. ডি., প্রিন্সিপাল, আর. বি. সি. কলেজ, নৈহাটি। তাকে রিপ্লেস করে দিলেন আপনাদের দলের ম্যাট্রিক পাশ, ঐ এলাকার থেকে নির্বাচিত এম. এল. এ., নামটা না করাই ভাল। আপনি কাকে ইউনিভার্সিটির নমিনি করলেন ঐ কলেজের? মিস প্রীতি ভট্টাচার্য, একটা গার্লস কলেজের টিচার, তাকে আনলেন ডঃ মীরা সেন, এম.

এস. সি., পি. এইচ., ডি., রিডার ইন বায়োলজি, কল্যাণী ইউনিভার্সিটি তার বদলে। এই হচ্ছে গণতন্ত্রীকরণের নামে রাজনীতি করণ।

বহরমপুর গার্লস কলেজে কাকে নমিনি করলেন? মিস ইপ্সিতা গুপ্তা, তার বদলে আনলেন অপরাজিতা দাসগুপ্তাকে। তিনি একটা স্কুলের হেড মিস্টেস ছিলেন। নবগ্রাম হীরালাল কলেজের গভর্নমেন্ট নমিনি ছিলেন ডঃ সি. আর. বৈশিষ্ট, প্রিন্সিপাল, বর্ধমান কলেজ, তার বদলে আপনাদের সি. পি. এম. দলের এম. এল. এ.-কে এনে বসিয়ে দিলেন। ইউনিভার্সিটির নমিনি করলেন শ্রীমতী সাধনা ভট্টাচার্যকে। তিনি একজন হাউস ওয়াইফ, সেখানে ছিলেন ডঃ এস. চক্রবর্তী, প্রফেসর, হেড অব দি ডিপার্টমেন্ট, বর্ধমান ইউনিভার্সিটি। রাণাঘাট কলেজের ইউনিভার্সিটির নমিনি করলেন নন-ম্যাট্রিক মোক্তারকে, আপনাদের সি. পি. এম দলের সদস্য বলে। ঋষি বঙ্কিমচন্দ্র কলেজের গভর্নমেন্ট নমিনি ছিলেন ডঃ এস. পি. সিনহা, মহারাজা শ্রীষ কলেজের হেড অব দি ডিপার্টমেন্ট অব ইংলিশ তার বদলে দিলেন আপনাদের সি. পি. এম. দলের একজন সদস্যকে। হাবড়া শ্রী চৈতণ্য কলেজে আপনাদের দলের ক্লাস এইট পর্যন্ত পড়া ডি. পি. আই., তাকে নমিনি করলেন, নামটা না বলাই ভাল।

[2-20 — 2-30 p.m.]

লালবাবা কলেজে গভর্নমেন্ট নমিনি করেলেন ব্যাঙ্কের একজন ফোর্থ গ্রেড স্টাফ বাণীভূষণ ঘোষকে। বাতকুল মিলনী কলেজে গভর্নমেন্ট নমিনি পদ থেকে সরিয়ে জেলা শাসককে সরিয়ে দিয়ে নমিনি করলেন আপনাদের দলের এক এম. পি.-কে। মৃণালিনী দত্ত মহাবিদ্যালয়ে কাকে করলেন গভর্নমেন্ট নমিনি। বিরাটির সি. পি. আই.(এম) লোকাল কমিটির সেক্রেটারি নন্দদুলাল চ্যাটার্জিকে ঐ কলেজে গভর্নমেন্ট নমিনি করে বসালেন। হয়ত আপনারা বলবেন যে, ওদের আপনারা মর্যাদা দিতে চান। আমার তাতে কোনও আপত্তি নেই, মর্যাদা দিন না। সেক্ষেত্রে তাদের মন্ত্রীত্ব দিন, তাহলে বুঝব যে, তাদের আপনারা মর্যাদা দিচ্ছেন। আজকে এইভাবে শিক্ষাকে একশ' ভাগ রাজনীতিকরণ করেছেন। রাজ্যে ৮২ জন কংগ্রেস এম. এল. এ. রয়েছেন। বলতে পারবেন, কোথায়ও তাদের গভর্নমেন্ট নমিনি করেছেন? ইউনিভার্সিটিতে নমিনি করেছেন? আজকে অবস্থাটা এই দাঁড়িয়েছে যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ে আপনাদের যারা ভাইস-চ্যান্সেলর বা প্রো-ভাইস চ্যান্সেলর হবেন তারা পরবর্তীকালে আপনাদের দলের হয় মন্ত্রী, না হয় এম. পি., না হয় রাজ্যসভার এম. পি. হবেন। আর কলকাতা বিশ্ববিদ্যালয়ের যিনি ভাইস-চ্যান্সেলর হবেন তিনি আপনাদের দলের এম. পি. হবেন। দুবার একজন আপনাদের দলের এম. পি. ছিলেন—খবর বেরিয়েছে—তিনি হেরে যাবার পর এবারে তাকে ভাইস-চ্যান্সেলর করবেন। এর থেকে লজ্জার কথা, স্লেট পরীক্ষা হয় ; গত ২১. ১. ৯৭ তারিখে তার রেজাল্ট বেরিয়েছে, সেখানে আমাদের রাজ্যে ১০.৩ পারসেন্ট পাশ করেছেন যেখানে আগের বছর পাশের হার ছিল ১৭ পারসেন্ট। অর্থাৎ শিক্ষার মান আপনারা বাড়াতে পারেননি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের চাপ কমাবার জন্য নদীয়া এবং মুর্শিদাবাদের সমস্ত কলেজগুলোকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আন্ডারে নিয়ে আসবেন বলে ঠিক করেছেন। নীতিগতভাবে আমি এর বিরোধী নই। যেহেতু ওখানে আন্ডার-গ্র্যাজুয়েট পড়ানো হয়, সেখানে নদীয়া এবং মুর্শিদাবাদের ছেলেরা চান্স পাবে তো? কারণ আপনারা সেখানে ইনফ্রাস্ট্রাকচার বাড়াননি, অথচ ইউনিল্যাটারাল

ডিসিসনটা নিয়েছেন। এই রকম একটা অবস্থার মধ্যে রাজ্যের শিক্ষা-ব্যবস্থাকে নিয়ে গেছেন।

এরপর আমি প্রাথমিক শিক্ষা সম্পর্কে বলছি। কান্তিবাবু উঠে গেলেন, কিন্তু ১৯৮১ সাল থেকে রাজ্যপালের ভাষণ এবং মন্ত্রীর ভাষণে শুনে আসছি, প্রতি বছর আপনারা বলেছেন, 'আমরা বছরে ১,০০০ প্রাইমারি স্কুল করে যাবে এবং ৩,০০০ ব্যক্তিকে চাকরি দেব।' অবশেষে ১৯৯৭ সালে এসে শুনছি, সুপ্রিম কোর্টের রায়ের জন্য সেটা পারেননি। ১৯৮১ সাল থেকে ভাষণগুলি পড়ে দেখুন, কোথায় লেখা রয়েছে যে, কোর্টের বাধা না থাকলে আপনারা বছরে ১,০০০ প্রাথমিক স্কুল এবং ৩,০০০ চাকরি দেবেন? আপনি আমাদের বলুন, কবে কোর্টের এই রায় হয়েছে এবং কবে সেটা ভ্যাকেট হয়েছে। এক বছর হয়ে গেল, একটি প্রাইমারি স্কুলও আপনারা স্থাপন করতে পারেননি। তার পরিবর্তে আপনারা কি করলেন? আপনারা ১৯৯২ সালের ফেব্রুয়ারি মাসে একটা বিল আনলেন—প্রাইমারি এডুকেশন (অ্যামে মেন্ট) বিল, ১৯৯৬, যার বিরোধিতা আমরা করেছিলাম। কিন্তু আমাদের সমস্ত বাধাকে উপে করে কেবলমাত্র সংখ্যাধিক্যের জোরে বিলটা আপনারা পাস করালেন এবং বললেন যে, এখন থেকে বাংলার বুকে বেসরকারি উদ্যোগে আর প্রাইমারি স্কুল করা যাবে না। আপনারা নিজেরা যেটা করতে পারছেন না সেখানে বলে দিলেন যে, বেসরকারি উদ্যোগেও সেটা করা যাবে না। আমাদের রাজ্যে এই মুহূর্তে ৫১,০২১টি প্রাইমারি স্কুল রয়েছে।

তার মধ্যে ৪৫ হাজার প্রাইমারি স্কুল বেসরকারি উদ্যোগে গঠিত। আজকে আপনি নিয়ম করেছেন ভলেন্টারি স্কুলগুলি ১৫-২০ বছর স্কুল চালানোর পর অনুমোদন পেলেও যারা সেখানে চাকুরি করত তারা সেখানে চাকুরি করতে পারবে না। সেখানে আপনি পার্টির ক্যাডারদের বসাবেন। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, বাংলায় একটা কথা আছে। কাক কাকের মাংস খায় না। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী কান্তিবাবু একজন শিক্ষক হয়েও শিক্ষকদের মাংস শুধু নয় রক্ত হাড় চিবিয়ে চিবিয়ে খাচ্ছেন। শুধু শিক্ষকদের নয় শিক্ষকদের পরিবারের রক্ত মাংস হাড় চিবিয়ে চিবিয়ে খাচ্ছেন। শুধু ভারতবর্ষ নয় পৃথিবীতে এমন কোনও রাজ্য দেখাতে পারবেন না যেখানে মাস্টাররা দিনের পর দিন মাসের পর মাস বছরের পর বছর স্কুলে গেলেও মাইনে পায় না। পশ্চিমবাংলা ছাড়া আর কোনও রাজ্য পৃথিবীতে নেই। এমন জিনিস ভারতবর্ষে কোথায় আছে যেখানে একজন শিক্ষক ৬০ বছর বয়সের বেশি চাকুরি করলে সে মাইনে পাবে না? একজন হেড মাস্টার তার টিচারদের সমস্ত ব্যাপারে রেকমেন্ড করবে, তাদের রিটার্নে সই করবে কিন্তু সে মাইনে পাবে না। কান্তি বিশ্বাসের মতো প্রতিহিংসা পরায়ণ মন্ত্রী পশ্চিমবাংলা আর কোনও দিন আসেননি। আমি তাই বলতে চাই ওনার মন্ত্রিত্ব কেড়ে নেওয়া হোক এবং কেড়ে নিয়ে উনি শুধু কেস দেখবেন এই দায়িত্ব তাকে দেওয়া হোক। প্রাইমারি স্কুল টিচারদের বিরুদ্ধে কটা কেস হয়েছে সেই কেস তিনি দেখুন। আমি জানতে চাই এই প্রাইমারি টিচারদের বিরুদ্ধে কেসে রাজ্য সরকারের কত খরচ হয়েছে সাহস থাকে তিনি এই হিসাব দিন। প্রাইমারি টিচারদের ব্যাপারে সুপ্রিম কোর্টের রায় থাকা সত্ত্বেও তিনি সেই রায় মানছেন না। আমি ব্যাক্তিগত ভাবে তাকে বলেছিলাম আপনি শিক্ষকদের নিয়ে বসুন, আলাপ আলোচনা করে সমস্ত বিষয়গুলি মিটিয়ে নিন। তার বক্তব্য হচ্ছে তারা কেস তুলে নিন তারপর তাদের সঙ্গে আলোচনায় বসব। পৃথিবীতে কোনও গণতান্ত্রিক

আন্দোলনে এটা হয় যে আলোচনার মধ্যে কোনও সমঝোতায় না এসে কেস তুলে নেবে? এই জিনিস কোথাও হয় না। সেই জন্য পশ্চিমবাংলার শিক্ষক সমাজ, তার টাইটেল যতই বিশ্বাস হোক না কেন, ওনাকে কেউ বিশ্বাস করে না। আর বিশ্বাস করে না বলেই আজকে এই অবস্থা। আজকে কাগজে বেরিয়েছে উনি আইন ভেঙে ২৯ জন শিক্ষককে পেনশন পাইয়ে দিয়েছেন। মন্ত্রী বলবেম যে ওরা দরখাস্ত করেছিল আমার কাছে তাই তাদের পাইয়ে দিয়েছি। মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য আপনি কি আপনার পার্টির শিক্ষামন্ত্রী পশ্চিমবাংলার শিক্ষামন্ত্রী নন? উনি কি শুধু এ. বি. টি. এ. এবং এ. বি. পি. টি. এ.-র শিক্ষামন্ত্রী? কারণ তারাই দরখাস্ত করেন তার কাছে এই সমস্ত বিষয়ে। পশ্চিমবাংলার শতকরা ৭০ ভাগ প্রাইমারী শিক্ষক অন্য সমিতি করে, তারা ওনাকে বিশ্বাস করেন না, সেই জন্য তারা দরখাস্ত করেন না। আইন ভেঙে পেনশন দেবার ব্যবস্থা করেছেন পেনশন দপ্তরের অফিসারদের প্রভাবিত করে। তার ফলে কেবল মাত্র সি. পি. এম. লোকেদের এই পেনশন পাইয়ে দিয়েছেন। এখানে রাজনীতি হচ্ছে কিনা বলুন। ক্ষমতায় থেকে আপনি এই জিনিসগুলি করছেন। ড্রপ আউট সম্পর্কে আপনারা অনেক কথা বলেন। যোজনা কমিশনের সম্প্রতি একটা রিপোর্ট বার হয়েছে। যোজনা কমিশনের সদস্য এন. গোপাল স্বামী পশ্চিমবাংলার শিক্ষা সম্বন্ধে একটা রিপোর্ট দিয়েছেন। সেই রিপোর্টে বলা হচ্ছে পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের ড্রপ আউটের অনুপাত হচ্ছে পশ্চিমবাংলার ক্ষেত্রে শতকরা ৭৬.১৮ ভাগ এবং সেখানে সর্বভারতীয় ক্ষেত্রে হচ্ছে শতকরা ৬৫.৪০ ভাগ। প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের ড্রপ আউটের সংখ্যা আমাদের রাজ্যে ৬৪.৪৫ পারসেন্ট আর সর্বভারতীয় পরিসংখ্যান হচ্ছে ৪৭.৯৩ পারসেন্ট। আপনি হয়ত বলবেন গোপালস্বামীর রিপোর্ট আমরা মানি না। আপনাদের সরকার বই বার করেছে ডিরেক্টর অফ স্কুল এডুকেশন, ওয়েস্ট বেঙ্গল ১৯৯৫, টিচিং অ্যান্ড লারনিং, এখান থেকে আমি বলছি এন. গোপালস্বামীর রিপোর্ট থেকে বলছি না।

[2-30 — 2-40 p.m.]

এখানে একটা রিপোর্ট দিয়েছেন। বইটি নিশ্চয়ই আপনার কাছে পাওয়া যাবে। বইটির দু'পৃষ্ঠা দেখুন। মালদহ জেলায় ক্লাস ওয়ান থেকে ক্লাস টুতে ড্রপ আউট হচ্ছে ৫৫.৯৩ পারসেন্ট। এই রিপোর্ট হচ্ছে ডাইরেক্টর অফ স্কুল এডুকেশন, ওয়েস্ট বেঙ্গল, ১৯৯৫ এর। এখানে হুগলি জেলার লোক আছেন? সি. পি. এম.-এর লোক আছেন নাকি? থাকলে শুনে রাখুন, ওয়ান থেকে টুতে ৬০.৭৯ পারসেন্ট ড্রপ আউট অবস্থা, আপনারা কি হুহু করে এগিয়ে যাচ্ছেন, তা সহজেই অনুমান করা যায়। পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে স্থান কোথায় এসে দাঁড়িয়ে আছে বলবেন। এখানে জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রী আছেন। তিনি অনেক বেলুন ওড়ালেন, অনেক প্রাইজ আনলেন। সাম্প্রতিক কি রিপোর্ট বেরিয়েছে? আপনার জেলাতে বসে আপনার সচিব আপনাকে বলেছেন—তিনি ঠিকই বলেছেন—এটা পশ্চিমবাংলার লজ্জা, আমরা সাক্ষরতার ক্ষেত্রে ১৮তম স্থানে আছি। আপনার সাফল্যের বেলুন ফেটে গেল। আপনি জবাবি ভাষণে বলেছেন, কত স্থানে আছি দেখার দরকার নেই। আমরা তো ৭৮ লক্ষ করেছি। আপনি আবার ভেবে দেখুন। অতীত অভিজ্ঞতা থেকে একটুও লেসন নেননি। এখন থেকে লেসন

নেওয়ার দরকার আছে। স্ট্যাটিস্টিকসে একটা গাফিলতি আছে বলে সাক্ষরতার ক্ষেত্রে আমরা ১৮তম স্থানে আছি। আমরা এতসব করেছি। কিন্তু কি হচ্ছে পশ্চিমবাংলায়? এখানে মাননীয় কান্তিবাবু এসেছেন। আপনি নিশ্চয়ই খোঁজ রাখেন যে, কলকাতার ২৯টি প্রাইমারি স্কুল উঠে যাচ্ছে কেন তা অনুসন্ধানের জন্য ১৯৯৩ সালের ১৪ই জানুয়ারি একটা কমিটি করা হয়েছিল। ১৯ জন সদস্যকে নিয়ে ঐ কমিটি করা হয়েছিল। তাদের বলা হয়েছিল ১৯৯৩ সালের মধ্যে রিপোর্ট প্লেস করতে হবে। কে ছিলেন ঐ কমিটিতে? কমরেড মানব মুখার্জি ছিলেন। কে ছিলেন ঐ কমিটিতে? কমরেড ক্ষীতি গোস্বামী ছিলেন। কে ছিলেন কমিটিতে? কমরেড নিজামুদ্দিন ছিলেন। এদের নেতৃত্বে ১৯ জনের কমিটি গঠিত হয়েছিল কলকাতার প্রাইমারি স্কুল উঠে যাচ্ছে কেন তার খোঁজ খবর নেবার জন্য। ঐ কমিটিকে দু'বার এক্সটেনশন দেওয়া হয়েছিল। তারপর ১৯৯৫ সালের ৩০শে জানুয়ারি কমিটি তার রিপোর্ট প্লেস করে। তাতে কি বলেছে কমিটি? পড়ুয়ার অভাব হওয়ার প্রধান কারণ সম্পর্কে অনুসন্ধান কমিটির অভিমত হল, রাজ্য সরকারের শিক্ষানীতি, বিশেষত প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়া পরিপ্রেক্ষিতে অভিভাবকরা আর ঐসব স্কুলে ছেলে-মেয়েদের পাঠাতে উৎসাহিত হচ্ছেন না। এই হল কলকাতার স্কুল সম্পর্কে কমিটির রিপোর্ট। খুব সম্প্রতি একটা রিপোর্ট বেরিয়েছে হাওড়া জেলা সম্পর্কে। হাওড়া জেলায় আপনাদেরই দলের লোককে—অমল সরকারকে—চেয়ারম্যান করেছেন হাওড়া জেলায় প্রাইমারি স্কুল বন্ধ হয়ে যাচ্ছে কেন তা অনুসন্ধান করতে। হাওড়ায় ছাত্রের অভাবে ৩৬টি প্রাইমারি স্কুল বন্ধ হয়ে গেছে। ১৭ই জুন কাগজে বেরিয়েছে। চেয়ারম্যান অমল সরকার বলছেন, শহরাঞ্চলে বেসরকারি স্কুলে বেশি ছাত্রছাত্রী পড়তে যায়। চেয়ারম্যান অমল সরকার বলছেন, শহরাঞ্চলে বেসরকারি স্কুলে বেশি ছাত্রছাত্রী পড়তে যায়। সংলগ্ন ৩৬টি স্কুল সার্ভে করে দেখা গেছে যে তার ১২টিতে ছাত্র নেই। বাকি ক'টিতে একজন করে শিক্ষক আছেন স্কুলের মালপত্র, চেয়ার বেঞ্চ গার্ড দেবার জন্য। এর পরেও কি আপনাদের অভিজ্ঞতা হবে না? এই ছেলেরা ইংরাজি পড়তে চায় এটা দেখবেন না। এখানে তো বামফ্রন্ট পরিচালিত সরকার আছে। ত্রিপুরাতেও বামফ্রন্ট পরিচালিত সরকার আছে। ত্রিপুরাতে প্রথম শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হয়। আর এখানে পঞ্চম শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হয়। তাহলে পশ্চিমবাংলাতে বামফ্রন্টের এক দর্শন আর ত্রিপুরাতে আর এক দর্শন, এটা হয় নাকি? রাজ্যের স্কুলগুলো, কলকাতার স্কুলগুলো উঠে যাচ্ছে কেন, তার খোঁজ নেবেন না?

শুধু আসবেন, যাবেন আর সই করে মাইনে নেবেন এই করলে তো আর হয় না, এই করে একটা রাজ্যের শিক্ষা ব্যবস্থা চলতে পারে না। আপনি নিশ্চয় জানেন যে পশ্চিমবঙ্গের অভিভাবক শ্রেণী আপনার এই শিক্ষা ব্যবস্থাতে সন্তুষ্ট হতে পারছে না। আপনি পশ্চিমবঙ্গে যে শিক্ষাব্যবস্থা রেখেছেন তাতে আপনি যে মূল্যায়ন পদ্ধতি চালু করেছেন তাতে পশ্চিমবঙ্গের অভিভাবক শ্রেণী আপনার পর্ষদের উপরে আস্থা আর রাখতে পারছে না। কিছুটা মটিভেটেড হয়ে আপনি এই কাজ করছেন এবং যার জন্য আপনিও ঘটনাটি জানেন যে, ডঃ সুশীল কুমার মুখার্জির নেতৃত্বে একটি বেসরকারি প্রাইমারি উন্নয়ন পর্ষদ নামে একটি সংস্থা গঠিত হয়েছে, সেই সংস্থাতে ১৯৯৪ সালে এই রাজ্যর থেকে ১ লক্ষ ৪৬ হাজার শিশু বৃত্তি পরীক্ষা দিয়েছে, ১৯৯৫ সালে ১ লক্ষ ৮০ হাজার এবং ১৯৯৬ সালে ২ লক্ষের বেশি শিশু বৃত্তি পরীক্ষা দিয়েছে, ১৯৯৫ সালে ১ লক্ষ ৮০ হাজার এবং ১৯৯৬ সালে ২ লক্ষের বেশি শিশু

পরীক্ষা দিয়েছে। আপনাদের উপরে আস্থা হারিয়ে তারা ওই বেসরকারি পর্ষদে নাম লিখিয়েছেন। এই ঘটনার থেকেও কি আপনি শিক্ষা নেবেন না? এই প্রসঙ্গে এখানে শিক্ষামন্ত্রী এবং সমস্ত মন্ত্রীদের কাছে আবেদন করতে চাই যে, পশ্চিমবাংলায় এমন কোনও পরীক্ষা ব্যবস্থা আছে কিনা আমার জানা নেই যেখানে প্রশ্নপত্র ফাঁস হয়নি। ১৯৯৫ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ইংরাজির প্রশ্নপত্র ফাঁস হয়েছিল, তারজন্য আপনারা কি ব্যবস্থা নিতে পেরেছিলেন? আপনাদেরই সাংসদের সভাপতি গত ৩রা এপ্রিল, ১৯৯৫ সালে আনন্দবাজার পত্রিকায় যে স্টেটমেন্ট দিয়েছিলেন সেটা পড়ে শোনাচ্ছি—তারই কথা—প্রতি বছর সব পরীক্ষার ক্ষেত্রে এই ধরনের ঘটনা ঘটে থাকে এবং কোনও পরীক্ষার সাজেশনের মোড়কে শতকরা ৯৮ ভাগ প্রশ্ন মিলে গেলেও তাকে ফাঁস বলা যায় না। এবারে কেবলমাত্র অঙ্কের প্রশ্নপত্রই ফাঁস হয়নি, ভূগোলের প্রশ্নপত্রও ফাঁস হয়ে গেছিল। তাতে ক্যাবিনেট মন্ত্রী বলেছিলেন যে, যদি ভূগোলের ক্ষেত্রে প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে আমাদের মনে হয় তাহলে ভূগোলের ক্ষেত্রেও অঙ্কের মতো আবার পরীক্ষা নেব। আমার মনে হয় চিত্তবাবুর চিত্ত বিনোদনের জন্য আপনারা বলে রাখেন যে, আপনি দুটো করে প্রশ্নপত্র তৈরি করে রাখুন, যাতে করে যদি বেগতিক দেখা যায় তাহলে ৭ দিনের মধ্যে আবার পরীক্ষা নেবার ব্যবস্থা করব। আপনি নিজে চিন্তা করুন তো একটি ছেলে পরীক্ষা দিয়ে ঘরে ফিরে এসেই রেডিওতে শুনল যে আগামী ৭ দিনের মধ্যে আবার পরীক্ষা দিতে হবে, তাহলে সেই ছেলেটি এবং তার অভিভাবকদের মানসিক অবস্থা কি রকম হবে বলুন তো? আপনাদেরই তো পাশের রাজ্য, সেখানে প্রশ্নপত্র ফাঁস হয়ে যাবার জন্যে মন্ত্রী পদত্যাগ করলেন কিন্তু আপনি তো সেটা করতে পারলেন না। আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে রাজ্যের শিক্ষার মান ক্রমশ নিচের দিকে চলে যাচ্ছে। এবং পরীক্ষা ব্যবস্থাটাকে একেবারে নষ্ট করে দিচ্ছে, এই কথা বলে এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে, কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাফা বীন কাশিম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষাখাতে ব্যয় বরাদ্দের যে দাবি উপস্থাপিত হয়েছে তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং মাননীয় মন্ত্রী যে বক্তব্য রেখেছেন তাকে আমি সমর্থন করছি। আমাদের রাজ্যের শিক্ষার উন্নয়নের শিক্ষার প্রসারের স্বার্থে রাজ্য সরকারের যে ভূমিকা তার সঠিক পদক্ষেপই এই বাজেটের মধ্যে দেখা যাচ্ছে এবং একটা বাস্তবোচিত চিত্র আমরা দেখতে পাচ্ছি। আমাদের বিরোধীপক্ষের বন্ধু সঞ্জীব দাস বক্তৃতা করলেন, তার বক্তৃতা আমি শুনেছি এবং সভার সবাই শুনেছে। সঞ্জীববাবু নিশ্চয় এর সমালোচনা করবেন, শিক্ষা নিয়ে তর্ক-বিতর্ক হতেই পারে, আলোচনা-সমালোচনা হতেই পারে কিন্তু শিক্ষা নিয়ে বিতর্ক আলোচনায় অংশ গ্রহণ করে এমন কিছু কথা বললেন যেগুলো ঠিক সঙ্গতিপূর্ণ নয় বা সমর্থনযোগ্য নয়। আমি বন্ধু সঞ্জীববাবুকে বলব তিনি একটু গভীরভাবে যদি চিন্তা করতেন তাহলে মনে হয় ওই ধরনের কথা বলতেন না। এই প্রসঙ্গে আমি দু-একটি কথা বলব।

[2-40 — 2-50 p.m.]

আপনি বলতে গিয়ে বললেন, কংগ্রেস দলের সরকার যখন ছিল তখন কলেজ বিশ্ববিদ্যালয় চত্বরে কলেজের গভর্নিং বডিতে সমস্ত সম্মানিত ব্যক্তিরা সরকারের প্রতিনিধি

ছিলেন এবং বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে অনেক কলেজে গভর্নিং বডিতে সেই সমস্ত সদস্যদের বদলে, সরকারের প্রতিনিধি হিসাবে সেখানে অন্য কিছু মানুষকে সরকার সেখানে পাঠালেন, যাদের সম্পর্কে আপনি খানিকটা প্রচ্ছন্নভাবে কটাক্ষ্যও করলেন। আমি সবাইকে জানি না, যাদের নাম করা হয়েছে, যারা সেই সময় ছিলেন তাদের কয়েকজনকে জানি, দু-এক জনের কথা শুনেছি, অনেককে জানি না, কিন্তু তাদের প্রতি সম্মান জানিয়ে যেটা বলতে চাই, সঞ্জীববাবু, পশ্চিমবাংলার মানুষ এই কথা ভোলেননি, '৭৭ সালের আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যারা দায়িত্বে ছিলেন, যতই সম্মানিত ব্যক্তিরা সেখানে থাকুন না কেন, সেখানে এমন পরিবেশ সৃষ্টি করেছিলেন, ঐ সমস্ত কলেজে এত ভাল লোক থাকা সত্ত্বেও কলেজে পড়াশুনা হত না। পরীক্ষায় গণ টোকাটুকি হত, রেজাল্ট বেরুত না। কলকাতা বিশ্ববিদ্যালয় চত্বরে শিক্ষকদের লাঞ্ছনা করা হয়েছে, এই কথা পশ্চিমবাংলার মানুষ ভুলে যেতে চান, কিন্তু তারা ভুলতে পারেন না। আমার আশঙ্কা হচ্ছিল, অধ্যাপক সঞ্জীববাবু না বলে ফেলেন, কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে সিনেট আছে, সেখানে নূতন করে, আপনারা আর লোক পেলেন না, কৃষকসভার প্রতিনিধিকে জায়গা করে দিলেন। ট্রেড ইউনিয়ন এবং কৃষক সভার প্রতিনিধিকে জায়গা করে দিলেন, কিন্তু কেন জানি না, কি ভেবে এই কথা উনি বললেন না। আমরা গর্ববোধ করি, বিশ্ববিদ্যালয়ে পরিচালনায় রাজ্যের এই সমস্ত মানুষকে আমরা জায়গা করে দিতে পেরেছি, তাদের চিত্রটা যাতে প্রতিফলিত হয় সেইজন্য কৃষক সভার প্রতিনিধি রাখার ব্যবস্থা হয়েছে ; শ্রমিক শ্রেণীর প্রতিনিধি রাখার ব্যবস্থা হয়েছে। বিভিন্ন জায়গায় তারা জায়গা পেয়েছে। এই ব্যাপারে বলব, একটু একটু গভীর ভাবে যদি চিন্তা করতেন, সঠিকভাবে যদি চিন্তা করতেন তাহলে যে কথা বলেছেন, সেই কথা বলা যায় না। আপনি এখানে যে কথা বললেন, আপনি যে বিষয়বস্তু তুলে ধরার চেষ্টা করলেন, হাবড়ার চৈতন্য কলেজে একজন স্বনামধন্য ব্যক্তিকে সরিয়ে দিয়ে সেখানে একজন নন-ম্যাট্রিক এম. এল. এ.-কে নিলেন গভর্নিং বডিতে সদস্য করে। এমন তো কোনও নজির সেখানে নেই। অথচ বলার সময় কোনও রকম আত্মতুষ্টি না করে এই কথা বলে দিলেন। এই ব্যাপারে আমি অন্য সময়ে বিস্তারিত বলব আপনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথা বলেছেন, আমি উচ্চ শিক্ষার বিষয়ে যখন বলব, তখন সেই বিষয়ে বলব। আমি শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই, গণি কমিটিকে মর্যাদা দিতে গিয়ে আপনারা যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, তার জন্য আপনাদের ধন্যবাদ। শুধু যে এই কারণে তা নয়, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর চাপ কমাতে, পরীক্ষা নেওয়ার উপর যে এত চাপ, ছাত্রদের স্বার্থে এই প্রশ্নে এটা সঠিক কাজই করেছেন। মাননীয় মন্ত্রীকে বলতে চাই, মুর্শিদাবাদ এবং নদীয়া জেলায় সমস্ত কলেজগুলিকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত করতে গেলে যে পরিকাঠামো আছে, সেই পরিকাঠামোর উন্নয়ন ঘটাতে হবে। আপনি এই ব্যাপারে নিশ্চয় সচেতন, সেই প্রয়াস নিশ্চয় আপনার দপ্তর থেকে নেওয়া হবে। আমি আশাবাদী আপনার যে দৃঢ় পদক্ষেপ সেই ব্যাপারে এখানে এর কোনও অভাব হবে না। এই শিক্ষা বছর থেকে বা আগামী শিক্ষা বছর থেকে যদি নদীয়া এবং মুর্শিদাবাদ এর কলেজগুলি কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত হয় তাহলে তিন বছরের যে ডিগ্রি কোর্স চালু হতে যাচ্ছে, তাতে ২ হাজার সালের মধ্যে তাদের পরীক্ষা হবে। এই তিন বছরে যদি সেই পরিকাঠামোটা গড়ে তুলতে পারেন তাহলে ভাল হয়। এই ব্যবস্থা আমাদের আছে। বুঝতেই পারছেন এর মাধ্যমে কোন ধরনের উপকার হবে। মুর্শিদাবাদ এবং

নদীয়া জেলার অনেক শিক্ষার্থী স্নাতক স্তর উত্তীর্ণ হওয়ার পরে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে তীব্রতম প্রতিযোগিতা, উপযুক্ত নম্বর থাকলেও, তারা সব সময় পোস্ট গ্রাজুয়েট ক্লাসে পড়ার সুযোগ পান না।

এর ফলে মুর্শিদাবাদ এবং নদীয়ার অনেক বেশি ছাত্রছাত্রী কল্যাণী বিশ্ববিদ্যালয়ে পোস্ট গ্র্যাজুয়েট পড়ার সুযোগ পাবে, ইউনিভার্সিটি ক্যাম্পাসের সেখানে উন্নয়ন হবে। এই সমস্ত ইতিবাচক দিকগুলো এই সিদ্ধান্তের সাথে জড়িত। আমি অন্য প্রসঙ্গে দু-একটি কথা বলব, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্য পেনশনের বিষয় তুলছেন। এখানে অন্য মাননীয় সদস্যরা রয়েছেন, তাদের কাছে আমার বিনীতভাবে প্রশ্ন, একথা ঠিক আজকে অনেক পেনশনের কেস পেন্ডিং পড়ে আছে। এই ব্যাপারে বহু আলোচনা হয়েছে এই সম্মানিত কক্ষে এবং বিধানসভার বাইরেও আলোচনা হয়েছে এই সম্মানিত কক্ষে এবং বিধানসভার বাইরেও আলোচনা হয়েছে, কিন্তু আপনি যখন বলেন এবং খানিকটা বলার চেষ্টা করেন যেন কিছুই হয়নি। এখানে আত্মসন্তুষ্টির কোনও কারণ নেই, কিন্তু আমাদের এই বিধানসভার শিক্ষা বিষয়ক সাবজেক্ট কমিটি তার তৃতীয় প্রতিবেদনে যেটা আমাদের সামনে হাজির করেছে তারা এই বিষয়টা খতিয়ে দেখেছেন এবং তার প্রতিবেদন আমাদের সামনে আছে। তারা একটা হিসাব করে দেখেছে মাধ্যমিকস্তরে শিক্ষক এবং শিক্ষাকর্মী, যারা অবসর গ্রহণ করেছেন এবং অবসর গ্রহণ করার পরে কর্তৃপক্ষের কাছে পেনশন পাবার জন্য আবেদন করেছেন এই রকম প্রায় ৫০ ভাগ শিক্ষক এবং শিক্ষাকর্মী তারা পেনশন পেয়েছেন এবং প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ঐ শিক্ষা বিষয়ক সাবজেক্ট কমিটি তার তৃতীয় প্রতিবেদনে যে পরিসংখ্যান হাজির করেছে তার উপর আস্থা রেখে বলা যায়, প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ৭০ ভাগ পেনশনের জন্য আবেদন করেছিলেন এবং তারা পেনশন পেয়েছেন এবং ৩০ ভাগ বাকি আছে। তবে এই ব্যাপারে আমি ব্যক্তিগতভাবে সন্তুষ্ট নই, কারণ এখানে বামফ্রন্ট সরকারের সম্মানের প্রশ্ন জড়িত। তাই মাননীয় মন্ত্রী মহাশয় এবং আমরা সবাই চিন্তিত। এই কথা বার বার বললে অত্যুক্তি হবে না শিক্ষক, সে প্রাথমিক স্তরের শিক্ষকই হোক, মাধ্যমিক স্তরের শিক্ষকই হোক, তারা বিগত কুড়ি বছরের শিক্ষক জীবনে যে মর্যাদা পেয়েছে, অতীতে তারা সেই ব্যাপারে বঞ্চিত ছিল, ভাবতেই পারতেন না। আজকে পেনশন পাবার ব্যাপারে অগ্রগতি ঘটেছে। আপনাদের সঙ্গে আমরা একমত, যে মর্যাদা শিক্ষকরা তাদের কর্মময় জীবনে ভোগ করে গেল, মাথা উঁচু করে শিক্ষকতা করে গেল কুড়ি বছর ধরে, অবসর নেওয়ার পরে তারা যেন না ভাবে পেনশন নিতে গিয়ে সেই মর্যাদা তাদের ফিরিয়ে দিতে হচ্ছে। সেই দিকে আমাদের দৃষ্টি নিশ্চিতভাবে আছে, এটা সাফাই গাওয়ার কোনও ব্যাপার নয়। সাথে সাথে আমি এই কথাও বলি, কোনও কোনও ক্ষেত্রে পেনশনের কাগজপত্র তৈরি করতে গিয়ে খানিকটা অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। আর ষাট পয়ষট্টির মামলা তো বলার বিষয় নয়।

মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন তিনিই বলতে পারবেন। এই ব্যাপারে কোর্টের একটা রায় আছে। আমি বিনীতভাবে বিরোধী দলের সদস্যদের কাছে প্রশ্ন করব, সঞ্জীববাবু তার বক্তৃতার সময় বলেছিল পৃথিবীর কোনও রাজ্য—কিন্তু পৃথিবীর সব দেশই তো যুক্তরাষ্ট্রীয়

নয়, ভারতবর্ষের কোনও একটা রাজ্যে, যে রাজ্যের শিক্ষকরা ষাট বছরের বেশি সময় কাজ করতে পারেন নিয়মিতভাবে। কোনও রাজ্যে ৫৮ বছর বয়সে অবসর গ্রহণ করতে হয়, কোনও রাজ্যে ৫৫ বছর বয়সে অবসর গ্রহণ করতে হয়, কিন্তু কোনও রাজ্যে ৬০ বছর বয়সে অবসর নেন না। একমাত্র আমাদের রাজ্যেই সেটা আছে। আপনারা অনুগ্রহণ করে একটা রাজ্যের নাম বলতে পারবেন যেখানে শিক্ষকরা ৬০ বছরের বেশি সময় ধরে কাজ করতে পারেন। এটা নিশ্চিতভাবেই আমাদের আন্দোলনের ফসল।

[2-50 — 3-00 p.m.]

ব্রিটিশ আমলের পর থেকে আপনাদের দল যখন শাসন করছে। শিক্ষকদের কর্মজীবনে যে সুযোগ-সুবিধা ছিল তাতে আধা মানব জীবন-যাপন করা সম্ভব ছিল না। আর অবসর গ্রহণের পর বেঁচে থাকার কোনও অবসরকালীন সুযোগ-সুবিধা, এই ব্যবস্থা তখন অনুপস্থিত। তখন ঠিক হয়েছিল এবং কোনও কোনও কমিশন বলেছিলেন যে অন্যভাবে যখন কোনও সুযোগ-সুবিধা দেওয়া যাচ্ছে না তখন যারা সক্ষম আছেন, তারা যদি বলেন একটানা পাঁচ বছর নয়, তাদের সক্ষমতার বিচার করে এক বছর ম্যাক্সিমাম ৫ বছর কাজ করতে পারবেন। এই বক্তব্য আজকের বাস্তব পরিস্থিতিতে যখন শিক্ষকরা ভদ্রোচিত অবসরকালীন বেতন ও ভাতা পাচ্ছেন, যেখানে মাধ্যমিক স্তরে শিক্ষকরা সবাই ঘোষণা করেছেন ৬০ বছর বয়সে অবসর গ্রহণ করবেন। কলেজ শিক্ষকরা অবসর গ্রহণ করবেন। এখানে অন্য দাবি কতটা আপনাদের বিচার করতে হবে। আর এর ফলশ্রুতিতে কোনও একটি বিশেষ সংগঠন কোনও একটা বিশেষ গোষ্ঠী কিছু মানুষকে এখনও মামলার মধ্যে রেখে দিয়েছে। তার জন্য পেনশন পেতে অসুবিধা হচ্ছে। পেনশন না পাওয়া শিক্ষকের সংখ্যা বাড়ার পিছনে আরও একটা কারণ। তার জন্য কোনও কোনও শিক্ষা পরিচালনা সংস্থায় নির্বাচন পিছিয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইগুলো গভীরভাবে ভাববার বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে মূল দু-একটা কথা বলতে চাই যে পুরনো কথা বারবার বলার ব্যাপার না। আজকে ২০ বছর ধরে যে প্রয়াসে এই সরকারের—তার মধ্যে দিয়ে অন্য ক্ষেত্রে বিতর্ক তুলুন—কিন্তু এই একটা ব্যাপারে বিতর্ক করা যায় না। শিক্ষার প্রতিটি স্তরে তা প্রাথমিক হোক, বা মাধ্যমিক হোক, কলেজ বা বিশ্ববিদ্যালয় হোক, শিক্ষার বিস্তার আমাদের রাজ্যে ঘটেছে। এর ফলে কিছু সদস্যা সৃষ্টি হয়েছে আমাদের সবাইকে মিলিতভাবে, সচেতনভাবে এই সমস্যা সমাধানের পরামর্শ সরকারকে দিতে হবে আমাদের বক্তব্য তুলে ধরতে হবে। কে কত ডিবেটিং পয়েন্ট স্কোর করেছে এটা কোন ব্যাপার না। এমন এক একটা সময় আসে যখন রাজনৈতিক মতামত থাকতে পারে কিন্তু রাজ্যের স্বার্থে, দেশের স্বার্থে আমাদের সঠিক পরামর্শ দিতে হয়। আজকে যে সমস্যা বলা যায়, যে কথাটা ব্যবহার করা যায় এই ভাবে ইট ইজ এ প্রবলেম অব সাকসেস। সাফল্যের সমস্যা। শিক্ষার ক্ষেত্রে যে সমস্যা হয়েছে সেই সমস্যা বৃদ্ধিজনিত কারণে, সেই সমস্যা সম্প্রসারণের কারণে। আজকে গ্রামের স্কুলগুলোতে শিশু পড়ুয়ারা যায়, তাদের ভিড় উপচে পড়ছে বলতে যা বোঝায় আজকে সেই অবস্থা হয়েছে। আজকে কেন্দ্রীয় সরকারের একটা দায়িত্ব ছিল। আমাদের সংবিধানের একটা দায়িত্ব ছিল। আমাদের সংবিধানের নির্দেশ ছিল যে মৌলিক অধিকার হিসাবে না থাকলেও নির্দেশাত্মক নীতির মধ্যে ছিল।

সংবিধানে বলা হয়েছিল যে ১০ বছরের মধ্যে ১৪ বছর পর্যন্ত ছেলেমেয়েদের জন্য বিনা বেতনে লেখাপড়ার ব্যবস্থা করতে হবে। দুঃখের হলেও একথা সত্যি যে শিক্ষার ইতিহাস এই কথা বলে না। আমাদের দেশের ইতিহাস এই কথা বলে যে কেন্দ্রীয় সরকারের ইতিহাসে রাজ্য সরকারের ইতিহাসে কোন দল বেশি দিন থেকেছেন সারা ভারতবর্ষ জুড়ে। সংবিধানের নির্দেশকে স্মরণ করেছে ভঙ্গ করার মধ্যে দিয়ে যত না বেশি, পালন করার মধ্য দিয়ে এটা স্মরণ করেনি। ইট হ্যাজ বীন ওবেড মোর ইন preach দ্যান ইন দি পারফরমেন্স। এই হচ্ছে তাদের অবদান শিক্ষার ক্ষেত্রে। যদি ধাপে ধাপে এই অঙ্গীকারের কিছুটা পালন করা যেত তাহলে রাজ্যগুলোর উপর এত চাপ পড়ত না। আজকে শতপাল এবং ইউনিয়ন অব ইন্ডিয়া এবং অন্যান্য সেই মামলায় সুপ্রিম কোর্ট যে নির্দেশ দিচ্ছেন যে উন্নিকৃষ্ণানের মামলায় সিদ্ধান্ত হল যে মৌলিক অধিকারের তৃতীয় অধ্যায়, সংবিধানে স্বীকৃত না হলেও শিক্ষার অধিকারকে মৌলিক অধিকার হিসাবে গণ্য করতে হবে। ১৪ বছরের ছেলেমেয়েদের লেখাপড়া শেখানোর ব্যবস্থা কি হয়েছে সুপ্রিম কোর্ট জানতে চাইছে। আজকে রাজ্যগুলির উপর চাপ বাড়ছে। ঠিক তেমনি ছাত্র সংখ্যাও বাড়ছে মাধ্যমিক স্তরে, কলেজ বিশ্ববিদ্যালয় স্তরে। আজকে অনেকে বলছেন নতুন কলেজ করার দরকার নেই। কিন্তু বাস্তব অবস্থা সে কথা বলে না। যে সমস্ত বয়সের ছেলেমেয়েরা কলেজে পড়ে, বিশ্ববিদ্যালয়ে পড়ে তার একটা বিশ্বের গড় হচ্ছে ১৭ ভাগ এর মতো ছিল। কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে পড়ে, এশিয়ার দেশগুলোতে তার গড় হচ্ছে শতকরা ১০ ভাগ। এমন কি আফ্রিকার মতো দেশেও প্রায় ৮ ভাগ ছেলেমেয়েরা পড়ে।

আমাদের ভারতবর্ষে ছেলে মেয়েরা যে বয়সে কলেজে পড়ার কথা, তার মাত্র ৫ ভাগ সেখানে যেতে পারে। তার বেশি পারে না। আজকে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, তিনি নতুন কলেজ খুলছেন। এই কথা মনে রাখতে হবে যে, ১৯৮৬ সালের পরে ভারতবর্ষের অন্য কোনও রাজ্য সরকার সেখানে কলেজ হচ্ছে, কলেজ শিক্ষা বাবদ অনুমোদন করা হচ্ছে, বিশ্ববিদ্যালয় শিক্ষা বাবদ অনুমোদন করা হচ্ছে কিন্তু সরকার থেকে বেতন বাবদ কোনও অর্থ দেওয়া হয় না। একমাত্র ব্যতিক্রম রাজ্য। নিজ দায়িত্বে প্রাইভেটাইজেশনে না গিয়ে আজকে কলেজে নতুন নতুন পদের সৃষ্টি হয়েছে। নতুন বিষয় খোলা হচ্ছে এবং সেখানে নতুন নতুন বিষয়ে পড়াশোনার সুযোগ করে দেওয়া হচ্ছে। এই বিষয়টা সবাইকে ভাবতে হবে। আমরা প্রাথমিক শিক্ষার কথা বলি, মাধ্যমিক শিক্ষার কথা বলি এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার কথা বলি। কিন্তু কোনও নতুন পদক্ষেপ নিতে গেলে অর্থ ছাড়া উপায় নেই। আজকে ভারতবর্ষের সমস্ত রাজ্য সরকারগুলি বিশেষ করে আমাদের নিজেদের রাজ্য সরকার তার ক্ষমতার শেষ প্রান্তে এসে দাঁড়িয়েছে। জরুরি অবস্থার সময়ে সংবিধানের ৪২তম সংশোধনে যখন শিক্ষা ব্যবস্থাকে রাজ্য তালিকা থেকে যুগ্ম তালিকার মধ্যে আনা হল, তখন আমাদের সংবিধান প্রণেতাদের বিচক্ষণতাকে বাঞ্চাল করে দিয়ে যুগ্ম তালিকার মধ্যে আনা হল, তখন কেউ কেউ বলেছে যে, সুদিন এল। কেন্দ্রীয় সরকার ১০ ভাগ না হলেও ৮ ভাগ তো খরচ করবেন এবং ৬ ভাগ না হলেও ৫ ভাগ তো খরচ করবেন। সুতরাং আজকে এই প্রশ্নের সম্মুখীন হতে হবে। ডঃ অশোক মিত্রের নেতৃত্বে যে কমিশন, সেখানে আমি একজন সাধারণ সদস্য হিসাবে কাজ করার সুযোগ

পেয়েছিলাম এবং আমাকে এই প্রশ্নের সম্মুখীন হতে হয়েছিল। অনেক সময় সঠিক কথা বললেও ভুল কথা ছেপে যায়। সেইজন্য সাবধানে বলতে হচ্ছে। ডঃ অশোক মিত্র কমিশন বলেননি যে, টিউশন ফি বাড়াতেই হবে এবং এডুকেশন সেস বাড়াতেই হবে। কিন্তু ঐটা একটা সাজেশন ছিল। ডঃ অশোক মিত্র কমিশনের এই সম্ভাবনাগুলিকে খতিয়ে দেখতে হবে। আজকে ভাবতে হবে যে, আজকে টিউশন ফি ১২ ক্লাস পর্যন্ত ফ্রি এই কমিটমেন্ট থেকে সরে আসার প্রয়োজন নেই। কিন্তু কলেজ লেভেলে বিশ্ববিদ্যালয় লেভেলে আমাদের জানা আছে যে, টিউশন ফ্রি দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে যা ছিল, সেটা এখনও চলছে। আজকে যারা সমাজ থেকে লেখাপড়ার সুযোগ পেয়েছে, মিত্র কমিশন বলেছেন যে, তাকে কিছু পে করতে হবে অ্যান্ড নো বডি শুড বি অ্যালাউড টু অপ্ট আউট অফ দিজ। সুতরাং আজকে গভীরভাবে চিন্তা করতে হবে। চিন্তা ভাবনা করে যে এডুকেশন সেস এবং যারা আর্থিকভাবে অসুবিধাজনক অবস্থায় রয়েছে, সেই পরিবারকে বাদ দিয়ে যাদের ক্ষমতা আছে, তাদের ছেলে মেয়েদের বিশ্ববিদ্যালয় স্তরে টিউশন ফি বাড়ানো যায় কিনা দেখতে হবে। তা নাহলে শিক্ষার উন্নয়ন সম্ভব হবে না।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রী কান্তি বিশ্বাস এবং আরও ৩ জন মন্ত্রী শিক্ষাখাতে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের দলের কাটমোশনকে সমর্থন করে কয়েকটি কথা এই সভায় রাখছি।

[3-00 — 3-10 p.m.]

আমার মনে হচ্ছিল ক্রমশ একই কথা বলতে বলতে এরা ক্লান্ত হয়ে পড়েছেন, ২০ বছরের দীর্ঘ যাত্রার এবারে অবসানের সময় এসেছে। তার কারণ শিক্ষা দপ্তরের ত্রুটি-বিচ্যুতি—এগুলোর কোন জায়গায় আছে, আর কোন জায়গায় নেই তার বিশ্লেষণ তারা করলেন না। তাদের দর্শনে আত্মসমালোচনার কথা আছে। কিন্তু সেই আত্মসমালোচনার কথা তারা বললেন না। তারা বিগত দিনের কংগ্রেস সরকারের বিরুদ্ধে কিছু কথা এবং বামফ্রন্ট সরকারের প্রশস্তি গাওয়া ছাড়া অন্য কোনও কথা বললেন না। শিক্ষা ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের অবদান কি? তাদের অবদান হচ্ছে, ১৯৭৭ সালের পর তারা কয়েকটা বিষয়ে নজর দিলেন। প্রথমে তারা প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় দুটো জায়গায় পরিবর্তন আনলেন—একটা হচ্ছে ইংরেজি তুলে দিলেন, আরেকটা হল পাশ-ফেল প্রথা তুলে দিলেন। পরবর্তী পর্যায়ে কান্তিবাবুরা মূল্যায়ন প্রথা চালু করলেন—মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে। ক্লাস টু পর্যন্ত ফ্রি এডুকেশন সিস্টেম চালু করলেন এবং বললেন ছাত্র-ছাত্রীদের অর্থের যোগান দিতে হবে না। আজকে প্রাথমিক শিক্ষা দপ্তরের কি অবস্থা সে সম্পর্কে মাননীয় সঞ্জীববাবু বলেছেন। আমি কোনও রিপিটিশনের দিকে যাচ্ছি না। আমি কতকগুলো নতুন কথা আপনাদের কাছে বলতে চাই যে আমাদের এখানে স্কুলের সংখ্যা বলা হয়েছে ৫১ হাজার ২১ এবং সেটা বাড়তে বাড়তে ১৯৯১-৯৭ সাল পর্যন্ত ঐ ৫১ হাজার ২১ই থেকে গেছে। এই যদি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হয় তাহলে এই মুহূর্তে ঐ প্রাথমিক বিদ্যালয়গুলোতে ভালভাবে শিক্ষা দিতে কতগুলো শিক্ষকের প্রয়োজন হবে? ঐ প্রাথমিক বিদ্যালয়গুলোতে ভালভাবে শিক্ষা দিতে ১ লক্ষ ৭৬ হাজার শিক্ষক নিয়োগ করতে হবে। শিক্ষা নিয়ে শুধু মাত্র গালভরা কথা

বললেই হবে না। যেখানে প্রাথমিক শিক্ষার জন্য ১ লক্ষ ৭৬ হাজার শিক্ষক প্রয়োজন সেখানে আমাদের হাতে শিক্ষক আছেন ১ লক্ষ ৫৪ হাজার। এখানে একজন মাননীয় সদস্য ৬০-৬৫ নিয়ে ব্যঙ্গ-বিদ্রুপ করলেন, অন্য রাজ্যের কথা বললেন। আমি অত্যন্ত দুঃখের সাথে বলছি তাদের সংখ্যা ২০ হাজার। এই ২০ হাজারকে যদি বাদ দেওয়া হয় তাহলে এই সংখ্যা দাঁড়াবে ১ লক্ষ ৩৪ হাজার। যেখানে ১ লক্ষ ৭৬ হাজার শিক্ষকের প্রয়োজন, সেখানে আমাদের শিক্ষকের সংখ্যা বর্তমানে ১ লক্ষ ৩৪ হাজার। (মাইনাস ২০ হাজার)। এই মাইনাস ২০ হাজার শিক্ষক যাঁরা রোজ বিদ্যালয়ে যাচ্ছেন, ছাত্র-ছাত্রীদের পড়াচ্ছেন, কিন্তু মাইনে পাচ্ছেন না। তাঁরা সরকারের কাছে আসছেন, কিন্তু তাদের দাবিকে কান্তিবাবুরা মানছেন না। বর্তমানে সারা পশ্চিমবঙ্গে ছাত্র সংখ্যা ৭২ লক্ষ ৯৮ হাজার ২৭০। এই ছাত্র সংখ্যা কিভাবে ড্রপ-আউট হচ্ছে সেটা আমি বলছি। আমি হাওড়া ডিস্ট্রিক্টের স্ট্যাটিস্টিক্স দিচ্ছি। হাড়না জেলায় ক্লাস-ওয়ান ছাত্র সংখ্যা ১ লক্ষ ৩৪ হাজার ৯৫২, ক্লাস-টুতে ছাত্র সংখ্যা ৮৬ হাজার ৫৮, ক্লাস-থ্রিতে ছাত্র সংখ্যা ৭২ হাজার ৭০৭, এবং ক্লাস ফোরের ছাত্র সংখ্যা ৬৬ হাজার ১২১। এই ড্রপ-আউটের কারণ কি? এখানে পড়ানোর মতো যে তেমন কোনও বন্দোবস্ত নেই। আমরা যে কথা বলেছিলাম সেই কথার কোনও আকর্ষণ নেই। ফলে ছাত্র-ছাত্রীরা স্কুল ছেড়ে চলে যাচ্ছে। আমাদের এখানে যেভাবে পড়ানোর কথা ছিল সেভাবে পড়ানো হচ্ছে না। হাওড়া জেলার টোটাল স্কুলের সংখ্যা ২২ হাজার ১০।

আজকে ২০ বছর শাসন করার পরেও হাওড়া জেলায় এমন ২১টি স্কুল আছে, যে স্কুলের কোনও ঘর নেই, রাস্তায় দাঁড়িয়ে ছাত্রদের ক্লাস করতে হয় এবং মাস্টারদের পড়াতে হয়। এই হচ্ছে হাওড়া জেলার প্রাথমিক স্কুলের অবস্থা। সেখানে এমন অনেক ওয়ান টিচার স্কুল আছে, এমন স্কুল আছে যেখানে একটি মাত্র ঘর বা দুটি মাত্র ঘর আছে। এই অবস্থার মধ্যে কি করে মূল্যায়ন কার্যকর হবে? আপনারা পাশ-ফেল প্রথা তুলে দিয়ে কি অবস্থায় এনেছেন, তা তো দেখতেই পাচ্ছি। এখন বলছেন নম্বর দাও। তাও ক, খ, গ, ঘ, ঙ, চ-এর বাইরে যেও না। তাহলে কি আবার পুরানো পদ্ধতিতে ফিরে যাওয়ার চেষ্টা করছেন? আপনারা বলছেন রিভিউ কমিটি করবেন প্রাথমিক এবং মাধ্যমিকে। আজকে শিক্ষা বাজেটের সমালোচনা করতে গিয়ে বলছি, বলছেন মাস্টার মশাইদের মাইনে বাড়িয়েছেন, ঠিক আছে, কিন্তু সেটা প্রাইস ইনডেক্স অনুযায়ী কোথায় দাঁড়িয়েছে, সেটা দেখছেন কি? বলছেন কোয়েশ্চেন পেপার করা চলবে না, বোর্ডের সামনে বসে পরীক্ষা দিতে হবে। দুটো ক্লাশের ছাত্র ব্ল্যাক বোর্ডের দিকে তাকিয়ে পরীক্ষা দিচ্ছে। এটা কি করে হবে? গরুর গাড়িতে হেড লাইট লাগালেই সেটা বাস হয়ে যায় না ; বাস-বাসই। তাই আজকে এই শিক্ষা ব্যবস্থা গরুর গাড়ির হেড লাইট ছাড়া আর কিছু নয়। শিক্ষা মন্ত্রী স্পোর্টস-এর কথা বলেছেন। বলেছেন অনেক স্কুলে জিমন্যাসিয়াম, ইত্যাদির ব্যবস্থা করেছেন। আপনি বলুন, পশ্চিমবাংলার কতগুলো মাধ্যমিক বা প্রাথমিক স্কুলে খেলার মাঠ আছে? বলতে পারবেন? কোন জায়গায় এসবের বন্দোবস্ত নেই। আপনারা বলছেন এই বিষয়ে অনেক খরচ করছেন। কোন্ রাজ্যে কি আছে বলছি। শুধু একটা কথা বলছি, কস্ট ফর স্টুডেন্টস পার অ্যানাম। একটা উদাহরণ দিচ্ছি—যেখানে হিমাচল প্রদেশে ৮২৪.৭৬ টাকা খরচ হয়, সেখানে পশ্চিমবাংলার খরচের পরিমাণ হচ্ছে ২৬৪.৩৩। হিমাচল প্রদেশ থেকে আমরা ৬০০ মতো নিচে আছি। এই জায়গায় আমরা দাঁড়িয়ে আছি এলিমেন্টারি এডুকেশন কস্টে।

আজকে পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা এগোচ্ছে না। সঞ্জীববাবু দলবাজি, সঙ্কীর্ণতার কথা বলে গেছেন। আমি একটা কথা বলি, এই রাজ্যে সন্তোষ ভট্টাচার্যকে কলকাতা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর করেছে। তাঁকে ফুটবল মাঠে দাঁড়িয়ে সেটা চালাতে হয়। যেখানে রমেন পোদ্দারকে ভাইস চ্যান্সেলর করা হয় যেভাবে, অন্যান্য ভাইস চ্যান্সেলরও সেই একই পথে হয়। বামফ্রন্ট বা আলিমুদ্দিন স্ট্রীটের নির্দেশে তা হবে। আমি বলতে চাই, তাদের নির্দেশে মুখ্যমন্ত্রী হওয়া যায়, কিন্তু ভাইস চ্যান্সেলর হওয়া যায় না। কিন্তু সেই একই পথে আপনারা চলেছেন।

কত পোস্ট খালি আছে, মাননীয় মন্ত্রীকে জিজ্ঞেস করলেই বলেন, নোটিশ দিন, দেখছি। কিন্তু দেখা যাচ্ছে অনেক কলেজে প্রিন্সিপাল থাকছে না, শিক্ষকদের পোস্ট খালি থাকছে, পার্ট টাইমার এনে কাজ করাতে হচ্ছে। রুরাল কলেজে এসব বেশি চলছে। তার কোনও বন্দোবস্ত করতে পারেননি। এইচ. এস. স্কুল চলছে, কিন্তু সেখানে একটা লাইব্রেরি নেই। তাহলে এগারো, বারো ক্লাসের ছাত্ররা কোন জায়গায় দাঁড়িয়ে পড়াশোনা করবে?

[3-10 — 3-20 p.m.]

আপনারা স্কুল সার্ভিস কমিশন করেছেন, আমি সে দিনেও বিরোধিতা করেছি এবং আজও বিরোধিতা করছি। কান্তিবাবুর কথায়, ম্যানেজিং কমিটি টাকা নিয়ে টিচারদের অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছে, তাই আমরা কমিশন করেছি। যে রাজ্যে ভিজিলেন্স কমিশন আছে, প্রশাসনিক দপ্তর আছে, সেখানে আপনারা বলছেন ম্যানেজিং কমিটি টাকা নিয়ে চাকরি দিচ্ছে। কেন আপনারা সেখানে কমিটিকে শাস্তি দিতে পারছেন না? তা না করে আপনারা স্কুল সার্ভিস কমিশন করলেন এবং বাঁকুড়ার হেড-কোয়াটার্স করলেন হাওড়াতে, ৬, ৭টি উইন্ডো করলেন। একজন হেডমাস্টার তাঁকে এত দূর যাতায়াত করতে হবে। তাই আজকে আপনাদের কাছে বলছি আজকে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে কোনও মতেই মেনে নেওয়া যায় না। আমি এই প্রস্তাব রাখছি, মাননীয় শিক্ষামন্ত্রী, আপনারা রিভিউ কমিটি করবেন বলেছিলেন। প্রাইমারি এডুকেশনের ক্ষেত্রে, হায়ার সেকেণ্ডারি এডুকেশনের ক্ষেত্রে আপনারা রিভিউ কমিটি বসান এবং যে অবস্থার সৃষ্টি হয়েছে সেটাকে দেখুন। আপনাদের মনে রাখা উচিত যে ইংরাজি সিলেবাস করেছেন তাতে শিবালিক কোলাপস্ পড়াচ্ছেন, অথচ আপনারা ইংরাজি তুলে দিলেন। আপনারা ক্লাস ফাইভ থেকে ইংরাজি স্টার্ট করলেন। তাই এই বাজেট-এর বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shrimati Shanta Chhetri :** Hon'ble Deputy Speaker, Sir, like the budget presented earlier in this House, the Educational Budget has again filled the Hill people with gloom. Darjeeling Gorkha Hill Council is the result of realisation by the Government of the need to take steps to remove as far as possible, socio-economic and educational backwardness of the hills. The budget reflects badly on the Government's policy. It shows the insincerity and callousness towards the people living in the hills.

Let me take up Primary Education first. The facilities such as blackboard operation, Children's mid-day meal etc, have not been made available to the children of the hills. Does the Government think that the hill children are different from those living in the plains ? Sir, schools have been languishing because the Government is disinclined to appoint new teachers. There are also different appointing bodies. Let there be one body which will be under the Council's control and supervision. Sir, I would like to inform you that a few posts of sub-inspectors of schools are lying vacant. No action has yet been taken to fill them up. In case appointment is made local people are totally ignored. Are the hill people unsuitable ? Are they inferior races ? Natural justice demands, they must have a say in their appointment. Sir, many hill areas do not have schools. Not a singly school has been set up since 1985. Hon'ble Minister is requested to do something in this regard.

Sir, many primary and secondary school teachers are facing great problems due to non-receipt of their pension. Let the Government extend its helping hand by setting up a pension cell in the hill areas.

Sir, Government supply dresses to all SC/ST and also to 22 per cent girl students belonging to either categories. Dresses are totally unsuitably for cold climate. This naturally leads me to think that the Hon'ble Minister does not have an idea of knowledge about the climate of Darjeeling. The Hon'ble Minister is requested to instruct at an earliest the authority concerned to make provision for warm clothings.

Test books are supplied by the Government. But their contents are quite alien to the customs, tradition and culture of the hills. Does the Government believe in the concept of higher and lower races ? I know Marxism does not.

Sir, let me take Secondary Education.

The Secondary Schools have been upgraded to Higher Secondary ones but without science streams. The Junior High Schools have not been upgraded. Sir, the colleges are also suffering due to lack of sufficient number of teachers. Quite a number of teachers have been made to work on an ad-hoc basis. Nothing has been done to establish schools to impart to the hill boys and girls job-oriented education. Sir, only in the name, there are sub-divisional libraries. Education upto Higher Secondary level has been placed under the Hill Council. However, the Council has a Rassogolla but cannot eat it. Sir, lastly, I want to draw the notice of the Hon'ble Minister-in-charge to a serious matter which concerns the Council of Higher Secondary Education. Firstly those hill

boys and girls who come down to the planes for Higher Secondary Education are required to approach the Council personally for permission to study their mother tongue. Secondly, where there is teaching arrangement for their mother tongue, i.e. Darjeeling, Kalimpong and Kurseong – the students can take the language either from Group A and Group B. However, in the absence of such arrangements this facility is not available in the planes. They are being forced to study Nepali from Group A. They cannot put for Group B. In the planes, the hill students study the language on a non-taught basis. This is nothing but an indirect way of discouraging them from coming down to the planes for further studies. I request the Hon'ble Minister to clarify the matter as soon as possible. A number of hill boys and girls intend to pursue their studies in the planes this year also. Now, I conclude by saying that education is an investment in human welfare. The hill people are also human. Let them not be neglected, ignored and de-humanised. Thank you.

**শ্রী হাফিজ আলম সেইরাসী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, এই সভায় বামফ্রন্ট সরকারের পাঁচজন শিক্ষামন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন তাকে আমি সমর্থন করছি। ইতিমধ্যে বিরোধী পক্ষের এবং সরকার পক্ষের বেশ কয়েকজন সদস্য এই ব্যয়-বরাদ্দের পক্ষে এবং বিপক্ষে তাদের বক্তব্য রেখেছেন। বিরোধী পক্ষের সদস্যরা তাদের বক্তব্যের মধ্যে দিয়ে প্রমাণ করবার চেষ্টা করেছেন যে, বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষার কোনও উন্নতি হয়নি, কোনওরকম বিস্তার হয়নি। আর সরকার পক্ষের সদস্যরা বলবার চেষ্টা করেছেন যে, শিক্ষার বিস্তার হয়েছে, উন্নতি হয়েছে। এই তর্কাতর্কির মধ্যে না গিয়ে আমি এখানে যে কথা তুলে ধরতে চাই তা হচ্ছে, বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষার বিস্তার এবং উন্নতির সঙ্গে সঙ্গে শিক্ষা ক্ষেত্রে কিছু ঘাটতি বা অভাব এখনও আছে এবং আমি সে কথাগুলিই আপনার মাধ্যমে এখানে তুলে ধরতে চাই। স্যার, আমরা দেখছি এ রাজ্যের শিক্ষা ক্ষেত্রে স্কুলগুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। কিন্তু সে অনুপাতে স্কুলের সংখ্যা বাড়ছে না। ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধির কারণ হচ্ছে, বামফ্রন্ট সরকার গ্রাম উন্নয়নের ক্ষেত্রে যে কর্মসূচিগুলি নিয়েছে সেই কর্মসূচিগুলি রূপায়ণে সাধারণ মানুষের মধ্যে, বিশেষ করে সমাজের নিম্নস্তরের মানুষের মধ্যে সচেতনতার সৃষ্টি হয়েছে। এই সচেতনতা সৃষ্টির ফলে আজকে দেখা যাচ্ছে সমাজের যে স্তরের লোকেদের—একদম নিম্নস্তরের ঘরের ছেলে-মেয়েরা আজ থেকে ১০/১৫ বছর আগে স্কুলে আসত না, তারা আজকে স্কুলে আসছে। ফলে স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ার ফলে শিক্ষার গুণগত মান বজায় থাকছে না। সে জন্য ছাত্র শিক্ষকের অনুপাত, যেটা ১ ঃ ৬ বজায় থাকা উচিত, সেটা বজায় আছে কিনা তা দেখার প্রয়োজন আছে। এটা হচ্ছে এক নম্বর।

[3-20 — 3-30 p.m.]

দু-নম্বর স্যার, আমরা দেখছি, ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থায়, লোকসভায় এবং বিধানসভায়

শিক্ষকরা প্রতিনিধি হওয়ার সুযোগ পাচ্ছেন। স্বাভাবিকভাবে তাদের যে ডুয়েল কর্মক্ষেত্র— একদিকে পঞ্চায়েতের কাজকর্মের সঙ্গে যুক্ত আছেন, বা বিধানসভার সঙ্গে বা লোকসভার সঙ্গে যুক্ত আছেন। এরজন্য অবশ্য শিক্ষকদের স্কুল থেকে অবসর নিতে হয় না। স্কুল থেকে তারা নিয়মিত বেতন পেয়ে যান। কিন্তু নিয়মিতভাবে তাদের ক্লাস করতে হয় না। এতে আপনারা শিক্ষকদের ক্ষতি করছেন না, তারা লাভবানই হচ্ছেন, কিন্তু ছাত্রদের ভীষণ ক্ষতি হচ্ছে। এটাই হচ্ছে বাস্তব সমস্যা। এই সমস্যার কিভাবে সমাধান করা যায় সেই বিষয়ে চিন্তা-ভাবনা করবেন। এই সমস্ত শিক্ষকরা যখন ত্রিস্তর পঞ্চায়েতের সঙ্গে জড়িত হন, কিংবা লোকসভা বা বিধানসভার সঙ্গে জড়িত হন ঐ সময়ে তারা স্কুলে থাকেন না এবং ক্লাসও করতে পারেন না। এরজন্য অলটারনেটিভ ব্যবস্থা করা দরকার। যে বিষয়গুলি তারা পড়ান সেই বিষয়গুলি পড়ানোর জন্য সেই সমস্ত স্কুলে শিক্ষক দেওয়া যায় কিনা এই বিষয়ে বিচার-বিশ্লেষণ করে দেখার জন্য অনুরোধ করবো। স্যার, উর্দু এবং হিন্দী ভাষা-ভাষী ছেলে-মেয়েদের শিক্ষা দেওয়ার জন্য আমাদের সরকারের যেভাবে চিন্তা-ভাবনা করা উচিত ছিল সেইভাবে চিন্তা-ভাবনা করা হয়নি বলে আমি মনে করছি। ১৯৮১ সালে ইনফরমেশন এবং কালচার ডিপার্টমেন্টের পক্ষ থেকে ডি. এম. এবং কনসারনিং অথরিটিকে একটা চিঠি দিয়েছেন। সেই চিঠিতে তারা বলেছেন, "Earlier action shall be taken to grant recognition to the Primary and Secondary Urdu Medium School which are already functioning and have applied for recognition from the Government. আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই সেই অর্ডার কি বহাল আছে? ১৯৮১ সাল থেকে আজ অবধি আসানসোল, কলকাতা এবং ইসলামপুর সাব-ডিভিসনে কতগুলি প্রাথমিক, কতগুলি মাধ্যমিক এবং কতগুলি নিম্ন-মাধ্যমিক উর্দু ভাষার স্কুল স্থাপন করেছেন তার পরিসংখ্যান এই সভায় আপনি দেবেন? এর সঙ্গে সঙ্গে আমরা দেখছি, চা-বাগানে যারা কাজ করেন বিশেষ করে জলপাইগুড়ি এবং দার্জিলিং অঞ্চলে যে সমস্ত শ্রমিক ভাইরা কাজ করেন তারা হিন্দী ভাষা-ভাষীর লোক। অনুরূপভাবে ইসলামপুর সাব-ডিভিসনে বেশিরভাগ লোকই উর্দু ভাষা-ভাষীর। আপনি মহসিন মহাবিদ্যালয়ে উর্দু ভাষায় পড়ার ব্যবস্থা করেছেন। কিন্তু নর্থ বেঙ্গলে উচ্চ শিক্ষার জন্য হিন্দী ও উর্দু ভাষায় শিক্ষার ব্যবস্থা করেননি। এই ব্যাপারে আপনি চিন্তা-ভাবনা করে দেখবেন যাতে নর্থবেঙ্গলে হিন্দী ও উর্দু ভাষা-ভাষী মানুষের উচ্চ শিক্ষার জন্য নর্থবেঙ্গল ইউনিভার্সিটিতে যাতে চালু করা হয় তারজন্য আমি আবেদন করব। এরপর আমি বলব, শিক্ষা দপ্তর একটা চিন্তা-ভাবনার মধ্য দিয়ে চলছে, না নিজেদের খাম-খেয়ালি অনুযায়ী চলছে? ১৯৮১ সালে প্রথম যে সমস্ত শিক্ষকরা প্রাথমিক, মাধ্যমিক এবং নিম্ন-মাধ্যমিক স্কুলে নিযুক্ত হয়েছিলেন, তাদেরকে এক অর্ডারের মাধ্যমে বলা হল, যতক্ষণ পর্যন্ত তারা ট্রেনিং নেবেন না, ততক্ষণ পর্যন্ত অর্থাৎ ৫ বছর তাদের ইনক্রিমেন্ট বন্ধ থাকবে। ৫ বছর পর ট্রেনিং নিলে তাদের ইনক্রিমেন্ট চালু হবে। তারপর আপনার দপ্তর থেকে অর্ডার দেওয়া হল ইনক্রিমেন্ট চালু থাকবে। এর ১ বছর পর আবার আপনার দপ্তর থেকে অর্ডার দেওয়া হল, ইনক্রিমেন্ট স্টপ করে দাও। এই অর্ডারের বিরুদ্ধে কোনও কোনও শিক্ষক সংগঠন বা ব্যক্তিগতভাবে কোনও শিক্ষক হাইকোর্টে মামলা করলেন। সেই মামলার ফলে তারা যে রায় পেয়েছেন সেই রায়ের ফলে তারা এখন ইনক্রিমেন্ট পাচ্ছেন।

যে সমস্ত শিক্ষকের পকেটে টাকা নেই এবং যারা শিক্ষকের বিরুদ্ধে কেস করতে চান না সেই সমস্ত শিক্ষকদের আজও ইনক্রিমেন্ট বন্ধ হয়ে আছে। একই ব্যবস্থা এবং সরকারের মধ্যে থেকে কেউ ইনক্রিমেন্ট পাবে আর কেউ পাবে না—এটা কি হ'তে পারে? তাহলে কি আমরা ধরে নেব যে সরকার মানুষকে কোর্টে যাবার ব্যাপারে উৎসাহিত করছেন? এর জবাব আশা করি মন্ত্রী মহাশয় দেবেন। তারপর প্রতিটি ডিস্ট্রিক্টে যে প্রাইমারি কাউন্সিল আছে ইতিমধ্যেই সেখানে একটি করে সার্কুলার পাঠানো হয়েছে যে ৪০ বছরের উর্দ্ধে যাদের বয়স হয়ে গিয়েছে সেই সমস্ত লোকদের কল দেওয়া যাবে না। আমাদের দলের সংগঠন যুবলীগ ইতিমধ্যেই এর বিরুদ্ধে আন্দোলন শুরু করেছেন। স্যার, লেবার ডিপার্টমেন্টের সার্কুলার ছিল যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাদের নাম পাঠাবে তাদের প্রত্যেকের ইন্টারভিউ নিতে হবে এবং সেই ইন্টারভিউ-এ যে কোয়ালিফাই করবে তার চাকরি হবে। অথচ এই সার্কুলারে বলা হচ্ছে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যত নামই পাঠানো হোক না কেন সকলের ইন্টারভিউ নেবার প্রয়োজন নেই। ওয়ান ইজ টু টোয়েন্টি এই ভিত্তিতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যেভাবে নাম পাঠানো হয় বলা হচ্ছে সকলের ইন্টারভিউ নেবার প্রয়োজন নেই, সেখানে একটি সিলেকশন বোর্ড থাকবে প্রাইমারি কাউন্সিলের আন্ডারে এবং তারা ইচ্ছা করলে পাঁচ জনের ইন্টারভিউ নিয়েই কাজ শেষ করতে পারবেন। অর্থাৎ তারা যার ইন্টারভিউ নেওয়ার ইচ্ছা করবেন তার ইন্টারভিউ নেবেন, যার মনে করবেন না তার ইন্টারভিউ নেবেন না। আমি মনে করি এরকম ব্যবস্থা থাকতে পারে না। তা ছাড়া প্রাইমারি কাউন্সিলের মধ্যে বেছে বেছে লোক নিয়ে যেভাবে সিলেকশন কমিটি করা হচ্ছে আমি মনে করি সেখানে দুর্নীতি বাসা বাঁধছে। এ ক্ষেত্রে সরকারের কাছে আমার সুপারিশ যে, শিক্ষকদের সরকার স্বীকৃত শিক্ষক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে সিলেকশন কমিটি করুন এবং তাতে এম. এল. এ.-দের রাখার ব্যবস্থা করুন। স্যার, আমার এলাকাতে মাথনপুকুরে সিনিয়ার ইসলামিয়া মাদ্রাসা বলে একটি মাদ্রাসা আছে। এটি ১৯৭৩ সাল থেকে অর্গানাইজড মাদ্রাসা হিসাবে চালু হয়ে আছে। ১৯৭৬, '৭৯, '৮১, '৮২, '৮৬ সালে মোট ৫ বার এই মাদ্রাসাটিতে ইন্সপেকশন হলেও জানি না কোন অদৃশ্য কারণে আজও এই মাদ্রাসাটিকে অনুমোদন দেওয়া হয়নি। এম. এল. এ. হিসাবে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এই মাদ্রাসাটিকে অনুমোদন দেবার জন্য অনুরোধ করছি, তদ্বির করেছি, ৫.৭০ একর এখানে জমি আছে, বাড়ি আছে—প্রমাণ হিসাবে চাইলে তার ফটোও দেখাতে পারি কিন্তু কোন এক অদৃশ্য কারণে জানি না এই মাদ্রাসাটিকে অনুমোদন দেওয়া হল না। আশা করি মন্ত্রী মহাশয় এ ব্যাপারে কিছু বলবেন। এর পর আমি শাখাওয়াৎ মেমোরিয়াল গার্লস হাইস্কুল নিয়ে কিছু বলব। এই স্কুলটিতে বাংলা এবং উর্দ্দু মিডিয়ামে পড়ানো হয়। আমাদের এই রাজ্যে অনেক উর্দ্দু ভাষাভাষী মানুষ আছেন সেটা সকলেই জানেন কিন্তু এই স্কুলটিতে উর্দ্দু বিভাগে শিক্ষকের অভাব রয়েছে এবং বাড়ি ঘরের অভাব রয়েছে ফলে উর্দ্দু ভাষাভাষী ছাত্রীরা সেখানে অ্যাডমিশন পায় না। আমি আবেদন করব, উর্দ্দু ভাষার ছাত্রীরা যাতে সেখানে অ্যাডমিশন পান তারজন্য ঐ স্কুলটিতে প্রয়োজনীয় বাড়িঘর এবং শিক্ষক দেবার ব্যবস্থা করুন।

[3-30 — 3-40 p.m.]

সেখানে স্কুলের ৫টি বাস ছিল। আজকে সেই ৫টি বাসই বন্ধ হয়ে আছে। লক্ষ লক্ষ

টাকার সম্পদ এই ৫টি বাস বন্ধ হয়ে যাবার জন্য সেখানে ছাত্র-ছাত্রীদের স্কুল থেকে বাড়িতে যাতায়াতের যে সুবিধা ছিল সেই সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছে। কাজেই এই বাসগুলি পুনরায় চালু করা যায় কিনা সেটা চিন্তা করে দেখবেন। এই সঙ্গে উচ্চ শিক্ষার একটা বিষয় আছে। বীরভুমে রামপুরহাটে একটা কলেজ আছে। সেখানে জুলজি এবং বোটানি পড়াবার জন্য ল্যাবোরেটরির জন্য তারা নিজেরাই উদ্যোগ নিয়ে সব রকম ব্যবস্থা করেছে। আপনার কাছে তারা বারবার দাবি করেছে এবং আপনার কাছে অ্যাপ্লাইও করেছে যে কেবলমাত্র সরকারি অনুমোদন দিলে সেখানে তারা জুলজি এবং বোটানি পড়াতে পারে। সেজন্য আপনাকে সহানুভুতির সঙ্গে এই দাবি বিবেচনা করার জন্য আমি অনুরোধ করব। এই সঙ্গে একটা গুরুতর অভিযোগ করছি, সেই ব্যাপারেও আপনি দৃষ্টি দেবেন। আপনি কতকগুলি প্রোগ্রামের কথা বলেছেন। তার মধ্যে একটা প্রোগ্রাম হচ্ছে মাদ্রাসা নিয়ে। সেই মাদ্রাসা নিয়ে এখানে কোনও কথা বলেননি যে কতগুলি মাদ্রাসা এখানে আছে। ভবতোষ দত্ত কমিশনের কথা উচ্চ শিক্ষা মন্ত্রী বলেছেন। ঐ ভবতোষ দত্ত কমিশনে একটা কথা পরিষ্কার করে বলা ছিল যে পশ্চিমবাংলায় যতগুলি স্কুল, কলেজ আছে তার এক দশমাংশ মাদ্রাসা হবে। কিন্তু সেই অনুপাতে করা হয়নি। আশা করি আপনি এই বিষয়ে দৃষ্টি দেবেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী আজকে এখানে যে শিক্ষার ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফে আনা কাট মোশনের সমর্থন করে কয়েকটি কথা বলছি। আজকে যে শিক্ষা বাজেট পেশ করা হয়েছে তার উপরে একটু আগে মাননীয় সদস্য বক্তৃতা করলেন এবং তার বক্তব্যে তিনি পরিষ্কার ভাবে বলেছেন যে শিক্ষা ক্ষেত্রে আমাদের প্রচন্ড সাফল্য এসেছে এবং তার প্রমাণ স্বরূপ তিনি দেখিয়েছেন যে ছাত্রের সংখ্যা অনেক বেড়েছে। আসলে তিনি সত্য কথা বলেননি। প্রাইমারি শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং উচ্চ-মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার যে ব্যবস্থা নিয়েছেন তাতে শিক্ষা ব্যবস্থা মাঝ রাস্তায় মুখ থুবড়ে পড়েছে। আজকে প্রাইমারিতে ডিটেনশন প্রথা তুলে দেওয়ার ফলে ছাত্র সংখ্যা বেড়ে চলেছে। যে সমস্ত ছেলের পাশ করার কথা নয় সেই সমস্ত ছাত্ররা পাশ করে যাচ্ছে। ফলে প্রাইমারি থেকে গাদাগাদা ছাত্র এসে হাই স্কুলে ভর্তি হবার সুযোগ পাচ্ছে না। কারণ কোনও জায়গায় তিল ধরানোর জায়গা নেই, ফলে তারা হাইস্কুলে পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এই ভাবে স্কুলে পড়াশুনা চলতে পারে না, এতে অনেক অসুবিধার সৃষ্টি হচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে, আপনি গ্রামের স্কুলের ছাত্র-ছাত্রীদের মিড-ডে-মিল দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু সেখানে যে চাল দেবার ব্যবস্থা করেছেন সেটা পচা চাল। সেই চাল গরুতেও খায় না। আপনাদের রাজত্বেই এটা সম্ভব। আপনাদের রাজত্বে যে সব ব্যবস্থা আপনারা নিচ্ছেন তাতে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা একটা জঙ্গলের রাজত্বে পরিণত হয়েছে। আপনারা যে সিলেবাস করেছেন তাতে ৫ম শ্রেণী থেকে ইংরাজি চালু করেছেন। এর ফলে অনেকেরই মাধ্যমিকে, উচ্চ-মাধ্যমিকে গিয়ে ইংরাজি পড়ার যোগ্যতা, দক্ষতা থাকে না। আপনারা আবার প্যারালাল ভাবে ইংলিশ মিডিয়াম স্কুলগুলিকে রেখে দিয়েছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, আপনাদের

ছেলে-মেয়েদের ইংরাজি পড়ার জন্য ইংলিশ মিডিয়াম স্কুলগুলিকে রাখবেন, সেগুলিকে লাইসেন্স দেবেন। আর গ্রামের মানুষকে ইংরাজি পড়ার সুযোগ থেকে বঞ্চিত করবেন, তাদের অন্ধকারের মধ্যে রাখবেন কেন? এই ব্যাপারে আপনাকে চিন্তা-ভাবনা করতে হবে। আপনারা বলছেন যে শিক্ষা ক্ষেত্রে নাকি আপনারা বিপ্লব এনেছেন, কোটি কোটি টাকা খরচ করছেন। কিন্তু আমরা দেখছি যে স্কুলগুলিতে সময়মতো বইগুলি গিয়ে পৌছানো হয় না। ৫ম শ্রেণীতে দুই-একটা বই ছাড়া কোনও জায়গায় বই পাওয়া যায় না।

আজকে সারা পশ্চিমবঙ্গে একটা অব্যবস্থা চলছে। লক্ষ্য করে দেখবেন, মাধ্যমিকের যে সিলেবাস তৈরি করা হয়েছে তার সঙ্গে হায়ার সেকেন্ডারি সিলেবাসের কোনও সঙ্গতি নেই। তারফলে হায়ার সেকেন্ডারিতে গিয়ে ছাত্ররা ইংরেজি পড়তে পারছে না। আবার বি. এ. ক্লাশে যে সিলেবাস তৈরি করেছেন তার সঙ্গে হায়ার সেকেন্ডারি সিলেবাসের কোনও সঙ্গতি নেই এবং তার জন্য তারা টপকাতে পারছে না। একটি ছাত্র গ্র্যাজুয়েশনে ইংরেজি বা বাংলায় অনার্স করতে পারছে না, দেখা যাচ্ছে ছাত্ররা হিস্ট্রি, পলিটিক্যাল সাইন্স ইত্যাদিতে অনার্স নিচ্ছে। এতই যদি শিক্ষার অগ্রগতি হয়ে থাকে তাহলে ছাত্রদের মধ্যে কেন এই প্রবণতা দেখা যাচ্ছে? আপনারাই তো বলে থাকেন যে, মাতৃভাষা জাতির কাছে খুবই গুরুত্বপূর্ণ। মিত্র কমিশনের যে রিপোর্ট আপনারা পেয়েছেন তার কতটুকু আপনারা রূপায়িত করতে পেরেছেন? যে জায়গায় দাঁড়িয়ে আপনারা অশোক মিত্র কমিশন বসিয়েছিলেন, আমেরিকার মতো দেশ সেক্ষেত্রে প্রতি বছর কমিশন বসান ভুলত্রুটি সংশোধন করবার জন্য। ২০ বছর শিক্ষার মান উন্নয়ন কি করেছেন আপনারা? প্রথমে আপনারা বলতেন যে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না বলে কিছু করতে পারছেন না। কিন্তু বর্তমানে কেন্দ্রে তো আপনাদের বন্ধু সরকার। আপনারা তাদের কাছে কত টাকা চেয়েছেন? শিক্ষা দপ্তরের জন্য পাঁচ জন মন্ত্রী রয়েছেন, কিন্তু তারা শিক্ষার কি উন্নতি ঘটিয়েছেন? পরীক্ষা-ব্যবস্থায় কোনও উন্নতি ঘটাতে পারেননি। জনকল্যাণ মন্ত্রী বসে রয়েছেন, কিন্তু সারা বছরে সাক্ষরতার কোনও কাজ দেখছেন না। সারা বছর মানুষ সেখানে লণ্ঠন জ্বালিয়ে পড়াশুনা করছেন। এখন তিনি বলছেন যে, এক্ষেত্রে মুল্যায়ন হবে। তিনি এখানে বসে নিরক্ষরতা দূরীকরণ প্রোগ্রামের ভাঙা-ক্যাসেট বাজাবেন, সরকারি কর্মচারিরা গাড়ি চড়ে বেড়াবেন, কিন্তু যারা নিরক্ষরদের সাক্ষর করবেন তারা কোনও পয়সা পাবেন না। আজকে বলুন, সার্বিক সাক্ষরতা আন্দোলনে কোথায় কি করতে পেরেছেন? নিশ্চয়ই আমাদের এই সমালোচনা আপনাদের ভাল লাগবে না। শিক্ষাকে পাঁচটি দপ্তরে ভাগ করেছেন, কিন্তু একটি দপ্তরও চালাবার ব্যবস্থা হয়নি। মাদ্রাসা দপ্তরকে আপনারা রাস্তায় ভাসিয়ে দিয়েছেন। বর্তমানে মাদ্রাসা দপ্তরের কোনও ভূমিকাই নেই, অথচ মাদ্রাসা মাদ্রাসা বলে চিৎকার করছেন। ৪৫০টি অর্গানাইজড মাদ্রাসা ২৫-৩০ বছর ধরে রাজ্যে চালু রয়েছে, কিন্তু বর্তমানে তার পরিকাঠামো পর্যন্ত নষ্ট হয়ে গেছে। আজকে বেকার ছেলেরা আপনাদের দিকে তাকিয়ে বসে রয়েছে। সেক্ষেত্রে ১০ পারসেন্টের ওয়ান পারসেন্টও যদি মাদ্রাসা হ'ত তাহলে আমাদের ছেলেরা না হোক, আপনাদের পার্টির ছেলেরাও তো সেখানে প্রভাইড হতে পারত। নামমাত্র কিছু করেছেন, কিন্তু এক্ষেত্রে যে ভূমিকা হওয়া উচিত ছিল সেটা পালন করেননি। একটি মাদ্রাসা বোর্ড সরকারের নির্দেশে চলছে, কিন্তু তারা কিছুই করেননি। রিসার্চ সেন্টারের জন্য জায়গা দিয়েছেন, কিন্তু মুর্শিদাবাদের ছেলে হলেও সেখানে মাদ্রাসা সম্পর্কিত

কোনও কিছু, মাইক্রোস্কোপেও দেখতে পাচ্ছি না। আপনাদের দপ্তরের এই ব্যর্থতা প্রতি ক্ষেত্রেই দেখিয়েছেন, মাদ্রাসা নিয়ে আপনারা ছিনিমিনি খেলেছেন। আজকে মাদ্রাসা শিক্ষা-ব্যবস্থাকে রাস্তায় ভাসিয়ে দিয়েছেন। আর কান্তিবাবু কোনও ক্ষেত্রে কোনও কৃতিত্ব না দেখালেও একটি ব্যাপারে অবশ্যই তিনি কৃতিত্ব দেখিয়েছেন। বারবার প্রশ্নপত্র ফাঁস করিয়ে তিনি সি. পি. এম্. ক্যাডারদের টাকা লুটের রাস্তা দেখিয়েছেন। তারই জন্য পর্ষদ সেক্রেটারি আজ পর্যন্ত পদত্যাগ করেননি এবং তার ভাগ্নে ব্যবসা করে যাচ্ছে। আজকে সারা রাজ্যে শিক্ষা নিয়ে ব্যবসা শুরু হয়ে গেছে। তারই জন্য আমরা বলছি যে, আপনারা শিক্ষায় সার্বিকভাবে ব্যর্থ। বিশেষ করে কান্তিবাবুর চক্ষুলজ্জা নেই, তারই জন্য প্রশ্নপত্র ফাঁসের তিন মাস পরেও কোনও ব্যবস্থা তিনি নিতে পারেননি। বিধানসভায় যে কথা তিনি বলেছিলেন, তার সঙ্গে পরেও কোনও ব্যবস্থা তিনি নিতে পারেননি। বিধানসভায় যে কথা তিনি বলেছিলেন, তার সঙ্গে তার কাজের কোনও সঙ্গতি নেই। তারই জন্য বলছি, পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থা নিয়ে আমাদের যে গর্ব ছিল সেটা নষ্ট করেছেন এবং সঙ্গে সঙ্গে ছেলেমেয়েদের ভবিষ্যতও নষ্ট করেছেন। তারজন্য এই বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী মহম্মদ সোহোরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের ৫ জন শিক্ষা দপ্তরের মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। বিরোধিতা করছি কেবল বিরোধী দলে আছি বলে নয় কতকগুলি নীতি এবং আদর্শের ভিত্তিতে এবং বিশেষ করে শিক্ষা দপ্তর পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করছে ধাপ্পা দিচ্ছে এই কারণে এই বাজেটের বিরোধিতা করছি। স্যার, আজকে স্বীকৃত সত্য হিসাবে ধরে নেওয়া হয়েছে ২০০২ সালের মধ্যে সর্বজনীন শিক্ষা ব্যবস্থা করতে হবে। কাশেম সাহেব উন্নিকৃষ্ণাণ রায়ের কথা বলেছেন। মাননীয় মন্ত্রী তার বাজেট বক্তব্যে বলেছেন যে এটা আমাদের করতে হবে। কিন্তু করতে হবে বলার পর তিনি বলেছেন যে এর জন্য ১,৩২৩ কোটি টাকা লাগবে। তারপরেও আবার ৫ হাজার কোটি টাকা করে লাগবে। কিন্তু এই টাকার প্রভিসন বাজেটে নেই। অর্থাৎ লোককে ভ্রান্ত ধারণা দিয়ে বিভ্রান্ত করছেন এই কথা বলে যে ২০০২ সালের মধ্যে সর্বজনীন শিক্ষা ব্যবস্থা করব। এই ভাবে যে ধাপ্পা দেওয়া হচ্ছে বিভ্রান্ত করা হচ্ছে মানুষকে আমি এর তীব্র বিরোধিতা করছি। সর্বজনীন শিক্ষা ব্যবস্থা করতে গেলে, আমরা জানি শতকরা ৮০ ভাগ ছেলেমেয়ে স্কুলে আসে, বাকি ২০ ভাগ ছেলে-মেয়েকে স্কুলে আনবার জন্য তিনি কি ব্যবস্থা করেছেন। এই ২০ ভাগ দুটি কারণে আসছে না। কিছু আসছে না অভাবজনিত কারণে কিছু আসছে না স্বভাবজনিত কারণে। এদের যদি স্কুলে না আনতে পারেন তাহলে কি করে সর্বজনীন শিক্ষাব্যবস্থা করবেন? তা যদি করেন চাইতেন তাহলে এই বছর থেকে তার ব্যবস্থা করতেন। এই বছর থেকে যদি করতেন তাহলে বুঝতাম আপনাদের সদিচ্ছা আছে সর্বজনীন শিক্ষা দেওয়ার। অনেক মানুষ আছে তারা ভাবে প্রাইমারি শিক্ষা দিয়ে কি লাভ হবে, সেকেন্ডারি শিক্ষা দিয়ে কি হবে, সেই কারণে তার বাপ দাদা যে পেশায় নিযুক্ত সেই পেশায় তারা লাগিয়ে দিচ্ছে। ফলে এই সমস্ত ছেলেরা স্কুলে যাচ্ছে না। এটা হল স্বভাবজনিত কারণ। আবার অভাবজনিত কারণ হল যারা দারিদ্র সীমার নিচে বাস করছে তাদের ছেলেদের তারা কোনও রকমে একটা পেশায় লাগিয়ে দিচ্ছে, তাদের মজুরি

খাটাচ্ছে। ফলে এই অভাবজনিত কারণে তারা স্কুলে যেতে পারছে না। এই সমস্ত ছেলেরা আরও একটা সমস্যার সৃষ্টি করছে সেটা হল চাইল্ড লেবার তৈরি করছে। সার্ব্বজনীন শিক্ষাব্যবস্থা করতে পারলে শ্রম দপ্তর থেকে যে চেষ্টা হচ্ছে সেটা অনেক বেশি ফলপ্রসূ হত। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই পরিকল্পনার সার্থক রূপ দিতে আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন? আজকে আমাদের পশ্চিমবাংলায় ৫১ হাজার প্রাইমারি স্কুল আছে ·ং ১ লক্ষ ৭৫ হাজার শিক্ষক আছে। এই শিক্ষকদের আপনারা মোটিভেটেড করার চেষ্টা করেছেন? আসলে মানুষ যারা হবে, গ্রামের প্রাইমারি স্কুলের পাশে কাদের ছেলেরা পড়তে আসছে না দে সুড প্রিপেয়ার দি লিস্ট যাতে বিগিনিং অব দি অ্যাকাডেমিক সেশন আরম্ভ করার জন্য শিশুদের আনতে যাওয়া এই ব্যবস্থা তিনি করতে পারছেন না। আর মোটিভেট করবেনই বা কি করে, শিক্ষকদের বিরুদ্ধে এত মামলা এত অত্যাচার এত নিপীড়ন চলছে। সেই শিক্ষকদের আপনারা কি করে মোটিভেটেড করবেন কি করে ইন্সপায়ার্ড করবেন? কাশেম সাহেব বললেন শিক্ষকদের চাকুরি ৬০ বছরের বেশি ভারতবর্ষে কোনও রাজ্যে নেই। এটা আমি মেনে নিচ্ছি। তবে এই কথা ঠিক যে ভারতবর্ষে কোনও রাজ্যে স্বাধীনতার পর কখনও কারও অর্জিত অধিকার খর্ব করা হয়নি। আজকে এই পশ্চিমবাংলার শিক্ষকরা অনেক আন্দোলন করে ৬৫ বছর বয়স পর্যন্ত চাকুরির ব্যবস্থা করেছে, ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে এই অধিকার অর্জন করতে পারেনি। পশ্চিমবাংলার শিক্ষকরা আন্দোলন করে যে অধিকার অর্জন করেছিল সেই অধিকারকে আপনারা খর্ব করতে চাইছেন।

এটা হচ্ছে আদর্শ এবং নীতির তফাৎ। সেই আদর্শ নিয়ে এখানে কাশেম সাহেব বললেন। আমি কাশেম সাহেব এবং কান্তিবাবুকে জিজ্ঞাসা করব, অর্জিত অধিকার কোনও রাজ্যে খর্ব হয়েছে কি? সেই কারণে আমরা বলতে চাইছি যে, প্রাথমিক শিক্ষাকে আপনারা এই জায়গায় নিয়ে গেছেন। ১৯৯৩ সালের ৪ঠা এবং ৫ই মার্চ এখানে একটা ওয়ার্কশপ হয়েছিল। আপনার দপ্তরই এটা করেছিল। সেখানে একটা কথা বলা হয়েছিল যে, প্রাথমিক শিক্ষককে ইনভলভ করতে হবে। দিল্লিতে আপনাদেরই সরকার, যুক্তফ্রন্ট সরকার আছেন। তারা বলেছেন, রাজ্য সরকারগুলোকে তাদের টোটাল শিক্ষা বাজেটের ৫০ শতাংশ প্রাইমারি এডুকেশনের জন্য খরচ করতে হবে। ইউ আর নেগলেকটিং প্রাইমারি এডুকেশন। ১৯৭৩-৭৭ সালে যখন কংগ্রেস সরকার ছিল তখন মোট শিক্ষা বাজেটের ৪০ শতাংশ এই খাতে খরচ করেছিলেন। আর আপনি খরচ করছেন ৩২ পারসেন্ট অব দি টোটাল এডুকেশন বাজেট। সুতরাং কি করে প্রাইমারি এডুকেশন হবে? আপনি স্বীকার করেছেন যে, বিগত দশ বছরে কোনও প্রাইমারি স্কুল করেননি। তাহলে দশ হাজার স্কুল হয়নি। এটা যদি হয়ে থাকে তাহলে একটা ডেমোক্রেটিক কান্ট্রিতে যখন শিক্ষার হার বাড়ছে, যেখানে এক হাজার করে স্কুল বাড়ছে, সেখানে দশ হাজার স্কুল হল না। আপনি তাহলে এই ফাঁকটা কি করে পূরণ করবেন? তাহলে তো আরও দু'হাজার করে স্কুল আপনার করা উচিত ছিল। এই বছরে তিন হাজার স্কুল করা উচিত ছিল। আপনি দশ বছরে যা করেননি তা পূরণ করতে গেলে ইন অ্যাডিশন আরও দু'হাজার করে স্কুল করা উচিত ছিল। এটা যদি করতেন তাহলে ভাল হত। অনেক জিনিস নীতিতে ভাল, কিন্তু বাস্তব অবস্থায় অসুবিধা হয়। মূল্যায়ন নিশ্চয়ই ভাল। কিন্তু বাস্তব অবস্থাটা কি? ইনফ্রাস্ট্রাকচার নেই। ছাত্রসংখ্যা বাড়ছে, স্কুল নেই। শিক্ষক নেই।

কয়েকদিন আগে উত্তরবঙ্গ সংবাদ পত্রিকায় বেরিয়েছে, আপনি নিশ্চয়ই রিপোর্টটা পেয়েছেন। ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট থেকে বার করেছে। সেখান থেকে আমি আপনার কাছে পড়ে শোনাচ্ছি। রাজ্যের ১৭টি জেলায় ক্লাস ফোরে দশ লক্ষ ছাত্রের মধ্যে থেকে ১১,৪০৬ জন ছাত্রকে পরীক্ষা করে দেখা গেছে, এদের সারা বছর ধরে মূল্যায়ন না করে বছরের শেষে পরীক্ষায় বসানো হয়েছিল। জানা গেছে, ফোরের ১৬ শতাংশ ছাত্র পড়তেই পারে না। ৫৬ শতাংশ ছাত্র কোনও রকমে রিডিং পড়তে পারে। মাত্র ২৮ জন ঠিকমতো রিডিং পড়তে পারে। রাজ্য সরকার যেহেতু প্রাথমিক শিক্ষা খাতে ঠিকমতো ব্যবস্থা করতে পারেনি তাই এই অবস্থা।" আরও রিপোর্ট বেরিয়েছে। ৮০ শতাংশ বিদ্যালয়ের শৌচাগার নেই, এই রকম অনেক স্কুল আছে। যেখানে ৪টি ক্লাসের ঘর বলতে সর্বসাকুল্যে একখানা। পশ্চিমবঙ্গে এই ধরনের বিদ্যালয় মোট বিদ্যালয়গুলোর ৩৪ শতাংশ। সুতরাং কন্টিনিউয়াস ইভ্যালুয়েশন কি করে হবে? সেজন্যই তো এই অবস্থা সৃষ্টি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রাথমিক শিক্ষার হার কি দাঁড়িয়েছে, এখানে যারা সেকেন্ডারি টিচার আছেন তারা জানেন যে সেকেন্ডারিতে রোল স্ট্রেন্থ কত বেড়েছে। কোনওটিতে ৬০, কোনওটিতে ৪০, আবার অন্যটিতে হয়েছে ২০। মাননীয় শিক্ষামন্ত্রীর এলাকায় ৩টি জুনিয়র হাইস্কুল আছে। সেখানে একটি হাইস্কুল করার জন্য ঝগড়া লেগে গিয়েছে। আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে, জুনিয়র হাইস্কুলকে সেকেন্ডারি স্কুলে উন্নীত করার ব্যবস্থা আপনি করতে পারছেন না। আমার এলাকার আমি নাম করে বলতে পারি, সেখানে স্কুলের গন্ডগোলে পঞ্চায়েত সমিতির সভাপতি এলেন।

[3-50 — 4-00 p.m.]

আপনাদের দলের প্রধান এলেন, এ. বি. টি.-এর থেকে লোক এল, বললেন যে সোমবার, বুধবার শুক্রবার ৫০ পারসেন্ট ছেলেমেয়ে ক্লাশ করবে আর বাকি দিনগুলো ৫০ পারসেন্ট ছেলেমেয়ে ক্লাশ করবে। তা না হলে কোথাও কোথাও ছেলেরা তিন দিন আসবে আর মেয়েরা বাকি তিন দিন অর্থাৎ ছেলেরা যেদিন আসবে সে কদিন বাদ দিয়ে মেয়েরা আসবে। যেখানে আপনার ২৫ হাজার শিক্ষক দরকার, সেখানে আপনারা শিক্ষক দিতে পারছেন না। আপনারা কি করে পড়াশুনা করাবেন। আমার পরেই জয়ন্তবাবু বলতে উঠবেন, তিনি নিশ্চয় বলবেন এবং আমার সঙ্গে একমত হবেন যে, ছাগল সাপ্লাই করার মতো আমাদের এখানকার স্কুলগুলোতে ছাগল সাপ্লাই করা হচ্ছে। কোনও পড়াশুনো হচ্ছে না এবং সেইকারণেই বিরোধিতা করছি। গার্লসের ড্রপ আউট তো বেড়েই চলেছে, সেখানে শিক্ষাকে সাকসেসফুল করবেন কি করে আমার জানা নেই। তারপরে সেকেন্ডারি স্টেজে যে প্রবলেম দেখা দিয়েছে আপনারা তার কিছুই করতে পারছেন না। সেখানে স্কুলের সংখ্যা বাড়াতে হবে, টিচারের সংখ্যা বাড়াতে হবে। হায়ার সেকেন্ডারি স্কুলের ক্ষেত্রে আরেকটা সমস্যা রয়েছে। সেখানে স্কুলের সংখ্যা বাড়াচ্ছেন অথচ টিচারের সংখ্যা বাড়াচ্ছেন না। কোথাও কোথাও ২-৩ জন টিচার আর কোথাও কোথাও তাও নেই। সারা ভারতবর্ষের মতো আপনারা থ্রি ইয়ারস ডিগ্রি কোর্স চালু করতে চেলেছেন। আপনারা বলেছেন যে কোনও কলেজেই আর হায়ার সেকেন্ডারি পড়ানো হবে না, তাহলে এই তিন বছরে কলেজগুলোর ইনফ্রাস্ট্রাকচার কি হবে? সেগুলো নিয়ে তো আবার প্রবলেম হবে। সেখানে আপনারা কলেজগুলোর থেকে যদি

হায়ার সেকেন্ডারি তুলে নেন তাহলে প্রায় ১,৬০০ থেকে দুই হাজার স্কুলে হায়ার সেকেন্ডারি চালু করতে হবে কিন্তু তার কোনও প্রভিসন আপনারা বাজেটে রাখেননি। আপনি বলেছেন যে কলেজগুলোতে আর হায়ার সেকেন্ডারি দেবেন না, এইভাবে আপনারা পশ্চিমবঙ্গের মানুষদের ঠকাচ্ছেন। এরপরে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে যে, আপনারা মুখে এক কথা বলেন আর উদ্দেশ্য অন্যরকম। স্কুল সার্ভিস কমিশনের বিল এল এবং তাতে বলা হয়েছিল যে, ওনলি টু চেক কারাপশন অ্যান্ড টু এ পয়েন্ট এফিসিয়েন্ট টিচারস, কিন্তু এটা একটা কন্ট্রাডিকশন, আপনারা অ্যানোমলিতে ভুগছেন। আপনারা বললেন যে ম্যানেজিং কমিটি দুর্নীতি করছেন তাই এই বিল আনা হচ্ছে। তাহলে প্রাইমারি টিচারদের জন্য সার্ভিস কমিশন হল না কেন? তারা কি ধোওয়া তুলসীপাতা? তাহলে কেন এত গোলমাল? পঞ্চায়েতকে তো আড়াই কোটি টাকা দিয়েছেন, তার তো কোনও হিসাব নেই। পঞ্চায়েতকে যে ডিসেন্ট্রেলাইজ করেছেন, টাকা দিচ্ছেন তার তো কোনও হিসাব পাচ্ছেন না, সেখানে কারাপশনে ভরে গেছে, তার বিরুদ্ধে তো কিছু বলছেন না। আপনার ম্যানেজিং কমিটির হাতে কত নম্বর থাকে—মাত্র ১০ নম্বর থাকে। অ্যাকাডেমিক কেরিয়ারের উপরে গুরুত্ব দেওয়া হয়। কিছুদিন আগে একটা ওয়ার্কশপ হল তাতে কি বললেন—সেখানে ৩টি রিজিওনে স্কুল সার্ভিস কমিশন ভাগ করা হল। সেখানে কেন প্রত্যেক জেলাতে হবে না। অশোক মিত্র কমিশনের রিপোর্টের একটা বিষয় নেব আর আরেকটা দিক নেব না এতো হতে পারে না। সুতরাং এই তো হচ্ছে গভর্নমেন্টের অ্যাটিচিউট। এখানে পরীক্ষার কথা বলেছেন—লিখিত পরীক্ষার ক্ষেত্রে বলছেন তাহলে হায়ার সেকেন্ডারি, কলেজ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফল সব বাতিল। কেবলমাত্র মাল্টিপিল চয়েসের উপরে নির্ভর করছেন। আমরা বলছি একাডেমিক কেরিয়ারের উপরে হোক, তা না হলে কোয়েশ্চেন লিক আউট হয়ে গিয়ে তো করাপশন হতে পারে। তাই বলছি লিখিত পরীক্ষা নয়, এটা মেরিটের উপরে জোর দেওয়া হোক এবং ম্যাক্সিমাম ১০নং সেখানে থাকবে।

সুতরাং এটা যদি না করা যায় তাহলে স্কুল সার্ভিস কমিশনের উদ্দেশ্য এফিসিয়েন্ট টিচার হবে না, যেমন দলবাজি হিসাবে নিজের দলকে দেখছেন, তেমনি হবে। এই কথা কয়টি বলে, আর অন্যান্য কথা না বলে কাট মোশনকে সমর্থন করে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৫ জন শিক্ষামন্ত্রীর যে ব্যয় বরাদ্দ দাবি এখানে রাখা হয়েছে, তারা যা উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। তারা যুক্তফ্রন্ট সরকারের শিক্ষাক্ষেত্রে যে সাফল্য তার সম্পর্কে তারা বক্তব্য রাখবেন, আমি এই সম্পর্কে কোনও বক্তব্য রাখছি না। এই ব্যাপারে ৫ জন মন্ত্রী আছেন তারা ১ ঘন্টা ১০ মিঃ বলবেন, তারা আমার চেয়ে অনেক শক্তিমান বক্তা, তারা সেটা বলবেন। গত ৫ বছরে কি সাফল্য হয়েছে সেটার খতিয়ানও তারা দেবেন। এখানে বিরোধী পক্ষ থেকে যারা যা বলেছেন তাদেরও তারা যা উত্তর দেওয়ার দেবেন। আমি শুধু কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্দেশ্যে বলছি। আমার সময় সংক্ষিপ্ত, সেইজন্য উচ্চ শিক্ষা সম্পর্কে প্রথমে বলতে চাই। এক নম্বর হচ্ছে, ভবতোষ দত্ত কমিশনের রিপোর্টের ভিত্তিতে আমাদের উচ্চ শিক্ষা

ক্ষেত্রে যে রিজিওনাল ইমব্যালান্স আছে, সেটা দূর করার জন্য আপনি সচেষ্ট হবেন। বাঁকুড়া, পুরুলিয়া, উত্তরবঙ্গ, মুর্শিদাবাদ, নদীয়ায় নূতন কলেজ স্থাপনের যে প্রয়োজনীয়তা আছে তার জন্য অনুরোধ জানাব। এখানে মহম্মদ বিন কাশিম বলেছেন, পড়ুয়ার সংখ্যা ৫ শতাংশ, সেই দিক থেকে নূতন কলেজ স্থাপনের প্রয়োজনীয়তা থেকে যাচ্ছে। উত্তরবঙ্গের জয়গাঁওতে প্রয়াত ননী ভট্টাচার্যের নামে উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ একটা প্রস্তাব দিয়েছিল নূতন কলেজ স্থাপনের জন্য। সেখানে বিস্তীর্ণ এলাকায় কোনও কলেজ নেই, এটা একটা হিন্দি ভাষাভাষীর এলাকা, সেখানে কলেজ স্থাপনের কথা বিবেচনা করার জন্য বলব, এটা আপনি দেখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রয়াত অধ্যাপক নির্মল বসু এবং প্রয়াত উচ্চ শিক্ষামন্ত্রী শম্ভু ঘোষ যখন ছিলেন সেই সময় স্থানীয় উদ্যোগে এবং বিভিন্ন দলের উদ্যোগে বেশ কিছু কলেজ গড়ে উঠেছিল, এবং সংগঠিতভাবে জায়গা জমি থেকে শুরু করে অর্থ দিয়ে পরিশ্রম করে সংগৃহীত অর্থ দিয়ে কলেজ গড়ে ছিল, কিন্তু দেখা যাচ্ছে, যারা অনলস পরিশ্রম করেছিলেন, যারা শিক্ষাব্রতী তাদের বাদ দিয়ে যারা এর সঙ্গে যুক্ত নয়, তাদের কে যুক্ত করার একটা অদ্ভুত প্রবণতা দেখা যাচ্ছে। যেমন ডি. পি. আই. থেকে যে প্রতিনিধিকে পাঠাচ্ছেন, তিনি সেই কলেজের সঙ্গে সংযুক্ত নন, ইউনিভার্সিটির ক্ষেত্রেও একই অবস্থা দেখা যাচ্ছে। আমি যে কলেজের সঙ্গে যুক্ত আছি, সেখানেও দেখা যাচ্ছে, ডি. পি. আই. থেকে যাদের পাঠানো হচ্ছে তারা সংশ্লিষ্ট কলেজের সঙ্গে যুক্ত নয়, এই ব্যাপারে বুদ্ধদেববাবুর সঙ্গে কথা হয়েছিল, আমি বলেছিলাম আপনি কাটিং অ্যাক্রস দি পার্টি লাইন যেতে পারেন না, তখন বুদ্ধদেববাবুর হস্তক্ষেপে আমরা যারা কয়েকজন সেই সময় ছিলাম ইউনিভার্সিটির প্রতিনিধি হিসাবে তারা যেতে পেরেছি। কিন্তু সর্বত্র তা হচ্ছে না। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, বিষয়টি নজরে রাখবেন। যারা কলেজ গড়ছেন তারা বাদ পড়ে যাচ্ছে, আর যারা কলেজের সঙ্গে যুক্ত নন তারা ঢুকে যাচ্ছে। যারা ডোনার ইউনিভার্সিটির স্ট্যাটিউটে আছে তাদেরকে প্রতিনিধি হিসাবে পাঠানো হচ্ছে না। সিন্ডিকেটে আবেদন করা হচ্ছে, কিন্তু পাঠানো হচ্ছে না। সরজিত চক্রবর্তী ইন্সপেক্টার অব কলেজেস ছিলেন, তার কাছে আমরা বলেছি, যারা ডোনার তারা যেতে পারছেন না, এটা সিন্ডিকেটে তোলা হচ্ছে না, উত্থাপন করাই হচ্ছে না। এটা আপনি দেখবেন। এই কারণে বলব, আপনি রাজ্যের শিক্ষামন্ত্রী, আপনি কাটিং অ্যাক্রস দি পার্টি লাইন যেতে পারেন, এই প্রত্যয় আমার আছে। আর দু-একদিন পরে স্কুল ফাইনাল পরীক্ষার ফল বেরুবে, সঙ্গে সঙ্গে ভর্তির সমস্যা তীব্রতর হবে। এই সময়ে নূতন নূতন স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করার প্রয়োজনীয়তা দেখা দেবে। এই কারণে বলব, মাননীয় শিক্ষামন্ত্রী আপনি একটা বাস্তবোচিত দৃষ্টিভঙ্গি নিন। সারা রাজ্যের বিভিন্ন জেলায় যে সমস্ত কমিটি আছে, জেলা পরিষদকে নিয়ে একটা ইন্সপেক্টিং টিম করুন। জেলায় যে কমিটিগুলি আছে, সবগুলি একদলীয় হয়ে যাওয়ার ফলে বহু ক্ষেত্রে কলেজ আপ গ্রেডেশনের বিষয়টা এক দোষে দুষ্ট হয়ে যাচ্ছে।

[4-00 — 4-10 p.m.]

এবং সব জায়গাতেই দেখা যাচ্ছে এই ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের সময় পলিটিক্যাল কেস এবং প্রপার প্লেস, এই দুটোর ক্ষেত্রে পলিটিক্যাল কেসই বেশি প্রাধান্য পাচ্ছে, প্রপার প্লেস

নয়। এইসব ইন্সপেক্টিং টিম এবং জেলা পরিষদের ক্ষেত্রে যে ইন্সপেক্টিং ব্যবস্থা আছে নতুন স্কুল আপ-গ্রেডেশনের ব্যাপারে সেখানে প্রোপোরশনেট রিপ্রেজেন্টেশন থাকবে না কেন, সংখ্যাগরিষ্ঠ দলই সব কিছু নিয়ন্ত্রণ করবে। মাইনরিটির ভয়েসের কোনও মূল্য থাকবে না, তাদের কোনও নিজস্ব বক্তব্য থাকবে না। জেলা পরিষদের সাবজেক্ট কমিটির যে ইন্সপেক্টিং টিম তারা অত্যন্ত সংকীর্ণ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে বলে নতুন স্কুলগুলো হওয়া সত্ত্বেও যে চাহিদা সেই চাহিদা পূরণ হচ্ছে না ছাত্র-ছাত্রীরা সেই দুরাবস্থার মধ্যেই থেকে যাচ্ছে, তাদের দূরবর্তী স্কুলে যেতে হচ্ছে। এই অবস্থাটা আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জুনিয়ার হাইস্কুলগুলোর ক্ষেত্রে দেখুন, বহু জুনিয়ার হাইস্কুল আছে যাদের সুবর্ণ জয়ন্তী, রজত জয়ন্তী হয়েছে, সেই সমস্ত স্কুল আপগ্রেডেশনের জন্য বিবেচিত হচ্ছে না। আর দশ বছর আগে যে স্কুল তৈরি হল সেই স্কুল আপ-গ্রেডেশন পেয়ে যাচ্ছে। এর ফলে শিক্ষার ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গি অনেক ক্ষেত্রেই ব্যহত হচ্ছে। এই সংকীর্ণ দৃষ্টিভঙ্গির জন্য অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে একটা গ্রাম পঞ্চায়েতের মধ্যে—আমি বহু নজির দেখাতে পারি—তিনটে জুনিয়ার হাইস্কুল পারমিশন পাচ্ছে। সংকীর্ণ পলিটিক্যাল দৃষ্টিভঙ্গি নিয়ে এই কাজ হচ্ছে এবং স্থানীয়ভাবে রাজনৈতিক দম্ভ, রাজনৈতিক ক্ষমতা প্রতিষ্ঠিত করার জন্য, দেখ আমার কত ক্ষমতা আছে সেইজন্যই এটা হচ্ছে। ফলে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গি থেকে আপনাদেরকে বিপথে পরিচালিত করছে, আপনারা সেই পথে যেতে বাধ্য হচ্ছেন, এই দিকটাতে আপনি নজর দেবেন। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে স্বীকার করেছেন বিগত পঞ্চাশ বছরে পশ্চিমবাংলায় পঞ্চাশ হাজারের কিছু বেশি প্রাথমিক স্কুল হয়েছে। এবং বামফ্রন্ট সরকারের কুড়ি বছরে স্থাপিত হয়েছে দশ হাজারের কিছু বেশি স্কুল। ইঞ্জাংশনের জন্য বেশ কিছু স্কুল হতে পারছে না। গত বছর ঘোষণা করা হয়েছিল এক হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় হবে, কিন্তু সেটা ঘোষণার মধ্যেই থেকে গেল। আবার এই বছরেও ঘোষণা করা হয়েছে জানি না কি হবে। হাইকোর্টের ইঞ্জাংশন উঠে গেছে এগুলোকে কার্যকর করতে হবে। ওভারসিজ ডেভেলপমেন্ট এজেন্সি, দু'বছর ধরে পাঁচটি পশ্চাদপদ জেলাতে ২০০ কোটি টাকা সাহায্য করবে। এই ব্যাপারে সংশ্লিষ্ট সব ধরনের সার্কুলার হয়েছে, ভোর কমিটি, ভিলেজ কমিটি গঠিত হয়েছে, কিন্তু কোনও কাজের কথা সেখানে নেই। পাঁচটি জেলার জন্য এই ২০০ কোটি টাকা বরাদ্দ করা হবে।

মাননীয় মন্ত্রী মহাশয় এদিকটাতে দৃষ্টি দেবেন, এইভাবে ঘোষণা করা হচ্ছে, সংবাদপত্রে বেরোচ্ছে, কিন্তু কাজের বেলায় কিছু নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরেকটা কথা বলব, বিধানসভার শিক্ষা বিষয়ক সাবজেক্ট কমিটি যে বিষয়টা উপস্থাপন করেছে, ছয় মাসের মধ্যে পেনশনের ব্যবস্থা করতে হবে। বাধা অনেক আছে। সঙ্গতভাবেই বলছি, শিক্ষকদের ক্ষেত্রে ত্রিরিশটি নথি দিতে হবে তবেই তাদের পেনশন ক্লিয়ার হবে। অথচ সরকারি কর্মচারিদের ক্ষেত্রে ছয়টি নথি দিলেই তাদের পেনশন ক্লিয়ার হবে। এখানে সরলিকরণে বাধা কোথায় এবং তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এই ব্যাপারে মাধ্যমিক শিক্ষামন্ত্রী বললে ভাল হয়। আর একজন শিক্ষককে উত্তরবঙ্গের জন্য সল্টলেকে আসতে হবে পেনশনের জন্য দরবার করতে। শিক্ষা বিষয়ক সাবজেক্ট কমিটির চেয়ারম্যান এই ব্যাপারে বলেছেন। আজকে উত্তরবঙ্গ থেকে সল্টলেকে আসতে হলে ট্রেনের ভাড়া, বাসের ভাড়া কত লাগবে। তাকে পেনশনের জন্য কেন সল্টলেকে দরবার করতে হবে?

কি পরিমাণ খরচ হচ্ছে। তার পর শিক্ষকরা যখন যাচ্ছেন অফিসে কেউ মর্যাদা দিচ্ছেন ইচ্ছে হলে কেউ দিচ্ছেন না। এই হচ্ছে অবস্থা। সাবজেক্ট কমিটি সাজেস্ট করেছেন যে উত্তরবঙ্গে একটা সেপারেট ডাইরেক্টরেট করতে হবে পেনশনের জন্য। অত্যন্ত সঙ্গত দাবি। এই দাবি পূরণ করতে হবে। পেনশন পাওয়ার ব্যাপারে, যারা পেনশন পাচ্ছেন তাদের ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে পেনশন পাওয়ার ব্যবস্থা করতে হবে। এটা কমিটি সুপারিশ করেছে। পেনশন পাওয়ার ব্যাপারে যদি অসুবিধা হয় তাহলে প্রভিসনাল পেনশন নয় যতদিন পেনশন না পাচ্ছেন ততদিন অ্যাড-হক পেনশন দেওয়ার দাবি জানাচ্ছি যেহেতু পেনশন পেতে বিলম্ব হচ্ছে। এবার স্কুল সার্ভিস কমিশন সম্বন্ধে কিছু বলব। স্কুল সার্ভিস কমিশন কি অপরিহার্য ছিল? এত দিনের একটা গণতান্ত্রিক বিকেন্দ্রীত ব্যবস্থা? এত দিন পর্যন্ত সমস্ত স্কুল তো তৈরি হয়েছে বেসরকারি উদ্যোগে। জমি, বাড়ি, ঘর, জায়গা সমস্তই তো বেসরকারি উদ্যোগে। বেসরকারি লোকেই তো স্কুল তৈরি করেছে। কি করতেন ম্যানেজিং কমিটি? দুর্নীতি গ্রস্থ? কে থাকতেন ম্যানেজিং কমিটিতে? হেডমাস্টার, টিচারস রিপ্রেজেন্টেটিভ, এক্সপার্টস, পঞ্চায়েত নমিনি। ম্যানেজিং কমিটিতে একমাত্র সম্পাদক থাকতেন। সাধারণ শিক্ষকদের অ্যাকাডেমিক কেরিয়ার এর জন্য মাত্র ১০ নম্বর ছিল, আর হেডমাস্টারের ক্ষেত্রে ছিল ৫ নম্বর। সাধারণ শিক্ষকদের ক্ষেত্রে এই ১০ নম্বরটাকে ৫ নম্বর করলেই তো দুর্নীতি দূর করার চেষ্টা করা যেত। কে বলেছে স্কুল সার্ভিস কমিশন করলেই দুর্নীতি দূর করা যাবে? কোয়েশ্চেন ফাঁস হবে না? যে দেশে জয়েন্ট এন্ট্রান্সের প্রশ্ন ফাঁস হয়। যারা এই কমিটির সদস্য হবেন তারা কি সবাই সততার প্রতিমূর্তি হবেন? দীর্ঘ দিনের একটা বিকেন্দ্রীত ব্যবস্থা, যারা টাকা দেবেন, পয়সা দেবেন তাদের অধিকারকে হরণ করছেন, অনেকদিন আগেই হরণ করা হয়েছিল। একমাত্র সম্পাদক থাকতেন। সে দিক থেকে এই বিষয়টা পুনর্বিবেচনার দরকার আছে। আজকে কি হয়েছে। এখনও পর্যন্ত চালু করতে পারলেন না। আরও চার মাস সময় নিয়েছেন। বলেছেন ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়নি। আরেকটা কথা বলি এটা অন্তত দয়া করে করুন যে সমস্ত স্কুলকে অনুমোদন করতে আপনাদের টাকা লাগবে না, পয়সা লাগবে না, ঘরবাড়ি লাগবে না, কিছু লাগবে না সেখানে অনুমোদন দিন। আপনারা যাদের অনুমোদন দিচ্ছেন তাদেরও তো আপনাদের বিল্ডিং গ্র্যান্ট দিতে হচ্ছে। টাকা পয়সা, বাড়িঘর লাগবে না আপনি অনুমোদন দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে কয়েকটা কথা বলব। মাদ্রাসা শিক্ষা গত বছর নতুন এবং পুরনো নিয়ে ৮০টা মাদ্রাসা হয়েছে। সমস্তটা এক দলীয় দৃষ্টিভঙ্গিতে হয়েছে। এই ব্যাপারটা একটু দেখবেন। মোস্তাফা বিন কাশেম যেটা বলেছেন, শিক্ষার ক্ষেত্রে কাটিং আক্রস দি পারটি লাইন। এই কাটিং অ্যাক্রস দি পারটি লাইন এটা যাতে হয়, এটা দেখবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী অশোককুমার দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৭-৯৮ সালের বাজেটের বিরোধিতা করে আমাদের আনা কাট মোশনের সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। ৫ জন মন্ত্রী এই বাজেটের ব্যাপারে অনেক কিছুই সুন্দরভাবে বলে গেছেন। আমি জানি না তারা কিছু কাজ করতে পেরেছেন কি পারেননি। এই বাজেটে যেগুলি উল্লেখ তারা করেছেন,

সেগুলি আদৌ হবে কিনা সন্দেহ আছে। সত্যবাবু আছেন, আশা করি উনি সত্য কথা বলবেন এবং বাকি যারা আছেন, তারাও সত্য কথা বলবেন। বামফ্রন্ট সরকারের আমলে এই রাজ্যের শিক্ষাক্ষেত্রে যে একেবারে দেউলিয়া হয়ে গেছে, তার প্রমাণ নিশ্চয় পেয়েছেন। এখানে দেখা যাচ্ছে যে, শিক্ষাক্ষেত্রে বিভিন্নভাবে পিছিয়ে আছে। আগে ক্যালকাটা ইউনিভার্সিটির নাম শুনলে অনেকে আদর যত্ন করতেন। এখন ক্যালকাটা বিশ্ববিদ্যালয়ের নাম অনেক নেমে গেছে। এই ২০ বছরে এর নাম অনেক নেমে গেছে। আমি সরকারের কাছে অনুরোধ করব যে, নিশ্চয় আপনারা এই মান ফিরিয়ে আনার জন্য সহযোগিতা করবেন এবং আমরাও সহযোগিতা করতে পিছপা হব না। এখানে দেখা যাচ্ছে যে, কিছু অধ্যাপক এবং শিক্ষক নিয়োগের জন্য নতুন একটা টেকনিক শুরু হয়েছে। নিজেদের ক্যাডার—তাদের জায়গায় বসিয়ে দেওয়া হয়। কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কিছু কিছু কলেজে অধ্যাপকদের নিয়োগ করা হচ্ছে, যারা আদৌ সেই জ্ঞানের অধিকারী নয়। আমার জেলা থেকে শুরু করে বিভিন্ন জেলায় নতুন করে চিঠি পাঠানো হচ্ছে যে, কিছু শিক্ষক নিয়োগ করা হবে বলে এবং যে শিক্ষকের নাম যাচ্ছে, তারা দীর্ঘ ১০-১৫ বছর ধরে শিক্ষা ব্যবস্থার সাথে আদৌ জড়িত আছেন কি না সন্দেহ আছে। তাদের ক্যাডারে নাম ছাড়া অন্য কোথাও নেই। কয়েকদিন আগে ইন্ডিয়া টুডেতে একটা সমীক্ষা বেরিয়েছে যে, বর্তমানে প্রেসিডেন্সি কলেজের স্থান ৬ এবং দিল্লির স্টিফেন কলেজের স্থান প্রথম। কাজেই বুঝতে পারছেন যে, রাজনীতি করতে গিয়ে পশ্চিমবঙ্গে শিক্ষার স্থান কোথায় গিয়ে দাঁড়িয়েছে? কিছু দিন আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ে এমন একজন ট্রেড ইউনিয়ন নেতাকে বসানো হয়েছিল—রমেন পোদ্দারকে—তিনি মদের দোকানে বসতেন, তিনি ভাইস চ্যান্সেলর হয়েছিলেন। আমরা সত্যিকারের শিক্ষা চেয়েছি। যে কলেজে প্রিন্সিপ্যাল নেই, অনেক কলেজে শিক্ষক নেই, অনেক স্কুলে হেড মাস্টার নেই। অনেক স্কুলে ছাত্র আছে কিন্তু শিক্ষক নেই। এগুলি দেওয়া দরকার বলে মনে করি। আপনি বললেন যে, এক হাজার শিক্ষকের লিস্ট করেছেন। আমি চাই বিগত দিনে যাদের নাম প্যানেলে আছে, তারা চাকরি পেলেন না, অথচ এদের চাকরি দেবেন কিভাবে আমি বুঝতে পারছি না। এ. বি. টি. এ. হচ্ছে বামফ্রন্ট সরকারের দল এবং এদের গাইডেন্সে শিক্ষকরা চলেন। এখানে কারিগরি মন্ত্রী আছেন। আজকে ছাত্রছাত্রীরা জেনারেল লাইন ছেড়ে টেকনিক্যাল লাইনে যেতে চাইছেন। কিন্তু দেখা যাচ্ছে কারিগরির অবস্থাও পিছিয়ে আছে। অন্য রাজ্যের তুলনায় এখানে পারসেন্টেজ কমে যচ্ছে। আজকে পশ্চিমবাংলার অবস্থা কোথায় গেছে? এইসব দেখে আমরা চুপচাপ বসে থাকব এটা আপনারা ভাবছেন কি করে?

যারা অভিভাবক তারাও চিন্তিত। তারাও চেষ্টা করছেন যাতে শিক্ষার মান ভাল হয়। যারা বলেছিলেন ইংরেজির দরকার নেই, তারাও এখন বুঝতে পেরেছেন ইংরেজি ছাড়া উপায় নেই। পশ্চিমবঙ্গের সি. পি. এমের কিছু মন্ত্রীর ছেলে-মেয়েরা ইংরেজি মিডিয়ামে পড়াশোনা করছে। সুতরাং ইংরেজি শিক্ষার দরকার আছে বলে আমি মনে করি। প্রাথমিক বিদ্যালয় অর্থাৎ ক্লাস-ওয়ান থেকে ইংরেজি চালু করার দরকার বলে আমি মনে করি। আপনারা ক্লাস-ফাইভ পর্যন্ত পাশ-ফেল প্রথা তুলে দিয়েছিলেন। আমি অনুরোধ করছি পরীক্ষার মাধ্যমে পাশ-ফেল প্রথা চালু রাখা হোক। শিক্ষকদের যত তাড়াতাড়ি সম্ভব পেনশন দেওয়ার ব্যবস্থা করা হোক। ৫০ হাজার শিক্ষক আছেন যারা দিন-আনে দিন খান, তাদের মধ্যে অনেকে

মারাও গেছেন। তাদের যত দ্রুত সম্ভব পেনশন দেওয়ার ব্যবস্থা করা হোক। কলেজে ভাষা শিক্ষা আবশ্যিক করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমরা সরকারকে অনুরোধ করছি যে, শিল্পায়নের স্বার্থে ইংরেজি মাধ্যম স্কুলের আরও অনুমোদন দেওয়ার দরকার আছে। প্রেসিডেন্সি কলেজ এবং সেন্ট জেভিয়ার্স কলেজকে আরও অটোনমি দেওয়ার দরকার আছে বলে আমি মনে করি। আমরা অনুরোধ করছি শিল্পায়ণের স্বার্থে এই রাজ্যের প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজগুলোকে চালু করার জন্য আপনারা অনুমতি দিন। কারণ এখানে অনেক ছেলে পড়াশোনা করতে পারছে না। তারা পড়াশোনার জন্য মহারাষ্ট্র, কর্ণাটকে চলে যাচ্ছে। সেখানে তারা ডোনেশন দিয়ে পড়াশোনা করছে। পড়াশোনার জন্য যাতে অন্য রাজ্যে যেতে না হয় তার জন্য রাজ্য সরকারকে ভাবতে হবে। নতুবা আগামী দিনে আমাদের রাজ্যের অবস্থা আরও খারাপ হয়ে যাবে। শিক্ষকরা অস্বীকার করতে পারবেন না যে এই রাজ্যে শিক্ষার মান কমে গেছে। কাজের জন্য শিক্ষকদের ডি. আই. অফিসে গিয়ে লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয়। আমি এ ব্যাপারে ভারপ্রাপ্ত মন্ত্রীকে অনুরোধ করব যাতে শিক্ষকদের ডি. আই. অফিসে গিয়ে কোনওরকম হয়রানি হতে না হয় সেটা দেখবেন। কিছু দিন আগে মন্ত্রী বলেছিলেন, অ্যাড-হক ভিত্তিতে শিক্ষকদের পেনশন দেওয়া হবে। কেন শিক্ষকদের অ্যাড-হক ভিত্তিতে পেনশন দেবেন? কারণ যাদের পেনশন আটকে আছে তাদের তো আপনি ইন্টারেস্ট দিচ্ছেন না। সুতরাং অ্যাড-হক ভিত্তিতে শিক্ষকদের পেনশন না দিয়ে তাদের পুরো টাকাটা দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আপনারা বলেছিলেন স্কুলের ব্যাপারে পেনশন তাড়াতাড়ি দেওয়ার ব্যবস্থা করা হবে। কিন্তু কলেজের ক্ষেত্রে সেটা হবে না কেন? বঙ্গবাসী কলেজের প্রাক্তন অধ্যক্ষ প্রশান্তকুমার বসু মহাশয় তার পেনশন পাননি তিনি মারা গেছেন। তিনি দীর্ঘদিন ধরে টিচার ছিলেন, তার ছেলে-মেয়েরা খেতে পারছেন না। আজকে টিচারদের মাইনে বেড়েছে। কিন্তু ২০-২৫ বছর আগের কথা ভাবুন। তখন শিক্ষার যে পরিবেশ ছিল, এখন আর শিক্ষা ক্ষেত্রে সেই পরিবেশ নেই এবং আগামী দিনে এখানে শিক্ষার মান আরও কমবে বলে আমি মনে করি। প্রতিযোগিতামুলক পরীক্ষাগুলোতে বিগত ১০ বছর ধরে পশ্চিমবঙ্গ ভাল রেজাল্ট করতে পারছে না ইংরেজির জন্য। এটা সরকারকে দেখতে হবে। খেলাধূলার ক্ষেত্রে অন্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ পিছিয়ে পড়ছে। এদিকটাও সরকারের দেখা উচিত বলে আমি মনে করি। বিশ্বব্যাঙ্কের টাকায় কারিগরি শিক্ষার জন্য আপনারা যন্ত্রপাতি কিনেছিলেন, কিন্তু সেই যন্ত্রপাতিগুলো ইউজ হচ্ছে না।

আপনারা বলতে পারেননি কোথায় এগিয়ে গেছেন, কোথায় ভাল কাজ হয়েছে। আজকে টেকনিক্যাল শিক্ষার যথেষ্ট প্রয়োজন থাকলেও কলেজ যথেষ্ট না থাকায় এবং আসন সংখ্যা কমে যাওয়ায় ছাত্ররা পড়তে পারছে না। বজবজেও অনেক ছেলে অনার্স পাচ্ছে না, পড়তে পারছে না। শিক্ষা বাড়ছে, ছাত্রসংখ্যা বাড়ছে, অথচ স্কুল-কলেজ বাড়াবার চেষ্টা হচ্ছে না। বলছেন, এক হাজার স্কুল অনুমোদন পাবে। কারা পাবে? এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী সুধীর ভট্টাচার্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পবিত্র বিধানসভায় পাঁচ-পাঁচজন

মন্ত্রী যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের বিরোধিতা করে এবং আমাদের পার্টির আনীত কাট মোশনকে সমর্থন করে আমি গুটিকয়েক কথা বলতে চাই।

শিক্ষা প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে মনে পড়ছে, এখানে শিক্ষামন্ত্রীর পদ বেড়েছে, কিন্তু শিক্ষাকেন্দ্র বাড়েনি, শিক্ষার মান উন্নত হয়নি। আজকে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, শিক্ষক নিয়োগ, শিক্ষাকর্মী নিয়োগের যে কেলেঙ্কারি তা পশ্চিমবাংলার মানকে ভূলুণ্ঠিত করেছে। শিক্ষাকেন্দ্রগুলি সি. পি. এম.-এর ক্যাডার বাহিনীর নৈরাজ্যে রাজনীতির আখড়ায় পরিণত হয়েছে। অন্য ক্ষেত্রে না গিয়ে শুধু প্রাথমিক শিক্ষার কয়েকটি দৃষ্টান্ত দিয়ে আমি বামফ্রন্ট সরকারের ভ্রান্ত শিক্ষানীতি প্রমাণ করব। আজকে বামফ্রন্টের ভ্রান্ত শিক্ষানীতির ফলে প্রাথমিক স্কুলের অনুমোদন না দিয়ে সরকারি বকলমে সি. পি. এম. শিক্ষাকে রাজনৈতিক কোন্দল হিসাবে আদালতে নিয়ে এসেছে। আদালতের রায় মানছে না। সরকারি অর্থের অপচয় করা হচ্ছে। ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় স্কুলবিহীন গ্রামের সংখ্যা ছিল দু হাজার দুশো, আর গ্রামের সংখ্যা ছিল ৩৮ হাজার। কান্তিবাবুর বইতে দেখছি আছে ৫ হাজার প্রাথমিক বিদ্যালয় হয়েছে। প্রশ্ন হ'ল, সেই স্কুলগুলো হল কোথায়? এইগুলোর দাবী কোনও সত্যতা আছে, না নতুন স্কুলের নাম করে সরকারি পয়সায় কিছু ক্যাডার পোষা হয়েছে? বাজেট বইতে দেখছি, ১ হাজার প্রাথমিক বিদ্যালয় তৈরির কথা ঘোষণা করা হয়েছে। আমি প্রশ্ন করব, সংগঠিত স্কুলগুলো কি আপনার তালিকায় স্থান পাবে? আমি বলব মাননীয় মন্ত্রীকে, যে স্কুলগুলো হবে, সেইগুলো স্কুলবিহীন গ্রামগুলিতে দিতে হবে এবং কোন কোন গ্রামে হবে, সেই বিষয়ে শিক্ষামন্ত্রীকে বক্তব্য রাখতে হবে। যে স্কুলগুলো চলছে, সেখানে শিক্ষক নিয়োগের কোনও কথা আপনার বাজেট বইতে উল্লেখ নেই। অনেক স্কুল শিক্ষকের অভাবে বন্ধ হয়ে গেছে। আমার ফলতা বিধানসভা কেন্দ্রে মাগনা প্রাথমিক বিদ্যালয় এবং নাওদা প্রাথমিক বিদ্যালয়, যেখানে তিন-চারশ ছেলে আছে, সেখানে কোনও শিক্ষক নেই।

আজকে পশ্চিমবাংলায় আপনারা বড়বড় কথা বলছেন, চেঁচামেচি করছেন, অধ্যাপক যশপাল সিং কমিটির রিপোর্ট অনুযায়ী লটারি সিস্টেম করেছেন। কিন্তু ৪০ জন ছাত্র পিছু একজন শিক্ষক নিয়োগের এই নীতিকে আপনারা বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছেন। আজকে প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষাবর্ষের শুরুতে বই যায় না, এমনকি শিক্ষাবর্ষ শেষ হয়ে গেলেও বই যায় না। শিক্ষা ভিক্ষা নয়, অর্জিত অধিকার এই সব দেওয়ালে লিখছেন, অথচ এই বামফ্রন্ট সরকার শিক্ষা প্রসারে উদ্যোগ নিতে ব্যর্থ হচ্ছে, আপনাদের লজ্জা করা উচিত। আপনারা শিক্ষার কথা বেতার ও দূরদর্শনে প্রচার করছেন। বামফ্রন্ট সরকারের আমলে অবৈতনিক শিক্ষা নীতির প্রচলন করেছেন, কিন্তু তার সাথে গেম ফি, লাইব্রেরি ফি, কশন ফি, সেশন ফি, ইত্যাদি ফি চালু করে ছাত্রদের উপর একটা বিরাট বোঝা চাপিয়েছেন। প্রতি বছর ছাত্র ভর্তি হচ্ছে আর প্রতি বছরই তাদের অর্থ দন্ড দিতে হচ্ছে। শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করছেন। শিক্ষাকে গণমুখী না করে কুক্ষিগত করার অপচেষ্টার জন্য আমি এর বিরোধিতা করছি। কিছু কিছু স্কুলে বই পাল্টানো হয় এবং এর জন্য ছাত্রদেরও অর্থদন্ড দিতে হয়। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আজকে ৩০ হাজারের মতো শিক্ষক কোর্টের রায় সাপেক্ষে তারা স্কুলে শিক্ষকতা করছেন, কিন্তু ৬০ উর্ধ্বে এই শিক্ষকরা মাহিনা পাচ্ছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জবাব দিন কেন এই শিক্ষকরা মাহিনা পাচ্ছেন না। বলি

শিক্ষকরা বেকার, না দাস? আপনাদের কথা শুনলে ঘৃণা হয়। দক্ষিণ ২৪ পরগনায় আজকে ৪ বছরে শিক্ষকরা মাহিনা পাচ্ছেন না। আদালত ২৯. ৩. ৯৭ তারিখে যে রায় দিয়েছে, তাতে এটা ৩০ জুনের মধ্যে হওয়ার কথা। আমাদের ফলতায় পলিটেকনিক কলেজ এটা দীর্ঘ দিনের দাবি। আপনারা জানেন ৮০ দশক থেকে ফলতা বাণিজ্যকেন্দ্র লিস্টে স্থান পেয়েছে, অথচ সেখানে পলিটেকনিক কলেজ আজও হল না। কিন্তু আজকে এই রাজনৈতিক নেতাদের মুখে শিক্ষার বড়বড় কথা আমরা শুনি, কিন্তু এটা আমাদের দীর্ঘ দিনের দাবি। জ্যোতি বসু সেই দাবি মেনে নিয়েছেন, আজ হয়ত তিনি বিস্মৃত হতে পারেন। আমার এলাকায় গোবিন্দপুরে স্কুলটি স্কুলবাড়ি সমেত পাট্টা দেওয়া হয়েছে। সেখানে স্কুলবাড়ি আজ বেগুনবাড়িতে পরিণত হয়েছে। এই বিলের বিরোধিতা করে এবং আমার পার্টির আনীত কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, ৫ জন মন্ত্রী আনীত শিক্ষা সম্বন্ধে যে ব্যয় বরাদ্দ তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। স্যার, আমাদের বাজেট বিবৃতির প্রতি ছত্রই প্রমাণ করে আমাদের এই দপ্তরের কাজের সফলতা। আমি সেই প্রসঙ্গে না গিয়ে শুধু এটুকু বলতে চাই পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে যে নুতন জোয়ার-এর সৃষ্টি হয়েছে, তাকে বাস্তবায়িত করার জন্য যে বিপুল অর্থের প্রয়োজন সেই অর্থের সংস্থান আমরা করতে পারিনি, আমাদের সীমাবদ্ধতাই তার কারণ।

আমাদের সীমাবদ্ধতা আছে। তার কারণ আমাদের দেশের কেন্দ্রীয় সরকার, যাদের জন-শিক্ষার দায়িত্ব পালন করার কথা ছিল, তারা যদি তাদের সেই দায়িত্ব পালন করতে পারতেন তাহলে আজকে আমাদের এই কঠিন সমস্যার সম্মুখীন হতে হ'ত না। তাই আমি এই মন্ত্রিসভার কাছে বিবেচনার জন্য আমার কয়েকটি কথা রাখছি। আমাদের পশ্চিমবাংলায় এগ্রেরিয়ান সেক্টরে একটা নতুন সম্ভাবনার সৃষ্টি হয়েছে। ভোগ্যপণ্যের চাহিদা বৃদ্ধি পেয়েছে, মানুষের জীবন যাত্রার মানের অনেকাংশেই উন্নতি হয়েছে। এটাকে যদি আমরা ব্যবহার করতে পারি তাহলে শিক্ষার প্রতি সমাজের যে একটা দায়-বদ্ধতা আছে তা অনেকাংশেই আমরা পূরণ করতে পারব। স্যার, এই প্রসঙ্গে আমি কয়েকটা কথা বলতে চাই। আমাদের মূল শিক্ষা ব্যবস্থার এক পাশে আছে আমাদের শিশু শিক্ষার্থীরা এবং অপর পাশে আছেন শিক্ষক মহাশয়রা। এ কথা অনস্বীকার্য যে, শিক্ষক ব্যতিরেকে সামগ্রিকভাবে শিক্ষার তথা শিক্ষা ব্যবস্থার উন্নতি সাধন হতে পারে না। একজন জাতীয় পুরস্কার প্রাপ্ত শিক্ষক, শ্রী সতীশচন্দ্র দাস একদিন তার জাতীয় পুরস্কারের সার্টিফিকেটটা আমাকে দিয়ে বললেন, 'এটা আপনি আপনাদের মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে নিয়ে যান। কি হবে পুরস্কার দিয়ে, ৬০ বছর শিক্ষকতা করার পরেও ১১ মাস বেতন পাচ্ছি না। অথচ আমরা জানি বিগত ১৩. ৩. ৯৭ তারিখ হাইকোর্ট অর্ডার দিয়েছে—৩০শে এপ্রিল পর্যন্ত তাদের অপশন দেওয়ার সুযোগ দেওয়া হোক এবং তাদের পুরোনো স্কেলেই বেতন দেওয়া হোক। কিন্তু তিনি বেতন পাননি, ১১ মাস ধরে তার বেতন বন্ধ করে দেওয়া হয়েছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, এই বিষয়টা তিনি একটু ভেবে দেখুন। আমরা জানি এই সমস্ত শিক্ষকরা আমাদের সকলের পরিবারের সন্তান সন্ততিদের জ্ঞানার্জন শলাকা দিয়ে চক্ষু উন্মীলিত করছেন। তারা যদি বেতন না পান, তাদের অসহায় মুখের দিকে যদি আমরা সঠিক দৃষ্টিপাত না করি তাহলে তাদের

এবং সর্ব স্তরের সাধারণ মানুষের বামফ্রন্ট সরকারের প্রতি সমর্থন অব্যাহত থাকবে কি করে? সুতরাং বৃদ্ধ শিক্ষকদের প্রতি সঠিক দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি। আমাদের রাজ্যে শিক্ষক নিয়োগ করার জন্য সার্ভিস কমিশন গঠন করা হচ্ছে। নিশ্চয়ই এটা সমর্থন যোগ্য। কিন্তু এই সার্ভিস কমিশন গঠিত হওয়ার আগে বিভিন্ন স্কুল পরিচালক কমিটি শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে লক্ষ লক্ষ টাকার কারচুপি করেছে। সে ক্ষেত্রে শিক্ষা দপ্তর স্লিপিং অ্যাডমিনিস্ট্রেশনের ভূমিকা পালন করেছে। আগামী দিনে সার্ভিস কমিশনের ক্ষেত্রেও যে অনুরূপ কারচুপির ঘটনা ঘটবে না তার গ্যারান্টি কোথায়? সুতরাং ভবিষ্যতেও সার্ভিস কমিশনের ক্ষেত্রেও তা যাতে না ঘটে তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এখন থেকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করছি। আমি পেশায় শিক্ষক, আমি দেখছি প্রতি বছর লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী স্কুল কলেজ থেকে বেরুচ্ছে, কিন্তু তাদের চোখে মুখে হতাশার ছাপ। ওরা ভবিষ্যতের পথ খুঁজে পাচ্ছে না। ফলে আগামী দিনে হয়ত দেখব ওরা সমাজ-বিরোধীদের খাতায় নাম লিখিয়েছে। এর জন্য আমি আতঙ্কিত। আমি চাই, উচ্চ মাধ্যমিক সংসদ এমন একটা সিলেবাস রচনা করুন, যা হবে জীবনমুখী। বর্তমানে যে সিলেবাস চালু আছে তার সঙ্গে জীবনের কোনও সম্পর্ক নেই। এই সিলেবাস পড়ে পাশ করার পরে ছাত্ররা ভবিষ্যত জীবনে কর্ম সংস্থানের কোনও খোঁজ পায় না। আমি তাই অনুরোধ করব, এমন সিলেবাস তৈরি করা হোক, সেই সিলেবাস পড়ে ছেলেরা চাকরি না পাক, সেই সিলেবাসকে হাতিয়ার করে রুটি রুজির অন্তত ব্যবস্থা যেন করতে পারে। এই বিষয়টা একটু গভীরভাবে চিন্তা ভাবনা করে দেখতে আমি অনুরোধ করছি। আজকে আমরা লক্ষ্য করছি শিক্ষা ক্ষেত্রে দ্বৈত অ্যাডমিনিস্ট্রেশন চালু হতে চলেছে। শিক্ষা ক্ষেত্রে রাজ্যের শিক্ষা দপ্তরের অ্যাডমিনিস্ট্রেশন একদিকে যেমন শিক্ষক নিয়োগ করছে, তেমন অপর দিকে পঞ্চায়েত দায়-বদ্ধতার ভিত্তিতে শিক্ষক নিয়োগ করতে চলেছে। এই দ্বৈত অ্যাডমিনিস্ট্রেশন কিভাবে তাদের ঠিক ঠিক ভূমিকা পালন করবে তা আমি ঠিক বুঝতে পারছি না। এ বিষয়ে আমি আগাম ভেবে আতঙ্কিত। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি, তিনি এ বিষয়ে সরকারের প্রকৃত দৃষ্টিভঙ্গি সবিস্তারে আমাদের কাছে জানান। আমি মনে করি তিনি যদি তা জানান তাহলে মাননীয় সদস্যরা খুশি হবেন। আমরা জানি বহু শিক্ষক পেনশন পাচ্ছেন না। আমাকে কিছু কিছু শিক্ষক বলেন, 'পেনশন তো পাচ্ছি না, আমার প্রভিডেন্ট ফান্ড'ও পাচ্ছি না, ওটা হয়ত পরলোকে গিয়ে পাব। ওটা পরলোকের ফান্ড।' কেউ কেউ বলেন, 'পেনশন, গ্র্যাচুইটি ওপরে গিয়ে পাব।' আমি জানি আমাদের অনেক বৃদ্ধ শিক্ষক আছেন, তারা পেনশন ইত্যাদি না পেয়ে খুবই কষ্টের মধ্যে দিয়ে জীবন কাটাচ্ছেন। স্টেট ব্যাঙ্কের মাধ্যমে শিক্ষকদের পেনশন দেওয়া হয়। আমি জানি এমন কিছু এলাকা আছে যেখানে স্টেট ব্যাঙ্কের কোনও শাখা নেই। ফলে বৃদ্ধ শিক্ষকদের পেনশন পেতে খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। সুতরাং যেখানে স্টেট ব্যাঙ্ক নেই, অন্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের শাখা আছে সেখানে সেই সব শাখা থেকে পেনশন দেবার ব্যবস্থা করা হোক। সেই সব শাখার থেকে যদি শিক্ষক মহাশয়রা ৬ মাসের মধ্যে পেনশন পেয়ে যান তাহলে প্রবীণ শিক্ষকরা বেঁচে থাকার প্রেরণা পান। সুতরাং এটুকু ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। পাঠ্য পুস্তক বিতরণে সরকার যে দায়িত্ব গ্রহণ করেছেন তা প্রশংসার যোগ্য। নিশ্চয়ই ভাল পদক্ষেপ। কিন্তু আমি আজকে দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, সরকারি পাঠ্য পুস্তক কালোবাজরে বিক্রি হচ্ছে।

গ্রামের ছেলেরা তা পাচ্ছে না। আমার কেন্দ্রের মধ্যে পাঁশকুড়া এক নম্বর ব্লকে দ্বিতীয় শ্রেণী 'সহজপাঠ' ৭,৮৭৭-টি দরকার, একটাও সেখানে ছাত্ররা পায় না। তৃতীয় শ্রেণীর 'প্রকৃতি বিজ্ঞান' ৭,১১৪টি দরকার, একটাও কেউ পায় না। পঞ্চম শ্রেণী 'কিশলয়' ৬,৬৭৪টি দরকার, একটাও পায় না। পঞ্চম শ্রেণীর ভূগোল ৬,৬৭৪টি দরকার, একটাও পায় না। অন্যান্য ক্ষেত্রেও যা প্রয়োজন তা পায় না। অথচ আমরা দেখছি ঐ সব বই কালোবাজারে পাওয়া যাচ্ছে, পাঁশকুড়া বাজারে পাওয়া যাচ্ছে।

স্যার, এটাকে কি সত্যি-সত্যিই জনপ্রিয় কর্মসূচি হিসাবে ঘোষণা করা যায়? আজকে একে বাস্তবায়িত করার ক্ষেত্রে সরকারের যদি দৃঢ় ভূমিকা না থাকে তাহলে এর সমস্ত ফসল সাধারণ মানুষ পায় না। সেইজন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাব, এই বিষয়গুলি খুঁটিয়ে দেখুন। আজকে দুর্ভাগ্য হলেও সত্য, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যাচ্ছে। আমাদের সরকারের সাফল্যকে এক শ্রেণীর আমলারা সহ্য করতে পারছে না। দিনের পর দিন ক্ষমতায় দেখে তাদের কাছে বামফ্রন্ট সরকার চক্ষুশূল হয়ে যাচ্ছে। সেইজন্য তারা পরিকল্পিতভাবে বামফ্রন্ট সরকারে গৃহীত পদক্ষেপগুলি বাঞ্চাল করতে চাইছে এবং তারই ফলশ্রুতি হিসাবে তারা ষড়যন্ত্র করে প্রশ্নপত্র ফাঁস করেছে। তারা এই জাতীয় ব্যবস্থা নেবেই এবং এটাই স্বাভাবিক। একটা জনপ্রিয় সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করার প্রচেষ্টা তাদের থাকবেই—এটাকে অস্বীকার করার কারণ নেই। কিন্তু তাই বলে কি আমাদের যে দায়িত্ব সেই দায়িত্বকে আমরা অস্বীকার করতে পারি না। তাই আমি আবেদন জানাব, আগামী দিনে এই বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণ করা দরকার। আমি সর্বশেষে আর একটি আবেদন জানাতে চাই, আজকে পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে মানুষের আগ্রহ দিনের পর দিন বাড়ছে। কিন্তু সেই অনুযায়ী সাজসরঞ্জাম, পরিকাঠামো তৈরি করতে পারছি না। একটা নিয়ম চালু আছে যারা তফসিলি জাতি আছে তাদের পরিবারে ১৮ হাজার টাকার বেশি (বছরে) রোজগার যদি হয় তাহলে তারা সব সুযোগ-সুবিধাগুলি পায় না বলে আমি শুনেছি। উচ্চ মাধ্যমিক স্তরে অবস্থাপন্ন বাড়ির ছেলেরা যারা পড়াশুনা করে সেই অবস্থাপন্ন বাড়ির লোকেদের শিক্ষার প্রতি একটা দায়-বদ্ধতা আছে। সুতরাং তাদের কাছ থেকে কিছু টাকা আদায় করতে পারি কিনা এই বিষয়টি ভেবে দেখার দরকার আছে। পরিশেষে মাননীয় মন্ত্রীদ্বয় যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন সেই ব্যয়-বরাদ্দের মধ্য দিয়ে নতুন দৃষ্টিভঙ্গির প্রতিফলিত হয়েছে বলে সমর্থন জানিয়ে এবং আমি যে গঠনমূলক দৃষ্টিভঙ্গি রাখলাম তাকে সেইভাবে বিবেচনা করবেন এই আবেদন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট-মোশনকে অস্বীকার করে, বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে শিক্ষাখাতে যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করা হয়েছে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে, আমি তার বিরোধিতা করি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট-মোশন রাখা হয়েছে সেই কাট-মোশনের উপর সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় চেয়ারম্যান স্যার, প্রথমত, এই রাজ্যে বা রাজত্বে শিক্ষার হাল কোনও জায়গায় এসে দাঁড়িয়েছে সূচনায় সেটা বোঝা যাবে। পঞ্চম শ্রেণীতে ভর্তির সমস্যা পশ্চিমবাংলায় একটা নজিরবিহীন ঘটনা। অতীতে যা কখনও ঘটেনি আজকে

পশ্চিমবাংলায় সেই ঘটনা ঘটছে, এটা হচ্ছে তারই চিত্র। এটাকে কেউ অস্বীকার করতে পারবেন না। বামফ্রন্ট সরকার তাদের ঘোষিত নীতি অনুযায়ী প্রাথমিক স্তরে অটোমেটিক প্রমোশন চালু করেছেন। এখন চতুর্থ শ্রেণীর পর পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলার প্রয়োজন আছে। কিন্তু এই সরকারের সেইদিকে কোনও নজর নেই এবং তারই অবশ্যম্ভাবী পরিণতি বিভিন্ন প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীরা ভিড় করছে মাধ্যমিক স্কুলে, অথচ সেখানে আসন সংখ্যা সীমিত। এরফলে অভিভাবকরা নাজেহাল হচ্ছে। সেই সীমিত আসন সংখ্যার সুযোগ নিয়ে অভিভাবকদের কাছ থেকে ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য একটা অস্বাভাবিক হারে অর্থ দাবি করা হচ্ছে—এইরকম একটা পরিস্থিতি সৃষ্টি হয়েছে এবং এই পরিস্থিতি আজকে এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে যে, একটা বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা এত বেশি যে তাদের বসবার জন্য জায়গা দেওয়া যাচ্ছে না। এটা অবিশ্বাস্য হলেও বাস্তব, অলটারনেটিভ ওয়েতে ক্লাস চালাতে হচ্ছে। একই দিনে সমস্ত ছাত্র-ছাত্রীরা আসতে পারছে না যেহেতু স্থান সংকুলান হচ্ছে না।

[4-40 — 4-50 p.m.]

সপ্তাহে তিন দিন এই গ্রুপ আসবে, সপ্তাহে তিন দিন ঐ গ্রুপ আসবে—এই রকম ঘটনা ঘটছে। এই ঘটনা কিন্তু অতীতে পশ্চিমবঙ্গে কখনও দেখা যায়নি। সেখানে ছাত্র-ছাত্রীদের প্রচন্ড চাপ রয়েছে। যদিও ক্লাস ফোর পর্যন্ত পরীক্ষার ব্যবস্থা নেই কিন্তু ক্লাস ফাইভের অ্যাডমিশন টেস্ট সর্বত্র শুরু হয়ে গিয়েছে। যাতে ছাত্রছাত্রীরা বিভিন্ন স্কুলে চান্স নিতে না পারে সেইজন্য দেখা যাচ্ছে পাশাপাশি স্কুলগুলিতে একই দিনে অ্যাডমিশন টেস্ট নেওয়ার দিন ধার্য করা হচ্ছে ফলে একটা অস্বাভাবিক পরিস্থিতির সেখানে সৃষ্টি হচ্ছে। কার্যত এখানে বামফ্রন্ট সরকারের আমলে ৪র্থ শ্রেণীর পর ৫ম শ্রেণী থেকে শিক্ষা সংকোচন শুরু হয়ে গিয়েছে। পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থার প্রকৃত চিত্র হচ্ছে এটাই। স্যার, অতীতের কেন্দ্রীয় সরকারের যারা সমালোচনা করতেন আজকে দেখছি তাদেরই পদাঙ্ক অনুসরণ করে বামফ্রন্ট সরকার শিক্ষা ক্ষেত্রকে বেসরকারিকরণ করার দিকে নিয়ে যাচ্ছেন। কলেজ, বিশ্ববিদ্যালয়, স্কুল সর্বস্তরেই দেখা যাচ্ছে ফি বৃদ্ধি করা হচ্ছে, ডোনেশন নেওয়া হচ্ছে। অলরেডি তো উচ্চ শিক্ষা সংসদ সিদ্ধান্তই নিয়ে নিয়েছেন যে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ফি বাড়ানো হবে। কত ফি বাড়ানো হবে সরকারিভাবে তার চূড়ান্ত সিদ্ধান্ত না হলেও বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলি বিভিন্ন খাতে ফি বাড়াচ্ছে তার ফলে ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের উপর মারাত্মক একটা অর্থনৈতিক চাপ এসে পড়ছে। এটা শুধু কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেই নয়, এই ফি বৃদ্ধির আক্রমণ বা আঘাত আজ মারাত্মকভাবে স্কুল পর্যায়েও নেমে এসেছে এবং সেখানে ডোনেশন নেওয়া হচ্ছে, অন্যান্য ফি নেওয়া হচ্ছে। কোথাও কোথাও তো অভিভাবকদের কাছ থেকে সিমেন্ট, ফ্যান এই সমস্ত জিনিসও দাবি করা হচ্ছে ছাত্রদের ভর্তি করার জন্য। এইসব অভিযোগ কিন্তু পাওয়া যাচ্ছে। স্যার, বামফ্রন্ট শিক্ষাকে অবৈতনিক করার কথা বলেছেন, '৮১ সালে শিক্ষা দপ্তর ঘোষণাও করেছেন যে শহরের ক্ষেত্রে ৭৫ টাকা এবং গ্রামাঞ্চলের ক্ষেত্রে ৬৩ টাকা-এর থেকে বেশি ফি নেওয়া যাবে না এবং স্কুল বিল্ডিং সারাতে গেলে

এখান থেকেই করতে হবে, তা না হলে জেলা পরিষদ থেকে করতে হবে কিন্তু কার্যত দেখা যাচ্ছে সেখানে কোনও অনুদান নেই এবং এই নির্দেশ থাকা সত্ত্বেও স্কুল কর্তৃপক্ষ তাদের ইচ্ছা মতোন ডোনেশন নিচ্ছে, ফি বাড়াচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা, এগুলি কি তার জানা নেই? যেখানে বলে দেওয়া হয়েছে ৭৫ এবং ৬৩ টাকার বেশি নেওয়া যাবে না সেখানে দেখা যাচ্ছে যে স্কুলগুলি তাদের ইচ্ছা মতোন ডোনেশন এবং ফিস নিচ্ছে—এটা কি আইনসঙ্গত? আশা করি এর জবাব মন্ত্রী মহাশয় দেবেন। স্যার, ওরা বলেন, সারা ভারতবর্ষে যেখানে শিক্ষা ক্ষেত্রে একটা নৈরাজ্য চলছে সেখানে নাকি বামফ্রন্ট সরকার শিক্ষা ক্ষেত্রে এখানে একটা আদর্শ দৃষ্টান্ত স্থাপন করেছেন। অদ্ভুত আদর্শ দৃষ্টান্ত। পশ্চিমবঙ্গে পরীক্ষায় নজিরবিহীন কেলেঙ্কারি ঘটনা ঘটছে, অতীতে যা কখনও হয়নি এবং যা ভারতবর্ষের অন্যান্য রাজ্যকেও ছাড়িয়ে চলেছে। উচ্চ শিক্ষা, মধ্য শিক্ষার প্রশ্নপত্র যেভাবে দিনের পর দিন ফাঁস হচ্ছে তাতে গোটা পরীক্ষা ব্যবস্থাটাই আজ এখানে একটা প্রহসনে পরিণত হয়েছে। ছাত্রছাত্রীদের পরীক্ষা ব্যবস্থার উপর আস্থা চলে যাচ্ছে। হাজার হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যত নষ্ট হচ্ছে। প্রতি বছরই দেখা যাচ্ছে যে মধ্য শিক্ষা, উচ্চ শিক্ষার প্রশ্নপত্র ফাঁস হচ্ছে। হৈ-চৈ বেশি হলে কখনও কখনও পরীক্ষা বাতিল হচ্ছে আবার হৈ-চৈ বেশি না হ'লে জেনেশুনেও চেপে যাওয়া হচ্ছে, পরীক্ষা বাতিল হচ্ছে না। কেন এরকম হচ্ছে? মধ্যশিক্ষা পর্ষদ, প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ, উচ্চ শিক্ষা সংসদে শাসক দলের নিয়ন্ত্রণ যত বাড়ছে ততই আমরা দেখছি প্রশ্নপত্র ফাঁস, দুর্নীতির ঘটনা ভয়াবহ আকার নিচ্ছে। ১৯৯৫ সালে ক্যাবিনেট একটা ডিসিসন নিয়েছিলেন।

তারা একটা ডিসিসন নিয়েছিল। অ্যাডমিনিস্ট্রেশান নানা গলতি ইত্যাদি চলছে, সেজন্য ক্যাবিনেটের সিদ্ধান্ত ছিল যে মধ্যশিক্ষা পর্ষদ, উচ্চ শিক্ষা সংসদ, প্রাথমিক শিক্ষা পর্ষদ, এই সমস্ত ক্ষেত্রে যে সচিব পদগুলি আছে সেই সচিবপদে জবরদস্ত অ্যাডমিনিস্ট্রেটর থাকা দরকার। সে জন্য ওখানে ডবলিউ. বি. সি. এস. একজিকিউটিভ অফিসার নিয়োগ করতে হবে। এই সিদ্ধান্ত ক্যাবিনেট নিয়েছিল ১৯৯৫ সালের ২৭শে সেপ্টেম্বর। এই সিদ্ধান্তের ভিত্তিতে সরকারি নোটিশ গেল শিক্ষা দপ্তরে যে মধ্যশিক্ষা পর্ষদে, উচ্চ-শিক্ষা দপ্তরে, প্রাথমিক শিক্ষা পর্ষদের সচিব পদে ডবলিউ. বি. সি. এস. একজিকিউটিভ অফিসার থেকে নিয়োগ করতে হবে। কিন্তু কেন এক অজ্ঞাত কারণে মন্ত্রিসভার সিদ্ধান্ত কার্যকর হল না। আসলে এই সিদ্ধান্ত কার্যকর করলে নিজেদের দলীয় স্বার্থ ক্ষুন্ন হবে। তাই আলিমুদ্দিন স্ট্রিট থেকে নির্দেশ গেল যে এটা করা যাবে না। এটা করলে দলীয় স্বার্থে এই সংস্থাগুলিকে পরিচালনা করা যাবে না। কাজেই সেটা কার্যকর করা হল না। ফলে চূড়ান্ত একটা নগ্নচিত্র ফুটে উঠল এগুলিকে দলীয় স্বার্থে পরিচালনা করার ক্ষেত্রে। মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে উচ্চ শিক্ষা মন্ত্রী আছেন। আমি তাকে এই কথা বলতে চাই যে, আজকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সর্বত্র দুর্নীতি চলছে। স্কুল সার্ভিস কমিশন, কলেজ সার্ভিস কমিশন এগুলিতে সমস্ত দলীয় ব্যক্তিদের বসিয়ে রেখে সংকীর্ণ দলীয় স্বার্থে এগুলি পরিচালনা করা হচ্ছে, বে-আইনি কার্যকলাপ করা হয়েছে। অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে কিভাবে দুর্নীতি করা হচ্ছে সেটা আপনার সামনে রাখছি। মেদিনীপুর কলেজের জনৈক সংস্কৃত অধ্যাপিকা প্রতিমা রায় তার অ্যাপয়েন্টমেন্ট হবে। কলেজ সার্ভিস

কমিশন সুপারিশ করেছেন তার অ্যাপয়েন্টমেন্ট হবে। কলেজ সার্ভিস কমিশন সুপারিশ করেছেন তার অ্যাপয়েন্টমেন্ট হবে। কিন্তু অদ্ভুত ব্যাপার হচ্ছে, কলেজ সার্ভিস কমিশন এই অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে যে অ্যাডভার্টাইজ করেছিল তাতে বলা হয়েছে যে, দি কলেজ—College teacher who are in service on or after 1. 1. 86 and are possessing the qualification mentioned at 1, 2, 4 may change college by way of fresh appointment through selection by the Commission up to a maximum age of 50 years on 3rd January, 1995. বলা হয়েছে যে থার্ড জানুয়ারি, ১৯৯৫ এর পরে যদি একটা কলেজ থেকে আর একটা কলেজে আসতে চায় তাহলে তার বয়স ৫০ বছরের বেশি হলে হবে না। কিন্তু এই সংস্কৃত অধ্যাপিকায় প্রতিমা রায় যখন অ্যাপ্লাই করেন তখন তার অলরেডি ৫৩ বছর হয়ে গেছে এবং অ্যাপয়েন্টমেন্টের সময়ে ৫৫ বছর হয়ে গেছে। নোইং ফুললি ওয়েল এই অ্যাডভার্টাইজমেন্ট থাকা সত্ত্বেও হাউ দি অ্যাপ্লিক্যান্ট, তিনি অ্যাপ্লাই করতে পারেন? আর কলেজ সার্ভিস কমিশন কি করে সুপারিশ করেন যখন তার ৫৫ বছর অতিক্রান্ত হয়ে গেছে যে তাকে অ্যাপয়েন্টমেন্ট দিতে হবে? আপনারা নিজেদের বিধিনিষেধ নিজেরাই ভঙ্গ করছেন। এই রকম অভিযোগ এসেছে যে, মেদিনীপুর কলেজের যিনি অধ্যক্ষ তার স্ত্রী হচ্ছেন ঐ প্রতিমা রায়। তিনি বর্ধমান কলেজে কাজ করছেন। তাকে ঐ কলেজে আনবার জন্য চেষ্টা করা হয়েছে। আরও অভিযোগ উঠেছে যে, স্বয়ং সত্যসাধন চক্রবর্তী ঐ অধ্যক্ষের খুব বন্ধু স্থানীয় লোক এবং তিনি নাকি কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যানকে বয়সের ব্যাপারটা দেখার জন্য বলেছেন। আজকে এই ধরনের দৃষ্টিভঙ্গি নিয়ে এগুলি পরিচালিত হচ্ছে। আজকে বিভিন্ন ক্ষেত্রে প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে চূড়ান্ত দুর্নীতি চলছে, টাকা-পয়সা নেওয়ার অভিযোগ আসছে। বামফ্রন্ট সরকার শিক্ষক নিয়োগ এবং স্কুল অনুমোদনের জন্য শিক্ষা পর্ষদের অনুমোদন-এর ক্ষেত্রে একটা চূড়ান্ত দুর্নীতির জায়গায় পৌঁছে গেছে। এক সময়ে সুপ্রিম কোর্ট পর্যন্ত মেদিনীপুর এবং মালদায় প্রাথমিক শিক্ষক নিয়োগের যে প্যানেল হয়েছিল সেটা বাতিল করে দিয়েছিলেন। এই ঘটনা সকলেই জানেন। ফলে আজকে চূড়ান্ত দুর্নীতি চলছে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে, এটা অস্বীকার নিশ্চয়ই করবেন না।

[4-50 -- 5-00 p.m.]

বামফ্রন্ট সরকার শিক্ষক-দরদি বলে প্রচার, কিন্তু একটি মস্ত বড় সমস্যা, যে সমস্যার কথা এখানে অনেকেই উল্লেখ করেছেন, অবসরপ্রাপ্ত ৫০,০০০ শিক্ষক অবসর গ্রহণের পর বছরের পর বছর তারা পেনশন পাচ্ছেন না। বছরের পর বছর ধরে আমরা এটা বলে আসছি, তবুও তারা পেনশন পাচ্ছেন না। এটা বাস্তব ঘটনা। এরফলে বহু শিক্ষক অনাহারে, অর্ধাহারে থেকে পেনশন না পেয়ে মারা গেছেন। আজকে এরকম পরিস্থিতি অর্ধলক্ষ শিক্ষকের। সেখানে পেনশন দেবার ক্ষেত্রেও চলছে চরম দলবাজি। আজকে সংবাদপত্রে প্রকাশিত, আপনি নিজে ২৯ জন শিক্ষকের পেনশনের জন্য—যেহেতু, তারা এ. বি. টি. এ.-র সদস্য পার্সনালি রেকমেন্ড করেছেন, পেনশন ডাইরেক্টরকে চিঠি দিয়ে বলেছেন—এরা অনিবার্য কারণে অবিলম্বে যেন পেনশন পান। ফলে ১৫ দিনের মধ্যে তাদের পেনশন দেবার ব্যবস্থা হয়েছে যেখানে অন্যান্য শিক্ষকদের বছরের পর বছর পেনশন দেওয়া হচ্ছে না। কাজেই ক্রম পর্যায়ে পেনশন

দেবার যে সিদ্ধান্ত সেটা ভঙ্গ করার অভিযোগ আপনার সম্পর্কে উঠেছে। সংবাদপত্রে যে সংবাদ প্রকাশিত হয়েছে সেটা যদি অসত্য হয়, খুশি হব। নিশ্চয়ই এ-সম্পর্কে সন্তোষজনক জবাব দেবেন। কিন্তু ঘটনাটা সত্য হলে এর চেয়ে দুর্ভাগ্যজনক ঘটনা আর কিছু হতে পারে না। শিক্ষক হিসাবে আপনি নিজেই যদি নিজ দপ্তরের নিয়ম না মেনে সেটা ভঙ্গ করেন তাহলে আগামী প্রজন্মের কাছে তার কি জবাব দেবেন? কারণ এক্ষেত্রে একটা নীতির প্রশ্ন রয়েছে। আজকে ষাটোর্দ্ধ প্রাথমিক শিক্ষকদের প্রতি চরম অবিচার হয়েছে এবং পেনশনের ক্ষেত্রে প্রাথমিক বা মাধ্যমিক শিক্ষকই নন, কলেজ শিক্ষকগণও বঞ্চিত হচ্ছেন, তারা পেনশন না পেয়ে মারা যাচ্ছেন। আজকে প্রাথমিক ষাটোর্দ্ধ শিক্ষকগণ বিগত ১৪ মাস ধরে, অর্থাৎ গত বছরের মে মাস থেকে মাইনে পাচ্ছেন না। উত্তর এবং দক্ষিণ ২৪-পরগনায় তাদের ৪ বছর ধরে বেতন দেওয়া হচ্ছে না। ষাটোর্দ্ধ শিক্ষক যারা তাদের বছরের পর বছর খাটিয়ে যাচ্ছেন, অথচ বেতন দিচ্ছেন না। তাহলে বলে দিন যে, সরকার তাদের বিনা বেতনেই খাটাবেন। তা না হলে বলে দিন যে, ৬০ বছরের পর কেউ চাকরি করতে পারবেন না।

মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গে শিক্ষার প্রাথমিক স্তরে ইংরেজি পঠন-পাঠন বন্ধ করা এবং পাশ-ফেল প্রথা বিলোপের ফলে শিক্ষার মান নেমে গেছে এবং তার ফলে শিক্ষায় পশ্চিমবঙ্গের স্থান যেখানে ছিল দ্বিতীয় স্থানে, সেখানে আমাদের স্থান নেমে গেছে ১৭-১৮তম স্থানে সর্বভারতীয় বিচারে। প্রাথমিক স্তরের এইসব সিদ্ধান্তের বিরুদ্ধে পশ্চিমবঙ্গের বিশিষ্ট শিক্ষাবিদগণ দীর্ঘদিন ধরে বারংবার প্রতিবাদ করেছেন। এর ফলে একটা প্যারালাল শিক্ষা-ব্যবস্থা চালু হয়ে গেছে কয়েক বছর ধরে এবং লক্ষ লক্ষ সি. পি. এম. দলের অভিভাবকগণও নিজেদের ছেলেমেয়েদের ঐ বেসরকারি বৃত্তি পরীক্ষায় বসাচ্ছেন। এর পাশাপাশি চলছে ইংলিশ মিডিয়াম স্কুলের ব্যবসা। কিন্তু কতজন অভিভাবক সেখানে পড়াতে পারবেন? সি. পি. এম. দলের অনেকেও এখন ইংলিশ মিডিয়াম স্কুল চালাচ্ছেন। অর্থাৎ রাজ্যে ইংলিশ মিডিয়ামের একটা প্যারালাল শিক্ষা-ব্যবস্থা গড়ে উঠেছে। প্রকারান্তরে আপনারা শিক্ষা বেসরকারি-করণের ব্যবস্থা করেছেন। এবং তারই জন্য বর্তমানে সরকারি অনুদানপ্রাপ্ত প্রাথমিক স্কুলগুলিতে কোনও ছাত্র-ছাত্রী নেই। তাই রাজ্য সরকারের এই জনস্বার্থ-বিরোধী শিক্ষানীতির প্রতিবাদ জানিয়ে এবং আমাদের দলের কাট মোশনকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

**শ্রী অজিত খাঁড়া ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় শিক্ষামন্ত্রীগণ ১৯৯৭-৯৮ সালের জন্য যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। আমি প্রথমে প্রাথমিক শিক্ষা সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রী বলেছেন যে পশ্চিমবাংলায় শিক্ষা প্রসারের জন্য নূতন স্কুল মঞ্জুর করতে চাই কিন্তু মামলা মোকর্দ্দমা থাকার জন্য স্কুলগুলি এত দিন মঞ্জুর করা যায়নি। তা এখন যাবে কিনা বলবেন। দু-একদিন আগে এই বিধানসভায় উনি বলেছিলেন যে কতগুলি গ্রামে স্কুল নেই তার পরিসংখ্যান আমার কাছে এসে পৌছায়নি। শিক্ষার অগ্রগতি শিক্ষার উন্নয়ন নিয়ে এতক্ষণ সরকার পক্ষের বন্ধুরা অনেক কথা বলেছেন। শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবাংলার সাফল্যের কথা, শিক্ষার প্রসারের

কথা বলেছেন। আর বলেছেন এই সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে থেকে আরও সাফল্য অর্জন করা যেত কিন্তু কেন্দ্রের কংগ্রেস সরকারের জন্য তা করা যায়নি-এই নিয়ে কংগ্রেসকে অনেক গালাগালি করলেন। কিন্তু বাস্তব কথা চিত্তরঞ্জন দাসঠাকুর মহাশয় বলেছেন। সরকার পক্ষের লোক বলে তার একটু বলতে কষ্ট হয়েছে কিন্তু বাস্তব কথা উনি তুলে ধরেছেন। আজকে হাই-কোর্ট করার জন্য নানা শিক্ষক সংগঠন মামলা করার জন্য শিক্ষকদের রিটায়ারমেন্ট বেনিফিট দেওয়া যাচ্ছে না এই সমস্ত কথা মন্ত্রী মহাশয় বলেছেন। কিছু দিন আগে গণশক্তি কাগজ এই কথা বলেছিল, শরিক দলের বন্ধুরা শিক্ষকদের ভুল বোঝাচ্ছে এবং মামলার দিকে ঠেলে নিয়ে যাচ্ছে, ফলে শিক্ষকদের নিদারুণ কষ্টের কথা মন্ত্রী মহাশয় বলেছেন। উনি বলেছেন এই সমস্ত কারণে শিক্ষকদের বেতন দেওয়া যাচ্ছে না, শিক্ষকদের পেনশন দেওয়া যাচ্ছে না গ্র্যাচুইটি দেওয়া যাচ্ছে না। চিত্তদাস ঠাকুর পরোলৌকিক পেনশনের কথা বলেছেন। আজকে আনন্দবাজার পত্রিকায় দেখলাম মন্ত্রী মহাশয় ২৯ জনকে পেনশন পাইয়ে দিয়েছেন সমস্ত রকম নিয়ম বিধি না মেনে। হাজার হাজার শিক্ষকদের অতিক্রম করে ওই ২৯ জনকে পেনশন পাইয়ে দেওয়া হয়েছে। শিক্ষা সাবজেক্ট কমিটির চেয়ারম্যান পদ্মনিধি ধর মহাশয় বাস্তব কথা বলেছেন তার কমিটির রিপোর্ট পেশ করে। শিক্ষকদের দুঃখ-দুর্দশার কথা ভেবে কষ্টের কথা ভেবে তাদের মৃত্যু যন্ত্রণার কথা ভেবে তিনি বলেছেন দুরদূরান্ত থেকে আসতে হয় পেনশনের জন্য অফিসারদের কাছ থেকে তারা দুর্ব্যবহার পায়, মরে যাচ্ছে পেনশন পাচ্ছে না। এখন ১৯৯০ সালে যারা রিটেয়ার করেছেন তারা পেনশন পাচ্ছেন, আজকে ১৯৯৭ সাল, ১৯৯০ সালে ৬৫ বছর বয়সে যারা রিটেয়ার করেছিলেন তাদের বয়স এখন ৭২ বছর। যারা প্রভাব খাটিয়ে পেনশন বার করছেন তারা বেঁচে যাচ্ছেন। শিক্ষকদের যাতে বেশি ঘুরতে না হয় তার জন্য পেনশন পাওয়ার নিয়ম কানুন সরলিকরণ করতে হবে, পদ্মনিধিবাবু শিক্ষকদের জীবন যন্ত্রণার কথা উপলব্ধি করে এই পরামর্শ দিয়েছেন। তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। তারই দলের মন্ত্রী প্রভাব খাটিয়ে শিক্ষক পরোলোকে না যায় তাদের কষ্টের কথা ভেবে পেনশনের ব্যবস্থা করেছেন কোনও নিয়ম নীতি না মেনে। ভালই করেছেন। কিন্তু বাকি যে ৫০ হাজার শিক্ষক পেনশন পাচ্ছেন না তারা পরোলোকে যাওয়ার আগে যাতে পেনশন পায় সেই ব্যাপারে মন্ত্রী মহাশয় প্রভাব খাটাচ্ছেন না কেন? নিয়ম নীতি যাই থাকুক না কেন সরলিকরণ জটিলিকরণ যাই করুন না কেন আপনি একটা চিরকুট পাঠিয়ে ১০-১৫ দিনের মধ্যে না হলেও ১ মাসের মধ্যে তারা যাতে পেনশন পায় তার ব্যবস্থা করলে ভাল হয়। ২৯ জনকে আলাদা চোখে দেখে বাকিদের পেনশনের ব্যবস্থা করা হবে এটা খোদ মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আশা করা যায় না। আজকে অনেক শিক্ষক বেতন পাচ্ছেন না। শিক্ষামন্ত্রী মহাশয় আপনি বলুন আপনার রাজত্বে বামফ্রন্ট সরকারের রাজত্বে শিক্ষকদের আপনারা বেকার খাটাবেন? তারা কাজ করে বেতন পাবেন না? আপনি যদি মনে করেন তাদের চাকুরি করা ঠিক হচ্ছে না তাহলে তাদের চাকুরি থেকে টারমিনেট করুন। বেআইনি যেটা হচ্ছে সেটা লিখিত অর্ডার দিয়ে আইনে পরিণত করুন। কিন্তু চাকুরি করিয়ে বেতন দেবেন না এটা ঠিক নয়। শ্রীকান্ত পাঠক, কলকাতার একটা স্কুলে চাকুরি করে। সে সমস্ত তথ্য দিয়ে আমাদের দলের নেতার কাছে চিঠি লিখেছে। আপনাকে জানানো হয়েছে। আপনি বলছেন উচ্চ শিক্ষা সংসদের আপনার কোনও হাত নেই। কিন্তু ডিরেক্টর অব স্কুল তদন্ত করে জানিয়েছে তাকে নেওয়া যেতে পারে, আপনি ব্যবস্থা নিতে পারেন।

[5-00 — 5-10 p.m.]

একজন শিক্ষক রাস্তায় ঘুরছেন, খেতে পাচ্ছেন না, তার অপরাধ নেই। এডুকেশন ডাইরেক্টরেট থেকে চিঠি দিয়ে বলেছেন, এনকোয়ারি করে দেখা গেছে, এই শিক্ষকের কোনও অপরাধ নেই। পশ্চিমবঙ্গে কুড়ি হাজার শিক্ষক বেতন পাচ্ছেন না, এটাই বাস্তব। আপনারা বাস্তবটাকে অস্বীকার করবেন না। শিক্ষায় সাফল্য এনেছেন, আমরাও জয়ধ্বনি দেব। একটা স্কুল পরিদর্শন করুন, মন্ত্রী মহাশয় আমাদের সঙ্গে থাকুন। আপনি দেখুন যে, কি অবস্থায় স্কুলগুলো চলছে। আমি একটা উদাহরণ দিচ্ছি। মেদিনীপুর জেলার পিঙ্গলা থানায় নয়া প্রাইমারি স্কুল। সেখানে ৩৫০ জন ছাত্রছাত্রী আছে। সেখানে একজন শিক্ষক বেতন পাচ্ছেন না। আর একজন শিক্ষক তিনি নতুন চাকুরি পেয়েছেন। চাকুরি পাওয়ার পর তিনি বিয়ে করেছেন। ৮০ হাজার টাকা ঘুস দিয়ে তিনি চাকুরি পেয়েছেন। তার স্কুলে যেতে সময় লাগে ৮টা। এই কথা বলে দিতে হবে? এটা পার্টির রিপোর্ট-এ প্রকাশিত হয়েছে। আপনারা চিঠিপত্র পাবেন। যদি না পেয়ে থাকেন, পাবেন। মেদিনীপুরে শিক্ষক নিয়োগ করতে গিয়ে হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা ঘুস নেওয়া হয়েছে। ঐ স্কুলে যেখানে ৩৫০ জন ছাত্রছাত্রী, সেখানে ঐ শিক্ষক ৬৪ বছর ৮ মাস বয়সে স্কুল চালাচ্ছে। মর্নিং স্কুল। ছাত্রছাত্রীরা ঘিরে রেখেছে তাকে। সেখানে স্বাস্থ্যচর্চা, শিক্ষা, ক্রীড়া, স্পোর্টস হচ্ছে কিভাবে, কিভাবে স্কুল চলছে, ক্লাস ভিত্তিক শ্রেণী বিন্যাস, মূল্যায়ন কিভাবে হচ্ছে? শতকরা ৬০ ভাগ স্কুলের হচ্ছে এই অবস্থা, শিক্ষকরা যেখানে বেতন না পেয়ে ক্লাস চালাচ্ছেন। আর একজন আধ ঘন্টা স্কুলে থেকে চলে যাচ্ছেন। ষাটোর্দ্ধ একজন শিক্ষক ক্লাস চালাচ্ছেন। এইসব স্কুলের কি উন্নতি হচ্ছে, স্বাস্থ্যচর্চা কি হচ্ছে, ক্রীড়া কি হচ্ছে? এই হচ্ছে বাস্তব অবস্থা। এটা তদন্ত করে দেখা হোক। মাননীয় মন্ত্রী মহাশয় তদন্ত করলে এটা দেখতে পাবেন যে শিক্ষকরা বেতন না পেয়ে ক্লাস করছেন। হাজার হাজার ছাত্র বই পাচ্ছে না। আজও ২০ পারসেন্ট ছাত্র বই পায়নি। সেপ্টেম্বর মাসের শেষে পূজার পর খোঁজ নেবেন, দেখবেন, তখনও বাচ্চাদের হাতে বই পৌঁছায়নি। আর একটি কথা বিশেষভাবে বলব। টিচারদের প্রভিডেন্ট ফান্ডের টাকা দিয়ে শিক্ষকদের বেতন দেওয়া হয়েছে। ৮ বছর ধরে কোথাও অডিট হয়নি। এক খাতের টাকা আর এক খাতে ব্যয় করা হয়েছে। আর্থিক এই বিষয়টির প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ই জড়িত আছে। আপনি এই ব্যাপারে তদন্ত করবেন কিনা তা বলবেন। শিক্ষকরা রিটায়ার করার ছ'বছর পরেও তাদের প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছেন না। তাদের স্ত্রীরা খেতে পাচ্ছেন না ভিখারি হয়ে ঘুরে বেড়াচ্ছেন। ছেলেমেয়েরা খেতে পাচ্ছে না। শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের কত কোটি টাকা ভেঙে বেতন দেওয়া হয়েছে, সে সম্পর্কে আমাদের কাছে আপনি আলোকপাত করবেন কিনা বলবেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলুন, সাফল্য আসবে কি করে? এত গণতন্ত্রিকরণ, মাধ্যমিক শিক্ষা পর্যদে দু-দু বার নির্বাচন হয়ে গেল। নিখিল বঙ্গ শিক্ষক সমিতি, আপনাদেরই সংগঠন জিতে এল। প্রাইমারি কাউন্সিলগুলোতে ১৯৭৩ সালের শিক্ষা আইনকে ১৯৮০ সালে নতুন করে সংশোধন করলেন। তাহলে ১৯৯৭ সালেও কেন নির্বাচন করেননি বলতে পারেন? এত যে বিপ্লব, এত আপনাদের প্রতি জনসমর্থন, তাহলে কেন গরিব মানুষগুলোর অন্তর্জলি যাত্রা শেষ করে দিয়েছেন? সেখানে ভোট পাওয়া যাবে না বলে নির্বাচন করেননি? আজকে তো ২৫ বছর হয়ে গেল। মিউনিসিপ্যাল আইনের উপরে

অ্যাক্ট করেছেন। ষাটোর্দ্ধ বয়স নিয়ে '৯০-তে রোপা রুল হয়েছে। '৯০-এর রোপা রুলের পর তারা ভোটার হবেন কি হবেন না, এটা যদি হয়ে থাকে, তাহলে '৯০ সালের আগে কেন নির্বাচন করেননি? গায়ের জোরে তাদের বার করে দেবার পর নতুন ক্যাডার নিয়ে আসবেন। এই উদারতা নিয়ে মেজরিটি পার্টির ক্যাডার দিয়ে পঞ্চায়েত মিউনিসিপ্যালিটিতে প্রতিনিধিত্ব করছেন।

আজকে শিক্ষাক্ষেত্রে মিউনিসিপ্যালিটির থেকে প্রতিনিধিত্ব করছে কিন্তু এম. এল. এ.-রা প্রতিনিধিত্ব করতে পারছে না। সেখানে পার্টির কাজ কাউন্সিলের রিমোট কন্ট্রোলে চলছে। লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা যে ইউনিসেফ, নাবার্ড, প্রভৃতি জায়গার থেকে আসছে তারই ঠিক প্রপার ইউটিলাইজেশন হচ্ছে না। আজকে যে অভিনব শিক্ষা কর্মসূচি গ্রহণ করা হয়েছে তার কাজ কিন্তু ঠিকমতো দেখা হয় না। সরকারি স্কুলগুলোতে পরিদর্শনের ব্যবস্থা ঠিকমতো নেই। স্কুল থেকে যে পোষাক দেওয়া হয় তাও ৩ বছর বাদে বাদে যে দেওয়া হয় তা পরার উপযুক্ত নয়। ৩ বছর বাদে সোনামুখী টুডুকে যে পোষাক দেওয়া হল, সেই পোষাক পড়ে বৃষ্টিতে ভিজে সে যখন বাড়ি গেল তার রং ওঠা পোষাক দেখে মা তাকে চিনতে পারছিল না। সুতরাং এই তো অবস্থা, আপনারা ৫০ টাকা দিয়ে যে পোষাকটি কেনার যে ভাউচার দেখাচ্ছেন, আসলে কিন্তু সেটা আপনারা ৩০ টাকা দিয়ে কিনছেন, এইভাবে সর্বত্র আপনারা শিক্ষাক্ষেত্রে দুর্নীতি করে চলেছেন। বামফ্রন্ট সরকার আসার পরে মিড-ডে মিল যে দেওয়ার কথা ছিল তাও ঠিকমতো পালন করতে পারছে না, শিক্ষকদের পেনশন দিতে পারছে না, শিক্ষকদের প্রভিডেন্ড ফান্ডের টাকা আটকে রাখা হয়েছে। আসলে সমস্ত ক্ষেত্রে দুর্নীতিতে ভরে গেছে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও দুর্নীতি রয়েছে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মান এত নিচে চলে গেছে চিন্তা করা যায় না। আপনারা শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নিয়ম নীতি লঙ্ঘন করে চলেছেন। আজকে শিক্ষাকে কোন জায়গাতে নিয়ে এসেছেন, এরজন্য আপনাদের পশ্চিমবঙ্গ বাসীদের কাছে কৈফিয়ৎ দিতে হবে। শিক্ষার যে প্রথম সিঁড়ি প্রাথমিক শিক্ষা সেখানেই আপনারা দুর্নীতিতে ভরিয়ে রেখেছেন। সেখানে কলেজ, মাধ্যমিক, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার প্রসার ঘটাবেন কি করে, সুতরাং এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে এই শিক্ষা ব্যবস্থাকে মেনে নিতে হবে তা কখনওই সম্ভব নয়। সেই কারণে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে এই মন্ত্রিসভায় পাঁচজন শিক্ষামন্ত্রী শিক্ষার উপরে যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে আমি সমর্থন করে বিরোধীদের আনীত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। আমি কয়েকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, আমরা সরকারি পক্ষের এবং বিরোধীপক্ষের বক্তব্য শুনলাম, বিরোধীপক্ষ এই বাজেটকে ভ্রান্ত বাজেট বলে উল্লেখ করেছেন। সেখানে আমার মনে হয় বিরোধীপক্ষ এই শিক্ষা ব্যবস্থাটাকে ভ্রান্ত শিক্ষানীতি বলতে গিয়ে তারাই উদ্ভ্রান্ত হয়ে পড়েছেন। আসলে পশ্চিমবঙ্গে শিক্ষার ক্ষেত্রে যে সাফল্য সেই সাফল্য তাদের নজরে পড়ছে না। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে এই দপ্তরটিকে ঢেলে সাজাবার চেষ্টা করেছেন। বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি অনুযায়ী আজকে শিক্ষা সর্বজনীন হতে পেরেছে। যারজন্য আজকে গ্রামে গ্রামে প্রাথমিক

বিদ্যালয় করার উদ্যোগ নেওয়া হয়েছে। তবে সর্বক্ষেত্রে এই কাজ করা সম্ভব হয়নি কারণ মহামান্য হাইকোর্টের আদেশাবলে অনেক বিদ্যালয় স্থাপন করা যায়নি। তাছাড়া জনসংখ্যা যে হারে বাড়ছে তাতে করে ছোট গ্রামগুলো বড হচ্ছে এবং বড় গ্রামগুলো আরও বড় হচ্ছে। সেখানে যে পরিমাণ স্কুলের প্রয়োজন তা করা সম্ভব হচ্ছে না। সেখানে স্কুলে ছাত্র যে হারে বাড়ছে তাতে শিক্ষক নিয়োগ যথেষ্ট প্রয়োজন হয়ে পড়েছে। বামফ্রন্ট সরকার সাফল্যর সঙ্গে এই কর্মসূচি গ্রহণ করে চলেছে। বিরোধীপক্ষ থেকে বলা হয়েছে যে শিক্ষাখাতে যে বরাদ্দ করা হয়েছে তা যথেষ্ট নয়। আমার প্রশ্ন তাহলে কি বামফ্রন্ট সরকারকে টাকা ছাপাবার মেশিন বসাতে হবে, যার দ্বারা রাতারাতি টাকা বাড়িয়ে শিক্ষাকে এগিয়ে নিয়ে যেতে পারবে। মুর্শিদাবাদের একজন বিরোধী বন্ধু বললেন যে প্রাথমিক সংসদে নাকি শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দুর্নীতি হচ্ছে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সংগঠনের বিভিন্ন প্রতিনিধির ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হচ্ছে। সেখানে আমরা খুব গর্বের সঙ্গে বলতে পারি যে, দুর্নীতিমুক্তভাবে শিক্ষক নিয়োগের প্রচেষ্টা চলছে এবং সেটা সাফল্যর সঙ্গে আমরা করতে পেরেছি এবং পারছি, এইকারণে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি।

[5-10 -- 5-20 p.m.]

প্রাথমিক স্কুলের সঙ্গে সঙ্গে আমাদের ন্যূনতম যে বিষয়গুলি গুরুত্ব দিয়ে বলা দরকার, সেটা হচ্ছে, যাতে করে নিরক্ষরতা দূর করা যায় তার জন্য জাতীয় সাক্ষরতা মিশনের সঙ্গে পশ্চিমবাংলায় ১৮টি জেলায় সার্বিক সাক্ষরতা পরিকল্পনা চালু করা হয়েছে এর জন্য আমরা বলতে পারি যে '৯১ সালে যেখানে ৫৭.৭০ শতাংশ স্বাক্ষরতার হার ছিল সেখানে '৯৬ সালে ৭০.৬৪ শতাংশ হয়েছে। পুরুষের সাক্ষরতার হার ৬৭.০৮ শতাংশ থেকে বেড়ে ৭৮.৬০ শতাংশ হয়েছে। স্ত্রী শিক্ষার ক্ষেত্রে দেখা যাচ্ছে, '৯১ সালে যেখানে ৪৬.৫৬ শতাংশ ছিল, সেখানে '৯৬ সালে ৬১.৬৭ শতাংশ হয়েছে। আমরা নিশ্চয় এটা বলতে পারি যে সার্বিক সাক্ষরতার প্রকল্পের জন্য একাধিকবার আন্তর্জাতিক পুরস্কার লাভ করা সম্ভব হয়েছে। এই যে প্রাথমিক শিক্ষা, সার্বিক শিক্ষা, সার্বিক সাক্ষরতার প্রচারের ফলে সাধারণ মানুষের মধ্যে শিক্ষার ক্ষেত্রে একটা জোয়ার এসেছে। শিক্ষা একটা আন্দোলন হিসাবে গড়ে উঠেছে এটা আমরা লক্ষ্য করতে পারছি। আপনারা দেখবেন, প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র উপচে পড়ছে। ব্লাক বোর্ড অপারেশনের মাধ্যমে এবং অন্যান্য শিক্ষা সংগঠনের মাধ্যমে শিক্ষার প্রসার ঘটানো গেছে। শিক্ষার জন্য যে সমস্ত সরঞ্জাম দরকার, সেইগুলি দেওয়ার চেষ্টা হচ্ছে। যার ফলে শিক্ষার ক্ষেত্রে দেখা যাচ্ছে, গ্রামের মানুষের মধ্যে, নিচের তলার মানুষের মধ্যে এই শিক্ষার আগ্রহটা বাড়ছে। এই জন্য জুনিয়ার হাইস্কুল থেকে কিছু স্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করা দরকার। মাধ্যমিক স্তরে আগের থেকে অনেক বেশি ছাত্র ভর্তি হচ্ছেন এখন। কিন্তু সমস্যা হচ্ছে, প্রাথমিক স্কুলগুলিতে যখন ভর্তি হতে যাচ্ছে, তখন অনেক স্কুলে অ্যাডমিশন টেস্ট নিচ্ছে, স্বাভাবিকভাবে এটা সমস্যা সৃষ্টি করছে। অনেক স্কুলে সেখানে ডেভেলপমেন্ট ফিজ বাবদ কোনও জায়গায় ৫০/১০০ টাকা নেওয়া হচ্ছে। এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর একটি বিষয়ে বলতে চাই, প্রাথমিক স্কুলে যেখানে প্রতিটি ছাত্রর জন্য বই দেওয়ার প্রোগ্রাম নেওয়া হয়েছে, সেখানে দেখা যাচ্ছে এটায় যথেষ্ট ঘাটতি আছে।

সমস্ত স্কুলে, সমস্ত ছাত্রদের জন্য সমস্ত বই এখনও যায়নি। এই ব্যাপারটি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি বিষয়ে বলতে চাই, ক্লাস ফাইভে যে ইংরাজি বই দেওয়া হয়েছে সেটার মানোন্নয়ন করা দরকার। সেটা নিম্ন মানের বলে মনে হয়েছে। স্কুলগুলিতে আমরা লক্ষ্য করছি, যে সমস্ত শিক্ষকরা আছেন, এই রকম একাধিক শিক্ষক আছেন, তারা বিভিন্নভাবে সমাজের অন্যান্য কাজের সঙ্গে যুক্ত থাকেন। শিক্ষকতা করার সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে, তারা ব্যাপকভাবে টিউশনির সঙ্গে জড়িয়ে যাচ্ছেন। এটা কিভাবে নিরশন হবে সেটা ভাবা দরকার। সরকার পক্ষ এবং বিরোধী পক্ষকে এটা ভাবতে হবে। আশা করব এই সমস্ত শিক্ষকরা স্কুলে পড়ানোর দিকে বেশি করে নজর দেবেন। আর একটি বিষয়ে বলতে চাই সেটা হচ্ছে, এখন বিভিন্ন কর্মসূচি নেওয়া হচ্ছে, শিল্পে উৎপাদন বাড়ানোর জন্য পরিকল্পনা নেওয়া হচ্ছে, স্বনিযুক্তি প্রকল্পে যাতে আরও বেশি বেশি করে লোকে যায় তার প্রচেষ্টা নেওয়া হচ্ছে। তাই বলব, প্রত্যেকটি ব্লকে যাতে কারিগরি বিদ্যার মাধ্যমে শিক্ষার ব্যবস্থা করা যায় সেটা ভেবে দেখতে বলব। অনেক শিক্ষক মহাশয় পেনশন পাচ্ছেন না সরলিকরণের কথা বলা হচ্ছে, সরলিকরণের কথা বলতে গিয়ে দেখা যাচ্ছে, জটিলতা হয়ে যাচ্ছে, তাই শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট লেটারের ভিত্তিতে পেনশন দেওয়া যায় কিনা সেটা বিবেচনা করে দেখবেন। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তুষারকান্তি মন্ডল :** মিঃ চেয়ারম্যান স্যার, আজকে পাঁচজন মন্ত্রী মহাশয় শিক্ষা বিভাগের যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন আমাদের দলের পক্ষ থেকে তার বিরোধিতা করে যে কাট মোশন রাখা হয়েছে তাকে সমর্থন করে আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। এই বাজেট ভাষণে আমরা লক্ষ্য করছি মাননীয় মন্ত্রী মহাশয় তার ভাষণের সমস্ত জায়গায় বলেছেন আমরা প্রাথমিক স্কুল স্থাপন করব। আমরা প্রত্যেকটি নির্বাচনের সময় দেখি এক একটা প্রতিশ্রুতি দিয়ে যেমন করে নির্বাচনী ইস্তাহার প্রকাশ করা হয়, সেই রকমভাবে শিক্ষা ব্যবস্থাও চালানো হচ্ছে বলে আমরা মনে করি। প্রতি ক্ষেত্রে আমরা দেখছি বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থার প্রতি গিনিপিগের মতো আচরণ করছে। অর্থাৎ পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থা কিভাবে চলবে তার এক একটা পন্থা বার করে আবার কিছুদিন পর সেই ব্যবস্থাটাকে চেঞ্জ করা হয়। আমরা দেখতে পেলাম এই সরকারের পক্ষ থেকে মাধ্যমিক স্তরে কর্মশিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছিল। ঠিক একই রকমভাবে পরীক্ষা করার মতো আবার কর্মশিক্ষাকে ঐচ্ছিক বিষয়ে পরিণত করা হয়েছে। অর্থাৎ সেই শিক্ষা ব্যবস্থার যদি সঠিকভাবে মূল্যায়ন করা না হয়, এই সরকারের ইচ্ছামতো, খুশিমতো যদি কাজ করা হয় তাহলে শিক্ষা ব্যবস্থার এই হাল হবে। কারিগরি শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অন্যান্য রাজ্যের থেকে অনেক বেশি পিছিয়ে আছে। কুড়ি বছর শাসন ক্ষমতায় থেকে এই সরকার-এর শিক্ষা ব্যবস্থা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক অনেক পিছিয়ে গেছে। কারিগরি শিক্ষার ক্ষেত্রে দেখা যাচ্ছে প্লান আউট লেতে গুজরাট হচ্ছে ৪৪.৮৮ পারসেন্ট ; কর্ণাটক ৫০.৮৭ পারসেন্ট ; মহারাষ্ট্র ২৮.০৫ পারসেন্ট ; পাঞ্জাব ৫৩.৭৫ পারসেন্ট ; উত্তরপ্রদেশ ১৭.৮৯ পারসেন্ট এবং সেখানে পশ্চিমবঙ্গে ৭.৫৮ পারসেন্ট, এই কারিগরি শিক্ষার উন্নয়নের জন্য ব্যয় করা হচ্ছে। সরকার পক্ষের একজন মাননীয় সদস্য এখানে বলার চেষ্টা করলেন

সর্বজনীন শিক্ষার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার দারুণ সাফল্য লাভ করেছে। আমরা জানি সেই সাফল্য সি. পি. এম. দলের, আমরা যেটাকে বলি কর্পোরেশন ফর প্রপার ম্যালপ্র্যাকটিসের সাফল্য। উন্নয়নের ক্ষেত্রে কিছুই হয়নি। শিক্ষা ব্যবস্থায় যত রকম দুর্নীতি দলবাজি, ক্যাডারদের স্বজনপোষণ চালানো হয় সেই নীতি নিয়েই তারা চলছে।

[5-20 — 5-30 p.m.]

কিন্তু সেখানে আরও ঘোষণা করা হয়েছিল দায়বদ্ধতার ভিত্তিতে শিক্ষক নিযুক্ত হবে। সেই দায়বদ্ধতার অর্থ হচ্ছে যে সমস্ত নেতারা আছেন—বামপন্থী নেতারা, তাদের সঙ্গে একাত্ম হয়ে কাজ করতে পারবেন, তাদের মনোরঞ্জন করতে পারবেন, তবে এই শিক্ষকতার কাজ করতে পারবেন। এই শিক্ষকতার কাজে নিযুক্ত হতে পারবেন। এইরকম ভাবে বিভিন্ন ক্ষেত্রে যে ভাবে রাজনীতি হয় সেইরকম ভাবে শিক্ষার ক্ষেত্রেও এই সরকারের যে সমস্ত নেতৃবৃন্দ রয়েছের, ক্যাডার রয়েছেন তারা লাঠি ঘোরাচ্ছে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষার সর্বজনীন উন্নয়নের জন্য কোনও ব্যবস্থা না নিয়ে সেখানে স্কুল সার্ভিস কমিশনকে নিয়ে আসা হচ্ছে। সেখানে একটা লোকের উপর এমনভাবে দায়িত্ব দেওয়া হচ্ছে যে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সেই ব্যক্তি ইচ্ছেমতো দুর্নীতির পথ অবলম্বন করে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করবেন। আমরা এইগুলোকে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে মনে করি। কেন্দ্রীয় সরকারের যে শিক্ষা ব্যবস্থা তাকে সর্বজনীন করার যে প্রয়াস এই সরকার নিয়েছেন সেখানে ১৩৬ কোটি টাকা থেকে ১৮৩ কোটি টাকা ব্যয়ের যে প্রস্তাব এনেছেন সেটা ভাঁওতা ছাড়া আর কিছু নয়। মুখে বলব শিক্ষা সম্প্রসারণের কথা আর এই শিক্ষাকে সংকুচিত করার জন্য যতরকমভাবে চেষ্টা করা যায় রাজনীতিকে কাজে লাগিয়ে সেটা করে যাচ্ছেন। এই শিক্ষাব্যবস্থা রাজনীতির পথ ধরে ধরে এগোচ্ছে। যেখানে স্কুলের পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীরা ষান্মাসিক পরীক্ষা এমন কি কোনও কোনও ক্ষেত্রে ফাইনাল পরীক্ষা পর্যন্ত পুস্তক পাচ্ছে না সেখানে বলা হচ্ছে অবৈতনিক শিক্ষা ব্যবস্থা আমরা চালু করেছি। সেই শিক্ষার নামে এমন একটা অবস্থা এসে দাঁড়িয়েছে যে বেতন থেকে আরম্ভ করে ছাত্রছাত্রীদের টিউশন ফি প্রচুর অর্থ ব্যয় হচ্ছে। এই ক্ষেত্রে আমাদের বামফ্রন্ট সরকার আমাদের শিক্ষামন্ত্রী তাদের মঞ্চে দাঁড়িয়ে বক্তব্য রাখছেন আমরা শিক্ষাকে সর্বজনীন করেছি। প্রকৃতপক্ষে এই সর্বজনীন শিক্ষাব্যবস্থা কতটুকু কাজে আসছে সেটা আমরা লক্ষ্য করছি। পরিশেষে আমি একটা কথা বলতে চাই। আমাদের এখানে বামফ্রন্ট সরকারের তত্ত্বাবধানে ব্লাইন্ড স্কুলে অন্ধদের শিক্ষা দেওয়া হয়। মাননীয়া অঞ্জু কর তার তত্ত্বাবধানে এই ব্যবস্থা রাখা হয়েছে। সেখানে এখনও পর্যন্ত কোনও পরিকাঠামো নেই। যে লিভ রুলস থাকা দরকার সে ব্যবস্থা নেই। বামফ্রন্ট সরকার এর পক্ষ থেকে অন্ধদের শিক্ষাব্যবস্থার কথা ঘোষণা করা হয়েছিল কিন্তু এই ২০ বছর ধরে বামফ্রন্ট সরকার তাহলে কি করলেন? সেজন্য আমরা এই ব্যয় বরাদ্দকে সমর্থন করতে পারছি না। তাই যে ব্যয় বরাদ্দ তারা এনেছেন তাকে বিরোধিতা করে আমাদের আনা কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় চেয়ারম্যান, ১৯৯৭-৯৮ সালের শিক্ষাখাতে আমাদের শিক্ষামন্ত্রীগণ যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং

বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করছি। আমি মনে করি যে, বামফ্রন্ট সরকারের শিক্ষানীতির আসল জিনিস উপলব্ধি করলে এই ধরনের সমালোচনা তারা করতেন না। বামফ্রন্টের শিক্ষার প্রধান কথা হচ্ছে শিক্ষাকে সর্বজনীন করতে হবে এবং গণতান্ত্রিকভাবে মানুষের মধ্যে পৌঁছে দিতে হবে। কিন্তু ওদের শিক্ষা শিক্ষানীতি ছিল অভিজাততান্ত্রিক। কিন্তু আমরা সেই পথে থাকতে চাইনি। এর ফলেই আজকে বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি একেবারে সাফল্যের পথে এগিয়ে চলেছে। এই সাফল্য ওরা অস্বীকার করতে পারেন না। সাক্ষরতার ক্ষেত্রে আমরা আন্তর্জাতিক পুরস্কার লাভ করেছি। যেখানে ভারতের শিক্ষা খাতে বাজেট ছিল এতদিন পর্যন্ত ১.৫ শতাংশ, সেখানে আমরা পশ্চিমবঙ্গ সরকার প্রায় ২৭ শতাংশ শিক্ষাখাতে বাজেট রাখতে পেরেছি। শিক্ষাক্ষেত্রে আর একটা বড় জিনিস হচ্ছে শিক্ষকদের মর্যাদা দেওয়া। শিক্ষার পরিবেশ বাড়ানো। শিক্ষক জন্মায় না। শিক্ষক তৈরি করতে হয়। সুতরাং শিক্ষক হতে গেলে তাদের যে ন্যূনতম চাহিদা, তাদের বাঁচার মতো প্রয়োজনীয় যে জিনিস, সেটা ওরা উপলব্ধি করেননি, কিন্তু সেটা বামফ্রন্ট সরকার পেরেছেন। আজকে শিক্ষাক্ষেত্রে মানুষের চাকরির প্রবণতা যেভাবে বেড়েছে, তাতে প্রমাণ করে দিচ্ছে যে, শিক্ষাক্ষেত্রে আমরা কতদূর এগিয়েছি। এছাড়া শিক্ষার ফলে আজকে মানুষের মানসিকতার পরিবর্তন হয়েছে। এই কারণেই গণেশের দুগ্ধ পানের বুজরুকি ধরা পড়ে যায়। ১৯৯৫ সালে যে সূর্যগ্রহণ হয়েছিল, তার বৈজ্ঞানিক ব্যাখ্যা মানুষ বুঝে নিয়েছিল। আজকে প্রাথমিক শিক্ষার উপর যেভাবে জোর দেওয়া হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে, ছাত্রদের সংখ্যা এত বেড়ে যাচ্ছে যে, ছাত্রদের বসার জায়গা দেওয়া যাচ্ছে না। এই প্রাথমিক শিক্ষাকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমাদের শিক্ষানীতির সঙ্গে সাস্থ্য পরিষেবাকেও জড়ানো হয়েছে। আমরা জানি যে, স্বাস্থ্য ভাল না হলে ছেলে মেয়েরা লেখাপড়া করতে পারবে না। এর ফলে শিক্ষার সঙ্গে স্বাস্থ্য পরিষেবার ঘনিষ্ঠ সম্পর্ক সৃষ্টি করা হয়েছে।

[5-30 — 5-40 p.m.]

আইনের পথে যে বাধা ছিল সেই বাধা অনেকটা শিথিল হতে বসেছে। যার ফলে বামফ্রন্ট সরকার ১ হাজার প্রাথমিক স্কুল করবে এবং সেই পরিমাণে শিক্ষকও নিয়োগ করবে। সুতরাং এরজন্য শিক্ষা বাজেটের অনুমোদন করতে হয়। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে দেখেছি গতবছর অনেকখানি অগ্রগতি ঘটেছে। প্রায় ৫৮টি জুনিয়র হাইস্কুল অনুমোদন লাভ করেছে। ৫ হাজার মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করা হয়েছে। ১১৫টা জুনিয়র হাই-স্কুলকে হাই স্কুলে উন্নীত করা হয়েছে। এ ভাবে শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। কোনও কোনও স্কুলে কম্পিউটার ও ভোকেশনাল শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। শিক্ষা ব্যবস্থাকে যুগপোযুগি করে গড়ে তোলা হয়েছে। আমরা উচ্চ শিক্ষার ক্ষেত্রে দেখতে পাই, ১৯৯৬-৯৭ সালে পশ্চিমবঙ্গে ৭টি নতুন কলেজ গড়ে উঠেছে এবং এই ৭টি কলেজকে পরিচালনা করা, মেইনটেইন করার জন্য এই বাজেটের দরকার। সুতরাং সেই কারণে এই বাজেটকে আপনারা নিশ্চয়ই সমর্থন করবেন। আমাদের দেশে ৩৫২টি কলেজ আছে। সেই কলেজগুলোতে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষা যেমন—ডাব্লু. বি. সি. এস., আই. এ. এস. ইত্যাদি পরীক্ষার জন্য

ট্রেনিং-এর ব্যবস্থা আছে। যাতে পশ্চিমবঙ্গের ছেলে-মেয়েরা সাফল্য লাভ করে তারজন্য নানাবিধ ব্যবস্থা করা হয়েছে। ভোকেশনাল ট্রেনিং, কম্পিউটার এবং ইঞ্জিনিয়ারিং শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। ৭০ এর দশকে শিক্ষার ক্ষেত্রে, উচ্চ শিক্ষার ক্ষেত্রে কি নৈরাজ্য ছিল, আজকে শিক্ষক হিসাবে সেটা ভাবতে লজ্জা হয়। তখন ছাত্ররা টেবিলের উপর ছুরি ফেলে দিয়ে, কোথা থেকে কতটা টুকতে হবে সেটা শিক্ষকদের বলতে বাধ্য করত। এবং অনেক শিক্ষক নিজেদের সম্মান বিসর্জন দিয়ে তাদের সঙ্গে সহযোগিতা করতে বাধ্য হতেন। কিন্তু এখন আর সেই নৈরাজ্য নেই। আজকে শিক্ষা ক্ষেত্রে পঠন-পাঠন বেড়েছে, পরীক্ষা ঠিকমতো হচ্ছে, রেজাল্ট ঠিকমতো বেরোচ্ছে। এতে বিরোধীদের গায়ে জ্বালা ধরতে পারে, কিন্তু বামফ্রন্ট সরকার তার শিক্ষা নীতি থেকে সরে যাবে না। আজকে যুগের সঙ্গে তাল মিলিয়ে কারিগরি বিদ্যা শিক্ষা বাড়ছে। এবং এই কারিগরির পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রেখে হলদিয়ায় নতুন একটা ইঞ্জিনিয়ারিং কলেজ গড়ে উঠেছে। বিভিন্ন জায়গায় আই. টি. আই. গড়ে উঠেছে। এইভাবে কারিগরি শিক্ষার সঙ্গে সামঞ্জস্য রেখে আমাদের শিক্ষা নীতি এগিয়ে চলবে। আজকে গরিব মানুষ যারা রেগুলার কোর্সে পড়ার সুযোগ পাচ্ছেন না, তাদের জন্য করেসপন্ডেন্স কোর্সের মাধ্যমে ডাকযোগে শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এই করেসপেন্ডন্স কোর্স চালু করা হয়েছে। রিফ্রেসার কোর্স, ওরিয়েন্টেশন কোর্স ইত্যাদির মাধ্যমে যাতে তারা নতুন শিক্ষা নীতির সঙ্গে পরিচিতি লাভ করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। সার্বিকভাবে শিক্ষা নীতি ক্রমশ এগিয়ে চলছে। এই শিক্ষানীতি প্রাইভেটাইজেশন নীতির বিরুদ্ধে। মহারাষ্ট্র, কর্ণাটকে যেভাবে হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা দিয়ে চিকিৎসা বিদ্যা, ইঞ্জিনিয়ারিং বিদ্যা পড়ানো হয়, আমাদের শিক্ষা নীতি তার বিরুদ্ধে। এই জন্য এই শিক্ষা বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে মাননীয় শিক্ষামন্ত্রীগণ এখানে যে ব্যয়-বরাদ্দ চেয়েছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট-মোশনগুলোর সমর্থন করছি। আজকে সবচেয়ে বেশি আনন্দ লাগছে সরকারি দপ্তর থেকে জানানো হয়েছে শিক্ষার প্রাচুর্য, শিক্ষার সাফল্য এবং এই রাজ্যে শিক্ষকদের মর্যাদা যে দারুণভাবে বেড়েছে এগুলো শুনে সত্যি আমি আনন্দিত। এবং এটা যদি হয়ে থাকে, তাহলে আপনারা আমার কাছ থেকে অভিনন্দন পেতে পারেন। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এরা বলছে যে, প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা, কলেজ এডুকেশন দারুণ ভাবে এগিয়ে চলেছে। যদি তাই হয়, তাহলে এ পর্যন্ত কত প্রাথমিক স্কুল তৈরি করতে পেরেছেন তার হিসেবটা মন্ত্রী মহাশয় দিন। আমাদের এই শিক্ষাসম্পদের ক্ষেত্রে শিক্ষক, শিক্ষার্থী, শিক্ষা নিকেতনের সঙ্গে সিলেবাসের অদ্ভুত সম্পর্ক আছে। আজকে হাড় জিরজিরে প্রাথমিক বাচ্চাদের অবস্থা কি? তাদের পোশাক নেই, বই নেই, মিড-ডে মিল বন্ধ হয়ে গেছে, তাদের হাতে টিফিন বাক্স দেখতে পাওয়া যায় না। সুতরাং শিক্ষা ব্যবস্থায় উন্নতি ঘটেছে, এটা কিভাবে বলতে পারেন। আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলায় গত বছর মে মাসে ডিক্লেয়ার হয়েছিল শিক্ষক নেওয়া হবে, কিন্তু আজ পর্যন্ত তা হ'ল না। কি দারুণ আপনাদের এই শিক্ষানীতি।

জন প্রতিনিধি, এম. এল. এ. প্রাইমারি কাউন্সিল, তারা শিক্ষা ব্যবস্থাকে কি উন্নত করতে পেরেছেন? অন্য দিকে, প্রাথমিক শিক্ষক কেন, মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে সারা ভারতবর্ষে কোথাও ৬০ বছরের বেশি শিক্ষকতা করেন না। কিন্তু এটা কি স্মরণে আছে, এখানকার শিক্ষক সমাজ, শিক্ষকদের জন্য যে ৬০ বছর বরাদ্দ আছে, তাই করে? আজকে এই সিস্টেমের জন্য এখানে কনভেনশন হয়েছে, আন্দোলন হয়েছে। তাতে কি ফল হয়েছে? যদি শরীর, চোখ, মন ভালো থাকে, তাহলে পরপর ৫ বার কাজ করার সুযোগ তারা পেতে পারেন। তার মানেই কি এই, আমাদেরও ৬৫ বছর পর্যন্ত শিক্ষকতা করার আইন আছে? কিন্তু কেন শিক্ষামন্ত্রীরা পাঁচ বছরের জন্য এত বাড়াবাড়ি করলেন, যার জন্য শিক্ষকদের হাইকোর্ট থেকে সুপ্রিম কোর্ট পর্যন্ত যেতে হ'ল? আবার কোর্ট রায় দেওয়া সত্ত্বেও তাদের যথাযথ মর্যাদা দেওয়া হচ্ছে না। আবার বলা হচ্ছে আমাদের শিক্ষকরা নাকি দারুণ ভাবে মর্যাদাপ্রাপ্ত হয়েছে। একজন মাননীয় সদস্য বললেন, উদয়পোতা গ্রামের একজন শিক্ষক মামলা করে জিতেছেন। কোর্ট রায় দিয়েছে, কিন্তু তাকে এখনও নেওয়া হ'ল না। আর এখানে শাসক পার্টির বন্ধুরা বলছেন তাদের মর্যাদা দেওয়া হয়েছে। এই তো জাতীয় পুরস্কারপ্রাপ্ত শিক্ষক পথের ধারে দাঁড়িয়ে বলছেন, এই নাও তোমাদের পুরস্কারের কাগজ, আমাদের পেনশন পাচ্ছি না। লজ্জার একটা সীমা থাকা উচিত ছিল—এই কি শিক্ষা। মনে হয় আমাদের শিক্ষা দপ্তরের নামটা বিদ্যা দপ্তর দেওয়া উচিত ছিল। হয়ত বিদ্যা দেওয়া হচ্ছে, কিন্তু শিক্ষা দেওয়া যাচ্ছে না। 'এডুকেশন ইজ দা ম্যানিফেস্টেশন অব পারফেকশন অলরেডি ইন ম্যান'। সেই পারফেকশনের ক্ষেত্রে এরা কি সেই মানুষদের, সেই মাস্টার মশাইদের সেই মর্যাদা দিতে পেরেছেন? পারেননি, শুধু বড় বড় কথা বলেছেন। যে রাজ্যে তিন বছর জমি চাষ করলে রামের জমি আমার পৈতৃক সম্পত্তি হয়, সেখানে আর কি হতে পারে? সত্যপ্রিয়বাবু থেকে আরম্ভ করে শিক্ষক মশাইরা এখানে পাঁচ বছরের অর্জিত অধিকার লাভ করেছিলেন, সেই অধিকার আপনাদের বামফ্রন্ট কলমের খোঁচার দূর করে দিল। সত্যিই আপনারা এই শিক্ষক সমাজকে মর্যাদা দিচ্ছেন। কি মর্যাদা তারা পাচ্ছে, দেখতেই পাচ্ছি। মাদ্রাসার কথা বোধ হয় আমাদের মন্ত্রীর মনে নেই, মাদ্রাসা এডুকেশন বলে একটা সিস্টেম অব এডুকেশন আছে সেটা বোধ হয় জানেন না। কোথায় গেলেন মাননীয় কান্তিবাবু? আজকে বলতে পারবেন, গত ২০ বছরে আপনারা কটা মাদ্রাসা করেছেন?

[5-40 — 5-50 p.m.]

স্যার, আজকে মাদ্রাসা নট অনলি মুসলিম, মাদ্রাসা ফর অল, সব ধর্মের শিক্ষার্থীদের শিক্ষার জায়গা। আজকে আপনারা কয়টা মাদ্রাসা স্থাপন করতে পেরেছেন? আপনারা বলছেন হায়ার সেকেন্ডারির স্কুল দারুন ভাবে অনেক বাড়িয়েছেন। ২০ বছর ধরে আপনারা কয়টা হাইস্কুলকে হায়ার সেকেন্ডারি স্কুল করেছেন? আমার ডায়মন্ডহারবারে ২০ বছর আগে ৫টা স্কুল ছিল, এ বছরের মধ্যে ১টা স্কুল হয়েছে মশাটে। কি সুন্দর শিক্ষা ব্যবস্থা আপনাদের। আপনারা শিক্ষক্ষেত্রে নাকি দারুন ভাবে এগিয়ে যেতে চাইছেন। আজকে এই যে প্রাইমারি, তারপর হায়ার সেকেন্ডারি—আজকে এরা বলছেন মন্ত্রী মূল্যায়ন করেছেন। ব্ল্যাক বোর্ডের মাধ্যমে মূল্যায়ন হচ্ছে ক, খ, গ, এই ভাবে ... য়ন হচ্ছে এই রকম ভাবে যে তোমার

স্বাস্থ্য ভাল—দিলেন ক। তুমি হাসতে পার—খ। তুমি দৌড়তে পার—গ। মাধ্যমিকে ফিজিক্যাল এডুকেশন সাবজেক্টকে মন্ত্রী মহাশয় অ্যাডিশনাল সাবজেক্ট করেছেন। মন্ত্রী মহাশয় বলছেন, জ্যোতিবাবুও বলছেন এবারে বাংলা ভাষায় সব সরকারি অর্ডার দিতে হবে। আজকে সেই মাতৃভাষার জননীর নাম হচ্ছে সংস্কৃত। স্যার, আজকে মন্ত্রী মহাশয় বোধ হয় শুনতে পাচ্ছেন না, কানে তুলো দেওয়া আছে। আজকে পশ্চিমবঙ্গ থেকে সেই ক্ল্যাসিক্যাল ল্যাঙ্গুয়েজ উঠে গেছে, কোনও টিচার আর নেওয়া হচ্ছে না। প্রভঞ্জনবাবু বারবার এ কথা বলেছেন যে ক্ল্যাসিক্যাল ল্যাঙ্গুয়েজ আজকে উঠে যাবার জোগাড় হয়েছে। নাই ভগবান নাইকো ধর্ম যাদের শিক্ষামূলে ছিন্নমস্তা শিক্ষা যে শুধু শয়তানি ইস্কুলে। কাজেই রাজ্যের শয়তানি চিন্তাভাবনা এদের রাজত্বেই আছে। আপনারা বলছেন শিক্ষা ক্ষেত্রে দুর্নীতি দূর করবার জন্য স্কুল সার্ভিস কমিশন করেছেন। কিন্তু এটা কি ঠিক? আজকে দুর্নীতি ছেয়ে গেছে সর্বত্র। উচ্চ শিক্ষামন্ত্রী এখানে আছেন বলুনতো কলেজ সার্ভিস কমিশনে প্রফেসার পাওয়া যাচ্ছে না, কত ভ্যাকেন্সি আছে? এডুকেশনে ওয়ার্ক কালচার এটা কি আপনারা ফিরিয়ে আনতে পেরেছেন? আপনি যখন ছাত্র ছিলেন আপনি আপনার শিক্ষক মহাশয়কে মর্যাদা দিতেন, আজকে আপনি কি ছাত্রদের কাছ থেকে সেই মর্যাদা পাবেন? এই ২০ বছরে শিক্ষাবর্ষ কি করেছেন? আমরা করেছিলাম ডিসেম্বর মাস শেষ তার পরে জানুয়ারি থেকে শিক্ষাবর্ষ শুরু, আর বললেন জানুয়ারি থেকে আর হবে না, মার্চের পর এপ্রিল মাস থেকে হবে। আজকে আই. পি. এস., আই. এ. এস. পরীক্ষায় যোগ্যতা হচ্ছে ১০ + ২ + ২। তার মানে মাধ্যমিকে ১০ বছর, হায়ার সেকেন্ডারিতে ২ বছর, আর তারপর ডিগ্রি কোর্সে ২ বছর। কিন্তু আমাদের ছেলেদের ১ বছর বেশি বেশি সময় লাগবে। আপনারা নিশ্চয় এর গুরুত্ব অনুধাবন করতে পারছেন যে ওই কমপিটিটিভ পরীক্ষায় এই ছেলেরা এক বছর পিছিয়ে গেল। আজকে মাননীয় শিক্ষামন্ত্রী বলতে পারেন, মাধ্যমিক সিবোস আর উচ্চমাধ্যমিক সিলেবাসের মধ্যে আকাশ-পাতাল তফাৎ কেন? আপনারা একটা কো-অর্ডিনেশন কমিটি তৈরি করেছিলেন, তারা কি রিপোর্ট দিয়েছে? যদিও আপনারা বলছেন শিক্ষা জগৎকে আমরা আরও এগিয়ে নিয়ে যাব। শিক্ষকদের পেনশনের কথা শুনে শুনে আপনাদের কান পচে গেছে। কলেজের রিটায়ার টিচাররা রাস্তায় কাঁদছেন, তারা পেনশনের আশায় মৃত্যু বরণ করেন।

আপনারা অনেকে জবাব দেন কাগজপত্র সব ভুল আছে। এটার সরলিকরণের দায়িত্ব তো আপনাদের ছিল। আপনাদের এ. বি. টি. এ. সেল থেকে আরম্ভ করে কত সেল চিৎকার আরম্ভ করে দিয়েছে। কিন্তু কাদের জন্য এদের এই কুম্ভীরাশ্রু? যারা ওদের দলীয় শিক্ষক তাদের জন্য কি? তাহলে শিক্ষকদের এই কি মর্যাদা আপনারা দিয়েছেন আপনাদের এই কুড়ি বছরের রাজত্বে। আমরা যারা শিক্ষক আমরা বঞ্চিত, আমরা লাঞ্ছিত, আমরা নিগৃহীত, আমাদের খুন করা হচ্ছে। আজকে আপনারা বলছেন শিক্ষকদের ভাল করে মর্যাদা দেওয়া হয়েছে। কিন্তু আপনারা জানেন বিভিন্ন জায়গায় শিক্ষকদের হত্যা করা হয়েছে, বিভিন্ন জায়গায় হেডমাস্টারদের নিগ্রহ করা হচ্ছে, অনেক জায়গায় স্কুলে তাকে ঢুকতে দেওয়া হচ্ছে না। এই রাজত্ব কাদের? এই রাজত্ব হচ্ছে আপনাদের। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন তিনি শিক্ষার বিস্তার করেছেন। আপনাদের তো একটা সুন্দর ফসল নো ডিটেনশন। পাশ, -ফেল প্রথা তুলে দিয়েছেন। তারা ফেল না করে পাশ করে চলে যাচ্ছে। এইভাবে আজকে শিক্ষা

ব্যবস্থায় একটা ক্ষতি হচ্ছে।.........(**এই সময় মাইক বন্ধ হয়ে যায়**)

**শ্রী অশোককুমার গিরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৭-৯৮ সালে শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দর প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয় এই সভায় পেশ করেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করছি। মাননীয় বিরোধী সদস্যর বক্তব্য আমি মন দিয়ে শুনেছি, ওনাদের সকলের বক্তব্য প্রায় একই সুরে বাধা। অর্থাৎ একই কথা যা কিছু বিগত ত্রিরিশ বছরে ওদের কংগ্রেসি জমানায় হয়েছে, আর আমাদের কুড়ি বছরে কিছুই হয়নি। গতকাল কৃষির উপর ওদের বক্তব্য শুনছিলাম, ওরা বললেন সেচ, জমি বিলি এসবই ওদের কংগ্রেসি জমানায় হয়েছে। তবে বামফ্রন্টের আমলে যা হয়েছে তা ব্যক্তিগত উদ্যোগেই হয়েছে। আমি আজকেও ওদের বক্তব্যে আশা করেছিলাম ওরা বলবে, বামফ্রন্ট আমলে শিক্ষার ক্ষেত্রে কিছু অগ্রগতি ঘটেছে, কিন্তু সেটা সরকারের সাফল্য নয়, ব্যক্তিগত। এখানে শিক্ষা প্রতিষ্ঠান সরকারের কর্তৃত্বে চলে এবং সরকার থেকেই সমস্ত দায়-দায়িত্ব পালন করা হয়। কিন্তু ওদের জমানায় কি অবস্থা ছিল? ওদের জমানায় শিক্ষক এবং শিক্ষাকর্মিদের নিয়োগপত্র দেওয়া হত দেশলাইয়ের প্যাকটে এবং সিগারেটের প্যাকেটে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কিছুই কাজ হত না। আজকে অধিকাংশ শিক্ষক পেনশন না পাওয়ার কারণ হচ্ছে তাদের কোনও নিয়োগপত্র নেই, তাদের অ্যাপ্রুভাল নেই। অনুগ্রহ করে বললেই হত উত্তর ইওর সার্ভিস is no longer required এইভাবে বহু শিক্ষকের চাকরি হয়ে গেছে। আর পুলিশ ভেরিফিকেশনের সময় যদি দেখা যেত কংগ্রেস পার্টি করে না, তাহলে তাদের অ্যাপ্রুভাল হত না। আজকে এখানে যেসব শিক্ষকবন্ধু বক্তৃতা করছেন তাদের আজকে বামফ্রন্টকে কৃতজ্ঞতা জ্ঞাপন করা উচিত। যারা পেনশন পাচ্ছেন বা পাবেন তাদের সৌভাগ্য বামফ্রন্ট ছিল বলেই তারা আজকে পেনশন পাচ্ছেন। দুর্ভাগ্যের বিষয় হচ্ছে ত্রিরিশ বছর ধরে কংগ্রেসিরা শিক্ষকদের কথা ভাবেননি। শিক্ষকরা তখন কোনওদিন পেনশনের স্বপ্নও দেখেননি। বামফ্রন্ট ছিল বলেই তারা আজকে পেনশন পাচ্ছেন।

[5-50 — 6-10 p.m.]

তবে আমরা ওদের কাছ থেকে এটা কখনওই আশা করি না। আমরা দেখেছি ৬০-এর দশকে একজন শিক্ষক চাকরির শুরুতে ৭০ টাকা বেতন পেতেন—সাড়ে ১৭ টাকা ডি. এ., সাড়ে ১৭ টাকা বেতন স্কুল দিত, আর সাড়ে ১৭ টাকা বেতন সরকারের কাছ থেকে আসত। আমরা এটাও দেখেছি, অনেক স্কুল ঐ সাড়ে ১৭ টাকাও দিতে পারতনা। অথচ শিক্ষককে মিথ্যা কথা লিখে দিতে হ'ত যে, সাড়ে ১৭ টাকা পেয়েছি তা না হলে গভর্নমেন্টের টাকাটা আসবে না। এই বঞ্চনার কথা কি আপনারা ভুলে গেছেন? তারপর আমরা দেখেছি ছাত্র-ছাত্রীদের প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত বেতন দিয়ে পড়তে হ'ত। চাষার ছেলে চাষ করবে, রাখালের ছেলে রাখাল হবে লেখা-পড়া করে কি হবে। এই ছিল ওদের দৃষ্টিভঙ্গি। ইংরাজ আমলের উপনিবেশিক শিক্ষা ব্যবস্থাকে চালু রেখে ওদের আমলেও ওরা শিক্ষাকে সংকুচিত করে রেখেছিলেন। সবার জন্য শিক্ষা নয়, এই ছিল ওদের নীতি। জোতদার, জমিদারদের প্রতিভূ কংগ্রেস সর্ব স্তরের মানুষের ঘরে শিক্ষার বাতি জ্বলুক, এটা কখনওই চায়নি। তাই শিক্ষার আঙ্গিনায় অগণিত গরিব, মধ্যবিত্ত, কৃষক, শ্রমিক, ক্ষেতমজুরদের ঘরের

ছেলে-মেয়েদের প্রবেশ করতে দিতে চাননি। তাই ওরা আজকে আমাদের পাঁচ জন শিক্ষা মন্ত্রী দেখে কটাক্ষ করছেন। অথচ আমরা দেখেছি ওদের সময়ে কেন্দ্রে কোনও শিক্ষা মন্ত্রীর পদ ছিল না। মানব-উন্নয়ন দপ্তরের মন্ত্রীর অধীনে শিক্ষাকে রেখেছিলেন। নরসিমা রাও এক সময় ঐ দপ্তরের মন্ত্রী ছিলেন। আমাদের দেশে কোঠারি কমিশন, মুদালিয়ার কমিশন বার বার বলেছে, কেন্দ্রীয় বাজেটের ১০ শতাংশ অন্তত শিক্ষা খাতে ব্যয় করতে হবে। অথচ ওদের আমলে ওরা কখনওই দেড় পারসেন্টের বেশি বরাদ্দ করতে পারেননি। এর থেকেই বোঝা যায় ওরা শিক্ষাকে কি দৃষ্টিভঙ্গি দিয়ে দেখেন। আজকে ওরা বড় বড় কথা বলছেন। অথচ পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার তাদের সমগ্র বাজেটের কখনও ২৫%, কখনও ২৬%, কখনও ২৭% টাকা শিক্ষা খাতে ব্যয় করছেন। এটা কি কেউ আজকে অস্বীকার করতে পারেন? না। সুতরাং এটা আজকে ওদের স্বীকার করে নিয়ে একে স্বীকৃতি দেওয়া উচিত। অবশ্য ওরা কি বলছেন? ওরা বলছেন, শিক্ষা খাতে টাকা খরচ করে কি হবে, শিক্ষা তো আনপ্রোডাক্টিভ। কিন্তু আমরা জানি দারিদ্রের সঙ্গে শিক্ষা অঙ্গাঙ্গিভাবে জড়িত। কংগ্রেস চিরকালই শিক্ষাকে শ্রেণী দৃষ্টিভঙ্গি দিয়ে দেখে। আজকে ওদের একজন মাননীয় সদস্য বললেন, পশ্চিমবাংলার মাননীয় মন্ত্রী কান্তিবাবু নাকি প্রতিহিংসা পরায়ণ মন্ত্রী। কেন বললেন তা আমরা বুঝি—ওদের কোথায় জালা, কোথায় যন্ত্রণা তা আমরা জানি। এ রাজ্যে শিক্ষার সম্প্রসারণ হচ্ছে, এটাই ওদের জালা যন্ত্রণার কারণ। এখানে ৫১ হাজারেরও বেশি প্রাথমিক বিদ্যালয় গড়ে উঠেছে, সাড়ে ১০ হাজারেরও বেশি মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় গড়ে উঠেছে, লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী পড়ার সুযোগ পাচ্ছে। কংগ্রেস জমানায় নিয়মিত পরীক্ষাই হ'ত না। গণ-টোকাটুকি ছিল অমোঘ নিয়ম। বিমল দাসকে পুড়িয়ে মারা হয়েছিল, গোপাল সেনকে খুন করা হয়েছিল। ঐসব ঘটনা আর বামফ্রন্ট রাজত্বে ঘটে না। শিক্ষায় গণতন্ত্রিকরণ হয়েছে। শিক্ষকদের অবস্থার উন্নতি হয়েছে। এ সমস্ত কাজ ওদের শ্রেণী স্বার্থ বিরোধী। তাই ওরা শ্রেণী স্বার্থে নিজেদের শ্রেণীর হয়ে কথা বলছেন। এটা আমরা বুঝি। এর জন্যই তো এত দপ্তর থাকা সত্ত্বেও আমাদের শিক্ষা দপ্তরকে ওরা আক্রমণের কেন্দ্র বিন্দু করেছেন। কারণ আমরা এক্ষেত্রে কিছুটা সাফল্য লাভ করতে পেরেছি যা ওদের শ্রেণী স্বার্থ বিরোধী। হ্যাঁ, এ কথা সত্য যে, আমরা ১৬ আনা সাফল্য লাভ করতে পারিনি। তথাপি কিছুটা অন্তত করতে পেরেছি। তাই আমি পরিশেষে বাজেট প্রস্তাবকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনকে নস্যাৎ করে দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রমথনাথ রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে এই হাউসে শিক্ষা মন্ত্রীদের আনা বাজেট প্রস্তাবের বিরোধিতা করে, বিরোধীদের আনা কাট মোশনের সমর্থন করে দু' চারটি কথা বলছি। এখানে অনেক কথা বলা হয়েছে। বামফ্রন্ট সরকারের শিক্ষার উদ্দেশ্যের কথা বার বার বলা হয়েছে। এখানে অনেক কথা বলা হয়েছে। বামফ্রন্টের শিক্ষার আদর্শের কথা এখানে বারবার বলা হয়েছে। আমি ৩/৪টে উদাহরণ দেব। এখানে রামপদবাবু একটু আগে বললেন শিক্ষাক্ষেত্রে গণতন্ত্রিকরণ করা হয়েছে। আমি একটি কলেজে শিক্ষকতা করি ২৬ বছর ধরে। সেই কলেজের নাম হচ্ছে কালিয়াগঞ্জ কলেজ। ১৯৭৭ বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এল তার আগে থেকে অর্থাৎ ১৯৭২ সাল থেকে এই কলেজে আমি আছি। মাননীয় শিক্ষামন্ত্রী সত্যসাধনবাবুকে আমি বলছি, ভাল করে শুনুন, ১৯৭২ সাল থেকে ঐ

কলেজে গভর্নিং বডির মেম্বার তারাই ছিলেন যারা ঐ কলেজটি প্রতিষ্ঠিত করেছিলেন, যারা জমি দান করেছিলেন, যারা মাথার ঘাম পায়ে ফেলে ঐ কলেজটি করেছিলেন তাদেরকে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত গভর্নিং বডির মেম্বার হিসাবে দেখেছি। ১৯৭৭ সাল আসবার পর যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় এলেন তখন সেই তদানিন্তন গভর্নিং বডিকে ভেঙে দেওয়া হল। ভেঙে দিয়ে নতুন করে গভর্নিং বডি গঠন করা হল। কাদের দিয়ে গঠন করা হল? গঠন করা হল ২ জন ফরওয়ার্ড ব্লকের মানুষ, ২ জন আর. এস. পি.-র মানুষ আর ২ জন সি. পি. এমের মানুষ এই ৩টি দলের ৬ জনকে দিয়ে গভর্নিং বডি গঠন করা হল। এরমধ্যে একজন আর. এস. পি.-র সদস্য ছিলেন যিনি কালিয়াগঞ্জ থেকে ৭০ কিলোমিটার দুরে বালুরঘাটে থাকতেন, তিনি ঐ গভর্নিং বডির মেম্বার ছিলেন কালিয়াগঞ্জ কলেজের। আর একজন সি. পি. এম. দলের সদস্য ছিলেন যিনি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। এরা পর পর দুটো টার্ম ছিলেন। ৪ বছর অন্তর একটি করে টার্ম। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন, একটি টার্মেও ঐ কালিয়াগঞ্জ কলেজের গভর্নিং বডির মিটিং অ্যাটেন্ড তারা করেনি। আমি মাননীয় সত্যসাধনবাবুকে বলছি, আপনি কালিয়াগঞ্জ কলেজের রেকর্ড থেকে দেখে নেবেন। ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি. এবং সি. পি. এম. সদস্যদের নিয়ে ৩টি টার্ম গেল অর্থাৎ ১২ বছর কেটে যাবার পর ঐ গভর্নিং বডি বাতিল হয়ে গেল। বাতিল হয়ে গিয়ে আবার নতুন করে গভর্নিং বডি তৈরি করা হয়েছে। সেখানে এখন ছাত্র প্রতিনিধি এসেছে, অশিক্ষক প্রতিনিধি গভর্নিং বডিতে এসেছে এবং ৪ জন শিক্ষক এসেছেন। যেভাবে গঠন করা হল তাতে আর আর. এস. পি. দলের সদস্য নেই, ফরওয়ার্ড ব্লক দলের সদস্য নেই। শুধু ইউনিভার্সিটির নমিনি ২ জন এবং গভর্নমেন্টের নমিনি ২ জন অর্থাৎ ৪ জনই সি. পি. এমের মানুষ এল। এই হল ওনাদের আদর্শের ব্যাপার। এবার আমি আর একটি উদাহরণ দিচ্ছি, মাননীয় মন্ত্রী কান্তিবাবু একটু শুনুন, কালিয়াগঞ্জে ৪টি বাংলা মিডিয়ামের হাই স্কুল আছে এবং ১টি হিন্দি মিডিয়াম হাইস্কুল আছে। ৪টি বাংলা মিডিয়ামের মধ্যে ২টি বয়েস আর ২টি গার্লস। ঐ ৪টি স্কুলে ৪০০ ছেলে-মেয়ে আছে, কিন্তু তারা ক্লাস ফাইভে ভর্তি হতে পারেনি। আপনি রেকর্ড দেখে নেবেন। কেন ভর্তি হতে পারেনি? আমি স্বাস্থ্য দপ্তরের ব্যয়-বরাদ্দ খাতে আলোচনায় অংশ নিয়ে বলেছিলাম স্বাস্থ্য দপ্তরের পরিচালনায় স্বাস্থ্য কেন্দ্রগুলির কি হাল হয়েছে, নার্সিং হোমগুলি কি করছে। আর এখনকার আলোচনায় বলছি, প্রাইমারি স্কুলগুলি কি করছে আর নার্সারিগুলি কি করছে সেটা দয়া করে শুনুন। আপনারা আপন আপন এলাকায় এই ব্যাপারে খোঁজ নিয়ে দেখবেন। আমি সেদিন কালিয়াগঞ্জে খোঁজ নিয়ে দেখেছি, যারা ঐ সমস্ত স্কুলে ভর্তির সুযোগ পেয়েছে তাদের মধ্যে শতকরা ৯০ জনই নার্সারি এডুকেশন থেকে এসেছে। আর ফরমাল প্রাইমারি স্কুল থেকে যারা পরীক্ষা দিয়েছিল তাদের মধ্যে অ্যাডমিশন টেস্টে ১০ জনের বেশি চান্স পায়নি। আমি এই ব্যাপারে তদন্ত করতে বলছি কথাটা সত্য, না মিথ্যা। সুতরাং ফরমাল প্রাইমারি স্কুল রাখার উপযোগিতা কি? এগুলি রেখে কোনও লাভ নেই। আপনারা একদিকে শিক্ষার বেসরকারিকরণের বিরোধিতা করবেন আর অন্য দিকে চালাকি করে বেসরকারিকরণকে প্রতিষ্ঠিত করবেন। আজকে দেখা যাচ্ছে, নার্সারি স্কুলগুলি থেকে আসা ছাত্ররা ক্লাস ফাইভে ভর্তির সুযোগ পাচ্ছে আর ফরমাল প্রাইমারি স্কুল থেকে ভর্তির সুযোগ পাচ্ছে না। কারণ যেহেতু ইংরাজি নেই, পড়া-শুনা নেই, পরীক্ষা নেই, কিছু নেই। সেইজন্য ছাত্ররা প্রাইমারি স্কুলে যাচ্ছে না। ক্লাস ১ থেকে ২, ক্লাস

২ থেকে ৩, ক্লাস ৩ থেকে ৪ কোনও পরীক্ষা হচ্ছে না, কিছু হচ্ছে না। ক্লাস ৫এ কি মূল্যায়ণ হচ্ছে সেটা আমরা জানি। এই প্রাইমারি স্কুলগুলির অভিজ্ঞতা সবারই আছে।

[6-00 — 6-10 p.m.]

কান্তিবাবু, সত্যসাধনবাবু, বংশগোপালবাবু ইত্যাদি যাদের বয়স হয়েছে তারা জানেন .এবং আমরাও জানি যে আগে প্রাইমারি স্কুলগুলিতে নিয়মিত ইন্সপেকশন হ'ত। আজকে কিন্তু সেই সমস্ত এস. আই.-দের ইনঅ্যাকটিভ করে রেখে দেওয়া হয়েছে, অকেজো করে রেখে দেওয়া হয়েছে। আগের মতোন তারা আর প্রাইমারি স্কুলগুলি ইন্সপেকশন করেন না। আগে যখন স্কুলে ইন্সপেক্টররা আসতেন তখন আমরা দেখেছি যে মাস্টারমশাইদের সামনেই তারা ছাত্রদের প্রশ্ন জিজ্ঞাসা করতেন পড়াশুনার ব্যাপারে। সেখানে ক্লাস থ্রি-র ছেলেকে ক্লাস টু-র প্রশ্ন জিজ্ঞাসা করলে এবং সে উত্তর সঠিকভাবে দিতে না পারলে ইন্সপেক্টররা মাস্টারমশাইদের বলতেন যে এখানে পড়াশুনা ঠিকমতোন হচ্ছে না। আজকে এস. আই.-দের অফিসে গিয়ে দেখে আসুন, তারা ইন্সপেকশনের কাজ না করে টেবিলে বসে বসে পে বিল তৈরি করছেন। বিভিন্ন প্রান্ত থেকে শিক্ষকরা কাগজপত্র নিয়ে তাদের কাছে আসছেন এবং তারা বসে বসে পে বিল তৈরি করছেন কিন্তু তাদের যে আসল কাজ ইন্সপেকশন করা সেটা তারা করছেন না। কেন এইভাবে তাদের অকেজো করে রেখে দেওয়া হয়েছে আশা করি তার জবাব মন্ত্রী মহাশয় দেবেন। এরপর আমি যে বিষয়টি নিয়ে বলতে চাই সেটা হচ্ছে, আমাদের কালিয়াগঞ্জের তরঙ্গপুরে যে জুনিয়র বেসিক ট্রেনিং কলেজটি আছে তার সম্বন্ধে। আমি এম. এল. এ. হিসাবে তার গভর্নিং বডির মেম্বার। সেখানে গিয়ে আমি শুনলাম, ১৯৮৫ সালের পর আর গভর্নিং বডির কোনও মিটিং হয়নি। সেখানে যে সিলেকশন বা অ্যাডমিশন কমিটি আছে যদিও আমি তাতে নেই কিন্তু সেখানে নাম্বারিং কিভাবে হয় সেটা একটু বলি। ১৫ নাম্বার ফার্স্ট ডিভিসন যারা তারা পায়, ১০ নং সিলেকশন কমিটি নিজেদের হাতে রাখেন ঐ ওর‍্যালের জন্য, ৫ নাম্বার থাকে একস্ট্রা ক্যারিকুলাম অ্যাক্টিভিটিসের জন্য। এই সিলেকশন বা অ্যাডমিশন কমিটিতে আছেন জেলাপরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির কর্মাধ্যক্ষ, জেলার প্রাইমারি এডুকেশন বোর্ডের চেয়ারম্যান, প্রাইমারির ডি. আই. এবং ওখানকার প্রিন্সিপ্যাল। এই ৪ জনকে নিয়ে কমিটি। কান্তিবাবু খোঁজ নিয়ে দেখবেন, ওখানে ২৩/২৪ তারিখে যে ইন্টারভিউ ডাকা হয়েছে সেখানে তা নিয়ে কি হচ্ছে, এবং কাদের ডাকা হচ্ছে। সেখানে নাকি আগেভাগেই ভাগ বাঁটোয়ারা হয়ে গিয়েছে। সেখানে সিলেকশন যেভাবে হবে তা লোকে আগেই জেনে গিয়েছে এবং তা নিয়ে সেখানে টি-টি পড়ে গিয়েছে। ঐ বেসিক ট্রেনিং কলেজের যে ১৫০টি সিট আছে তারমধ্যে ১০৫টি শিক্ষকদের জন্য এবং ৪৫টি ফ্রেশারদের জন্য। এই ৪৫টির মধ্যে ৩০টি ছাত্রদের জন্য এবং ১৫টি ছাত্রীদের জন্য। এখানে ভর্তির কান্ডকারখানা যা চলছে আশা করি মন্ত্রী মহাশয় তা খোঁজ নিয়ে দেখবেন এবং সমস্ত রকমের অন্যায় কাজ বন্ধ করবেন। স্যার, এবারে আমি কলেজের কথায় আসি। আমাদের পশ্চিমবঙ্গে ৩৫২টি কলেজের কত শিক্ষকের পদ খালি আছে আশা করি মন্ত্রী মহাশয় তা বলবেন। কলেজগুলি আজকে পার্ট টাইমার দিয়ে চালানো হচ্ছে। আমার কলেজেই ১৪ জন শিক্ষকের পদ খালি আছে। আমাদের হিসাব সারা রাজ্যে ৪।। হাজার শিক্ষকের পদ খালি আছে। সেগুলি পার্ট টাইমার দিয়ে চালানো হচ্ছে। তাদের কত টাকা করে দেওয়া হয় সেটা

সকলেই জানেন। স্যার, সময় না থাকায় পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য এবং দুর্নীতির বিষয়ে আমি বলতে পারলাম না। আমি যে প্রশ্নগুলি তুলেছি আশা করি মন্ত্রী মহাশয়রা তার জবাব দেবেন। এই বলে বাজেটের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মান্য অধ্যক্ষ মহোদয়, শিক্ষা বিভাগীয় মন্ত্রী মহাভাগানাং প্রদত্ত ব্যয় বরাদ্দ তালিকম্ সর্বান্তঃকরণেন সমর্থনং ক্রিয়তে ময়া। অস্মিন্ বিষয়ে কশ্চিৎ বাক্ বিশেষঃ অস্তি। সর্বং সংস্কৃতেন পরিবেশিতং ভবতি।

বঙ্গে বঙ্গসর্বকারাঃ সদা কুর্বন্তি মঙ্গলম্
বঙ্গীয়ানাং হিতার্থায় চিন্তয়ন্তি সদা ভুবি।।
বিদ্বদ্‌বংশসমুৎপন্নাঃ যে মন্ত্রিনঃ সমাগতাঃ।
দেশসেবৈব কার্য্যংতে জীবনে ব্রতমুত্তমম্।।
শিক্ষা বিবর্দ্ধানে নিত্যং তথামানোন্নয়নে চ।
আর্থিক কুশলতায়াং মাতৃভাষা প্রসারণে।।
শিক্ষকানাং হিতার্থায় ছাত্রানাং চ সুরক্ষণে।
আত্মোৎসর্গং তে কুর্বন্তি বিদ্বাংস ঃ কথয়ন্তিমাম্।।
বিদ্যাসাগরস্য মার্গং অনুসৃত্য চলন্তিতে।
নিরক্ষরে শিক্ষাদানং তেষাম্ভ উত্তমংব্রতম্।।
সর্বকারস্য যা কৃতি সর্বং প্রশংসিতংময়া।
অন্তে নিবেদনমেকং কৃপয়া চিন্তয়ন্ত ভো।।
অবশ্য পাঠ্যরূপেন আগচ্ছতু সুসাংস্কৃতম্।
ধারা অক্ষুন্না ভবতু মাধ্যমিকে বিশেষতঃ।।
কারিগরি শিক্ষায়াংচ গ্রন্থাগারে বিশেষতঃ।
ভবতাং কর্ম সাফল্যং সর্বজনসুবিদিওম্।।
সত্যনিষ্ঠপরো ভূত্বা সত্যসাধন তৎপর।
কুর্বন্তি সাধনং নিত্যং জ্ঞানকান্তিসমৃদ্ধয়ে।।

**শ্রীমতী অঞ্জু কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দপ্তরের ব্যয়-বরাদ্দের উপরে এতক্ষণ ধরে যে আলোচনা হয়েছে তা আমি বিশেষ মনোযোগ সহকারে শুনেছি। যেসব মাননীয় সদস্য এই আলোচনায় অংশগ্রহণ করেছেন, আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। আজকে এই ব্যয়-বরাদ্দের উপরে আমার যে বিষয় আছে, সেই বিষয়ের উপরে আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। আজকে এই আলোচনায় বিরোধী পক্ষ থেকে মাননীয় সদস্য সঞ্জীব দাস মহাশয় তার দলের পক্ষ থেকে যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যের মধ্যে নুতনত্ব কিছু

পাওয়া যায়নি স্টিরিও টাইপের বাধা গদ, যে সমালোচনা তারা বিভিন্ন সময়ে করে থাকেন, সেই রকম সমালোচনা দিয়ে তিনি বক্তব্য শুরু করেছেন। আমি যে কথা বলতে চাই, প্রথমে যে বক্তব্য রেখেছেন যে, ১৮ নম্বরে পশ্চিমবঙ্গ সাক্ষরতার ক্ষেত্রে থাকবে কেন? এ বিষয়ে বিভিন্ন সময়ে আপনারা প্রশ্ন করেছেন এবং প্রশ্নোত্তরের মাধ্যমে সেই বক্তব্যের উত্তর আমরা রেখেছি। আমি একথা বলতে চাই যে, এই ১৮ নম্বরের জন্য আপনারা যে উদ্বেগ প্রকাশ করেছেন, যে লজ্জা প্রকাশ করেছেন, সেই লজ্জায় আমরাও লজ্জিত। আমি মনে করি যে এটা শুধু আমাদের পশ্চিমবাংলা, আমাদের রাজ্যের লজ্জা নয়, এটা সমগ্র ভারতবাসীর পক্ষেও লজ্জার ব্যাপার। এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, আজকে সারা পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশি নিরক্ষরতা রয়েছে ভারতবর্ষে। ১৯৪৭ সালে যখন আমরা স্বাধীনতা অর্জন করি তখন যে জনসংখ্যা ছিল, আজকে সেই জনসংখ্যা বেড়েছে এবং সেই তুলনায় নিরক্ষরতার সংখ্যাও বেশি হয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা এই লজ্জা অনুভব করি। এই লজ্জাকে দূর করার জন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। আপনারা শিক্ষা দপ্তর সম্পর্কে বারেবারে সমালোচনা করেছেন। আগে ৬ জন মন্ত্রী ছিল, আজকে ৫ জন মন্ত্রী আছেন। কিন্তু আপনারা বারে বারে সমালোচনা করেছেন। আজকে জনশিক্ষা প্রসারের দপ্তর করা হয়েছে এবং এই বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব সহকারে দেখা হচ্ছে। আগে যে সমস্ত সাক্ষরতা দূরীকরণের কর্মসূচি ছিল, সেই কর্মসূচির মধ্যে যে সমস্ত অবৈজ্ঞানিক দিক ছিল সেগুলিকে দূর করে সার্বিক শিক্ষার জন্য বিভিন্ন ভাবে আমরা অগ্রসর হচ্ছি। আমরা প্রথম থেকে সাক্ষরতা কর্মসূচি যখন গ্রহণ করি তখন থেকে আমাদের কর্মসূচির মূল্যায়ন করলে আমাদের কি অগ্রগতি হয়েছে সেটা আপনারা বুঝতে পারবেন। এই কর্মসূচি ১৯৯০ সাল থেকে যা শুরু হয়েছে তারপর থেকে রাজ্যে ৭৮ লক্ষ ২ হাজার মানুষ সাক্ষর হয়েছেন। অতি সম্প্রতি দক্ষিণ দিনাজপুর এবং মালদহ জেলার ৪ লক্ষ মানুষ সাক্ষরতা অভিযানে সাফল্য অর্জন করেছেন। এই সাফল্যের জন্য আমরা গর্বিত।

[6-10 — 6-20 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার :** আমাদের আলোচনার সময় নির্ধারিত ছিল ৪ ঘন্টা, কিন্তু সেটা শেষ হয়ে যাচ্ছে, কিন্তু দেখা যাচ্ছে, আরও অনেকটা সময় লাগবে। তারজন্য আরও দেড় ঘন্টা সময় বাড়াবার প্রস্তাব সভায় রাখছি।

**(সভার সম্মতিক্রমে এই সময় দেড় ঘন্টা সময় বৃদ্ধি ঘটে)**

**শ্রীমতী অঞ্জু কর :** আমি পুনরায় শুরু করছি। এখানে বলা হয়েছে যে, সাক্ষরতা অভিযানে কোটি কোটি টাকার হিসেব নেই, টাকা নয়-ছয় হয়েছে। কিন্তু তাদের অবগতির জন্য জানাচ্ছি, সাক্ষরতা অভিযানে বেশির ভাগ টাকাটাই দিচ্ছেন কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকার যে টাকা দেন তার ইউটিলাইজেশন সার্টিফিকেট পাঠাতে হয়। এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের জাতীয় সাক্ষরতা কমিশনের পক্ষ থেকে টাকা নয়-ছয়ের কোনও অভিযোগ আমরা পাইনি। সাক্ষরতা অভিযানে রাজ্য সরকারের পক্ষ থেকে যে টাকা দেওয়া হয় সেই টাকা নয়-ছয়ের কোনও অভিযোগও এখনও পর্যন্ত আসেনি। এই বিষয়ে আপনাদের যদি কোনও নির্দিষ্ট অভিযোগ থাকে, লিখিতভাবে সেটা আমাদের দিন, আমরা নিশ্চয়ই সেক্ষেত্রে

তদন্ত করে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করব। আপনারা বারেবারেই আমাদের এই আন্তর্জাতিক পুরস্কার প্রাপ্তি নিয়ে বিস্ময় প্রকাশ করেছেন। কিন্তু জেনে রাখবেন, এই পুরস্কারের ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও সুপারিশ করা হয় না। সুপারিশটা করা হয় ভারত সরকারের পক্ষ থেকে এবং তারাই আমাদের জন্য সুপারিশ করেছেন। এখন পর্যন্ত বাংলাদেশ, 'ইউনেস্কো' এবং এশিয়ার প্রশান্ত সাগরীয় দেশগুলির পক্ষ থেকে এ-সম্পর্কে যে পুরস্কার, যে সম্মান এবং মর্যাদা আমরা আদায় করতে পেরেছি, সবটাই ভারত সরকারের রিপোর্টের ভিত্তিতে, স্বীকৃতি ভিত্তিতে, সুপারিশের ভিত্তিতে। এরজন্য আমরা গর্বিত। এই সাফল্যের জন্য আরও বেশি উৎসাহিত। তারপর মূল্যায়ণ সম্পর্কে প্রশ্ন তুলেছেন। কিন্তু সাক্ষরতা অভিযানে মূল্যায়নের যে কর্মসূচি সেটাও ভারত সরকারের নির্দেশিত পথেই হচ্ছে। এবং এই মূল্যায়নে ভারত সরকারের প্রতিনিধিরাও থাকেন এ-বিষয়ে আপনারা নিশ্চিত হতে পারেন। এই জায়গায় দাঁড়িয়ে আমরা সাক্ষরতা কর্মসূচি পরিচালিত করছি। এই অভিযানে শুধুমাত্র সাক্ষরতাই নয়, মানুষের জীবনযাত্রার মান যাতে আরও বেশি উন্নয়নের দিকে নিয়ে যাওয়া যায় তারজন্য আমরা সাক্ষরোত্তর কর্মসূচি গ্রহণ করেছি এবং সেটা সরকারিভাবে এবং ধারাবাহিকভাবে পরিচালিত হচ্ছে। আমাদের রাজ্যে বর্ধমান, বীরভূম......**(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)**.....

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা যখন বলছিলেন তখন সরকার পক্ষ থেকে কেউ বাধা দেননি। বসুন, টেক ইওর সিটস। সংসদীয় গণতন্ত্রে এটা তো কোনও রীতি হতে পারে না। হাউস চলবে কি করে আপনাদের সহযোগিতা না পেলে? আপনাদের খেয়াল খুশি মতোই কি সভার কাজ চলবে? ওরা আপনাদের কথা শুনেছেন, কোনও বাধা দেননি। প্রভঞ্জনবাবু বাধা দিয়েছিলেন, আমি বসিয়ে দিয়েছে। Please take your seats. I am on my legs. When the Minister is giving the reply, then you are shouting. What is this ? আপনারা বলবেন আরও ওনারা যখন বলবেন তখন ওদের বলতে দেবেন না এই ভাবে হাউস চলতে পারে? এ কি অন্যায় কথা। এই টুকু ধৈর্য নেই শোনার? আপনারা মন্ত্রীর কাছে প্রশ্ন করেছেন উত্তর নেওয়ার জন্য। প্লিজ ডোন্ট ডু সো। আপনারা বসুন।

**শ্রীমতী অঞ্জু কর ঃ** আমার বক্তব্যের মধ্যে আমি উল্লেখ করতে চাইছি, এখন পর্যন্ত যা মূল্যায়ন হয়েছে, আমাদের রাজ্যে ১৩টি জেলায় এই সমস্ত ব্যাপারে যে মূল্যায়ন হয়েছে তাতে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে তাদের টিমকে থাকার জন্য বলেছি। আমাদের রাজ্যে যে আই. আই. এম. ইনস্টিটিউট রয়েছে আই. এস. আই. ইনস্টিটিউট রয়েছে সেখানে এই ব্যাপারে খোঁজ নিয়ে দেখবেন তারা আমাদের এই টিমে উপস্থিত ছিলেন। উল্টো কথা বলে হাউসকে বিভ্রান্ত করবেন না। আপনারা আমার বক্তব্যের সত্যাসত্য যাচাই করুন, খোঁজ নিন। হাউসকে বিভ্রান্ত করার অধিকার আপনাদের নেই। আমি এই সম্পর্কে বলতে চাই যে সাক্ষরোত্তর ধারাবাহিক কর্মসূচি আমরা নিয়েছি। আপনারা শুনে আনন্দ পাবেন যে দুটি জেলা, বর্ধমান এবং বীরভূমে এই কর্মসূচি চলছে। পরবর্তী স্তরে আরও যারা পড়াশোনা করতে চায়, শিক্ষার প্রতি আগ্রহ নিয়ে অগ্রগতি ঘটাতে চায় তাদের জন্য বয়স্ক হাই স্কুলের সুযোগ রয়েছে। এখনও পর্যন্ত ৩৩টি স্কুলে এই ধরনের শিক্ষা ব্যবস্থা আছে। পাশাপাশি যারা প্রাথমিক স্কুল থেকে ড্রপ আউট হয়ে যাচ্ছে তাদের জন্য নন-ফরমাল স্কুলে শিক্ষা ব্যবস্থা করা যায়

কিনা এই বিষয়ে নূতন চিন্তা ভাবনা করছি। এই ব্যাপারে আমরা পরিকল্পনা গ্রহণ করেছি। আপনারা বলেছেন প্রতিবন্ধী বিশেষ করে ব্লাইন্ড স্কুলে কোনও নিয়ম নীতি নেই। এটা জেনে রাখুন, স্বাধীনতার ৫০ বছরে আমরা পা দিয়েছি, আমরা তার উৎসব করতে চলেছি, ২০০০ সালের মধ্যে সকলের জন্য শিক্ষা পৌঁছে দিতে এই জায়গায় দাঁড়িয়ে তৎকালীন সময় থেকে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের প্রতিবন্ধীদের জন্য কোনও শিক্ষা নীতি নেই। আপনারা খোঁজ নিয়ে দেখবেন প্রতিবন্ধী শিক্ষার বিষয়ে সমাজ কল্যাণ দপ্তরের অধীনে এবং শিক্ষা দপ্তরের অধীনে নয়, এই সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে তিন ধরনের প্রতিবন্ধী মানসিক প্রতিবন্ধী, ডাফ অ্যান্ড ডাম্ব এবং অন্ধ—এদের জন্য আমাদের রাজ্যে একটা শিক্ষা ব্যবস্থা চালু করতে চলেছি। তাদের জন্য শুধু শিক্ষাই নয় তাদের জন্য বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা চালু করতে চলেছি। তাদের যাতে সমাজের মানুষ হিসাবে প্রতিষ্ঠিত করা যায়, সমাজের মূল স্রোতে নিয়ে যাওয়া যায় তার চেষ্টা করা হচ্ছে। শুধু শিক্ষা নয় তাদের কারিগরি শিক্ষা দেবার জন্য কারিগরি শিক্ষা দপ্তরের সঙ্গে যৌথ উদ্যোগে তাদের স্বনির্ভর করতে চাই। এই বিষয়ে আমরা পরিকল্পনা গ্রহণ করেছি। এই বিষয়ে কর্মসূচি হল প্রতিটি জেলায় এই ধরনের শিক্ষা ব্যবস্থা চালু করব। কিন্তু এটা খুব কস্টলি, সাধারণ শিক্ষা ব্যবস্থা যেটা এটা তা নয়, এই জায়গায় দাঁড়িয়েও এই জিনিস করার আমাদের পরিকল্পনা আছে। কিন্তু আর্থিক দিক থেকে আমাদের একটু অসুবিধা রয়েছে। তবে চেষ্টা চালিয়ে যাচ্ছি। পাশাপাশি আমি এই কথা বলতে চাই, সমাজ কল্যাণ দপ্তরের আবাস আমাদের রাজ্যে রয়েছে, সেখানে ৩ হাজার ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণ করছে। গত কয়েক বছর ধরে আমরা ছাত্র-ছাত্রী ভর্তি করেছি, গত বছর আমরা ১ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি করেছি, এই বছর ১,৫০০ ছাত্র-ছাত্রী ভর্তি করব এই লক্ষ্য মাত্রা রেখেছি। এই প্রসঙ্গে বলতে চাই, আমাদের যে শ্রমিক বিদ্যাপিঠ আছে সেখানে ৪৮২ জন ছাত্রছাত্রী আছে, সেখানে তাদের বিভিন্ন বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা চালু করেছি। সেখানে ছাত্রছাত্রীরা প্রশিক্ষণ গ্রহণ করে চলেছে। সুতরাং আপনারা এক তরফ ভাবে যেটা বলার চেষ্টা করেছেন সেটা ঠিক নয়। সাক্ষরতার প্রসার চলছে। এই ক্ষেত্রে ভলেন্টিয়ারি অর্গানাইজেশন, রাজনৈতিক প্রতিষ্ঠান পঞ্চায়েত সমিতি সকলের অংশগ্রহণের ক্ষেত্রে একটু সমস্যা হচ্ছে। এই সমস্যা সমাধান করার চেষ্টা আমরা করছি। আমাদের রাজ্য স্তরে যে ওয়ার্কশপ সংগঠিত হয়েছে সেখানে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি উপস্থিত ছিলেন। ইতিমধ্যে তারা বলে গিয়েছেন যে আমাদের দেশে অন্যান্য জায়গায় যা চলছে তার মধ্যে পশ্চিমবাংলায় ভাল চলছে। এই সার্টিফিকেট্ তারা দিয়ে গিয়েছেন। সেই জায়গায় দাঁড়িয়ে, বলতে চাই, এটা আত্মসন্তুষ্টি নয়, ২০০১ সালের মধ্যে আমরা সাফল্যের চূড়ান্ত জায়গায় যেতে পারব।

[6-20 — 6-30 p.m.]

সেই জায়গায় সকলের আরও বেশি সহযোগিতা প্রয়োজন, বিশেষ করে আমরা যারা প্রতিনিধি আছি—পঞ্চায়েতে এবং বিভিন্ন স্তরে, বিশেষ করে যারা বিধায়ক আছেন। আমাদের সেই জায়গায় বিশেষ দায়বদ্ধতা জনগণের প্রতি থেকে যাচ্ছে। আমি আশা করব, ভবিষ্যতে আপনাদের সক্রিয় সহযোগিতা ও সহায়তা নিয়ে আমরা আমাদের কাজের আরও অগ্রগতি

ঘটাতে পারব। এই কথা বলে আপনাদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী নিমাই মাল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় সোহরাব সাহেব ঠিকই বলেছেন, লাইব্রেরি সম্বন্ধে কেউ কিছু বলেননি। এটা দেখে মনে হচ্ছে যে, বিরোধীরা কেউ লাইব্রেরিতে যেতে চান না। আমি এই বাজেটকে সমর্থন করার আগে সর্বভারতীয় ক্ষেত্রে বড় বড় রাজ্যগুলোর গ্রন্থাগারের চিত্রটা একটু বলে নিতে চাই। ১৯৯৬-৯৭ সালে উত্তর প্রদেশের মতো একটা রাজ্যে গ্রন্থাগার খাতে খরচ করেছে ৮৩ লক্ষ টাকা। মধ্যপ্রদেশ খরচ করেছে ১ কোটি টাকা। অন্ধ্রপ্রদেশ খরচ করেছে ৫ কোটি টাকা। বিহার খরচ করেছে ৩৫ লক্ষ টাকা, ওড়িষ্যা খরচ করেছে ৫ কোটি টাকা। গুজরাট খরচ করেছে ৪ কোটি টাকা এবং মহারাষ্ট্র খরচ করেছে ৫ কোটি টাকা। সেখানে আমাদের পশ্চিমবঙ্গে আমরা খরচ করেছি ২৫ কোটি ৮৮ লক্ষ ১৫ হাজার ৮০৯ টাকা। এটা থেকেই বোঝা যায় যে গ্রন্থাগার আন্দোলন শুরু করেছিলেন এবং গতি লাভ করেছিল কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের আশীর্বাদ নিয়ে, তার সভাপতি দিয়ে, পরবর্তী পর্যায়ে আচার্য প্রফুল্লচন্দ্র রায় নেতৃত্ব দিয়েছিলেন, পশ্চিমবঙ্গে আমরা, বামফ্রন্ট আসার পর সেই আন্দোলনকে গতিমুখী করতে পেরেছি। আমাদের সরকারি গ্রন্থাগার আছে ২,৪৩৪টি। এইঠথ প্ল্যানে আমাদের পরিকল্পনা ছিল এগুলোকে আমরা সুসংবদ্ধ করব। সেভেন্থ প্ল্যানে পরিকল্পনা ছিল এর সংখ্যা বাড়াব। গত আর্থিক বছরে আমরা এইসব গ্রন্থাগারকে আরও শক্তিশালী করব বলেছিলাম। এই বছরে আমরা ৩,৭০০ করে টাকা গ্রামীণ গ্রন্থাগারকে পুস্তক ক্রয় ও পরিচালনার জন্য অনুদান হিসাবে যেটা দিতাম সেটাকে বাড়িয়ে ৮ হাজার টাকা করেছি। টাউন লাইব্রেরিকে ১০ হাজার টাকা থেকে বাড়িয়ে আমরা ১৫ হাজার টাকা করেছি এবং ডিস্ট্রিক্ট লাইব্রেরিকে ৩৯ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫০ হাজার টাকা করেছি। এই বছরে আমরা ১ কোটি ৬ লক্ষ টাকা নতুন করে অনুদান দিতে পেরেছি। ১০৩টি লাইব্রেরিকে নতুন ভবন নির্মাণ অথবা কেউ যদি ভবন রিপেয়ার করতে চান, তারজন্য টাকা দিয়েছি। এর পরিমাণ প্রায় ১ কোটি ৬ লক্ষ টাকা। রাজা রামমোহন রায় ফাউন্ডেশনের যে টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট এবং রাজ্য সরকারের, দু'জনের যে ম্যাচিং গ্রান্ট থাকে, পশ্চিমবঙ্গে আমরা সবচেয়ে বেশি টাকা খরচ করেছি। ৩৪টি লাইব্রেরিকে আমরা টাকা দিতে পেরেছি। ৭২টি লাইব্রেরিকে শিশুদের বই রাখার জন্য প্রত্যেককে ৫ হাজার টাকা করে অনুদান দিতে পেরেছি। এই খাতে আমরা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি খরচ করতে পেরেছি। এছাড়া রাজ্য সরকারের যে টাকা তা থেকে ১,২০০ করে টাকা আমরা প্রত্যেকটি লাইব্রেরিকে এক একটা করে কেনার জন্য দিতে পেরেছি। প্রত্যেকটি লাইব্রেরিকে একটি করে র‍্যাক দেবার কাজ এই বছরে সমাপ্ত হয়ে যাবে বলে আমরা আশা করছি। তাই আগামীবারে যে বরাদ্দ দাবি করেছি, আমি আশা করব, পশ্চিমবঙ্গে গ্রন্থাগার আন্দোলনের সাথে সাক্ষরতার যে আন্দোলন চলছে, শিক্ষার যে আন্দোলন চলছে, একে সমন্বয় করার জন্য আমার যে দাবি আছে তাকে আপনারা সমর্থন করবেন। যদি কোনও সমালোচনা থাকে, আগামী দিনে যদি কিছু প্রশ্ন করেন, আগামী দিনে যাতে গ্রন্থাগারকে আরও ভাল ভাবে জনগণের কাছে পৌঁছে দেওয়া যায় তারজন্য আপনারা যে মতামত দেবেন, আমরা তা গ্রহণ করব। টেক্সট বুক লাইব্রেরি ব্যাপারে আপনারা জানেন যে, ক্যালকাটা বুক ফেয়ার যেটি হয়েছিল, তাতে মারাত্মক

একটি দুর্ঘটনা ঘটে গিয়েছিল। আমরা সকলেই এই বিধানসভায় তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিলাম।

আমরা এই বছরে পাবলিকেশনকে সাহায্য করার জন্যে ৮৩ লক্ষ টাকা দিয়েছি এবং ওই টাকা আমাদের গুণতে হচ্ছে। যার ফলে শিশুদের ক্ষেত্রে আমরা টাকা দিতে পেরেছি কিন্তু টেক্সট বইয়ের ক্ষেত্রে দিতে পারিনি। আশা করি আগামী বছরে টেক্সট বইয়ের ক্ষেত্রে যে দাবি সেই দাবি আমরা পূরণ করব এই আশা রেখে কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বংশগোপাল চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা দপ্তরের পক্ষ থেকে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করা হয়েছে তাকে সমর্থন করে বিরোধীপক্ষের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বাজেটকে পূর্ণ সমর্থন করে বক্তব্য শুরু করছি। এখানে মূলত বিরোধীপক্ষ থেকে ২টি কাট মোশনের উপরে বক্তব্য রেখেছেন। মাননীয় সদস্য অশোক দেব মহাশয় কাটমোশন এনেছেন এবং সৌগত রায় কাট মোশন এনেছেন। বিরোধীপক্ষ থেকে কাট মোশনের মধ্যে যে বক্তব্য রাখার চেষ্টা হয়েছে সেটা হচ্ছে যে, এই রাজ্যে কারিগরি শিক্ষার বৃদ্ধির ক্ষেত্রে আশানুরূপ ফল হয়নি। আশানুরূপভাবে তার বৃদ্ধি হয়নি। আমি মনে করি বিরোধীপক্ষের থেকে যে সত্য কথা বলা হয়েছে এবং সেখানে যেভাবে সত্য কথা বলে থাকেন তাতে আমার মনে হয় অনেক সময়ে সেটা কিছুটা বুঝে বলেন আর কিছুটা না বুঝে বলেন বা বলার চেষ্টা করেন। এখানে আমার মনে হয় এখানে ওরা যে কথা বলার চেষ্টা করেছেন সেটা সঠিকভাবে বলেননি। আমি কখনওই মনে করি না যে বিরোধীপক্ষের বক্তব্য এই গণতান্ত্রিক ব্যবস্থায় কোনও মূল্য নেই, কিন্তু তবুও আমি বিনীতভাবে আবেদন করছি যে, এই কারিগরি শিক্ষার ক্ষেত্রে সারা ভারতবর্ষে অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন যারা পরিচালনা করছেন তারা কি দৃষ্টিভঙ্গি আমাদের রাজ্যের সামনে রেখেছেন? আমাদের সারা ভারতবর্ষে যে দৃষ্টিভঙ্গি আমাদের রাজ্যের ক্ষেত্রে সেই দৃষ্টিভঙ্গি নেই। আমার দ্বিতীয় কথা হচ্ছে যে, আমাদের রাজ্য সরকার কখনওই কারিগরি শিক্ষা ব্যবস্থাকে বেসরকারি ব্যবস্থায় নিয়ে যেতে চায় না, কিন্তু সঙ্গে সঙ্গে এই কথাও মনে করি যে শিল্পের সম্প্রসারণের স্বার্থে এই কারিগরি শিক্ষার সম্প্রসারণের দরকার এবং তারজন্য বিভিন্ন রাজ্য যে পথে এগোচ্ছে, যেমন দক্ষিণ ভারতে প্রচুর ইনস্টিটিউশন গড়ে উঠেছে ছাত্রদের কাছ থেকে বহু অর্থ গ্রহণ করে। সেখানে ক্যাপিটেশন ফিয়ের মাধ্যমে ছাত্র ভর্তি হয়ে থাকে। অবশ্যি এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার আলোচনা করছে, কারণ সুপ্রিম কোর্টের যে রায় বেরিয়েছে তার ভিত্তিতে কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যের সঙ্গে আলোচনা করছে। সেখানে বিভিন্ন রাজ্য যে মোতাবেক এই ব্যবস্থা চালু করতে চেষ্টা করেছে পশ্চিমবঙ্গ সেই মোতাবেক এগোতে চায়নি। পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত বেসরকারি প্রতিষ্ঠানের মদত দেওয়া হয়নি। যদিও আমরা জানি এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোটি কোটি টাকা আয় করছে এবং অর্জনও করছে এবং যে পথে চলেছে আমরা সেই পথে যাব না। তবে আমাদের রাজ্যে কারিগরি শিল্পের প্রসারের জন্য যে অবস্থার মধ্যে এগোচ্ছি তাতে নতুন পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন। সেই ব্যাপারে মাননীয় সদস্য মুস্তাফা বিন কাশেম যে ফি স্ট্রাকচারের কথা বলেছেন, সেটা বোঝার দরকার আছে। এটা কিন্তু কোনও সমালোচনার বিষয় নয়। আমাদের যে ফি স্ট্রাকচারটা আছে সেটা পরিবর্তন

করার দরকার।. আগের যে ফি স্ট্রাকচার রয়েছে তাতে মাত্র ১৫-২০ টাকা লাগে কিন্তু বর্তমানে শিল্পের বিকাশ করতে গেলে কারিগরি শিক্ষার বিশেষ প্রয়োজন এবং সেখানে উন্নতমানের শিক্ষা দিতে গেলে বেশ কিছু অর্থের প্রয়োজন। সেখানে এই অল্প টাকায় কখনওই এই শিক্ষা চালানো যেতে পারে না। একটা প্রতিষ্ঠান তৈরি করতে ৭ কোটি টাকা খরচ হবে। আমি মনে করি আপনারা সহমত পোষণ করলে এই ফি স্ট্রাকচারটা পরিবর্তন করতে পারব এবং সেখানে ঐক্যবদ্ধভাবে আমাদের এগোতে হবে। আমরা যৌথভাবে শিল্প বিকাশের জন্য বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে রাজি হয়েছি। কিন্তু তারজন্য আমরা কখনওই লাগামহীনভাবে, নিয়ম বহির্ভূতভাবে তাদের হাতে সব ক্ষমতা দিয়ে দেব না। ছাত্রদের কাছ থেকে যে অর্থ নেওয়া হবে সরকারি ব্যবস্থার মাধ্যমে সেটা নেওয়া হবে। সরকারি উদ্যোগেই শিক্ষা চলবে এবং এইভাবে বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে কাজটা হবে, তাতে শিল্পের উন্নয়ন সম্ভব হবে। ম্যান পাওয়ার ডেভেলপমেন্ট লক্ষ্য করে আমাদের গভর্নমেন্ট অফ ইন্ডিয়া যে রিপোর্ট দিয়েছে তার ভিত্তিতে আমি বলছি যে, এই মিশ্র অর্থনীতির চৌহদ্দির মধ্যে থেকে দক্ষ কারিগর গঠন করার পদক্ষেপ আমরা গ্রহণ করতে পারব।

[6-30 — 6-40 p.m.]

কিন্তু আমাদের যে রাষ্ট্রীয় উদ্যোগ আছে, যে মিশ্র অর্থনীতি আছে তার মধ্যে দাঁড়িয়ে আমাদের চেষ্টা করতে হবে যৌথ উদ্যোগে এই ধরনের প্রতিষ্ঠান যাতে আমরা গড়তে পারি, যাতে আগামী দিনে ভারতবর্ষের পরিকল্পনার ক্ষেত্রে যে কাজ আমরা করতে চাই, সেখানে পশ্চিমবঙ্গও নিজেদের উদ্যোগে এই ধরনের দক্ষ কারিগর গড়ে তুলতে পারে। আমি আগেই বলেছি, গত বারের বাজেট বক্তৃতার কিছু বক্তব্য উল্লেখ করতে চাই, আমাদের বিভিন্ন পরিকল্পনায় বিশ্বব্যাঙ্ক থেকে লোন নিতে হয়েছে। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন, কেন বিশ্বব্যাঙ্ক থেকে ঋণ নিতে হয়—এটা কিন্তু আমাদের কাছে গর্বের বিষয় নয়—অন্য দপ্তর ঋণ নেয়, আবার আপনারা নেন কেন? আমাদের পরিকল্পনায় বলেছি, আমাদের কারিগরি শিক্ষার প্রসারের জন্য কি অর্থ গ্রহণ করা হয়েছে শিল্পপতিদের কাছ থেকে। ট্রেন্ড ম্যান পাওয়ার ডেভেলপমেন্ট এর কাজ কংগ্রেস যখন সরকার চালিয়েছে তারা কখনও সেটা করেননি। কিন্তু এখানে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর উদ্যোগে আমরা যে পরিকল্পনা গ্রহণ করেছি এতে আমাদের ২৮টি নূতন বিল্ডিং এর রেনোভেশন এর কাজের মধ্যে ২৭টি কাজ আমরা শেষ করেছি। এটা আমরা বলেছি। মাননীয় বিরোধী দলের বন্ধুদের বলব, সমালোচনা করার থাকলে নিশ্চয় তা আমাদের প্রাপ্য হবে, কিন্তু আমাদের দক্ষ কারিগর যারা এই রাজ্যে আছে যারা দক্ষতার সঙ্গে কিছু করার চেষ্টা করছে তার জন্য তো কিছু ধন্যবাদ আমাদের সরকারকে দিতে হবে। আমরা ২৭টির কাজ শেষ করেছি ; আর একটি এই বছরে শেষ হয়ে যাওয়ার কথা। ১০ কোটি টাকার যন্ত্রপাতি দিয়েছি। অশোকবাবু বলছিলেন, এই যন্ত্রপাতি কে চালাচ্ছে। এটা আমাদের প্রোজেক্ট রিপোর্টে আছে, এই সমস্ত যন্ত্রপাতি ব্যবহারের জন্য আমরা বাইরে থেকে লোক এনে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করেছি। আমাদের এখানে সবচেয়ে দক্ষ কারিগর তৈরির জন্য যে সমস্ত পলিটেকনিক এবং ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট আছে সেখান

থেকে এক্সপার্ট নিয়ে লেকচারের ব্যবস্থা করেছি। এই প্রকল্পে আমরা উল্লেখযোগ্য ভাবে কাজ করতে পেরেছি। এছাড়া নূতন যে কাজের অগ্রগতি হয়েছে সেটা আমরা উল্লেখ করতে চাই। আমরা এখানে নূতন ২টি আই. টি. আই. উত্তরবঙ্গে করছি। বাঁকুড়া জেলায় আই. টি. আই. ছিল না বাঁকুড়া জেলার ছাতনায় করেছি নূতন আই. টি. আই.। উত্তরবঙ্গের জন্য এই ধরনের ট্রেন্ড ম্যান পাওয়ার দরকার, যারা এই সমস্ত কাজ ভাল ভাবে করতে পারবে। আমরা আলিপুরদুয়ারে এবং বালুরঘাটে এই বছরে ২টি ইনস্টিটিউট করার কথা ভেবেছি। বালুরঘাটের কাজ সম্পন্ন হয়েছে। সেখানে একটা ভাড়া বাড়িতে শিক্ষা দেওয়ার ব্যবস্থাটা হয়েছে। আলিপুরদুয়ার মিউনিসিপ্যালিটিকে আমরা একটা বাড়ি তৈরির কথা বলেছি। নূতন বাড়ি তৈরির কাজ চলছে। পোস্ট স্যাংশন হয়ে গেছে। আর একটি বিষয় আমি এই সভায় উল্লেখ করতে চাই, যেহেতু মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা আছেন, আমাদের জয়েন্ট এন্ট্রান্সে যে পরীক্ষা ব্যবস্থা আছে, আমরা এটাকে এর বাইরে নিয়ে যেতে চাই। পলিটেকনিকের ব্যাপারে কিছু সমস্যা আছে। এখানে আমরা বলেছি ২০ শতাংশ আসন মাধ্যমিকের পরীক্ষার যে নম্বর তার ভিত্তিতে গ্রহণ করব। এতে জেলাগুলির কিছু সুযোগ থাকবে। বিশেষ করে আমি বলছি, উত্তরবঙ্গের ও দক্ষিণবঙ্গের জেলার ছাত্র-ছাত্রীরা যদি মাধ্যমিকে ভাল ফল করেন, অথচ জয়েন্ট এন্ট্রান্সে নিচের দিকে, যার নানান কারণ থাকতে পারে, তাদেরকে এখানে ২০ শতাংশ আসনে মাধ্যমিকের নম্বরের ভিত্তিতে গ্রহণ করব। আমাদের সিলেবাসে নূতন কোর্স ইন্ট্রোডিউস করতে চাই। এর জন্য স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশনে আমরা নূতন ধরনের সিলেবাস পদ্ধতি চালু করছি। আমরা বলছি, এই ধরনের কারিগরের প্রয়োজন, যেটা আমাদের নূতন শিল্পের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে। নূতন ধরনের কারিগর হবে। অনেকে বলছেন নূতন শিল্প তো বাড়ছে না, পশ্চিমবাংলায় আমরা চেষ্টা করছি পলিটেকনিকগুলি থেকে পুরনো পদ্ধতি বিলোপ করে নূতন পদ্ধতি চালু করার। এর জন্য ওয়ার্কশপ চালু করেছি, ল্যাবরেটরি চালু করেছি, আমরা ডিপ্লোমা ইন ফার্মাসিস্ট চালু করেছি, কমপিউটার সাইন্স করেছি, আমরা এখানে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন কম্পিউটার অ্যাপ্লিকেশন করতে চাই। এর জন্য যৌথ উদ্যোগ দরকার। পশ্চিমবঙ্গে ৬টি পলিটেকনিকে আই. আই. টি. জেলারেল সার্ভিস লিঃ এর সহায়তায় পোস্ট ডিপ্লোমা কোর্স চালু করতে চাই, এটা প্রয়োজনীয়। এই পোস্ট ডিপ্লোমা কোর্সে পিওর সাইন্স এর গ্রাজুয়েটরা সুযোগ নিতে পারেন।

বাইরে যাচ্ছেন এমপ্লয়মেন্টে নাম লেখাচ্ছেন। আজকে এদের আমরা পোস্ট ডিপ্লোমা ট্রেনিং দিতে পারি। পোস্ট ডিপ্লোমা ইন কম্পিউটার অ্যাপ্লিকেশন, পোস্ট ডিপ্লোমা ইন মেডিক্যাল ইলেক্ট্রনিকস এবং আমরা তার সঙ্গে এনভায়রমেন্টকে যুক্ত করেছি। আমরা ম্যানেজমেন্ট কোর্সকে যুক্ত করেছি এবং আই. জি. সি. এলের সঙ্গে যৌথ উদ্যোগে ৬টা পলি টেকনিককে চিহ্নিত করে আমরা বলেছি যে এই একটা পোস্ট ডিপ্লোমা ট্রেনিং এর কাজ আমরা করতে চাই। আর আমি মাননীয় সদস্যদের কাছে এই কথা আনন্দের সঙ্গে ঘোষণা করতে চাই যে আমাদের রাজ্যের মহিলাদের ক্ষেত্রে আমরা গুরুত্ব দিয়েছি। আমি স্বীকার করি যে, আমরা এখানে বারবার ক্যালকাটা ইউনিভার্সিটির সোশ্যাল স্টাডিজ গ্রুপকে দিয়ে আমরা স্টাডি করিয়েছি। আমি স্বীকার করি বিরোধীদের এই কথা যে সারা ভারতবর্ষের তুলনায় মহিলা শিক্ষার ক্ষেত্রে আমরা পিছনে আছি। আলোচনা সমালোচনার মধ্য দিয়ে আমাদের এগোতে

হবে। স্যার, আমরা চেষ্টা করছি। গত তিন বছরে আমাদের অগ্রগতির হার ভাল। বিশ্বব্যাঙ্কের প্রকল্পে যাদের ঋণ আমরা গ্রহণ করেছি তারাও সেই রিপোর্টের থেকে বারবার আমাদের বলেছেন যে পশ্চিমবঙ্গের এই অগ্রগতির রিপোর্টটা ভাল। বিরোধী সদস্যরা এই কথা বললেন না। পশ্চিমবাংলার প্রশংসা হলে এইসব কথা বলার চেষ্টা করেন না। এখানে শিল্পের উন্নতি হলে, দক্ষ কারিগর তৈরি হলে পশ্চিমবাংলায় বেকার যুবকদের যে সাশ্রয় হবে। আমাদের যদি দিল্লি থেকে একটা ভাল রিপোর্ট আসে ওরা তখন সেটা স্বীকার করেন না। ওরা বলেন যে রাজনীতির চেষ্টা। রাজনীতিকে বাদ দিয়ে তো ওরা এখানে কেউ আসেননি। কিন্তু আমাদের যেটুকু সমালোচনা আছে সেটুকু বাদ দিয়ে আমাদের যে প্রশংসা সেটাও আপনাদের করতে হবে। আমার হিসাবে বিশ্বব্যাঙ্কের রিপোর্ট আছে। ওরা আমাদের এই দপ্তরের রিভিউ করে বলেছেন আমাদের কোনও কোনও ক্ষেত্রে অগ্রগতি ভাল। কিন্তু আমি বলি কারিগরি শিক্ষার ক্ষেত্রে আমরা যেমন মহিলাদের ইনস্টিটিউট তৈরি করেছি, তেমন ৪টে আই. টি. আই. করেছি। আরও ইনস্টিটিউট আমরা বাড়িয়েছি কিন্তু আরও বেশি করে আমাদের এই শিক্ষার ক্ষেত্রে মহিলাদের বেশি করে নিয়ে আসতে হবে। আমরা চেষ্টা করছি যৌথ উদ্যোগ এই শিক্ষাকে আরও বাড়িয়ে তুলতে। আমরা চন্দননগরে নতুন করে ভবন তৈরি করেছি। অন্য জায়গাতেও আমরা মহিলা শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করেছি কিন্তু আমরা আশা করি আপনাদের সকলের সহযোগিতায় আগামী দু-তিন বছরের মধ্যে আমরা আরও কিছু প্রতিষ্ঠান পশ্চিমবাংলায় গড়ে তুলতে পারব। আর জনশিক্ষা প্রসার দপ্তরের, যারা নতুন সাক্ষর হয়েছেন, নব সাক্ষরদের কমিউনিটি পলি-টেকনিক স্কীমে আমরা প্রত্যেকটা ব্লকে একেবারে যারা নিচু স্তরের মানুষ তাদেরকেও আমরা যাতে নিয়ে আসতে পারি ছোট ছোট ট্রেনিং এর মধ্যে সেটাও আমরা ভাবছি। সার্ভিস সেক্টরে যাতে আমাদের গ্রামাঞ্চলে শহরের যারা বস্তির বস্তিবাসী মানুষ, এই আরবান আনএমপ্লয়মেন্ট, তাদের যে প্রবলেম মিউনিসিপ্যাল কর্পোরেশন এরিয়াতে আমরা তাদের এই ট্রেনিং এর আওতাভুক্ত করার জন্য ইতিমধ্যে কিছু মিউনিসিপ্যাল এলাকায় কিছু জেলা পরিষদের সঙ্গে যুক্তভাবে করার চেষ্টা করেছি। আমরা মনে করি আমাদের পশ্চিমবাংলাতে এই অগ্রগতির ক্ষেত্রে আমরা কারিগরি শিক্ষার আমাদের যেটুকু প্রসার হয়েছে আগামীতে আমরা আরও বেশি প্রসার দেখতে পাব। বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমাদের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পক্ষ থেকে যে শিক্ষার জন্য যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করা হয়েছে তাকে ভিত্তি করে সরকারি সদস্যগণ এবং বিরোধীপক্ষের সদস্যগণ তাদের বক্তব্য রেখেছেন সমস্ত আমি মনোযোগ দিয়ে শুনেছি। বিরোধী পক্ষের সদস্যগণের পক্ষ থেকে যে সমালোচনাগুলো করা হয়েছে আমি অকপটে স্বীকার করে নিচ্ছি যে তার ভিত্তি আছে এবং সেইসব বিষয়ের আলোচনার প্রসঙ্গে আমার বক্তব্য সরকারের পক্ষ থেকে আপনাদের কাছে বিনীতভাবে নিবেদন করব। আমি আমাদের দপ্তরের ব্যয় বরাদ্দের দাবির সমর্থনে যে কথাগুলো বলতে চাই, আমাদের ২০ বছরের সাফল্যে আমরা যেমন উৎফুল্ল তেমনি সামনে যে সমস্যা তাতে আমি উৎকণ্ঠিত যত না বেশি, আহ্লাদিত যত না বেশি তার থেকেও বেশি আতঙ্কিত। এইজন্য বিরোধী পক্ষের সদস্যরা যে কথাগুলো বলেছেন

সেগুলো আমি মন দিয়ে শুনেছি। আমাদের সরকার পক্ষের সদস্যগণ যে পরামর্শ দিয়েছেন সেগুলো শিখবার চেষ্টা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবাংলায় শিক্ষার ক্ষেত্রে যে সমস্যা এই সমস্যা মূলত সম্প্রসারণের সমস্যা—প্রবলেম অব গ্রোথ। এই প্রবলেম অব গ্রোথ অত্যন্ত ব্যাপক আকারে দেখা দিয়েছে, তার জন্য আমি উদ্বিগ্ন।

[6-40 — 6-50 p.m.]

আজকে আলোচনার যিনি সূত্রপাত করেছেন, তিনি সুন্দরভাবেই বলেছেন। সঞ্জীববাবু আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সম্প্রতি দিলওয়ার কমিশনের রিপোর্ট ইউনেসকোর পক্ষ থেকে প্রকাশিত হয়েছে। লার্নিং দ্য ট্রেজার উইদিং—এই মূল্যবান প্রতিবেদন বিশ্ব সচেতক বৃহত্তম শিক্ষা সম্পর্কিত প্রতিবেদন। এই প্রতিবেদনে ভারতবর্ষ সম্পর্কে যে কটাক্ষ করা হয়েছে, ভারতবর্ষের ভবিষ্যত সম্পর্কে যে আশঙ্কা প্রকাশ করা হয়েছে, সেই বিষয়ে এই সভার প্রত্যেকটি সদস্যই একমত হবেন বলে আমি বিশ্বাস করি। স্বাধীনতার ৫০ বছর অতিক্রম করার পরে এই বৃহত্তম প্রতিবেদনে ভারতবর্ষের কথা বারে বারে উল্লেখ করা হয়েছে। যদিও পশ্চিমবঙ্গের দু-একটা সমালোচনা থাকা সত্ত্বেও প্রশংসার কথা উল্লেখ করা হয়েছে এই প্রতিবেদনে। এটা আমাকে বিশেষভাবে আনন্দিত করেছে। অমর্ত্য সেন এখন আছেন হাভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসাবে। তিনি বাংলার সন্তান। তিনি আমাদের গর্ব। তিনি তার ইকনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড সোশ্যাল অপারচুনিটি বলে কিছুদিন আগে যে বইটা প্রকাশ করেছেন, সেখানে তিনি ভারতবর্ষের শিক্ষা সচেতনতা সম্পর্কে আশঙ্কা প্রকাশ করেছেন। ক্ষোভ, দুঃখ প্রকাশ করেছেন। এর সাথে সাথে পশ্চিমবঙ্গ সম্পর্কে কিছু মন্তব্য প্রকাশ করেছেন। তিনি বলেছেন "আমার জন্মভূমি বাংলাকে এটুকু করতে দেখে সান্তনা পাচ্ছি। কিন্তু যতটা আশা করেছিলাম, তা পাইনি।" তার জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন, বেদনা প্রকাশ করেছেন। এই প্রতিক্রিয়া অর্মত্য সেন করেছেন। তার উদ্বেগের অংশীদার আমিও। এরই সাথে সাথে মহবুবুল হক, তিনি যে বই প্রকাশ করেছেন" রিফ্লেকশন অফ হিউম্যান ডেভেলপমেন্ট", সেখানে তিনি ভারতবর্ষ সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন। তবে দু-একটি জয়াগায় পশ্চিমবঙ্গ সম্পর্কে প্রশংসা উল্লেখ করেছেন। প্রশংসা বড় কথা নয়, গোটা ভারতবর্ষের যে অবস্থা, তার অংশীদার পশ্চিমবাংলাও। তার থেকে আমরা এগোতে পেরেছি, এই দাবি আমরা করতে পারি না। সেই সাথে সাথে ইন ইকোয়ালিটি অব এডুকেশন বলে সম্প্রতি আর. পি. সিন্‌হার যে বই প্রকাশিত হয়েছে, তার মধ্যে এখন গোটা ভারতবর্ষে অবস্থাপন্ন মানুষের ইংরাজি মাধ্যমে যে শিক্ষার সুযোগ, উচ্চ মানের বিদ্যালয়ে যে শিক্ষার সুযোগ তার কথা উল্লেখ করা হয়েছে। উচ্চমানের মুষ্টিমেয় মানুষের মধ্যে শিক্ষার যে সর্বনাশা প্রয়াস চলছে, চরম অনীহা দেখা দিয়েছে, এই সম্পর্কে তিনি এখানে কটাক্ষ করেছেন। শিক্ষা ক্ষেত্রে শোচনীয় বৈষম্য এবং তার ভবিষ্যত ভারতবর্ষকে কোথায় টেনে নিয়ে যাবে, এই সম্পর্কে তিনি উদ্বেগ প্রকাশ করেছেন। আমার বিশ্বাস যে, সকল সদস্যই এই বিষয়ে একমত হবেন। এই সাথে উল্লেখ করি যে, বর্তমান কেন্দ্রীয় সরকার একটা ছোট্ট কমিটি করেছিলেন, সেখানে আমিও ছিলাম। সেখান থেকে প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটা যে রিপোর্ট দেওয়া হয়েছে, সেই রিপোর্টের অনেকগুলি জায়গায় পরিষ্কার ভাবে বলা হয়েছে যে, নবম পঞ্চবার্ষিকী

পরিকল্পনায় যদি প্রাথমিক শিক্ষাকে আবশ্যিক করতে হয়, তাহলে অন্ততপক্ষে অতিরিক্ত ৪৮ হাজার কোটি টাকা লাগবে। এই ৪৮ হাজার কোটি টাকা বর্তমান কেন্দ্রীয় সরকারের বাজেটে তার কোনও চিহ্ন নেই। এমনকি নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার রূপরেখায় অতিরিক্ত ব্যয় বরাদ্দের কোনও চিহ্ন নেই। সেই সাথে সাথে উল্লেখ করি যে, সম্প্রতি বিশ্বব্যাঙ্কের পক্ষ থেকে প্রাইমারি এডুকেশন ইন ইন্ডিয়া সম্পর্কে তথ্য প্রকাশিত হয়েছে। গোটা ভারতবর্ষের বিভিন্ন তথ্য তারা সংগ্রহ করার চেষ্টা করেছেন। প্রচুর টাকা খরচ করেছেন। সেই তথ্য তারা সংগ্রহ করে আমাদের কাছে হাজির করার চেষ্টা করেছেন। এখানে যারা ফিমেল লিটারেসি নিয়ে বলেছেন, ঠিকই কিন্তু যেটা আমাদের সমালোচনার প্রাপ্য সেটা ঠিকই আছে। কিন্তু বিশ্ব ব্যাঙ্কের প্রতিবেদনের বলা হয়েছে যে, আগে শিক্ষাক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান যেখানে ১৪তম জায়গায় ছিল, সেখানে আজকে ২০ বছর পরে কেরালা, মহারাষ্ট্র এবং তামিলনাড়ুর পরে পশ্চিমবাংলার স্থান হয়েছে। আজকে এই সাফল্যের দাবিদার শুধু আমরা একাই নয়, সেই সাফল্যের দাবিদার শিক্ষাপ্রিয় মানুষও।

সেই সাথে আরেকটা কথা এখানে বলা হয়েছে যে, আমাদের প্রাথমিক শিক্ষার মান নিম্নমুখী। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমরা যে মান অর্জন করতে চেয়েছি, সেই মান আমরা অর্জন করতে পারিনি। সেজন্য আপনাদের সমালোচনা আমি নত মস্তকে মেনে নিচ্ছি। আপনাদের সহযোগিতা নিয়ে আমরা শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি লাভ করতে চাই। প্রাইমারি এডুকেশন ইন ইন্ডিয়া পুস্তিকায় ৮৯ নম্বর পৃষ্ঠায় বলা হয়েছে, সারা ভারতবর্ষ ব্যাপী সমীক্ষা চালিয়ে দেখা গেছে যে চতুর্থ শ্রেণীতে যারা পড়ে তাদের মান কমেছে এবং এ ব্যাপারে মাত্র ৪টে রাজ্য পশ্চিমবঙ্গের উপরে আছে। অঙ্কে যে মান হওয়া উচিত, মাতৃভাষায় যে মান হওয়া উচিত সেখানে আমরা পৌঁছাতে পারিনি। এই সমালোচনার জন্য পশ্চিমবঙ্গর সরকারের পক্ষ থেকে আমি নত মস্তকে একথা মেনে নিচ্ছি। তবে গত ২০ বছরে কিছুটা এগোতে আমরা পেরেছি। আপনাদের সহযোগিতা না থাকলে এই কাজে আমরা অগ্রসর হতে পারতাম না। আপনারা ড্রপ-আউটের কথা বলেছেন। কেন্দ্রীয় সরকারের মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট-এর ১৯৯৬-৯৭-এর অ্যানুয়াল রিপোর্ট ৪ মাস আগে প্রকাশিত হয়েছে, তার ২৬১ নম্বর পৃষ্ঠায় কেন্দ্রীয় সরকারের প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে ভারতবর্ষের মধ্যে ৮ পারসেন্ট মানুষ পশ্চিমবঙ্গে বাস করে এবং সারা ভারতবর্ষে প্রাথমিক বিদ্যালয় স্তরে যত ছাত্রী পড়ে তার তুলনায় ১১ পারসেন্ট ছাত্রী আমাদের পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়ে পড়ে। সারা ভারতবর্ষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে যত ছাত্র-ছাত্রী পড়ে তার ১০.৮ পারসেন্ট ছাত্র-ছাত্রী আমাদের পশ্চিমবঙ্গে পড়ে। ড্রপ-আউট নিয়ে মাননীয় সঞ্জীববাবু বলেছেন, আমি তা মেনে নিচ্ছি। কিন্তু এখানে একটা কথা মনে রাখতে হবে, ক্লাস-ওয়ান এবং ক্লাস-টুতে 'ক' এবং 'খ' বিভাগ আছে। যারা ক্লাস-ওয়ানে ৩ বা ৪ বছরে ভর্তি হচ্ছে তারা 'ক' বিভাগ এবং যারা ৪-৫ বছরে ভর্তি হয় তারা 'খ' বিভাগে পড়ে। এরা ক্লাস-ওয়ান থেকে ক্লাস-টুতে যখন উঠল তখন দেখা যাবে শতকরা ৫০ জন ড্রপ-আউট হচ্ছে। কিন্তু যদি ক্লাস-টু-কে বেস ইয়ার হিসাবে ধরা হয় তাহলে দেখা যাবে ড্রপ-আউটের সংখ্যা কম এবং তাহলে দেখা যাবে কেরালা, কর্ণাটক বা এরকম ৩-৪টি রাজ্যের পরেই হয়ত পশ্চিমবঙ্গের স্থান থাকত। যদি আমরা ৫ বছর থেকে স্কুলে ভর্তি হওয়ার বয়স নির্ধারিত করতে পারতাম

তাহলে হয়ত ড্রপ-আউট কমানো যেত। কিন্তু আমদের এখানে আরলি চাইল্ড এডুকেশনের ব্যবস্থা নেই। সেজন্য আমরা ৩-৪ বছরের বাচ্চাদের নিয়ে নিচ্ছি এবং এই কারণে হয়ত ড্রপ-আউট বেশি। আমরা গত ৩ বছরের মধ্যে ১৫২টি জুনিয়র হাই-স্কুল করেছি, ৫৩২টি জুনিয়র হাই-স্কুলকে হাই-স্কুলে পরিণত করেছি এবং ১৫২টি হাইস্কুলকে হায়ার সেকেন্ডারি স্কুলে পরিণত করেছি। আপনারা গোটা ভারতবর্ষের মধ্যে একটা রাজ্য দেখাতে পারবেন যেখানে গত ৩ বছরের মধ্যে আর্থিক দায়িত্ব সহ এতগুলো বিদ্যালয় করা হয়েছে? গোটা ভারতবর্ষের মধ্যে গত ৩ বছরের মধ্যে এতগুলো বিদ্যালয় আর কোনও রাজ্যে হয়নি। কিন্তু যতটা প্রয়োজন ততটা আমরা করতে পারিনি। অনেক ঘাটতি আছে। আর্থিক অসঙ্গতির জন্য যতটা প্রয়োজন ততটা আমরা করতে পারছি না। আমরা গত বছরে ১ হাজার প্রাথমিক বিদ্যালয় করার চেষ্টা করেছি। একজন মাননীয় সদস্য বলেছেন যে, প্রাথমিক বিদ্যালয়ে বহু শিক্ষকের পদ শূন্য আছে। আমরা প্রাথমিক বিদ্যালয়ে ২ হাজার ২৫০টি প্রাথমিক শিক্ষকের পদে শিক্ষক নিয়োগের কথা বলেছি। শহরে প্রাথমিক বিদ্যালয় উঠেই যাচ্ছে।

[6-50 — 7-00 p.m.]

এবং শহরেও প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা কমে যাচ্ছে অনেক ক্ষেত্রে। বেশি হাওড়ায়, তারপর কলকাতায়। অম্বিকাবাবু আছেন, তিনি আমার থেকে ভাল জানেন। এই যে অতিরিক্ত বিদ্যালয় এবং ২,২৫০টি অতিরিক্ত প্রাথমিক শিক্ষকের পদ দিয়েছি, সেখানে বলেছি এইগুলো মূলত গ্রামের দিকে হবে, কিন্তু শহরকে বাদ দিয়ে নয়। আমাদের ধারণা এর প্রয়োজনীয়তা বেশি গ্রামের দিকে, এইজন্য গ্রামের দিকে লক্ষ্য রেখে এটা করতে চেষ্টা করেছি। চাইল্ড এডুকেশন সেন্টার —ভুঁইরাম কমিটির যে রিপোর্ট, সেখানে আমরা বলেছি যে, আর্থিক সঙ্গতি আমাদের নেই, তাই পার্ট টাইম টিচার বা বিভিন্ন ভাবে চিন্তা করতে হবে। সেইজন্য পঞ্চায়েত বা গ্রামোন্নয়ন দপ্তরের থেকে এক হাজার শিশু-শিক্ষা কেন্দ্র খোলার ব্যবস্থা করা হয়েছে। সেখানে ৮০০ টাকা বেতনে কিছু শিক্ষক নিয়োগের কথা চিন্তা করছি। আমাদের যদি সঙ্গতি থাকত, তাহলে আনুষ্ঠানিকভাবে প্রাথমিক বিদ্যালয় করতাম। যে পরিমাণে প্রাথমিক বিদ্যালয় করা দরকার, সেটা করতে পারছি না। যেটুকু পারছি না, সেটা অকপটে স্বীকার করছি। ভুঁইরাম কমিটির রিপোর্ট অনুযায়ী ৮০০ টাকা বেতনে ৪০ বছরের বেশি শিক্ষিকা নিয়োগের চেষ্টা করছি। এখানে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

'শ্রী জ্ঞানসিং সোহনপাল মহাশয় এখানে এখন নেই, তিনি একটি কাট মোশন দিয়েছেন—এই রাজ্যে অন্য ভাষাভাষী বিদ্যালয় কত আছে? গোটা ভারতবর্ষের রিপোর্ট আমার কাছে আছে, আমার একটা বাতিকও আছে সংখ্যাতত্ত্ব দেওয়ার, তবে চেষ্টা করছি নিজেকে একটু সংযত রাখার। অন্য ভাষাভাষী বিদ্যালয় পশ্চিমবাংলায় যা আছে, সেটা আমাদের একার কৃতিত্ব নয় মান্নান সাহেব, আপনাদের সময় থেকেই করছেন। এটা বাংলার সংস্কৃতি, বাংলার ঐতিহ্য এবং সেটা আমাদের আমলেও করতে চেষ্টা করছি। দু-তিনটি রাজ্যে সরকারি বিদ্যালয় চলে বাংলা ভাষায়। আমাদের এখানে ২১৫টি হিন্দি, ৪৫টি উর্দু, নেপালি ৪৮টি, তেলেগু ১৭টি, উড়িয়া ৫টি, গুরমুখী ১টি বিদ্যালয় আছে, যার যাবতীয় অর্থ আমরা ব্যয় করি। আপনারা শুরু করেছিলেন, আমরা চালিয়ে যাচ্ছি। আপনারা জানেন, এই ঐতিহ্য,

সহনশীলতা আমাদের বৈশিষ্ট্য। এটা হয়ত জানেন, বিদ্যাসাগরের কণ্ঠেই প্রথমে উচ্চারিত হয়েছিল. হিন্দি ভাষায় শিক্ষা চালু করার কথা। সেইজন্য আমরা অতীতের দিকে তাকিয়ে এটা চেষ্টা করছি।

আর একটা কথা, কাটোয়ার বিধায়ক কেন কাটমোশন দিয়েছেন জানি না, মেনশন আওয়ারে তার উত্তরও দিয়েছি। উনি বলেছেন গত ২০ বছরে কাটোয়ায় একটাও মাধ্যমিক বিদ্যালয় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নতি হয়নি। উনি হয়ত বিভিন্ন কাজে ব্যস্ত থাকেন, খবর রাখেননি। তাকে স্মরণ করিয়ে দিই, কাটোয়া ভারতী ভবন, কাটোয়া এস. আর. কে. বিদ্যাপীঠ, কাটোয়া ডি. ডি. সি. গার্লস স্কুল, চন্দ্রপুরা সেন্ট্রাল গার্লস স্কুল—এইগুলো উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত হয়েছে। যদি একটু খবর নিতেন, তাহলে মনের উদ্বেগও কমত আর আমার উপরও খড়গহস্ত হতেন না।

অজিত খাঁড়া মহাশয় আছেন, তিনি সমালোচনা করতে পারেন, মাধ্যমিক শিক্ষা পর্ষদে নির্বাচনের ব্যবস্থা করুন এবং প্রাথমিক বিদ্যালয়ের স্তরে কেন করতে পারেননি? প্রথম যখন রুল তৈরি হয়েছিল, তারপর সেটা অ্যামেন্ডমেন্ড হয়। তারপর হল মোকর্দ্দমা। আপনি জানেন, প্রাথমিক শিক্ষা সংসদে যে নির্বাচন করব, বা রাজ্য প্রাথমিক পর্ষদের যে ভোটার লিস্ট করব, কাদের ভোটার ধরব? হাইকোর্টে মোকদ্দমা ঝুলে আছে, এটা না মিটলে ভোটার লিস্ট করলে ইঞ্জাংশন হয়ে যাবে, ফলে এখন করতে পারব না। এটা লজ্জা যে প্রাথমিক শিক্ষা স্তরে নির্বাচন করতে পারিনি। এটা যে বেদনার কথা, দুঃখের কথা, সেই বিষয়ে সন্দেহ নেই। যে নমিনেশন বোর্ড হবে, মেদিনীপুরে যে নমিনেশন বোর্ড হবে, সেখানে অজিতবাবু থাকবেন। আমরা তো বিরোধীদের মর্যাদা দিই। যারা সমালোচনা করে সাহায্য করবেন, তাদের রাখি।

আপনারা বললেন শিক্ষকদের বেতন দেওয়া যাচ্ছে না কেন? ১৯৯০ সালের বেতন হার যারা নিচ্ছেন তাদের ৬০ বছর বয়সের পরে আর কাজ করতে দেব না। হাইকোর্ট, সুপ্রিমকোর্ট জানাল, আমি একাধিকবার প্রবন্ধ লিখেছি। যারা ১৯৯০ সালে বেতন হার নেবেন তাদের ৬০ বছর বয়সে অবসর গ্রহণ করতে হবে, আর যারা ১৯৮১ সালের বেতন হারে থাকবেন তারা ৬৫ বছর বয়স পর্যন্ত কাজ করতে পারবেন। হাইকোর্ট বলেছে শিক্ষকরা দু নৌকায় পা দিয়ে চলছেন, এটা ত্যাগ করা উচিত। আপনারা এই কথা বলছেন আপনারা যদি আমার জায়গায় হতেন তাহলে কি করতেন? হাজার হাজার শিক্ষক ১৯৯০ সালের হালে চাকরি থেকে অবসর নিয়েছেন তাদের আমি কি জবাব দেব? শ্রীমতী শান্তা ছেত্রী উনি দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের কথা বলেছেন এবং আরও দু জন বিধায়কও এটা উল্লেখ করেছেন। আমি বলি দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের যে অধিকার সেটা এখান থেকেই তৈরি করা হয়েছে এবং তাদের স্কুল সার্ভিস কমিশনের যে রিক্রুটমেন্ট রুলস আছে যে নেপালি ভাষাভাষীদের নেপালি ভাষার মাধ্যমে লেখাপড়া করতে হবে এবং মাতৃভাষা নেপালি হলে তারা রিক্রুট হতে পারবে। তাদের জন্য ব্যবস্থা আছে, তাদের আতঙ্কিত হওয়ার কারণ নেই। আমাদের রুলসের মধ্যে তার ব্যবস্থা থাকবে। মহঃ সোহারাব এবং জয়ন্তবাবুও বলেছেন। আমরা স্কুল সার্ভিস কমিশন চালু করতে চাইছি, এটা ভারতবর্ষের মধ্যে একটা অভাবনীয় ব্যাপার। আমরা যখন শিক্ষক মন্ডলী নিয়ে আলোচনায় বসেছিলাম তখন সবাই এটা করতে

বলেছেন। অশোক মিত্র কমিশন জেলায় জেলায় করার কথা বলেছে। কিন্তু জেলায় জেলায় করতে গেলে যে ইনফ্রাস্ট্রাকচারের দরকার সেটা আমরা এখনই করতে পারব না, সেই জন্য চারটি অঞ্চলে আমরা করতে চাইছি। যখন জেলাতে হবে তখন জেলায় জেলায় আমরা করব। পাবলিক সার্ভিস কমিশনের মতো এটাও যাতে জনগনের আস্থাভাজন হতে পারে এবং বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে যেটা বলা হচ্ছে তার একটা শেষ হওয়ার দরকার। যাদের কাছ থেকে ছেলেরা লেখাপড়া শিখবে তারা যদি অর্থের বিনিময়ে আসেন তাহলে তারা কি করে দায়িত্ব পালন করবেন? দায়িত্বশীল বিধানসভার সদস্য হিসাবে সেই পথ কি আপনারা চান? সেই জন্য আপনাদের সহযোগিতা নিয়ে আমরা স্কুল সার্ভিস কমিশন চালু করতে চাইছি। কাজের মধ্যে তারা আস্থা অর্জন করবেন, বাংলার শিক্ষকরা আবার মানুষের আস্থা অর্জন করবেন। এই ব্যবস্থা নেওয়ার জন্যই স্কুল সার্ভিস কমিশন চালু করতে চাইছি। আমরা যখন সরকার গঠন করি তখন মাদ্রাসা ছিল ২২০টি, আর এখন হয়েছে ৪৭৬টি। মাদ্রাসার ছেলেরা যাতে বৃহত্তর কর্মক্ষেত্রে তাদের যোগ্যতার পরিচয় দিতে পারে এবং অংশগ্রহণ করতে পারে সেই জন্যই সিলেবাসের কারিকুলামের পরিবর্তন করেছি। মাদ্রাসা আগে দান খয়রাতির উপর চলত। এখন আমরা এই মাদ্রাসাগুলির আর্থিক দায়দায়িত্ব গ্রহণ করেছি। অন্য শিক্ষকদের সাথে মাদ্রাসার শিক্ষকদের সমান মর্যাদায় প্রতিষ্ঠিত করেছি, তাদের পেনশনের ব্যবস্থা করেছি। ভারতবর্ষে যতগুলি মাদ্রাসা আছে তার অর্ধেক মাদ্রাসা চলে খয়রাতি সাহায্যের উপর, আর কিছু চালায় এন. জি. ও.-দের সাহায্যে।

[7-00 — 7-10 p.m.]

আমরা আইন করেছি, কিন্তু সেখানেই এর শেষ নয়। আমরা চাই মাদ্রাসা বোর্ড নির্বাচিত সংস্থায় রূপায়িত হয়ে যাতে জনগণের আস্থাভাজন হতে পারে তার ব্যবস্থা করতে। আপনাদের সকলের সহযোগিতা নিয়ে মাদ্রাসা পর্ষদ সেদিকেই এগিয়ে যাচ্ছে।

প্রশ্ন-পত্রের গোপনীয়তা ক্ষুন্ন হওয়াটা আজকে সবচেয়ে বেদনার বিষয়। এরজন্য আমি সবচেয়ে বেশি ব্যথিত। আমি এর জন্য উৎকণ্ঠিত। শিক্ষক হিসাবে আমি কলেজ এবং বিদ্যালয়ে ২৫ বছর কাজ করেছি এবং শিক্ষা দপ্তরের সঙ্গে প্রায় ১৫ বছর যুক্ত আছি। এখানে যখন প্রশ্ন-পত্র ফাঁস হয় তখন আমাদের সুনাম, বাংলার সুনাম কলঙ্কিত হয়, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু এখানে আমার বিনীত নিবেদন এই যে, আপনারা লক্ষ্য করবেন গত ২০ বছরের মধ্যে এ বছর যতগুলি রাজ্যে প্রশ্ন-পত্র ফাঁসের ঘটনা ঘটেছে তা অতীতে কখনও ঘটেনি। তাহলে আমরা যাচ্ছি কোথায়। যারা প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে যুক্ত তাদের বের করা দরকার যাতে এই মারাত্মক ব্যাধির হাত থেকে ছাত্ররা মুক্ত হতে পারে। এতে মানবিক মূল্যবোধ ক্ষুন্ন হচ্ছে। এ বছর কর্ণাটক, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ প্রভৃতি ১০টি রাজ্যে প্রশ্ন-পত্র লিক আউট হয়েছে এবং আই. এ. এস. পরীক্ষায়ও প্রশ্ন ফাঁস হয়েছে।

**শ্রী আবদুল মান্নান ঃ** অন্ধ্রে মন্ত্রী পদত্যাগ করেছেন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** পরে আবার প্রত্যাহার করে নিয়েছেন। আমি সেই নাটক করতে

চাইনি। আমি পদত্যাগ করলে কি লাভ হ'ত? সত্যবাবু হয়ত দায়িত্ব নিতেন, তাতেই কি সমস্যার সমাধান হ'ত? লালবাহাদুর শাস্ত্রী পদত্যাগ করেছিলেন, আবার অন্য দপ্তরের মন্ত্রী হয়েছিলেন। সুতরাং ঐ রকম পদত্যাগ করে কি লাভ। পদত্যাগ করে পরে তা প্রত্যাহার করতে চাই না, পদত্যাগ না করে সমস্যার মোকাবিলা করতে চাই। শিক্ষা উৎসাহ মানুষদের পরামর্শ নিয়ে এর থেকে মুক্ত হতে চাই, পালিয়ে যেতে চাই না। সমস্ত রকমের লাঞ্ছনা, গঞ্জনা, সমালোচনা মাথায় নিয়ে ধৈর্য ধরে এই সমস্যা নির্মূল করতে চাই, ব্যাধি থেকে মুক্ত হতে চাই। সেজন্য পদত্যাগ-এর কথা বলি নি, আপনাদের পরামর্শ চেয়েছি, সাহায্য চেয়েছি।

আর একটা বিষয়ে এখানে অনেকে উদ্বেগ প্রকাশ করেছেন এবং আমিও একশ-বার স্বীকার করি আমরা এখনও অবসর প্রাপ্ত সব শিক্ষকের কাছে পেনশন পৌঁছে দিতে পারিনি। মুস্তাফা বিন কাশেমের মতো আমি ৭০ শতাংশ পেনশন বা ৬০ শতাংশ পেনশনের মধ্যে যাচ্ছি না। যদি ৫ শতাংশেরও পেনশন না হয়ে থাকে তাহলেই সেটা উদ্বেগের বিষয়। এখানে শিক্ষা সাবজেক্ট কমিটির প্রতিবেদন পেশ করা হয়েছে। এখানে শিক্ষা সাবজেক্ট কমিটির চেয়ারম্যান আছেন এবং অন্যান্য সদস্যরা আছেন। আমার তাদের সহ এই সভার সকল সদস্যের কাছে আবেদন এই যে, পেনশন অফিসটা শিক্ষা বিভাগের অফিস নয়, ওটা অর্থ বিভাগের অফিস। আমার মনে হয় পেনশনের বিষয়টা শিক্ষা নিয়ে আলোচনার সময় নয়, জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন বা সাধারণ প্রশাসন সংক্রান্ত আলোচনার সময় আলোচিত হওয়া উচিত। জেলা স্তরে বিকেন্দ্রীকরণ করা হবে কিনা পেনশন দপ্তরকে ; পেনশন দপ্তরকে ঢেলে সাজানো হবে কি না ; নতুন করে তৈরি করা হবে কি না এই বিষয়টা শিক্ষা দপ্তরের বিষয় নয়। শিক্ষা দপ্তরের কোনও ব্যাপার নয়। আমরা বেনিফিসিয়ারি, আমাদের শিক্ষকদের পেনশন দিলে, আমাদের শিক্ষকরা পেনশন পেলে তা আমাদের কাছে আনন্দের ব্যাপার। কিন্তু পেনশন দেওয়ার মালিক আমরা নই। আমরা স্যাংশন করি, কিন্তু চূড়ান্তভাবে পেনশন দেওয়ার দায়িত্ব অর্থ দপ্তরের অফিসের। সেখানে অনেক অসুবিধা আছে। ডিসেন্ট্রালাইজেশন করলে ভাল হয়। এখানে আমার হাম্বল সাবমিশন, বিনীত আবেদন বিরোধী দলের কাছে, আপনারা আগামী বছর যখন এই বিষয়টা আলোচনা করবেন তখন একটু ভেবে দেখবেন। অম্বিকাবাবুর মতো প্রবীণ সদস্য আছেন, তাকে আমি বলছি, পেনশনের বিষয়টা যাতে সাধারণ প্রশাসন সংক্রান্ত আলোচনার সময় তারা উত্থাপন করতে পারেন কি না তা একটু ভেবে দেখবেন। কারণ এটা আমাদের দায়িত্বে নেই।

তারপর আমাদের বেশ কিছু ঘাটতি আছে। আমাদের যে পরিমাণ বিদ্যালয় এবং শিক্ষকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে গোটা রাজ্যে, তার সাথে সাথে মোকর্দ্দমার সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। সরকারের বিরুদ্ধে যত মোকর্দ্দমা হয় তার বেশিটাই হয় শিক্ষা বিভাগের বিরুদ্ধে। এই ধাক্কা সামলিয়ে আমাদের জেলা স্তরের অফিস, ডাইরেক্টরেট অফিস ইত্যাদির কলেবর যা বৃদ্ধি করার কথা তা আমরা করতে পারিনি। এক হাজার বিদ্যালয় করার সাথে সাথে সেই অনুপাতে সাব-ইন্সপেক্টর অফিস করতে পারিনি বা সেই অনুপাতে ডি. আই. অফিস করার কথা ঘোষণা করতে পারিনি।

অর্থের বাধা, অসুবিধা। সেইজন্য বলছি, সাধারণ প্রশাসনে এই বিষয়গুলি আলোচনা

করুন। শিক্ষার সাথে যেহেতু আমি যুক্ত, আমার যে মনোবেদনা এবং আমাকে যারা আক্রমণ করলেন তার পরিসমাপ্তি হতে পারে যদি আপনারা সাধারণ প্রশাসনে আলোচনার সময়ে গোটা বিষয়টি নিয়ে আলোচনা করেন। আজকে পত্রিকায় ছাপা একটা খবরের কথা আপনারা উল্লেখ করলেন এবং মেনশন আওয়ারেও কেউ কেউ সেই বিষয়ে উল্লেখ করেছেন। আমার অন্যায় হলে আমি শিক্ষা নিতে রাজি আছি, আমি যে দপ্তরের মন্ত্রী সেই দপ্তরে বিভিন্ন রকমেব অভিযোগ আসে। দিনে ৪০/৫০ খানা চিঠি আমি পাই এবং আমি সেইসব চিঠিগুলি পড়ি। অনেকে পেনশন পাবার জন্য আবেদন করে চিঠি দেন। সেইসব দরখাস্তে এমন কথাও লেখা থাকে, মেয়ের বিবাহ হচ্ছে না, পথযাত্রী, ক্যান্সারের রোগী, টাকার জন্য অপারেশন বন্ধ হয়ে আছে প্রভৃতি এইসব কথা দরখাস্তে লেখা থাকে। আমি এই সবক্ষেত্রে সুপারিশ করি পেনশন দপ্তরে। কিন্তু আমি নির্দেশ দিতে পারি না, খালি সুপারিশ করি। মন্ত্রী হিসাবে আমার প্রেরোগেটিভ আছে। আমি যতদিন মন্ত্রী থাকব আমার সেই সুপারিশ থাকবে এবং সেখানে বিরোধী দলের মাননীয় সদস্যরাও আবেদন করলে আমি সেই সুপারিশ করে থাকি। শেষ কথা, সৌগতবাবু এখানে আছেন, তার প্রতি আমার শ্রদ্ধা আছে, ভালবাসা আছে। উনি আমাকে যে কাট-মোশনটি দিয়েছেন সেটি আমাকে কেন দিয়েছেন তা জানি না। মহানায়ক উত্তমকুমারের মূর্তি প্রতিষ্ঠা হল না কেন—এই বলে উনি কাট-মোশন এনেছেন। আমি বুঝতে পারলাম না কেন উনি এটা আমাকে দিলেন। এটা তো আমার দপ্তরের নয়। এরপর আর একজন সদস্য, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়, উনি কালচারাল অ্যাক্টিভিটিজ কেন হচ্ছে না এই বলে কাট-মোশন দিয়েছেন। এটা তো বুদ্ধদেববাবুর দপ্তর, সাংস্কৃতিক দপ্তরের বিষয়, আপনি সেখানেই দিতে পারতেন। যাই হোক, আমি সমস্ত কাট-মোশনের বিরোধিতা করে এবং আমাদের ব্যয়-বরাদ্দের সমর্থনের জন্য বিনীত আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা অর্থাৎ বিভিন্ন মন্ত্রীরা যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছি তার উপর ২০ জন মাননীয় সদস্য আলোচনায় অংশগ্রহণ করেছেন। যারা যারা আলোচনায় অংশগ্রহণ করেছেন তাদের প্রত্যেকের কাছে আমি কৃতজ্ঞ। আজকের এই গুরুত্বপূর্ণ আলোচনায় প্রথমেই আমাদের সম্মানীয় বন্ধু সঞ্জীববাবু অনেকগুলি কথা বলেছেন। আমি সেখান থেকেই শুরু করছি। কিন্তু তার আগে আমি বলতে চাই, উচ্চ শিক্ষার ক্ষেত্রে গোটা পৃথিবীতে নতুন করে আলোচনা শুরু হয়েছে। পৃথিবীর কোনও দেশই আজকে তাদের উচ্চ শিক্ষা নিয়ে সন্তুষ্ট নয়। কাগজে দেখেছেন, মার্কিন যুক্তরাষ্ট্র, ইংল্যান্ড, জাপান, চিন প্রভৃতি বিভিন্ন দেশ তাদের উচ্চ শিক্ষা নিয়ে আলোচনা করছেন, তারা উচ্চ শিক্ষার উপর গুরুত্ব দিয়েছেন এবং উচ্চ শিক্ষার লক্ষ্য সম্পর্কে ও মান সম্পর্কে বলছেন। এর একটা বড় কারণ গোটা পৃথিবীর অর্থনৈতিক ব্যবস্থার পরিবর্তন, তীব্র প্রতিযোগিতা এবং একবিংশ শতাব্দীতে কে এগিয়ে যাবে তারই প্রস্তুতি। সেই প্রস্তুতির বড় কথা হচ্ছে, বিজ্ঞান এবং প্রযুক্তি এবং তার সঙ্গে সঙ্গে নতুন নতুন বিষয়, নতুন নতুন বিষয়ে গবেষণা এইসব। আমাদের ভারতবর্ষে তার ঢেউ এসেছে। আমাদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তারা যে প্রতিবেন তৈরি করেছেন, আমাদের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট এবং আমাদের কেন্দ্রীয় মন্ত্রক যে সমস্ত পেপার তৈরি করেছে এবং দিল্লিতে যতগুলি কমিটি হয়েছে সেখানে আমার

নিজের কাজ করার সুযোগ হয়েছিল। সেখানে আমরা আগামী দিনে এগুলি সম্পর্কে আলোচনা করেছি। আমি বিস্তৃতভাবে সেটা বলব না।

[7-10 — 7-20 p.m.]

পশ্চিমবাংলাতেও আমাদের এসব ব্যাপারে উদ্যোগী হ'তে হবে এবং সেই কাজগুলি আমরা শুরু করেছি। খুব বড় করে না হলেও দৃঢ়তার সঙ্গে আমরা এগিয়ে যাবার চেষ্টা করছি। সবচেয়ে বড় কাজ কি? শিক্ষার জন্য অর্থ বিনিয়োগ। এবারের বাজেটে আপনারা দেখবেন যে প্রায় তিন হাজার কোটি টাকা শিক্ষার জন্য প্রস্তাব করা হয়েছে।

**(শ্রী সৌগত রায় ঃ এরমধ্যে প্ল্যান বাজেটে কত টাকা আছে?)**

সে কথায় আমি পরে আসব। উচ্চ শিক্ষার ক্ষেত্রে দেখবেন যে প্রায় ৪শো কোটি টাকা আছে। ২০ বছর আগে এটা ছিল মাত্র ২৮ কোটি টাকা। এই যে বিপুল পরিমাণে বরাদ্দ শিক্ষা খাতে বামফ্রন্ট সরকার করছেন এর গোটা দায়িত্বটা কিন্তু সরকারের। অন্যান্য রাজ্যে এতটা দায়িত্ব কিন্তু সরকার নেন না। তার ফল কিন্তু বিষময় এবং মারাত্মক। পশ্চিমবাংলাতে কিন্তু আমরা সেখান থেকে নিজেদের মুক্ত রাখতে পেরেছি এবং অত্যন্ত মুক্ত কণ্ঠে বলছি, ইউ. জি. সি.-র টিম এবং অন্যান্য যারা এখানে আসেন তারা আমাদের উচ্চ শিক্ষা দপ্তরের এবং আমাদের যে নতুন কাউন্সিল হয়েছে তার তারা দলমত নির্বিশেষে প্রশংসা করেছেন। ভাইস চ্যান্সেলার যারা এসেছেন, অন্যান্য সদস্যরা যারা এসেছেন তারা বলেছেন, তোমরা কি করে এটা করছ? তোমাদের সরকার কি করে এটা করছে? আমরা কিন্তু এটা করছি এত টাকা ব্যয় করে। বিশ্ববিদ্যালয় থেকে সমস্ত কলেজগুলির দায়িত্ব আজকে আমাদের। আমাদের প্রতিবেশি রাজ্যে আপনারা জানেন যে সেখানে ৫শো কলেজের মধ্যে সরকার হয়ত ২শো কলেজকে টাকা দেন বাকি ৩শো টি কলেজকে একটি পয়সাও দেন না। আমাদের সবটা হয়ত ঠিকমতোন আমরা পালন করতে পারছি না, ত্রুটি আছে কিন্তু দায়িত্বটা আমাদের। মাননীয় সদস্য সৌগতবাবু বলেছেন যে আপনাদের সব টাকা বেতন দিতেই চলে যায়। অশোক মিত্র কমিশনও তাই বলেছেন। তাই তো যাবে। বেশি বেতন যদি উচ্চ শিক্ষার ক্ষেত্রে দেওয়া না যায় তাহলে ভাল উচ্চ শিক্ষার শিক্ষক পাবেন না। আর ভাল শিক্ষক না পেলে তো উচ্চ শিক্ষাটাই অর্থহীন হয়ে যাবে। আজকে আমরা কম্পিউটার সায়েন্সে যারা ভাল রেজাল্ট করেছেন বা ইঞ্জিনিয়ারিং-এর বিভিন্ন ডিসিপ্লিনে যারা ভাল রেজাল্ট করেছেন তাদের ৫০/৬০ হাজার টাকা বেতন দিয়ে নিয়ে চলে যাচ্ছে। এক্ষেত্রে আপনি কি করবেন?

সেজন্য বেতন তাদের দিতে হবে। কিন্তু তার সঙ্গে সঙ্গে আপনারা দেখবেন উচ্চ শিক্ষার ক্ষেত্রে ইউ. জি. সি. কিছু টাকা দেন। কিন্তু আমরাও আমাদের এই ডেভেলপমেন্টের জন্য টাকা দেই। গত ৫ বছর, আমি নাম করে বলতে পারি কলকাতার এই কলেজগুলিতে, এই সিটি কলেজে প্রায় এক কোটি টাকার মতো অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল দিয়ে, আপনারা গিয়ে দেখবেন যে তাদের কোথাও ৫০ লক্ষ টাকা, কোথাও ২০ লক্ষ টাকা, কোথাও ১০ লক্ষ টাকা, মফস্বলের কলেজগুলিতে বাড়ি, গৃহ সংস্কার, লাইব্রেরি, ভাবতে পারেন, একটা কলেজকে এবারে আমরা যেহেতু ফিজিক্স-এর কোর্স মডার্নাইজ হচ্ছে ৪ লক্ষ টাকা দিচ্ছি।

অন্যান্য অনেক কলেজকে ৩ লক্ষ, ২ লক্ষ করে টাকা দিচ্ছি। এই টাকা আমরা কলেজগুলিকে দিচ্ছি ল্যাবোরেটরি, লাইব্রেরি ইত্যাদির জন্য সৌগতবাবু, আপনি অনেক খবর রাখেন। আপনি জানেন যে কলকাতা ইউনিভার্সিটি তার ইন্টারন্যাল কম্পিউটারে কত উন্নত করেছে, বিভিন্ন ইউনিভার্সিটিকে লাইব্রেরির সঙ্গে যুক্ত করা হচ্ছে যে সমস্ত ম্যাগাজিন পাওয়া যায় না তার ফটো কপি আনার চেষ্টা করা হচ্ছে। আমাদের উচ্চ শিক্ষার ক্ষেত্রে শিক্ষকদের আরও বেশি বেতন দিতে হবে। আমাদের সমস্ত ব্যবস্থাকে মডার্নাইজ করতে হবে এবং সেজন্য যে টাকা আমাদের প্রয়োজন সেই টাকার আমরা বন্দোবস্ত করছি, আমরা ধীরে ধীরে দিচ্ছি। আমি সঙ্গে সঙ্গে একটা কথা বলি যে এই বিপুল টাকা কোথা থেকে আসবে। মুস্তাফা সাহেব বলেছেন, বংশগোপাল চৌধুরি মহাশয় বলেছেন, অন্যান্যরা বলেছেন। ব্যবসায়ীদের তারা আহ্বান করেছেন। আমরা তো ব্যবসায়ীদের আহ্বান করতে পারি না। শিক্ষাটাকে তো ব্যবসায়ীদের হাতে তুলে দিতে পারি না। তার জন্য আমরা সরকার থেকে যেমন আমাদের বাজেট বরাদ্দ প্রতি বছর বাড়াচ্ছি, সঙ্গে সঙ্গে আমরা বলছি যে, অন্য যারা দিতে চায় তাদের আহ্বান করছি। এমন কি যারা শিক্ষার জন্য বিনিয়োগ করতে চায় যদি মুনাফা না করতে চায়, তাদের আমরা আহ্বান করছি। যাদের অনেক টাকা আছে তারা এগিয়ে আসছেন। তারা আমাদের বলছে—হয়ত কিছু ট্রাস্টের টাকা আছে, অনেকে হয়ত মারা যাবার সময়ে টাকা রেখে গেছেন, যেমন রামকৃষ্ণ মিশনের জন্য রেখে যান, আবার কিছু কিছু লোক তারা বলছেন যে আমরা করব। ইতিমধ্যে যাদবপুর, কলকাতা বিশ্ববিদ্যালয় ইন্ডাস্ট্রিয়াল ইউনিভার্সিটির জন্য যে যোগাযোগ তার জন্য তারা সেল করছে। যাদবপুরে খুব ভাল কাজ হচ্ছে। আমরা মডার্নাইজ করছি। শিবপুর বি. ই. ইঞ্জিনিয়ারিং কলেজকে আমরা ডিম ইউনিভার্সিটি করেছি। তারা চিনের সঙ্গে চুক্তি করেছেন টেকনোলজি ট্রান্সফারের জন্য মাইনিং, জিওলজিতে। আমরা নুতন নুতন বিষয়গুলি দিচ্ছি। উচ্চ শিক্ষার ক্ষেত্রে বারবার বলা হচ্ছে যে আধুনিক বিষয়গুলি যদি ছাত্রছাত্রীদের না পড়ানো যায়, যে পরিবর্তন আসছে সেগুলি যদি না করা যায় তাহলে হবে না। ব্যয় সাপেক্ষ হলেও সেগুলি করতে হবে সেগুলি আমরা করছি। মফস্বলের কলেজগুলিকেও আমরা দিচ্ছি। আপনারা দেখবেন যে আমাদের এই বাজেট বক্তৃতায় আমি উচ্চ শিক্ষা বিভাগ থেকে বলেছি। তবে এটা ঠিক যে আমাদের পশ্চিমবাংলায় ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা কম মহারাষ্ট্র, কর্ণাটকের তুলনায়। সৌগতবাবু বারবার বলেছেন, অন্যান্য সদস্যরাও বলেছেন, অন্যান্য জায়গায় তারা বেসরকারি ভাবে ক্যাপিটেশন ফি নিয়ে করছেন। আমরা সেটা না করে এই কয় বছরে আমরা আরও ইঞ্জিনিয়ারিং কলেজ করেছি, আরও কতগুলি কলেজ হবে। আমি হাউসে বলেছি যে বাঁকুড়াতে, শিলিগুড়িতে, বহরমপুরে, আসানসোলে আমরা আরও ইঞ্জিনিয়ারিং কলেজ করব, কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে আপনারা দেখেছেন যে কল্যাণীতে হয়েছে, হলদিয়ায় হয়েছে। সল্ট লেকে আর একটা প্রাইভেট ওরা করছে। ওরা আবেদন করেছেন, বিশ্ববিদ্যালয় খতিয়ে দেখছেন। কোলাঘাটে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ আগামী বছর হবে। ম্যানেজমেন্ট পড়াবার কোর্স এখানে রয়েছে। তিন দিন আগে রবীন্দ্র ভারতীর সঙ্গে চুক্তি হয়েছে একটা সংস্থা, প্রাইভেট কমপিউটার অর্গানাইজেশন, তারা করছি। আই. বি. এম. তারা এখানে আসছেন। তাদের সঙ্গে আমাদের কথা হচ্ছে। আমরা এগুলি করছি। আন্তর্জাতিক বড় যারা আসতে চাইছেন এখানে, যারা উন্নতমানের শিক্ষা এবং আধুনিক শিক্ষার জন্য এখানে আসতে চাইছেন, আমরা কথা বলেছি। এখনও ৩/৪টি অর্গানাইজেশনের সঙ্গে কথা হচ্ছে। তারা

বলেছেন যে তারা জমি চান। আমরা বলেছি যে, আমরা জমি দেব। তারা বলেছেন যে, আমরা বিনিয়োগ করব। আমরা বলেছি যে, ঠিক আছে, কিন্তু বেশি বেতন নিতে পারবেন না। আমরা এই কাজগুলি করার চেষ্টা করছি। পশ্চিমবাংলায় এটা প্রাইভেটাইজেশন নয়। এটায় মুনাফার ব্যাপার থাকছে না। আগে কলেজ কিভাবে হত বলুন? এমনিতে কলেজ কিভাবে হয়? কেউ জমি দেয়—এখন জেলায় আপনারা যে কলেজ করেন তাতে একজন জমি দেয়, আপনারা বিল্ডিংয়ের টাকা তোলেন। সরকার কি প্রথমে কিছু দেয়? আপনারা আবেদন করেন সরকার তখন আপনাদের দেয় এবং শিক্ষকদের বেতন দেয়।

সৌগতবাবু, আমাদের সময় পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সংগঠন এবং আমাদের অল ইন্ডিয়া সংগঠন থেকে আমরা কি নিয়ে আন্দোলন করেছিলাম? কেন আমরা উচ্চ বেতন চেয়েছিলাম? আমরা বলেছিলাম, যদি উচ্চহারে বেতন না দাও তাহলে মেরিটকে অ্যাট্রাক্ট করতে পারব না, ভাল ছেলেদের শিক্ষকতার কাজে অ্যাট্রাক্ট করতে পারবে না। ভাল ছেলেরা যদি শিক্ষকতার কাজে কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলিতে না আসে তাহলে পড়াশুনার মান নিচে নেমে যাবে, ভাল ছেলে তৈরি হবে না। আমরা সেই শিক্ষক পাবার জন্যই উচ্চহারে বেতনকে সমর্থন করে এটা চালু করেছি। এখানে অনেক শিক্ষক প্রতিনিধি আছেন, আপনারা জানেন, 'সন্তুষ্ট শিক্ষক' ছাড়া শিক্ষা ব্যবস্থা চলতে পারে না। তাদের যদি মর্যাদা, সন্তুষ্টি, নিরাপত্তা না দেওয়া যায় তাহলে কোনও দেশের শিক্ষক সমাজ সবচেয়ে ভাল শিক্ষক সমাজ হ'তে পারে না। গর্ব করে আমরা বলতে পারি, বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে শিক্ষক সমাজকে শুধু বেতন দেবার চেষ্টা করছে তাই নয়, আমরা তাদের সম্মান, মর্যাদা এবং অধিকার দিয়েছি। তাদের অধিকারে প্রতিষ্ঠিত করে তা আমরা অক্ষুন্ন রেখেছি। আজকে এখানে তামিলনাড়ুর মতোন কোনও কলেজ শিক্ষককে বলে দেওয়া যায় না যে কাল থেকে তোমাকে কলেজে আসতে হবে না। বিহারের মতোন অবস্থাও এখানে নয়। বিহার থেকে একজন ইন্টারভিউ দিতে এখানে এসেছিলেন, তিনি সেখানে একটি কলেজে পড়ান কিন্তু এক পয়সাও বেতন পান না। আমরা তাকে জিজ্ঞাসা করেছিলাম, এখানে কেন ইন্টারভিউ দিতে এসেছেন? তিনি বললেন, কলেজ শিক্ষক হিসাবে আমাকে নিয়োগ করা হয়েছে কিন্তু আমাকে বেতন দেয় না। আমরা এখানে শিক্ষকদের মর্যাদা দিয়ে রেখেছি শিক্ষারই স্বার্থে।

[7-20 -- 7-33 p.m.]

ইঞ্জিনিয়া'রিং কলেজ, ম্যানেজমেন্ট কলেজ—এইভাবে করবার চেষ্টা করছি। একটি কথা আবার বলি, আজকে উচ্চশিক্ষার চাহিদা বাড়ছে দুই দিক থেকে ; একটি হচ্ছে—বেশি পরিমাণ ছেলেমেয়ে আসছে যারা পড়াশুনা করছে উচ্চশিক্ষায়। ফলে উচ্চশিক্ষার চাহিদা বাড়ছে। আর একটি হচ্ছে, সমাজের একটি অংশের মানুষ ভাবছেন, উচ্চশিক্ষা লাভ না করলে ছেলেমেয়েদের ভবিষ্যত নেই। ভারতবর্ষের এই ১৫-২০ কোটি লোক, যাদের ক্রয়ক্ষমতা বেড়ে গেছে, তারা উন্নত মানের উচ্চ শিক্ষাই চান না, এরা তারজন্য টাকা খরচ করতেও রাজি আছেন। এই যে ২০ কোটি লোক—তারা ৫, ১০, ১৫ হাজার বা লক্ষ টাকা ব্যয়ে ছেলেমেয়েদের পাঠাবেন কেন? কারণ তারা জানেন, ছেলেমেয়েরা উচ্চশিক্ষা পেলে তারা ১৫, ২৫ বা ৪০ হাজার টাকার চাকরি পাবে। আমরা চাই না, গরিবের উপর চাপ বাড়ুক, কিন্তু

যারা এই পরিমাণ টাকা খরচ করবেন তাদের ছেলেমেয়েরা কোথায় যাবে? আমরা জানি, তারা মাল্টি ন্যাশনাল কোম্পানিতে যাবেন। কাজেই যারা আই. আই. টি.-তে ছিলেন তাদের পেছনে আমরা এত টাকা খরচ করব কেন? গরিব মানুষ সেই বোঝা বহন করবেন কেন যারা পাশ করবার পর বিদেশে চলে যাবেন, বা মাল্টি ন্যাশনাল কোম্পানিতে গিয়ে মাসে ২৫-৩০ হাজার টাকা মাইনে পাবেন? কাজেই গরিবের উপর যাতে বোঝা না চাপে, নিম্ন মধ্যবিত্তের উপর যাতে চাপ না বাড়ে—আমরা সেদিকে কেন যাব না? যারা দিতে পারবেন তারা দেবেন এবং এই ভাবেই আমরা উচ্চশিক্ষার জন্য অর্থ সংগ্রহ করছি। আমরা বলতে পারি, আমরা দৃঢ়পদে সেদিকে এগোচ্ছি। বিরোধী পক্ষ রাজনৈতিক কিছু কথা বলেছেন যা না বললেই পারতেন। স্লেট পরীক্ষা, নেট পরীক্ষার মাধ্যমে অধ্যাপক নিয়োগ হচ্ছে। আমরা যে পরীক্ষা নিই সেটা ইউ. জি. সি. অ্যাক্রিডেটেড। সেখানে অন্য রাজ্যের প্রতিনিধিরাও থাকেন। বলেছেন—এত কম পাশ করছেন কেন। আমি বলছি কারণটা কি। আমরা যদি শিক্ষার মান বাড়াতে চাই তাহলে উন্নত মানের শিক্ষক না হলে শিক্ষার মান বাড়বে না। তারই জন্য এটা করেছি যে, ছাত্রদের মেধার ভিত্তিতে ভর্তি হতে হবে। এবং পশ্চিমবঙ্গে ছাত্ররা মেধার ভিত্তিতেই ভর্তি হচ্ছেন। সেখানে কোনও কমপ্লেন নেই। বাইরে থেকে অনেকে এসে আমাকে জিজ্ঞাসা করেন—আপনি উচ্চশিক্ষা মন্ত্রী, ভর্তির ক্ষেত্রে কোনও কোটা নেই আপনার ; শুধুই মেরিট। তাছাড়া নবম পরিকল্পনায় আরও যেটা নিচ্ছি সেটা হল—আরও বেশি টাকা আমরা বিজ্ঞান এবং টেকনোলজি খাতে রাখছি, আরও বেশি টাকা ম্যানেজমেন্ট কোর্সের জন্য রাখছি, আরও বেশি টাকা রিসার্চের জন্য রাখছি। ইতিমধ্যে অশেষ প্রসাদ মিত্র কতগুলো প্রস্তাব রেখেছেন ইমার্জিং এরিয়ার। সেখানে উচ্চ মানের রিসার্চ, এবং তারজন্য উন্নত মানের কয়েকটি সংস্থার কথা, আন্তর্জাতিক কয়েকটি সংস্থার কথা বলা হয়েছে। অশেষপ্রসাদ মিত্র মহাশয় জানেন যে, তার নেতৃত্বে কলকাতা বিশ্ববিদ্যালয় এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়কে নিয়ে একটি কমিটি আমরা করেছি। ঐ কমিটি একটা প্রোজেক্ট রিপোর্ট তৈরি করছেন। আমরা চাই উচ্চ শিক্ষার মান এবং তারজন্য এসব কোর্স আমরা পড়বার বন্দোবস্ত করছি।

এখানে প্রশ্ন উঠেছে—গভর্নিং বডির কি হল। এটা ঠিক আমরাই কিন্তু এটা করেছিলাম দলমত নির্বিশেষে সবাই বসে। কিন্তু অনেক জায়গায় দেখতে পাচ্ছি, যাদের নিয়ে বোর্ড তৈরি হয়েছে তাদের অনেকের সঙ্গে শিক্ষার কোনও যোগ নেই। এবং সেখানে অনেক দুর্নীতির প্রশ্নও ছিল। তারই জন্য, যেহেতু সেখানে দুর্বলতার দিকগুলি রয়েছে, এর পরিবর্তন দরকার অনুভূত হল। ইতঃমধ্যে হায়ার সেকেন্ডারি কাউন্সিল থেকে নতুন গভর্নিং বডি করবার সুপারিশ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পাঠানো হয়েছে। তাতে বলা হয়েছে শুধু শিক্ষক নয় অবিভাবকদের প্রতিনিধিত্ব দরকার, স্পন্সর যা যা ছিল যারা জমি দিয়েছে যারা বেশি পরিমাণে টাকা দিয়েছে তাদেরও থাকা দরকার, সমাজের অন্যান্য শ্রেণী তাদেরও থাকা দরকার। শুধু শিক্ষক এবং শিক্ষা কর্মী থাকলেই হবে না। এই সুপারিশ পাঠানো হয়েছে। আমাদের ২০ বছরের অভিজ্ঞতার ভিত্তিতে যে পরিবর্তনগুলি করা প্রয়োজন মনে করেছি, আধুনিক চিন্তাধারার স্বার্থে সেই পরিবর্তনগুলি করার চেষ্টা করে চলেছি। তার একটাই মাত্র লক্ষ্য সেটা হল যে আমাদের পশ্চিমবাংলাকে সামনের সারিতে আনা। তবে আমি দৃঢ়তার সাথে বলছি আমাদের পশ্চিমবাংলা সামনের সারিতে আজও আছে। আমি আপনাদের দেখাতে পারি যে বিভিন্ন

জায়গায় আমাদের বাংলার ছেলেরা কত ভাল ফল করেছে। আমাদের ছেলেরা ভাল ফল করে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানে কাজ করছে। আমরা তাদের সহযোগিতা দিয়েছি। আপনাদের মনে আছে আপনারা বলেছিলেন কেন আই. এ. এস. ডব্লু. বি. সি. এস. কিছু কিছু আই. এ. এস. পড়ানোর বন্দোবস্ত করেছি। আপনাদের গর্বের সঙ্গে বলি এই প্রেসিডেন্সি কলেজ থেকে এই বছর দুটি বাংলার ছাত্র আই. এ. এস. পেয়েছে। তার ভেতর একজন প্রথম ২০ জনের মধ্যে আছে। আমরা এটা শুরু করে দিয়েছি, আমাদের এখানে এটা আরও করতে চাই। সেই জন্য আপনারা যে সমালোচনা করেছেন আমি আবার বলি অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে সেই সমালোচনা আমি লিখে নিয়েছি। একেবারে নিরপেক্ষভাবে, এর মধ্যে কোনও কিছু নেই শুধু যেটা করা দরকার সেটা করব। দেবপ্রসাদ সরকার মহাশয় আপনার বক্তব্যগুলি মনে রেখেছি, আপনাকে আমি মুখেও বলেছি, আমি নিজে এটা অনুসন্ধান করে নেব। আমি আপনাদের এই কথা বলতে চাই নিয়ম কানুন রীতি নীতি সমস্ত কিছু মেনে কাজ করার চেষ্টা করছি। আগামী দিনে শিক্ষকদের ব্যাপারে আমরা বলেছি। আমরা কাজ করছি, তার জন্য ইউনিভারসিটি অ্যাক্ট বা স্টাটুট পাল্টাতে হয় আমরা পাল্টাব। আমরা অপেক্ষা করছি ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের সুপারিশগুলি কিভাবে আসে। আমি আপনাদের আশ্বস্ত করতে পারি সেটা হল গত ২০ বছর ধরে আমরা যে ভীত তৈরি করেছি বর্তমান শিক্ষার ক্ষেত্রে আগামী দিনগুলিতে আমরা সুন্দর অট্টালিকা গড়ে তুলতে পারব। সেটাই হল আমাদের গর্ব। আমি আশা করব আপনারা এই কাট মোশনগুলি তুলে নেবেন এবং আমাদের সমর্থন করবেন। আমি এটা বলতে পারি যে পশ্চিমবাংলায় শিক্ষার ক্ষেত্রে আমরা যে দৃঢ় পদক্ষেপগুলি নিয়েছি তা আগামী দিনে পশ্চিমবাংলাকে একেবারে সামনের সারিতে নিয়ে যাবে। এই কথা বলে যারা যারা আলোচনায় অংশগ্রহণ করেছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি, সময়ের জন্য প্রত্যেকের জবাব আমি দিতে পারলাম না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাকে এক মিনিট সময় দিন। It was probably the Hon'ble member from Darjeeling Smt. Shanta Chettri. She spoke about some problems of the hill areas. I can assure her that Darjeeling may be away from Calcutta but the people of Darjeeling and the colleges of Darjeeling are not far away from our heart rather they are very near to our heart. You want that some local boys should be in the college. The problem is this until and unless they are very near to our heart. You want that some local boys should be in the college. The problem is this until and unless they are properly qualified and satisfies the minimum conditions of the UGC we cannot. even if we want, we cannot offer them appointment. I have told it times without number to the representatives, to the students who came to meet me, to the teachers who came to meet me. That I understand their problem. I understand that some of the boys they are not getting opportunities. But please try to understand my problem, given the situation, the constraints we cannot help but we will do our best what we can under the given circumstances Thank you.

**Mr. Deputy Speaker** : Now there are 74 cut motions to De

mand No. 30. All the cut motions are in order and taken as moved. I put all the motions to vote.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2729,81,40,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202—General Education, 2203—Technical Education, 2205— Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture" during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 1091,15,00,000 already voted on account), was then put and agreed to.

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল :** স্যার আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে।

**Mr. Deputy Speaker :** There's no cut motion to Demand No. 45.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 15,00,30,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2251—Secretariat—Social Services" during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 5,00,00,000 already voted on account), was then put and agreed to.

**মিঃ ডেপুটি স্পিকার :** প্রভঞ্জনবাবু, আপনি তো পুরনো মেম্বার। যখন এই ভোটটা পাশ হয় তখন কোনও পয়েন্ট অফ অর্ডার তোলা যায় না। যাইহোক, আপনি বলুন।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল :** [* * * *]

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনার এই পয়েন্ট অব অর্ডারের বক্তব্যটাই আউট অব অর্ডার। এটা বাদ যাবে।

## Adjournment

The House was then adjourned at 7-33 p.m. till 11 a.m. on Thursday, the 19th June, 1977, at the Assembly House, Calcutta.

Note : * Expunged as ordered by the Chair.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 19th June, 1997 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 20 Ministers, 9 Ministers of State and 159 Members.

[11-00 — 11-10 a.m.]

### Starred Questions
### (to which oral Answers were given)

#### 'ন্যায়-পঞ্চায়েত' গঠন

*৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৩) **শ্রী অশোক কুমার দেব ঃ** পঞ্চায়েত এবং গ্রাম-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পঞ্চায়েত স্তরে "ন্যায়-পঞ্চায়েত" নামক বিচার-ব্যবস্থা চালু করার পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) উক্ত বিচার-ব্যবস্থা চালু করা গেলে কোনও ধরনের সমাধান হবার সম্ভাবনা রয়েছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ**

(ক) এইরূপ কোনও পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, একটা বিধান আছে আইন আপনারাই যখন করেছিলেন ন্যায় পঞ্চায়েত করার দরকার আছে বলে ঘোষণাও করেছিলেন কিন্তু এই মুহূর্তে আপনি না বলছেন কেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্য যেটা বলছেন যে আমরাই ঘোষণা করেছিলাম এবং আমরাই না করলাম, সেই অর্থে এটা কিন্তু ঠিক নয়। ১৯৫৭ সালের আইনেই ন্যায় পঞ্চায়েত বসানো হয়েছিল। ১৯৭৩ সালে সেই আইনটাকে আমরা অবিকল রেখে দিয়েছিলাম কিন্তু ওই আইনকে ভিত্তি করেই ন্যায় পঞ্চায়েত আইন ঠিক করলাম তাতে কোনও সন্দেহ

নেই। কিন্তু প্রজ্ঞাপন জারি করে আইন করলে নোটিফিকেশন দরকার। আমরা যে অর্থে ন্যায় পঞ্চায়েতের ক্ষেত্রে ওই নোটিফিকেশন আমরা জারি করিনি এবং এটাও ঠিক নয় যে আমরা কার্যকর করেছি। আমি মনে করি আপনাদের সকলের অভিজ্ঞতার থেকেই এটা করব, তবে এখনই সেটা করা ঠিক হবে না।

**শ্রী অশোক কুমার দেব ঃ** বর্তমান পরিস্থিতি অনুযায়ী পঞ্চায়েতকে কেন্দ্র করে যেভাবে অডিট থেকে শুরু করে সর্বক্ষেত্রে গোলমাল হচ্ছে তাতে মানুষের আর পঞ্চায়েতের উপরে আস্থা রাখতে পারছে না, সেক্ষেত্রে ন্যায় পঞ্চায়েত করা জরুরি হয়ে পড়েছে, এই বিষয়ে আপনার কি মতামত?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় স্যার, মাননীয় সদস্য ন্যায় যেটা বলছেন, পাশাপাশি তার বিরোধিতাও করছেন। এইসব ব্যাপারে আজকেই বিকেলে আলোচনা হবে। তাছাড়া বাজেটও আছে সেখানে জানা যাবে মানুষের আস্থা আছে কিনা। আবার বলেছেন ন্যায় পঞ্চায়েত করা উচিত। আপনি কোনওটা ঠিক বলছেন সেটা তো বুঝতে পারছি না। আপনি আস্থা থাকার পক্ষে না আস্থা না থাকার পক্ষে সেটা সুস্পষ্টভাবে বলুন।

**শ্রী অশোক কুমার দেব ঃ** পঞ্চায়েত এলাকায় যারা বাস করে, সেসব এলাকার মানুষদের যদি পঞ্চায়েতের উপরে আস্থা না থাকে বা ভরসা না থাকে তাহলে কি করে চলবে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমি আশ্বস্ত হলাম যে আপনি আস্থা থাকার পক্ষে। এবার আপনার মতামত জানলাম এবং পরবর্তী সময়ে আপনাদের মতামত নিয়ে সিদ্ধান্ত নেব।

**শ্রী অশোক কুমার দেব ঃ** আমার বজবজ এলাকায় যে ৫টি পঞ্চায়েত আছে তারা অনেক সময়ে ৩১শে মার্চের মধ্যে টাকা পাচ্ছেন সরকারি কাজে খরচ করার জন্য কিন্তু সেই টাকা তারা পঞ্চায়েতের এবং জেলা পরিষদের যারা দায়িত্বে আছেন, খরচা করেন না অথচ ৩১শে মার্চের মধ্যে বিল প্রডিউস করছেন, এই বিষয়ে আপনি কিছু জানেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** বিষয়টি যদিও ন্যায় পঞ্চায়েত বিষয়ক নয়, তবুও বলছি আপনি সুনির্দিষ্টভাবে অভিযোগ দিলে আমি বিষয়টি দেখব।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি যে, বর্তমানে বিধায়করা যে এস. সি. বা ও. বি. সি. সার্টিফিকেট দিয়ে থাকেন, সেইসব সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে তারা মূলত প্রধান মহাশয়ের সার্টিফিকেটের উপর নির্ভর করেন।

**মিঃ স্পিকার ঃ** ঐটা হবে না, ছেড়ে দিন, নট অ্যালাউড।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি ঠিকই বলেছেন, আমাদের আমলে এটা করা হয়েছিল, নূতন বিধানসভার সদস্য বলে উনি এটা ঠিকমতো বুঝতে পারেননি। আপনারা যে ২০ বছর ক্ষমতায় আছেন, এই ন্যায়

পঞ্চায়েত তৈরি করার ব্যাপারে আপনারা উপলব্ধি করেছেন কিনা, যদি করে থাকেন তাহলে ন্যায় পঞ্চায়েতের মাধ্যমে সুষ্ঠ বিচার পদ্ধতি অবলম্বন করার জন্য কি কোনও ব্যবস্থা নিয়েছেন, যদি এটা ভাল মনে করে থাকেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** '৫৭ সালের আইনে যে বিধান ছিল সেটা পরবর্তীকালে '৭৩ সালের আইনে তাই রেখে দেওয়া হয়। '৭৩ সালের পরে আপনারা আরও ৪ বছর ক্ষমতায় ছিলেন। মাত্র ৪৯টি জায়গায় এই ন্যায় পঞ্চায়েত গঠিত হয়েছে, তাও প্রথম ২/৩ বছরের মধ্যে সেটা বিলুপ্ত হয়ে যায়। তারপরে সেটাকে আপনারা একই অবস্থায় রেখে দিয়েছিলেন, সেটার জন্য আপনাদের মনে একটু গর্ববোধ আছে বলে মনে হচ্ছে। সেই বিধানটাকে কার্যকর করতে গেলে আমার মনে হয় তার পরিবর্তন ও সংশোধন করা দরকার। আমরা অভিজ্ঞতা নিচ্ছি, কয়েকটি রাজ্যে সেটা শুরু করেছেন। আমি এই ব্যাপারে আলোচনা করেছি বিচার বিভাগীয় মন্ত্রীর সঙ্গে। আপনাদের যদি কিছু মতামত থাকে সেটা বলে দিন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনারা তো এতদিন ক্ষমতায় আছেন, ২০ বছর ধরে আপনারা কিছু করলেন না কেন? আমার প্রশ্নটা খুব ছোট্ট জায়গায়। আপনার নাম সূর্য, আমি সত্য, আপনি সূর্যের মতো উত্তর দিন, আমি সত্যটা জানতে চাইছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** '৭৩ সালের যে বিধান আছে সেটাকে অক্ষত রেখে ন্যায় পঞ্চায়েত কার্যকর হতে পারে না ; করা যায় না। দ্বিতীয় নম্বর হচ্ছে, আমরা এটা করব কি করব না সেটা বিবেচনা স্তরে আছে। আমরা এখনও কিছু চূড়ান্ত সিদ্ধান্ত নিইনি। আমরা বলছি, মাননীয় দলের সদস্যরা তারা যদি কিছু মতামত দেন তাহলে সেটা আমরা গুরুত্ব সহকারে দেখব।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় সদস্য সত্য বাপুলির প্রশ্ন ধরেই আমি প্রশ্ন করছি, '৭৩ সালে যে ন্যায় পঞ্চায়েত আইন কংগ্রেস রাজত্বে হয়েছিল এবং তারপরে ওরা ৪ বছর চালিয়েছে, ৬ বছর করার চেষ্টায় ছিলেন, হয়নি। কিন্তু কি কারণে ওরা ন্যায় পঞ্চায়েতকে কার্যকর করতে পারল না। এর কারণ কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** '৭৭ সালে ওরা আইন করেছিলেন, তারপরে কিছু করেননি।

**রাজ্যে ডব্লিউ. বি. আই. ডি. সি.-র সহযোগিতায় শিল্প-প্রকল্প**

*৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ১৯৯৪ সাল থেকে ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে ডব্লিউ. বি. আই. ডি. সি.-র সহযোগিতায় কয়েকটি শিল্প-প্রকল্প বাস্তবায়িত হয়েছে ;

(খ) সত্যি হলে, বাস্তবায়িত শিল্প-প্রকল্পগুলি কি কি ; এবং

(গ) সেগুলিতে কত জনের কর্মসংস্থান হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বাস্তবায়িত মোট ২১টি শিল্প প্রকল্পের তালিকা সংযোজনী 'ক'-তে উল্লেখিত হল।

(গ) উক্ত শিল্প প্রকল্পগুলিতে মোট ১,৫৫৫ জনের কর্মসংস্থান হয়েছে।

'ক'

প্রকল্পগুলি হ'ল ঃ (১) নর্থ ভ্যালি ইস্পাত উদ্যোগ প্রাঃ লিঃ (জলপাইগুড়ি)

(২) শ্রী মাধব ইজিয়েবল অয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ (মেদিনীপুর)

(৩) আর এম প্যাকেজিং কোম্পানি প্রাঃ লিঃ (ফলতা)

(৪) জাগ্নি ইস্পাত প্রাঃ লিঃ (উলুবেড়িয়া)

(৫) গ্রিন ফিল্ড কভার ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ (জলপাইগুড়ি)

(৬) বনসল সিমেন্ট প্রাঃ লিঃ (খড়গপুর)

(৭) ড্রুইড ফারমা লিঃ (আমতলা)

(৮) সেনবো ইন্ডাস্ট্রিজ লিঃ (সোনারপুর)

(৯) এল কিউ পলিয়েস্টার লিঃ (ফলতা)

(১০) ওয়েলম্যান ইনক্যানভেসেন্ট ইন্ডাস্ট্রিজ লিঃ (খড়গপুর)

(১১) কেরো রাজেন্দ্র মনোলিথিকস লিঃ (বড়জোড়া)

(১২) ম্যামনাকন ইলেক্ট্রিক্যালস প্রাঃ লিঃ (সল্টলেক)

(১৩) ভার্সটাইল ওয়্যারস লিঃ (রসপুঞ্জ)

(১৪) লেড স্টোন এনার্জি লিঃ (শ্রীরামপুর)

(১৫) ডেভেলপমেন্ট কনসালটেন্ট লিঃ (কলকাতা-হলদিয়া)

(১৬) প্রতাপ ফ্যানস লিঃ (হাওড়া)

(১৭) অ্যাকলিমা ফার্মাসিটিউক্যালস (ভাসা/দক্ষিণ ২৪ পরগনা)

(১৮) কারনেশন ইন্ডাস্ট্রিজ লিঃ (উলুবেড়িয়া)

(১৯) পি. পি. হোল্ডিং প্রাঃ লিঃ (হাওড়া)

(২০) ক্রিস্টাল কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ (আন্দুল)

(২১) এসো সিমেন্টস লিঃ (খড়গপুর)

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ২১টি শিল্প প্রকল্প বাস্তবায়িত হয়েছে এবং ১,৫৫৫ জনের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। ১৯৯১ সাল থেকে ১৯৯৭ সালের মার্চ মাস পর্যন্ত রাজ্য সরকার মোট কতগুলো প্রকল্পের প্রস্তাব পেয়েছে এবং তার মধ্যে কতগুলো কার্যকর হয়েছে এবং প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কত লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে জানাবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** ১৯৯১ সাল থেকে ১৯৯৭ সালের মার্চ মাস পর্যন্ত প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড হয়েছে ২৬৫টি। আর ইতিমধ্যে বাণিজ্যিকভাবে উৎপাদন চালু করেছে ১৯৯১ সালে ২৮টি ; ১৯৯২ সালে ৫৮টি ; ১৯৯৩ সালে ৪৬টি ; ১৯৯৪ সালে ৩৭টি ; ১৯৯৫ সালে ৫৭টি ; ১৯৯৬ সালে ৩০টি এবং ১৯৯৭ সালের মার্চ মাস পর্যন্ত হয়েছে ৬টি। এতে সরাসরি বিনিয়োগ হয়েছে ৭ হাজার ৪৯ কোটি ৬৯ লক্ষ টাকা এবং সরাসরি কর্মসংস্থান হয়েছে ২৩,৩৮৩টি এবং অপ্রত্যক্ষভাবে কর্মসংস্থান হয়েছে ১ লক্ষ ১৬ হাজার ৯১৫ জনের।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** যে সমস্ত প্রকল্প রূপায়িত হয়েছে বলে বললেন, শেষের ঐ ছয়টি প্রকল্পের নাম দয়া করে জানাবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এর আগে আমি একটা কথা বলতে ভুলে গিয়েছিলাম, টোটাল প্রস্তাব পাওয়া গেছে ১,৫২৬টি, যার প্রকল্প মূল্য হচ্ছে ৪২,৫৫৮ কোটি ৩২ লক্ষ টাকা। আর জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত যে ছয়টি প্রকল্প ইমপ্লিমেন্টেড হয়েছে তার নামগুলো আপনি জানতে চেয়েছেন। সেই প্রকল্পগুলো হচ্ছে—জে. জে. স্পেক্ট্রাম সিল্ক লিমিটেড, এই কোম্পানিটা জোকাতে হয়েছে ; প্রিসিশন টেকনো প্রাইভেট লিমিটেড, এটা বিধাননগরে হয়েছে ; ভারসেটাইল ওয়ার্কস লিমিটেড, এখানে দুটো প্রকল্প সাউথ ২৪ পরগনার রাশপুঞ্জতে হয়েছে ; ম্যাগনেট ইন্টারঅ্যাক্টিভ টেকনোলজি প্রাইভেট লিঃ, এটার হেড অফিস হচ্ছে ক্যামাক স্ট্রিট ; মাইথন অ্যালয়স লিমিটেড, দেবীপুর, বর্ধমান এই ছয়টি প্রকল্প হয়েছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, দ্বাদশ বিধানসভার মেয়াদকাল পর্যন্ত কতগুলো বড় প্রকল্প নিশ্চিতভাবে আমাদের রাজ্যে বাস্তবায়িত হবে, এটা নিশ্চিত করে জানাবেন কি? স্থান এবং নাম করে বলবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** যেগুলো খুব বড় বড় প্রকল্প আমাদের এখানে আসছে, কিছু শুরু হয়েছে কিছু শুরু হবে। মাঝারি অনেক আছে। বড় প্রকল্প হচ্ছে ২৭টা। নাম জানতে চেয়েছেন বলে দিচ্ছি। হলদিয়া পেট্রোকেমিক্যাল ৫ হাজার ১৭০ কোটি টাকা, মিৎসুবিসি কেমিসক্যাল কর্পোরেশন-এর সাথে আমাদের ডব্লু. বি. আই. ডি. সি. থাকবে ১৫শো কোটি টাকা, ডি. পি. এল. এবং বি. জি. এস ইন্টিগ্রেটেড স্টিল প্ল্যান্ট করবে ১৪শো কোটি টাকা দার্জিলিং পেপার

অ্যান্ড পাল্প শিলিগুড়িতে হবে ৬শো কোটি টাকা, ভূষণ স্টিল লিমিটেড উলুবেড়িয়াতে হবে কোল্ড রোলিং মিল—২শো কোটি টাকা। এটা আলোচনা চলছে। সেঞ্চুরি টেক্সটাইল পিগ আয়রন প্ল্যান্ট খড়গপুরে হবে ৪শো কোটি টাকা। কুলপিতে মাইনর পোর্ট হবে বেঙ্গল পোর্ট লিমিটেড করবে ৬২৫ কোটি টাকা। বেঙ্গল এন. আর. আই. কমপ্লেক্স হবে কলকাতায় ৪শো ৫০ কোটি টাকা। এক্সপোর্ট প্রোমোশন ইন্ডাস্ট্রিয়াল পার্ক হবে দুর্গাপুরে, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের সহযোগিতায় ১১০ কোটি টাকা, কলকাতায় লেজার কমপ্লেক্স ২৮৫ কোটি টাকা, এস. ই. সি. টেলি কোয়ার্টাজ ১২৫ কোটি পাহাড়পুর কুলিং টাওয়ার হলদিয়া ফার্টিলাইজার ইউরিয়া প্রোজেক্ট করবে ১৫শো কোটি টাকা। কলকাতা শিলিগুড়ি এক্সপ্রেস ওয়ে, ফোর লেন—৪ হাজার কোটি টাকা, বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ে ৮.৭ কিলোমিটার, ফোর লেন ১৫ কোটি টাকা, কলকাতা, হলদিয়া এক্সপ্রেস ওয়ে ৯০ কিলোমিটার ফোর লেন ৮শো কোটি টাকা। ইস্টার্ন এক্সপ্রেস ওয়ে ৪৫০ কোটি টাকা। কামালগাছি থেকে সারাপোল ২২ কিলোমিটার ফোর লেন ৩৮ কোটি টাকা। খড়গপুর মহিষাদল আপটু হলদিয়া ৬৫ কিলোমিটার ফোর লেন—৪শো কোটি টাকা। পানাগড় মেচেদা ১২০ কিলোমিটার ফোর লেন—৮৫০ কোটি টাকা। কুলপি-চুঁচুড়া ১১০ কিলোমিটার ৮৮০ কোটি টাকা। এলিভেটেড পেডেস্ট্রিয়ান প্লাজা, ১৪শো মিটার ২৩ কোটি টাকা। ব্রিজ ওভার অজয় ৯.৫ কোটি টাকা, ব্রিজ রিভার ভাগিরথী জঙ্গিপুর ১৮.৫ কোটি টাকা, পলি পার্ক হলদিয়া ১২০ কোটি টাকা, পলি পার্ক দুর্গাপুর ১৭৫ কোটি টাকা এবং ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ১২০ কোটি টাকা।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে একটা প্রশ্ন সেটা হল, মাননীয় চেয়ারম্যান ডব্লু. বি. আই. ডি. সি. খুব উদ্যোগ নিয়েছেন, পৃথিবী ভ্রমণ করছেন, খুব সুন্দর একটা অফিস করেছেন। তা করুন, অফিস লাগে। আমার প্রশ্ন হচ্ছে আমরা খবরের কাগজে পড়েছি যে ডব্লু. বি. আই. ডি. সি.-তে নাকি প্রায় ৫ কোটি টাকার উপর লোকসান চলছে। এটা কি সত্যি? সত্যি হলে কত টাকা লোকসান চলছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** আমরা তো অ্যাকাউন্টস অ্যাসেম্বলিতে কমিটিতে জমা দিই। সেটা দেখতে পারেন। এখন আমার পক্ষে রেডিলি কিছু বলা সম্ভব না। তবে এটা বলছি যে এড়িয়ে যাওয়ার কোনও ব্যাপার নেই। ডব্লু. বি. আই. ডি. সি. সাহায্যকারি সংস্থা। ইকুইটিতে পার্টিশিপেট করে লোন দেয়। মাঝারি ধরনের প্রকল্প করে। তাদের অনেক রকম অভিজ্ঞতা দিয়ে সাহায্য করে। প্রকল্প তৈরির ব্যাপারে। তাদের জন্য শিল্পবন্ধু আছে যেখানে এক জানালা ব্যবস্থার মধ্যে দিয়ে যত তাড়াতাড়ি কাজ করা যায়। কিন্তু অর্থনৈতিক বিষয়ের বেশিটাই ওদের রাজ্যসরকারের বাজেটের উপর নির্ভরশীল। আরও দু-এক বছর লাগবে ওদের স্বাবলম্বী হতে। আর লোকসানের ব্যাপারটা আমি জানি না।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নির্মলচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, ডবলু. বি. আই. ডি. সি.-র সহযোগিতায় উত্তরবঙ্গ, পুরুলিয়া, বাঁকুড়া এবং মুর্শিদাবাদ এই সমস্ত জেলাগুলিতে কোনও প্রকল্প গড়ে তোলার চেষ্টা হয়েছে কিনা ৯৪-৯৬ সালের মধ্যে জানাবেন। এই প্রকল্পের সাথে ডব্লু. বি. আই. ডি. সি.-র সহযোগিতা নিয়ে রাজ্য সরকারের সাথে কতগুলি শিল্প সংস্থায় তারা এগিয়ে

এসেছেন এবং কতগুলি বিদেশি শিল্প সংস্থা এই যুক্তভাবে শিল্প গড়ে তোলার জন্য এ রাজ্যে এসেছে।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** ডবলু. বি. আই. ডি. সি. ই. আই. ডি. সি.-র সাথে কাজ করবে। উত্তরবঙ্গে কতগুলি শিল্প স্থাপিত হয়েছে। আরও ১৭২টা প্রস্তাব আছে। আর বিদেশি বিনিয়োগের সংখ্যাটা জানতে চাইছেন, সেটা আছে। এর জন্য ১০ হাজার কোটি টাকার লগ্নি আছে। আর আপনি উত্তরবঙ্গ সম্পর্কে আলাদা প্রশ্ন করলে জবাব দিতে পারব। সারা রাজ্য জুড়ে প্রশ্নকর্তা প্রশ্ন করেছেন। উত্তরবঙ্গের ব্যাপারে যেগুলি আলাদা করে জানা আছে, সেগুলি বললাম।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আপনি উত্তর দিয়েছেন যে, সরাসরি কর্মসংস্থান হয়েছে ১ হাজার ৫৫৫ জনের। আমি জানতে চাইছি লক্ষ্যমাত্রা কত ছিল।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** প্রশ্নটা সীমাবদ্ধ ছিল। যে কয়টা জিজ্ঞাসা করেছেন, সেই কয়টার উত্তর দিয়েছি। কর্মসংস্থানের ক্ষেত্রে প্রত্যক্ষ পরোক্ষ দুটোই বলেছি। তবে কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ওইভাবে হয় না। বহুভাবেই হয়। কৃষিতে হয়, শিল্পে হয়। আমি ডাইরেক্ট এমপ্লয়মেন্ট ফিগারও বলেছি। নির্দিষ্ট সময়ের জন্য প্রশ্নকর্তা জানতে চেয়েছেন, সেই সময়ের মধ্যে প্রকল্পগুলিতে কত কর্মসংস্থান হয়েছে সেটা বলেছি।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, পুরুলিয়া জেলার কাশীপুর পাহাড়পুরে সিলিমিনেট কোরানডাম মাইনিং-এর কাজ ডবলু. বি. এম. ডি. টি. সি.-কে দিয়ে করাচ্ছে না। সেই জায়গায় প্রাইভেট পার্টি লিজ নিয়ে মাইনিং-এর কাজ করার চেষ্টা করছে, এটা কি সত্যি? যদি সত্যি হয়ে থাকে তাহলে ওই জায়গায় ডাব্লু. বি. এম. টি. ডি. সি.-র কাজ করতে না পারার কারণ কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এই ভাবে প্রশ্নের উত্তর দেওয়া মুশকিল। তবে মাইনিং-এর কাজ বেসরকারি হাতেও লিজ দেওয়া হয়। আমাদের এম. টি. ডি. সি. খুব বেশি কাজ করতে পারেন না। সেজন্য লিজ দেওয়া হয়। আপনি নির্দিষ্ট করে যে মাইনিং-এর কথা বলেছেন সেটা আমি খোঁজখবর নিয়ে পরে জানাতে পারব।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমরা রিপোর্টে দেখেছি যে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী আসার পর ডব্লু. বি. আই. ডি. সি.-র সঙ্গে কিছু সিঙ্গাপুর বেসড কোম্পানির মউ সই হয়েছিল। এ ছাড়া মন্ত্রীও বাইরে গিয়ে ছিলেন এবং বিদেশি সংস্থার সঙ্গে কিছু মউ সই হয়েছিল। একটা রিপোর্ট বেরিয়েছে, সেই রিপোর্ট থেকে শোনা যাচ্ছে যে বিদেশি কোম্পানির সাথে ১২টি মউ সই হয়েছে কিন্তু তারা কোনওরকম ইন্টারেস্ট দিচ্ছে না। তার ফলে একটাও ইমপ্লিমেন্টেড হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে সমস্ত কোম্পানিগুলোর সাথে পার্টিকুলারলি সিঙ্গাপুর এবং আমেরিকার কোম্পানিগুলোর সাথে ডাব্লু. বি. আই. ডি. সি.-র যে মউ সই হয়েছিল সেগুলোর বর্তমান অবস্থা কি? এগুলো কি বাতিল হয়ে গেছে? এই যে রিপোর্ট বেরিয়েছে এটা কি সত্যি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এই রিপোর্ট কোথায় বেরিয়েছে তা আমার জানা নেই।

**শ্রী সৌগত রায় ঃ** এই রিপোর্ট ইন্ডাস্ট্রির সাবজেক্ট কমিটিতে ডাব্লু. বি. আই. ডি. সি. ইন রাইটিং দিয়েছে। এতে আছে সিঙ্গাপুরের কোম্পানি এবং অন্যান্য এন. আর. আই. কোম্পানিগুলোর এ ব্যাপারে কোনও ইন্টারেস্ট নেই। এখানে সাবজেক্ট কমিটি রিপোর্ট দিয়েছে, আমি এটা উল্লেখ করতে চাইনি। কিন্তু আপনি জিজ্ঞাসা করলেন, কোথায় বলা হয়েছে? সেজন্য আমি এটা উল্লেখ করলাম।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** যতগুলো প্রকল্প, প্রস্তাব পেয়েছি সেগুলো আগে জানিয়েছি। তার মধ্যে ২৩২টিতে অনাবাসী ভারতীয়দের থেকে ফরেন ডাইরেক্ট ইনভেস্টের প্রস্তাব এসেছে। সেটা হল ১৬ হাজার ৭৪ কোটি ৬২ লক্ষ টাকার প্রস্তাব। সিঙ্গাপুরের কোম্পানিগুলোর সাথে কথাবার্তা হয়েছিল কিন্তু সেটা খুব বেশি ফলপ্রসূ হয়নি এবং সিঙ্গাপুর বড়রকম ভাবে সারা ভারতবর্ষের কোথাও ইনভেস্ট করতে আসছে না। তবে সিঙ্গাপুরে আবার আমাদের লোকজন যাচ্ছে।

(গোলমাল)

আমরা পূর্বের প্রকল্পগুলো ফলো-আপ করতে যাচ্ছি। সিঙ্গাপুরে এবং থাইল্যান্ডে যে ট্রেড-বোর্ড আছে তার সাথে আমাদের সিরিয়াস আলোচনা চলছে। আবার বড়ভাবে অনেকগুলো প্রকল্পের প্রস্তাব এসেছে।

**শ্রী হাফিজ আলম সেরানি ঃ** ৯৪ থেকে ৯৬ পর্যন্ত ডব্লু. বি. আই. ডি. সি.-র সহযোগিতায় যে সমস্ত প্রকল্প বাস্তবায়িত হয়েছে—আমি নির্দিষ্ট ভাবে জানতে চাই তার মধ্যে উত্তরবঙ্গে কত টাকা বিনিয়োগ হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এটা আলাদা প্রশ্ন করলে উত্তর দিতে সুবিধা হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, কংগ্রেস আমলে বীরভূম জেলায় যে সমস্ত শিল্প স্থাপন হয়েছিল, সেইগুলো ধ্বংস হয়ে গেল, সেখানে কোনও নতুন পরিকল্পনা আপনাদের আছে কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** বীরভূমে আমরা একটি বড় শিল্পবিকাশ-কেন্দ্র গড়ে তোলার চেষ্টা করছি, সেটা হলে কিছু সুবিধা হবে। তাছাড়া পরিকাঠামোর ক্ষেত্রে বিশেষ করে রেল-এর ব্যাপারটি সেখানে দুর্বল, সেটা আরও একটু উন্নত করতে পারলে বীরভূমে শিল্প বিকাশের সুযোগ আসবে। আমি এবং রাজ্য সরকার এই ব্যাপারে আন্তরিকভাবে চেষ্টা করছি।

**ভোটারদের জন্য সচিত্র পরিচয়পত্র**

*৬১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৫) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ভোটারদের সচিত্র পরিচয়পত্র প্রস্তুতিতে কি পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে; এবং

(খ) এই অর্থের মধ্যে কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থের পরিমাণ কত?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) ৪৯.১৬ কোটি টাকা।

(খ) ২৮.০২ কোটি টাকা।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী সুকুমার দাস :** এই রাজ্যে বর্তমানে ভোটার কত এবং কতজনের ফটো তোলা বাকি আছে?

**শ্রী জ্যোতি বসু :** আমাদের এখানে ভোটার সংখ্যা ৪ কোটি ৭ লক্ষ ৫৪ হাজার ১৮০। তার মধ্যে ইতিমধ্যে ছবি তোলা হয়েছে ৩ কোটি ১৫ লক্ষ ৪৫ হাজার ২৩ ৬ এবং এদের আইডেন্টিটি কার্ড দেওয়া হয়েছে। যেগুলো বাকি আছে, সেইগুলো ইলেকশন কমিশন থেকে ব্যবস্থা করছেন আমাদের সি. ই. ও.-র মাধ্যমে যাতে করে এইগুলো বন্ধ না হয়, ছবিগুলো তোলা হয়। বলছি, শেষ অবধি যখন কিছু হল না ভারতবর্ষ ব্যাপী, আমাদের এখানে অনেক হয়েছে, তখন ইলেকশন কমিশন থেকে গত নির্বাচনের সময় বলা হয়েছিল, ছবি হাতে নিয়ে যাবেন, কিন্তু দরকার হবে না।

**শ্রী সুকুমার দাস :** এই যে ভোটারদের পরিচয়পত্রের জন্য ছবি তোলা হয়েছিল, খবর আছে আগে বেসরকারি কোম্পানির নাম ছিল না, সরকার তাদের নেওয়ার ফলে হয়রানি হয়েছিল মানুষ—এদের সংখ্যা কত?

**শ্রী জ্যোতি বসু :** সংখ্যাটা আমি ঠিক বলতে পারব না। তবে এটা ঠিক, প্রথম দিকে কয়েকটা বড় পাবলিক কোম্পানিকে এই কাজ দেওয়া হয় কিন্তু কয়েকটা কোম্পানি কাজ করে না। কাজেই সেখানে টাকা খরচ হয়নি।

**শ্রী সুকুমার দাস :** বাকি ১ কোটি ভোটারদের মধ্যে কোনও জেলাওয়ারির পরিসংখ্যান পাওয়া যাবে কি? কোন্ জেলায় সবচেয়ে বেশি বাকি আছে?

**শ্রী জ্যোতি বসু :** না।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** যে পরিচয়-পত্রগুলো তোলা হয়েছে তার মধ্যে বেশ কিছু পরিচয়পত্রের ছবি আদৌ বোঝা যাচ্ছে না। আমার জিজ্ঞাস্য, এই সংখ্যাটা কত এবং এই ছবিগুলো নতুন করে করতে কত দিন সময় লাগবে তার কোনও হিসাব আছে?

**শ্রী জ্যোতি বসু :** কত ছবি অস্পষ্ট আমি জানি না। আপনি প্রশ্ন করেননি, প্রশ্ন করলে, হিসাব থাকলে, দিয়ে দেব।

**শ্রী রবীন মুখার্জি ঃ** যে সমস্ত কন্ট্রাক্টররা ছবি তোলার কন্ট্রাক্ট পেয়েছিল তারা কন্ট্রাক্ট মানেনি। তাদের বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা নিয়েছেন? বিভিন্ন জেলায় কন্ট্রাক্টররা সাব-কন্ট্রাক্ট দিয়েছে এবং এ নিয়ে বহু অর্থ-কড়ি ইলেকশন ডিপার্টমেন্ট থেকে তছরূপ হয়েছে। এ বিষয়ে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন বা নিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** এ বিষয়ে ব্যবস্থা কিছু নেবার নেই। তাদের কাজ দেওয়া হয়নি। তারা যখন অস্বীকার করেছেন, করতে পারেননি, তাদের যে অর্ডার দেওয়া হয়েছিল সেটা গুটিয়ে নেওয়া হয়েছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** এই পরিচয়-পত্র তুলতে গিয়ে সরকারের মোট ৪৯ কোটি ১৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আপনার কাছে অস্পষ্ট ছবির সংখ্যা না থাকলেও ছবিগুলো এমন অস্পষ্ট হয়েছে যে, নিজেকে বলে না দিলে ছবির লোককে চেনা যাচ্ছে না। এই রকম যে ফটোগুলো অস্পষ্ট আছে সেগুলো কারেকশন করার জন্য আপনারা কোনও ব্যবস্থা গ্রহণ করবেন কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** ইলেকশন কমিশন নিশ্চয় ব্যবস্থা করবেন। কিন্তু কতগুলো ছবি অস্পষ্ট—১ না ১০ হাজার তা আমি বলতে পারব না।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** অস্পষ্ট ছবি সুস্পষ্ট করার আবেদন করলে করা হবে কি না? এ ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** নিয়ম সেই রকম আছে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, কত ভোটার আছে এবং তার মধ্যে কত ভোটারের ফটো তোলা হয়েছে তা বলেছেন। কিন্তু এটা সুস্পষ্ট হয়নি যে, যতগুলো তোলা হয়েছে তার মধ্যে কত ফটো বন্টন করা হয়েছে? তার কারণ, সম্প্রতি কলকাতায় একটা শিডিউল পেয়েছি যে, আবার এই মাস থেকে কলকাতায় পরিচয়-পত্র বন্টন করা হবে। মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন, কত এই রকম ফটো এখনও বন্টন করা হয়নি? যে ফটোগুলোতে ভুল আছে—যেমন, আমার এলাকার ২০০ আইডেন্টিটি কার্ডে আলিপুর কনস্টিটিউয়েন্সির জায়গায় চৌরঙ্গি লেখা আছে। এগুলো সংশোধন করার ব্যাপারে আপনারা কোনও ব্যবস্থা নেবেন কি না? এক-একটা কন্ট্রাক্টর অনেক টাকা নিয়ে চলে গেল। যেমন, 'টোডি ক্যাপিট্যাল ফটোগ্রাফি' কলকাতায় ফটো তোলার অর্ডার পেল। কিন্তু তারা অর্ধেক ছবি ভাল করে না তুলে চলে গেল। এইভাবে তো পাবলিক এক্সচেকারকে ঠকানো হচ্ছে।

[11-40 — 11-50 a.m.]

কত ফটো ডিস্ট্রিবিউট করা হয়নি, সেগুলি ডিস্ট্রিবিউট করার কি ব্যবস্থা হচ্ছে? যারা এই ভুল ফটো ছেপেছেন, তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** চার কোটির উপর ভোটার আছে, আর ৩ কোটি ১৫ লক্ষ ৪৫ হাজার ২৩২ জনকে আইডেন্টিটি কার্ড দেওয়া হয়েছে। তার মধ্যে কতগুলি স্পষ্ট, কতগুলি অস্পষ্ট, কতগুলি আবেদন এসেছে সেটা ইলেকশন কমিশন বলতে পারবে।

**শ্রী সৌগত রায় ঃ** কত ফটো তুলেছেন আর কত ডিস্ট্রিবিউট হয়েছে এটাই জানতে চাই।

**শ্রী জ্যোতি বসু ঃ** একটা কথা কতবার বলব? Out of 4 crores 55 lakhs 83 thousand 54 voters—4 crores 7 lakhs 54 thousand 181 voters have photographed and 3 crores 15 lakhs 45 thousand 234 voters have been delivered identity cards till date. এই কাজ শেষ হয়নি, এগুলি সি. ই. ও. কাছে আছে, তারা এটা কনটিনিউ করছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এখানে যেটা বলা আছে যে সচিত্র পরিচয়পত্র প্রস্তুতির মোট খরচ এবং কেন্দ্রীয় সরকার-এর অর্থের কথা আছে। বিধানসভায় ৫ নম্বর ডিমান্ডের মাধ্যমে যে দাবি পেশ করা হয়েছে তাতে এক জায়গায় লেখা আছে ভোটারদের সচিত্র পরিচয়পত্র প্রদানের জন্য ১ কোটি টাকা ব্যয় হয়েছে। আমি জানতে চাইছি এই যে টাকা ব্যয় হয়েছে সেটা কি শুধু প্রস্তুতির জন্য, না কি প্রদানের টাকা আলাদা ধরা আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটা আমি কি করে বলব। আমাদের যে দেয় টাকা সেটা বলেছি, কেন্দ্রীয় সরকার কত দিয়েছে, আমরা কত দিয়েছি। এর বেশি আমি কি করে বলতে পারি?

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** আপনি যে ফটো দিলেন, তার মধ্যে কিছু লোক ফটো পেল, আর কিছু লোক পেল না। যাদের ডিস্ট্রিবিউট করা হয়নি, তারা দীর্ঘদিন ধরে যাচ্ছে আর ঘুরে আসছে। তারা ফটোগুলি কখন কিভাবে পেতে পারে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমাদের এখানে সি. ই. ও. প্রতিনিধি যারা আছেন তারাই এই ব্যবস্থাগুলি করেন। ক্যাম্প করা হয়, নোটিশ দেওয়া হয়, কেউ আসেন, কেউ আসেন না। এই ব্যবস্থা যদি না হত তাহলে এই তিন কোটির বেশি লোক ফটো পেল কি করে। আর যেগুলি বাকি আছে, সেগুলি সি. ই. ও. কাছে আছে। ক্যাম্প করা হয়, নোটিশ দেওয়া হয়, যারা আসবেন তারা পাবেন, আর যারা আসবেন না তারা পাবেন না।

## No Hawking Zones in Calcutta

*621. (Admitted question No. *1681) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Municipal affairs Department be pleased to state—

> the details of the no-hawking zones in Calcutta, as declared by the Government.

**Shri Asok Bhattacharya :**

সরকার কলকাতায় যে সব রাস্তাতে হকারি নিষিদ্ধ বলে স্থির করেছে এরূপ ২১টি রাস্তা হল ঃ

(১) দেশপ্রাণ শাসমল রোড (এসপ্ল্যানেড অবধি)

(২) গড়িয়াহাট রোড—সইদ আমির আলি এভিনিউ

(৩) ডায়মন্ড হারবার রোড—(তারাতলা থেকে আমতলা)

(৪) নেতাজী সুভাষচন্দ্র বোস রোড—(৬নং বাসরুট)

(৫) রাজা সুবোধ মল্লিক রোড (৫ নং বাসরুট)

(৬) আচার্য জগদীশচন্দ্র বোস রোড

(৭) আচার্য প্রফুল্লচন্দ্র রোড

(৮) আমহার্স্ট স্ট্রিট

(৯) কলেজ স্ট্রিট—বিধান সরণি

(১০) স্ট্রান্ড রোড

(১১) ব্রাবোর্ন রোড

(১২) মহাত্মা গান্ধী রোড

(১৩) আর. জি. কর রোড

(১৪) বি. টি. রোড

(১৫) উল্টোডাঙ্গা মেইন রোড

(১৬) বৌবাজার স্ট্রিট

(১৭) লেনিন সরণি

(১৮) এস. এন. ব্যানার্জি রোড

(১৯) মানিকতলা মেইন রোড

(২০) ই. এম. বাইপাস

(২১) দমদম রোড।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় মন্ত্রীর কাছ থেকে আমরা এই প্রথম জানতে পারলাম কলকাতার কোন্ ২১টি রাস্তা নো হকিং জোন হিসাবে চিহ্নিত হয়েছে। তাহলে এর বাইরে যে সব বড় বড় রাস্তা রয়েছে, যেমন রাসবিহারি অ্যাভিনিউ, সার্কুলার গার্ডেন রিচ রোড ইত্যাদি সেগুলিতে নিশ্চয়ই হকাররা বসতে পারবে, বুদ্ধদেববাবুর পুলিশ তাদের উচ্ছেদ করবে না?

**শ্রী অশোক ভট্টাচার্য :** আপাতত আমরা ঠিক করেছি এই ২১-টা রাস্তায় কাউকে হকারি করতে দেওয়া হবে না। তবে এটাও আমাদের সিদ্ধান্ত যে, কলকাতার কোথাও কোনও রাস্তার ওপর পারমানেন্ট বা টেম্পোরারি স্ট্রাকচার আমরা করতে দেব না।

**শ্রী সৌগত রায় ঃ** গড়িয়াহাটার মোড়ে রাসবিহারি অ্যাভিনিউতে যে হকাররা বসছে রোজ তাদের পুলিশ মেরে তুলে দিচ্ছে। তাই আজকে গড়িয়াহাটায় বনধ্ পালিত হচ্ছে। আমরা লক্ষ্য করছি এ বিষয়ে পৌর দপ্তরের সঙ্গে পুলিশ দপ্তরের সমন্বয়ের অভাব রয়েছে। এখন আমার প্রশ্ন হচ্ছে, যে সমস্ত হকারদের আপনারা উচ্ছেদ করেছেন তাদের পুনর্বাসনের জন্য কি ব্যবস্থা এখন পর্যন্ত গ্রহণ করেছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** পুনর্বাসন দিতে আমরা বাধ্য নই, তবুও মানবিক কারণে পুনর্বাসনের জন্য আমরা উদ্যোগ নিয়েছি। আপাতত স্থায়ীভাবে ২,৯৬২ জনের ব্যবস্থা করেছি। ইতিমধ্যে আমরা ৪৩৫ জনকে স্থায়ীভাবে স্টলের ব্যবস্থা করে দিয়েছি। বাকি ৩,৭৭৫-টি স্থায়ী দোকান ঘর নির্মাণের কাজ চলছে। আমরা এদের জন্য মোট ১৬-টা নতুন বাজার নির্মাণ করছি। ৪,০০০-এর মতো স্থায়ী ব্যবস্থা আমরা করতে পারব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রীর কাছ থেকে জেনে আনন্দিত হলাম যে, ওরা হকারদের জন্য ১৬-টা বাজার করছেন এবং ৪,০০০ হকারকে পুনর্বাসন দেবেন। তবে মাননীয় মন্ত্রী মহাশয়, এখন পর্যন্ত আপনাদের পুনর্বাসনের প্রচেষ্টা হাস্যকর। আপনারা বাই-পাসের কাছে রাসবিহারী কানেক্টরে হকার মেলা বসিয়েছিলেন, কিন্তু সেখানে একটা লোকও যায়নি। ফলে কিছু দিন পরেই তা তুলে নিলেন। এই রকম পুনর্বাসনের নামে কিছু ছেলে-খেলা হচ্ছে, হাস্যকর সব পরিকল্পনা নিচ্ছেন। তবে আপনরা পারমানেন্ট বাজার করবেন, এটা আনন্দের ব্যাপার। আমি কি আবার জিজ্ঞাসা করতে পারি—এখন জন মেজর বা বিলেতের প্রধানমন্ত্রীর এখানে আসার সম্ভাবনা নেই, অতএব এখন কি আপনাদের অপারেশন সান সাইন বন্ধ থাকবে ; হকারদের ওপর পুলিসি জুলুম বন্ধ থাকবে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** জন মেজর এল, কি গেল তার সঙ্গে হকার উচ্ছেদ, রাস্তা পরিষ্কারের কোনও সম্পর্ক নেই। আমরা যখনই প্রয়োজন হবে তখনই রাস্তা দখলমুক্ত করব পথচারিদের রাস্তা দিয়ে স্বাভাবিকভাবে হাঁটবার জন্য।

[11-50 — 12-00 Noon]

**শ্রী অমর চৌধুরি ঃ** বি. টি. রোডে যে সমস্ত হকার উচ্ছেদ হয়েছে তাদের পুনর্বাসনের জন্য আপনি কোনও পরিকল্পনা করেছেন কি না বা কোনও মিউনিসিপ্যাল বাজার করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করার কথা চিন্তা করেছেন কি না?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** বি. টি. রোডের ধারে যে সমস্ত হকার উচ্ছেদ হয়েছে তাদের জন্য কোনও পরিকল্পনা এইরকম কোনও প্রস্তাব সংশ্লিষ্ট পৌরসভার কাছ থেকে পাইনি। এইরকম প্রস্তাব পেলে বিবেচনা করে দেখব।

**শ্রী জটু লাহিড়ি ঃ** হকার উচ্ছেদের নামে কলকাতায় যেমন একটা বিশ্রী ঘটনা ঘটেছে তেমনি হাওড়াতেও ঘটেছে। একটু আগে বললেন, কলকাতায় প্রায় ২১টি রাস্তা নো হকিং জোন করেছেন। আমার প্রশ্ন হচ্ছে, হাওড়াতে এইরকম কোনও ব্যবস্থা নিয়েছেন কি না নো

হকিং জোন হিসাবে এবং যদি নিয়ে থাকেন তাহলে কোন কোন এলাকা চিহ্নিত করেছেন? যদি করে থাকে তাহলে তার নামগুলি বলবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য :** হাওড়াতে এইরকম কোনও পরিকল্পনা আপাতত নেই।

**শ্রী মহম্মদ হান্নান :** আপনি কলকাতার ২১টি রাস্তার কথা বললেন। আমার প্রশ্ন, কলকাতা ছাড়া গোটা পশ্চিমবাংলার অন্যান্য জেলার রাস্তাগুলি থেকে হকার উচ্ছেদের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী অশোক ভট্টাচার্য :** এইরকম কোনও নির্দিষ্ট পরিকল্পনা থাকে না। যখন যে রকম প্রয়োজন হয়—যখন দেখা কোনও শহরে রাস্তা-ঘাটে মানুষ চলাচল করতে পারছে না, ফুটপাত দিয়ে মানুষ হাঁটতে পারছে না, ট্রাফিক কনজেশন হচ্ছে, তখন সেখানকার পৌরসভা বা প্রশাসন তারা যৌথভাবে সিদ্ধান্ত গ্রহণ করে যে, এই রাস্তাগুলি বা এই ফুটপাথগুলি চলাচলের উপযুক্ত করার জন্য সেখানে বে-আইনি দখলদারদের উচ্ছেদ করা প্রয়োজন। এইরকম পরিকল্পনা তারা গ্রহণ করে। যেখানে যেখানে এইরকম পৌরসভা বা প্রশাসন থেকে প্রয়োজন অনুভব করছে সেখানে ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমার বিষয় হচ্ছে, সারা পশ্চিমবঙ্গের সব শহরের রাস্তাঘাট মানুষের চলাচলের উপযোগী করতে হবে। এর জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। তবে সিদ্ধান্তটা কেন্দ্রীয়ভাবে গ্রহণ করা হয় না, স্থানীয়ভাবে গ্রহণ করা হয়।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** আমার প্রশ্ন হচ্ছে, কলকাতার গতি বাড়াতে হবে বলে ডিক্লেয়ার করেছেন। এরজন্য হকার উচ্ছেদ, ক্লিয়ারেন্স সব কিছু হচ্ছে। কিন্তু কলকাতায় গাড়ি ঢুকবে তো গ্রাম থেকে, বিভিন্ন এলাকা থেকে আসবে। একটু আগে যে প্রশ্নটা একজন মাননীয় সদস্য করলেন যেখানে পৌরসভা নেই, যেখানে গ্রাম আছে সেইসব জায়গায় রাস্তাঘাটগুলি কনজেশন হচ্ছে বিভিন্নভাবে, মোড়গুলি, রাস্তাগুলি ক্লোজড হয়ে যাচ্ছে। সেইসব জায়গা ক্লিয়ার করার জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করবেন কি? কারণ পুলিশকে বললে তারা একদিন যাবে, তারপর আর যাবে না। সেইজন্য গভর্নমেন্টের তরফ থেকে এইসব রাস্তা ক্লিয়ার করার জন্য কি ব্যবস্থা নেবেন? গ্রামাঞ্চলে যে সব রাস্তা, মোড় গঞ্জ আছে যেমন কাকদ্বীপ, ডায়মন্ডহারবার, আমতলা প্রভৃতি এইসব জায়গা থেকে গাড়ি কলকাতায় আসছে। কলকাতার গতি শুধু কলকাতার উপর ডিপেন্ড করে না, গ্রামাঞ্চলের গতির উপরও নির্ভর করে। সুতরাং গ্রামাঞ্চলের যে সব রাস্তাগুলি ক্লোজড হচ্ছে সেগুলি ক্লিয়ার করার জন্য কি ব্যবস্থা নেবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য :** আমি তো বললাম কোনও একক সিদ্ধান্ত নয়, সে শহর এলাকায় হোক আর গ্রাম এলাকায় হোক। যেমন, কলকাতায় এই যে সিদ্ধান্ত হয়েছে ২১টি রাস্তা থেকে হকার উচ্ছেদ করব—এটা পৌরসভার একার সিদ্ধান্ত নয়, পৌর দপ্তরের একার সিদ্ধান্ত নয়। পুলিশ, প্রশাসন এবং পৌরসভা সবার সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তেমনিভাবে, গ্রামাঞ্চলের ক্ষেত্রে সেখানকার পঞ্চায়েত আছে, পুলিশ আছে, প্রশাসন আছে। তারা স্থানীয়ভাবে বসে সিদ্ধান্ত গ্রহণ করবে যে এটা করার প্রয়োজন আছে কি না।

তবে কোনও অবস্থাতেই পুলিশ, প্রশাসনের সহযোগিতা ছাড়া এই কাজ করা সম্ভব নয়। পুলিশ, প্রশাসনের সঙ্গে আলোচনা করেই এ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় হকারদের পুনর্বাসনের ব্যাপারে বলতে গিয়ে সংখ্যার কথা যেটা বললেন সে সম্পর্কে আমার জিজ্ঞাস্য, যাদের নাম স্থির করা হচ্ছে সেই নাম স্থির করার কাজটা কারা করছেন এবং এ ক্ষেত্রে কাদের সঙ্গে পরামর্শ করা হচ্ছে? হকার, যারা ভিকটিমাইজড হলেন তাদের প্রতিনিধিত্বমূলক সংগঠন যেগুলি আছে এবং হকার সংগ্রাম কমিটি যেটা আছে তাদের সঙ্গে পরামর্শ করে কি নামগুল স্থির করছেন, না অন্য কোনও উপায়ে স্থির করছেন? কাদের সঙ্গে আলোচনা করে করছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** সাধারণভাবে এই তালিকার দায়িত্ব দেওয়া হয়েছে কলকাতা পুরসভার উপর। কলকাতা পুরসভা বিভিন্ন সময় পুলিশের সহযোগিতা নিচ্ছেন, হকারদের যে সমিতিগুলি আছে তাদের সহযোগিতা নিচ্ছেন। মূলত দায়িত্বটা কলকাতা পুরসভার।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে কি অদ্ভুত একটা পরিস্থিতির মধ্যে এখানে হকারদের উচ্ছেদ করা হয়েছে। সেখানে এমন একটা অবস্থা হয়েছিল যে কলকাতার হকারদের উচ্ছেদ করতে গিয়ে আপনাদের অনেক নিষ্ঠুর পথও অবলম্বন করতে হয়েছিল। পরবর্তীকালে তাদের পুনর্বাসনের কথা আপনারা বলছেন। এই সভায় আপনি কমিটিও করলেন যে এই বছরের মধ্যেই তা সম্ভব হবে। হকার উচ্ছেদের ক্ষেত্রে সংঘর্ষ এড়ানোর জন্য আগে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করে তারপর তাদের উচ্ছেদ করার ব্যাপারে মন্ত্রী মহাশয় কিছু চিন্তাভাবনা করছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কলকাতা বা কোনও জায়গায় এই হকার বা বে-আইনি দখলদারদের উচ্ছেদ করার ক্ষেত্রে কোনও সংঘর্ষ হয়নি, কোনও জায়গায় জোর জবরদস্তি করতে হয়নি। বেশিরভাগ জায়গাতেই বেআইনি দখলদাররা নিজেরাই সরে গিয়েছেন। তবে এ ক্ষেত্রে আমার আবেদন, ভবিষ্যতে যাতে বেআইনি দখলদারদের উচ্ছেদ করতে না হয় তারজন্য এইভাবে যাতে কেউ বেআইনি করে দখল করে থাকতে না পারে সেটা সকলে দেখুন। সেটা করলে আর এই অন্যায় কাজটা হবে না।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### দার্জিলিং পার্বত্য-এলাকায় জলকষ্ট

*৬২০। (অনুমোদিত প্রশ্ন নং *৬২১) **শ্রী তপন হোড় ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দার্জিলিং-এ পার্বত্য-এলাকায় জলকষ্ট দূর করতে রাজ্য সরকারের কি কি পরিকল্পনা আছে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

দার্জিলিং-এর গ্রামীণ পার্বত্য এলাকায় জল সরবরাহ করে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ। তার জন্য অর্থ সংকুলান করা হয়। তবে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরও কিছু কাজ করে থাকে।

বর্তমানে কালিম্পঙ শহরে পানীয় জল সরবরাহের জন্য 'নেওড়া খোলা'। জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে। প্রকল্পটির বৃহদাংশের কাজ শেষ এবং চালু হয়েছে। আলগাড়াতে দুটি ভূস্তর জলাধারের কাজ চলছে। এ ছাড়াও বালাসোন নদীকে উৎস হিসাবে ব্যবহার করে দর্জিলিং শহরে জলসরবরাহ বৃদ্ধির জন্য একটি প্রকল্প বিবেচনাধীন আছে।

## নদীয়ায় কৃষি-ভিত্তিক শিল্পের পরিকল্পনা

*৬২২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩১) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় কৃষি-ভিত্তিক শিল্প গড়ে তোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কি এবং কোথায় হবে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ আছে।

(খ) নদীয়া জেলায় বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সাহায্যে জাতীয় বীজ প্রকল্পের আওতায় একটি বীজ প্রক্রিয়াকরণ ও সংরক্ষণমূলক কৃষি শিল্প কৃষ্ণনগরে স্থাপন করা হচ্ছে।

এছাড়া, সরকার নদীয়া জেলায় নিম্নলিখিত কৃষি নির্ভর শিল্প গড়ে তুলতে উদ্যোগ নিয়েছেন।

১। খাদ্য প্রক্রিয়াকরণ,

২। কাগজ এবং কাগজের বোর্ড,

৩। বিভিন্ন প্রকার পাটজাত সামগ্রী,

৪। দুগ্ধজাত সামগ্রী,

৫। আয়ুর্বেদিক ঔষধ,

৬। পাটতন্তুজাত দ্রব্য।

## I.A.S. Officers Waiting in the State Government's Pannel

*623. (Admitted question No. *2217) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Home (P & AR) Department be pleased to state—

(a) how many I.A.S. officers are there in the State Government's pannel ; and

(b) how many of them are on compulsory waiting ?

**Minister-in-charge of the Home (P & AR) Department :**

(a) As on 1. 3. 97 a total number of 296 I.A.S. officers are borne on this State's Cadre and

(b) One officer is on compulsory waiting.

## তৃতীয় ভূমি-সংস্কার আইন

*৬২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫০) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, সম্প্রতি হাইকোর্টের একটি রায়ের ফলে ৩য় ভূমি-সংস্কার আইন, ১৯৮৬ বাস্তবায়িত করা যাচ্ছে না?

**ভূমি ও ভূমি-সংস্কর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সত্যি নয়।

## ফলতায় অবাধ বাণিজ্যকেন্দ্র

*৬২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১৪) **শ্রী শেখ দৌলত আলি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ফলতায় অবাধ বাণিজ্যকেন্দ্র গড়ে তোলার জন্য কত পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে ; এবং

(খ) অধিগৃহীত জমি কোন থানার, কোন কোন মৌজা থেকে নেওয়া হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ফলতা রপ্তানি বাণিজ্য অঞ্চল মোট ২৭৫.০৭ একর জমির ওপর গড়ে উঠেছে।

(খ) অধিগৃহীত জমি ডায়মন্ডহারবার থানার উত্তর সিমুলবেড়িয়া, আকালমেঘ, নৈনান এবং গোপালপুর মৌজা থেকে নেওয়া হয়েছে।

কলকাতা বন্দর কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত জমির অবস্থা নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| ১নং ডাম্প | ১০৫.০০ একর |
| ২নং ডাম্প | ৮৭.৯৬ একর |
| | ১৯২.৯৬ একর |

**রাজ্যে এন. ডি. এফ.-এর সংখ্যা**

*৬২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১১১) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** স্বরাষ্ট্র (প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এন. ডি. এফ.-এর সংখ্যা কত ;

(খ) এদের মধ্যে কত জনকে ডিউটি দেওয়া হয়েছে ; এবং

(গ) পুলিশের মতো কর্মরত এন. ডি. এফ.-দের টি. এ. এবং এস. এ. (সাবসিসটেন্স অ্যালাউন্স) দেওয়া হয় কি না?

**স্বরাষ্ট্র (প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) তের হাজার আট শত সত্তর জন।

(খ) এগার হাজার চার শত চৌত্রিশ জনকে।

(গ) কর্মরত এন. ভি. এফদের ডিউটি যাওয়া এবং ডিউটি হইতে বাড়ি ফিরে যাওয়া বাবদ টি. এ. এবং এস. এ. দেওয়া হয়। এগুলি ব্যয়ভার বরোয়িং অথরিটি (যারা তাদের কাজে লাগান) বহন করেন।

**দেবোত্তর সম্পত্তি**

*৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫২) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে দেবোত্তর সম্পত্তির মোট পরিমাণ কত?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এ পর্যন্ত প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে বলা যায় যে এই রাজ্যে দেবোত্তর ও পীরোত্তর সম্পত্তির মোট পরিমাণ ৬৩৫১০.৭৭ একর।

**বর্ডার-উইং-হোমগার্ডদের চাকুরি-সংক্রান্ত সমস্যা**

*৬২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪৫) **শ্রী কামাখ্যানন্দন দাশমহাপাত্র ঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের ৮৫০ জন বর্ডার-উইং-হোমগার্ড তাদের চাকুরি-সংক্রান্ত সমস্যার কারণে মহামান্য উচ্চ আদালতে মামলা করেছিলেন ;

(খ) সত্যি হলে, ঐ মামলার রায় কি হয়েছে ; এবং

(গ) ঐ রায় কার্যকর করার বিষয়ে সরকার কি ব্যবস্থা নিয়েছে?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৭৬৮ জন মোট দশটি মামলা করেছিলেন।

(খ) মোট চারটি মামলার রায়ে মোট ২৭৩ জন আবেদনকারীকে বর্ডার-উইং-হোমগার্ড সংস্থার পূর্ণ সময়ের কর্মীরা যে সুযোগসুবিধা পান এবং পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারিদের প্রাপ্য সমস্ত সুযোগসুবিধা দেওয়ার আদেশ দেওয়া হয়েছে।

(গ) সরকার ঐ রায় সংশোধনের জন্য আদালতে আবেদন করেছেন।

**রাজ্যের জমিতে ভারত সরকারের অধীনস্থ খনি**

*৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫১৭) **শ্রী পেলব কবি ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) (১) রাজ্যের কত পরিমাণ জমি ভারত সরকারের অধীনস্থ খনি কর্তৃপক্ষ খনির কাজে ব্যবহার করছেন ; এবং

(২) উক্ত জমিতে কি ধরনের স্বত্ব তাদের আছে?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১। খনির কাজে রাজ্যের ৪টি জেলার ব্যবহৃত জমির পরিমাণ ২৬৩১০.০৫ একর।

২। ১৯৭৩ সালের কয়লা খনি জাতীয়করণ আইনের ৩ নং ধারা মতে পূর্বতন মালিকদের সমস্ত কয়লা খনির জমি কেন্দ্রীয় সরকারের অধীনে ন্যস্ত হয়েছে এবং কেন্দ্রীয় সরকার ঐ জমি রাজ্য সরকারের অধীনে লিজ স্বত্বে স্বত্ববান আছেন।

[12-00 — 12-10 p.m.]

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | | Name |
|---|---|---|
| i) Alleged death of one person from boating in Budge Budge Assembly Constituency area. | : | Shri Ashok Kumar Deb |

ii) Reported looting of rifles cartidges etc. by some miscreants from Prasad-pur Police Camp at Sonarpur, South 24-Parganas. : Shri Sailaja Mumar Das, Shri Nirmal Das, Shri Shiba Prasad Malick and Shri Deba Prasad Sarkar

I have selected the notices of Shri Shri Sailaja Kumar Das, Shri Nirmal Das, Shri Shiba Prasad Malick and Shri Deba Prasad Sarkar on the subject of "Reported looting of Rifles, cartidges etc. by some miscreants from Prasadpur Police Camp at Sonarpur, Sourth 24-Parganas.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 1st July.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of Municipal Affairs Department to make a statement on the subject of steps taken by the Calcutta Corporation to clean up Calcutta.

(Attention called by Shri Saugata Roy on the 11th June, 1997)

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

গত ২১শে মে, ১৯৯৭ তারিখে কলকাতা পুরসভা মেয়র পরিষদের সভায় কলকাতায় হোর্ডিং লাগানো ব্যাপারে নিম্নলিখিত কিছু নির্দেশিকা দেওয়া হয় ঃ

(১) হোর্ডিংটি যেন কোনও বাড়িতে আলো ও হাওয়া চলাচলে বাধাসৃষ্টি না করে।

(২) হোর্ডিংটি যেন কোনও বাড়ির দরজা, জানালা ও বারান্দার সামনে বাধা সৃষ্টি না করে।

(৩) হোর্ডিংটি যেন কোনও বাড়ির স্থাপত্য শৈলির সামনে বাধাস্বরূপ হয়ে বাড়ির স্থাপত্য নষ্ট না করে।

(৪) কোন ঐতিহাসিক বা ঐতিহ্যশালী বাড়ি, মূর্তি বা কোনও গুরুত্বপূর্ণ সর্বসাধারণের ব্যবহৃত বাড়ি অথবা সরকারি ভবনের সামনে কোনও হোর্ডিং লাগানো চলবে না।

(৫) কোনও ভবনের সৌন্দর্য নষ্ট না করে ও বিভিন্ন কোণ থেকে দৃশ্যমান অংশ যাতে সহজে দৃষ্টি গোচর হয় সেইভাবে হোর্ডিং লাগানো যেতে পারে।

(৬) সাধারণত হোর্ডিং-এর আকার ২০ ফুট × ১০ ফুটের বেশি হবে না। এই নিয়মের কিছু ছাড় বিশেষ বিবেচনা ও অনুমোদন সাপেক্ষে দেওয়া যেতে পারে ঃ

(ক) ই. এম. বাই পাশ সংলগ্ন খালি জমিতে ৬০ ফুট × ২০ ফুট বা ১,২০০ বর্গফুট আয়তন বিশিষ্ট হোর্ডিং লাগানো যেতে পারে।

(খ) ২০ ফুট × ১০ ফুটের বেশি ৪০০ বর্গফুট পর্যন্ত হোর্ডিং ব্যক্তিগত মালিকানাধীন বা সরকারি বা সরকারি সংস্থার ভবনে কাঠামোগত স্থায়িত্ব, সৌন্দর্য ও স্থাপত্য বিবেচনা করে লাগানো যেতে পারে।

এই দুটি ক্ষেত্রে বিজ্ঞাপন সংস্থাগুলিকে কলকাতা পুর নিগমের উপ মহাধ্যক্ষ (ই. এম.) (Deputy Municipal Commissioner/E.M.) বা নগর স্থপতি বা নগর পরিকল্পনাকারী বা তাদের নির্ধারিত প্রতিনিধির দ্বারা গঠিত একটি কমিটির কাছে লিখিতভাবে প্রস্তাব পেশ করতে হবে। এই কমিটির সুপারিশ অনুযায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষ আরও বিস্তারিত বিষয় বিবেচনা করে সিদ্ধান্ত নেবে।

কলকাতা পুর আইনের ২০২-২০৯ এবং ৫৩৯ ধারা অনুসারে একটি বিশদ নির্দেশিকা তৈরি করা হয়েছে।

এই পর্যন্ত পুর কর্তৃপক্ষ ও রাজ্য সরকার ৩৫টি অবৈধ হোর্ডিং ভেঙ্গে দিয়েছে এবং বিভিন্ন বিজ্ঞাপন সংস্থাগুলি নিজেরাই ৪০টি হোর্ডিং অপসারিত করেছে। গুরুত্বপূর্ণ রাস্তার সংযোগস্থল থেকে ৫০ মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত ২৪টি হোর্ডিং শীঘ্রই অপসারণ হবে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কলকাতা শহর থেকে দৃশ্য দূষণ দূর করার জন্য যে পদক্ষেপ নিয়েছেন, সেই ব্যাপারে বিবৃতি দিয়েছেন। যদিও কলকাতায় এত সমস্যা থাকা সত্ত্বেও এই দৃশ্যদূষণ নিয়ে এত মাথা ঘামানো শুরু হল কেন সেটা আমাদের কাছে সুস্পষ্ট নয়। আমরা দেখছি যে সরকার প্রথমে কয়েকদিন আগে খবরের কাগজে পাবলিসিটি দিয়ে তারা হোর্ডিং সরানোর উদ্যোগ নিয়েছিলেন। পরবর্তীকালে এই কাজ করতে গিয়ে একজন শ্রমিক পড়ে গিয়ে মারা যান এবং তার জন্য হঠাৎ দৃশ্যদূষণ দূর করার কাজ বন্ধ হয়ে যায়। এই দৃশ্যদূষণ নিয়ে পূর্ত দপ্তরের মন্ত্রী ক্ষিতি গোস্বামী, তিনি প্রকাশ্য বিবৃতি দিয়ে বলেন যে পি. ডবলিউ. ডি.-র অধীনে যে রাস্তাগুলো আছে....

**মিঃ স্পিকার ঃ** সৌগতবাবু, আপনার প্রশ্নটা করুন।

**শ্রী সৌগত রায় ঃ** আমি মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই যে, আপনি কি এক তরফা ভাবে এই সিদ্ধান্ত নিয়েছেন বা আপনার দপ্তর নিয়েছেন, না এই সম্বন্ধে সরকারের একটা সামগ্রিক পলিসি আছে, তারা এটা ঠিক করেছেন? আজকে পূর্ত দপ্তর এবং পৌর দপ্তর প্রকাশ্যে কেনই বা বিবৃতি দিলেন এবং কেনই বা হোর্ডিংয়ের সিদ্ধান্ত বন্ধ রেখেছিলেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে, এই হোর্ডিং সরাবার ব্যাপারে পূর্ত দপ্তর এবং পৌর দপ্তরের মধ্যে কোনও বিরোধী সম্পর্ক নেই। (**...কংগ্রেস বেঞ্চ থেকে ধ্বনি ; কাগজে তো সেটাই বেরিয়েছে ...**) কাগজে কি বেরিয়েছে তার জন্য আমরা দায়ী নই। ক্যালকাটা কর্পোরেশন আইনে লেখা রয়েছে যে, কলকাতা শহরে যদি কোনও রাস্তায় কোনও হোর্ডিং দৃশ্যমান হয়, সেই হোর্ডিং লাগাবার আগে—রাস্তাটা পূর্ত বিভাগের রাস্তাই হোক বা ক্যালকাটা কর্পোরেশনের রাস্তাই হোক—তার জন্য অনুমতি নিতে হবে, লাইসেন্স নিতে হবে এবং কর প্রদান করতে হবে। এই আইন মেনে চলতে সবাই বাধ্য।

আপনার দ্বিতীয় প্রশ্ন—হঠাৎ করে আমরা দৃশ্যদূষণ রোধে কেন উদ্যোগী হয়েছি। এর কারণ হ'ল, বেশ কিছুদিন ধরে কলকাতা শহরে যেখানে-যেখানে হোর্ডিং লাগানো হচ্ছে। এর ফলে কলকাতা শহরের বুকে কি মন্দির, কি মসজিদ, কি চার্চ—সমস্ত হেরিটেজ বিল্ডিং-গুলি, এমন কি সরকারি ভবনগুলি পর্যন্ত আস্তে আস্তে ঢেকে যাচ্ছে। এর দ্বারা ফুট-পাথেও বাধা সৃষ্টি করা হচ্ছে। আবার কিছু কিছু জায়গায় অশ্লীল বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। কিছু কিছু জায়গায় এমন বাড়িতে হোর্ডিং লাগানো হয়েছে যার চাপে বাড়িটি ভেঙে পড়তে পারে। সেজন্য আমরা অনুভব করলাম, অবিলম্বে যদি এক্ষেত্রে না নিই তাহলে কলকাতার বুকে নতুন একটা সমস্যা সৃষ্টি হতে পারে এবং তারই জন্য আমরা এই সিদ্ধান্ত নিয়েছি।

## STATEMENT UNDER RULE—346

**Mr. Speaker :** The Minister-in-charge of the Municipal Affairs Department to make a statement on the subject of demolition of historic buildings in Calcutta.

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতার ঐতিহাসিক বাড়িগুলির সংরক্ষণ সম্পর্কিত বিবৃতি আমি রাখছি।

কলকাতা গেজেটে ২৭শে মে, ১৯৯৬ তারিখে প্রকাশিত জমির ব্যবহার এবং উন্নয়ন নিয়ন্ত্রণ অভিপ্রায় অনুযায়ী ঐতিহাসিক ও স্থাপত্য শিল্প সমৃদ্ধ কলকাতা পৌর এলাকার এরূপ ৭২টি বাড়ি সংরক্ষণ ও অপরিবর্তিত অবস্থায় রাখার উদ্দেশ্যে তালিকাভুক্ত করা হয়েছে। বাড়িগুলির তালিকা এই সঙ্গে দেওয়া হল।

এই উদ্দেশ্যে এই বাড়িগুলির তালিকা ইতিমধ্যে খবরের কাগজে প্রকাশিত হয়েছে। বাড়িগুলিতে বসবাসকারী এবং মালিকদের আলাদা আলাদা ভাবে চিঠি দিয়ে সংরক্ষণ ও অপরিবর্তিত রাখার কথাও জানানো হয়েছে।

কিছু দিন আগে তালিকাভুক্ত পুরানো কারেন্সি বিল্ডিংকে যখন ভাঙা হচ্ছিল, কলকাতা পৌর নিগম সি. পি. ডাব্লু. ডি.-কে ঐ কার্য থেকে নিবৃত্ত করে। বর্তমানে ব্যাপারটি আলোচনার স্তরে রয়েছে।

এই সূত্রে জানানো যেতে পারে উক্ত বাড়িটি ইতিমধ্যে এ. সি. সি. লিমিটেডকে দিয়ে পরীক্ষা করানো হয়েছে এবং উক্ত সংস্থা জানিয়েছে বাড়িটির কাঠামো মজবুত এবং সংরক্ষণ ও অপরিবর্তিত অবস্থায় রাখার উপযুক্ত।

**সংরক্ষিত ও অপরিবর্তিত রাখা হবে এরূপ ঐতিহাসিক ও স্থাপত্য শিল্প সমৃদ্ধ ৭২টি বাড়ির তালিকা ঃ**

১। কাশিপুর উদ্যান বাটি

২। বাক্স পরিবারের বাড়ি, কালীচরণ ঘোষ রোড

৩। কাশিপুর ক্লাব বিল্ডিং

৪। বেলগাছিয়া ভিলা

৫। কুমার মন্মথ গাঙ্গুলির বাড়ি

৬। সাতক্ষিরা রাজবাড়ি

৭। এন. সি. সি. অফিস

৮। গিরিশ ঘোষের বাড়ি

৯। সাহা পরিবারের বসত বাড়ি (পুতুল বাড়ি)

১০। গ্রান্ড হিন্দু হোটেল

১১। গোডাউন, হরচন্দ্র মল্লিক স্ট্রিট ২

১২। শোভাবাজার রাজবাড়ি

১৩। মিত্র পরিবারের বসতবাড়ি, শ্যাম পুকুর

১৪। রাজা নবকৃষ্ণের বসতবাড়ি, নবকৃষ্ণ স্ট্রিট

১৫। সিংহ পরিবারের বসতবাড়ি, নবকৃষ্ণ স্ট্রিট

১৬। বেলগাছিয়া মেডিক্যাল কলেজ হসপিটাল

১৭। বঙ্গীয় সাহিত্য পরিষদ

১৮। স্কটিশচার্চ কলেজিয়েট স্কুল

১৯। সাধারণ ব্রাহ্ম সমাজ

২০। [illegible] এম. [illegible]ের বসতবাড়ি, কাশি বোস লেন

২১। দত্ত পরিবারের বসতবাড়ি, বিডন স্ট্রিট

২২। বি. কে. পালের বসতবাড়ি, শোভাবাজর

২৩। নিমতলা মহাশ্মশান

২৪। জোড়াবাগান পুলিশ স্টেশন

২৫। মুখার্জি পরিবারের বসতবাড়ি, জোড়াবাগান

২৬। স্ট্র্যান্ড ব্যাঙ্ক রোডের ঘাট

২৭। ওল্ড সিলভার মিন্ট, স্ট্রান্ড রোড

২৮। ছোটা লালকি ঘাট, স্ট্রান্ড রোড

২৯। মহারাজা সুখময় রায়ের বাড়ি, পোস্তা রাজবাড়ি

৩০। জ্যোতিন্দ্রমোহন ঠাকুরের প্রাসাদ বাড়ি

৩১। কুন্ডু পরিবারের বাড়ি, তারক প্রামাণিক রোড

৩২। জোড়াসাঁকো রাজবাড়ি

৩৩। ঠাকুর পরিবারের বাড়ি, দ্বারকানাথ ঠাকুর লেন

৩৪। বেথুন কলেজ

৩৫। রাজা রামমোহন রায়ের বাড়ি

৩৬। জোড়াসাঁকোর ঠাকুর বাড়ি

৩৭। সাইন্স কলেজ

৩৮। রাসবিহারি ঘোষের বাড়ি, পড়াশি বাগান

৩৯। রাজা কৃষ্ণদাস লাহার বাড়ি, বিধান সরণি

৪০। বসু বিজ্ঞান মন্দির

৪১। লাহা পরিবারের বাড়ি, বিধান সরণি

৪২। মহাজাতি সদন

৪৩। মার্বেল প্যালেস

৪৪। ওসমান ভবন

৪৫। মতিলাল শীল ফ্রি কলেজ

৪৬। প্রেসিডেন্সি কলেজ

৪৭। কারেন্সি অফিস

৪৮। সৈনিক সচিবালয়

৪৯। মেট্রোপলিটন ইন্সুরেন্স বিল্ডিং

৫০। ক্যালকাটা কর্পোরেশন বাড়ি

৫১। এসপ্ল্যানেড ম্যানসন

৫২। বর্ণ অ্যান্ড সেফার্ড বিল্ডিং

৫৩। স্টেটসম্যান হাউস

৫৪। ভিক্টোরিয়া হাউস

৫৫। গ্রান্ড হোটেল

৫৬। শহিদ মিনার

৫৭। টিপু সুলতান মসজিদ

৫৮। ইন্ডিয়ান অ্যাশোসিয়েশন

৫৯। রাজা সুবোধ মল্লিকের বাড়ি

৬০। রাণী রাসমনির বাড়ি

৬১। নিজাম প্যালেস

৬২। নেতাজী ভবন

৬৩। কলকাতা ক্লাব

৬৪। স্যার, আশুতোষ মুখার্জির বাড়ি

৬৫। চিত্তরঞ্জন দাসের বাড়ি

৬৬। জাতীয় গ্রন্থাগার

৬৭। হেস্টিংস হাউস

৬৮। আলিপুর আবহাওয়া দপ্তর

৬৯। ভূকৈলাস রাজবাড়ি

৭০। ম্যাজিস্ট্রেট কোর্ট ও তার সংশ্লিষ্ট বাড়ি

৭১। ভারতীয় মিন্ট

৭২। রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউশন অফ কালচার, গড়িয়াহাট।

**শ্রী সৌগত রায় ঃ** বাড়ির তালিকাটা আমি দেখে নেব, কিন্তু প্রশ্ন হ'ল ; একটা হেরিটেজ বিল্ডিং ভেঙে দেওয়া হল। দারভাঙা মহারাজের বাড়ি একটা হেরিটেজ বিল্ডিং হওয়া সত্ত্বেও সেটাকে ভেঙে দিল প্রমোটাররা। কারেন্সি বিল্ডিং ভাঙবার বিরুদ্ধেও কিছু করলে না আপনারা। তারপর মেট্রোপোলিটন ইন্সুরেন্স হাউস, যেখানে আগে ইউ. এস. আই. এস. লাইব্রেরি ছিল, ঐ বাড়িটা এল. আই. সি. ভেঙে ফেলার চেষ্টা করছে। আমার প্রশ্ন, বেসরকারি মালিকানা হোক, আন্ডারটেকিং কোনও সংস্থার হোক, কেন্দ্রীয় সরকারের হোক বা রাজ্য সরকারেরই হোক—কলকাতা শহরে যে সমস্ত বাড়ি হেরিটেজ বিল্ডিং হিসাবে গণ্য হয়েছে সেগুলো ভেঙে ফেলা প্রিভেন্ট করতে আপনাদের কি আইন আছে? যদি থেকে থাকে তাহলে দ্বারভাঙা মহারাজের বাড়ি ভেঙে ফেলা প্রমোটারদের আটকালেন না কেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** হ্যাঁ, আইন আমাদের হাতে আছে এবং তারই জন্য আমরা সি. পি. ডব্লু. ডি.-কে একটি বাড়ি ভাঙতে দিইনি। এই হেরিটেজ বিল্ডিং-এর একটি যা আমার বিবৃতির মধ্যে রেখেছি তার মধ্যে এই ইন্সুরেন্স বিল্ডিংটাও রয়েছে। তবে দ্বারভাঙা বিল্ডিং-এর কথা এখানে বলতে পারছি না। বিষয়টা বললেন, খোঁজ নেব।

**মিঃ স্পিকার ঃ** সেদিন এনভায়রনমেন্ট মন্ত্রী মানবাবুর সঙ্গে কথা বলছিলাম। এই যে হেরিটেজ বিল্ডিংগুলি-এর মালিকানা কোথায়ও গভর্নমেন্টের, আবার কোথায়ও গভর্নমেন্টের কোনও সংস্থার।

[12-10 — 12-20 p.m.]

এল. আই. সি.-র টাকা আছে, তাদের বড় ফান্ড আছে। এই ব্যাপারে আপনি কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলুন, এল. আই. সি.-র কতৃপক্ষের সঙ্গে কথা বলুন। সমস্ত মিউনিসিপ্যালের কিছু আইন অছে, বাড়ি মেনটেন করতে হয়, সিকিয়োর্ড রাখতে হয়। বাড়িগুলিকে হোয়াইট ওয়াস করতে হয়, রং করতে হয় প্লাস্টার করতে হয়। এটা মেনটেন করতে আপনারা নির্দেশ দিচ্ছেন না কেন? তাদের তো টাকার অভাব নেই। আপনি একটা মিটিং ডাকুন, কেন্দ্রের মন্ত্রীদের সঙ্গে কথা বলুন। কলকাতার যে মডার্ন বিল্ডিং কলকাতার রাস্তার পাশে আছে কলকাতার অ্যাট্রাকশন বাড়াতে সেইগুলি মেনটেন করবে না? আপনি কথা বলুন, এল. আই. সি. কর্তৃপক্ষ রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার, এদের যে বিল্ডিং আছে সেই ব্যাপারে আপনি কথা বলুন, তাদের পারসু করুন।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় যে, পরামর্শ দিলেন সেটা আমি গ্রহণ করছি। ইতিমধ্যে আমি কথা বলেছি, সি. পি. ডবলু. ডি.-র যে নগর উন্নয়ন মন্ত্রী কেন্দ্রীয়

সরকারের আছে তাকে আমি চিঠি লিখেছি। তা ছাড়া সরকারি মালিকানায় যে সমস্ত বাড়ি আছে সরকারি সংস্থা কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের তাদের সকলকে নিয়ে আমি একটা মিটিং ডাকব পরিবেশ মন্ত্রীকে সাথে নিয়ে। তা ছাড়া ব্যাক্তিগত মালিকানায় যে সমস্ত বাড়ি আছে তাদের মালিককে অ্যাপিল করব। তাদের সকলকে নিয়ে আমি কথাবার্তা বলব।

## PRESENTATION OF REPORT

### Presentation of the 12th Report of the Subject Committee on Agriculture, Agriculture (M), Food & Supplies, Food Processing, Horticulture, Forest, Fisheries and Animal Resources Development, 1996-97

**The Chairman (Shri Saugata Roy) :** Sir, I beg, to present the 12th Report of the Subject Committee on Agriculture, Agriculture (M), Food & Supplies etc. on the action taken on the observation and recommendation of the Committee by the Government in its Fourth Report.

### Presentation of the Thirty-ninth, Fortieth and Forty First Reports of the Committee on Public Undertakings (1996-97), West Bengal Legislative Assembly

**The Chairman (Shri Ranjit Kundu) :** Sir, I beg, to present :

(i) The Thirty-ninth Report of the Committee on Public Undertakings, West Bengal Legislative Assembly on Teesta Fruits & Vegetable Processing Industries Limited of the Food Processing Industries Department, (A Government of West Bengal Undertakings) on the Report of the Comptroller and Auditor General of India (Commercial) for the year 1991-92 (Para 4A);

(ii) The Fortieth Report of the Committee on Public Undertakings (1996-97), West Bengal Legislative Assembly on WEBEL Precission Industries Limited of the Commerce & Industries Department, (A Government of West Bengal Undertakings) on the Report of the Comptroller and Auditor General of India (Commercial) for the year 1987-88 (4A-3); and

(iii) The Forty-first Report of the Committee on Public Undertakings (1996-97), West Bengal Legislative Assembly on the West Bengal Power Development Corporation Limited (Kolaghat Thermal Power Station) of the Power Department (A Government of West Bengal Undertak-

ings) on the Report of the Comptroller and Auditor General of India (Commercial) for the years 1991-92 (Paras 4A-1 and 4A-2) and 1992-93 (Paras 4A-1, 4A-2 and 4A-3).

**মিঃ স্পিকার :** নাউ জিরো আওয়ার, আই হ্যাভ ২২ নাম্বার জিরো আওয়ার কেসেস। আজকে মেনশন নেই, সেই জন্য সেটা পূরণ করার জন্য ২২টি জিরো আওয়ার মেনশন দিয়েছেন। এই ২২টি জিরো আওয়ার দেওয়া সম্ভব নয় সেই জন্য ৫টি রুলিং পার্টিকে দেব ৫টি অপোজিশন পার্টিকে দেব ইন অর্ডার অফ প্রিসিডেন্স। তার মধ্যে যে পাবেন বলবেন। শুধুমাত্র শান্তা ছেত্রীকে বাদ দিয়ে।

## ZERO HOUR

**Shr'mati Shanta Chettri :** Hon'ble Speaker Sir, the vehicles supplied to the Kurseong Fire Station in the year 1995 is quite unsuitable for proper operation. It is very heavy and bulky in size. Hence I request the concerned Hon'ble Minister to make provision for an easily operable one. Thank you.

**শ্রী সুভাষ সোরেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার একটা গুরুত্বপূর্ণ রাস্তা ফেকোঘাট থেকে গোপীবল্লবপুর, এই রাস্তা দিয়ে প্রতিদিন শত শত লরি যাওয়ার ফলে রাস্তাটি অকেজো হয়ে পড়েছে। এই রাস্তাটি অতি সত্বর মেরামত করা দরকার। এই রাস্তাটি পূর্ত বিভাগের রাস্তা। আর একটি রাস্তা আসুই থেকে নুড়িশোল, এই রাস্তাটি উড়িষ্যার সঙ্গে সংযোগকারি রাস্তা, এই রাস্তাটিও অতি সত্ত্বর মেরামত করা দরকার। এই রাস্তাটি খারাপ হওয়ার ফলে বড়া থেকে কেউ শহরে আসতে পারছে না, ঝাড়গ্রাম থেকে শহরে আসার খুব অসুবিধা হচ্ছে। এই রাস্তাগুলি অতি সত্ত্বর মেরামত করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অশোককুমার দেব :** (অনুপস্থিত ছিলেন)

**শ্রী অসিত মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। হাওড়া জেলার বাগনান থানায় শান্তাবেড়ে গ্রামে কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের বাসভবন আছে। স্যার, আপনি জানেন, 'পল্লীসমাজ' থেকে শুরু করে আরও অনেক উপন্যাস, আরও সাহিত্য কীর্তি তিনি ওখানে বসে রচনা করেছিলেন। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছবি বিধানসভা ভবনে স্থান পেলেও, বিভিন্ন সরকারি অফিসে স্থান পেলেও আজও কিন্তু শান্তাবেড়ে-র শরৎচন্দ্রের ঐ বাড়িটিকে অধিগ্রহণের দাবি সরকার উপেক্ষা করে আসছেন। আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই, কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের শান্তাবেড়ে'র বাড়িটি অধিগ্রহণ করা হোক এবং সেটিকে 'শরৎচন্দ্র রিসার্চ সেন্টার' হিসাবে গড়ে তোলা হোক। তার চিন্তাধারাকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরবার জন্য শরৎচন্দ্রের বাড়িটিকে অধিগ্রহণ করে 'শরৎচন্দ্র রিসার্চ সেন্টার' করা হোক।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** স্যার, আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর—আজকে তিনি উপস্থিত নেই—এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। সাগর আইল্যান্ড সারা পৃথিবীর অন্যতম বৃহত্তম ব-দ্বীপ। এই রকম ব-দ্বীপ অঞ্চলে আমাদের সুন্দরবনকে কেন্দ্র করে এই রকম ব-দ্বীপ গড়ে উঠেছে। সাগরদ্বীপের জনসংখ্যা বর্তমানে প্রায় ১ লক্ষ ৭৫ হাজার। এখানে স্কুল আছে এবং স্কুল গোয়িং চিল্ডরেনের যে সংখ্যা তা সার্বিক গ্রামীণ বাংলার সংখ্যার চেয়ে কম নয়। সাক্ষরতার যে কাজকর্ম হয়েছে তাতে পশ্চিমবাংলার গ্রামীণ সাক্ষরতার যে হার তার চাইতে সাগরদ্বীপ অনেকটা এগিয়ে আছে, প্রায় ১নং স্থানে আছে। এখানে লিটারেসির হার ৮৫ পারসেন্ট। এই জায়গায় দাঁড়িয়ে ছাত্রসংখ্যা স্কুলের সংখ্যার উপরে। আমাদের জনগণের দাবি, ওখানে একটি কলেজ, ডিগ্রি কলেজ করা হোক। আমাদের ছেলেমেয়েদের পড়াশুনার জন্য আসতে হয় কাকদ্বীপ, ডায়মন্ডহারবার এবং কলকাতায়। আশুতোষ কলেজের প্রিন্সিপ্যাল শুভঙ্কর চক্রবর্তী ওখানে গিয়ে দেখেছেন ছাত্রদের অবস্থা কি রকম। আমি গতকাল এই প্রশ্ন তুলেছিলাম। আমরা মাননীয় মুখ্যমন্ত্রীকে রিপ্রেজেন্টেশন দিয়েছি। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়কেও রিপ্রেজেন্টেশন দিয়েছি। কলেজের বিল্ডিং করার জন্য আমরা জনগণের কাছ থেকে টাকা তুলে দেব। আমরা চাই ওখানে একটি কলেজ স্থাপন করা হোক এবং এই ব্যাপারে পার্মিশন দেওয়া হোক।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, কাটোয়া বিধানসভা কেন্দ্রে গত ২০ বছরে কোনও মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে রূপান্তরিত করা হয়নি। মাধ্যমিক পরীক্ষার ফল শীঘ্রই বার হবে। এর ফলে উচ্চমাধ্যমিকে ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপক সমস্যা সৃষ্টি হবে। অবিলম্বে কাটোয়া বিধানসভা কেন্দ্রে একটি গার্লস স্কুল এবং একটি বয়েজ স্কুলকে উচ্চমাধ্যমিক স্কুলে যাতে উন্নীত করা হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অসমে উগ্রপন্থী আন্দোলন শুরু হওয়ার পরে লোয়ার অসমে এবং আলিপুরদুয়ার সহ জলপাইগুড়ির যাত্রীদের কলকাতায় আসার জন্য খুবই বিপদে পড়তে হয়। আমরা দেখেছি যে মাসের পর মাস তাদের ট্রেনের জন্য অপেক্ষা করতে হয়।

[12-20 — 12-30 p.m.]

ছাত্ররা পড়াশুনা করার জন্য আসতে পারছে না, রোগীরা আসতে পারছে না কারণ কাঞ্চনজঙ্ঘায় বোরো আন্দোলন চলার ফলে এন. জি. পি. থেকেই ট্রেন যাতায়াত করছে এবং কলকাতার শিয়ালদহতে পৌঁচেছে। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যাতে করে কেন্দ্রীয় মন্ত্রী রাম বিলাস পাশোয়ান এবং কেন্দ্রীয় রেল বোর্ডের চেয়ারম্যান মিঃ কার্টের সঙ্গে কথা বলেন। যাতে করে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস নিউআলিপুরদুয়ার পর্যন্ত যাতায়াত করতে পারে। এবং সাথে সাথে আলিপুরদুয়ার, শিলিগুড়ি এবং বনগাঁইগাঁও লাইনটি বি. জি. লাইনে উন্নীত করা হয়। এই কাজের জন্য যে প্রভিসন আছে বাজেটে সেই টাকাটা যেন খরচ করা হয় এবং প্রশাসনিক দিক থেকে উদ্যোগ যেন নেওয়া হয়।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফলতা পঞ্চায়েত সমিতির সভাপতি ও ফলতা সমষ্টি উন্নয়ন আধিকারিক ষড়যন্ত্র করে জেলা পরিষদের টাকায় কাঁটাখালি খাল সংস্কারের নামে লক্ষ লক্ষ টাকা নয়ছয় করছেন। প্রসঙ্গত পঞ্চায়েতের জওহর রোজগার যোজনার টাকায় শ্রমদিবস সৃষ্টি করে এলাকার মানুষকে কাজ না দিয়ে ঠিকাদারকে টেন্ডার পাঠিয়ে দিয়ে টাকা নয়ছয় করছে। সেখানে নপুকুরিয়া, গোপালপুর এবং দেবীপুর দিয়ে যখন খালটি যাচ্ছে তখন সেই খালটি কাটা হয়েছে, কিন্তু ওই এলাকার বিধায়ক এবং সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের সদস্য ও পঞ্চায়েত সমিতির সদস্যদের এই ধরনের উন্নয়নমূলক কাজ সম্পর্কে সম্পূর্ণ অন্ধকারে রাখা হচ্ছে। বিডিও অফিসকে সি. পি. এমের পার্টি অফিস বানিয়ে রাতের অন্ধকারে ডান পা এবং ডান হাতের ছাপ দিয়ে কাজের সদ্ব্যবহার সার্টিফিকেট দাখিল করা হচ্ছে। দিনের বেলা এখানে কোনও কাজ হয় না। সুতরাং অবিলম্বে এর ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী অবিনাশ মাহাতো ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে কৃষি বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলাতে কৃষিতে ভাল আলুর ফলন হয়েছে। এখানে আলু যে পরিমাণে উৎপাদন হয়েছে তা ভাবা যায় না কিন্তু আমার এলাকাতে কোনও হিমঘর নেই। হিমঘর না থাকার ফলে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। সুতরাং অবিলম্বে ওখানে একটা হিমঘরের ব্যবস্থা করা হোক।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার রানীগঞ্জ মিউনিসিপ্যালিটি সি. পি. এম. পরিচালিত পুরবোর্ড আছে। এতে কংগ্রেস প্রার্থী ২টি জিতে এসেছেন। ওই পুরো বোর্ডে গত বছরে জলের জন্য এক কোটি টাকা দিয়েছিল। এই ব্যাপারে আমাদের মহিলা কাউন্সিলার কনিকা মজুমদার ওই জলের টাকা ঠিকমতো বন্টন না হওয়ার ব্যাপারে প্রতিবাদ করেছিলেন। এবং এই ব্যাপারে আপনিও এনকোয়ারি মিউনিসিপ্যালিটিতে করতে পাঠিয়েছিলেন। কিন্তু মজার ব্যাপার যে ওই মহিলা প্রতিবাদ করার ফলে তার উপরে অত্যাচার শুরু হয়েছে, আমি এই ব্যাপারে আপনার কাছে অভিযোগ আনছি এবং অনুরোধ করছি এই যে মাইনরিটি যারা থাকবে তাদের প্রতি কি পুরবোর্ডের কোনও দায়িত্ব নেই। ওখানকার দুর্নীতির ব্যাপারে দু-একটি ঘটনা যেই ধরা পড়েছে আপনি এই ধরনের আচরণ করলে কাজ এগুবো কি করে, সুতরাং অবিলম্বে এই বিষয়টা একটু দেখুন এই দাবি আমি রাখছি।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার পুরুলিয়া জেলাতে বিগত দিনে দুটি মাত্র প্রাথমিক শিক্ষক, শিক্ষণ মহাবিদ্যালয় ছিল।

তার একটা পুরুলিয়ার বঙ্গাবাড়িতে আর একটা পুরুলিয়ার শাখাতে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, শাখা প্রাথমিক শিক্ষক শিক্ষণ মহা-বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। আমাদের জেলায় প্রতি বছরে ১০ হাজার ছাত্র-ছাত্রী মাধ্যমিক পাস করে উচ্চতর শিক্ষার জন্য যায়। সবাই সুযোগ পায় না। ঐ জেলার ছাত্র-ছাত্রীরা প্রাথমিক শিক্ষা নেওয়ার জন্য কোনও সুযোগ পায় না।

সেইজন্য আমি আক্ষেপের সাথে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি করতে চাই, অবিলম্বে শাখা শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয় যেটি চালু ছিল, সেটাকে চালু করার জন্য। এটাকে চালু করার ব্যাপারে যদি প্রচেষ্টা করেন তাহলে ভাল হয়।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি বলেছিলেন, আমার এলাকায়, বজবজ বিধানসভা কেন্দ্রে, বজবজ পৌরসভার অধীনে একটি হাসপাতাল আছে। যদিও এটা থাকা না থাকা সমান। এই ব্যাপারে আমি অনেকদিন পৌরমন্ত্রীকে বলেছি, তাকে একবার লিখিতও দিয়েছিলাম। তিনি বলেছিলেন অ্যাম্বুলেন্স থেকে শুরু করে এক্স-রে মেশিন পর্যন্ত সব কিছু দেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত সেইসব কিছুর কোনও কাজ হয়নি। এলাকায় হাসপাতাল না থাকার জন্য এলাকার মানুষ অসুবিধা ফিল করেন। এই কারণে অনেককে কলকাতায় নিয়ে আসতে হয় বা ভাঙড়ে নিয়ে যেতে হয়। আমার বক্তব্য উনি যে কথা দিয়েছিলেন সেটা যেন রাখেন।

**শ্রী হাফিজ আলম সেইরানি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের তথা পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ হচ্ছে পাট উৎপাদনে একটি অন্যতম রাজ্য, যেখানে গত বৎসরে ভারতে ৮৯ লক্ষ গাঁট পাট উৎপাদন হয়েছিল, সেখানে কেবলমাত্র পশ্চিমবাংলায় ৫৬.৬১ লক্ষ গাঁট পাট উৎপাদন হয়েছিল। পশ্চিমবঙ্গে পাট কেবলমাত্র একটি অর্থকরি ফসল নয়, এই পাট চাষের মাধ্যমে বিদেশি মুদ্রাও অর্জন করে। আমরা দেখতে পাচ্ছি, এবারে পাটের দাম এখনও বাজারে ওঠেনি, পাটের দাম ৬০০ টাকার নিচে নেমে গিয়েছে। আমরা আশা করছি, যখন উত্তরবঙ্গে পাট উঠবে তখন পাটের দাম ৫০০ টাকার নিচে নেমে যাবে। এই অবস্থা হলে পাট চাষীদের মাথায় হাত পড়বে। সেইজন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন, পশ্চিমবঙ্গ সরকার ও জে. সি. আই. যাতে এই পাট কেনে। স্যার, আপনার কাছে আমি অনুরোধ করছি যাতে এই ব্যাপারে একটি সর্বদলীয় দল কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়। এই ব্যাপারে আপনি ব্যবস্থা নেবেন। ইতিমধ্যে অগ্রগামী কিষাণ সভার পক্ষ থেকে আজকে জে. সি. আই.-এর সমস্ত অফিসের সামনে বিক্ষোভ দেখানো হচ্ছে।

## PRIVILEGE MOTION

**Mr. Speaker :** I have received two notices of privilege—one from Shri Saugata Roy and the other from Shri Abdul Mannan. Mr. Abdul Mannan's notice is dated 18. 6. 97. He is neither present nor his notice is in order because the Minister made a statement on 10.6.1997 but Mr. Mannan filed a notice dated 18. 6. 97. a gap of 8 days delay. The delay is not condonable because the privilege notice should be filed at the earliest opportunity. This procedure has not been filed and the delay has not been explained. As such, I rule that the notice is not in order and hence it is rejected. I now request Mr. Saugata Roy to move his notice, not any discussion, not any statement just to move his notice.

[12-30 — 12-40 p.m.]

**Shri Saugata Roy :** Under the Rules of Procedure of the West Bengal Legislative Assembly, I beg to raise the question of breach of privilege against Dr. Asim Kumar Das Gupta, Hon'ble Finance Minister, Government of West Bengal. The breach of privilege related to the statement made by the Finance Minister on some procedural issues regarding consideration of the report of the CAG. It is my first charge that the Finance Minister has deliberately tried to mislead the House on the extent of irregularities in the Government treasury. এটা নিয়ে আমি পরে ডিবেটে বলব, উনি হাউসকে মিসলিড করেছেন।

Though he has admitted that (a) there has been a delay in finalisation of the audit of Panchayat bodies, (b) that there has to be prior consultation with the AG before opening up Personal Ledger accounts and (c) that the AG has brought to the Government's notice their observations after verification of cash balances in some State Government offices, his attempt in general has been to whitewash the issue to prevent disclosure of the extent of irregularities, some of which has been published in newspapers. This is a breach of privilege of the House.

My second charge is that the Finance Minister in a statement has tried to influence the members in their activities in an improper way, which is a breach of privilege Kaul and Shakdher, p. 232. On page 4 he attempts to 'alert the hon'ble members about some motivated attempts which are being made by certain quarters to give an unauthorised and distorted version of some preliminary audit points.' This is a clear incitement by him to members of his ruling party to move the breach of privilege motion against newspapers which have been publishing reports of irregularities. And behold, yesterday, a ruling party member moved a motion of breach of privilege against Ananda Bazar Patrika and Economic Times. This was motivated. This was caused by Minister's statement.

Though the Minister made a statement in the House on 10th June, 1997, the privilege motion against the newspapers was moved on 11th June, 1997 thus giving me the cause of action to move this motion. I am thus moving the motion at the earliest opportunity.

I beg to move that the matter be referred to the Privilege Committee.

I am enclosing a copy of this motion to the Chief Govt. Whip so that he can ask the Finance Minister to be present when I move the motion.

Thanking you,

**Mr. Speaker :** Now, Shri Saugata Roy, M.L.A. has given a notice of Breach of Privilege against Shri Asim Kumar Dasgupta, Hon'ble Minister-in-Charge of Finance Department, Govt. of West Bengal on the grounds that by making the statement in the House on 10. 6. 97, (i) the Finance Minister has deliberately tried to mislead the House on the extent of irregularities in Government Treasuries though admitting there in that there has been delay in finalisation of the audit of the panchayat bodies and that there has to be prior consultation with the A.G. before opening P. L. Account and that the A. G. has brought to the notice of the Government his observations after verification of each balances in some State Government offices ; (ii) that the Finance Minister in his statement has tried to influence the activities of the members in an improper way which is a breach of privilege and that the Hon'ble Minister invited the Members of the Ruling Party to move a Privilege Motion against the news papers which have published such irregularities.

2. The alleged statement was made by the Hon'ble Finance Minister on the floor of the House on the 10th June, 1997 immediately after laying the Report of CAG for the year 95-96 on Revenue Receipt, Commercial and Civil Accounts of the State of West Bengal as also the Finance and Appropriation Account for the year 95-96 on the table of the House. The Report of the CAG is a confidential document and unless and until it is laid before the House as required by the Constitution under Art. 151(2), it can neither be disclosed nor any discussion can take place on it even in the House unless a report thereon is presented to the House by the Public Accounts Committee as required under Rules 221 and 223 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

3. It is, therefore, quite clear from the above that in matter disregard and violation of the provision of the Constitution and the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly some newspapers have published selected portions of the report of the CAG long before it was presented to the House, not to speak of presentation of any report thereon by the Public Accounts Committee. Such publication of the CAG report even if it is not distorted is admittedly an infringement upon the rights and privileges of the

members as well as of the House. It was, therefore, in the fitness of the things that the Hon'ble Minister-in-Charge of Finance Deptt. made the statement u/r 346 or the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly before the House bringing to the notice of the hon'ble members the procedural issues regarding consideration of the report of the CAG.

4. From the facts as stated above, it becomes crystal clear that the Hon'ble Minister of Finance Deptt. has simply made his statement on important procedural issue regarding consideration of the report of CAG and matters related thereto and has never "deliberately tried to mislead the House" on the "extent of irregularities in the Govt. Treasuries" as alleged by the Hon'ble Member, Shri Saugata Roy nor the Minister has tried "improper manner' or "invited them" in any manner whatsoever.

In this view of the matter, there is no prima facie case that a breach of privilege has been committed by the Hon'ble Minister-in-Charge of Finance Deptt., for which the member has no right to raise a question of privilege in the House. The notice of breach of privilege given by Hon'ble Member Shri Saugata Roy, therefore, disallowed.

(At this stage, the Congress (I) Members walked out of the Chamber)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 26 & 90

**Mr. Speaker :** Now, the debate on Demand No. 26 and 90.

### Demand No. 26

**Shri Sultan Ahmed, Shri Ashok Kumar Deb, Shri Gyan Singh Sohan Pal, Shri Kamal Mukherjee, Shri Ajoy De, Shri Tapas Roy, Shri Sanjoy Bakshi, Shri Gopal Krishna Dey, Shri Deba Prasad Sarkar, Shri Saugata Roy, Shri Abdul Mannan :** Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 90

**Shri Nirmal Ghosh, Shri Ashok Kumar Deb, Shri Sultan Ahmed, Shri Deba Prasad Sarkar, Shri Shashanka Sekhar Biswas:** Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Ambica Banerjee :** (Not Present in the House)

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পুর এবং নগর উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করি। সমর্থন করতে গিয়ে এই কথা বলতে চাই যে, বর্তমান বামফ্রন্ট সরকার এর পৌরসভা এবং নগর উন্নয়নের নীতি, তার বাস্তবায়ন পশ্চিমবাংলার জনসাধারণের বিশেষ করে পুর এলাকায় যে সব মানুষ বসবাস করেন তারা সমর্থন করেছে। সর্বশেষে উদাহরণ এবং দৃষ্টান্ত বলা যেতে পারে গত যে তিনটি পৌরসভার নির্বাচন হয়ে গেল তা হচ্ছে দুর্গাপুর, হলদিয়া কুপার্স ক্যাম্প এবং কলকাতা পৌরসভার তিনটি ওয়ার্ড। পশ্চিমবাংলার অন্যান্য মিউনিসিপ্যালিটির ৭টি ওয়ার্ড। যে নির্বাচন হল তাতে প্রায় ৪ লক্ষ, সাড়ে ৪ লক্ষ নির্বাচক মন্ডলী তাদের রায় দিয়েছেন। সেই রায় প্রতিফলিত হচ্ছে। গত ৯৪ সালের পৌরসভা এবং ৯৬ সালের সাধারণ নির্বাচনে যে ভোট কংগ্রেস পেয়েছিল আর যে ভোট বামফ্রন্ট সরকারের অনুকূলে এসেছিল, সর্বশেষ যে নির্বাচন হল তা থেকে দেখা যাচ্ছে বামফ্রন্ট সরকারের অনুকূলে অনেক বেশি ভোট এসেছে। তুলনামূলক ভাবে কংগ্রেস অনেক কম ভোট পেয়েছে এবং তার সঙ্গে সঙ্গে আমি বিশেষ করে কলকাতার যে তিনটি পৌরসভার উপনির্বাচন হল সে বিষয়ে বলতে চাই। ৪৯ নম্বর ওয়ার্ড, ৫১ নম্বর ওয়ার্ড, এবং ৭৫ নম্বর ওয়ার্ড এই তিনটি ওয়ার্ডের মধ্যে দুটি কংগ্রেসের দখলে ছিল। এই দুটি ওয়ার্ডকে তাদের দখলে রাখার জন্য তারা বি. জে. পি.-র সঙ্গে আঁতাত করেন এবং আঁতাত করার ফলে বি. জে. পি. কংগ্রেসের পক্ষে প্রার্থী তুলে নেন ৪৯ এবং ৫১ নম্বর ওয়ার্ডে। তাতে কি দেখা গেল?

[12-50 — 12-50 p.m.]

তাতে দেখা গেল গত ৯৫ সালের পুর নির্বাচনে ৪৯ নাম্বার ওয়ার্ডে কংগ্রেসের প্রার্থী জিতে ছিলেন ৩ হাজারের অধিক ভোটে। এবার উপনির্বাচনে কংগ্রেসের প্রার্থী জিতলেন মাত্র সাড়ে ৯০০ ভোটে। বি. জে. পি. প্রার্থী যদি থাকত তাহলে কংগ্রেসের প্রার্থীর জেতার কোনও সম্ভাবনা ছিল না। ৫১ নং ওয়ার্ডে বামফ্রন্টের আর. এস. পি. প্রার্থী ১৭৫ ভোটে জিতেছে। আগের বারে কংগ্রেস প্রার্থী ২,৫০০ ভোটে জিতে ছিলেন। ৭৫ নাম্বার ওয়ার্ডে বামফ্রন্টের নির্বাচিত কাউন্সিলার এর মৃত্যুর কারণে উপ নির্বাচন হল। সেখানে আগের বারে সাড়ে ৩ হাজার ভোটে বামফ্রন্ট প্রার্থী জিতেছিলেন। এবার সেখানে প্রায় ৩ গুণ হয়ে গেল। এর কারণ কি? হলদিয়া এবং দুর্গাপুরে বিপুল ভোটে বামফ্রন্ট প্রার্থী জয়ী হল। কংগ্রেসিরা মৃদু কণ্ঠে বলার চেষ্টা করল এবং কম্পিত কণ্ঠে বলার চেষ্টা করল যে রিগিং হয়েছে। আজকে কলকাতার যে ২০ বছরে পরিবর্তন হয়েছে, তার ফলশ্রুতিই হচ্ছে এই তিনটি উপ-নির্বাচনের ফলাফল। বিরোধী দলের বন্ধুরা বিরোধিতা করছেন। কিন্তু আপনারা দেখুন যে, কলকাতার মানুষ সমস্ত সুখ স্বাচ্ছন্দ্য ভোগ করছেন এবং এটা উপলব্ধি করছেন। নিশ্চয় ট্যাক্স দিতে হবে। ট্যাক্স না দিয়ে চলে না। যাই হোক এখন সেই জায়গায় প্রতিদিনের পরিবর্তনগুলি লক্ষ্য করুন। কিভাবে কলকাতার পরিবর্তন ঘটে চলেছে, কলকাতার পরিবর্তন যে ঘটে চলেছে, সেটা কংগ্রেসি বন্ধুরা অন্তরের মধ্য দিয়ে উপলব্ধি করলেও কেবলমাত্র জনগণকে বিভ্রান্ত করার জন্য সংকীর্ণ দলীয় রাজনীতির স্বার্থে তারা বিরোধিতা করে। তারা কি ই. এম.

বাইপাস দেখছেন না? তারা কি সায়েন্স সিটি দেখছেন না? কলকাতার রাস্তাগুলি দেখছেন না? কলকাতার কি উন্নতি হচ্ছে, সেগুলি দেখছেন না? তারা কি কলকাতার জঞ্জাল সাফাইয়ের যে পরিবর্তন হয়েছে, সেটা দেখছেন না? একটা সময় ওদেরই আমলে এই যে সিধু-কানু-ডহর-এ যে মিটিং হত, সেখানে মানুষ থাকতে পারত না। তখন সেখানে বিষাক্ত আবহাওয়া ছিল। একদিকে ওখানে জঞ্জালের পাহাড় ছিল, আর একদিকে মিটিং হত। কলকাতার সর্বত্রই এই জঞ্জালের চেহারায় পরিণত হয়েছিল। তখন নির্বাচন ছিল না। কোনও কিছু ছিল না। তারা সরকার থেকে পরিচালিত করতেন। নির্বাচন ওরা করেনি। নির্বাচন ওরা চায় না। কলকাতার রাস্তাগুলি ওদের সময়ে চিহ্নিত ছিল আন্তর্জাতিকভাবে সিটি অফ পটহোলস হিসাবে। কলকাতা শহরে প্রতিটি রাস্তায় বড় বড় গাড্ডা। এটা আন্তর্জাতিকভাবে স্বীকৃত হয়ে গেছিল। আজকে দয়া করে কলকাতা শহরের রাস্তাগুলি দেখুন। এখানে যে রাস্তাগুলি হচ্ছে, সেখানে আগে যেখানে থ্রি লেনস ছিল, সেখানে সিক্সথ লেনস হচ্ছে। পটহোলস অবলুপ্ত। আমি ব্যক্তিগতভাবে কলকাতার কিছু বড় এবং ছোট মোটর রিপেয়ারিং শপে এনকোয়ারি করেছিলাম যে, বর্তমানে আপনাদের কাছে যে গাড়িগুলি রিপেয়ারের জন্য আসে, সেগুলির ডিফেক্ট কি? আমি জানতে চেয়েছিলাম শক অ্যাবজরভার নষ্ট হয়ে যাচ্ছে, স্প্রিং পাত্তি ভেঙ্গে যাচ্ছে, সাসপেন্সার ভেঙ্গে যাচ্ছে—এই রকম ধরনের রিপেয়ারিং কি রকম আসে বর্তমানে এবং আগে কি রকম আসত?

রাস্তায় এখন কোথাও পট-হোল নেই। এই পট-হোলের জন্য গাড়ি ব্রেক-ডাউন হয়। এই পটহোলের জন্য স্প্রিং, সাসপেনশর, সক-অ্যাবজরভার ভেঙেচুরে যায়। কিন্তু সমীক্ষা চালিয়ে দেখা গেছে এখন গাড়ির ব্রেকডাউন কমে যাচ্ছে। তার কারণ কলকাতার রাস্তায় পটহোল নেই। তার সঙ্গে সঙ্গে একথা বলতে চাই কলকাতার এই যে বর্তমান নব-কলেবর এটাতে কলকাতার প্রতিটি মানুষের গর্বিত হওয়া উচিত। এ ব্যাপারে কলকাতার প্রতিটি নাগরিক সে তিনি কংগ্রেস করুন, বামফ্রন্ট করুন বা অন্য যা কিছু করুন না কেন, তার গর্বিত হওয়া উচিত। কলকাতার এই যে উন্নতি হচ্ছে এটা সকলকে স্বীকার করতে হবে। এই উন্নতি বাম জমানায় হচ্ছে বলে আপনারা স্বীকার করবেন না। যেখানে জনগণ স্বীকার করছেন সেখানে আপনারা কূপমন্ডুকের মতো কেবলমাত্র বিরোধিতার জন্য বিরোধিতা করছেন। আজকে কলকাতায় যান চলাচলে গতি বৃদ্ধি পেয়েছে। কলকাতা পৌরসভা এবং রাজ্য সরকার জনস্বার্থে যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাকে দুর্বল, ফ্রাসটেটেড করার জন্য আপনারা অপপ্রচার চালাচ্ছেন, মানুষকে বিভ্রান্ত করছেন যে, হকার উচ্ছেদ হচ্ছে। হকার কোথায় উচ্ছেদ হচ্ছে? হকার কলকাতায় আছে, কলকাতায় থাকবে। পৃথিবীর বিভিন্ন শহরে হকার আছে। কলকাতায় যেটা করা হচ্ছে সেটা হল কলকাতার বিভিন্ন ফুটপাথে যারা বেআইনি দখলদার, যারা রোজগার করব এই আওয়াজ তুলে লক্ষ লক্ষ মানুষের যাতায়াতের পথে বাধার সৃষ্টি করছেন সেই জবর দখলকারিদের ফুটপাথ থেকে সরানো হয়েছে। কারণ মানুষের চলার জন্য ফুটপাথ হয়েছে। ফুটপাথ থেকে যেসব জবরদখলকারিদের সরানো হয়েছে তাদের অমানবিকভাবে সরানো হয়নি। তাদের অবস্থান ছিল বেআইনি। সেখানে যতখানি সম্ভব তাদের পুনর্বাসন দেওয়া যায় সেটা সরকার এবং পৌরসভা আন্তরিকতার সঙ্গে পালন করেছেন। আর সেখানে আপনারা সেই সব মানুষকে বিভ্রান্ত করছেন, উত্তপ্ত করছেন। গত পরশু আপনারা ওদের

কয়েকজনকে সামনে নিয়ে গড়িয়া হাটে জনস্বার্থ বিরোধী কাজ করেছেন। আপনারা সেখানে গাড়ি পুড়িয়ে, স্টেট বাস ভাঙচুর করেছেন, আগুন লাগিয়েছেন। এইভাবে আপনারা সেখানে বিশৃঙ্খলার সৃষ্টি করেছেন। কলকাতা শহরের উন্নতি হয়েছে, এই উন্নতিকে আপনারা সহ্য করতে পারছেন না। সহ্য করা আপনাদের পক্ষে সম্ভবও নয়। তার কারণ বামফ্রন্ট সরকারের সঙ্গে মানুষের সম্পর্ক নিবিড় হচ্ছে এই কারণে আপনারা বিরোধিতা করছেন। কিন্তু আপনারাও এই কাজকে আন্তরিকতার সঙ্গে সমর্থন করছেন। কারণ কলকাতাকে আপনারা ব্যবহার করেন, আপনারাও ব্যবহার করছেন। সুতরাং অন্তরে আপনারা কলকাতার এই উন্নতির কথা স্বীকার করলেও কেবলমাত্র সংকীর্ণ রাজনীতির স্বার্থে বিরোধিতা করে চলেছেন। কিন্তু এতে মানুষ আপনাদের ক্ষমা করছে না। কলকাতা পৌরসভার ৩টি উপনির্বাচন সেই নির্দেশ দিচ্ছে। কলকাতার সঙ্গে সঙ্গে শিলিগুড়ি যেটা উত্তরবঙ্গের প্রধান বাণিজ্যিক এবং শিল্পের শহর শুধু নয়, এটা হচ্ছে কয়েকটা লাগোয়া রাষ্ট্র, ভুটান, নেপাল এবং আমাদের ভারতবর্ষের কয়েকটা অঙ্গ রাজ্য ও উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলার প্রবেশদ্বার। আপনাদের জমানায় শিলিগুড়ির কোনও উন্নতি হয়নি। এখন শিলিগুড়ি শহরের উন্নতি হয়েছে, শিলিগুড়ি শহরকে কর্পোরেশনে রূপান্তরিত করা হয়েছে। আমি প্রতি বছর এই শহরে কাজের জন্য যাই। গতবছর শিলিগুড়ির যে উন্নতি দেখেছি, এ বছর তার চেয়ে বেশি উন্নতি দেখছি। শিলিগুড়ির মানুষও এটা উপলব্ধি করেছেন। শিলিগুড়ি কর্পোরেশনের যে উন্নয়ন হয়েছে তার প্রভাব ছড়িয়ে পড়ছে গোটা উত্তরবঙ্গে।

[12-50 — 1-00 p.m.]

আপনারা সহ্য করতে পারছেন না, আজকে কলকাতা পৌরসভার এই যে উন্নয়নের গতিধারা, শিলিগুড়ির উন্নয়নের গতিধারা, পশ্চিমবঙ্গের প্রায় ১২৫টি মিউনিসিপ্যাল কর্পোরেশন নোটিফায়েড এরিয়ায় ঘড়ির কাঁটার মতো ক্যালেন্ডারে দাগ মেরে নির্বাচন হয়ে চলেছে। শুধু নির্বাচন নয়, এটা গণতন্ত্রের প্রতি দায়বদ্ধতা। এবং সেখানে সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় অর্থ সাহায্য পৌঁছে দেওয়া এবং তাদের পরিকল্পনার বাস্তব রূপায়ণের ক্ষেত্রে টেকনিক্যাল এক্সপার্ট দিয়ে সাহায্য করা এবং সেই সমস্ত টেকনিক্যাল পার্সনদের এডুকেটেড করার জন্য ইনস্টিটিউট করে দেওয়ার একটা সার্বিক পরিকল্পনা নিয়ে পশ্চিমবঙ্গের পৌর এবং পৌর নিগম দপ্তর এগিয়ে চলেছে। আপনাদের সময় এরকম সামগ্রিক দৃষ্টিভঙ্গি, সামগ্রিক পরিকল্পনা নিয়ে পশ্চিমবঙ্গের পৌর এবং পৌর নিগম দপ্তর এগিয়ে যাচ্ছে, এটা কি ভাবা যেত? এটা গুরুত্বপূর্ণ যে, আজকে পশ্চিমবাংলা এবং কলকাতা গোটা ভারতবর্ষ এবং গোটা পৃথিবীর মানুষের দৃষ্টি আকর্ষণ করেছে। গত পয়লা জুন তারিখে টাইমস অব ইন্ডিয়ার সানডে টাইমসে একটা সমীক্ষা বেরিয়েছিল। ভারতবর্ষের পাঁচটি মেগাসিটির সমীক্ষা তারা করেছিল, তার মধ্যে ১৫টি পৌর পরিসেবাকে নিয়ে সমীক্ষা করেছিল। ১৫টি পৌরসভার মধ্যে কলকাতা ৮টিতে প্রথম, ৩টিতে দ্বিতীয়, ১টিতে তৃতীয়, ১টিতে চতুর্থ এবং ২টিতে পঞ্চম হয়েছে। এবং টোটাল নাম্বারে ফিফথ পজিশন দিল্লির, ১০০ নম্বরের মধ্যে ৫৪। চতুর্থ মুম্বাই ৬৪, তৃতীয় বাঙ্গালোর, ৮০, দ্বিতীয় মাদ্রাজ ৮৫.৩। আর ১০০-র মধ্যে ৯২.৫ নাম্বার পেয়ে কলকাতার পজিশন হয়েছে ফার্স্ট। আপনাদের আনন্দ হয় না? গর্ব হয় না? গর্ব নিশ্চয় হয়, নইলে কলকাতার মানুষ হিসাবে, পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে পরিচয় দিতে পারবেন না। তারা যা লিখেছে, সেটা

একটু পড়ি। "Wonder of wonders, now that Calcutta has turned around it may even become one of the most livable metros in India. The city has more power and water than any other metro in India. Telephones are available on demand and work ; there are practically no power cuts and the legendary traffic jams are a thing of the past.

The cost of living in Calcutta, in fact is also lower than any other metro (cheaper food, rents, transport) and the price to pay to be in the city on the whole is infinitely lower as it is far safer than Delhi for instance (fewer road accidents, crime—crime against women)." এটা শোনার পর, জানার পর কলকাতার মানুষ হিসাবে, পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে—বলতে পারেন—আনন্দ হয় না? নিশ্চয় আনন্দ হওয়া উচিত।

কিন্তু আমরা চাই না এই জায়গায় থেমে থাকতে, আমাদের আরও এগিয়ে যেতে হবে, আরও উন্নত জায়গায় যেতে হবে। কলকাতার উন্নয়নের সঙ্গে, পশ্চিমবাংলার এই পৌরসভাগুলির উন্নয়নের সঙ্গে আজকে গোটা পশ্চিমবাংলায় যে শিল্পায়নের সুযোগ দেখা দিয়েছে, তাকে বাস্তবায়িত করতে হবে। এই কথা বলে, এই ব্যয়বরাদ্দকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মিউনিসিপ্যাল মিনিস্টারের এই বাজেটকে সমর্থন করতে পারছি না। কারণ টাকাটা বড় নয়, মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্সের ব্যাপার একটা শহরের একটা প্রতিচ্ছবি, একটা রাজ্যের প্রসপেক্টরস। যে কলকাতা শহর নিয়ে নির্মলবাবু বললেন, উনি আগে থেকেই তৈরি হয়েছিলেন। উনি বললেন, আমরা নাকি সবটাই বিরোধিতা করব। আমাদের কথা শোনার আগেই কি করে এই কথা বলে দিলেন। এটা ঠিক নয়। আমাদের কথা শুনে যদি বলতেন, তাহলে ভাল হত।

আমি প্রথমে যেটা বলতে চাই, কলকাতা শহর যাকে আমরা কল্লোলিনি কলকাতা বলি সেটা এক নম্বরে ছিল। এই অবস্থায় বাঙ্গালি হিসাবে কলকাতায় থাকি বলে আমরা গর্বিত। পশ্চিমবাংলার কেন্দ্রবিন্দু কলকাতা। তাই কলকাতাকে কেন্দ্র করে সারা পশ্চিমবাংলার কথা আমরা ভাবি। কিন্তু এটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? এটা দেখা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি, অনেক দেরি করে হলেও, মাত্র ১ বছরের মধ্যে উনি যে পরিকল্পনা নিয়েছেন, যে প্রচেষ্টা নিয়েছেন এবং যতটুকু করেছেন, বিশেষ করে শিলিগুড়ির ক্ষেত্রে, সেটা ভাল করেছেন। কিন্তু এই প্রচেষ্টা শিলিগুড়িতে নেওয়ার পাশাপাশি আরও অন্যান্য জায়গায় যদি নিতেন সেগুলোও উন্নতি করা যেত। শিলিগুড়িকে আপনি আজকে এমন একটা জায়গায় নিয়ে এসেছেন যে এর ইমপর্টেন্স বেড়ে গেছে এবং এর উন্নতিরও দরকার ছিল। এ বিষয়ে আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি।

এই প্রসঙ্গে বলি, কলকাতা কর্পোরেশনের ফুটপাথ হকারমুক্ত করার জন্য আপনি ব্যবস্থা নিয়েছিলেন। আবার, হোর্ডিংগুলোও দৃষ্টিকটু অবস্থায় পৌঁছে যাচ্ছিল, আপনি তার বিরুদ্ধে নিয়েছেন। এ ব্যাপারে একটু আগে মাননীয় সৌগতবাবু বললেন। কাগজে-কলমে

বললেও, হকারদের সমস্যার সমাধান আপনারা করতে পারেননি বা পারবেন না যতক্ষণ পর্যন্ত তাদের প্রকৃত পুনর্বাসনের ব্যবস্থা করতে না পারছেন। দেখা যাচ্ছে, যে সব জায়গা থেকে হকারদের উচ্ছেদ করে দেওয়া হয়েছিল তারা পুনরায় সেখানে বসে পড়েছে। হাওড়াতেও এই রকম অবস্থা হয়েছে। আমি এ ব্যাপারে পরে আসছি।

আপনারা প্রত্যেকটা জায়গায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ডি-লিমিটেশন করেছেন এবং রাজনৈতিক ভাবে সফল হয়ে তা আরও বাড়িয়ে দিচ্ছেন। ভোটের রাজনীতি আপনারা করছেন। এ ব্যাপারে আপনি খোঁজ-খবর নেবেন এবং ন্যাচারাল ভাবে করলে আমাদের কোনও আপত্তি থাকতে পারে না। এই প্রসঙ্গে বলি, আপনারা বলেন কংগ্রেসের সময় দেশলাইয়ের খোলের উপর লিখে চাকরি হয়েছে। কিন্তু আপনাদের আমলে ক্ষমতা কতটা গ্রামে নিয়োগ করেছেন? সেখানে দেখা যাচ্ছে বেশির ভাগই জায়গায় তা নেই। খবরের কাগজে দেখছি, কলকাতা কর্পোরেশনে কর্মচারিদের বসে কাজ করার জায়গা নেই, তারা পার্কে বসে থাকে। সেখানে কোনও ওয়ার্ক কালচার নেই। কয়েকদিন আগে, কমিশনার হাজিরার ব্যাপারে কড়াকড়ি করেছেন। কাগজে-কলমে হলেও এখনও কলকাতা কর্পোরেশনের অফিসে ১১/১২-টার সময়ও অফিসারদের চেয়ারে পাওয়া যায় না। আপনারা বলেছেন, কয়েকমাসের মধ্যে মিউটেশন হয়ে যাবে। কিন্তু এজন্য বছরের পর বছর অপেক্ষা করতে হচ্ছে। প্ল্যান স্যাংশনের ক্ষেত্রে একটা আন্ডার গ্রাউন্ড করাপশন চলেছে। একটা প্ল্যান স্যাংশন করতে দেড়-দু বছর সময় লেগে যাচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে, পশ্চিমবাংলা তথা কলকাতা শহরে আন-অথোরাইজড কনস্ট্রাকশনে বাড়ি তৈরি হচ্ছে। ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ জায়গা সেন্ট্রাল কলকাতাও এখন ডিল্যাপিডেটেড শহরে পরিণত হয়েছে।

[1-00 — 1-10 p.m.]

পুরনো পুরনো বাড়িতে বহু দিন থেকে ভাড়াটেরা সেখানে আছে, বাড়িওয়ালার সাথে ভাড়াটের ঝগড়া হচ্ছে। বাড়িগুলি ঠিক মতো রক্ষণা-বেক্ষণ হচ্ছে না, প্রতি দিনই শোনা যায় অ্যাক্সিডেন্ট হচ্ছে। সেই বাড়িগুলি যাতে ঠিক মতো মেরামত করা হয় সেটা দেখা দরকার। বাড়িওয়ালা এবং ভাড়াটে এই বিলটা যেন ঠিক মতো আসে। বাড়িগুলি যাতে ঠিকমতো রিপেয়ার করা হয় এবং আরও মডার্ন বাড়ি হয় সে দিকে দেখা দরকার। কয়েকটি উঁচু বাড়ি দেখা যায় ঠিকই, কিন্তু সব ভাল বাড়ি নয়। মাননীয় মন্ত্রী মহাশয় যদি উদ্যোগ নেন তাহলে বাড়িওয়ালা-ভাড়াটের সমঝোতার ব্যবস্থা হয়। এই যে ডিলাপিডেটেড রয়েছে এর জন্য গ্লুমি লুক চারিদিকে দেখা যাচ্ছে। যেগুলিকে আমরা বস্তি বলি, সেই বস্তি এলাকাগুলি মডিফায়েড করা দরকার। কলকাতা শহরে বিশাল বিশাল বস্তি রয়েছে। এব্যাপারে আপনারা কোনও মাস্টার প্ল্যান করতে পারেননি। আপনারা যদি মাস্টার প্ল্যান করতে পারতেন তাহলে এই বস্তিগুলিতে ভাল রাস্তা করতে পারতেন। এই বস্তিগুলিতে মানুষের যাবার রাস্তা নেই, সেখানে ফায়ার হ্যাজার্ড হলে অ্যাম্বুলেন্স ঢোকার রাস্তা নেই। সেখানে যদি আগুন লাগে তাহলে এই খোলার চালের বাড়িগুলি জ্বলে পুড়ে খাঁক হয়ে যাবে। সেখানে অ্যাম্বুলেন্স ঢুকতে পারবে না। সেখানে মানুষের স্বাভাবিকভাবে ঢোকার উপায় নেই। একথাগুলি আমরা আপনাকে আগেও বলেছি। যদি ঠিক সময়ে প্ল্যানগুলির স্যাংশন দেওয়া যায়, ঠিক সময়ে মিউটেশন করে দেওয়া

যায় তাহলে ভাল হয়। এর ফলে কলকাতা, হাওড়া এবং আর্বান এলাকায় যে সমস্ত বাড়িগুলি হচ্ছে সেগুলি প্ল্যান ছাড়া বাড়াবার প্রবণতা কমে যাবে। আপনারা হাজার হাজার লোককে বিভিন্ন কর্পোরেশনে চাকরি দিয়েছেন, তারা মাহিনা নিয়ে চলে যায় কিন্তু তারা কাজ করে না, অফিসে ঠিকমতো হাজিরা দেয় না। আগে এই মিউনিসিপ্যালিটিগুলি আপনাদের কন্ট্রোলে ছিল, গত বারের নির্বাচনের পর বহু মিউনিসিপ্যালিটি কংগ্রেসের দখলে এসেছে। এই লাইবিলিটি নিয়ে আমাদের চলতে হচ্ছে, তাদের মাহিনা দিতে হচ্ছে। আবার সেখানে বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে, সেখানে টাকা পয়সা পাওয়া যাচ্ছে না। বহরমপুর মিউনিসিপ্যালিটির কথা আমরা বহুবার বলেছি। সেখানে যে সহযোগিতা পাওয়ার কথা ছিল সেই মিউনিসিপ্যালিটিগুলি সেই সহযোগিতা তারা পাচ্ছে না। মাননীয় মন্ত্রীকে বারবার বলেছি, আমি হাওড়ার অধিবাসী। হাওড়া এমন একটা জায়গা সেটা কলকাতার থেকে কম ইমপর্টেন্ট নয়। বিভিন্ন জায়গা থেকে লোকে সেখানে আসে। এত ইন্ডাস্ট্রি কলকাতার ভিতর নেই, কিন্তু হাওড়ায় বড় বড় ইন্ডাস্ট্রি আছে। সেখানে বিরাট বিরাট বস্তি অঞ্চল আছে। সারা পশ্চিমবঙ্গের যে চিত্র, হাওড়ারও সেই একই চিত্র। সেখানকার মানুষেরা ন্যূনতম পানীয় জল সেটাও ঠিক সময়মতো পান না। নির্মলবাবু অনেক কথা বললেন কিন্তু যে শহরে টাকা দিয়ে বালতি করে জল কিনতে হয় সেই শহরের পরিষেবা উন্নত বলা যায়? আপনারা এই ২০ বছরে কত গুণ ট্যাক্স বাড়িয়েছেন। নির্মলবাবু বললেন চৌরঙ্গি রোড ধরে যান সেখানে একটাও পটহোলস দেখতে পাবেন না। আমি বলছি বোম্বেতে যান, মাদ্রাজে যান তাহলে সেখানকার শহর দেখে কলকাতা শহরের তফাৎটা বুঝতে পারবেন।

কলকাতা শহরের মধ্যে একটাও নতুন রাস্তা হয়নি। পটহোলগুলো বন্ধ করা হয় না। হ্যাঁ আপনারা শহরের বাইরে কিছু কিছু বাই-পাসের মতো বড় রাস্তা করেছেন। নিশ্চয়ই সেগুলো সুন্দর হয়েছে, তার জন্য আপনাদের অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সেগুলো আরও চওড়া হওয়া উচিত ছিল। সাইন্স সিটির কথা বলেছেন, নিশ্চয়ই তাও অভিনন্দন যোগ্য, তার জন্য আমি আপনাদের অভিনন্দন জানাচ্ছি। কিন্তু ওখানে আরও অনেক উন্নতির স্কোপ আছে। তা কাজে লাগাতে আমি আপনাদের অনুরোধ করছি। এখানে ফায়ার ব্রিগেডের মন্ত্রী বসে আছেন, আমি তাকে জিজ্ঞাসা করছি তার দপ্তরের কি অবস্থা? যদি কোথাও হঠাৎ আগুন লেগে যায় তাহলে তা নেবাবার কি ব্যবস্থা আছে? আমরা দেখছি দিল্লি এবং অন্যান্য শহরে প্রায়ই আগুন লাগছে। এখানে একটা হাইরাইস বিল্ডিং-এ আগুন লাগলে সে আগুন নেবাবার জন্য এখানে সরকারের কোনও ব্যবস্থা নেই। কিছু কিছু যন্ত্রপাতি এসেছে, কিন্তু সেগুলো এখনও প্যাকিং বাক্সের মধ্যে পড়ে আছে, ব্যবহার করা যাচ্ছে না। বোধ হয় এমন যন্ত্রপাতি এনেছেন যা কোনও দিনই ব্যবহার করা যাবে না, তাই এখন পর্যন্ত ব্যবহার করা হচ্ছে না। ইতিমধ্যেই আমরা দেখেছি এই কলকাতা শহরের বড় বড় বাড়িতে আগুন লেগেছে, কিন্তু আপনারা সে সব যন্ত্রপাতি ব্যবহার করতে পারেননি, যে ল্যাডার এনেছেন তা কাজ করেনি। ফলে আগুন লেগে ক্ষয়ক্ষতি অনেক বেশি হয়েছে। এরকম অবস্থায়ও কি আমাদের বলতে হবে, এই শহরে মানুষের নিরাপত্তা আছে? আপনারা ট্রাফিকের কথা বলছেন, পলিউশনের কথা বলছেন। অথচ একবারও বলেছেন যে, কলকাতা শহর সারা বিশ্বের অন্যতম পলিউটেড সিটি। হাওড়া এবং কলকাতার ট্রাফিক জ্যামের কথা আর কি বলব। মানুষ বাড়ি থেকে

বেরিয়ে কখন অফিসে গিয়ে পৌঁছবে তার কোনও ঠিক নেই। অফিস থেকে বেরিয়ে বাড়িতে গিয়ে সুস্থভাবে পৌঁছতে পারবে কিনা তাও সে জানে না। কোথায় কখন কে ট্রাফিক জ্যামে আটকে যাবে তা কেউ আগে থেকে বলতে পারবে না। দিনের পর দিন হাজার হাজার গাড়ি বাড়ছে, কিন্তু রাস্তা একটুও বাড়ছে না। ১০০ বছর আগে যতটুকু রাস্তা ছিল, এখনও তাই আছে, কোথাও কোনও পরিবর্তন হয়নি। অথচ হাজার হাজার নতুন নতুন গাড়ি বেরচ্ছে, তাদের যাতায়াতের কোনও ব্যবস্থা নেই। সেম ট্র্যাডিশন সমানে চলছে। অবশ্য ট্রাফিক কন্ট্রোল নিয়ে নতুন নতুন কিছু চিন্তা ভাবনার কথা শুনছি। মাননীয় মন্ত্রীদের তার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এখন পর্যন্ত এ বিষয়ে যতটুকু যা করা হয়েছে তা যথেষ্ট উপযুক্ত নয়—দ্যাট ইজ নট এনাফ। ইন্ডাস্ট্রিয়াল সিটি হিসাবে হাওড়া শহর থেকে সরকারের ঘরে যে রেভিনিউ আসে তা সারা পশ্চিমবাংলার মোট রেভিনিউর একের তিন অংশ। হেড অফিস কলকাতায় হলেও বেশিরভাগ কল-কারখানাই হাওড়ায় অবস্থিত। হাওড়া থেকে যে রেভিনিউ আসে সেই রেভিনিউ বন্ধ হলে ওয়েস্ট বেঙ্গলের ভিত কেঁপে উঠবে। অথচ হাওড়া শহরের মানুষরা চিরকাল বঞ্চিত, অবহেলিত। কেন এটা হবে? যে শহর পশ্চিমবাংলাকে প্রতিটি সাবজেক্টে কনট্রিবিউট করছে, তার কিছু ভাল হবে না। সেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত পৌর বোর্ড আছে। সেখানে ১৮ জন কাউন্সিলর কংগ্রেসের, তারা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হয়েছেন অথচ তাদের কথার প্রতি কখনও কর্ণপাত করা হয় না। হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়র তাদের সঙ্গে কথা বলা, তাদের পরামর্শ গ্রহণ করা প্রয়োজন বলে মনে করেন না। এমন কি ফ্রন্টের বিভিন্ন দলের সদস্যদের নিয়ে মেয়র-ইন-কাউন্সিল গঠিত হয়েছে, নামেই সেটা আছে, কার্যত হাওড়ার মেয়র ইজ ডিক্টেটর। তিনি যা বলবেন তাই হবে, যা বলবেন না তা কেউ কখনও করতে পারবে না। সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে হাওড়া কর্পোরেশন চলছে। হাজার হাজার মানুষ সেখানে কাজে নিযুক্ত আছে, কিন্তু কাজের নাম-গন্ধও দেখা যায় না। বেশির ভাগ কর্মচারিই অফিসে এসে সই করে চলে যায়। কিছু মানুষ অবশ্যই কাজ করে। হাওড়া কর্পোরেশনের অনেক কেলেঙ্কারির কথা বার বার বলা হয়েছে। গত ৮/১০ বছরের ভেতর হাওড়া কর্পোরেশনে কোনও রকম অডিট হয়নি। হাওড়ার জলে ব্যাপারটা আমরা আপনার নজরে এনেছিলাম। মাননীয় পৌরমন্ত্রী, আপনি নিজেই ও-ব্যাপারে ক্ষুব্ধ ছিলেন। হাওড়ার মানুষদের জলের প্রয়োজন আছে, সেটা আপনি বোধ করেছিলেন, তারা যে কষ্টের মধ্যে আছে তা আপনি স্বীকার করেছিলেন। আপনি নিজে ফিনান্স মিনিস্টারকে নিয়ে হাওড়া ওয়াটার ওয়ার্কস-এ গিয়েছিলেন। আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন—ওয়াটার ওয়ার্কস-এর উন্নতি করা হবে। সেখানে আপনি ২ কোটি ১১ লক্ষ টাকা মঞ্জুর করেছিলেন। অ্যালাম-এর জন্য সেটা ইয়ারমার্ক করা ছিল। কিন্তু হাওড়া ওয়াটার ওয়ার্কস-এর ক্ষেত্রে তারপর আমরা কি দেখলাম।

[1-10 — 1-20 p.m.]

আমরা এই ব্যাপারে আপনার নজরে এনেছিলাম, কিন্তু আপনি তার জবাব দিতে পারেননি। হাওড়া জেলার কোনও উন্নতি হল না হাওড়া জেলার মানুষ জল পেল না। সেই টাকা কোথায় গেল? বারবার বলা সত্ত্বেও আজ পর্যন্ত জানতে পারলাম না কত টাকা হাওড়া

কর্পোরেশন খরচ করেছে। হাওড়া শহরকে ডিলিমিটেশন করেছেন। কিন্তু অবস্থাটা কি হয়েছে? হাওড়ার মানুষকে এই কর্পোরেশনের জন্য বেশি করে ট্যাক্স দিতে হচ্ছে। যেসব এরিয়া বাড়ানো হয়েছে সেইসব এরিয়ার একটাও অ্যাড্রেস হয়নি, কোনও ঠিকানা নেই, আগে যেমন গ্রামের ঠিকানা ছিল, নামে চিঠি যেত, সেই ঠিকানাতেই চিঠি যাচ্ছে। সেখানকার মানুষ জল পাচ্ছে না, রাস্তাঘাটের সুখ-সুবিধা পাচ্ছে না অথচ ডিলিমিটেশন করে দিয়েছেন, ট্যাক্স বেড়ে গেল। হাওড়া কর্পোরেশনের রেভেনিউ বাড়ল কিন্তু সেখানকার মানুষেরা পরিষেবা পাচ্ছে না। সি. এম. ডি. এ. বহু জায়গায় রাস্তাঘাট করে দিয়েছে, কিন্তু হাওড়া কর্পোরেশন সেগুলি টেক-ওভার করছে না। গত ১৫/২০ বছরের ভিতর সেইসব রাস্তাগুলিতে আলো নেই, ঝাঁট পড়ে না। এই বিষয়ে এর আগে আপনার নজরে এনেছিলাম। আপনি বলেছিলেন এগুলি করব। আমরা আপনাকে মাস্টার প্ল্যানের কথা বলেছি। এর আগে কাগজে দেখেছি, আপনি বলেছেন মাস্টার প্ল্যান করবেন বলে শুনেছি। কিন্তু হাওড়া শহর এত কনজেসটেড নতুন করে কিছু করা যাবে না। আপনি ডিলিমিটেশন করেছেন কিন্তু তার বাইরে যে সমস্ত জায়গা আছে, প্ল্যান-প্রোগ্রাম করে সেগুলি যদি ডেভেলপ না করেন, মাস্টার প্ল্যান যদি না করেন তাহলে আর কোনওদিনও হবে না। গত ৫/৭ বছর ধরে যে সমস্ত ফাঁকা মাঠ ছিল, যেখানে আগে চাষবাস হতো দেখেছি, সেখানে এখন যত্রতত্র বাড়ি উঠে যাচ্ছে। এখন সেখানে ছোট-ছোট বাড়ি হচ্ছে আর তার চারধারে মাঠঘাট। ৪/৫ ফুট রাস্তা করে সব বাড়ি করে ফেলছে। ভবিষ্যতে আপনি কি করে করবেন? এখনই যদি মাস্টার প্ল্যান না করেন তাহলে ভবিষ্যতে আর করা যাবে না। আপনাকে ওয়াটার ওয়ার্কসের কথা বলেছিলাম। হাওড়াতে ২টি ওয়াটার ওয়ার্কস হবে। এরমধ্যে একটা ঘুষুড়িতে হওয়ার কথা ছিল। কিন্তু শুনতে পাচ্ছি, এখনও ঠিক করে উঠতে পারছেন না ঘুষুড়িতে হবে, না অন্য কোনও জায়গায় হবে। আপনি প্রবলেমের কথা বলেছিলেন। যে কোনও ভাবেই হোক এই প্রবলেম সলভ করতে হবে। আর কত দেরি লাগবে? তৃতীয় ওয়াটার ওয়ার্কস করার প্রয়োজনীয়তা এখনই আছে। আপনি হাওড়া কর্পোরেশনকে এতদূর পর্যন্ত মানে ডোমজুড় পর্যন্ত বিস্তৃত করেছেন, কিন্তু আজ পর্যন্ত থার্ড ওয়াটার ওয়ার্কস হল না। এখন থেকে যদি পরিকল্পনা না করেন তাহলে ঐ সুদূর অঞ্চলে—সাঁবরাইল এবং ডোমজুড় অঞ্চলে কবে জল পৌঁছাবেন? এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আপনি বলেছিলেন এগুলি দেখবেন। কিন্তু আজ পর্যন্ত কোনও কথা এই ব্যাপারে শুনতে পেলাম না, নতুন কিছু হয়নি। কোন বাইপাশ হচ্ছে বলে শুনতে পাচ্ছি। আপনি আমাদের সাহায্য চেয়েছিলেন। আমি এবং জটু লাহিড়ি মহাশয় আপনাকে সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছিলাম এবং সেই প্রতিশ্রুতি আমরা রেখেছি। আশা করি কিছুদিনের মধ্যে হবে। কিন্তু সেন্ট্রাল বাই পাশ—সেন্ট্রাল রাস্তাটি বেনারস রোড থেকে আপ-টু ব্রিজ, মন্দিরতলা পর্যন্ত যে রাস্তাটি আসবে—আপনি বলেছিলেন এই রাস্তাটি হবে—কিন্তু সেই রাস্তার সূচনা আমরা দেখতে পাচ্ছি না। সময় অল্প, তাই এই বিষয়গুলি আপনার নজরে আনলাম। যে কনস্ট্রাকটিভ এবং পজিটিভ কথাগুলি বললাম—আশা করব—এই বিধানসভায় তার জবাব দেবেন এবং প্রতিশ্রুতি দেবেন। এগুলি যদি হয় তাহলে সাধারণ মানুষ, কলকাতার মানুষ, হাওড়ার মানুষ এর ফলে উপকৃত হবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে এবং কাট-মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পৌরমন্ত্রী যে বাজেট এনেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের কাট-মোশনগুলিকে সমর্থন করছি। স্যার, প্রতি বছরই বাজেট বিবৃতিতে উনি নতুন নতুন কথা বলেন। আর উনি যে পৌর ব্যবস্থার আমুল পরিবর্তন এনেছেন তা খবরের কাগজ খুললেই দেখতে পাওয়া যায় যে অমুক রাস্তা ভাঙা। এখানে মেনশন আওয়ারকে বিরোধী এবং সরকার পক্ষের বিধায়করা বলেছেন রাস্তাঘাটের কথা, আলোর অবস্থার কথা। এর থেকেই প্রমাণ হয়ে যায় কর্পোরেশনগুলির কি অবস্থা? কাগজে দেখলাম যে কয়েকটি পৌরসভায় বিদ্যুতের লাইন কেটে দেওয়া হয়েছে। তার কারণ, বিদ্যুতের বিলের টাকা তারা জমা দিতে পারেন নি। বিদ্যুতের লাইন কেটে দেওয়ার ফলে পৌরসভা পরিচালিত হাসপাতালগুলিতে লাইন নেই, পৌরসভার পাম্পগুলি দিয়ে জল তোলা যাচ্ছে না—এইসব ঘটনা ঘটছে। পৌরসভাগুলির স্বাস্থ্য ভাল হলে কি এইসব ঘটনা ঘটে। কংগ্রেস পরিচালিত পৌরবোর্ড যেখানে যেখানে আছে আমরা দেখছি সেখানে সুপরিকল্পিতভাবে পৌর দপ্তর এবং পৌর মন্ত্রী তাদের বঞ্চনা করে চলেছেন এবং নানানভাবে তাদের হেনস্থা করার চেষ্টা করছেন। পাশাপাশি হাওড়া কর্পোরেশনের ঘটনা দেখুন। কয়েকদিন আগে সি. ই. এস. সি. ২৭ কোটি টাকা পাওনা থাকার জন্য কর্পোরেশন বিল্ডিং-এর লাইন কেটে দেয়। যেহেতু এটা সি. পি. এম. পরিচালিত পৌরবোর্ড—হাওড়া কর্পোরেশন সি. পি. এম. পরিচালিত বোর্ড—সেইহেতু তাদের ইলেকট্রিক লাইন আবার জুড়ে দেওয়া হল। সেখানে কর্পোরেশনের গাড়ি গিয়ে সি. ই. এস. সি'র রাস্তায় যেখানে যেখানে কাজ হচ্ছিল সেখান থেকে তাদের মালপত্র তুলে নিয়ে এলো এবং তাদের জল সরবরাহ বন্ধ করে দিল। হাওড়া কর্পোরেশনের টাকা বাকি থাকার জন্য তাদের লাইন কেটে দেওয়া সত্ত্বেও সেখানে দেখা গেল বিদ্যুতের লাইন আবার চলে এলো। উল্টোদিকে কংগ্রেস পরিচালিত পৌরবোর্ডগুলিতে যেখানে বিদ্যুতের লাইন কেটে দেওয়া হয়েছে সেখানে বিদ্যুতের সংযোগ দেওয়া হচ্ছে না। এই যদি অবস্থা হয় তাহলে পৌর সংস্থাগুলির স্বাস্থ্য ভাল হবে কি করে? মাননীয় পৌরমন্ত্রী নিজেই অনেকগুলি কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত উন্নয়ন প্রকল্পের কথা বলেছেন। আমার নিজের ধারণা, কেন্দ্রীয় সাহায্য যদি বন্ধ হয়ে যায় তাহলে সমস্ত পৌর সংস্থার সমস্ত উন্নয়নমূলক কাজই বন্ধ হয়ে যাবে। পৌরমন্ত্রী এখানে বলেছেন যে ১০ম অর্থ কমিশন টাকা দিয়েছে, মেগাসিটি প্রকল্পে কেন্দ্র টাকা দিয়েছে, স্বল্প মূল্যের স্বাস্থ্য সমস্ত শৌচাগার নির্মাণ (আই. এস. সি. এস) তাতে কেন্দ্র টাকা দিয়েছে, নেহেরু রোজগার যোজনা এই. আর. ওয়াই) তাতে কেন্দ্র টাকা দিচ্ছে, দরিদ্রদের জন্য মৌল নাগরিক পরিষেবা—(ইউ. বি. এস. সি.) তাতে কেন্দ্র টাকা দিচ্ছে, প্রধানমন্ত্রীর নিবিড় নগর দারিদ্র্য দূরীকরণ প্রকল্পে কেন্দ্র টাকা দিচ্ছে, জাতীয় বস্তি উন্নয়ন প্রকল্পে কেন্দ্র টাকা দিচ্ছে। অর্থাৎ দেখা যাচ্ছে যে রাজ্য সরকারের কোনও দায়দায়িত্ব নেই। একটা অচল পৌর ব্যবস্থা পশ্চিমবঙ্গে চলছে। কেন্দ্র যদি উন্নয়ন প্রকল্পে টাকা দেওয়া বন্ধ করে দেয় তাহলে সমস্ত পৌর ব্যবস্থাই এখানে বিপর্যস্ত হয়ে যাবে, পৌরসংস্থাগুলি পঙ্গু হয়ে যাবে। পৌরসভাগুলির এমনিতেই নিজস্ব রোজগার ক্রমশঃ সীমিত হয়ে যাচ্ছে। স্যার, এরা একদিকে বলেন রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে। অপরদিকে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের পৌর সংস্থাগুলির সমস্ত ক্ষমতা আজ রাইটার্স বিল্ডিং-এর কুক্ষিগত হয়ে যাচ্ছে। এখানে বসে এরা সংখ্যা গরিষ্ঠতার জোরে একটার পর একটা আইন পাস করেছেন এবং নানানভাবে পৌরসভাগুলির কাজে প্রতিবন্ধকতার সৃষ্টি করছেন। এরা স্যার, তৃণমূল স্তরে ক্ষমতা দেবার কথা বলেন। এখন একটা গালভরা কথা শোনা যায়—ওয়ার্ড কমিটি।

[1-20 — 1-30 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে ওয়ার্ক কমিটির কাজ কি? শুধু কি দলীয় স্বার্থ রক্ষা করার জন্য এই ওয়ার্ক কমিটি তৈরি করছেন? আপনি ওয়ার্ক কমিটি তৈরি করছেন, আবার ৪।৫টি নাগরিক কমিটি করে দিচ্ছেন কিন্তু তাদের কাজ করার কোনও ক্ষমতা নেই। যেখানে কংগ্রেসের কমিটি থাকবে সেখানে প্রতিবন্ধকতা সৃষ্টি করার জন্য ওয়ার্ক কমিটির নামে নাগরিক কমিটি করছেন, তাদের উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে কোনও ক্ষমতা দিচ্ছেন না। আজকে পৌর সংস্থাগুলি নিজস্ব রোজগারের পথ যদি না বাড়ানো যায় তাহলে শুধু কেন্দ্রীয় সাহায্য এবং রাজ্যের ভরতুকি দিয়ে আপনি কিভাবে উন্নয়নের কাজ করবেন? একটু আগে আমাদের একজন মাননীয় সদস্য বলেছেন যে, কলকাতার রাস্তাঘাটের অবস্থা খুব ভাল। আপনি যদি যে কোন মফস্বল শহরে যান, সেখানকার অবস্থা দেখেন, তাহলে অবস্থাটা আপনি বুঝতে পারবেন। তারপরে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বাজেট বক্তৃতায় কোণা এক্সপ্রেসের কথা বলেছেন। কোণা এক্সপ্রেসে আর কতদিন লাগবে? কোণা এক্সপ্রেসের জন্য ১৯৭৬ সালে জমি অধিগ্রহণ করেছেন অ্যাক্ট ২-তে। এখন এ্যাক্ট ২ উঠে গেছে। ১৯১৭ সালে আপনি তাদের উচ্ছেদ করে জমি দখল নিচ্ছেন, ২১ বছর বাদে আপনি দখল নিচ্ছেন। আপনি ১৯৭৬ সালে জমি দখল করেছেন, আর ১৯৯৭ সালে সেই মানুষগুলিকে উচ্ছেদ করছেন। সেই মানুষগুলি কোথায় যাবে? আপনাদের প্রতি বছর নিয়ম পাল্টাচ্ছে। আগে এইচ. আর. বি. সি., এইচ. আই. টি যাদের উচ্ছেদ করত তাদের কোয়াটার দিত। আপনারা সেটাও তুলে দিলেন। আপনারা তাদের কাছ থেকে জোর করে জমি কেড়ে নিচ্ছেন। এই বাস্তুচ্যুত মানুষগুলি, গৃহচ্যুত মানুষগুলিকে আপনারা এক কাঠা করে জমি দিচ্ছেন। আপনি যে আইন করেছেন তাতে এক কাঠা জমিতে বিল্ডিং স্যাংশন করা যায় কিনা সেটা আপনি বলবেন? আপনারা নিজেরাই আইন ভাঙছেন। তাদের কোনরকম স্যাংশন না নিয়ে সেই এক কাঠা জায়গায় যত্রতত্র চাঁছাবেড়া দিয়ে, বস্তার বেড়া দিয়ে ঘর করে সেখানে থাকতে বাধ্য করছেন। এইরকম একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে। আপনি কোণা এক্সপ্রেসের জন্য তাদের জমি, আবার সেই সঙ্গে তাদের বঞ্চনা করছেন। সেই মানুষগুলি আর সেখানে থাকতে পারবেন না। ঐ জমিগুলি বড়লোক, প্রোমোটাররা কিনে নেবে এবং তাদের গ্রামে ভিতরের দিকে চলে যেতে হবে। এইরবম একটা অবস্থা আপনি করেছেন। আজকে ট্যাক্স আদায়ের ক্ষেত্রে আপনি কি অবস্থা করেছেন? মিউটেশনের ক্ষেত্রে আমরা দেখছি যে, হাওড়া কর্পোরেশনে স্পেশ্যাল অফিসার হিসাবে রিটায়ারর্ড মানুষগুলিকে নিয়ে এসে একটা টাকার কনট্রাক্ট দিয়ে সেখানে বসিয়ে দিয়েছেন। তারা যা খুশি টাকা আদায় করছে। আপনি মিউটেশনের ক্ষেত্রে এত জটিল আইন করেছেন, যার ফলে সাধারণ মানুষ মিউটেশনের দিকে যাচ্ছে না, এমন কি মিউটেশনের ফর্মও ফিলআপ হচ্ছে না। আজকে গরিব, সাধারণ মানুষ যাতে বাড়ি করতে না পারে সেই ব্যবস্থা করছেন। আপনারা নতুন নতুন আইন এনে এই সমস্ত মানুষকে বঞ্চিত করছেন, অপরদিকে প্রোমোটারদের সুযোগ করে দিচ্ছেন। প্রোমোটাররা বাড়ি করবে, সেই বাড়ির ফ্লাটগুলি সাধারণ মানুষকে কিনতে আপনারা বাধ্য করাচ্ছেন। আপনাকে বলতে হবে যে, পৌর সংস্থাগুলির নিজস্ব আয়—সেটা মিউটেশনের মাধ্যমেই হোক, আর বিল্ডিং প্ল্যান স্যাংশনের মাধ্যমেই হোক—কত আসছে? এখানেই বক্তব্য শেষ করছি।

**Shri Md. Yaqoob** (Urdu) : Hon'ble Dy. Speaker Sir !

فانوس بن کے جس کی حفاظت ہوا کرے
وہ شمع کیا بجھے جسے روشن خدا کرے

ہمارے Municipal Affairs Minister-In-Charge نے بیان جو demand پیش کیا ہے اس کی حمایت کرتے ہوئے اور ہمارے مخالف فاضل دوستوں کی شکایتوں کا جواب دیتے ہوئے دو چار باتیں ہم آپ کے ذریعہ ہمارے Minister-in-Charge کی نظر میں لانا چاہتے ہیں۔

سب سے پہلی بات تو یہ ہے کہ شہر کلکتہ میں پانی کا جو انتظام ہے وہ معقول نہیں ہو پا رہا ہے کیونکہ Average ہر شخص کے لئے 50 gallon پانی کی ضرورت ہے۔ لیکن فی الحال شہر کلکتہ کے جو حالات ہیں ان کو مد نظر رکھتے ہوئے اس پر غور کرنا چاہئے خاص طور پر South Calcutta — گارڈن ریچ، بہالا وغیرہ جو South Calcutta کے پورشن میں ہے وہاں پانی کی بہت زیادہ تکلیف اور لوگوں کو پریشانی ہے۔

گارڈن ریچ میں Water Works کے ذریعہ جو 70 million gallon پانی دینے کا سوال تھا وہاں ۴۰ سے زیادہ نہیں ہو پا رہا ہے۔ فی الحال C.M.D.A کے ذریعہ گارڈن ریچ میں ہی ایک اور Water Works کا انتظام کیا جا رہا ہے تاکہ یہ پانی کی ضرورت کو پورا کر سکے لیکن ہم Minister کی نظر میں یہ لانا چاہتے ہیں کہ C.M.D.A کے ذریعہ جہاں ۷۰ ملین گیلن پانی دینے کی بات تھی وہاں وہ ۴۰ ملین گیلن کیوں دے گا۔ اس میں کیا خرابی ہے اور South Cal. کے لوگوں کو پانی کی پریشانی کا کیوں سامنا کرنا پڑے گا اس پر انکو غور کرنا چاہئے .....۲

[19 June, 1997]

[1-30 — 1-40 p.m.]

گزشتہ پانچ برسوں سے ہم نے اسی ہاؤس میں یہ مطالبہ کیا ہے کہ C.MD A کے ذریعے یہ کام نہیں ہو سکتا۔
کلکتہ کارپوریشن کے ماہر و تجربہ کار انجینئر ہیں۔ گارڈن ریچ واٹر سپلائی کی Gardenreach
جو C.MD A کے تحت ہے، Calcutta Municipal Corpn. کو (Water Supply
Cal. Corporation water کو ذمہ داری میں دیدیا جائے کیونکہ water works
Supply کے انجینئر CMDA کے انجینئر سے کوئی کمپیٹنٹ طلب نہیں کر سکتے ہیں۔
وہ اپنے من مانا کام کیا کرتے ہیں۔ اس کے علاوہ CMDA میں کوئی تجربہ کار انجینئر
بھی نہیں ہے۔ لیکن ہم یہ فخر کے ساتھ کہہ سکتے ہیں کہ کلکتہ کارپوریشن میں تجربہ کار انجینئر
ہیں۔ اس لئے اسے ان کا Hand over کیا جائے۔ ہم یہ دعوے کے ساتھ
کہہ سکتے ہیں کہ اگر Minister یہ فیصلہ کریں اور اسے کارپوریشن کے hand over کر دیں
تو South Calcutta میں within six months پانی کا مسئلہ
نہیں رہے گا۔ دوسرا یہ کہ ٹالا سے ٹالا ہو کر جو آتا ہے water storage کا انتظام
ہے Auckland Place کے بعد South Calcutta میں کہیں انتظام نہیں ہے۔ اس پر
بھی غور کرنا چاہئے۔ South Calcutta کے لوگوں کو آج پانی کی ضرورت ہے۔ وہ
چاہے جادوپور ہو، چاہے وہ ٹالی گنج ہو، چاہے وہ بالی گنج ہو اس پر غور کرنے
کے لئے ہم ان سے اپیل کریں گے۔ دوسرا ہے Drainage system کے سو سال پرانی
تاریخ ہے شہر کلکتہ میں۔ جو brick sewer ہے، جو Pipe sewer ہے اور جو
Pumping Station چل رہا ہے، کہیں 30 cusec، کہیں 20 cusec پانی
مشین کھینچ کر پانی نالہ سے کلٹی تک پہنچا رہی ہے، وہ سو سال پرانے ہیں۔ تمام
Pumping Stations چاہے وہ مومن پور پمپنگ اسٹیشن ہو، چاہے وہ بالی گنج پمپنگ
اسٹیشن ہو، یہ تمام Pumping Stations کی مشینوں میں خرابی آچکی ہے وہ اور نہیں
چل سکتی۔ کلکتہ شہر کو بارش کے وقت ڈوبنے سے بچانے کے لئے ہم M.I.C کو
کہیں گے اس پر گہرائی سے توجہ دیں کہ ان پر خیال کریں۔ ترقی ہو رہی ہے اس شہر کی
صرف کلکتہ کی نہیں بلکہ بنگال کے آسنسول میونسپل کارپوریشن، سلی گوڑی میونسپل
کارپوریشن ہر جگہ ترقی ہو رہی ہے۔ کام چل رہا ہے لیکن غور اور بھی کرنا چاہئے۔
خاص کر کے شہر کلکتہ میں اس پر غور کرنا چاہئے۔ مومن پور پمپنگ اسٹیشن کی حالت
بالکل خراب ہے جس کا گزشتہ چار سال سے ہم بار بار ذکر کر رہے ہیں کہ کم سے کم ... (۲۳)

... Water treatment plant کے ذریعہ ٹالی نالہ جہاں Ganga Action
Plan کا انتظام کیا جا رہا ہے وہاں کوئی انتظام ہو سکتا ہے یا نہیں - اگر ایسا نہیں کیا گیا
تو آئندہ تین چار سال کے اندر ہم یہ ہوشیاری دینا چاہتے ہیں کہ کلکتہ ڈاک اور پورٹ
خضر پور، علی پور اور ہیسٹنگز گارڈن ریچ علاقے کا پانی نہیں نکلے گا - سرکلر پانی
لگا ہوا رہے گا تو ظاہر بات ہے ہم یہ کہنا چاہتے ہیں کہ موسم کو رستہ Pumping Station
کے جو مسائل ہیں جو Problems ہیں ان پر غور و خوض کریں - ساتھ ساتھ ہم یہ بھی
کہیں گے کہ North 24-parganas کے شہر بارا سات کی آبادی بڑھ رہی ہے - شہر میں
لوگ جٹ رہے ہیں اسلئے یہاں جو کھلی نالیاں ہیں جو نکاسی میں ان کو پکا کرنے کا
انتظام ہونا چاہئے - بارا سات میونسپلٹی کو جو سالانہ روپئے اخراجات کے لئے
دیئے جاتے ہیں انہیں اور زیادہ بڑھا دینا چاہئے - ساتھ ساتھ ہم یہ بھی کہنا چاہیں گے
یہ تجویز رکھنا چاہیں گے ان کے سامنے کہ دمدم، مدھیم گرام اور بارا سات شہروں کو لیکر
وہاں ایک میونسپل کارپوریشن قائم کرنے کے بارے میں وہ غور کریں اسلئے کہ
بارا سات، دمدم اور مدھیم گرام کلکتہ شہر کے پڑوسی ہیں جہاں کے راجر ہاٹ
میں نیا سیٹی ہونے جا رہا ہے - شہر ہوتے جا رہا ہے - ساتھ ساتھ ہم یہ بھی کہیں گے
بن گاؤں کا علاقہ بہت زیادہ congested ہے - بہت زیادہ ٹرافک جام ہوتا
وہاں بن گاؤں میونسپلٹی کے ذریعہ جیسے easily movement ہو اس کے بارے
بھی آپ غور کریں - ساتھ ساتھ ہم یہ بھی کہیں گے کہ کلکتہ شہر جو پہلے سے بہت ترقی
کر رہا ہے، بڑے پراجیکٹ ہو رہے ہیں سب کچھ ہو رہا ہے لیکن گاڑی کرنے
کا کوئی انتظام نہیں اس کا بھی انتظام کیجئے - کلکتہ شہر کی سڑکوں پر آپ رفتار
لانا چاہتے ہیں لیکن آج آپ دیکھئے شہر کے تمام ضرورت مند راستوں پر کیسے پارکنگ
ہو رہی ہے - اس پر بھی آپ کو غور کرنا چاہئے - یہی باتیں کہہ کر جو Demand
ہے اسکی حمایت کرتے ہوئے ہم اپنی باتیں ختم کرتے ہیں - شکریہ!

[1-40 — 2-10 p.m.](Including Adjournment)

**श्री शान्ता छेत्रि :**

आदरणीय Deputy Speaker साहेब,

आज को बजट को डिमाण्ड २६, ३१ र ६० की सन्दर्भ मा दुई चार शब्द राखन चधन्हु यस हाउस मा साथै आस मेरो बजट speech आपनो मातृभाषा साथै कतिपय मुख्य point हरु म इंगलिश मा राखन चहान्दु। अब यै हाम्रो माननीय मंत्री बाहेक अरु आदरणीय सदस्य हरु लाई बुहुत मा कठिन पर्न साला र विशेष म यस हाउसमा अनुरोध गर्न चहान्दु को मैले सुन आपना मातृ भापा मा बोली रहेकी दु र अवश्य भलाई चाहा दु यस भाषा को इन्टरप्रिटर अनुपस्थित रहेको हु र आउँदो दिनमा निशचय नै translatar या इन्टरप्रिटर राखी हिने म यस हाउसमा नम्र निवेदन कराँउहदु।

विशेप, माननीय मंत्री, Darjeeling पहाड़ी इलाका का भार प्राप्त मंत्री हुनु हुन्द र वहाँ लाई पहाड़ को प्रत्येक समस्या विषय मा मैले अवगत गराई रहनु पहैर्नु। जे भएता पनी आजको बजट सम्पर्क मा मैले चारै नगरपालीका-Kurscong, Mirik, Darjeeling, Kalinpong नगरपालिका को समस्या हरु राखनै पर्ह। मलई पुर्ण विशवास हु, मलई पुर्ण आशा हु की हाम्रा माननीय मंत्री महोदय ले पहाड़ को रीत लाई निश्चय जै ध्यान दिनु हुने हु। मैले गत वर्ष पनी भनेकी थिए कि development को कुनै वात हुँहैन, कुनै party हुँहैन र कुनै धर्म हुँहैन र यस विषय लाई निश्चय नै वहाँ ले मनन र चिन्तन गरी निस्वार्थ भावना ले पहाड़ को विकास मा ध्यान दिनु हुन्द गन्ने म पुर्ण आशा एवं विश्वास राखहुद। सर्वप्रथम म यहाँ लाई एक गुरत्वपूर्ण विषय मा अवगत गराउँन यहान्दु व्यो के हो गने गर्खरै Gangtok मा वुला वुला गवन अट्टालिका हरु landslide ले धस्य गयो, कारण व्यहाँ को उचीत building निर्माण रुल्य को अगाव्मा गनौ या अन्य गगौलिक कारण हरु ले पनी हुन सवद र यस्तो स्थिती विशेष Darjeeling शहर साथै Mirik र Kurscong मा पनी, Kurscong को नगरपालीका क्षेत्र मा पानी हुने संभावना रहेको दु र मंत्री महोदय लाई यो सुचित गर्न यहान्दु की ब्रिटिश ले सोयेर सुरक्षित ठाउँमा या सगहमा मात्र भवन र घर निमार्ण गरेका थिए भन्ने मुभमा आउको दु। र त्यस तापमा जुन भवनहरु त्यारी भएको थियो त्यो सबै माटो हरु Darjeeling को Toongsooag को डाडाँमा प्याकेको थियो र आत्त यहाँ Darjeeling को Toongsoong या वर्षा च्यास उम्रेको सस्तै Building हरु, भवन

हरु निर्माण भई रहको दु र यस विष्यमा हाम्रो मंत्री महोदय लाई मा विशेष दृष्टि आकर्षण गरी दिने अनुरोध अनी नम्र निवेदन कराउँहदु।

Topography and nature of soil of the hills are quite different from those of the plans. Hence rules regarding construction of building cannot be the same for two places. Hence in the hill areas, the rules need modification. Buildings must not be allowed to exceed 30 ft. in height. This measure will also help to preserve the beauty of the Bills. People are going for flat-roofed buildings. This type of roofing is at variance with the climate of hills. The present rules should incorporate a clause which will make sloped roofing mandatory in case of building to be constructed in the hills in future. Sir, I would like to draw the attention of the Hon'ble Minister to another fact i.e. clogging of sewerage and drainage system in the hills. The Government has recently shown a great concern in respect of them also. However, it has given its thought to the bills. Swerage and drainage system in the bills is of the old British period. As yet the Government has not evolved any new scheme to work. I request the Hon'ble Minister to take up the matter seriously for cleaning the clogged sewerage and drainage and construct new ones sufficient to meet the need of the increasing population.

Sir, I would like to draw the special attenticn to our Hon'ble Minister regarding deforestation of the bills. As a result deforestation catchment areas and sources of water in the hills are drying up. Scarcity of water has become acute due to the rise in population and the growth of many new hotels in view of the heavy influx of seasoners and tourists. This problem should receive Government's immediate attention and a special funds should be provided to the bill Municipalities for afforestation and exploration of new and more sources of water. The Munuicipalities alone cannot tackle the problems. The Government should also come forward to their assistance by drawing up new schemes and implementing them. Sir, I would also like to request the Hon'ble Minister that population basis funds are given to the Municipalities. This criteria cannot be applied in the case of the bills. This is because of its geography, topography, scattered population, problems of transport and communication etc. Hence the existing formula should be done away with that the Municipalities in the hill areas should be provided with funds need basis. I conclude by saying that the development of the bills depends the prosperity of the plains and the progress of the plains depends the well beings of the bills.

**শ্রী জ্যোতি চৌধুরি** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী যে পৌর ·বরাদ্দ

অনুমোদনের জন্য পেশ করেছেন, তার আমি তীব্র বিরোধিতা করছি। মন্ত্রী বলেছেন পৌরসভাতে প্রাণের স্পন্দন জেগেছে। কিন্তু বাস্তবের সঙ্গে এর মিল নেই। পৌরসভাগুলির প্রতিবন্ধী দশা, রুগ্ন কারখানার মত পড়ে আছে। মন্ত্রী বলেছেন পৌরসভার সঙ্গে জনসাধারনের যোগাযোগ নিবিড় হয়েছে। এতেও মন্ত্রীর কথার সঙ্গে বাস্তবতার কোনও মিল নেই। পৌর এলাকা বাড়ছে, জনসংখ্যা বাড়ছে, পরিষেবা যেহেতু বেড়েছে, তাই আমরা দেখছি বাস্তবে প্রায় স্বাচ্ছন্দ্য কমেছে। তাই পৌর কর্মচারিদের সঙ্গে সাধারণ মানুষের যোগাযোগ কমে যাচ্ছে, তারা যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছেন। যার ফলে পৌর করও কমে যাচ্ছে। পৌর কর্মচারিদের জন্য যে মাহিনা দিতে হয়, তাতে প্রচুর ব্যয় হয়। ডি. এ. বাবদ রাজ্য সরকারকে ৮০ শতাংশ টাকা দিতে হয় এবং প্রতি নিয়ত ডি. এ. বাড়ছে, তার চাপও পৌরসভার উপর পড়ছে। মূল যে বেতন কাঠামো তার সবটাই পৌরসভাকে দিতে হচ্ছে এবং মাঝে মাঝে ডি. এ.-র একটা বড় অংশ মূল বেতনের সঙ্গে যেটা রচিত করে যাচ্ছে তার ফলে হাউস রেন্ট এবং রেট অফ দি ইনক্রিমেন্ট এটাও বাড়ছে, তার ফলে পৌরসভার উপর আর্থিক চাপ ব্যাপকভাবে পড়ছে। কিন্তু আয় বা ডেভেলপমেন্ট ছাড়া রাজ্য সরকার পৌরসভাকে কোনও টাকা দিচ্ছে না।

[2-10 — 2-20 p.m.]

অথচ পৌরসভার যে দৈনন্দিন খরচ, যেমন জলসরবরাহ করা, রাস্তায় আলোর ব্যবস্থা করা, অ্যাম্বুলেন্সের খরচ বহন করা, বৈদ্যুতিক চুল্লির খরচ বহন করা এইসব করতে হয় এবং দেখা যায় তাতে এক কোটি টাকা খরচ হয়। অথচ তা থেকে পৌরসভার আদায় ২০ শতাংশও হয় না। পৌরসভার আরেকটা দুর্বলতা হচ্ছে পৌরসভার কর আদায়। এটা খুবই হতাশাব্যঞ্জক এবং এর জন্য রাজ্য সরকারের আরও কঠোর আইন করা দরকার। আপনি জানেন পৌর এলাকায় যেসব কলকারখানা আছে তারা সহজে কর দিতে চান না। তাদের থেকে কর আদায় করা খুবই কঠিন ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তার সঙ্গে শ্রমিক স্বার্থও অনেকাংশে যুক্ত থাকে। কর আদায় করার যে পদ্ধতি আছে, সেই ডিসট্রেস ওয়ারেন্ট করতে গেলে বহু ক্ষেত্রেই পুলিশের সাহায্য পাওয়া যায় না এবং সবচেয়ে বড় কথা হচ্ছে ডিসট্রেস ওয়ারেন্ট যাদের বিরুদ্ধে করতে হয় সেই বড় ডিফলটার হচ্ছে রাজ্য সরকার। মাননীয় পুলিশমন্ত্রী বলুন, রাজ্য সরকারের বিরুদ্ধে ডিসট্রেস ওয়ারেন্ট ইস্যু হলে পুলিশের সাহায্য পাওয়া যাবে তাহলেই ডিসট্রেস ওয়ারেন্ট ইস্যু হবে। আমরা দেখেছি কোনওভাবেই পুলিশের সাহায্য পাওয়া যায় না। পৌর কর ঠিক করার জন্য আপনারা সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড করেছেন, কিন্তু সেই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কোনও পরিকাঠামো নেই কর ঠিক করে দেওয়ার। পৌর কর্মচারিদের ডাটা কালেকশান করে দিতে হচ্ছে এবং তার ভিত্তিতেই সেই ট্যাক্স ঠিক করা হচ্ছে। যারা ডাটা কালেকশান করছে তারা সব আন-ট্রেইন্ড। এখানে ট্যাক্স কাঠামো কিভাবে সায়েন্টিফিক হবে আমি জানি না। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব, সত্যিই যদি পৌরসভাগুলোতে প্রাণের সঞ্চার ফিরিয়ে আনতে হয়, তাহলে পঞ্চায়েতে সরকার যেমন বেতনের দায়-দায়িত্ব গ্রহণ করেছে, তেমনি পৌরসভার ক্ষেত্রেও সরকারকে পুরো দায়িত্ব নিতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, পৌর এলাকাতে বে-আইনি বাড়ি ভাঙ্গার ব্যাপারে তিনি আইন তৈরি করেছেন। কিন্তু কোন ক্ষেত্রেই পুলিশের সাহায্য পাওয়া যায় না এবং কোনও ক্ষেত্রেই কোনও পৌরসভার সেই পরিকাঠামো নেই। একদিকে আপনি

বাড়ি ভাঙ্গার জন্য আইন তৈরি করছেন, অন্যদিকে কলকাতা কর্পোরেশনের মেয়র পরিষদের একজন সি. পি. এম নেতার বাড়ির বে-আইনি প্ল্যান স্যাংশন করে দেওয়া হচ্ছে। দশ হাজার স্কোয়ার ফুট এরিয়ার ৭৯১ স্কোয়ার ফুটের প্ল্যান দেখানো হয়েছে এবং ২৮৯ স্কোয়ার ফুটে ওপেন স্পেস দেখানো হয়েছে। এখানে সংখ্যা ভুল দেখানো হয়েছে। কারচুপি করে প্ল্যানটা পাস করানো হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন নগরোন্নয়নের কথা। এদিকে আমরা দেখতে পাচ্ছি কলকাতায় অল্প বৃষ্টি হলেই ভেসে যাচ্ছে, কলকাতা কল্লোলিনী তিলোত্তমা হয়ে যাচ্ছে। জলের জন্য সাধারণ মানুষের হাহাকার বাড়ছে। তারপর যেটুকু জল পাওয়া যাচ্ছে তাও আবার আর্সেনিকে ভর্তি। সুষ্ঠ পানীয় জলের কোন ব্যবস্থা নেই। একজন ভূ-বিজ্ঞানি তিমিরবরণ হোড় গবেষণা করে দেখেছেন কলকাতা শহরে যে পেট্রোল পাম্পগুলো আছে তার তেল মাটির তলায় জলের সঙ্গে চুঁইয়ে চুঁইয়ে মিশে যাচ্ছে ক্যানসারের উপাদান তৈরি হচ্ছে।

রাজ্য সরকার কলকাতা শহরকে অনেক বাড়িয়েছেন। পার্শ্ববর্তী এলাকা থেকে টাউন অ্যাণ্ড কানট্রি অ্যাক্ট অনুযায়ী নতুন এলাকা শহরের মধ্যে এনেছেন কিন্তু তার জন্য যে আউট লাইন ডেভলপমেন্ট প্ল্যান করতে হয় এতদিন পর্যন্ত করেন নি। আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যান করেননি তাই নয় ৬ মাসের মধ্যে পাবলিক হিয়ারিং দরকার তাও করেননি। এই করে এলাকা বাড়িয়েছেন। অথচ সেখানে বহুতল বাড়ি হচ্ছে, তারা জল পাচ্ছেন না, জল-নিকাশি ব্যবস্থা নেই। অথচ পুর উন্নয়ন, নগর উন্নয়ন হচ্ছে কিভাবে বুঝতে পারছি না। এতে সরকারের কোনও আয় বাড়ে না, বিশেষ একটি দলের ক্যাডারদের আয় বাড়ে। আপনারা জানেন কিভাবে বে-আইনি বাড়ি হচ্ছে, বহুতল বাড়ি হচ্ছে। বহুতল বাড়ি, জমির কারবার করে ক্যাডাররা ফুলে ফেঁপে উঠছে। ইস্টার্ন বাইপাসের ধারে যে জলাজমি, সেই জলা জমি জাতীয় জলাজমি বলে স্বীকৃত হয়েছিল। সেই জমি ভরাট করে আজকে বে-আইনি বাড়ি হচ্ছে। মাননীয় পুলিশমন্ত্রী এই হাউসে বলেছিলেন যে এক ইঞ্চি জলাজমিও ভরাট হবে না কিন্তু সেই জমিও ভরাট হয়ে যাচ্ছে। এ নিয়ে সরকারের কোনও মাথাব্যথা নেই। সমস্ত রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ছেড়ে দিয়ে আসুন শহরের উন্নয়ন করুন, পৌরসভাগুলোতে প্রাণের স্পন্দন ফিরিয়ে আনুন।

**শ্রী নির্মলচন্দ্র দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, পৌর বিষয়ক মন্ত্রী শ্রী অশোক ভট্টাচার্য যে বাজেট উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করছি। আমরা সকলেই জানি যে আমাদের পৌরসভা, কর্পোরেশনগুলোতে যারা নাগরিক তাদের জন্য পুর কর্তব্য এবং দায়িত্ব সেটা সুস্পষ্টভাবে বলে দেওয়া হয়েছে। প্রথম হচ্ছে পরিশ্রুত পানীয় জল-এর গ্যারান্টি দেওয়া, দ্বিতীয় হচ্ছে ড্রেনেজ সিস্টেম। আমাদের যে নিকাশি ব্যবস্থা সেই নিকাশি ব্যবস্থার সুষ্ঠু ব্যবস্থা করা এবং যাতে নিকাশি ব্যবস্থার মধ্যে দিয়ে পুরজন, তাঁরা তাঁদের যে বাসস্থান সেখানে বসবাস করতে পারে। সেই ব্যবস্থা যেন সঠিক থাকে। তৃতীয়ত পরিষেবা নিশ্চিত করার গ্যারান্টি দেওয়া দরকার। তারপর হচ্ছে আলো। আলোর ব্যবস্থা করতে হবে। এই গ্যারান্টি দিয়ে নগর রাজ্য নাগরিক বিশেষ করে যারা পুর এলাকায় থাকেন। চতুর্থত শিক্ষা এবং স্বাস্থ্য। যদিও স্বাস্থ্যের ব্যাপারটা যদি ড্রেনেজ ভালো থাকে, মশার উপদ্রব হয় না, মজা জায়গা যেগুলো আছে সেগুলো হবে না প্লাস মানুষ চান ন্যুনতম শিক্ষা ব্যবস্থা। একটা সময়

ছিল যখন আমাদের দেশে বিশেষ করে আমাদের রাজ্যে পৌরসভা কর্পোরেশনগুলো ঠুঁটো জগন্নাথ হয়ে থাকত। তাদের বেশির ভাগ সময়ে নির্ভর করতে হত সরকারের উপর। আমার পূর্ববর্তী বন্ধু বললেন কেন্দ্রের সাহায্য যদি বন্ধ হয়ে যায় তাহলে রাজ্যের পঞ্চায়েত চলবে না, পৌরসভা চলবে না। আমি প্রখ্যাত তিনজন সাংসদের কথা বলব। যাঁদের মধ্যে দুজন এখন আর নেই। ডঃ মেঘনাদ সাহা, বিজ্ঞানী, এন. সি চট্টোপাধ্যায়—ব্যবহারজীবী, আরেকজন যিনি এখনও আছেন, ত্রিদিব চৌধুরি একজন মার্কসীয় পণ্ডিত এবং দার্শনিক। আমাদের ভারতবর্ষ, ভারতবর্ষ মানেই দিল্লি সেই দিল্লি কি করেছেন? ১শো টাকা নিচ্ছেন দিচ্ছেন কত ১৫ থেকে ১৭ পারসেন্ট।

[2-20 — 2-30 p.m.]

আপনারা সকলেই জানেন যে, মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লিতে বৈঠক করেছিলেন। সেখানে দরবারের পরে ২৯ পারসেন্ট এসেছে এক টাকায়। এক টাকা কোথা থেকে এসেছে? দিল্লি থেকে উৎপাদন হয় কি? উৎপাদন হয় ভারতবর্ষে। ভারতবর্ষের উপর ফোঁপরদারি করে দিল্লি। কিন্তু এখন তো আপনারা কেন্দ্রীয় সরকারে নেই? ঊর্ধ্ববাহু হয়ে নৃত্য করার কোনও কারণ নেই। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ বিধানচন্দ্র রায়ও পণ্ডিত জওহরলাল নেহেরুর সাথে লড়াই করেছিলেন, একটা হক পাওনার লড়াই। এতে দয়া-দাক্ষিণ্যের ব্যাপার নেই। এখানে যত কেন্দ্রীয় পরিকল্পনা—নেহেরু রোজগার যোজনা, ইন্দিরা আবাস যোজনা, এমন কি রাজীব গান্ধীর নামে বা তার সন্তান সন্ততির নামে হতে পারে, কিন্তু মূলত মনে রাখতে হবে যে, আমাদের দেশের যত কেন্দ্রীয় প্রকল্প—সেগুলি চলছে সাধারণ মানুষের পয়সায়, রাজ্যবাসীর পয়সায়, দিল্লির পয়সায় নয় এবং দিল্লির দয়ায় পশ্চিমবঙ্গের পৌর ব্যবস্থা চলছে, কর্পোরেশন চলছে, এটা বন্ধ হয়ে যাবে, এটা মনে করার কোনও কারণ নেই। বন্ধ করে দেখুন না? বন্ধ করে কি রেজাল্ট হয়, সেটা দেখবেন। যদিও আমরা ডিসেন্ট্রালাইজেশনের কথা বলি কিন্তু ভারতবর্ষ মানেই দিল্লি, পশ্চিমবঙ্গ মানেই কলকাতা এবং এদিকে উত্তরবঙ্গ মানেই শিলিগুড়ি যেন না হয়, সেটা দেখতে হবে। দিল্লি কিন্তু ভারতের গোদ, কলকাতা যেন পশ্চিমবঙ্গের গোদ, আবার শিলিগুড়ি যেন উত্তরবঙ্গের গোদ না হয়, সেটা দেখতে হবে। যে সমস্ত টাকা পৌরসভার ক্ষেত্রে বরাদ্দ হচ্ছে, সেগুলি যেন নিয়ম নীতি মেনেই বরাদ্দ করা হয়, সেগুলি দেখতে হবে। যে সমস্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে, সেগুলি যাতে সময়ের মধ্যে শেষ হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। প্রকল্প ঘোষণা করা হল যে, ওখানে একটা ড্রেনেজ সিস্টেম চালু করা হবে। প্রকল্প ঘোষণা করা হল যে, সুপার মার্কেট হবে। প্রকল্প ঘোষণা করা হল যে, জল প্রকল্প চালু হবে এবং সেখানে জলের ব্যবস্থা করা হবে। কিন্তু কবে এবং কতদিনে হবে সেটা নিশ্চিত করে দেওয়া দরকার। এই কলকাতায় যে মেগাসিটি প্রকল্প, সেটা হাজার হাজার কোটি টাকার প্রকল্প। আমরা লক্ষ্য করেছি যে, যে প্রকল্পগুলি গৃহীত হবে, যে প্রকল্পগুলি স্যাংশন হচ্ছে, সেগুলির পূর্ণ রূপায়ণ হচ্ছে না, সময়ের মধ্যে রূপায়ণ হচ্ছে না। এর ফলে মূল্যবৃদ্ধি হচ্ছে এবং প্রকল্পগুলি মার খাচ্ছে। আমি উত্তরবঙ্গের প্রতিনিধি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি যেন প্রকল্পগুলি সময়ের মধ্যে শেষ করার নিশ্চয়তা দেন। আমি বলতে চাইছি যে, কিছু কিছু জায়গায় নতুন নতুন শহর গড়ে উঠছে যেমন—জয়গা, বারভিসা। সেখানে পৌর এলাকা ঘোষণা করা দরকার। আমরা দেখেছি যে, বীরপাড়া থেকে কোটি কোটি

টাকা রেভিনিউ আসে। এই সমস্ত ব্যাপারে নজর দেওয়া দরকার। পঞ্চায়েত এলাকায় যেভাবে ভূমি-সংস্কার হচ্ছে, পৌর এলাকায় দেখা যাচ্ছে কোটি টাকার সম্পত্তি। ওখানে যদি ১৫ বিঘা ৩০ বিঘা, ৫০ বিঘা জমির মালিক হয়, তাহলে কেড়ে নিচ্ছে। কিন্তু এখানে যে কোটি কোটি টাকার সম্পত্তি লুণ্ঠন করছে বছরের পর বছর ধরে, মাসের পর মাস ধরে, সেটা দেখা দরকার। সেটাকে রিয়েলাইজ করা দরকার। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, উন্নয়ন যেন সর্বত্র সমানভাবে হয় এবং যারা মেগাসিটিতে থাকবে তাদের জন্য অনেক পরিষেবা থাকবে এবং যারা সাধারণ শহরাঞ্চলে থাকবে, তারা পরিষেবা থেকে বঞ্চিত হবে, এটা যেন না হয় সেদিকে লক্ষ্য রাখবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করব, রাজ্য সরকার যেভাবে এগোচ্ছেন, সেইভাবে তাঁরা এগোন। এই রাজ্যে এমন বহু শহর আছে যেখানে নদী বাঁধ ভেঙে যাচ্ছে, যে সমস্ত উন্নয়ন হচ্ছে সেই সমস্ত উন্নয়ন ধ্বংস হয়ে যাচ্ছে। আমার প্রস্তাব সেই সমস্ত জায়গায় পুর কর্তৃপক্ষ ডিপোজিট ওয়ার্ক করুন। যেমন—পদ্মা-গঙ্গা ভাঙনের ফলে যে সমস্ত শহর ধ্বংস হতে চলেছে সেই সব জায়গায় আপনারা ডিপোজিট ওয়ার্ক করুন। পরিষেবার গ্যারান্টি নিশ্চিত করার জন্য, মানুষের জীবনের গ্যারান্টি নিশ্চিত করার জন্য আপনার উদ্দেশ্যে আবেদন জানিয়ে এবং আবারও বাজেটে যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** অনারেবল ডেপুটি স্পিকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী বাজেটে যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন সেই ব্যয়-বরাদ্দের আমি বিরোধিতা করে কিছু বক্তব্য রাখছি। বাজেট বক্তৃতার শুরুতে মাননীয় মন্ত্রী বলেছেন, তৃণমূল স্তর থেকে গণতন্ত্রকে প্রসার করেছেন। কিন্তু আমরা লক্ষ্য করছি বামফ্রন্টের পরিচালিত পৌরসভাগুলোতে অধিক অর্থ দিয়ে তাদেরকে যেখানে মদত দিচ্ছে, সেই বামফ্রন্ট পরিচালিত পৌরসভাগুলো দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। জনগণকে সেখানে বিভিন্ন ভাবে শোষণ করা হচ্ছে এবং টাকা লুটের কারখানায় সেটাকে পরিণত করা হয়েছে। এটা আপনি ভাবুন। অন্য অন্য পৌরসভার কথা বাদ দিলাম। কিন্তু ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এক নম্বর বরো কমিটিকে ১৯৯৫ সালে ৩০ লক্ষর উপর টাকা দেওয়া হয়েছিল। কিন্তু সেই ৩০ লক্ষ টাকার কোনও কাজ হয়নি। কোনও রাস্তা তৈরি হয়নি, কোনও টিউবওয়েল বসানো হয়নি, কোনও পয়ঃপ্রণালী তৈরি হয়নি। এই ৩০ লক্ষর অধিক টাকা, এক নম্বর বরো কমিটি কন্ট্রাক্টরদের সঙ্গে আঁতাত করে সেখানে বিল সাবমিট করেছে। এই ভাবে ৩০ লক্ষ টাকা তারা কর্পোরেশনের তহবিল থেকে বের করে নিলেন। অথচ আজ পর্যন্ত এ ব্যাপারে কোনও তদন্ত হল না। এই ৩০ লক্ষ টাকা কলকাতা মহানগরীর মানুষদের সুখ-সুবিধার জন্য ব্যয় করার কথা ছিল। কিন্তু তাদের জন্য রাস্তাঘাট, জলের ব্যবস্থা ইত্যাদি কোনও কিছুই করা হয়নি। একটি কাগজে দেখলাম, যারা এই ৩০ লক্ষ টাকা আত্মসাৎ করেছে তাদের সম্পর্কে প্রশাসন নীরব, পৌরমন্ত্রী নীরব। এখনও পর্যন্ত জনগণ জানতে পারলেন না যে, এই ৩০ লক্ষ টাকা যারা আত্মসাৎ করল তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সরকার দুর্নীতিগ্রস্থ হয়ে পড়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা কর্পোরেশনে ১০ টাকার ট্রেড লাইসেন্স পেতে গেলে ৫০০-

১,০০০ টাকা সেখানে আলাদা ভাবে খরচা করতে হচ্ছে। কলকাতা কর্পোরেশন এলাকায় জঞ্জাল কর, জল কর ইত্যাদি কর সেখানে আলাদা আলাদা ভাবে দিতে হয়। কিন্তু এই সমস্ত ট্যাক্সগুলোকে যদি একটা ছাতার তলায় এনে, একটা বিলে ট্যাক্স আদায় করা হত তাহলে জনসাধারণকে বিভ্রান্তিকর অবস্থার মুখে পড়তে হত না এবং এইভাবে জনসাধারণের পকেট কাটা যেত না। কিন্তু পৌর কর্তৃপক্ষ, পৌরমন্ত্রী তাদের দলের ক্যাডারদের স্বার্থে, তাদের দলের স্বার্থে হয়ত এই নিয়ম চালু করে রেখেছেন।

[2-30 — 2-40 p.m.]

এর ফলে পশ্চিমবঙ্গের কলকাতা মহানগরীর জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছে। জোর করে তাদের পকেট থেকে টাকা কেড়ে নেওয়া হচ্ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উত্থাপন করছি। এটা নেতাজী বার্থ সেন্টেনারি চলছে। ১৯২৪ সাল, তখন কলকাতা কর্পোরেশনের মেয়র দেশবন্ধু চিত্তরঞ্জন আর চিফ একজিকিউটিভ অফিসার ছিলেন নেতাজী সুভাষচন্দ্র বসু। নেতাজী সুভাষচন্দ্র বসু একটি চুক্তি করেন—কাশীপুর মিউনিসিপ্যালিটির সমস্ত সম্পত্তি কলকাতা কর্পোরেশনের সঙ্গে যুক্ত হল এবং ঐ অঞ্চলের মানুষ পানীয় জলের সুযোগ পাবেন। ইতিমধ্যে আমরা দেখছি, মাননীয় পৌর মন্ত্রী, পৌর প্রশাসন তাদের কলমের খোঁচায় ওখানে আর ২৪ ঘন্টা পানীয় জল সরবরাহ করা হবে না বলে নোটিশ জারি করে দিয়েছেন। এটা অমানবিক, অনৈতিক। সেই চুক্তি ভঙ্গ করার অধিকার পশ্চিমবঙ্গ সরকারের কেন, কোনও সরকারের নেই। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং নেতাজীর যে চুক্তি, সেই চুক্তি অনুযায়ী ঐ অঞ্চলে ২৪ ঘন্টা পানীয় জলের ব্যবস্থার যে সুযোগ ছিল, সেটা তাদের দিতে হবে।

মাননীয় পৌর মন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন 'শহরাঞ্চলে খাটা পায়খানা সম্পূর্ণ অপসারণ'। এটা মিথ্যা বিবৃতি। অসত্য কথা তিনি এখানে বলেছেন। পৌর মন্ত্রী, ক্যালকাটা কর্পোরেশনের উপর কাশীপুর এলাকায় চলে যান, ৬ নং ওয়ার্ড, সেখানে এখনও খাটা পায়খানা রয়েছে, ওপেন ড্রেন রয়েছে, কাঁচা রাস্তা রয়েছে। কেন্দ্রীয় সরকার নতুন আইন করেছেন— কোনও শহরে খাটা পায়খানা, ওপেন ড্রেন, কাঁচা রাস্তা থাকা চলবে না। এখানে মাননীয় মন্ত্রী অসত্য ভাষণ দিয়েছেন, শহরাঞ্চল থেকে খাটা পায়খানা ইত্যাদি সরিয়ে দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই, অবিলম্বে এই পবিত্র বিধানসভা থেকে একটি কমিটি গঠন করে দিন, যে কমিটি ঐ অঞ্চলে যাবে, পরিদর্শন করবে, তাদের যা কিছু রিপোর্ট এখানে সবমিট করবে—তখন দেখবেন মাননীয় মন্ত্রী যে কথা বলেছেন, সেটা অসত্য কি অসত্য নয়।

আজ কলকাতা কর্পোরেশনের রন্ধ্রে রন্ধ্রে তো দুর্নীতি। ক্যালকাটা মিউনিসিপ্যালিটির কমিশনার অসীম বর্মন সাহেব, তিনি একজন আই. এ. এস. অফিসার—দুর্নীতি কোথায় গেছে দেখুন—তিনি রেলের জমি দখল করে নিজে বাড়ি করলেন। তারপরেও অসীম বর্মন কি করে পুর কমিশনার থাকে, ভাবতে অবাক লাগে। তার বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন?

এর বিরুদ্ধে সরকার নীরব রয়েছেন। ভি. আই. পি. রোড এবং বেলগাছিয়া এলাকায় বহু বে-আইনি বাড়ি ভেঙ্গে দেওয়ার খবর আজকাল দেখা যাচ্ছে। এইসব এলাকায় কন্ট্রাক্টররা পয়সা দিয়ে সি. পি. এম.-র ক্যাডারদের সহযোগিতায় এবং পুলিশের সহযোগিতায় একটার পর একটা বে-আইনি বাড়ি তৈরি করছে। পরে হৈ-চৈ হলে সেই সব বাড়িগুলো ভাঙ্গার কথা উঠছে। এতে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত মানুষ, যারা ওখানে ফ্ল্যাট নিয়েছিল তাদের অসুবিধা হয়ে দাঁড়াচ্ছে। এই ভাবে তাদের বহু টাকা ক্ষতি হয়ে যাচ্ছে। এই টাকা কে দেবে? স্যার, আমার সময় শেষ হয়ে গেছে, তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রী অশোকবাবুর বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা কাট-মোশনের সমর্থন করে আমার বক্তব্য রাখছি। কলকাতা থেকে শুরু করে যে সমস্ত পৌরসভাগুলো আছে সেখানে আমরা সামান্য খাবার জলটুকু পাচ্ছি না। আজকে জল খেতে গেলে তিন রকমের মেডিসিন জলে মিশিয়ে খেতে হচ্ছে। আজকে এই পৌরসভাগুলোর অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? এই রাজ্যে যে সমস্ত পৌরসভা এবং নোটিফায়েড অথরিটি আছে সেগুলোর অবস্থা ভয়াবহ। মন্ত্রী রেগুলার কাগজে স্টেটমেন্ট দিচ্ছেন, সরকার স্টেটমেন্ট দিচ্ছেন কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছে না। বই-এ অনেক কিছু লিখেছেন, গতবারের বাজেটে এবং এবারের বাজেটেও। কিন্তু নতুন কিছু হওয়ার সম্ভবনা নেই। যে পার্কগুলোতে ছেলেমেয়েরা খেলাধুলা করত, বয়স্করা আড্ডা মারত আজকে সেগুলো এই পৌরসভা এবং তার দলবল বিক্রি করে দিচ্ছে। যেখানে বসতবাড়ি আছে সেই বসতবাড়িগুলো কম দামে বিক্রি করে দেওয়ার চেষ্টা করছে। আমরা ২০টা নাম হাওড়ার ক্ষেত্রে দিয়েছিলাম। সেখানে প্রমোটাররা জায়গা কিনে বাড়ি তৈরি করে। কিন্তু সে ব্যাপারে কোনও অ্যাকশন নেওয়া হয়নি। আজকে সরকার বাড়ি তৈরি করতে গেলে করতে পারছে না অথচ প্রোমোটাররা করে ফেলছে। তাহলে সরকারের ক্ষমতা বেশি, না, প্রোমোটারের ক্ষমতা বেশি? আপনারা বাজেটে অনেক কথা বলেছেন, কিন্তু আমি জানি, হিন্দ সিনেমার উল্টো দিকে একটা বাড়ি যার দাম ৭৫/৮০ কোটি টাকা সেটা ১২ কোটি টাকায় বিক্রি হয়েছে। এই দামে বিক্রি না করলে ঘাটতি হত না। শুধু তাই নয়, যেখানে যেখানে আমাদের পৌরসভা আছে সেখানে আপনারা ভাল ভাবে কাজ করার চেষ্টা করছেন না। আপনাদের পৌরসভাগুলোকে টাকা দিচ্ছেন, সহযোগিতা করছেন কিন্তু আমাদেরগুলোর সাথে করছেন না। বজবজের পুজালি নোটিফাইড এরিয়ার সাথেও এই ভাবে অসহযোগিতা করা হচ্ছে যদিও সেখানে আপনাদের চেয়ারম্যান রয়েছেন। বার বার বলা সত্ত্বেও সেখানে কিছু করার চেষ্টা করছেন না। বজবজ পৌরসভাতে গত বছর মন্ত্রী মহাশয় হাসপাতালে অ্যাম্বুলেন্স আনার কথা বললেও এক বছর অতিক্রান্ত হয়ে গেলেও তা এসে পৌঁছল না। ২০ বছর আজকে আপনাদের হয়ে গেলেও পানীয় জলের ক্ষেত্রে আপনারা কোনও উন্নতি করতে পারলেন না। যদিও কমরেড জ্যোতিবাবুর জন্য স্পেশ্যালি জল আনতে হয়। আপনারা ভোটের দিকে চেয়ে ১৪১-টা ওয়ার্ড করেছেন।

[2-40 — 2-50 p.m.]

বিভিন্ন এলাকায় জল জমে যায়, সেখানে মানুষ যাতায়াত করতে পারে না, বাজার করতে পারে না। অথচ আপনারা বলছেন যে পৌরসভা ভাল কাজ করছে। আমরা জানি যে বিভিন্ন জায়গায় অ্যাসেসমেন্ট করা হচ্ছে না, এটা আপনাদের গাফিলতিতে হচ্ছে, সেখানে কারচুপির চেষ্টা হচ্ছে, এটা আপনাদের দেখা উচিত বলে আমি মনে করি। হকার উচ্ছেদের নামে আপনারা টাকা নয়ছয় করেছেন। হকার উচ্ছেদের নাম করে আপনাদের মন্ত্রী বুদ্ধদেববাবু ও সুভাষবাবু নাটক করছেন। কলকাতা শহরে কলকাতা পৌরসভা এলাকায় যারা হকারি করেন তাদের সিটুর নেতারা একবারও চিন্তা করলেন না যে এতে এই হকারদের কি হবে। এটা আপনাদের ভাবা উচিত ছিল। এবারে কালেকশনের ব্যাপারে বলি, যেখানে বড় বড় হোটেল আছে সেখানে প্রচুর কালেকশন পড়ে আছে, সেখানে গিয়ে কালেকশন করার চেষ্টা হচ্ছে না, জানি না সেখানে মন্ত্রী বা অন্য কারও কারচুপি আছে কি না? যদি এই কালেকশন হত তাহলে কলকাতা পৌরসভার কোনও ঘাটতি হত না। পৌরসভার বিভিন্ন জায়গায় যে প্রাথমিক স্কুলগুলি আছে সেগুলি না থাকার মতোই অবস্থা হয়েছে। সেখানে মাস্টার নেই, বেঞ্চ নেই, কিন্তু মাস্টাররা মাহিনা নিয়ে চলে যাচ্ছেন। ছেলেমেয়েরা পড়াশোনা করতে পারছে না। একটু আগে একজন মাননীয় সদস্য বললেন ৪ নম্বর ওয়ার্ডে নতুন জায়গায় নতুন অফিস তৈরি করেছেন। সেখানে কাউন্সিলার, মিনিস্টার, এম. এল. এ., এম. পি. নিয়ে সেখানে ৪ নম্বর ওয়ার্ডে বোরো কমিটির অফিস করার চেষ্টা করছেন। কেন আপনারা এই ভাবে টাকার অপচয় করার চেষ্টা করছেন। কেন আপনারা এই ভাবে টাকার অপচয় করার চেষ্টা করছেন। মানুষ যেখানে জলা পাচ্ছে না, সেখানে আপনারা এই ভাবে টাকার অপচয় করছেন। আপনাদের ফায়ার সার্ভিসের অবস্থা খুবই খারাপ। আমার বজবজ এলাকায় একটা ফায়ার সার্ভিস ব্যবস্থা আছে, কিন্তু একদিন আগুন লেগেছিল তারা এসে আগুন নেভাতে পারেনি, আমি তখন বাধ্য হয়ে বেহালা থেকে ফায়ার সার্ভিস নিয়ে এসে আগুন নেভানো হল। আমার মনে হয় এগুলিকে আরও বেশি করে দেখা দরকার। ওখানে ৪টে জুটমিল আছে সেখানে প্রচুর মানুষ বাস করে। এই ভাবে যদি আপনারা কাজ না করেন তাহলে মানুষের প্রচন্ড ক্ষতি হবে। আমি মনে করি এই পরিষেবার কাজে আরও এগিয়ে যাবার দরকার আছে। আপনাদের বিভিন্ন জায়গায় শৌচাগার থেকে শুরু করে নানা রকম উন্নতি করেছেন। কিন্তু আমার মনে হয় এগুলি শুধুমাত্র খাতায়-কলমেই রয়ে গেছে। অনেক জায়গায় কংগ্রেস পৌরসভা আছে সেখানে আমাদের চেয়ারম্যান আছেন, সেখানে দেখা যাচ্ছে যে পৌরসভার কর্মচারীরা মাহিনা পাচ্ছে না, সেখানে আমাদের ডমিনেট করার চেষ্টা করা হচ্ছে। জানি আপনাদের দলের লোক আছে এবং সেখানে চাকরির মাধ্যমে ডমিনেট করার চেষ্টা করছেন। কলকাতা পৌরসভায় রাতের অন্ধকারে চাকরি দিয়েছেন, কিন্তু তা মানুষ জানতে পারেনি। কংগ্রেস পরিচালিত পৌরসভায় পৌরকর্মীরা মাহিনা পাচ্ছে না। আজকে নিশ্চয়ই মন্ত্রী মহাশয় হাউসে এই ব্যাপারটা বলবেন বলে আমি মনে করি। বিভিন্ন পৌরসভায় প্রোমোটারদের সাথে আপনারা জড়িত আছেন। আমরা জানি ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাস থেকে শুরু করে বিভিন্ন জায়গায় যে জলাধারগুলি আছে সেগুলি পরিষ্কার করা হয় না, যদি পরিষ্কার করা হত তাহলে জলের পরিষেবা আরও ভল হত। সন্ধ্যাবেলায় মশার জন্য মানুষ

বাড়িতে থাকতে পারে না। আপনারা মশা মারার চেষ্টা করছেন, আগে রাস্তায় জল দেওয়া হত, ব্লিচিং পাউডার ছড়ানো হত। এখন আপনারা তা না করে শুধুই বলছেন এত এত টাকা চাই। আপনারা যদি কাজ না করেন তাহলে মানুষ আপনাদের পাশে দাঁড়াবে কেন? পৌরসভার পি. এল. অ্যাকাউন্টের কথা বলি, এই টাকাকে দুই ভাগে ভাগ করা উচিত। পি. এল. অ্যাকাউন্টের টাকা ব্যাঙ্ক অ্যাকাউন্টে রাখা উচিত। এতে আরও ভাল ভাবে কাজ করতে সুবিধা হবে।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমাদের মাননীয় পৌর-মন্ত্রী আমাদের সামনে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং আমাদের বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। স্যার, আমাদের প্রিয় নাগরিকদের আরও সুন্দর এবং উন্নত পৌর পরিষেবা যাতে দেওয়া যায় তার জন্য একটা আন্তরিক প্রচেষ্টা মাননীয় মন্ত্রীর আছে। আমি মাননীয় পৌরমন্ত্রীর বিবৃতির প্রতিটি ছত্র লক্ষ্য করেছি। স্যার, আমরা এটা জানি নগরায়ণ এবং উন্নয়ন হচ্ছে একটা নিরবিচ্ছিন্ন প্রক্রিয়া। আমাদের জনগণের নানা প্রত্যাশা ঊর্ধ্বমুখী এবং আমাদের সামর্থ্য অত্যন্ত সীমিত। তবু সাধ এবং সাধ্যের মধ্যে একটা সামঞ্জস্য বিধানের যে প্রচেষ্টা আমরা এই বরাদ্দের মধ্যে লক্ষ্য করছি তা অভিনন্দনযোগ্য। স্যার, আমি মনে করি পৌর উন্নয়নের একটা গুরুত্বপূর্ণ দিক হচ্ছে নির্বাচন। আমাদের সরকার ফলাফলের দিকে লক্ষ্য না রেখে নিয়মিতভাবে বছরের পর বছর ধারাবাহিকভাবে যে নির্বাচন এবং উপ-নির্বাচনগুলি করছেন তা শুধু অভিনন্দনযোগ্যই নয় সাথে সাথে তা সারা ভারতের ক্ষেত্রে একটা নজিরবিহীন ঘটনা। আমি তার জন্য মাননীয় পৌরমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। স্যার, আমরা লক্ষ্য করছি, আমাদের সরকার চাইছেন সাধারণ মানুষরা একেবারে নিচের-তলা থেকে তাদের পরিকল্পনা যাতে তৈরি করতে পারেন। সেজন্য বার্ষিক এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরি করার জন্য ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে। অবশ্যই এটা অভিনন্দনযোগ্য পদক্ষেপ। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, কোনও রকম সংকীর্ণতা আমাদের চিন্তা ভাবনাকে যাতে আচ্ছন্ন না করতে পারে তার জন্য সজাগ এবং সতর্ক থাকা দরকার। স্যার, আমরা সবাইকে বলি—'সুস্নিগ্ধ মাটি, সুবাসম জল, পাখির কণ্ঠে গান—সকলের এতে সম অধিকার।' স্যার, আমাদের দেশের গরিব মানুষরা, মধ্যবিত্ত মানুষরা, মেহনতি মানুষরা, কেরানি কর্মচারীরা কেউ মিনারেল ওয়াটার পান করে না। অতএব তাদের অন্তত যাতে জল করের হাত থেকে রেহাই দেওয়া যায় তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। এ ছাড়াও আমরা প্রতিনিয়ত দেখছি জলা-জমির অপচয় ঘটানো হচ্ছে, আমাদের চোখের সামনে প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলি দেখানো হচ্ছে। অথচ এর ফলে পরিবেশের ভারসাম্য বিঘ্নিত হচ্ছে। এর জন্য কঠোর ব্যবস্থা নেওয়া দরকার। সেই ব্যবস্থা নিতে আমি মন্ত্রীর কাছে আবেদন করছি। আমরা লক্ষ্য করছি আমাদের প্ল্যান বাজেটের পরিমাণ ক্রমাগত কমে যাচ্ছে এবং নন-প্ল্যানের পরিমাণ বাড়ছে। অথচ কিছু কিছু পৌরসভা তাদের সংকীর্ণ স্বার্থকে চরিতার্থ করার জন্য উদ্দেশ্যপ্রণোদিতভাবে, নিজেদের খেয়াল খুশি মতো কর্মী নিয়োগ করছে। এর ফলে সাধারণ মানুষ পৌর পরিষেবার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আমি মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, তিনি এসব কঠোরভাবে নিয়ন্ত্রণ করুন যাতে কেউ নিজের খেয়ালখুশি মতো জনগণের কষ্টের অর্জিত অর্থ দিয়ে কর্মী নিয়োগ করতে

না পারে। আমরা চাই কলকাতার রাস্তা পরিষ্কার পরিচ্ছন্ন থাকুক, যানবাহনের গতি বৃদ্ধি হোক। কিন্তু যারা পেটের দায়ে রাস্তার পাশে ব্যবসা করছে তাদের সঙ্গে আমাদের বন্ধুর সম্পর্ক। তাদের রুটি-রুজির প্রশ্ন আছে, স্ত্রী, পুত্র, কন্যা নিয়ে তারাও সংসার জীবন যাপন করেন, তাদের পুনর্বাসনের ব্যাপারটাকে অধিকারের ভিত্তিতে দেখুন। মন্ত্রীর কাছে এটা আমার আবেদন। তারপর আপনি রাস্তা সাফ করার জন্য সমস্ত রকম উদ্যোগ গ্রহণ করুন। আমাদের দেশের স্বাধীনতার ৫০ বছর হতে চলল, স্বাধীনতার সময় যারা এদেশে জন্মেছেন তারা যেমন আজও দেখছেন, খাটা পায়খানা, বামফ্রন্ট আমলে যারা জন্মগ্রহণ করে আজ তরুণ হয়েছেন তারাও আজকে খাটা পায়খানা দেখছেন। আমাদের মেদিনীপুর পৌরসভার পৌর এলাকা খাটা পায়খানায় ভর্তি। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাব, তিনি আমাদের পৌরবাসীদের খাটা পায়খানার দুর্গন্ধ থেকে রেহাই দিন। রাজ্যের পৌরসভাগুলি নানান অর্থনৈতিক সংকটে ভুগছে। ১৬ শতাংশ কর রাজস্ব পৌরসভাগুলোর হাতে যাওয়া উচিত। সেটা গেলে পৌরসভাগুলো তাদের নাগরিকদের জন্য অনেক বেশি সুখস্বাচ্ছন্দ্যের বিধান করতে পারে। সেজন্য অর্থ মন্ত্রকের সঙ্গে আলোচনার ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে আমি মাননীয় পৌর-মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। স্যার, সর্বশেষে আমি এই কথা বলতে চাই যে, আমাদের পাঁশকুড়ার মিউনিসিপ্যালিটির কথা, একটা বিষয় নিয়ে আমরা বহুবার আলাপআলোচনা করেছি, মাননীয় মন্ত্রীর কাছে আমরা বারংবার গিয়েছি। সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে গিয়েছি।

[2-50 — 3-00 p.m.]

এই সভাতেও আবেদন জানিয়েছি এবং মাননীয় সাংবাদিকরাও বিভিন্ন সময়ে এইসব কথাবার্তা পত্রিকার মাধ্যমে তুলে ধরার চেষ্টা করেছেন। কিন্তু এই ব্যাপারে নানা বিভ্রান্তি আমাদের এলাকায় প্রচারিত। অনেকে বলছেন হচ্ছে, অনেকে বলছেন হয়ে গেছে। কিন্তু এর সুস্পষ্ট উত্তর পাইনি। এই শবরীর প্রতিক্ষার এখন কি অবসান ঘটবে না? পাঁশকুার মানুষের সেই কাতর আবেদন এবং মিনতি মাননীয় মন্ত্রী মহাশয়ের কর্ণগহ্বরে কি প্রবেশ হয়নি? রাজ্যপালের ভাষণে যখন দেখলাম ডালখোলা, ধুবগুড়ি প্রভৃতি মিউনিসিপ্যালিটি নিয়ে সরকার চিন্তাভাবনা করছেন তখন আমি আনন্দিত হলাম এবং পাঁশকুড়ার মানুষকে জানালাম এবার তরুণ পৌরমন্ত্রী আমাদের দিকে অবশ্যই শুভ দৃষ্টি নিক্ষেপ করবেন। কিন্তু যত দিন যায় ততই হতাশ হচ্ছি। আমি আবেদন জানাব, এই হতাশা কাটানোর জন্য মাননীয় মন্ত্রী মহাশয় এই সভায় মাননীয় সদস্যদের এবং সাংবাদিকদের সামনে এই বিষয়ে তাঁর দৃষ্টিভঙ্গি সুনির্দিষ্টভাবে ঘোষণা করুন যাতে এই সভা থেকে ফিরে গিয়ে পাঁশকুড়ার মানুষের কাছে বলতে পারি কংগ্রেস তোমাদের ৩০ বছর বঞ্চনা করেছে আর বামফ্রন্টের ২০ বছরে ইতিপূর্বে তোমরা হয়েছিলে, এবার বামফ্রন্ট সরকার তোমাদের দীর্ঘদিনের বঞ্চনার অবসান ঘটাবে এই সংবাদটা যেন তাদের জানাতে পারি। এ ছাড়া আরো নানা ধরনের সমস্যা আছে। আমরা দেখেছি, পৌরসভা মানে আমরা জানি, কলকাতা এবং হাওড়া। এগুলি অবশ্যই আমাদের প্রাণকেন্দ্র। আমি আগেই বলেছি, বাংলা মায়ের দুটি চোখ। নিশ্চয়ই কলকাতা এবং হাওড়া কর্পোরেশনের শ্রী নষ্ট হলে পশ্চিমবাংলার শ্রী ফিরে আসবে না। কিন্তু আমি সবিনয়ে যেটা বলতে চাই, শুধু কলকাতা এবং হাওড়া বলে কথা নয়, নৈহাটি, তমলুক, মেদিনীপর, খড়ার

রামজীবনপুর, ঘাটাল, কাঁথি এইসব পৌরসভাগুলি যাতে অনুরূপ কৃপা পায় সরকারের কাছ থেকে এই আশা করবো এবং তার জন্য ব্যয়-বরাদ্দ আরও বাড়ানো দরকার। মেদিনীপুর পৌরসভায় জলের কোন বন্দোবস্ত নেই। পাইপ লাইন তৈরি হয়ে যাচ্ছে, কিন্তু উপযুক্ত পরিমাণ জল সরবরাহ হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব এই বিষয়ে আপনি গুরুত্ব দিন। সর্বশেষে আর একটা কথা বলি, আজকে আমরা দেখতে পাচ্ছি, নানাভাবে বে-আইনি বাড়ি তৈরি হয়ে যাচ্ছে। আমরা জানি, এই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গি অত্যন্ত পরিষ্কার। কিন্তু তা সত্ত্বেও এক শ্রেণীর অসাধু আমলা—সে পৌর কর্তৃপক্ষের সঙ্গে থাকুন আর পৌর কমিশনারের সঙ্গেই থাকুন—তাদের মধ্যে বিভিন্ন রাজনৈতিক চরিত্রের লোক থাকতেই পারেন—তাদের নানা সহযোগিতা নিয়ে এক শ্রেণীর অসাধু লোক বে-আইনি বাড়ি নির্মাণ করছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব, এইসব বে-আইনিভাবে তৈরি করা বাড়ি যদি ভাঙতে না পারেন তাহলে আগামী দিনের যারা প্রজন্ম তাদের বিশ্বাসযোগ্যতা নষ্ট করব। আমি আশা করি, মাননীয় মন্ত্রী মহাশয় এইসব বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। সবশেষে এইসব বিষয়গুলির ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সুস্পষ্ট আশ্বাসের দাবি জানিয়ে এই বাজেটকে একবার সমর্থন জানিয়ে—তিনি যে ধরনের উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**श्री रामजनम माँझी** : आदरणीय डिपुटी स्पीकर सर, नगरपालिका से संबंधित मंत्री ने जो बजट पेश किए है उस बजट का विरोधिता करते हुए और हमारे दल द्वारा जो कट-मोशन लाया गया है उसका समर्थन करते हुए अपना वक्तव्य रखना चाहता हुँ। आप जानते है बंगाल मे नगरपालिका है उसकी स्थिति क्या है। उन इलाको मे व्यवस्था किस तरह की है। सिर्फ समस्या ही समस्या है। यहाँ पर न स्वास्थ्य मिलता है, न बिजली मिलता है। यहाँ पर रास्ता की समस्या है। विद्युत की समस्या है। इन समस्याओ को देखते हुए हम नगरपालिका का नजीर आपके सामने रखता हुँ। आप जानते है उलबेड़िया म्युनिसिपलीटी बजबज, कमरहटी, इंगलिश बाजार, रिशड़ा, चन्दननगर, बंगाल के प्रायः सारे म्युनिसिपलिटी की अवस्था एक जैसा ही है। यहाँ पर आपलोग बड़ा बड़ा वक्तीता किए जा रहे है। सर, बंगाल के अन्दर मे १९९४-९५ म्युनिसिपलिटिया है जहाँ पर वामपंथी नगर पालिका है। वहाँपर किस तरह का काम हो रहा है। वहाँ पर चेयर मैन के मर्जी पर सब निर्भर करता है। मेजरमेन्ट बुक मे न कोई हिसाब किताव नही है। कोई हिसाब पेश नही किया जाता है। उलबेड़िया मे इतनी धांधली हुई है कि कहने योग्य नही है। आप जानते है मेजरमेन्ट बुक की कोई व्यवस्था ही नही है। उलबेड़िया नगरपालिका का क्षेत्र सिडुल कास्ट का सीट है। इस सिडुल कास्ट एरिया मे आज तक आपलोग किस चीज की व्यवस्था कर पाए

है। रास्ता की व्यवस्था नही है, विद्युत की व्यवस्था नही है, जल की व्यवस्था नही है।

आप जानते है उलबेड़िया के अन्दर जाकर देखे। जहाँ पर सरकार पोलुशन के लिए सरकार ने करोड़ो-करोड़ रुपया का वजट किया है। आपलोग पोलुशन की रोकथाम के लिए क्या किए है एक भी बात दावा के साथ कह सकते है। पोलुसन किसे कहता है आपको ठीक पता चल जाएगा कभी उलबेड़िया जाने की जरुरत अगर महसुस किए तो? सर, वहाँ के लोगो को पानी खरीद कर पीना पड़ता है, फुलेस्वर से पानी लाया जाता है। तो ये नगर पालिका की अवस्था है। जहाँ कम-से-कम ५० हजार नजसंख्या आवादी है ५० हजार लोग जहाँ रहते हो वहॉ भी रास्ता घाट की कोई व्यवस्था नही। रास्ता की हालत एसा है कि साइकिल से भी चलना मुशकिल होता है। इसके बाद भी मिनिस्टर द्वारा पेश बजट को समर्थन करना होगा। इलाके की क्या अवस्था है वहाँ के लोग ही अनुभव करते है। जहाँ पर की हेल्थ की कोई सुविधा नही हो। मेरे शासक दल के सदस्य हेल्थ पर वहुत सारी वाते कह रहे थे। आज भी कांचा पैखाना के अन्दर हमारी माताओ ओर वहनो को जाना पड़ता है। घर-घर मे चट का परदा लगाकर हमारी माताओ ओर वहनो को अपना क्रिया क्रम करना पड़ता है। आपलोगो को शर्म आना चाहिए। यह कितनी शर्म की बात है। इसके बाद भी आपलोग अगर कहे कि हमारी म्युनिसपलिटी का विकास हुआ है तो यह तो वेशर्मी की हद ही कहा जाएगा।

हा बहुत सारे बामपंथी नेता सिलीगुड़ी नगरपालिका पर वहुत सारे दावा किए, बहुत उन्नति किया है। परन्तु मै कहना चाहता हूँ कि सिलीगुड़ी नगरपालिकामे जो कर्मचारी है उनको पी० एफ० मिलता है, ग्रेच्युटी मिलता है क्या सबको परमानेन्ट कर दिया गया है। मै कहता हूँ सिलीगुड़ी मे ये समस्या अभी भी है। मै आपसे जानना चाहता हूँ जिस एरिया मे ड्रेन की व्यवस्था किया गया है वहाँ ड्रेन को देखने वाला कोई नही है। ड्रेन वा दिया गया है लेकिन कभरिंग नही किया गया है। पानी का निकाश होना चाहिए कभरिंग नही हाने के कारण कभी-कभी कोई-न-कोई हादसा होते रहता है। ड्रेन मे प्रायः इदुर, बिलाड़ मरा हुआ सड़ते रहते रहता है। मै उलबेड़िया मे देखता हूँ इतना गन्दगी रहता है और जब इस गन्दगी से डायरिया कालरा होता है तो इलाके मे छिड़काव के लिए ब्लीचिंग पावडर की व्यवस्था नही है। लोगों को मरने के लिए छोड़ दिया जाता है क्योकि कोई इन्तजाम ही नही है स्वास्थ्य के लिए। छिड़काव करने के लिए इनके पास लोग समय पर नही मिलते है। इस आधुनिक

युग मे भी वहाँ के लोगो को विद्युत नही मिलता है। सरकार, ने सिर्फ जिमार्टमेन्ट बना देने से काम नही हो जाता है। कई वार्ड एसे है जिसकी अवस्था बहुत ही खाराव है। जहाँ ४-लाख ५ लाख रुपया वार्ड को मिलना चाहिए विकाश के लिए। वहुत सारे एसे इलाके है रुरल डभलपमेन्ट के नाम पर रास्ता का काम कराने के लिए मिलना चाहिए। मर, आज नगरपालिका के अन्दर विजली के लिए फँड नही है। मै चाहता हूँ कि विद्युत की व्यवस्था होना चाहिए, रोड की व्यवस्था होना चाहिए, स्वास्थ्य की व्यवस्था होना चाहिए। म्युनिसिपलटी के जो कर्मचारी है, मजदूर है उनको पी- एस० की सुविधा पेन्सन की सुविधा, ग्रेच्युटी की सुविधा नहीं मिल रहा है। परमानेन्ट तक वहुतो को नही किया गया है। म्युनिसिपलीटी मे रोड मरम्मत के लिए रालर नही है। वहुत सारे एसे इलाके है लोग पानी के लिए परेशान है लेकिन डीप टयूवल नही है।

चैतनपुर म्युनिसिपलिटी मे वामफ्रन्ट के कुछ सदस्यो ने वामफ्रन्ट से त्यागपत्र देकर कोंग्रेस के अन्दर मिल गए। कांग्रेस का चेयर मैन वना है चैतनपुर मे। वहाँ के काउन्सिलर को पाटी से रिजाइन देना पड़ा ये सभी फारवार्ड ब्लाक के काउन्सिलर अपने इलाके मे विकाश का एक भी काम नही करा पाते थे। तो यही आपलोग का गणतंत्र है, पार्टी के अन्दर रहकर अन्याय के विरोध मे आवाज नही उठा सकते है। आपलोग एक वार सोचिए क्यो रिजाइन देना पड़ा। समय नही है, मै उलवेड़िया म्युनिसिपलीटी के विकाश के लिए पोर मिनिस्टर से अनुरोध करता हूँ।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রী তার বাজেটের ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব রেখেছেন, আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলছি। মাননীয় সদস্য অম্বিকা ব্যানার্জি এই ব্যয়-বরাদ্দের প্রস্তাব সমর্থন করেছেন বলে আমি তাকে অভিনন্দন জ্ঞাপন করছি। আর কয়েকজন সদস্য অন্য কথা বলেছেন, তারা অর্বাচীন, কাজেই তারা বিপরীত কথা বলেছেন। আমি ১৯৭২ সালের একটা কথা তাদের স্মরণ করিয়ে দিতে চাই। পশ্চিমবঙ্গে ১৯৭২ সালের একটা কথা তাদের স্মরণ করিয়ে দিতে চাই। পশ্চিমবঙ্গে ১৯৭২ সালে নির্বাচনকে প্রহসনে পরিণত করে কংগ্রেস সরকার গঠন করেছিলেন। সেই সময়ে তাদের বিরোধী যে সমস্ত পৌর বোর্ড পরিচালিত হয়েছিল, সেগুলির মেয়াদ উর্ত্তীণ হওয়ার আগেই সেঙ্গে দিয়ে রাতারাতি অ্যাডমিনিস্ট্রেটের নিয়োগ করেছিলেন। অবশ্য পরে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে সেই অ্যাডমিনিস্ট্রেটর আবার উইথড্র করে নির্বাচিত সদস্যদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছিল।

আপনাদের জেনে রাখা ভাল, ২০ বছর আগে পশ্চিমবঙ্গের ছোট, বড় বা মাঝারি পৌরসভাগুলির কি অবস্থা ছিল, যাদের অভিজ্ঞতা আছে তারা জানেন। তখন পৌর কর্মচারীরা মাসের পর মাস মাইনে পেতেন না। পৌরসভাগুলি যে আর্থ-সামাজিক দায়িত্ব পালন করতে

পারে, এক্ষেত্রে তাদের ভূমিকা থাকা দরকার, এসব তখন তাদের উপলব্ধিতেই আসত না। ফলে কোনওরকম উন্নয়নমূলক কাজ হত না। ১৯৯৭ সালেই নয়, ১৯৭৭ সালের পর বামফন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর সেই দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটল। নতুন করে পৌরসভাগুলিকে উন্নয়নমুখী করবার প্রয়াস চালানো হল, ১৯৮১ সালে আইন সংশোধন করে পৌর নির্বাচন করা হল এবং নানারকম প্রকল্প গ্রহণ করে নাগরিকদের সুখ-স্বাচ্ছন্দ্য দেবার ব্যবস্থা করা হল। আর্থ-সামাজিক দায়িত্ব পালন করবার উদ্দেশ্যে ৭৪তম সংবিধান সংশোধন করবার আগেই কতগুলো ব্যবস্থা বামফ্রন্ট সরকার গ্রহণ করলেন এবং ১৮ বছর বয়সী ছেলেমেয়েদের পৌর নির্বাচনে ভোটাধিকার দিলেন। তারপর ১৯৯১ এবং ১৯৯৩ সালে বামফ্রন্ট সরকার এই পৌর আইন তৈরি করলেন এই সভায় এবং সেই আইনকে আরও গণতন্ত্রিকরণ করবার জন্য সংশোধন করা হল। মনে আছে সেদিনের কথা? ওয়ার্ড কমিটি গঠন এবং রাজনৈতিক দলগুলির নির্বাচিত সদস্যদের কি করে নিয়ন্ত্রণ করা যায় তার জন্য বিশেষ সংশোধনী আইন হল। কিন্তু বর্তমানে মুশকিল হচ্ছে একটা। এই যে ১২২টা পৌরসভ:, তারমধ্যে ৪৫টি পোরসভায় কংগ্রেস পরিচালিত পুর বোর্ড রয়েছে। তারা নির্বাচনে জিতে এসেছেন, কাজেই কোনও ব্যাপারে নেই। জনসংখ্যা অনুযায়ী প্রতিটি পৌরসভাই সমান অনুদান পান, সমান টাকা পান ; কারও ক্ষেত্রে কাপণ্য করা হয় না। এক্ষেত্রে কংগ্রেস কমিউনিস্ট দেখা হয় না। কিন্তু ঐ ৪৫টি পৌরসভা চলছে না। কংগ্রেস পরিচালিত পুর বোর্ডগুলির প্রায় কোনওটাই চলছে না। ওরা আইন মানছেন না। নিজেদেরই চেয়ারম্যান, অথচ দু'দিন অন্তর চেয়ারম্যান-ইন-কাউন্সিলকে পরিবর্তন করছেন। তারা কোনও আইন না মেনে যথেচ্ছভাবে লোক নিয়োগ করছেন, টাকা নয়-ছয় করছেন। বোর্ডের কোনও মিটিং-ও ডাকছেন না। ঐসব পৌরসভাগুলিতে টাকার অপপ্রয়োগ হচ্ছে। তার ফলে সেখানে উন্নয়ন স্তব্ধ হয়ে গেছে। আমি এদিকে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সরকার নির্বাচিত পৌরসভা এবং জনগণের মধ্যে সম্পূর্ণ সমন্বয় ঘটিয়ে উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেছেন। তারজন্য সরকার মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এবং অন্যান্য ডিপার্টমেন্ট তৈরি করেছেন এবং ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট কমিটির সৃষ্টি হয়েছে।

[3-10 — 3-20 p.m.]

এইগুলির মাধ্যমে নির্বাচিত পৌরসভাগুলি নানা প্রকল্প, তার উদ্দেশ্য কি, কি ভাবে রূপায়িত হবে তার সমস্ত পরামর্শ দেন। আই. এল. জি. ইউ. এস আরবান ওয়েস্ট বেঙ্গল প্রকাশিত করছে। ১৯৯৬-৯৭ সালের প্রকাশিত হয়েছে। আমাদের পশ্চিমবাংলার বিভিন্ন পৌরসভাগুলি এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের পৌরসভাগুলির চিত্র সেখানে দেখানো হচ্ছে। একটা গবেষণামূলক তথ্য সেখান থেকে পাওয়া যাচ্ছে এটা আমাদের প্রতিটি সদস্যের জানা দরকার। এইগুলি তাপসবাবুর জানা উচিত। আজকে এই যে ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে, এর মাধ্যমে জগণের সঙ্গে সরকারের এবং পৌরসভাগুলির একটা সুন্দর সমন্বয় গঠিত হয় তার জন্য প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে এবং উন্নয়নের প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। এ কথা বলে বাজেটকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। আমার আগে মাননীয় সদস্য বললেন আমি নাকি বাজেটকে কনগ্র্যাচুলেট করেছি, মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়েছি, তার বক্তব্যের শুরুতে উনি এই কথা বলেছেন। আমি কখনই বাজেটকে অভিনন্দন জানাইনি, তার কিছু কাজের আমি অ্যাপ্রিসিয়েট করেছি। আমি তার মানসিকতার অভিনন্দন জানিয়েছি। আমি সার্বিক বাজেটের অভিনন্দন জানাইনি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে পৌরসভা বিষয়ক এবং উন্নয়ন দপ্তরের বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমাদের দলের আনীত কাট মোশনকে সমর্থন করে আমি শুধু কয়েকটি কথা এখানে রাখতে চাই। আমি প্রথম থেকে এই আলোচনায় যারা অংশগ্রহণ করেছেন তাদের কথা আমি শুনেছি। শুধু নির্মল মুখার্জি সরকারি দলের পক্ষ থেকে যা বলেছেন তার বাইরে অন্য সব যা বলেছেন তা বাংলার পৌরসভাগুলি এবং তার সঙ্গে কলকাতা কর্পোরেশন, হাওড়া চন্দননগর, আসানসোল-দুর্গাপুর শিলিগুড়ি জলপাইগুড়ি এই সমস্ত বর্ধিত এলাকাগুলি উন্নয়নের ব্যাপারে যা বলেছেন তাতে নূতন কথা কিছু বলেননি। মন্ত্রী মহাশয় বলেননি, যে কিভাবে কর্পোরেশন এবং পৌরসভাগুলি উন্নয়নের জন্য সি. এম. ডি. এ., সি. আই. টি. ওয়াটার ওয়ার্কস ডিপার্টমেন্ট, এইচ. আই. টি.—হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এরা সব সাহায্য করে থাকে।

কিন্তু এই দপ্তরের সবচেয়ে বড় ব্যর্থতা এই যে, প্রত্যেকটি দপ্তরের সঙ্গে এর কোনও কো-অর্ডিনেশন নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, তিনি তার জবাবী ভাষণে বলবেন, পৌর উন্নয়ন—শহরে এবং শহরতলির উন্নয়নকে একসূত্রে বাঁধার জন্য যে উন্নয়ন সংস্থাগুলো আছে, সেগুলোকে তাদের মধ্যে কিভাবে কো-অর্ডিনেশন রক্ষা করবেন? সি. আই. টি.-র দীর্ঘ বছরের যে প্ল্যান এবং কান্ট্রি প্ল্যান—হাওড়া, হুগলি, চব্বিশ পরগনা, উত্তরবঙ্গ এবং হিল কাউন্সিল সবগুলোর যে প্ল্যান, বিশেষ করে ষাটের দশক পর্যন্ত ডাঃ বিধানচন্দ্র রায় তার সুচিন্তিত পরিকল্পনা এবং পরিশ্রম দিয়ে যে কান্ট্রি প্ল্যান তৈরি করেছিলেন, যে উন্নয়নের প্ল্যান তৈরি করেছিলেন, আমি জানি না, একে রূপ দেবার জন্য কতটা চেষ্টা হয়েছে? চেষ্টা আছে, কোনও সন্দেহ নেই। চেষ্টা আছে বলেই তো কিছু উন্নয়নের কাজ করতে হবে। কারণ উন্নয়নের টাকা কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার দিচ্ছে শুধু দিচ্ছে না, তার সঙ্গে বাংলার মানুষ টাকা দিচ্ছে এবং এর সঙ্গে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং বিশ্বের বিভিন্ন দেশ থেকে টাকা আসছে। এইসব জায়গা থেকে টাকা আসছে দেশের উন্নয়নের জন্য, রাজ্যের উন্নয়নের জন্য। আপনি বলতে পারবেন, কলকাতা কর্পোরেশনের মধ্যে ক'টা নতুন রাস্তা করতে পেরেছেন? কলকাতা কর্পোরেশনে ১০১টি ওয়ার্ড থেকে ১৪১টি ওয়ার্ডের আপনি নিয়ে গিয়েছেন। কিন্তু বলতে পারেন, শ্যামবাজার থেকে প্রবেশ করার যে রাস্তা আছে, বাগবাজার থেকে প্রবেশ করার রাস্তা আছে, পূর্ব কলকাতা থেকে প্রবেশ করার যে রাস্তা আছে, তার সঙ্গে তুলনা করা যাবে না। চেন্নাইয়ের সঙ্গে তুলনা করা যাবে না। দক্ষিণ ভারতের সঙ্গে আপনাদের কর্পোরেশনকে তুলনা করা যাবে না। আপনি যে তুলনা করেছেন সেটা স্যাম্পল সার্ভে করে পেয়েছেন। আজকে এখানে জলনিকাশি ব্যবস্থা কি অবস্থায় এসে দাঁড়িয়েছে? আমহার্স্ট স্ট্রিট, লাউডন স্ট্রিট থেকে শুরু করে পার্কস্ট্রিট, বাগবাজার থেকে শুরু করে সর্বত্র জল জমে যাচ্ছে। আপনি নিষ্কাশনি ব্যবস্থা তিনশো বছরের কলকাতায় যা ছিল,

তাকে ঢেলে সাজাবার জন্য নতুন দপ্তর করতে পেরেছেন? ড্রেনেজ সিস্টেমকে আরও সুন্দর করে পরিচালিত করার জন্য কোনও ব্যবস্থা নিতে পারেননি। অথচ কলকাতার মধ্যে যে ওয়ার্ডগুলো ছিল তার সঙ্গে আরও অনেক এলাকা নিয়েছেন। কলকাতার উপরে যে ড্রেনেজ সিস্টেম ছিল তাকে আপনি আরও ভয়ঙ্কর করেছেন। তার ফলে আজকে ময়লা জল স্ট্যাগনেন্ট হচ্ছে। এখানে জল নিষ্কাশনি ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। আজকে ব্যারাকপুর মহকুমাতে ড্রেনেজ সেস্টেমের কি অবস্থা? সল্টলেকে ড্রেনেজ সিস্টেম এত ভাল কেন, এটা বলতে পারেন? আপনি বলতে পারবেন না। এটা ডাঃ বিধানচন্দ্র রায়ের পরিকল্পনা। তিনি ওখানে আন্ডারগ্রাউন্ড সিস্টেম করেছিলেন। আপনি এই ড্রেনেজ সিস্টেম কেন করতে পারলেন না? আপনার কাছে টাকা আছে। টাকা নেই এমন নয়। কিন্তু আপনি এই মান্ধাতার আমলের যে ড্রেনেজ সিস্টেম তাকে সুয়ারেজ সিস্টেম-এর মাধ্যমে সুন্দর করে গড়ে তোলার জন্য, একটা ব্যালান্স করার জন্য কিছু করলেন না। আপনি যেখানে যাবেন, দেখবেন চারিদিকে রাস্তা ভাঙা। আপনি পৌরসভাগুলোতে যাবেন, দেখবেন, চারিদিকে রাস্তা ভাঙা। আপনি রিপেয়ার করছেন। কিন্তু রিপেয়ার করা এবং নতুন রাস্তা তৈরি করা এক জিনিস নয়। এখানে ট্রেজারি বেঞ্চের মাননীয় সদস্য নির্মলবাবু বলছিলেন। আপনি একটা রাস্তার নাম বলতে পারবেন, একটা বাইপাস তৈরি করেছেন। ব্যারাকপুর এক্সপ্রেস হাইওয়ে, যার গুরুত্ব অনেক বেশি।

[3-20 — 3-30 p.m.]

সেখানে হাইওয়ে রাস্তাটি দমদমের সি. সি. আর. পর্যন্ত করতে ২০ বছর সময় লাগল, এখনও জরিপ চলছে, শেষ করতে পারেননি। তারপরে বিদ্যাসাগর সেতুটি উন্নয়ন করে বোম্বে রোডের সঙ্গে যুক্ত করা হবে এবং তারজন্য বাইপাস রোডটি এখনও করতে পারেননি। এটা সি. এম. ডি. এ. এবং সি. আই. টি.-কে দিয়েও করতে পারলেন না। এমন কি একটা উন্নয়ন সংস্থাকে দিয়েও করতে পারলেন না। পৌরসভাগুলোর যে মাস্টার প্ল্যান তার কিছুই তো করতে পারেননি। আজকে জল-নিষ্কাশনি ব্যবস্থার ক্ষেত্রে আপনারা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছেন। বাইপাশের ওখান দিয়ে জল-নিষ্কাশনি ব্যবস্থার ক্ষেত্রে কিছুই করতে পারেননি। ব্যারাকপুর এক্সপ্রেস রাস্তাটি দমদমের ভিতর দিয়ে ভি. আই. পি. রোডে নিয়ে যাওয়া এবং তার উন্নতি করার কথা বলেছেন কিন্তু বাস্তবে সেটা করা সম্ভব হচ্ছে না। আপনি আপনার বাজেট ভাষণে অনেক উদ্যোগের কথা বলেছেন কিন্তু বাস্তবে সেগুলো এখনও হয়ে ওঠেনি। গত ২০ বছর ধরে কোনও উন্নতিই তো চোখে পড়েনি। তারপরে দার্জিলিংয়ের ব্যাপারে আমাদের সিস্টার বললেন, দার্জিলিংয়ের মেল থেকে নিচে নেমে এলে পরে সেখানকার যে অবস্থা ভাবা যায় না। ড্রেনেজ সিস্টেম বলে কিছু নেই। ২০ বছর ধরেই এই অবস্থা দেখছি, আপনি তো বলবেন যে, হিল কাউন্সিল রয়েছে তারা তদারকি করবেন, কিন্তু আসলে কাজের কাজ কিছুই হচ্ছে না। আপনি এবং আপনার দপ্তর ওখানে তদারকি করতে ব্যর্থ হয়েছেন। আপনার ডিপার্টমেন্টে হাজার হাজার কর্মী আছে, তারাও অসন্তোষে ভুগছে। আপনারা তাদের অনেক আশা দিয়েছিলেন, তার কিছুই পূরণ করতে পারেননি। আপনারা কর্মীদের মাইনে বাড়ানোর কথা এবং ডি. এ., রিটায়ার্ড বেনিফিট দেওয়ার কথা বলেছিলেন কিন্তু কার্যক্ষেত্রে [illegible] পূরণ করেননি। যার ফলে তাদের অসন্তোষ রয়েছে। আজকে কলকাতার আশেপাশে

যেসব নালাগুলো রয়েছে তার অবস্থা কি—টালি নালার থেকে শুরু করে যে সব নালা কলকাতা শহরতলিতে আছে, তার থেকে যে জল নিষ্কাশিত হয়, সেই জলে মানুষ স্নান করে। এই দুর্গন্ধযুক্ত জলে যে মানুষ স্নান করছে এটা তো আপনাদের লজ্জা। বিদেশ থেকে যে সমস্ত লোকজন আসছে তারাও এসব দেখছে। টালি নালা দিয়ে পচা জল বেরোচ্ছে সেই জলে মানুষ স্নান করছে, তার পরিষেবার কোনও ব্যবস্থা আপনারা নিতে পারছেন না। অথচ আপনারা বড়াই করেন যে আপনারা খুব ভাল কাজ করছেন। এই খালগুলো কিভাবে পরিষ্কার করা যায় এবং স্বাস্থ্যসম্মত করা যায় এবং তার মেনটেনেন্স করা হয় তার কোনও ব্যবস্থাই নেই। তারপরে সোয়ারেজ সিস্টেম বলে কিছু নেই। এখনও শহর এবং শহরতলিতে নাইট সয়েল ভর্তি খাটা পায়খানা দেখা যায়। এগুলো পরিষ্কার করার কোনও ব্যবস্থাই নেই। তারপরে গঙ্গা অ্যাকশন প্ল্যান্টের ক্ষেত্রে সি. এম. ডি. এ. এবং সি. আই. টি.-র মধ্যে কোনও কো-অর্ডিনেশন নেই। এরজন্য কোটি কোটি টাকা খরচ হচ্ছে কিন্তু ময়লা জল শুদ্ধ করে জল নিষ্কাশনের কোনও ব্যবস্থা হয়নি। বস্তি উন্নয়নের ক্ষেত্রেও আপনারা ব্যর্থ হয়েছেন, আপনাদের লজ্জাও করে না, জন মেজর বস্তিতে গিয়ে গিয়ে বস্তির উন্নয়ন দেখলেন আর আপনারা তাদের কাছ থেকে অর্থ সাহায্য নিতেও লজ্জা করল না। এইভাবে ২টি বছর ধরে চলছে। আজকে গঙ্গা অ্যাকশন প্ল্যান এবং তার সাথে সাথে খালগুলোর অবস্থাও ভয়াবহ যেমন বিদ্যাধরী, বাগবাজারখাল, নোয়াই খাল এবং করদা খালের অবস্থা শোচনীয়— এগুলোর অবিলম্বে সংস্কার করার দরকার, এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতি কনিকা গাঙ্গুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পৌর বিষয়ক মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। পশ্চিমবঙ্গের বুকে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার মানুষের মধ্যে যে অঙ্গীকারের প্রতিশ্রুতি নিয়ে এসেছেন গণতন্ত্রিকরণ এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ—এই ব্যাপারে আমার পার্শ্ববর্তী ফ্রন্টের বন্ধুরা বক্তব্য রেখেছেন। আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না। তবে বিকেন্দ্রীকরণের কথা অবশ্যই বলতে হবে এবং একটা উদাহরণ হিসাবে লক্ষ্যণীয় যে বিকেন্দ্রীকরণের দ্বারা শুধুমাত্র নিয়মমতো, সময়মতো নির্বাচনই হয় না, নির্বাচনগুলোর সঙ্গে সঙ্গে সামগ্রিকভাবে পৌরসভাগুলোর পরিষেবার যোগান-এর মধ্যে আসছে কি না এবং তাদের যে প্রতিশ্রুতি সেই প্রতিশ্রুতি কার্যকর করার ক্ষেত্রে ওয়ার্ড কমিটি করার কথা যে বলেছে, একথা অবশ্যই স্বীকার করতে হবে।

যদিও আমাদের বিরোধী বন্ধুদের অনেক আপত্তি আছে ওয়ার্ড কমিটির ব্যাপারে, তাদের মনমতো না হওয়ায়। কিন্তু মানুষ যাকে নির্বাচিত করবেন তাকে আমরা ছোট করে কোনওদিনই দেখি না। ৪৫টি পৌরসভায় যেখানে তারা রয়েছেন, সেখানে তারা কি করছেন না করছেন তার নিদর্শন প্রতিদিন, প্রতি মুহূর্তে কাগজে এবং বিভিন্ন প্রচার পুস্তিকায় তা প্রকাশিত হচ্ছে। এই কথা অবশ্যই বলতে হয় আজকে আর্বান ডেভেলপমেন্ট যেভাবে বেড়ে গিয়েছে এটা আজকে আপনাদেরকেও এই বিষয়টাকে স্বীকৃতি দিতে হচ্ছে। যখন আপনারা ছিলেন তখন মাত্র ৮২টি পৌরসভা ছিল, আজকে সেটা বেড়ে ১২২টিতে দাঁড়িয়েছে এবং কত মানুষের মধ্যে এই পরিষেবাকে নিয়ে যাওয়া হয়েছে তার অঙ্ক আপনাদের কাছে পরিষ্কার। তবে বিরোধিতার জন্য বিরোধিতা করবেন না এই বিষয়টাকে উপলব্ধি করবার চেষ্টা করবেন।

পাশাপাশি এই কথাও অস্বীকার করতে পারবেন না যে আজকে আমাদের পশ্চিমবাংলায় পৌর পরিষেবার প্রশ্নে মাথাপিছু খরচ হচ্ছে ১৬৭ টাকা। যেখানে আপনাদের সময় খরচ হত ৬৭ পয়সা, যা আজকের টাকার মূল্যায়ন ৮/১০ টাকা মাত্র। স্বাভাবিক কারণে তাদের এই ব্যাপারে কোনও নৈতিক অধিকার আছে কি না, যারা পৌর পরিষেবা দিতে ৮/১০ টাকা ব্যয় করতেন। আজকে সেখানে ১৬৭ টাকা ব্যয় হচ্ছে। আমরা অবশ্যই এখানে মনে করছি না যে সব কিছু করা হয়ে গিয়েছে, আমরা মনে করছি আরও আরও বেশি করে করার দরকার আছে। সেই জায়গায় দাঁড়িয়ে বলব, তাদের এই ব্যাপারে কোনও নৈতিক অধিকার আছে কিনা বিরোধিতা করার। শুধু তাই নয়, এই বিষয়টাকেও রাখতে হবে, গত ২০ বছরের আগের ৩০ বছরের মূল্যায়নকে, এই মূল্যায়ন যদি না করি, কেননা আকাশ থেকে তো গত ২০টা বছর আসেনি, সেইজন্য তার আগের ৩০ বছরের মূল্যায়নটাও করার দরকার আছে। এটা করতে হবে। কারণ, গাছের গোড়া কেটে মাথায় জল ঢাললে সেই গাছ বাড়ে না, আপনারা সর্বনাশা যে বিষবৃক্ষ রোপণ করে গিয়েছেন তার ফল আমাদের ভোগ করতে হচ্ছে। প্ল্যান সিটি নিয়ে অনেকে বললেন, কলকাতা হাওড়ার সম্বন্ধেও বললেন, আমি বলি, হাওড়ার এই পরিষেবা ব্যবস্থার জন্য কে দায়ী? আজকে কলকাতা, হাওড়া এবং সমগ্র পৌরাঞ্চলগুলি নিয়ে যদি দেখেন তাহলে দেখবেন, যেখানে যেখানে বাজার, দোকানঘর, বাড়ি গড়ে উঠেছে তার দায় নিশ্চয় আমাদের আছে, কিন্তু দায়বদ্ধতা আমাদের উপর চাপিয়ে নিজেরা হাওয়া খাবেন, এটা যদি ভেবে থাকেন, তাহলে জনগণের কাছে আপনাদের কিছু বলার থাকবে না। আজকে মনে রাখতে হবে, শুধু জল, রাস্তাঘাট, স্বাস্থ্য ব্যবস্থা নয়, হাউসিং এর ব্যবস্থা করলেও হবে না, বেকার যুবক-যুবতীদের জন্য অর্থনৈতিক সহযোগিতা করা যাতে তারা নিজের পায়ে দাঁড়ানোর জন্য যে সুযোগ বিভিন্ন পরিষেবার মাধ্যমে দেওয়া হচ্ছে, আই. পি. পি. ৮ এর মাধ্যমে, সি. ইউ. ডি. পি.-র মাধ্যমে দেওয়া হচ্ছে, তা আজকে মানুষের মধ্যে নিম্ন মধ্যবিত্ত মানুষের মধ্যে ছড়িয়ে গেছে। মানুষের মধ্যে স্বাস্থ্য সচেতনতা কোন জায়গায় গিয়েছে, সেই দিকগুলি আপনারা দেখবেন। আপনারা দেখবেন, আপনাদের কিছু পরিচালিত বোর্ড আছে, বামফ্রন্ট সরকারের পরিচালিত কিছু বোর্ডও আছে, আপনারা গিয়ে দেখে আসুন নিউ ব্যারাকপুর হসপিটাল সেখানে কি ভাবে স্বাস্থ্য পরিষেবা তারা দিচ্ছে একটা মিউনিসিপ্যালিটি তাদের নিজেদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে। আপনাদের পরিচালিত পৌরসভায় যে টাকা ব্যয় হয়, সেই টাকাতেই তারা কাজ করছে। বালি মিউনিসপ্যালিটির কেদারনাথ হসপিটাল দেখে আসুন আপনাদের কাছে সেইগুলি পরবর্তীকালে দৃষ্টান্ত হিসাবে থাকবে বলে মনে করি। অবশ্যই এই পরিষেবার প্রশ্নে, আপনাদের কাছে বলতে হবে, আজকে আমাদের বক্তব্য আমরা বারবার বলছি, পরিশুদ্ধ জলের প্রশ্নে যে সমস্ত পরিকল্পনা এসেছে তাকে আমরা স্বাগত জানিয়েছি। আমরা স্বাগত জানিয়েছি, আমাদের হাওড়ার বক্ষে যে সমস্ত নূতন পরিকল্পনা হচ্ছে, আমরা স্বাগত জানিয়েছি এইচ. আই. টি., হাওড়া কর্পোরেশনকে তারা নূতন ভাবে কোনা এক্সপ্রেস ওয়ে নিয়ে চিন্তা করছেন।

[3-30 — 3-40 p.m.]

আজকে সালকিয়া ফ্লাই ওভারের কথা চিন্তাভাবনা করতে হচ্ছে। আজকে এই অবস্থায় দাঁড়িয়ে নতুন রাস্তা করার কথা চিন্তাভাবনা করতে হচ্ছে, সেইজন্য আমি অভিনন্দন জানাই।

উদার অর্থনীতির ফলে আজকে ব্যয়-বরাদ্দ বেড়েছে, সেটাকে অস্বীকার করছি না, কিন্তু কর বৃদ্ধির ব্যাপারটাও আমাদের দেখতে হবে। আমি এই বাজটেকে আবার সমর্থন করে এবং বিরোধীদের আনা অযৌক্তিক কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই আলোচনার জন্য যে সময় বরাদ্দ ছিল, দেখা যাচ্ছে তাতে হবে না। আমাদের আরও আধ ঘন্টা সময় বাড়াতে হবে। আশা করি আপনাদের আপত্তি নেই।

**(ভয়েস ঃ আমাদের আপত্তি নেই।)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আলোচনার সময় আরও আধ ঘন্টা বাড়ানো হল।

**শ্রী প্রীতম চ্যাটার্জি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, যে ডিমান্ড দুটি এখানে রাখা হয়েছে তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি দু-চারটি কথা এখানে বলব। মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য মহাশয় ৯০ নম্বর ডিমান্ড সম্বন্ধে বলবেন, আমি ২৬ নম্বর ডিমান্ড সম্বন্ধে বলছি। মাননীয় সদস্যরা এখানে কিছু প্রশ্ন তুলেছেন আমি সেই সম্বন্ধেই বলব। প্রথমেই আমরা আলোচনায় শুনতে পেলাম পাহাড়ি এলাকার কথা, বিশেষ করে কার্শিয়াঙের কথা বলেছেন মাননীয় সদস্যা শান্তা ছেত্রী। তিনি বলেছেন সেখানে বড় ভেহিকেলস চলে না। সেখানে ছোট ভেহিকেলস ভাল চললেও কিন্তু তাতে জল ধরে কম। আর বড় ভেহিকেলসে জল ধারণ করবার ক্ষমতা অনেক বেশি, এবং আপনাদের ওখানে জলের কোনও সোর্স নেই বললেই চলে। ইত্যবসরে আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে চাই, কালিম্পঙ আগুন হয়ে আছে। আমরা ইতিমধ্যে সেখানে ১৩টি হাইড্রেন তৈরি করেছি এবং চারটি রির্জারভার তৈরি করেছি এবং এক একটির ২৫,০০০ গ্যালন জল ধরবার ক্ষমতা আছে। এতে আমাদের ২৪ কোটি টাকার বাজেট এবং আমরা ইতিমধ্যে ৯ কোটি টাকা খরচ করেছি। গতমাসে গিয়ে আমি দেখে এসেছি, সেখানে কাজের যা অগ্রগতি তাতে আগামী দু' মাসের মধ্যে কাজ শেষ হয়ে যাবে। কার্শিয়াঙের ক্ষেত্রে আমরা দেখেছি সেখানে চারটে ছোট গাড়ি দিলেও কোনও সুবিধা হবে না। গাড়ির প্রশ্ন বড় নয়, জলের সোর্স সেখানে আমাদের বাড়াতে হবে। ওখানে যে ফায়ার ব্রিগেড স্টেশন আমরা করেছি ইতিমধ্যে তার কাজ প্রায় ৮৫ ভাগ শেষ হয়ে গেছে।

সেটা অন্ততপক্ষে ৮৫ ভাগ শেষ হয়ে গেছে। ১৫ ভাগ বাকি আছে। এটা বড় হচ্ছে। আপনাদের বাস স্ট্যান্ডের পাশে এটা হচ্ছে। আমরা নজর দিয়েছি। এবারে পাহাড়ের ক্ষেত্রে আমরা বলেছি দার্জিলিং-এ আমাদের যেটা আছে—পুরনো কেন্দ্রটা সেটা মাঝখানে কেন হয়নি জানি না। ২০ বছর না হয় বামফ্রন্ট সরকার তার আগে তো কংগ্রেস ছিল। বিজনবাড়িতে যেটা আমাদের বাজেট বক্তৃতায় আছে, তার কাজ শুরু হয়েছে। আর দু মাস পরে আমরা কাজ করে দিতে পারব। কালিম্পঙ এর কাজ ৮৫ ভাগ শেষ হয়ে গেছে। এই ব্যাপারে আমাদের যে কথা বলার আছে। অ্যাওয়ারনেস—মানুষের সচেতনতা বৃদ্ধি করে দেওয়াটাই বড় কাজ। সচেতনতা বৃদ্ধি করলেই তাদের মধ্যে প্রিভেনসন অটোমেটিক্যালি আসবেই। এটা নতুন কিছু কথা নয়, এটা পৃথিবীর কথা ডেভেলপড কান্ট্রিতেও এই কথা বলে থাকে। সেজন্য

আমরা এক মাস ধরে এই প্রিভেনসন অ্যান্ড অ্যাওয়ারনেস মান্থ পালন করেছি। আমরা দার্জিলিঙে সুবাস ঘিসিংকে নিয়ে করেছি। সেখানে সাড়া পেয়েছি। আমরা কলকাতায় করেছি। তবে আমরা মনে করি না যে অ্যাওয়ারনেস মান্থ বলে কোনও মান্থ হতে পারে। এটা একটা সাইকল হিসেবে চলবে। আজকে এখানে আপনারা বজবজের কথা বললেন যে বজবজের ফায়ার স্টেশন কাজ করছে না। না, এটা আমার কাছে খবর নেই। তিনটে পাম্প স্টেশন হচ্ছে, বজবজে তিনটে গাড়ি ভালমতো চলছে। হয়ত বিশেষ কোনও কারণে বেহালা থেকে গাড়ি আসতে পারে। বড় কোনও আগুন লাগলে পাশাপাশি যে সমস্ত স্টেশন আছে সেখান থেকে ভেহিকল যেতেই পারে। কিন্তু বজবজে কোনও ব্যবস্থা নেই, একথা আমি মানতে রাজি নই। আমি বলি যে আপনারা খুবই সন্তোষজনক অবস্থার মধ্যে আছেন। হ্যাঁ, আগুন লেগেছে, বড় বড় আগুন। কলকাতায় আগুন লেগেছে, মার্কেন্টাইল বিল্ডিং-এ আগুন লেগেছে ২ বার, বড় আগুন। তাছাড়া দু-একটা হাই রাইজ বিল্ডিং-এ আগুন লেগেছে। হ্যাঁ, আগুন লাগবে। এটা তো আপনারা জানেন যে এই কলকাতা আজকের কলকাতা নয় এটা ৩০০ বছরের পুরনো কলকাতা। সুতরাং আগুনের সঙ্গে লড়াই এর ব্যাপারে ইত্যবসরে যথেষ্ট কাজ করা হয়েছে। সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবাংলার যে স্ট্যাটিসটিক্স সেটা হয়ত খুবই নগণ্য হবে। কাগজে যা বেরোয় সে সম্পর্কে, যে সমস্ত খবর সেটা হয়ত একটা বাড়তি মাত্রা পেয়ে যায় মাত্র। আগুন নিয়ে আমরা চিন্তা করি। নিশ্চয় আগামী দিনে আমরা এই কলকাতা শহরকে আর ফায়ার-প্রোন কলকাতা থাকবে না এই শহরকে আমরা ফায়ার-প্রুফ কলকাতা করে তুলতে পারব। এই কথা বলে বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমাদের ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের বামফ্রন্ট সরকারের পৌর এবং নগর উন্নয়নের যে নীতি বা কর্মযজ্ঞ, তাতে তারা সন্তুষ্ট নন। বিশেষ করে তারকবাবু বলছিলেন যে, এখানে কিছু হচ্ছে না। আপনি এখানে একটা কথাই বারে বারে বলেছেন যে, সব ঝুট হ্যায়। আপনি বলেছেন যে, কলকাতায় রাস্তা হয়নি। কলকাতা জলে ডুবে যাচ্ছে। কলকাতার রাস্তাঘাট চলার উপযুক্ত নয়। সুতরাং আপনারা কলকাতার মানুষ বলে গর্ব করছেন না। কিন্তু কলকাতার কত পরিবর্তন হয়েছে গত কয়েক বছরে, সেটা দেখবেন। এই কথা আপনারাই কেবল স্বীকার করেন না। এটা শুধু আমরা বলছি তা নয়, আমাদের সবচেয়ে অতি বড় সমালোচক সংবাদপত্রগুলি, আপনারা জানেন যে, আমেরিকার নিউজ উইক পত্রিকা—তার কভার স্টোরিতে বেরিয়েছে যে, নিউ ক্যালকাটা, 'Surprise The World's worst city has cleaned up its Act'. এই রকম সবাই স্বীকার করেছেন যে, কলকাতার বিরাট পরিবর্তন হয়েছে। শুধু স্বীকার করছেন না আপনারাই। আমি আপনাদের বলি যে, কলকাতার মানুষ কিন্তু গত বিধানসভা নির্বাচনে এবং পুরসভা নির্বাচনে আপনাদের অনেক ভোট দিয়েছে, অনেক সমর্থন করেছে। কলকাতার পুর এলাকায় অন্তত পক্ষে ১৬-১৭ জন বিধায়ক আপনাদের দলের। ৪ জন সাংসদ আপনাদের দলের এবং অন্ততপক্ষে ৬৭ জন কাউন্সিলার আপনাদের দলের। আপনারাই বলুন যে, আপনারা কি ভূমিকা পালন করেছেন। উন্নয়নের জন্য আপনারা কি করেছেন বলুন। কলকাতার মানুষ

আপনাদের দুই হাত তুলে ভোট দিয়েছেন। আমরা যে আসনগুলিতে বিগত সময়ে জিতেছিলাম, সেই আসনগুলিতে ওরা আপনাদের ভোট দিয়েছে। কিন্তু আপনারাই বলুন যে, গত কয়েক বছরে কলকাতায় উন্নয়নে আপনাদের কি ভূমিকা আছে। একবারের জন্য কোনও দিন কোনও বিধায়ক বা কোনও সাংসদ বিধানসভা বা লোকসভাতে কোনও ক্ষেত্রেই একটা প্রস্তাবও উত্থাপন করেননি। কোনও ক্ষেত্রেই আমাদের কাছে কোনও পরামর্শ দেন না। আপনাদের মতামত আমাদের কাছে আপনারা জানান না। এই হচ্ছে আপনাদের চরিত্র। গত ২ বছর ধরে এতগুলি সাংসদ, এতগুলি বিধায়ক, কাউন্সিলার আপনাদের হাতে, কিন্তু কলকাতার উন্নয়নে কেউ যদি কোনও বাধা সৃষ্টি করেন, তাহলে সেই বাধা সৃষ্টি আপনারাই করেছেন। আজকে আপনারা উন্নয়নের কথা বলছেন। আপনারা বলছেন যে, কেন্দ্র নাকি টাকা দিচ্ছে। আপনারা বলছেন যে, বিশ্ব ব্যাঙ্ক টাকা দিচ্ছে। আপনাদেরই একজন বিধায়ক জটু লাহিড়ি এবং অম্বিকা ব্যানার্জি আমি সঠিক কাজ করেছি বলে আমাকে অভিনন্দন জানালেন। আমি আপনাকেও অভিনন্দন জানাই। এটা জানালাম এই কারণে যে, অম্বিকাবাবু এবং জটুবাবু আমার কাছে আসেন এবং দাবি করেন যে, এটা হওয়া উচিত, ওটা হওয়া উচিত। এই জায়গায় দাঁড়িয়ে আপনারা বলছেন যে, কলকাতায় কোনও রাস্তা হয়নি। ইস্টার্ন বাইপাস বা ব্যারাকপুর—কল্যাণী এক্সপ্রেস হাইওয়ে বা ৪ নাম্বার সেতু, নতুন করে আরও যে রাস্তা, ইস্টার্ন বাইপাসে নতুন করে প্রশস্তিকরণ-এর কাজ বা বিদ্যাসাগর সেতু এইসব করেছে কারা? কংগ্রেস দল যখন ক্ষমতায় ছিলেন, তখন তারা করেছিলেন, এটাই হচ্ছে আপনাদের দাবি। শুরু করেছিলেন আপনারা বিদ্যাসাগর সেতু, তার এক ইঞ্চিও কাজ হয়নি। আর যেখান থেকে আমরা শুরু করলাম, কেন্দ্রের কাছ থেকে আমরা ঋণ নিয়েছি।

সেটা সুদে-আসলে আমরা পরিশোধ করছি। সেই পরিশোধের কাজ চলছে। আজকে সারা পশ্চিমবঙ্গে পৌরসভাগুলোর উন্নয়ন ঘটেছে। পৌরসভাগুলোর মধ্যে বিরাট পরিবর্তন এসেছে। এখন পৌরসভাগুলোর মধ্যে প্রাণের স্পন্দন দেখা যাচ্ছে। এটা কেন হয়েছে? কারণ গত ২০ বছর ধরে বামফ্রন্ট সরকার গণতন্ত্রকে তৃণমূল স্তরে পৌঁছে দিতে পেরেছেন। বামফ্রন্ট সরকার মানুষের হাতে ক্ষমতা তুলে দিয়েছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছেন। বামফ্রন্ট সরকার রাজ্য জুড়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছেন। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের পরিচালিত পৌরসভাগুলো ছাড়াও, ৪৫টি পৌরসভা কংগ্রেস দল পরিচালিত করছেন। সেই কংগ্রেস দলের পরিচালিত পৌরসভাগুলোর প্রধানদের জিজ্ঞাসা করুন—২০ বছর আগে পৌরসভাগুলোর অবস্থা কি ছিল, আর আজকে পৌরসভাগুলোর অবস্থা কি হয়েছে। ২০ বছর আগে আপনাদের ক্ষমতার শেষ বছরে, আপনারা ১৯৭৫ এবং ১৯৭৬ সালে, পৌর খাতের পরিকল্পনা খাতে ব্যয় করতেন ২৫ লক্ষ ৯৮ হাজার টাকা, আর পরিকল্পনা বহির্ভূত খাতে ব্যয় করতেন ৫ কোটি ৭৫ লক্ষ টাকা, আর উন্নয়নের জন্য আপনারা মাথাপিছু ব্যয় করতেন মাত্র ৮৭ পয়সা। কিন্তু আমরা সি. এম. ডি. এ. এলাকার মধ্যে অবস্থিত মিউনিসিপ্যালিটির উন্নয়নের জন্য মাথাপিছু ব্যয় করি ১৯৫ টাকা এবং সি. এম. ডি. এ. এলাকার বহির্ভূত মিউনিসিপ্যালিটির উন্নয়নের জন্য মাথাপিছু ব্যয় করি ১৬৮ টাকা। আমরা শুধুমাত্র পরিকল্পনা খাতে ১৯৯৫-৯৬ সালে খরচা করেছি ১০৮ কোটি টাকা এবং ১৯৯৫-৯৬ সালে পরিকল্পনা বহির্ভূত খাতে খরচা করেছি ২০ হাজার কোটি টাকা। আমরা ১৯৯৬-৯৭ সালে পরিকল্পনা খাতে খরচা

করেছি ১৭১ কোটি ৩৭ লক্ষ টাকা এবং ১৯৯৬-৯৭ সালে পরিকল্পনা বহির্ভূত খাতে খরচা করেছি ২৩৭ কোটি টাকা। এ বছরের বাজেটে আমরা পরিকল্পনা খাতের জন্য রেখেছি ১৭৯ কোটি টাকা এবং এ বছরের বাজেটে আমরা পরিকল্পনা বহির্ভূত খাতের জন্য রেখেছি ২৭১ কোটি টাকা। এই বাজেট শুধু মাত্র পৌরসভার জন্য, এটা নগরোন্নয়ন বাজেট নয়। এই টাকা বিশ্বব্যাঙ্কের টাকা নয়, বিদেশি সাহায্যের টাকা নয়। আমরা যে রাজস্ব সংগ্রহ করেছি, তার থেকে এই টাকা আমরা ব্যয় করছি। রাজ্য সরকার পৌরসভাগুলোর ক্ষমতা কুক্ষিগত করে রাখেনি। রাজ্য সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছে। তবে এ ব্যাপারে সবচেয়ে বড় বাধা হচ্ছেন আপনারা, কংগ্রেস দল। কারণ আমরা পৌর উন্নয়নের কাজে, নগরোন্নয়নের কাজে পরিকল্পনা করার ক্ষেত্রে এবং পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে মানুষের অংশগ্রহণকে সবচেয়ে বেশি জোর দিয়েছি। এবং সেই কারণে পৌরসভার উন্নয়নের জন্য আমরা ওয়ার্ড কমিটি গঠনের কথা বলেছি। কিন্তু আপনারা কর্পোরেশনে দাঁড়িয়ে এই ওয়ার্ড কমিটি গঠনের বিরোধিতা করেছেন। আপনারা বলেছেন, 'ওয়ার্ড কমিটি' করব না। ওয়ার্ড কমিটিতে কি বলা আছে যে, সেখানে বামফ্রন্ট সরকারের প্রতিনিধি ছাড়া অন্য কোনও দলের প্রতিনিধিরা থাকবেন না? এটা আপনারা ভাল করে দেখুন। ওয়ার্ড কমিটি গঠন করার সঙ্গে সঙ্গে মানুষের সাথে কাউন্সিলারদের, পৌরসভাগুলোর যোগাযোগ আরও বাড়বে। এলাকার উন্নয়নের জন্য যে পরিকল্পনা হবে, তাতে অগ্রাধিকারের যে তালিকা, সেই অগ্রাধিকারের তালিকা তৈরির ক্ষেত্রে মানুষের মতামতকে যাতে আরও গুরুত্ব দেওয়া যেতে পারে, তার জন্য ওয়ার্ড কমিটি গঠন করার দরকার আছে। কিন্তু আপনারা ওয়ার্ড কমিটি গঠন করার ক্ষেত্রে বাধা দিয়েছেন।

[3-50 — 4-00 p.m.]

এখানে অনেকে কলকাতার পানীয় জল সরবরাহের কথা বললেন। ভারতবর্ষের যে কোনও বড় শহর থেকে কলকাতার মাথাপিছু পানীয় জল সরবরাহ বেশি। কলকাতাতে আমরা প্রতিদিন প্রায় ২০০ মিলিয়ন গ্যালন-এর বেশি জল সরবরাহ করে থাকি। কিন্তু এতেও আমরা সন্তুষ্ট নই, আমরা চাই কলকাতার পানীয় জল সরবরাহ ব্যবস্থাকে আরও উন্নত করতে। সেই কারণেই ফলতা এবং গার্ডেনরিচে দুটি নতুন জল প্রকল্পের কাজ শুরু করতে চলেছি। তার ফলে আগামী দু হাজার সালের মধ্যে কলকাতাতে আরও অন্তত ১০০ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করতে পারব। এর পাশাপাশি ২ হাজার সালের মধ্যে, কলকাতার পাশে তিনটি নতুন আন্ডারগ্রাউন্ড রিজার্ভারের কাজ শুরু করব কিছুদিনের মধ্যে। কলকাতায় পুরনো পাইপ লাইনের পরিবর্তে নতুন পাইপ লাইন বসানোর কাজ আমরা শুরু করেছি এবং এই কাজ চলবে। শুধু কলকাতা নয়, হাওড়া শহরের পানীয় জলের ক্ষেত্রে ২০ মিলিয়ন গ্যালনের প্রকল্পের কাজ কয়েক মাস আগেই শুরু হওয়ার কথা ছিল, কিন্তু সালকিয়ার কাছে জমি সংক্রান্ত ব্যাপারটি পরিবর্তন করে পদ্মপুকুরে ট্রিটমেন্ট প্ল্যান্ট করছি, সেইজন্য কিছু সময় লাগছে। আগামী কয়েক বছরের মধ্যেই হাওড়ায় ২০ মিলিয়ন গ্যালনে জল প্রকল্পে শুরু করতে পারব। কলকাতার বাইরে, বিশেষ করে গঙ্গার পূর্ব এবং পশ্চিম পাড়ে দুটো জায়গায়—বাঁশবেড়িয়া এবং ব্যারাকপুরে দুটো বৃহৎ পানীয় জল প্রকল্পের কাজের প্রথম পর্যায় করেছি। প্ল্যান এস্টিমেট হয়েছে, অর্থ সংগ্রহের চেষ্টা করছি। আশা করছি খুব অল্প সময়ের মধ্যেই কাজ শুরু করতে পারব।

এখানে অনেকে মেগাসিটির কথা তুলেছেন। আমি বলতে চাইছি, কংগ্রেস আমলে, মেগাসিটি সম্পর্কে তৎকালীন কেন্দ্রীয় সরকারের সঙ্গে চুক্তিতে আবদ্ধ হয়েছি। কিন্তু সেই মেগাসিটির ক্ষেত্রে গত চার বছরে, এমনকি এই যুক্তফ্রন্টের এক বছর সহ, মাত্র ৬৭ কোটি টাকা কেন্দ্রের কাছ থেকে আমরা পেয়েছি। কিন্তু রাজ্য সরকার দিয়েছে প্রায় ১৬১ কোটি টাকা এবং ঋণ হিসাবে ৮৯ কোটি টাকা বাজার থেকে সংগ্রহ করেছি নন-এস. এল. আর. বন্ডের মাধ্যমে। অথচ প্রতি বছর কেন্দ্রীয় সাহায্য আমাদের পাওয়ার কথা ছিল ৫০ কোটি টাকা করে। আমরা চেষ্টা করছি। গত কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যখন দিল্লিতে যান, প্ল্যানিং কমিশনে আলোচনা হয়। এই মেগাসিটি প্রকল্প যাতে ন্যাশনাল স্কীম, জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করা হয় এবং জাতীয় প্রকল্প হিসাবে প্রতি বছর অন্ততপক্ষে ৫০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দেন, আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় প্ল্যানিং কমিশনকে জানানো হয়েছে।

শুধুমাত্র কেন্দ্রীয় সাহায্যের উপর বসে না থেকে আমরা আমাদের যেটুকু ক্ষমতা আছে তাই দিয়েই যতটুকু উন্নয়নের কাজ করা যায় করে যাচ্ছি। আগামী এক বছরের মধ্যে, অন্ততপক্ষে ৯৮ সালের মধ্যে কোনও এক্সপ্রেস ওয়ের কাজ শেষ হবে। কোনা এক্সপ্রেস হাইওয়ের জন্য যে জমি অধিগ্রহণের কাজ সবচেয়ে বড় বাধা ছিল, সেই জমি অধিগ্রহণের কাজ আমরা শেষ করেছি। তার জন্য প্রতিটি পরিবারকে, যাদের জমি বা বাড়ি গেছে, তার জন্য কম্পেনসেশন দিয়েছি। এমনকি যারা ঠিকা টেন্যান্ট ছিল, তাদেরও বিকল্প ব্যবস্থা করে দিয়েছি এবং প্রায় প্রত্যেককেই ন্যূনতম এক কাঠা করে জমির ব্যবস্থা করে দিয়েছে। আশা করছি অন্তত এক বছরের মধ্যে, আগামী ১৯৯৮ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে কোনা এক্সপ্রেস ওয়ের কাজ শেষ হবে।

ব্যারাকপুর এবং তার সাথে সাথে হাওড়া নিয়ে বিষয়গুলো এখানে বলা হয়েছিল সে সম্বন্ধে বলছি, হাওড়ার ইস্ট-ওয়েস্ট রোড সি. এম. ডি. এ. হাতে নিয়েছে এবং কিছু দিনের মধ্যেই এই কাজ শেষ করবে। হাওড়ার ব্যবস্থার জন্য আমরা ৫ কোটি ৪৪ লক্ষ টাকা স্যাংশনের অনুমোদন দিয়েছি এবং তার কাজ খুব অল্প সময়ের মধ্যে শেষ করতে পারব। হাওড়া শহরের সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট, জঞ্জাল অপসারণের জন্য ২ কোটি ৯ লক্ষ টাকা অনুমোদন দিয়েছি। তার কাজ শুরু হয়ে গেছে। এছাড়া দশম অর্থ কমিশনের তহবিল থেকে হাওড়ার বস্তি এলাকার মানুষের জন্য বরাদ্দ রাখা হয়েছিল ৭ কোটি ৮ লক্ষ টাকা। কোনা ট্রাক টার্মিনালের কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে এবং এই ট্রাক টার্মিনালের কাজ আগামী ১ বছরের মধ্যে শেষ হয়ে যাবে। সুতরাং আজকে আমরা যদি এই কাজগুলো শেষ করতে পারি তাহলে হাওড়ার মানুষের জীবনে যে সমস্যাগুলো রয়েছে সেগুলোর সমাধান করতে পারব। শীঘ্রই সালকিয়া ফ্লাই ওভারের কাজ শুরু করব। এই জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে জটিলতা আছে। সেটা দূর হলে কাজ শুরু করতে পারব। এছাড়া হাওড়া মাস্টার প্ল্যান [illegible]র কাজ সার্বিক ভাবে শুরু হয়ে গেছে, অগ্রগতি হয়েছে, কিছু দিনের মধ্যে সেটা শেষ [illegible] পারব বলে আশা করছি। হাওড়ার পরিবেশ উন্নয়নের জন্য ডাচ গভর্নমেন্টের সহযোগিতায় 'আরজেন্ট এনভাইরনমেন্টাল ইম্প্রুভমেন্ট' প্রোগ্রাম হাতে নিতে চলেছি। এ বিষয়ে আলোচনার অগ্রগতি হয়েছে। হাওড়ার পাশাপাশি কেউ কেউ কলকাতার জল-নিকাশি সমস্যা সম্পর্কে

বলেছেন। এটা ১০০ বছরের পুরনো। এই সমস্যা সমাধানের জন্য এশিয়ান ডেভেলপমেন্ ব্যাঙ্কের সঙ্গে কথা বলেছি। এজন্য ৬০০ কোটি টাকা ঋণ চাওয়া হয়েছে। আমরা জানি যে কলকাতার পয়ঃপ্রণালী এবং নিকাশি ব্যবস্থাকে সংস্কার করতে হলে অনেক টাকা প্রয়োজন সামান্য টাকায় এই কাজ সম্ভব নয়। কলকাতা পুরসভার বাইরের পুরসভাতেও আমর একটা প্রাণের স্পন্দন জাগাতে পেরেছি। বিরোধিতা করার জন্যই বিরোধীরা এখানে বক্তব রাখলেও ওদের লোকেরা যে পুরসভাগুলোতে আছে তারাও এটা অস্বীকার করতে পারবে না যে, আসানসোল, শিলিগুড়ি, দুর্গাপুর, খড়গপুর—সমস্তগুলোর মধ্যে আজকে প্রাণের স্পন্দ এসেছে, উন্নয়নের কাজে মানুষের অংশগ্রহণ বেড়েছে। বামফ্রন্ট আজকে পুরসভাকে মানুষে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত বিশ্বস্ত বন্ধু-তে পরিণত করেছেন এবং এটা পুরসভার কাজের মধ্ দিয়ে প্রমাণ পাওয়া যাচ্ছে। এটা সম্ভব হয়েছে পুরসভাগুলোকে আইনগত, প্রশাসনিক ক্ষমত রাজনৈতিক ক্ষমতা দিতে পারত। কেউ কেউ বলেছেন, পুরসভাগুলো নাকি সব লুটে-পু খাচ্ছে, সব দুর্নীতিগ্রস্ত হয়ে গেছে। তাহলে তো আপনাদের ৪৫-টাও দুর্নীতিগ্রস্ত। সব খারা নাকি? আসলে কংগ্রেস পরিচালিত পুরসভাগুলোতে নৈরাজ্য চলছে। ওদের কাজ হচ্ছে, প্রতি তিন মাস অন্তর চেয়ারম্যান পরিবর্তন করা আর ফান্ড ডাইভার্ট করা। এসব হচ্ছে ওদে অন্তর্দলীয় রাজনীতির ফলে। এ বিষয়ে সাবজেক্ট কমিটির রিপোর্টে দেখা যাচ্ছে, ২৪ লক্ষ টাক কৃষ্ণনগর পুরসভাকে দেওয়া হয়েছিল সেখানকার গরিব মানুষের সেন্টার আপ-গ্রেডেশনে জন্য কিন্তু তা করা হয়নি, সমস্ত টাকা ডাইভার্ট করা হয়েছে। বিষ্ণুপুর পরুসভাকে খাটা পায়খানার জন্য আই. ডি. এস. এম. টি.-তে ৬ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। তাও ডাইভ করা হয়েছে অন্য খাতে। আজকে এই হচ্ছে আপনাদের পরিচালিত পুরসভাগুলোর চিত্র

[4-00 — 4-10 p.m.]

বাঁকুড়া পৌরসভায় পি. এইচ. ই. দপ্তর থেকে তাদের পানীয় জলের জন্য ১ কো টাকা দিয়েছে। এই ১ কোটি টাকা তারা ডাইভার্ট করেছে, পানীয় জলের জন্য খরচ করেনি ঝালদায় সেখানেও তাদের বিরুদ্ধে সেই একই অভিযোগ সেটাও আপনাদেরই পৌরসভ বনগাঁ যখন কংগ্রেস পরিচালিত ছিল তখন তারা কয়েক কোটি টাকার অপচয় করেছে সুতরাং আজকে যদি কোথাও বেহিসাবি খরচ হয়ে থাকে, বা অপ্রোয়োজনীয় খরচ হয়ে থাকে তাহলে সেটা কংগ্রেস পরিচালিত পৌরসভাগুলিতেই হয়েছে। যদি দুর্নীতি হয়ে থাকে, নৈরাজ্য হয়ে থাকে, সাধারণ মানুষের সঙ্গে যে সম্পর্ক তার যদি অবনতি কোথাও হয়ে থাকে, সে সব চেয়ে বেশি হয়েছে আপনাদের পরিচালিত পৌরসভাগুলিতেই। আজকে আপনারা ( কথাগুলি বলছেন সেগুলি সবই অর্থহীন। রাজস্ব সংগ্রহের উপর আমরা সবচেয়ে বেশি গুরু দিয়েছি। রাজস্ব বৃদ্ধির ব্যাপারে আমরা ইতিমধ্যেই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের মাধ্যমে ইতিমধ্যে আমরা মূল্যায়ন করেছি। কয়েক বছর আগে ৯৫টি পৌরসভাতে ২৪ কোটি টাকা রাজস্বে ডিমান্ড ছিল, আজকে সেটা বাড়িয়ে ৮০ কোটি টাকা আমরা করেছি। তার পাশাপাশি আম কলকাতা পৌরসভার ক্ষেত্রে গত আর্থিক বছরের আগের আর্থিক বছরে ৮৩ কোটি টা ট্যাক্স আদায়-এর কথা ছিল, সেটা বাড়িয়ে আমরা ১১০ কোটি টাকা করেছি। এই যে সাফ এটা আমরা সাধারণ মানুষের অংশগ্রহণের মাধ্যমে করতে পেরেছি। কেউ কেউ অডিটের প্র তুলেছেন। রাজ্যের ৯৫টি পৌরসভাতে ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত অডিট করার জন্য আম

এগজামিন অফ লোকাল বডিজকে অনুরোধ করেছি। প্রস্তাব পাঠিয়েছি কলকাতা সহ সমস্ত পৌরসভায় যাতে অডিট করা হয়। কেউ কেউ বেআইনি বাড়ি নির্মাণের কথা বলেছেন। যে সমস্ত পৌরসভায় যাতে অডিট করা হয়। কেউ কেউ বেআইনি বাড়ি নির্মাণের কথা বলেছেন। যে সমস্ত বেআইনি বাড়ি নির্মাণ হচ্ছে আমরা তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছি, যে সমস্ত অভিযোগ এসেছে আমরা তার বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নিয়েছি। এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। জলা ভূমিগুলিকে যাতে না বোজানো হয় এবং যে সমস্ত অভিযোগ পেয়েছি তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা আমরা নিয়েছি। দার্জিলিং, কার্সিয়াং-এর শ্রীমতী শান্তাছেত্রী পার্বত্য এলাকার শহরগুলির জন্য বলেছেন। এই পার্বত্য এলাকার শহরগুলির জন্য আমরা বিশেষ নজর দিচ্ছি। দার্জিলিং জেলার শহরের সমস্ত জঞ্জাল অপসারণের জন্য আমরা ৩০ কোটি টাকার প্রকল্প হাতে নিয়েছি এবং দার্জিলিং পৌরসভাকে দিয়েছি। এছাড়াও দার্জিলিংয়ের পরিবেশ উন্নয়নের জন্য আমরা বিশেষ প্রকল্পের চিন্তাভাবনা করছি। রাস্তার জন্য জনসংখ্যা ভিত্তিক নয়, যেহেতু দার্জিলিং পর্যটনকেন্দ্র তাই তার জন্য বিশেষ ব্যবস্থা নিয়েছি এবং আর্থিক সাহায্য করছি। কেউ কেউ আর্থিক বৈষম্যের প্রশ্ন তুলেছেন। এমন একটা পৌরসভা দেখাতে পারবেন যেখানে জনসংখ্যার ভিত্তিতে টাকা দেওয়া হয়নি, রাজনৈতিক কারণে আর্থিক বৈষম্য ঘটেছে? প্রতিটি পৌরসভাকে আমরা জনসংখ্যার ভিত্তিতে অর্থ সাহায্য দিয়ে থাকি। যে পৌরসভা জনসংখ্যার ভিত্তিতে অর্থ খরচ করতে পেরেছেন এবং তাদের ইউটিলাইজেশন সার্টিফিকেট প্রদান করতে পেরেছেন তারা টাকা পেয়েছেন। কোনও রাজনৈতিক কারণে আর্থিক বৈষম্য ঘটেনি। সি. এম. ডি. এ.-র মধ্যে এবং বাইরের পৌরসভাগুলিতে এবং প্রত্যেক পৌরসভাকে কিছুটা জনসংখ্যার ভিত্তিতে অর্থ দিয়ে থাকি।

কিন্তু রাজনৈতিক বৈষম্যের যে অভিযোগ এখানে তোলা হল তা মোটেই সঠিক নয়। এখানে একটা বিষয় আমি বলতে ভুলে গেছি, শ্রীমতী শান্তা ছেত্রীকে বলছি,—

हाम्रो Shanta Chettri ले सो भने कि पहाड़को सुन मा जुन घटना घत्यो त्यो एउटा Gangtok को घतना को repctutuib बन्ही र्गनु को लागी हामी जुन पहाड़को, जुन निर्माण को लागी Building निर्माण को rules मा हामी एउटा नया Provision जुक्त गरे। यो नया Provision मा पहाड़का area मा को 11 utr वेसी कुनै पनी Town मा यो Building र्गनु एकदुमै हामी बन्द गरी हिन्दौ।

No.2, Building र्गनु को पहिले यो रुउटा हामी Compulsory गरे।

No.3, जुन - जुन इलाका यहाँ को Notification मा प्रदापन मा यो Sinking Jone सस्तो Gangtok मा Sinking Jone वुलो - वुलो मकान गरे को थियो सस कारण ले त्यो घतना घटेको थियो; यो वन्द र्गन को लागी हामी जुन - जुन area sinking Jone वहाँ Building Construction को पहिले Government को एउटा अनुमोदन लिनु र्पदु यो नया building rules हामी incorporate गर्दौ।

এ ছাড়া আমি এ কথা আপনাদের কাছে বলতে চাই কলকাতা শহরের যে গুরুত্ব সেই গুরুত্ব অনুযায়ী কলকাতার উন্নয়নের কাজ আমরা চালিয়ে যাব। দ্বিতীয়ত, কলকাতা বাদে যে শহরগুলো আছে, সেগুলোর যেখানে যে রকম গুরুত্ব রয়েছে—সে জেলা শহর হতে পারে, মহকুমা শহর হতে পারে, যেখানে বাণিজ্যিক দিক দিয়ে, অর্থনৈতিক দিক দিয়ে কর্মকান্ড বেশি সেখানে বেশি গুরুত্ব দিয়ে—সেরকম গুরুত্ব দিয়ে আমরা কাজ করে যাব। আমি একথা মনে করি না যে, কলকাতার উন্নয়ন মানে শুধুই কলকাতার উন্নয়ন ; কলকাতার উন্নয়ন মানে সারা পূর্ব ভারতের উন্নয়ন, রাজ্যের উন্নয়ন, দেশের উন্নয়ন। ঠিক অনুরূপভাবে কোনও শহরের উন্নয়ন মানে শুধু সেই শহরেরই উন্নয়ন নয়, তার আশপাশের গ্রাম শহরের উন্নয়ন। উন্নয়নের কর্মকান্ডের মধ্যে দিয়েই এমপ্লয়মেন্ট জেনারেশন হতে পারে। সেই দৃষ্টিভঙ্গি থেকেই আমরা কলকাতা এবং কলকাতার বাইরের শহরগুলির উন্নয়নের নীতি গ্রহণ করেছি। আমরা সব জায়গায় সমান গুরুত্ব দিয়েই নগরায়ণের নীতি গ্রহণ করেছি। আমাদের নীতি—ছোট এবং মাঝারি শহরগুলিকে গুরুত্ব দিয়ে বড় শহরের ওপর থেকে জনসংখ্যার চাপ কমান এবং গ্রাম থেকে শহরে মানুষের আসার প্রবণতাকে বন্ধ করা। এর পাশাপাশি শহরের দরিদ্র মানুষের জন্য বিশেষ উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা। আমাদের পৌর দপ্তরের বাজেটের ১৭৫ কোটি টাকার মধ্যে ৯০ কোটি টাকার বরাদ্দ রেখেছি শুধু গরিব মানুষ বস্তিবাসীদের জন্য। আমরা যে পানীয় জলের নীতি গ্রহণ করেছি তাতে নিম্নবিত্ত মানুষ, গরিব মানুষ, অর্থনৈতিক দিক দিয়ে দুর্বল মানুষদের সমস্ত রকম করের আওতা থেকে ছাড় দিয়েছি। আর যে সমস্ত বিত্তশালী মানুষরা শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে বেশি জল ব্যবহার করবে তাদের জন্য কিছু করের ব্যবস্থা আমরা রেখেছি। এইভাবে আমরা সবসময় চেষ্টা করছি আর্থ-সামাজিক দিক দিয়ে পিছিয়ে পড়া দুর্বল মানুষদের দিকে দৃষ্টি দিতে। এটাই হচ্ছে আমাদের নগরায়ণের নীতি। নতুন পৌরসভা সম্বন্ধে কেউ কেউ প্রশ্ন তুলেছেন। তিনটে নতুন পৌরসভার প্রস্তাব আমাদের রয়েছে—পাঁশকুড়া, ডালখোলা এবং ধূপগুড়ি। যতক্ষণ পর্যন্ত না পঞ্চায়েত নির্বাচন হচ্ছে ততক্ষণ কোনও পঞ্চায়েতকে ভেঙে দিয়ে পৌরসভা করা যায় না। পঞ্চায়েত নির্বাচনের আগে প্রজ্ঞাপন জারি করব এবং পঞ্চায়েত নির্বাচনের পরে পৌরসভা রূপায়ণের আইনগত ব্যবস্থা গ্রহণ করব। যাই হোক যারা আজকে আমাদের এই বাজেটকে সমর্থন করে বক্তব্য রেখেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাচ্ছি এবং আমাদের বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

## Demand No. 26

The Motion of Shri Sultan Ahmed (No. 1), Shri Ashok Kumar Deb (No. 2), Shri Gyan Singh Sohan Pal (No. 3), Shri Kamal Mukherjee (No. 4-5), Shri Ajoy De (No. 6), Shri Tapas Roy (No. 7), Shri Sanjay Bakshi (No. 8), Shri Gopal Krishna Dey (No. 9), Shri Deba Prasad Sarkar (No. 10), Shri Saugata Roy (No. 11) and Shri Abdul Mannan (No. 12) that the amount of the Demand be reduced by Rs. 100/- were than put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 46,42,20,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)" during the year year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 15,48,00,000 already voted on account) was then put and agreed to.

**Demand No. 90**

The Motion of Shri Nirmal Ghosh (No. 1), Shri Ashok Kumar Deb (No. 2), Shri Sultan Ahmed (No. 3-4), Shri Deba Prasad Sarkar (No. 5) and Shri Shashanka Shekhar Biswas (No. 6) that the amount of the Demand be reduced by Rs. 100/- were than put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 216,25,33,000 be granted for expenditure under Demand No. 90, Major Head : "3604—Compensation and Assignments to Local Bodies and Panchyati Raj Institutions (Excluding Panchayati Raj)" during the year year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 86,50,00,000 already voted on account) was then put and agreed to.

## Twenty Second Report of Business Advisory Committee

**Mr. Speaker :** The Business Advisory Committee met in my Chamber on 18th June, 1997 and recommended the following programme of business from 23rd June to 26th June, 1997.

| | | | | |
|---|---|---|---|---|
| 23.06.1997, Monday | : | (i) Demand No. 12<br>(ii) Demand No. 77<br>(iii) Demand No. 78<br>(iv) Demand No. 80<br>(v) Demand No. 81 | Transport Department | .. 2 hours |
| | | (vi) Demand No. 31 | Sports & Youth Services Department | 1 hour |
| | | (vii) Demand No. 82<br>(viii) Demand No. 89 | Environment Department | .. 1 hour |
| 24.06.1997, Tuesday | : | (i) Demand No. 42<br>(ii) Demand No. 43 | Social Welfare Department | .. 1 hour |

| | | | |
|---|---|---|---|
| | (iii) Demand No. 69 | Power Department | .. 3 hours |
| 25.06.1997, Wednesday : | (i) Demand No. 59 | | |
| | (ii) Demand No. 60 | Panchayat & Rural | |
| | (iii) Demand No. 62 | Development | |
| | (iv) Demand No. 63 | Department | .. 4 hours |
| 26.06.1997, Thursday : | (i) Demand No. 66 | Irrigation & | |
| | (ii) Demand No. 58 | Waterways | |
| | | Department | .. 2 hours |
| | (iii) Demand No. 67 | Water Investigation & Development Department | $1^1/_2$ hour |
| | (i) The West Bengal Primary Education (Amendment) Bill, 1997 (Introduction, Consideration and Passing) | | $^1/_2$ hours |

(i) The House will sit at 2.00 p.m. on Thursday, the 26 June, 1997.

(ii) There will be no Questions for Oral Answer and Mention Cases on Thursday, the 26th June, 1997.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 22nd Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The Motion was then put and agreed to.

## DISCUSSION ON MOTION UNDER RULE 319

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the statement made by the MIC of the Finance Department on important procedural issues regarding consideration of the Report of CAG and related matters be taken into consideration.

**Mr. Speaker :** Mr. Roy, you have a substantive motion to move?

**Shri Saugata Roy :** Yes, Sir, I am moving.

Sir, I move the following substantive motion to substitute my earlier motion under Rule 319 that this House disapproves the statement made

by the MIC of the Finance Department on important procedural issues regarding consideration of the Report of the CAG and related matters.

**Mr. Speaker :** Mr. Roy, you make your speech.

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ অসীমকুমার দাশগুপ্ত আমাদের হাউসে যে বিবৃতি দিয়েছিলেন গত ১০ তারিখে কিছু প্রসিডিউরাল অ্যাকাউন্টিং-এর ব্যাপারে সে সম্পর্কে আমি আমার বক্তব্য রাখছি। আমি এই বিবৃতির পুরোপুরি বিরোধিতা করছি এবং আমি ডঃ অসীমকুমার দাশগুপ্ত ফিনান্স মিনিস্টারকে অভিযোগ করছি, I charge him for having broken down the financial disciplines in the State. I charge him for committing a fraud on the Indian Constitution. I charge him for violating the rules of appropriation, and finally, I charge him for having misled this august House. Sir, It is my contention that nothing but the resignation of the Finance Minister or a CBI probe into the allegations of defalcation and misappropriations into the Personal Ledger Accounts will satisfy me.

স্যার, আপনি জিজ্ঞাসা করতে পারেন যে আমি এত কড়া কথায় চার্জ করছি কেন? মাননীয় মন্ত্রী যখন অসত্য কথা বলেন তখন কড়া কথা বলা ছাড়া উপায় থাকে না। মাননীয় মন্ত্রী তার বিবৃতির দ্বিতীয় পাতায় বলেছেন, "The State Government has inherent powers to open such Accounts, whenever there is a necessity for doing so. Subsidiary Rules also provide for prior consultation with A.G. in this regard." "However, in certain exigencies of situation and where certain time-bound schemes demand immediate action, P.L. Accounts are allowed to be opened by the State Government."

স্যার, আমি সাবমিট করছি যে মন্ত্রী হাউসকে মিসলিড করেছেন। তার কারণ, এ. জি.-র কনসালটেশন ছাড়া কোনও এক্সিজেন্সিতেও অ্যাকাউন্ট খোলার অধিকার রাজ্য সরকারের নেই। "Sir, please read with me the subsidiary Rule 410. The following provision apply to moneys tendered for credit as Personal Deposits at a Treasurey :—(b) Moneys tendered by government officers acting in their official or any other capacity, and funds of quasi-public institutions, even though like certain dispensaries they may be aided by the Government, may not be accepted as Personal Deposits at a Treasury without the special permission of the Government for the opening of a banking account with that Treasury. Such permission may not be granted, except after consultation with the Accountant General and unless the Government is satisfied that the initial accounts of moneys to be held in such Personal Deposit Accounts are properly maintained and are subject to audit".

তার মানে Here consultation with the AG means concurrence, এবং

এই কনকারেন্স না পেলে পারসোনাল লেজার অ্যাকাউন্ট খোলার কোনও অধিকার স্টেট গভর্নমেন্টের নেই whatever be the exigency. অসীমবাবু রুলসটা চেঞ্জ করলে আমার আপত্তি ছিল না কিন্তু এই রুলস যতক্ষণ আছে ততক্ষণ পারসোনাল লেজার অ্যাকাউন্ট এ.জি.-র পারমিশন ছাড়া যদি খোলা হয় সেটা ইললিগ্যাল। অসীমবাবু এই গ্রাউন্ডে হাউসকে মিসলিড করেছেন যে উনি এক্সিজেন্সিতে খুলতে পারেন, উনি খুলতে পারেন না। He has deliberately misled the House.

স্যার, আরও একটা বিষয় এই প্রসঙ্গে বলে রাখি। যে টাকাটা পি. এল. অ্যাকাউন্টে রাখা হবে সেটা ৩১শে মার্চের পর সরকারে ফেরৎ দিতে হবে এবং এ ব্যাপারেও রুলস খুব পরিষ্কার। ৪১১-রুল বলছে, "Personal Deposit Accounts created by debit to the Consolidated Fund of the State, other than those created under any law or rule having the force of the law by transfering funds from the Consolidated Fund etc. however, shall be closed at the end of the financial years by minus debit of the balance to the relevant service heads in the Consolidated Fund of the State, similar Personal Deposit Accounts being opened in the following year again."

[4-20 — 4-30 p.m.]

রুলস খুব পরিষ্কার যে পার্সোনাল লেজার অ্যাকাউন্টে যে টাকা থাকবে তা বছরের শেষে সরকারকে ফেরৎ দিতে হবে। আবার যদি খুলতে হয় তাহলে পরের বছর আবার পার্মিশন নিয়ে খুলতে হবে। স্যার, অসীমবাবু এই দুটো গ্রাউন্ডে হাউসকে মিসলিড করেছেন। অসীমবাবুর বিবৃতির আরও বিরোধিতা করছি যেটা আমি সকালে বলেছিলাম যে, আমি কখনও শুনিনি যে একজন মন্ত্রী বিবৃতি দিয়ে ডাইরেক্ট ইনসাইটমেন্ট দিচ্ছেন যে এদের বিরুদ্ধে প্রিভিলেজ আনো। মন্ত্রী ভয় দেখাচ্ছেন উনি কি বলছেন? উনি বলছেন, "It is therefore. for the State Assembly to take a firm view of these unauthorised infringements into the constitutional procedure and privilege of the State Assembly."

স্যার, আমাদের রুলসে আছে যে সি. এ. জি. রিপোর্ট হাউসে প্লেসড হবে। প্লেসড হবার সঙ্গে সঙ্গে পি. এ. সি.-তে চলে যাবে। আমি একজন সাংবাদিক। আমার কাছে সি. এ. জি.-র রিপোর্টের একটা কপি এল, আমি ছেপে দিলাম। আমি কি জনস্বার্থ বিরোধী কাজ করছি? অ্যাসেম্বলির প্রেরোগেটিভ আছে। আগে না জানিয়ে অফিসিয়ালি যদি রিলিজ করা হয় তাহলে বোঝা যায়। আমরা প্রেস থেকে কপি যোগাড় করলাম, আমরা ছাপিয়ে দিলাম। বলা হচ্ছে যে এটা ইনফ্রিঞ্জমেন্ট অন দি অ্যাসেম্বলি এবং যেদিন অসীমবাবু এই স্টেটমেন্টটা দিয়েছেন, তারপরের দিন সি. পি. এম.-এর একজন সদস্য, তিনি একটা প্রিভিলেজ মোশন মুভ করলেন। আমি মনে করি যে, "The Fourth Estate may not be part of the establishment. is not like legislature, executive and judiciary. but it is part of the democratic set up.'

আপনি ফোর্থ এস্টেটকে থ্রেটেনিং করে, ইনটিমিডেট করে গণতন্ত্র চালাতে পারবেন না। আই টোটালি ডেসপাইজ ইট। শুধু তাই নয়, অসীমবাবু তারপরে একটা মিটিংয়ে বলেছেন, আমি জানি না রিপোর্ট ঠিক কিনা, যে পি. এ. সি. দিয়ে জবাব দেব উপযুক্ত এ.জি.-কে। এটা কি ধরনের কথা? পি.এ.সি. কি আপনার ব্রেকেনকলে চলবে? না, পি. এ. সি.-র কাজ সংবাদপত্রে যা বেরিয়েছে তার জবাব দেওয়া? আপনাদের আর একজন কলিগ, তিনি আর এক ধাপ এগিয়ে গিয়ে বলেছেন, একটা বিবৃতি বেরিয়েছে মন্ত্রী সুভাষ চক্রবর্তীর নামে, উনি ডিনাই করেননি। তিনি সেখানে এ. জি.-কে বলছেন যে, তোদের এসব কথা নিয়ে প্রেস কনফারেন্স করে বিবৃতি দেবার অধিকার কে দিল। 'তোদের'—পাবলিক মিটিংয়ে সুভাষ চক্রবর্তী বলছেন। কোথায় যাচ্ছে সি. পি. এম. পার্টি, কোথায় যাচ্ছে বামফ্রন্ট সরকার, আজকে এ. জি.-কে ভয় দেখানো হচ্ছে প্রকাশ্য ভাবে যে মন্ত্রী তার অ্যাকাউন্ট দেখতে পারে। সেজন্য অসীমবাবুর এই বিবৃতি আমি মনে করি এটা ছেঁড়া কাগজ, এটাকে ছিঁড়ে ফেলাই উচিত। স্যার, এবারে আমি আসল কথায় আসছি যে অ্যাকচ্যুয়ালি কি হচ্ছে। হোয়াট ইজ হ্যাপেনিং? আমি বলতে চাই যে এই রাজ্যে কি হচ্ছে? হোয়াট ইজ ইনসাইড স্টোরি? আপনি জানেন যে আমাদের সংবিধানে আছে যে, কি ভাবে আমরা টাকা অ্যাপ্রোপ্রিয়েশন করব, সংবিধানের ২০২ থেকে ২০৬ পর্যন্ত। স্যার, আমার কাছে কনস্টিটিউশনাল ল' অব ইন্ডিয়া আছে। আমি সেটা পড়ে সভার সময় নষ্ট করতে চাই না যে কিভাবে অ্যাপ্রোপ্রিয়েশন করা হবে। বাজেটে যে টাকাটা দেখালাম সেটা খরচ করার অধিকার শুধু সেই ফাইনান্সিয়াল ইয়ারের জন্য অ্যাপ্রোপ্রিয়েশন করি। এটাই কনস্টিটিউশনাল প্রসিডিওর। এই খরচটা যদি এই বছরের মধ্যে না করতে পারি তাহলে এই টাকাটা ল্যাপস্ করে যাবে। আমাদের আবার ফ্রেশ এ্যাপ্রোপিয়েশান করতে হবে। যদি টাকাটা সেন্ট্রাল গভর্নমেন্টের হয় তাহলে টাকাটা সেন্ট্রাল গভর্নমেন্টে ফেরত যাবে এবং আবাব আমরা চিঠি লিখে সেটা আনাবো। গত ৬ বছর ধরে অসীমবাবু পশ্চিমবঙ্গে কি সিস্টেম চালু করেছেন? এটা আগে ছিল না। অশোক মিত্রের সময়ে এটা ছিল না। অশেক মিত্রের সময়ে কিছু ওয়েজ অ্যান্ড মিনস-এর সমস্যা ছিল। উনি লিখেছিলেন যে সমস্ত পাবলিক আন্ডার টেকিংস তাদের টাকা ট্রেজারিতে রাখবেন। আর অসীমবাবু ১৯৯০-৯১ থেকে বললেন যে, টাকাটা ট্রান্সফারের সঙ্গে সঙ্গে ট্রান্সফার করে পার্সোনাল লেজার অ্যাকাউন্টে নিয়ে যাও। স্যার, এখানে একটা কথা বলে রাখতে চাই। পার্সোনাল লেজার অ্যাকাউন্টের বিশেসত্ব হচ্ছে, ইট মাস্ট বি অপারেটেড বাই দি গভর্নমেন্ট অফিসার। পার্সোনাল ডিপোজিট অ্যাকাউন্ট একজন জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, পৌরসভা লোক অপারেট করতে পারে। The drawing and disbursing officer for a personal ledger account is always a Government official, Treasury Calcutta. কিভাবে সেগুলো চলে? আমাদের রাজ্যে ৭২টি ট্রেজারি রয়েছে। তার মধ্যে কলকাতার পে অ্যাড অ্যাকাউন্টস অফিস একটি ট্রেজারি। একজন ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসার বিল ড্র করবেন এবং সেটা ট্রেজারিতে জমা পড়বে। অ্যাসেম্বলির ক্ষেত্রে যেমন বিল জমা পড়বার পর বিলের টাকা আমরা ড্র করি। এছাড়া অধিকাংশ ট্রেজারিতে কারেন্সি চেষ্টা নেই। তাই অধিকাংশ ট্রেজারি থ্রু স্টেট ব্যাঙ্ক অপারেট করে। সেক্ষেত্রে অফিসার বিল পাস করে দিলে সেটা চেক ফর্মে স্টেট ব্যাঙ্কে যায় এবং সেখান থেকে ক্যাস চলে আসে। এছাড়া ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসারদের একটা ছোট চেষ্টা থাকে যাতে ব্যাঙ্ক থেকে আনা টাকা থাকে। তবে ডি. এম.-এর মতো ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসারদের কাছে যে চেষ্টা থাকে তাকে টাকা রাখা যায়।

গত ৬ বছর ধরে পি. এল. অ্যাকাউন্টে অ্যাডভান্স কন্টিনজেন্সি বিল করে টাকা তুলে নেওয়া হয়েছে এবং সেটা পার্সোনাল লেজার অ্যাকাউন্টে জমা দেওয়া হয়েছে। পি. এল. অ্যাকাউন্ট ইজ ব্যাঙ্কিং অ্যাকাউন্ট উইথ দি ট্রেজারি। বছরের শেষে পি. এল. অ্যাকাউন্টের টাকা ফেরৎ যাচ্ছে না। একটি একজাম্পল দিলে বুঝবেন। একটি বই রয়েছে—অডিট থেকে দেওয়া—স্টেটমেন্ট নাম্বার ১৬, ফিনান্স অ্যাকাউন্টস। তাতে দেখতে পাচ্ছি, দেয়ার আর হান্ড্রেডস অফ ক্রোড়র্স অফ রুপিজ ইন দি ক্রেডিট অ্যাকাউন্ট। আপনি ফিনান্স অ্যাকাউন্টস-এর রিপোর্টটা দেখুন, সেখানে অত টাকা রয়েছে, অথচ খরচ হয়নি টাকা। টাকাটা অ্যাপ্রোপ্রিয়েশন করলেন, কিন্তু খরচ করলেন না অথচ হাউসকেও সেটা জানালেন না। ইজ ইজ নট এ ফ্রড অন দি কনস্টিটিউশন? ইজ ইজ নট বাইপাসিং দি হাউস? কে হাউসের প্রিভিলেজ ভঙ্গ করেছেন? সংবাদপত্র, না অসীমবাবু? দিস হ্যাজ টু বি ক্লিয়ার্ড। কারণ এর ফলে ডেঞ্জারাস ব্যাপার হতে পারে। একটা সিম্পল একজাম্পল দিচ্ছি। একটা সেন্ট্রালি স্পন্সোর্ড স্কীম রয়েছে ৫০ ; ৫০ শেয়ারের ; ৫০ পারসেন্ট টাকা দেবেন রাজ্য সরকার এবং ৫০ পারসেন্ট টাকা দেবেন কেন্দ্রীয় সরকার। ঐ স্কীমে আপনি ১০ কোটি টাকার একটা স্কীম করলেন। ১০ কোটি টাকা অ্যাডভান্স কন্টিনজেন্সি বিলের মাধ্যমে তুলে পার্সোনাল লেজার অ্যাকাউন্টে রেখে দিলেন। যেহেতু ট্রেজারি থেকে টাকা তুলে নিয়েছেন, সেটা ডেবিটেড টু দি কনসোলিডেটেড ফান্ড অব ইন্ডিয়া—টাকাটা খরচ হয়ে গেছে ধরা হবে। এবারে কেন্দ্রীয় সরকার দেখলেন যে, ১০ কোটি টাকা তুলে সেটা যেহেতু আপনারা খরচ করে ফেলেছেন, তার জন্য তারা তাদের ৫ কোটি টাকা দিয়ে সেন্ট্রাল শেয়ার রিলিজ করলেন এবং সেটা আপনারা পেয়ে গেলেন। এই ৫ কোটি এবং আপনাদের ১০ কোটি টাকা খরচ না করে পি.এল. অ্যাকাউন্টে রেখে দিলেন, মাইনে দিলেন পরের বছর। হোয়াট ইজ দেয়ার টু প্রিভেন্ট দিস? শোনা যাচ্ছে, পশ্চিমবঙ্গে দেড় থেকে দুই হাজার পার্সোনাল লেজার অ্যাকাউন্ট রয়েছে। আসলে পি. এল. অ্যাকাউন্ট কত রয়েছে সেটা এ.জি.-র পক্ষেও কেউ বলতে পারছেন না। অর্থাৎ ঢালাও ভাবে পি. এল. অ্যাকাউন্ট খোলা হয়েছে।

আমরা সাবজেক্ট কমিটির মিটিংয়ে দেখেছি, অনেক ডিপার্টমেন্ট, যেমন ওয়েস্ট বেঙ্গল সিড কর্পোরেশন, তারা পি. এল. অ্যাকাউন্টে টাকা রেখেছে, ওয়েস্ট বেঙ্গল ফিশারিজ কর্পোরেশন—তারা পি. এল. অ্যাকাউন্টে টাকা রেখেছে। কিন্তু পি. এল. অ্যাকাউন্টে কারও টাকা আলাদা করবার কোনও উপায় নেই, কারণ কোনও হেড নেই সেখানে। শুধু চেক দিয়ে টাকা তুলে নাও। ফলে নয়-ছয় হচ্ছে টাকা। অসংখ্য উদাহরণ রয়েছে ডাইভারশন অব ফান্ডস-এর কেমোফ্লেজিং অব দি অ্যাকচুয়াল ফিনান্সিয়াল অ্যান্ড ওয়েজেস অ্যান্ড মিনস পোজিশনের। নর্থ দিনাজপুরে এই ইল্লিগ্যাল পি. এল. অ্যাকাউন্টে রাখা টাকার পরিমাণ ১০ কোটি টাকা, সাউথ দিনাজপুরে ১১ কোটি টাকা। সেখানকার ১২টা ট্রেজারিতে দেখতে পাচ্ছি, ৯০ কোটি টাকা ইল্লিগাল পার্সোনাল লেজার অ্যাকাউটে ট্রান্সফার করা হয়েছে এ. জি.-র পারমিশন ছাড়া। ১৯৯৪-৯৫ সালে টোটাল ২,৬১৫ কোটি টাকা ট্রান্সফার করে, আই শ্যাল সে অ্যান্ড আই চার্জ, ইল্লিগ্যালি হোল্ড করা হয়েছে পি. এল. অ্যাকাউন্টে এবং সেটা কনস্টিটিউশনালি হোল্ড করা হয়নি। কনস্টিটিউশনে যে ইলাবোরেট প্রসেস রয়েছে টাকা খরচ করবার, মাননীয় অসীমবাবু সেটা ভেঙে দিয়েছেন। আমরা কোনও স্টেটমেন্ট দিতে বলিনি,

নিজে এসে একটা স্যুও মোটো স্টেটমেন্ট দিয়েছেন। যেমন, ঠাকুর ঘরে কে—আমি কলা খাইনি গোছের। এটা হতে পারে না। আজকে পার্সোনাল লেজার অ্যাকাউন্টের টাকা নয়-ছয় হয়েছে এবং আমার জবাবি ভাষণে কোথায় কোথায় টাকা নয়-ছয় হয়েছে সেটা বলব।

তাই স্যার, আমি বলছি এই স্টেটমেন্ট আমি আগে ছিঁড়ে ফেলেছিলাম আজকে পুরো ছিঁড়ে ফেললুম, স্যার।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পি. এল. অ্যাকাউন্ট নিয়ে যে আলোচনা হচ্ছে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ নিঃসন্দেহে। আমি এত দিন ধরে বামফ্রন্ট সরকারের তরফ থেকে যে প্রতিশ্রুতি এবং যে কথা শুনে আসছি যে তারা সর্বস্তরে বিশেষ করে আর্থিক লেনদেন, ট্রান্সফারেন্সি বজায় রেখে করেন। আজকে সেই বুলিতে সেই কথাতে যে কত ফাঁক তা সি. এ. জি. রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি। খুব আশ্চর্যের কথা, যদি আপনারা মনে করেন যে আপনারা জলে ধোয়া তুলসি পাতা, আর্থিক লেনদেনে কোনও অনিয়ম হয়নি, কোনও চুরি জোরচুরি হয়নি, এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা হয়নি তাহলে আমি বলব যে পশ্চিমাংলার জনগণের মনে যে সন্দেহ দেখা দিয়েছে সেই সন্দেহ দূর করবার জন্য আপনাদের উচিত, আপনাদের নিজস্ব সম্মান নিজস্ব মান আপনারা নিজেরা এতদিন ধরে যা বলে এসেছেন তার ধারাবাহিকতা বজায় রাখার জন্য আপনাদের উচিত এ. জি.-কে দিয়ে পারসোনাল লেজার অ্যাকাউন্ট, অন্যান্য যে সমস্ত অ্যাকাউন্টগুলি ট্রেজারি থেকে সরিয়ে নেওয়া হয়েছে সেইগুলি অডিট করান। এই ব্যাপারে আমরা দাবি করব যে, এই সমস্ত অভিযোগ আপনাদের বিরুদ্ধে উঠেছে, এই অভিযোগের ব্যাপারে সি. বি. আই.-কে দিয়ে তদন্ত করে আপনারা যে নির্দেশ, সংবিধানের যে সমস্ত নিয়ম কানুন মেনে চলা উচিত আপনারা বলেছেন তা আপনারা মেনে চলেছেন সেটা প্রমাণ করবার জন্য আপনারা এগিয়ে আসুন। আপনারা অনেক সময় সি. বি. আই. এনকোয়ারি করেছেন হাইকোর্টের চাপে পড়ে। আপনারা নিজের থেকে কোনও সময় এই রাজ্যে সি. বি. আই. এনকোয়ারিতে সায় দেননি। এই সুবর্ণ সুযোগ আপনাদের সামনে রয়েছে। এই অভিযোগ উঠেছে কংগ্রেসের তরফ থেকে নয়, একটা সাংবিধানিক অথরিটি—কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল, যার পূর্ণ দায়িত্ব আপনার সরকারি হিসাব-পত্র কিভাবে খরচ হচ্ছে সেটা নজর রাখার। সেই সংস্থা সেই অথরিটি থেকে যখন একটা সন্দেহমূলক বিবৃতি, সন্দেহমূলক কার্যকলাপের একটা হিসাব বার হয়েছে যেটা কাগজে বার হয়েছে, আপনাদের উচিত সি. বি. আই.কে দিয়ে তদন্ত করিয়ে আপনারা প্রমাণ করুন যে আপনারা নির্দোষ। তাই আমি দাবি করব, এখানে মাননীয় অর্থমন্ত্রী আছেন মাননীয় মুখ্যমন্ত্রী আছেন কয়েক দিন আগে বিধানসভার ভেতরে এই পি. এল. অ্যাকাউন্ট নিয়ে যে সমস্ত তথ্য এই পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন পত্র-পত্রিকায় যা বেরিয়েছে সেইগুলির ব্যাপারে সি. বি. আই-কে দিয়ে এনকোয়ারি করিয়ে আপনারা নিজেরা যে স্বচ্ছ যেটা আপনারা বলে এসেছেন সমস্ত বিষয়ে সেই স্বচ্ছতা প্রমাণ করার জন্য, জনগণের মনে আপনাদের আর্থিক লেনদেনের যে সন্দেহ দেখা দিয়েছে সেই সন্দেহ যাতে সম্পূর্ণ দূরীভূত হয় সেই দিকে এগিয়ে আসুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখতে পাচ্ছি যে, সি. এ. জি. পরিষ্কার করে বলেছে।

আজকে আপনারা আনন্দবাজার কাগজের বিরুদ্ধে প্রিভিলেজ মোশন এনেছেন এবং সৌগতবা বলেছেন তার ভাষণে যে, কাগজ, কাগজ তার ডিউটি পালন করবে। আপনাদের যদি কোন গাফিলতি ধরা পড়ে সেই গাফিলতি খুঁজে বার করা তো খবরকাগজের কাজ।

এই যে এত জিনিস ভারতবর্ষে হয়ে গেল, আমেরিকাতে ওয়াটার গেট কেলেঙ্কারি হয়ে গেল, এতো কাগজের সাংবাদিকদের কৃতিত্ব। তাদের কাজ, পবিত্র কর্তব্য হচ্ছে যে প্রত্যেক সরকারের কোথায় দোষ, কোথায় ত্রুটি, সেগুলোকে খুঁজে পেতে বার করা, যাকে বলে ইনভেস্টিগেটিভ জার্নালিজম—এটা আপনারা জানেন। প্রত্যেক পার্টিরও একটা থাকা দরকার দুর্ভাগ্যবশত হয়ত নানা অসুবিধার মধ্যে অনেক পার্টির থাকে সেই রকম ইনভেস্টিগেটিভ এজেন্সি, অনেক পার্টির সেই রকম নেই। কিন্তু খবরের কাগজগুলো সেই সমস্ত পূর্ণ দায়িত্ব পালন করছে। তারা যেমন আপনাদের কৃতিত্ব-র কথা তুলে ধরবে, তেমনি আপনাদের দুর্নীতির কথা যা দেখতে পাবে, সেগুলো কাগজে বেরোবে। এতো সাধারণ কথা। এতে রেগে যাওয়ার কারণ নেই। হঠাৎ রেগে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী সুয়োমোটো একটা বিবৃতি দিলেন যে, না, কোনও অনিয়ম করিনি। আপনারা অনিয়ম করেননি, এটা আপনারা বললেই হবে না। অনিয়ম করছে বলে যাদের বিরুদ্ধে অভিযোগ এসেছে, তারা বললে এটা প্রমাণ হয় না একটা ইন্ডিপেন্ডেন্ট অথরিটিকে দিয়ে বিচার করিয়ে বললে হবে। যে, না, আপনারা ঠিক খবরের কাগজ যা বলেছে তা ঠিক নয়। এটাই নিয়ম। সাধারণ মানুষের মনে যখন আপনাদের বিরুদ্ধে সন্দেহ দেখা দিয়েছে সি. এ. জি.-র রিপোর্ট বেরোবার পরে, তাহলে সি. বি আই.—এনকোয়ারি ছাড়া আর কোনও পথ নেই। আপনারা ২০ বছর ধরে যে ট্রান্সপারেন্সির কথা বলে আসছেন যে, সাংবিধানিক ভাবে আপনারা কাজ করে যাচ্ছেন, সেটাকে রক্ষার জন্য সি. বি. আই. এনকোয়ারি রাজি হোন। এছাড়া আমরা মনে করি না আর কোনও পথ আছে সি. এ. জি. অনেক কথা বলেছেন। সি. এ. জি. বলেছেন, 'দি অ্যাকচুয়ালস অ্যান্ড দি রিভাইজড এস্টিমেটস শোন ইন দি বাজেট উড নট বি ট্রান্সওয়ার্দি।' অর্থাৎ বাজেট বরাদ্দের হিসাব বিশ্বাসযোগ্য নয়। আমরা বাস্তবক্ষেত্রে দেখছি—জওহর রোজগার যোজনার যে টাকা সেই টাকা নিয়ে বহুবার আমাদের মনে সন্দেহ এসেছে। বিধানসভায় আমরা বহুবার বলেছি আজ থেকে চার পাঁচ বছর আগে আমার নিজের জেলা মুর্শিদাবাদে দেখেছি। আমি সূর্যকান্ত মিশ্রকে একটা চিঠি দিয়েছিলাম। আজও তার উত্তর পাইনি। কাগজে দেখছি, এত টাকা অ্যালটমেন্ট হয়েছে। বাস্তবে যখন দেখছি, তখন দেখছি গ্রাম পঞ্চায়েত সেই অ্যালটমেন্টের টাকা পাচ্ছে না। ১৯৯২-৯৩ সালে তারা যে টাকা পেত, তার অধিক আজকে পাচ্ছে না কেন? বিধানসভায় প্রশ্ন করে আমরা দেখতে পাচ্ছি, জওহর রোজগার যোজনায় ১৯৯১-৯২ সালে যে টাকা দিতেন, ১৯৯৫-৯৬ সালে অনেক বেশি টাকা দিচ্ছেন। কিন্তু বাস্তবে আমরা দেখতে পাচ্ছি, গ্রাম পঞ্চায়েতগুলো সেই টাকা পাচ্ছে না। এখানে অনেক মাননীয় সদস্য আছেন। তারা উঠে দাঁড়িয়ে বলুন, ১৯৯১-৯২ সালে জওহর রোজগার যোজনায় গ্রাম পঞ্চায়েত যে টাকা পেয়েছে, ১৯৯৫-৯৬ সালে তার থেকে বেশি টাকা পেয়েছেন? কৈ, বলুন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখুন, কেউ বলতে পারছেন না। অথচ আমরা দেখছি, ১৯৯১-৯২ সালের তুলনায় ১৯৯৫-৯৬ সালে বেশি টাকা এসেছে। সেই টাকা কোথায় গেল? সেই টাকা পি. এল. অ্যাকাউন্টে গিয়েছে। কিন্তু সেই টাকা পি. এল. অ্যাকাউন্টে এখন নেই। কোনও টাকা

কোথায় খরচ হয়েছে তা বার করা কারও বাপের সাধ্য নেই। ওখানে একটা টাকা জওহর রোজগার যোজনার টাকা, অন্যান্য টাকা, মিলিয়ন ওয়েল স্কীমের টাকা, রাস্তার টাকা, অমুক টাকা, নানা রকম টাকা পি. এল. অ্যাকাউন্টে চলে যাচ্ছে। পি. এল. অ্যাকাউন্ট-এ এই টাকা পেলাম, তার থেকে কত খরচ করলাম, এই টোটাল হিসাব পি. এল. অ্যাকাউন্ট রাখে। দু' হাজার কোটি টাকা এল, আবার দু' হাজার কোটি টাকা বা এক হাজার ন'শ নিরানব্বুই কোটি টাকা গেল, এই হিসাব পি. এল. অ্যাকাউন্টে থাকে। কিন্তু কোন খাতে কত এসেছে, কত খরচ হয়েছে তার হিসাব পি. এল. অ্যাকাউন্ট রাখে না। সি. এ. জি. কি করে বুঝবেন? কি করে অডিট করবেন? পি. এল. অ্যাকাউন্ট কত টাকা এসেছে আর কত খরচ হয়েছে এই হিসাব রাখে।

[4-40 — 4-50 p.m.]

তার হিসাব তো রাখেন না, পি. এল. অ্যাকাউন্টেও সেই হিসাব নেই। তাই কোনও অ্যাকাউন্ট থেকে কত টাকা পেল আর সেই খাতে কত টাকা পি. এল. অ্যাকাউন্ট থেকে নেওয়া হল তার কোনও হিসাব পি. এল. অ্যাকাউন্টে থাকে না। সি. এ. জি.-র অডিটেও পি. এল. অ্যাকাউন্টে কোন খাতের টাকা কোন খাতে দেওয়া হল বা কত খরচ হল তার কোনও হিসাব দিতে পারে না। সুতরাং গোটা বিষয়টা সি. বি. আইকে দিয়ে এনকোয়ারি করান। আরও ইনভেস্টিগেশন করে মানুষকে জিজ্ঞাসা করুন কোন খাতের টাকা কত খরচ হয়েছে, এই ব্যাপারে ডিটেলস জানান। আপনারা তো দাবি করেন যে, আপনারা ধোওয়া তুলসি পাতা, কিন্তু এই ব্যাপারে ইনভেস্টিগেশন ছাড়া আবিষ্কার করা কোনও মানুষের পক্ষে সম্ভব নয়। আপনারা তো বারে বারে বলার চেষ্টা করেন যে, আমরা ধোওয়া তুলসি পাতা, সাংবিধানিক নিয়ম অনুসারে সমস্ত টাকা আপনারা খরচ করেছেন এবং সেটা যদি প্রমাণ করতে চান তাহলে সেই প্রমাণ করবার একমাত্র পথ হচ্ছে সি. বি. আই. এনকোয়ারি মেনে নিন, এটাকে কোনও প্রেস্টিজ ইস্যু করবেন না। এটা প্রেস্টিজ ইস্যুর ব্যাপার নয়। আপনাদের প্রেস্টিজ বাঁচাবার জন্যই বলছি যে, আপনারা মনে করুন যে হ্যাঁ, আমরা কোনও অন্যায় করিনি, নিয়ম মেনে কাজ করেছি, সংবিধানিক নিয়ম অনুসারে কাজ করেছি, তাহলে অসীমবাবুর তো ভয় থাকার কথা নয়, এতে তো লজ্জার কিছু নেই, সি. বি. আই এনকোয়ারি করাতে, আমার তো মনে হয় রাজি হয়ে যাওয়া উচিত। আমি আশা করব এই দাবি আপনি মেনে নেবেন এবং আপনাদের বিরুদ্ধে যে অভিযোগ এনেছি, গুরুত্বপূর্ণ অভিযোগ, সেগুলো খন্ডন করবার জন্য এবং আপনাদের মানসম্মান বাঁচাবার জন্যে সি. বি. আই. এনকোয়ারি মেনে নিয়ে প্রমাণ করুন যে আপনারা কোনও অসাংবিধানিক কাজ করেননি, নিয়ম মেনে চলেছেন— এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১০ই জুন আমাদের মাননীয় অর্থমন্ত্রী এখানে যে বিবৃতি পেশ করেছেন সি. এ. জি. রিপোর্ট কন্সিডার করার ব্যাপারে, এই বিবৃতি সম্পর্কে আমার প্রথম বক্তব্য হল যে, বিগত কয়েক বছর বিশেষ করে ৫ বছর ধরে পশ্চিমবাংলায় রাজ্যের আর্থিক প্রশাসনের ক্ষেত্রে যে স্বেচ্ছাচারিতা চলে আসছে, অবৈধ পি. এল. অ্যাকাউন্ট খুলে হাজার হাজার কোটি টাকা, এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করাই

শুধু নয়, সেই টাকার নয়ছয় হচ্ছে, এইরকম যেখানে দুর্নীতি এবং কেলেঙ্কারি, তখন সেটাকে আড়াল করবার জন্য স্বীকার করার পরিবর্তে সাফাই গাওয়ার চেষ্টা করে এই বিবৃতি দিচ্ছেন তা আরও অপরাধজনক। এর আমি তীব্র প্রতিবাদ জানাই। সরকারের অ্যাডমিনিস্ট্রেটিভ, প্রশাসনিক হিসাব নিকাশ, ট্রান্সপারেন্সির দায়বদ্ধতা, গণতান্ত্রিক চরিত্রে মূল্যবোধ সম্পর্কে সরকার জনগণের কাছে অ্যাসিওর করতে চাইছেন কিন্তু কার্যত আজকে সেখানে আমরা যে রিপোর্টগুলো পাচ্ছি তাতে তিনি পি. সি. এস. সি.-কে দোহাই দিয়েছেন, তিনি পঞ্চায়েতগুলোর ট্রান্সপারেন্সি নিয়ে কথা বলেছেন। কিন্তু তার স্টেটমেন্টের মধ্যে স্বীকৃত রয়েছে যে, এ. জি. অনুমতি ছাড়াই পি. এল. অ্যাকাউন্ট খোলা হয়েছে। পেজ থ্রিতে এই ব্যাপারে বলা আছে, আমি সেটা আর পড়ছি না। সেখানে তার স্বীকৃত রয়েছে যে, এ. জি. অনুমোদন ছাড়াই পি. এল. অ্যাকাউন্ট খোলা হয়েছে। পরে এ. জি.-কে জানানো হয়েছে। সেখানে পরিষ্কার করে বলা হয়েছে যে, জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির কিছু কিছু অডিট হচ্ছে না, তারই স্বীকৃত কথা। অথচ উনি আবার বলছেন যে, প্রতিটি পাই পয়সার হিসাবে আমরা জনগণের কাছে দেবার জন্যে বদ্ধ পরিকর। সর্বশেষে লাস্ট প্যারাগ্রাফে সার্টেন কোয়ার্টার থেকে ইনফ্রিঞ্জমেন্ট হচ্ছে। সেখানে বলেছেন unauthorised infringement into the constitutional procedures and privileges of the State Assembly। প্রকারান্তরে যারা এই সমস্ত দুর্নীতির কথা প্রকাশ করেছেন, ন্যাচারালি সেই মিডিয়ার বিরুদ্ধে তিনি প্রিভিলেজ আনার হুমকি দিয়েছেন এবং তাদের বিরুদ্ধে অ্যাসেম্বলির অধিকার ভঙ্গের অভিযোগ এনেছেন।

এবং কনস্টিটিউশনকে লঙ্ঘন করার অভিযোগ এনেছেন। আমি মনে করি, অর্থমন্ত্রীর বিরুদ্ধে যে অভিযোগ আনতে চেয়েছেন, এই অভিযোগ কার্যত মিডিয়ার বিরুদ্ধে নয়, এই অভিযোগ কার্যত অর্থমন্ত্রীর বিরুদ্ধে, তার দপ্তরের বিরুদ্ধে ; তার সরকারের বিরুদ্ধে। স্যার, আমি আপনাকে, আপনার দপ্তরে প্রিভিলেজ নোটিশ দিয়েছি। এ. জি. যে চিঠি দিয়েছে, আজকে কাগজে বেরিয়েছে, মারাত্মক ব্যাপার। এ. জি. সম্প্রতি যে চিঠি দিয়েছে রাজ্য সরকারকে, সমস্ত দপ্তরের সচিবদের কাছে সেই চিঠি গিয়েছে এবং তাতে যে কথা বলা হয়েছে, সেটা অত্যন্ত মারাত্মক। বিগত ৫ বছর ধরে এখানে সমস্ত নিয়ম নীতি লঙ্ঘন করে যে ব্যয়বরাদ্দ এখানে আমাদের বিধানসভায় পেশ করা হয়েছে, তা বিধানসভাকে ভুল বোঝানো হচ্ছে। সঠিকভাবে হিসাব দেওয়া হচ্ছে না, যেটা কিনা বিধানসভাকে প্রতারণা করা এবং সংবিধানে ২০২ থেকে ২০৬ ধারা অনুযায়ী যে ব্যয়বরাদ্দ পেশ করা এবং সঠিক হিসাব দেওয়া, তাকে লঙ্ঘন করা। সেইজন্য আমি এখানে প্রিভিলেজ এনেছি যে, আমাদের বিধানসভার অধিকার ভঙ্গ করা হয়েছে। এই নোটিশ আমি বিধানসভায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে জমা দিয়েছি। ফলে এই অভিযোগ আজকে ওর বিরুদ্ধে প্রযোজ্য। আজকে আড়াই হাজার কোটি টাকা পি. এল. অ্যাকাউন্টে—যদি কোনও আপৎকালীন বিষয় না থাকে তাহলে সেটা খোলা যায় না—এখানে ট্রেজারি রুলস যা আপনারা সরকার থেকে করেছেন ২১০ (বি), ২১০ (ডি), ২১১ রুলস এবং তার সাব রুলস এই কথা বলছে। এটা আপনারা সকলেই জানেন। অর্থাৎ বন্যা হলে আচানক কিছু হলে একটা পি. এল. অ্যাকাউন্ট খুলে, এ. সি. বিলস করে পরবর্তী পর্যায়ে ডি. সি. বিল করে সেইগুলি করতে হয়। কিন্তু আজকে ৯১ সাল থেকে ঢালাও পি. এল. অ্যাকাউন্ট খোলা হয়েছে এবং বিভিন্ন খাতে বরাদ্দকৃত টাকা

কোটি কোটি ট্রেজারি থেকে তুলে বহু পি. এল. অ্যাকাউন্ট অবৈধভাবে এ. জি.-র অনুমোদন ছাড়া খোলা হয়েছে। এই ভাবে আড়াই হাজার কোটি টাকার উপর পি. এল. অ্যাকাউন্টে টাকা ডাইভার্ট করে দেওয়া হয়েছে। সেই খাতের টাকা কার্যত কোন খাতে খরচ হচ্ছে, সেটাও ঠিক ঠিক খরচ হচ্ছে কিনা, কতটা অপচয় হচ্ছে সেটা দেখার কারুর সাধ্য নেই। এ. জি.-র নজরদারির বাইরে। ফলে আজকে পশ্চিমবাংলার যেভাবে দুর্নীতিগ্রস্থ অবস্থা হয়েছে, কংগ্রেস বি. জে. পি., জনতা দল ও অন্যান্য রাজ্যের সরকারের বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে, কেলেঙ্কারির অভিযোগ উঠেছে, আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার সম্পর্কেও সেই আর্থিক কেলেঙ্কারি—তাদের বিশ্বাসযোগ্যতা হারিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমাদের পক্ষ থেকে রাজ্যের সম্পাদক দাবি জানিয়েছে যে আমরা চাইছি রাজ্য সরকার রাজ্যে যে সমস্ত অভিযোগ উঠেছে সেই সম্বন্ধে শ্বেতপত্র প্রকাশ করা হোক। আজকে জনগণ এর মনে যে প্রশ্ন দেখা দিয়েছে তার অস্তিত্ব সম্পর্কে রাজ্য সরকারের সততা সম্বন্ধে যে বিশ্বাসযোগ্যতার প্রশ্ন দেখা দিয়েছে এই ব্যাপারে আজকে শ্বেতপ্রত্র প্রকাশ করা হোক। মিডিয়ার কাছে যে অভিযোগ এসেছে তার সম্বন্ধে শ্বেতপত্র প্রকাশ করা হোক। এই সমস্ত অভিযোগের উপযুক্ত জবাব দিয়ে শ্বেতপত্র প্রকাশ করে তিনি তার বিশ্বাসযোগ্যতা প্রমাণ করুন। আমি দাবি করছি, এই বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল গঠন করা হোক যাতে যথোপযুক্ত তদন্ত হয়। যে সমস্ত অভিযোগগুলি হয়েছে এই তদন্তর ভিত্তিতে যারা এর জন্য শাস্তি পাওয়ার যোগ্য তারা যাতে শাস্তি পায়, এর প্রতিবিধান হয় তার দাবি জানাচ্ছি।

আমাদের রাজ্যের পক্ষ থেকে আমাদের রাজ্যের সম্পাদক আজকে মুখ্যমন্ত্রীর কাছে এই মর্মে চিঠি দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে তাই বলতে চাই যে, অর্থমন্ত্রীর এই সমস্ত আর্থিক কেলেঙ্কারি, এই যে ৫ বছর ধরে আমাদের বিধানসভায় যথোপযুক্তভাবে হিসাব পেশ না করে তারা বিধানসভাকে ভুল বুঝাচ্ছেন। এবং এ. জি. নাকি আমি শুনেছি, উনি একটা মিটিং ডেকেছেন শনিবার রাইটার্সের রোটান্ডায়, সেখানে ৭২টি ট্রেজারি অফিসারদের ডেকেছেন মিটিং করতে এই পি. এল. অ্যাকাউন্টস সংক্রান্ত বিষয় নিয়ে। সমস্ত দায়িত্বটা তারা এখন ট্রেজারি অফিসার-এর ঘাড়ে চাপাতে চাইছেন।

**(এর পর বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)**

[4-50 — 5-00 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় বিধায়ক সৌগতবাবু যে মোশনটা এনেছেন আমি তাকে পূর্ণ সমথন করছি। আমার সময় কম, তার মধ্যে দিয়েই আমি মাননীয় অর্থমন্ত্রীকে আমার বক্তৃতার মাধ্যমে জবাবটা দেব। তাছাড়াও ঐ স্টেটমেন্টের উপর আমার কিছু বক্তৃতা আছে, তার একটা কপি আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে দিচ্ছি, যাতে উনি সময় পেয়ে উপযুক্ত উত্তর দিতে পারেন। ঐ একই কপি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকেও দিচ্ছি, আপনারাও দেখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সৌগতবাবু এখানে যে প্রশ্ন রেখেছেন, একটা রিপোর্টের জন্য মাননীয় অর্থমন্ত্রী এত রেগে গেলেন কেন? এরও একটা কারণ আছে, স্বাধীনতার পরে বহুদিন এই বিধানসভাতে

আমরা দেখেছি, প্রত্যেক অর্থমন্ত্রী সি. এ. জি. রিপোর্ট বিধানসভায় পেশ করেন। উনিই হচ্ছেন প্রথম অর্থমন্ত্রী যিনি একটা সি. এ. জি. রিপোর্ট বিধানসভাতে পেশ করেনি, শুধু একটা স্টেটমেন্ট দাখিল করলেন এবং স্টেটমেন্ট দাখিল করার সঙ্গে সঙ্গেও গণমাধ্যমকে একটা ভয় দেখালেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে স্টেটমেন্টটা একটু পড়ার জন্য অনুরোধ করব। মন্ত্রী স্টেটমেন্ট দেন ৩৪৬ ধারা অনুসারে। "The statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Speaker, but no question can be asked at the time the statement is made." What is the particular matter that relates to public importance. কিন্তু ঐ স্টেটমেন্টে কোথাও সেটা নেই, শুধু কিছু প্রসিডিওরাল পদ্ধতি আছে। উনি ৩৪৬ ধারা অনুসারে স্টেটমেন্ট করেছেন, There is no specific matter of public importance for which the Minister made a statement and the statement is no statement according to Rule 346. I must say. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি পি. এল. অ্যাকাউন্ট হচ্ছে একটা দুর্নীতির উৎস। বিহারে চাঁইবাসা পি. এল. অ্যাকাউন্ট কেলেঙ্কারিতে এক হাজার কোটি টাকা নয়ছয় হয়েছে এবং তাতে লালুপ্রসাদ যাদব অভিযুক্ত হয়েছে। উত্তরপ্রদেশে আর্য়ুবেদ কেলেঙ্কারিতে পি. এল. অ্যাকাউন্টের টাকা নয়ছয় হয়েছে, আর আমাদের রাজ্যে আড়াই হাজার কোটি টাকা অবৈধ ভাবে পি. এল. অ্যাকাউন্টে গেছে। লালুপ্রসাদ যাদবের ঠার্কুদা অসীম দাশগুপ্ত মহাশয় এখানে বসে আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব উদ্বেগের সঙ্গে বলছি, মাননীয় অর্থমন্ত্রীর দপ্তরে আমি চিঠি দিয়েছিলাম, উই হ্যাভ দি প্রিভিলেজ, কোনও মন্ত্রীর দপ্তরে আমরা চিঠি দিয়ে যদি জানতে চাই, তাহলে উনি জানাতে বাধ্য। আমি ফিনান্স সেক্রেটারিকে বলেছিলাম, দুটো চিঠির কপি আমাকে দিন। আমি ১৩. ৭. তারিখে ফিনান্স সেক্রেটারিকে একটা চিঠি দিয়েছিলাম, ফিনান্স সেক্রেটারি সেই চিঠি রিসিভ করেছে, কিন্তু তার উত্তর আমাকে দেননি। আমি দুটো ভেরি ভাইটাল জিনিস জানতে চেয়েছিলাম, যে সমস্ত অবৈধ পি. এল. অ্যাকাউন্টস ছিল সেগুলো বন্ধ করার জন্য চিঠি দেওয়া হয়েছিল, তার ডি. ও. নম্বর এ-১২১১২৫৫, তারিখ ২০.৯.৯৫ এবং এ. জি. অফিস থেকে একটা চিঠি দেওয়া হয়েছিল তার কপিও আমি চেয়েছিলাম, কিন্তু সেটা আমি পাইনি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সবচেয়ে দুঃখের বিষয় এটা উনি জানেন না নয়, উনি জানেন। ওর ডিপার্টমেন্টাল সেক্রেটারি এম ওয়ান ১১/৫১ ডেটেড ৪. ৪. ৯৬। ৯৬ সালেতে উনি জানতেন এইরকমভাবে—অবৈধভাবে পি. এল. অ্যাকাউন্ট খোলা হয়েছে চারিদিকময়, কিন্তু উনি বন্ধ করেননি। কেন? উদ্দেশ্যে একটাই। উদ্দেশ্যে, পশ্চিমবাংলার লোককে বিভ্রান্তির মধ্যে রেখে দিয়ে শুধু জাগলারি অব ওয়ার্ডস, তার মধ্যে দিয়ে উনি সমস্ত মানুষকে বোঝাতে চেয়েছেন যে শাক দিয়ে মাছ ঢাকা, সেই চেষ্টা উনি করেছেন শেষ পর্যন্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমার নয়, এটা এই যে ২ হাজার ৫শো কোটি টাকা—এটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরই একটা বই আছে সেই অ্যানুয়াল রিভিউ, অর্থ দপ্তরের অধীনে অডিট রিপোর্ট, ১৯৯৪-৯৫। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি আপনার অধীনে অডিট দপ্তর। ১৯৯৪-৯৫, অ্যানুয়াল রিভিউ অন দি ওয়ার্কিং অব দি ট্রেজারিস ইন ওয়েস্ট বেঙ্গল। এতে ২ হাজার ৬শো ১৫ কোটি ২২ লক্ষ ১৭ হাজার টাকার হদিশ পেয়েছিল। এইরকমভাবে অন্যায় করে

পি. এল. অ্যাকাউন্ট সমস্ত জায়গায় ছড়িয়ে রাখা হয়েছে। ইট ইজ ইওর ডিপার্টমেন্টাল এনকোয়ারি।

আজকে আপনি জানা সত্ত্বেও বছরের পর বছর এই বিধানসভায় অসত্য ভাষণ করে যাচ্ছেন। আজকে অর্থমন্ত্রী হিসেবে আমি আপনাকে চার্জ কবছি। ৬২টা ট্রেজারিতে, আপনি ১০ মাস আগে জানতে পেরেছেন যে সেখানে বহু কোটি টাকা জমা পড়ে রয়েছে এবং পি. এল. অ্যাকাউন্টে জমা পড়েছে। পি. এল. অ্যাকাউন্টটা কি। পি. এল. অ্যাকাউন্ট ছিল আগে। পি. এল. অ্যাকাউন্ট খোলা হত প্রত্যেক জেলাতে একটা করে। পি. এল অ্যাকাউন্ট মানে প্রকৃতির দুর্যোগে সেখানে বন্যা হয়ে গেছে, খরা হয়ে গেছে, এইগুলোকে দেখার জন্য একটা করে পি. এল. অ্যাকাউন্ট খোলা হয়। কিন্তু এখানে কি হয়েছে। এখানে আমরা দেখতে পাচ্ছি যে ১২টা ট্রেজারিতে স্যাম্পেল সার্ভে থেকে ১২টা ট্রেজারিতে ২১১টা পি. এল. অ্যাকাউন্টে খোলা হয়েছে এবং তাতে প্রায় ৯০ কোটি টাকা ইনভলভ। আপনি জবাব দেবেন জবাবি ভাষণ। আজকে আমি আপনাকে চার্জ করছি এই যে ১২টা ট্রেজারিতে, ২২১টা পি. এল. অ্যাকাউন্ট খোলা হয়েছে ৯০ কোটি টাকার। এটা আপনি জানতেন কি না? আপনি জানতে পারবেন না। আপনার অর্থ দপ্তর জানতে পারবে না। পি. এল. অ্যাকাউন্ট খোলা হল, আপনি আপ্রাণ চেষ্টা করেও জানতে পারবেন না। আপনার দপ্তর সারা পশ্চিমবাংলায় ৭২টা ট্রেজারিতে ঘুরে ঘরে বার করতে পারবে না কোন খাতের টাকা, কোন জায়গায় গেল। কোন খাতের টাকা কেন পি. এল. অ্যাকাউন্টে গেল। বিহারের লালুপ্রসাদ যাদব পশু খাদ্য চুরি করেছে। আর আপনি কি করেছেন? আপনি পি. এল. অ্যাকাউন্টে গরিব টাকা, বিধবা ভাতা, বার্ধক্য ভাতা, যে পেনশনের টাকা পাবে সেই সমস্ত টাকা আত্মসাৎ করেছেন পি. এল. অ্যাকাউন্টে টাকা রেখে দিয়ে। জওহর রোজগার যোজনায় গরিব লোকেরা টাকা পাবে। হাজার হাজার লোক কাজ পাবে। সেগুলো বন্ধ করে দিয়েছেন। সে পশুর খাদ্য খেয়েছে, আর আপনি গরিবের পেটে লাথি মেরেছেন। সে পশুর খাদ্য খেয়েছে আর আপনি গরিবের রুটি কেড়ে নিয়েছেন। আপনি বার্ধক্য ভাতা, বিধবা ভাতা সব বন্ধ করে দিয়েছেন, এই পি. এল. অ্যাকাউন্টে টাকা রেখে। বেকাররা প্রধানমন্ত্রীর রোজগার যোজনায় টাকা পায়, তাদের টাকা পর্যন্ত আপনি আত্মসাৎ করেছেন, করে রেখে দিয়েছেন পি. এল. অ্যাকাউন্টে। আজকে লালুপ্রসাদ যাদব গরুর খাদ্য খেয়েছেন আর আপনি গরিবকে আরও ভিখিরি করেছেন। গরিবের টাকা খেয়েছেন। আপনি বেকারদের টাকা খেয়েছেন। আপনি সকলের টাকা খেয়ে বসে আছেন। মাননীয় অর্থমন্ত্রী আবার পরে আমি দেখেছি, আপনি জানেন, আপনার অফিসাররা আপনাকে জানিয়েছে যে এই রকমভাবে ট্রেজারিতে অ্যাকাউন্ট খোলা হয়েছে। বাই এ. জি. মেমো নাম্বার আপনাকে যেটা বলেছে, তাতে সরকার-এর যথেষ্ট উন্নয়ন প্রকল্পের টাকা আছে, সে টাকাগুলো গেল কোথায়। এ চিঠির উত্তর আপনি দিতে পারেননি। আপনি জানেন যে আপনাদের দুর্নীতি এমন একটা জায়গায় পৌঁছেছে যে সেখান থেকে বেরিয়ে আসার কোনও পথ আপনার নেই।

[5-00 — 5-10 p.m.]

আপনি আমাদের বিধানসভায় প্রতি বছর বিভিন্ন ভাবে ভুল বুঝিয়ে এসেছেন। আজকে

আপনি এক ঘন্টা বলবেন, আর আমি ১৫ মিনিট বলব। ২৯৪ জন বিধানসভার সদস্য শীততাপনিয়ন্ত্রিত কক্ষে হাত চাপড়ে বা টেবিল চাপড়ে যদি হ্যাঁ বা না বলি, ৮ কোটি মানুষের কণ্ঠ স্তব্ধ করতে পারবেন না। তারা জেনে গেছে যে, আপনার দুর্নীতি আড়াই হাজার কোটি টাকা নয়, যদি তদন্ত হয়, তার চেয়ে আরও বেশি হবে। আপনি চাপার চেষ্টা করছেন। আজকে বলতে পারেন এটাত আপনার একার ব্যাপার নয়। বিহারে তো লালুপ্রসাদের একলার ব্যাপার নয়—এই টাকা নয়ছয় হচ্ছে। এতে কয়েক ডজন আই. এ. এস. অফিসার পড়বে। কয়েক ডজন ডবলু. বি. সি. এস. অফিসার পড়বে। শত শত অফিসাররাও এর সঙ্গে যুক্ত হবে। আপনি চাপার চেষ্টা করছেন কেন? আপনি চাপার চেষ্টা করছেন কেন স্টেটমেন্ট দিয়ে? এই ব্যাপারটা আপনি কেন বলছেন না? আপনার জন্য আমার দুঃখ নেই। আপনার পিছনে বসে আছেন একজন প্রবীণ মন্ত্রী, উনি মুখ্যমন্ত্রী। আপনি মুখে চুনকালি মেখেছেন—ওই ভদ্রলোক—ওর বিরুদ্ধে কেউ বলতে পারত না। এই মন্ত্রিসভায় আপনি দুর্নীতি করেছেন, আপনার জন্য ওর মুখে চুনকালি পড়বে। সব পশ্চিমবঙ্গের মানুষের মুখে চুনকালি পড়বে। আপনি চলে যাবেন। আপনি গিয়ে যা পারেন করুন। সব পশ্চিমবঙ্গের মানুষের মুখে চুনকালি পড়বে। আপনি চলে যাবেন। আপনি গিয়ে যা পারেন করুন। কিন্তু প্রশ্ন একটাই। আজকে পশ্চিমবঙ্গের মানুষের কাছে জবাবদিহি করতে পারবেন না যে, কেন আজকে আমাদের প্রকৃতপক্ষে টাকাগুলি দেওয়া হয়নি। আপনাদেরই সাবজেক্ট কমিটির রিপোর্টে—এই তো আর্থিক দুর্নীতি—প্রভঞ্জনবাবু ছিলেন চেয়ারম্যান, তিনি বলেছেন, এক খাতের টাকা অন্য খাতে খরচ হয়েছে। পারবেন তাকে পার্টি থেকে তাড়িয়ে দিতে? পারবেন কি? তিনি রিপোর্টে বলেছেন, এটাও তো আর্থিক দুর্নীতি। আপনি নিজেও জানেন যে, আজকে পশ্চিমবঙ্গের প্রত্যেকটা ডিপার্টমেন্টের যতগুলি মন্ত্রী মুখ শুকিয়ে বসে আছেন, কাকে কোনও সময়ে সব টাকা দিয়েছেন। কোনও ভাগ্যবান মন্ত্রী আছেন যিনি সবসময় সব টাকা পেয়েছেন, কেন্দ্রীয় সরকারের যোজনা খাতের টাকা, পরিকল্পনার টাকা, মন্ত্রীদের চিঠি দপ্তরে দপ্তরে পাঠিয়ে দিয়েছে? মন্ত্রীর চটি জুতো ছিঁড়ে গেছে আপনার দপ্তরে ঘুরতে ঘুরতে। ফাইলের পর ফাইল ছাড়া হয়েছে। আপনি টাকা দিয়েছেন সব মন্ত্রীদের বছরের শেষে। টাকা দিলেন বছরের শেষে, যখন তাদের খরচা করার ক্ষমতা নেই বা কিছু খরচ হল, আর আপনার অর্থ দপ্তরে থেকে গেল—সেটাও পি. এল. অ্যাকাউন্টসে রেখে দিলেন। আপনি দেখালেন যে, এই টাকাটা খরচ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাদের কথা নয়, আপনার সাবজেক্ট কমিটির কথা নয়, এর আগেতেও হয়েছে—নজরত কেলেঙ্কারির ঘটনা। এটা নতুন কথা নয়। নজরতখানায় যে কেলেঙ্কারি হল, বি. সি. মুখার্জি যে রিপোর্ট দিয়েছিলেন, সেই কমিশনের রিপোর্ট আপনারা মেনেছেন? সেই কমিশনের রিপোর্টে ১৪টা কেস হয়েছে। কিন্তু আজকে আমি ব্যক্তিগতভাবে জানি যে, সেই কমিশনের রিপোর্টে ১৪টা কেস হয়েছে। কিন্তু আজকে আমি ব্যক্তিগতভাবে জানি যে, সেই নজরতখানা কেলেঙ্কারির অফিসাররা কেউ কেউ প্রমোশন পর্যন্ত পেয়েছেন। স্যার, এ যাদু উনি জানেন, যা এতদিন আমাদের কাছে এটা অজানা ছিল। এত দিনে এই পি. এল. অ্যাকাউন্টস থেকে সেটা বুঝতে পারলাম। প্রত্যেক ডিপার্টমেন্টে এক্সেস এক্সপেন্ডিচার হচ্ছে। এটা কি পি. সি. সরকারের ম্যাজিক? প্রত্যেক ডিপার্টমেন্টে এক্সেস এক্সপেন্ডিচার হচ্ছে। বাজেট, সাপ্লিমেন্টারি বাজেট এক্সেস এক্সপেন্ডিচার হচ্ছে। টাকা কোথা থেকে আসছে? আপনার যদি দুর্নীতি করার, জোচ্চুরি করার টাকা জমানো না থাকে?

তাহলে এক্সেস এক্সপেন্ডিচার দেখা গেছে কেন? এমন একটা ডিপার্টমেন্টে দেখা গেছে, আমি নাম বলব না—সেখানে ৪৯ পারসেন্ট, ৫০ পারসেন্ট, ৮৯ পারসেন্ট এক্সেস এক্সপেন্ডিচার হচ্ছে। কি করে হচ্ছে? টাকা কোথা থেকে আসছে? কেউ অত বুঝবে না। চোখে ঠুলি বেঁধে রেখে দিয়েছেন। ভাবছেন অসীমবাবু খুব বড় অর্থনীতিবিদ। না, তিনি খুব বড় চালাক একজন বলে, তিনি কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা, যোজনার টাকা, যোজনা বহির্ভূতভাবে খরচ করছেন এবং যোজনার দেওয়া টাকা, যোজনার টাকা, যোজনা বহির্ভূতভাবে খরচ করছেন এবং যোজনার টাকাগুলি নিজে অন্য খাতে খরচ করে আপনাদের দেখাতে চেষ্টা করছেন। স্যার, এমন কি সরকারি কর্মচারী যারা ভোটে জালিয়াতি পর্যন্ত করেন, তাদের পি. এফের টাকা ঠিক মতো জমা দেননি। তাদের সুদ থেকে বঞ্চিত করছেন। কাকে বঞ্চিত করেননি? গরিব কৃষক থেকে আরম্ভ করে, চাষী থেকে আরম্ভ করে, বেকার থেকে আরম্ভ করে, এমন কি যারা কো-অর্ডিনেশন কমিটি করে, ওদের ভোটের কাজে সাহায্য করে, তাদের টাকা আত্মসাৎ করে বসে আছেন। তাই আপনাকে বলব যে, আমাদের তরফ থেকে একটা দাবি—আপনি আজকে বিধানসভা থেকে পদত্যাগ করুন। আর যদি সৎ নিষ্ঠাবান হন, তাহলে বলবেন এটা নিয়ে সি. বি. আই তদন্ত হোক। একটা পরিষ্কার, পরিচ্ছন্ন ব্যবস্থা হোক।

আপনি সত্যি কথা বলছেন নাকি মিথ্যা কথা বলছেন সেটা পশ্চিমবঙ্গের মানুষ বুঝতে পারবে। আমি মাননীয় অর্থমন্ত্রীর পদত্যাগ দাবি করে এবং সি. বি. আই. তদন্তের দাবি করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এর আগে দেখেছি যে এই ধরনের আলোচনা যখন হয় তখন শাসক দল এবং শাসক দলের বিভিন্ন শরিক দল আলোচনায় অংশগ্রহণ করেন। যেমন ফরওয়ার্ড ব্লক, সি. পি. আই., আর. এস. পি. ইত্যাদি শরিক দলের বিধায়করাও আলোচনায় অংশগ্রহণ করেন। কিন্তু এবারে এই আলোচনাতে শাসক দলের কেউ অংশ নিলেন না। এবারে মাননীয় মন্ত্রী অসীমবাবুকে ডিফেন্ড করার জন্য কেউ এগিয়ে আসছেন না কেন?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১০ই জুন আমি এই সভায় যে লিখিত বক্তব্য পেশ করেছিলাম তার সমর্থনে বক্তব্য রাখতে উঠে আমি মূল কতকগুলো বিষয়ের উপর সভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। এবং যে প্রশ্নগুলো উঠেছে যতটা পারব তার প্রত্যেকটার জবাব দেব। একটা মূল প্রশ্ন উঠেছে—পার্সোনাল লেজার অ্যাকাউন্ট অর্থাৎ পি. এল. অ্যাকাউন্ট সম্বন্ধে। প্রশ্ন উঠেছে, পঞ্চায়েতগুলোকে যখন কোনও অর্থ বরাদ্দ করা হয় এবং অর্থ প্রদান করা হয়—সেটা রাজ্য সরকারের হোক বা কেন্দ্রীয় সরকারের হোক বা যৌথভাবে হোক, যেমন জওহর রোজগার যোজনার টাকার ৮০ ভাগ কেন্দ্রীয় সরকার দেন এবং শতকরা ২০ ভাগ রাজ্য সরকার দেন— এই অর্থগুলো কোন খাতে রাখা হয় এবং কেন। সরকারের অর্থ কোন খাতে রাখা হবে তা নির্ধারিত হয় সরকারের ট্রেজারি রুল্‌স এবং তার অধীন যে সাব-সিডিয়ারি রুলস এবং যে প্রচলিত আইন এবং আইনের সঙ্গে যুক্ত রুল্‌স দিয়ে। পঞ্চায়েতের এই যে অর্থগুলো রাখা হয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তা লোকাল ফান্ড অ্যাকাউন্টে রাখা হয় এবং যাকে মাঝে মাঝে ভুল করে

পি. এল. অ্যাকাউন্ট বলা হয়েছে। পঞ্চায়েতের অর্থ, জওহর রোজগার যোজনার অর্থ যে অ্যাকাউন্টে বলা হচ্ছে। এই লোকাল ফান্ড অ্যাকাউন্ট কি করে খোলা হবে তা বলা আছে ট্রেজারি রুলসের অধীন সাবসিডিয়ারি রুলসের এস. আর. ৪৩৯, এস. আর. ৪৪০, এস. আর. ৪৪১, এস. আর. ৪৪২-এ। এস. আর. ৪৩৯—আমাদের ট্রেজারি রুলস ভলিউম ওয়ানে পরিষ্কারভাবে বলেছে। সেখানে লোকাল ফান্ড অ্যাকাউন্ট ও পঞ্চায়েত ধরনের শায়ত্ত্ব শাসিত সংস্থা সম্বন্ধে বলেছে, এই লোকাল ফান্ড অ্যাকউন্ট খুলতে হলে কোনও আইন এবং আইনের সঙ্গে যুক্ত কোনও নিয়ম অথবা সরকারি এবং সরকারি নির্দেশ লাগে। এখানে কোনও আইন আসছে? এখানে যে আইনটা আসছে সেটা হল, বঙ্গীয় পঞ্চায়েত আইন। এই আইন ১৯৭৩ সালের আইন, আপনাদের সময়ের আইন। সেই আইনের ১৩৯ ধারার (এক) ধারায় পরিষ্কার ভাবে এই আইনে বলেছে, for every Jilla Parisad there shall be constituted a Jilla Parisad Fund bearing. এই ফান্ড কি কি থাকবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বলা হয়েছে, contribution and grants, if any made by the Central or the State Bank including. সমস্ত রেভিনিউ এই ফান্ডে থাকবে। ফান্ড কোথায় থাকবে? ঐ ১৭৯ ধারার (৪) উপধারায় বলেছে।

[5-10 — 5-20 p.m.]

জেলা পরিষদের ফান্ড থাকবে যে জায়গায়, সেটা রাজ্য সরকার নির্দেশ দিয়ে স্থির করে দেবেন। এটা স্থির করার ক্ষেত্রে আইনের সঙ্গে রুলটা এসে যাচ্ছে। এই রুলটা ১০৫ রুল নামে পরিচিত। এই রুলটা একটু বলতে হয়। এই আইনেই বলা আছে, আগেকার যত পঞ্চায়েত আইন, তার যত নিয়ম সেইগুলো চালু থাকবে। বস্তুত ১৯৬৩ সালে একটা জেলা পরিষদ পঞ্চায়েত আইন ছিল। তার ১০৫ ধারা যেটাকে মানা হ'ল, সেখানে পরিষ্কার করে বলা আছে, এই পঞ্চায়েতে, জেলা-পরিষদের সমস্ত অর্থ জেলা-পরিষদের ফান্ডে যে থাকবে। ১০৫ ধারায় পরিষ্কার করে বলছে, The Zilla Parishad fund shall be with the Collector of the District and kept in the Govt. Treasury in the District. এটা পরিষ্কার করে বলে দেওয়া হল। বলার পরে নির্দেশটা প্রথম কখন বার হল? সেই নির্দেশটাও আমি এনেছি। প্রথম নির্দেশটা বেরোয় বস্তুতপক্ষে ১৯৬৪ সালের ২৪শে সেপ্টেম্বর। তখন আপনারাই আছেন। সেখানে পঞ্চায়েত ডিপার্টমেন্টে—নাম্বার হচ্ছে ৫৬২৯, তারা পরিষ্কার ভাবে বলছে, সেইসময় এই ফান্ডটা, এই লোকাল ফান্ড অ্যাকাউন্টটা খোলা হচ্ছে। কোনটাকে কোট করে খোলা হচ্ছে? এস. আর. ৪৩৯ অব ট্রেজারি রুল্স কোট করে। তখন প্রতিটি জেলায় এই লোকাল ফান্ড অ্যাকাউন্ট খোলা হল। এইগুলো পুরনো অ্যাকাউন্ট। এবং এই অ্যাকাউন্ট খোলার সময় এস. আর. রুলসে পরিষ্কার করে প্রভিসন আছে, এখানে এই অ্যাকাউন্টগুলি খোলার জন্য কোথাও কোনও এ. জি.-র প্রায়র কনসাল্টেশনের উল্লেখ নেই। এই ফান্ডগুলো ৩১শে মার্চ বন্ধ করার নির্দেশও এস. আর.-এর চারটে ধারাতে নেই। এটা খোলার পর—লক্ষ্যণীয় ১৯৭৮ সালে, আজকে প্রত্যেকটা জেলা-পরিষদে যে টাকা রাখা হচ্ছে, যে অ্যাকাউন্টগুলোতে, এইগুলো প্রাচীন অ্যাকাউন্ট এবং সেইগুলো বৈধ। তখনই এ. জি.-কে জানিয়ে দেওয়া হয়েছে—এগুলো খুলছি। তখন থেকেই বৈধ হয়ে আছে। ১৯৭৮

সালে যখন বামফ্রন্ট ক্ষমতায় আসে, পঞ্চায়েতগুলোকে শক্তিশালী করে, তখন—৭৮ সালের জি. ও.-টাও আমার কাছে আছে—৩. ১০. ১৯৭৮, সেখানে পরিষ্কার ভাবে বলা—ঐ যে অ্যাকাউন্টগুলো খোলা হ'ল, সেইগুলোতে জেলা-পরিষদ, আঞ্চলিক পর্ষদের নাম বদলে পঞ্চায়েত সমিতি হল। নাম বদল হ'ল, কিন্তু সেই অ্যাকাউন্টগুলি রয়ে গেল এবং আবার এ. জি.-কে জানিয়ে দেওয়া হল। কোথায় বৈধতা নিয়ে প্রশ্ন হয়নি। সেই অ্যাকাউন্টগুলোই এই প্রত্যেকটা জেলাতে আছে। শুধু যেখানে নতুন জেলা হয়েছে—উত্তর ২৪-পরগনা, সেখানে ঠিক একই ভাবে এস. আর. ৪৩৯ কোটি করে একই ভাবে লোকাল ফান্ড অ্যাকাউন্ট করা হল। এবং যখন দিনাজপুর ভাগ করা হল, একই ভাবে খোলা হল। এইগুলো বৈধ অ্যাকাউন্ট। শুধু বৈধই নয়, এখানে জেলা-পষিদকে দেওয়া প্রত্যেক অর্থ রাখার নির্দেশ এই আইনে দেওয়া আছে। এছাড়া আর কিছু করা অবৈধ। যত দিন এই নিয়ম থাকছে, এই আইন থাকছে, আর কোনও ভাবে অর্থ রাখা হলে, ঠিক যে ভাবে লোকাল ফান্ড অ্যাকাউন্টে আছে প্রত্যেক জেলায়, আর অন্য ভাবে রাখা সম্পূর্ণ অবৈধ।

এখানে একটা কথা বলে রাখা উচিত, এই অ্যাসেম্বলি কিন্তু সি. এ. জি.-কে রেকগনাইজ করেন, কগনিজেন্স দেন। সি. এ. জি.—আমি পরিষ্কার করে বলছি, সি. এ. জি. কখনও তার কোনও রিপোর্টে এই অ্যাকাউন্টকে অবৈধ বলেননি। দুই, সর্বশেষ যে রিপোর্টে সি. এ. জি. দাখিল করেছে, সেখানেও। এখানে একটা কথা বলে রাখা উচিত যে, যে একটা কথা রিপোর্টে তোলা হয়েছে, অবৈধতা নয়। বলা হয়েছে এই টাকা, এই জেলা পরিষদে জওহর রোজগার যোজনায় যখন ট্রেজারিতে রাখা হয়, লোকাল ফান্ড অ্যাকাউন্ট।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটি পয়েন্ট অব অর্ডার আছে, আমাকে মাইক দিন। আমাদের রুল ২২৩ অনুযায়ী সি. এ. জি. রিপোর্ট এখানে তিনি রেফার করতে পারেন না। ২২৩-এ বলা আছে পরিষ্কার ভাবে, 'No discussion of the accounts of the State and the reports of the Comptroller and Auditor-General thereon shall take place in the Assembly until the report of the Committee on Public Accounts on such accounts and reports has been presented to the Assembly under rule 303'.

উনি যদি সি. এ. জি. রিপোর্ট কোর্ড করেন, তাহলে আমায় অনুমতি দিন আমি ১০টা সি. এ. জি. রিপোর্ট কোড করব। আমি ডেলিবারেটলি করিনি, তার কারণ অ্যাসেম্বলি রুলসে এটা পারমিট করে না।

**Mr. Speaker :** We are not discussing the CAG report, as such.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওটা বাদ দেবেন। আমার যুক্তিতে এতটুকু ক্ষতিগ্রস্ত হবে না। মাঝে মাঝে এ. জি. ইত্যাদি বলে যখন বক্তব্য রাখা হয়েছে, তখন কেউ বারণ করেননি। কারণ এ.জি. কিন্তু সি. এ. জি.-র অধীমে এবং এটা বলা উচিত সি. এ. জি. রিপোর্ট কিভাবে এখানে পেশ করা হবে, যদি তার আলোচনা না হয়, তার অধীন কোনও সংস্থার কোনও জিনিস উল্লেখ করা যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কিন্তু রুলিং দিয়ে দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি সি. এ. জি.-কে কোড করা না যায়, সি.

এ. জি.-র অধীন এ. জি. যেটা কোনও সি. এ. জি.-র অংশই হয়নি, তার উপর যে বক্তব্যগুলি রাখল, সেগুলি আপনি বাদ দেবেন।

**Mr. Speaker :** I have already said that we are not discussing the CAG's Report. But certain inference may be drawn to the CAG because the entire discussion relates to matters in connection with the CAG and the newspaper reports appearing therefrom. I know the rule, I know everything. I have already drawn the attention earlier. On the last occasion when admitting this notice I told that you would discuss all questions what he has made that day. The statement relating to certain newspaper reports which refers to CAG reports.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কোনও প্রয়োজন নেই। কারণ আমি প্রমাণ করে দিলাম যে অ্যাকাউন্টগুলি আছে, যেখানে জওহর রোজগার যোজনার টাকা থাকে, সেগুলি ভুল করে বলা হয় পি. এল. অ্যাকাউন্ট। সেগুলি লোকাল ফান্ড অ্যাকাউন্ট এবং সেগুলোর এই আইনের ভিত্তিতে এবং এই রুলের ভিত্তিতে এগুলো প্রত্যেকটা বৈধ। মাঝে মাঝে অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন ওঠে যে, এই টাকাগুলি আপনারা ব্যাঙ্কে রাখেন না কেন। ব্যাঙ্কে রাখলে তো সুদ পাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাঙ্কে আমরা রাখতে পারি না কারণ যদি এই আইন থাকে, তাহলে একমাত্র একটা জায়গায় রাখা যায় লোকাল ফান্ড অ্যাকাউন্টে, যেটা মূলত যেখানে ট্রেজারি ব্যাঙ্কের কাজটা করে। এই ট্রেজারি ব্যাঙ্কের কাজটা করে লোকাল ফান্ড অ্যাকাউন্ট। এখানে রাখা যায়। তারজন্য আমরা এখানে রাখি। আরও একটা কারণ কিন্তু আছে। কারণ প্রশ্নটা শুধু বৈধতার নয়। এই প্রশ্নটা মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে উঠেছে বলেই বলছি। এখানে একটা বলার চেষ্টা করা হচ্ছে এইভাবে যখন টাকা রাখা হয়, তখন সেটা নয়ছয় করার জন্য রাখা হচ্ছে। আমি একটা জেলাতে কিভাবে রাখা হয়, তার নথিপত্রগুলি এনেছি, আপনার কাছে দিয়ে যাব। লোকাল ফান্ড অ্যাকাউন্টে যখন জওহর রোজগার যোজনা টাকা রাখা হল, প্রথমত একটা জি. ও., সরকারি নির্দেশ তাকে সাপোর্ট করে এবং এর সঙ্গে সঙ্গে খুব পরিষ্কার করে বলা উচিত একটা পাশ বই থাকে, যিনি এটাকে অপারেট করবেন। পাশ বই থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা প্রশ্ন উঠেছিল এগুলি জেলাপরিষদের অ্যাকাউন্ট, কোনও রাজনৈতিক ব্যক্তিত্ব করেন না। অফিসাররা করেন। আইনে সেই রকম নির্দেশ আছে, যিনি জেলা পরিষদের সেক্রেটারি হন বা এই ধরনের কেউ হন। একটা পাশ বই থাকে। পাশ বইয়ের একটা নিদর্শন আনছি। পাশ বইয়ের সঙ্গে সঙ্গে একটা ক্যাশ বই থাকে। পাশ বই থাকার মানে হচ্ছে এই জি. ও.-র ভিত্তিতে ঠিক যে যে টাকাগুলি জমা পড়ল, জি. ও. নাম্বার অর্থের পরিমাণ থাকে, পাশ বইতে ঠিক যে টাকা বেরল, সেটা বলা থাকে। শুধু পাশ বই থাকে তা নয়, তার সঙ্গে ক্যাশ বই থাকে এবং একটা অ্যালটমেন্ট রেজিস্টার থাকে।

[5-20 — 5-30 p.m.]

কোনও প্রকল্পের জন্য এই টাকাটা যাচ্ছে তা নির্দেশ করা থাকে। একটা জেলা—আমি

এখানে আলাদা করে নাম করতে চাই না। কলকাতার কাছাকাছি জেলা। ঠিক যে হেডে নেওয়া আছে সেটা লেখা আছে। জওহর রোজগার যোজনার টাকা। কোন ব্লক? উত্তর ২৪-পরগনার হাড়োয়ার একটা পঞ্চায়েত সমিতিতে এই রাস্তাটা করা হবে এবং তার জন্য এই অর্থটি রাখা হল। হ্যাঁ, এটা ঠিক—এই অ্যাকাউন্টে সবকটা পড়ছে। কিন্তু প্রত্যেকটি বরাদ্দের জন্য একটা জি. ও. আছে এবং জি. ও.-র সঙ্গে যখন টাকাটা ছাড়া হচ্ছে সেই টাকা নথিভুক্ত করে, সেই সঙ্গে সঙ্গে কোনও প্রকল্পে যুক্ত, প্রকল্পের বিবরণ, অ্যালটমেন্ট রেজিস্টারে লিপিবদ্ধ হয়ে গেল, হারিয়ে যাবে কোথায়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটা কথা বলা ভাল, শুধু তাই নয়, প্রতি মাসে মাসে কত টাকা তোলা হচ্ছে, কত টাকা জমা পড়ছে তার হিসাবটা কিন্তু এই সমস্ত ক্ষেত্রে সরাসরি এ. জি.-র কাছে চলে যাচ্ছে। যদি কোনও সময় একটু দেরি হয়—দেরিটা একটা ব্যক্তির হতে পারে কিন্তু নিয়মটা হচ্ছে এই রকম। এই খাতাগুলো থাকবে। যদি এর কোনও ব্যতিক্রম হয়—এটা নিয়মে বলছে না—যদি কেউ করে তবে তাকে ধরতে হবে। এই নিয়মটা কিন্তু পরিষ্কার করে আমি বলে রাখছি। এর ফলে যদি অডিট করতে হয়, অডিট করার কোনও অসুবিধা নেই। যেহেতু পরিষ্কারভাবে টাকাটা কোন প্রকল্পের জন্য যাবে তা ট্রেস করা যায় তাই আমি বলেছি—'ক্যান বি ট্রেসড টু দি লাস্ট পয়সা।' মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বললাম, এটা শুধু অডিটের জন্য ব্যাঙ্কে রাখার চেয়ে অনেক উপযুক্তই নয়, ব্যাঙ্ক থেকে কোনও স্টেটমেন্ট এ. জি.-র অফিসে যায় না, কিন্তু ট্রেজারি থেকে যায় এবং এই ভাবে নির্দিষ্ট করা আছে। শুধু অডিটের জন্য নয়, সব চেয়ে বড় কথা এটা আইনের মাধ্যমে করতে আমরা বাধ্য। এছাড়া আর কিছু করা, আর কোনও ভাবে এই টাকা রাখা, যতক্ষণ ঐ আইন আছে, অবৈধ। এই আইনটাতো আপনাদের আইন। তাহলে আপনারা নিজেরা যে আইন করেছেন সেটাকেই অবৈধ বলছেন? কি করে এমন বলতে পারেন? এই অর্ডার তো আপনাদের সময়কার। আমি দেখিয়ে দিলাম এটা ১০৬৪ সালের অর্ডার। আপনারা সেটা ভাঙ্গতে বলছেন? আপনারা যেটা নিজেরা করেছেন সেটা আমাদের ভাঙ্গতে বলছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা প্রমাণ করে দিলাম।

এর পরে আরেকটা প্রসঙ্গে আসছি। অডিটের জন্য এটা প্রয়োজন। তার কারণ, আমরা পঞ্চায়েতের অডিটটা গুরুত্ব দিয়ে করতে চাই।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অডিট পঞ্চায়েতে কে করবেন তার সিদ্ধান্ত নেওয়ার অধিকার রাজ্য সরকারের আছে। ভারতবর্ষের অধিকাংশ রাজ্য পঞ্চায়েতের অডিট এ. জি.-কে দিয়ে করান না, নিজেরা করেন। এই রাজ্য সরকার ০৩. ০৯. ১৯৮০ সালে সিদ্ধান্ত নেন এবং পঞ্চায়েত, এ. জি.-র অফিসকে জানিয়ে দেন। জেলা-পরিষদ এবং পঞ্চায়েত সমিতি—যেহেতু গ্রাম-পঞ্চায়েতের আর্থিক অঙ্কটা কম হচ্ছে তাই এটা সাধারণ ভাবে এ. জি.-র আওতায় আসে না—তার অডিট এ. জি. করবে। ১৯৮০ সালে রাজ্য সরকার দি একজামিনার অব লোকাল অ্যাকাউন্টে বলা হয়, তাকে চিঠি দিয়ে জানিয়ে দেন, তার কপিটা আমার কাছে আছে। সেখানে বলা হয়, রাজ্য সরকার চাইছেন এ. জি. জেলা-পরিষদ এবং পঞ্চায়েত

সমিতির একশ ভাগ অডিট করবেন এবং এর জন্য যে অর্থ লাগবে রাজ্য সরকার সেই অর্থ দেবেন। কেন পদ সৃষ্টির জন্য যে অর্থ লাগবে সেই অর্থও রাজ্য সরকার দেবেন। আমরা যদি এখন একটু মিলিয়ে নিই—একটা জিনিস লক্ষ্য করা যাচ্ছে যে, এখানে দেরি হয়েছে। কিন্তু এই জেলা-পরিষদের যে অডিট, যেটা এ. জি.-র করার কথা, সেটার গড়ে যা রিপোর্ট পাচ্ছি, সাবজেক্ট কমিটির যা রিপোর্ট, তাতে দেখতে পাচ্ছি, গড়ে '৯০-'৯১-এর পরে তারা এখনও যেতে পারেননি। এর কারণটা সাবজেক্ট কমিটি যা বলেছে, সেখানে এ. জি.-র প্রতিনিধি এসেছিলেন, তারা বলেছেন, এ. জি.-র যথেষ্ট কর্মী নেই—এটা অ্যাসেম্বলি সাবজেক্ট কমিটির রিপোর্ট।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত সমিতির পক্ষে যেটা এ. জি.-র করার কথা, সেখানে আরও বেশি পিছিয়ে আছে, সেটা ১৯৮৬-৮৭ সালের দেখছি শতকরা ৫০ ভাগ অডিট হয়নি। কিন্তু গ্রাম পঞ্চায়েতের অডিট, যেটা রাজ্যের পঞ্চায়েত দপ্তর করে সেটা দেখছি ১৯৯৪-৯৫ সাল পর্যন্ত ৯২ শতাংশ হয়ে গেছে। আমরা চাইছি এবং স্বচ্ছতার জন্য আহ্বান করছি যে এই ভাবে আমরা টাকা রেখেছি যেটা অডিট করা যায়। আমরা এ. জি.-কে অডিট সম্পূর্ণ করতে আহ্বান করছি এবং আমরা বলছি তাড়াতাড়ি করুন, সঠিক ভাবে অডিট করুন। এই নৈতিক সাহস আমাদের আছে, নীতির উপর দাঁড়িয়ে আমরা বলছি দেরি করবেন না, তাড়াতাড়ি করুন আমরা টাকা দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটা বক্তব্য মাননীয় সদস্য সত্যবাপুলি মহাশয় এনেছেন, উনি ওয়ার্কিং অব ট্রেজারিজের একটা বইয়ের কথা বলেছেন। এটা কিন্তু এ. জি.-র সি. এ. জি.-র অধীনে। আমি সেই বইয়ের কপিটা এনেছি, এই বইয়ের ৩ পাতাতে যারা যেখান থেকে বলেছেন, আমি সেটা বলছি। যেখানে একটা উক্তি করা হয়েছে যে বছরের শেষে একটা উদ্বৃত্ত বাড়ছে, বলতে বলতে বলা হয়েছে যে এটা কি রকম ভাবে বাড়ছে। ১৯৯১-৯২-তে ১,৭৪৭ কোটি, ১৯৯২-৯৩-তে ১,৬২৮টি কোটি, ১৯৯৩-৯৪-তে ২৯ হাজার ৬৫ কোটি, ১৯৯৪-৯৫-তে যে অর্থাঙ্কটি মোটামুটি কাছাকাছি বলেছেন, ওটাই বলেছেন ধরে নিচ্ছি ২,৬১৫ কোটি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে সি. এ. জি.-র রিপোর্ট কোট করা যাবে না, এটা না বলে পারছি না, এটা না বলে পারছি না, আপনি যদি বারণ করেন আমি বলব না, আমি পরিষ্কার ভাবে বলছি।

**(হইচই)**

**মিঃ স্পিকার :** বসুন, বসুন, বলতে দিন।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** আমি সি. এ. জি.-র রিপোর্ট কোট না করে বলছি, এখানে যে অর্থাঙ্কগুলি বলা হয়েছে রেভিনিউ অ্যাকাউন্টস-এ দেখছ তার সঙ্গে এই অর্থাঙ্কগুলি মিলছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রেভিনিউ অ্যাকাউন্টসের সাথে মিলছে না, এর থেকে ১০০ ভাগেরও কম এবং শুধু তাই নয়, আরও একটা জিনিস এখানে বলা হয়নি, আমাদের কাছে আছে আমরা মিলিয়ে দেখছি যে শুধু জমাগুলি যোগ হয়েছে, প্রতি বছরের জমা থেকে যে খরচ সেটা বাদ দেওয়া হয়নি। আর যেটা বলা হয়নি বছরের শেষে যেটা জমছে তার পরের বছর ৯৫ ভাগ ওরই খরচ হচ্ছে সেটা এখানে বলা হয়নি। এখানে যে অ্যাকাউন্টসগুলি

আছে তার মধ্যে লোকাল ফান্ডস অ্যাকাউন্টস আছে। যেগুলি সম্পূর্ণ বৈধ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমরা এ. জি.-কে বলছি যেহেতু এই তথ্যগুলি এসেছে, আমরা এ. জি.-কে এই বইটি ফেরত দিচ্ছি এবং বলছি যে অসঙ্গতিগুলি আছে, যেগুলি আপনারা সব বলেছেন, সেগুলি দূর করে আবার রিপোর্ট দাখিল করুন। এরপর একটা বক্তব্য এসেছে পি. এল. অ্যাকাউন্টস সম্বন্ধে। পি. এল. অ্যাকাউন্টেসের তথ্য আমাদের কাছে আছে। যে উত্তরটা দিলাম, এরা ২ হাজার না কি যেন একটা বললেন এর মধ্যে যে অসঙ্গতি আছে আমি তার দায়িত্ব নিয়ে বলছি এ. জি.কে ফেরত দিচ্ছি এবং বলছি এই অসঙ্গতিগুলি দূর করে, এটা ঠিক করে পাঠান। তাই ওরা যেগুলি বলেছেন সেগুলি একটাও দাঁড়াচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপর পি. এল. অ্যাকাউন্টস সম্বন্ধে একটা কথা বলি, প্রথমত, পঞ্চায়েতের টাকা যেখানে থাকে এইগুলি পি. এল. অ্যাকাউন্টস নয়, এটা লোকাল ফান্ডস অ্যাকাউন্টস, এটা আমি প্রমাণ করে দিয়েছি। পি. এল. অ্যাকাউন্টে কি টাকা থাকে? থাকে রেন্ট, কন্ট্রোলের টাকা, থাকে এল. এ. কালেক্টরের টাকা। আর কি থাকে? কোনও প্রয়োজনটা হয়? জনস্বাস্থ্যের ক্ষেত্রে হাসপাতালের টাকা, যেটা প্রত্যেক দিন রাখে। আর কোথায় থাকে? স্টেট ফ্যামিলি ওয়েলফেয়ার ব্যুরোয়, ওদের টাকা।

মাননীয় সত্য বাপুলি মহাশয় একটা চিঠি দিয়েছিলেন। আমি ওর চিঠিটা পেয়েই আপনাকে সঙ্গে সঙ্গে ফোন করি যে, আমি ওর চিঠির উত্তর দিতে চাইছি, আমার লুকোবার কিছু নেই। আমাদের কোনও কনফিডেন্সিয়াল ফাইল নেই, অর্থ দপ্তরে কোনও কনিফিডেন্সিয়াল ফাইল নেই। উত্তর দেওয়ার আগে আমি জিজ্ঞাসা করেছিলাম—এই চিঠির উত্তর দেব। তখন আপনি যেটা বলেছিলেন আমি এখানে বলে রাখি, না হলে উনি ফল বুঝবেন। আপনি বলেছিলেন, "ঐ চিঠি যদি চেয়ারম্যান পি. এ. সি.-র দিতে হয় তাহলে সেক্রেটারিয়েটের মাধ্যমে আসতে হবে। সেটা এসেছে কি?" আমি বলেছিলাম—সেটা আমি পাইনি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমি এম. এল. এ. হিসাবে দিয়েছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** এম. এল. এ. হিসাবে ঐ চিঠি দেওয়া যায় না। আপনি নিয়ে যেতে পারেন, কোনও অসুবিধা নেই। তবে চিঠির কথা তুলে ভালই করেছেন। চিঠিতে কি আছে, আমি বলছি।

**(প্রচন্ড গোলমাল)**

**Mr. Speaker :** Mr. Sinha, will your members go in this way? If the Minister cannot reply then what is the use of this debate? What is happening I cannot understand. Someone shouting this side, someone shouting that side, the Minister is standing over there—what is this going on ?

**শ্রী জ্যোতি বসু ঃ** স্যার, আমি একটা কথা বলব। আমরা তো শান্ত হয়ে শুনলাম যত রকম ভাষায় গালাগালি হ'ল। অর্থমন্ত্রী জবাব দিচ্ছেন এবং বার বার ওরা ডিস্টার্ব করছেন।

শান্ত হয়ে শুনুন না, তারপরে জবাব দিন। আপনি জবাব দেবেন না?

(প্রচন্ড চিৎকার চেঁচামেচি)

(এই সময় শ্রী সৌগত রায় দাঁড়িয়ে উঠে কিছু বলার চেষ্টা করেন।)

....(noise and interrution).....

**Mr. Speaker :** Mr. Roy, the question is that when the Minister is speaking he should no be disturbed. Your member Tapas Banerjee and other members are shouting continuouly. Non-stop. What is this ? If you don't want a debate, say, you don't want a debate. I will close the debate. You take your own decision. If you want to reply then you have to hear. You have to have tolerance and patience to hear. Then you have been heard with patience but you cannot hear with patience. What is this? This is not the role of the Opposition. I am sorry. This is not the role of the Opposition.

**শ্রী জ্যোতি বসু :** ওরা বুঝেগেছেন, সমস্ত অসত্য কথা বলেছেন তাই বার বার লাফিয়ে লাফিয়ে উঠছেন। বয়স্ক লোকগুলো পর্যন্ত এই জিনিস তারা করছেন।

(চিৎকার চেঁচামেচি)

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অর্থাঙ্কটা আরও একবার বলছি—যেহেতু মুখে মুখে ঘুরেছে, তার ভিত্তিটি আমরা মনে করি অসঙ্গতিপূর্ণ। সেটা আমরা ফেরত পাঠিয়েছি। যথেষ্ট অসঙ্গতি আছে, আমি দেখেছি রেভিনিউ অ্যাকাউন্টস-এর সঙ্গে মিলছে না। আর তার মধ্যে যে অ্যাকাউন্টগুলি লোকাল ফান্ড অ্যাকাউন্ট সেগুলি বৈধ—এগুলিকে অবৈধ বলা হচ্ছে—এটা আমরা মানছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোধ হয় সত্যবাবু বললেন, কত পি. এল. অ্যাকাউন্ট আছে আপনি জানেন না। আমি জানি। আমাদের সর্বশেষ—পি. এল. অ্যাকাউন্ট আছে ৬৬৬টি সমস্ত জেলাগুলি নিয়ে, আর লোকাল ফান্ড অ্যাকাউন্ট আছে ৫৩৬টি, ডিপোজিট অ্যাকাউন্ট আছে ১০৩টি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সঙ্গে সঙ্গে আমি বলছি, আমাদের বাজেটের কত শতাংশ অংশ এই পি. এল. অ্যাকাউন্টে থাকে। পি. এল. অ্যাকাউন্টে আমাদের মোট বাজেটের মাত্র ৩.৭ শতাংশ থাকে। এর চেয়ে অনেক বেশি অর্থ থাকে লোকাল ফান্ড অ্যাকাউন্টে যেটা জেলা পরিষদের, অনেক বেশি থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পি. এল. অ্যাকাউন্ট যেহেতু ঐ নামটি উল্লেখ করছি না—কোথাও অবৈধ বলেনি, আমিও অবৈধ বলছি না—মানছি না। এখানে দাঁড়িয়ে সুস্পষ্টভাবে বলছি, ৩.৭ শতাংশ টাকা কেন রাখতে হচ্ছে তার একটা কারণ এখানেই আমি বললাম—একটা হচ্ছে, এল. এ. কালেক্টোরেটের টাকা রাখতে হয়, রেন্ট কন্ট্রোলের টাকা রাখতে হয়, এ ছাড়া বিশেষ করে আমাদের যেটা নিয়ে এ. জি.-র সঙ্গে চিঠিপত্র চলছে—যে চিঠির কথা আপনারা বলে ভালই করেছেন—আমি ঠিক বলে দিই কখন খোলার প্রয়োজন হয়—সেটা হচ্ছে, ফ্যামিলি ওয়েলফেয়ার প্রোগ্রামের জন্য প্রয়োজন হয়। ফ্যামিলি ওয়েলফেয়ারের স্টেরিলাইজেশন প্রোগ্রামে যাদের আনা হয়, তাদের তো নগদ টাকা দিতে হয়, এর প্রত্যেকটি জি. ও. ইস্যু

করে ট্রেজারির মাধ্যমে দেওয়ার অসুবিধার জন্য নির্দিষ্ট পি. এল. অ্যাকাউন্ট—একেবারে বলা থাকবে কোনও খাতে কে নিচ্ছে, ইয়ারমার্ক পি. এল. অ্যাকাউন্ট বলা হয়—এটা আমরা জানালাম। তার পরিবর্তে এ. জি. বলেন, না, এটা কেন করছেন? তার পরিবর্তে আমাদের অফিসাররা বলেন, না করলে আন-প্র্যাকটিক্যাল হবে। এই চিঠিপত্র আমাদের চলে, এগুলি কিন্তু রুটিন এক্সচেঞ্জ। এ ছাড়াও প্রত্যেকটি হাসপাতালে একটি বাল্ব লাগাতে হবে কিনা এরজন্য এটা আমরা চাই না তাদেরকে ট্রেজারিতে আসতে হয়, এর জন্য পি. এল. অ্যাকাউন্ট খুলতে হয়। এই নিয়ে ৩.৭ শতাংশ গোটা বাজেটের তা ছাড়া বাকি ৯৬.৩ শতাংশ এর আওতায় আসছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবৈধতা যে নেই সেটা আমি আগেই বললাম। এর পরে আর একটি প্রশ্ন এসেছে সেটা সরাসরি আপনাদের কাছে খোলাখুলি রাখছি। মাহিনা দেওয়ার ব্যাপারে একটা প্রশ্ন কেউ তুলেছেন। আমি একটু আগেই বলেছি, যে টাকাটা আমরা মার্চ মাসে পাচ্ছি তার শতকরা ৯৫ ভাগ টাকা পরের বছরে আমাদের খরচ করতে হচ্ছে। মাহিনা দিতে আমাদের লাগে রাজ্য বাজেটের শতকরা ৩৫ ভাগ আর পি. এল. অ্যাকাউন্টে কোন কোন খাতে টাকা থাকে সেটা আমি বললাম এবং সেই টাকা থাকে ৩.৭ শতাংশ। এই ৩.৭ শতাংশ টাকায় তো ৩৫ শতাংশ মাহিনা দেওয়া যায় না, এর সঙ্গে মাহিনা দেওয়ার যোগ নেই। আর একটি কথা আমি বলছি যেটা নিয়ে আমরা আলোচনা করছি এ. জি. সঙ্গে এবং সোজাসুজি বলছি—এটা পারস্পরিক বোঝা দরকার—আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনেক প্রকল্পে টাকা পাচ্ছি—এখন যেদিকে যাচ্ছে এগুলি সবই ট্রান্সফার্ড হয়ে যাবে স্টেটে—সেটা আমি বলছি না—আমরা যখন দেখতে পাচ্ছি আলোচনা চলছে সর্বভারতীয় স্তরে—কিন্তু যা আমরা পাচ্ছিলাম তা আমরা নিচ্ছি—এইরকম প্রত্যেকটি রাজ্য নিচ্ছে—কংগ্রেস—সি. পি. এম. বলে নয়—মার্চ মাসের শেষার্ধে শুধু নয়—২৮ তারিখে, ২৯ তারিখে টাকা পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় জানেন, এর জন্য কেন্দ্রীয় সরকার তার বুকটা কিন্তু খোলা রাখেন প্রায় ৩ মাসের জন্য অত পরে আসছে বলে। আচ্ছা, ২৯ তারিখে একটা টাকা এল—আমাদের কতগুলি অপশন আছে—আমরা বলতে পারি তুমি ফল্‌স ইউটিলাইজেশন দিয়ে বার করে দাও টাকাটা যেটা আমরা বলব না। আর একটা বলতে পারি টাকাটা ল্যাপস করে দিলাম, রিভ্যালিডেড করতে বললাম। এখন রিভ্যালিডেড করলে টাকা পেতে ৭/৮ মাস লাগে—এটাই নরমাল প্রসিডিওর। তার মানে পরের বছর খরচ হবে না। আমরা এটা করব, না যে জিনিসটা ঘটছে যেটা আমি বারংবার বলছি—আপনারা বুঝতে পারছেন না—রাজ্যের যে প্রাপ্য টাকা সেটা উন্নয়নের জন্য খরচ না হয়ে চলে যাবে তা আপনারা কেউ চান? আপনারা দাঁড়িয়ে বলুন না? আমি চাই না, আমাদের জেলার এই টাকা ফেরত যাক আমি চাই না। আপনারা বলুন? বিরোধী দলের নেতা অতীশবাবুর দৃষ্টি আকর্ষণ করছি, টাকা খরচ করার জন্য পাশবুক, ক্যাশবুক অ্যালটমেন্ট রেজিস্টার প্রকল্প ধরে ধরে আছে। আপনারা দেখতে চান খরচ কি? এরজন্য আমরা এ. জি.-কে বলছি, আপনারা এসে ১০০ ভাগ অডিট করুন জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতির। সেই অডিট আমরা এখানে আলোচনা করব, এখানে পেশ করব। আরও কি করতে চাই বলেছি যার জন্য টাকা কেন ধরে রাখতে হচ্ছে বললাম। এটা নিয়ে আলোচনার মধ্যে আমরা আছি।

[5-40 — 5-50 p.m.]

কেন্দ্রীয় সরকারকে বলেছি, আপনারা এটা কি বলছেন? এটা তো আনপ্রাকটিক্যাল জিনিস হচ্ছে। হয় আপনারা জানুয়ারি মাসের মধ্যে টাকাটা দিয়ে দিন, আমরা খরচ করে দেব—তিন মাস না দিলে এই খরচটা ঠিক মতোন করা যায় না সেটা আমি খোলাখুলি বলে রাখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে...

(গোলমাল)

এটা নিয়ে আলোচনা চলছে, আমি বললাম।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও কতকগুলি বিষয় আছে যার জন্য আমি ঐ স্টেটমেন্টটি করেছিলাম। আমার স্টেটমেন্টে কিন্তু পদ্ধতিগত বিষয় ছিল এবং এর একটু খুঁটিনাটি আমাকে বলতেই হবে, আমাকে একটু সময় দেবেন। স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের প্রত্যেক মাননীয় সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি এবং এখানে যে বন্ধু সাংবাদিকরা আছেন যদি আমাকে অনুমতি দেন তাদেরও আমি দৃষ্টি আকর্ষণ করছি যে কোনও অবস্থায় দাঁড়িয়ে আমাদের বলতে হয়েছে এবং আবারও বলতে হবে। প্রশ্নটা হচ্ছে এই যে, আপনারা একটা সিদ্ধান্ত নিন বিধানসভায় কি ভাবে সি. এ. জি.-র আলোচনা হবে। আমাকে নাম-টা আপনারা উচ্চারণ করতে দিচ্ছেন না, বেশ, তার মানে আমরা ধরছি ঠিক যেভাবে সি. এ. জি.-কে নিয়ে আলোচনা হবে সেটা চাচ্ছেন না। এখন এর পদ্ধতিগুলো কি?

(গোলমাল)

আপনারা বলুন। তা না হলে অন্যভাবে করতে পারি, কাগজে স্টেটমেন্ট দিতে, সবই পারি। আপনি শুধু পদ্ধতিটা বলে দেবেন। এখন যে পদ্ধতি চালু আছে তার প্রায় কমবেশি ১২টি ধাপ আছে। রাজ্য সরকারের প্রশাসনিক অঙ্গ তিনি বাজেটটা তৈরি করেন এবং বিধানসভায় পেশ করেন। (২) বিধানসভা সেই বাজেটকে অনুমোদন করেন এবং করে সরকারকে খরচ করতে দেন। অনুমোদন খাতওয়ারি। আমি আবার বলছি, জে. আর. ওয়াই-টা কিন্তু খাতওয়ারি রাখা সম্ভব। খাত এদিক ওদিক করা নয়। (৩) যখন খরচ করলেন রাজ্য সরকারের প্রতিটি দপ্তর এবং যেখানে পঞ্চায়েত খরচ করলেন সেই ক্ষেত্রেও প্রত্যেকটির কিন্তু ঠিক সময় তার খরচের হিসাবটা দাখিল করতে হবে। এই পয়েন্টে আমি আবার ফিরে আসব। ঠিক সময় মনে হচ্ছে প্রত্যেক মাস যা শেষ হয়ে গেল তারপর ১০ তারিখের মধ্যে রিপোর্ট এ. জি.-র কাছে চলে যাবে। শুধু টেকনিক্যাল ডিপার্টমেন্টকে একটু বেশি সময় দেওয়া আছে এবং ফরেস্ট ডিপার্টমেন্টকে একটু বেশি সময় দেওয়া আছে ঐতিহাসিক কারণে। তারপর সেটা পৌঁছে গেল এবং এ. জি.-র বড় খাতায় উঠল। তারপর এ. জি.-র কাজ হচ্ছে—এটা আমি বলি, আমি তো বসে বুঝতে পারছি না যে কোথায় খরচ কি ভাবে হ'ল—এ. জি. ইন্সপেকশনে যাবেন এবং ইন্সপেকশন করার পর এ. জি. প্রশ্ন করবেন। এগুলিকে বলে এ. জি.-র কোয়ারি, এ. জি. প্যারাস। আমরা চাই যে এই কোয়ারিগুলি

আসুক। প্রত্যেক দপ্তরে যায় এবং তার একটি করে কপি অর্থ দপ্তরেও আসে। সেই কোয়ারিগুলি যখন আসে তাতে যে কোয়ারিগুলি থাকে সেটা নিয়ে কি হয় বলছি। যেহেতু প্রশ্নটা উঠেছে আমি একেবারে হাইপথেটিক্যালি বলব। যে কোয়ারি রিপোর্টা এল, জানবেন এ. জি. সেখানে যে প্রশ্নগুলি করেন তাতে কোয়ারির যে জবাব দেওয়া হয় তাতেই অধিকাংশ-এর মীমাংসা হয়ে যায়। কিছু মীমাংসা হল না। যেগুলির মীমাংসা হল না সেগুলি নিয়ে এ. জি.-র সঙ্গে সরকারি অফিসাররা ডিসকাশনে বসেন। তাতেও কিছু মীমাংসা হয়। তারপর একটা অংশ থেকে গেল। তখন এ. জি. তার রিপোর্টটা নিয়ে সি. এ. জি.-কে জমা দেন। সি. এ. জি. সেই রিপোর্টটা রাজ্য সরকারকে দেন এবং আমরা এখানে পেশ করি। পেশ করার পর স্যার, আপনি এখানে যে নির্দেশ দিয়েছেন সেটা পাবলিক অ্যাকাউন্টস কমিটির কাছে যায় যার সভাপতি মহাশয় এখানে বসে আছেন। আমাদের গোটা বিধানসভাটা বিধৃত হয়ে আছে পি. এ. সি.-তে। পি. এ. সি.-র চেয়ারম্যান তখন একদিকে এ. জি.-র প্রতিনিধিদের ডাকেন এবং আর এক দিকে সরকারের সচিব বা সেই পর্যায়ের অফিসার যারা আছেন তাদের ডাকেন। দু পক্ষের কথা শুনে ঐ কমিটি একটা রায় দেন। সেই রায়টা নিয়ে পি. এ. সি.-র রিপোর্ট হয়। এখন কোথায় কোথায় অসুবিধা আছে সে কথায় আমি আসছি। যেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে কোনগুলি আমাদের করতে হবে সেটা খোলাখুলি বলছি। দেরি কোথায় হয়ে যাচ্ছে, কোথায় সেটা দূর করতে হবে সেটায় আসছি। এর পর পি. এ. সি. উভয় পক্ষের কথা শুনে গভর্নমেন্টের কাছে অ্যাকশন টেকেন রিপোর্ট দেন। তখন চুলচেরা ব্যাপার। এখানে বিতর্কের জন্য উন্মুক্ত হয়ে গেল। এ পর্যন্ত গোটা পদ্ধতিটা....

(গোলমাল)

আমি শুধু বলছি এখান থেকে সরলে কি হচ্ছে দেখুন। ধরুন এর একটি জায়গায় আমরা বললাম—মাঝের একটি জায়গায় যখন এ. জি. ইন্সপেকশনে গেল। এ. জি. যখন ইন্সপেকশনে গেল সেই সময় এ. জি. যে ইন্সপেকশনে গেল সেটা কোনও কাগজ বলে দিতে পারেন। এটা বলা ঠিক আছে। এখন হলে কি হয় আমি বলছি। একেবারে নির্দিষ্টভাবে বলছি। এটা তো সি. এ. জি.-র রিপোর্ট নয়, বলতে সুবিধা হবে। গত ১২ তারিখ পর্যন্ত ৮টি এরকম ক্যাশ ইমব্যালেন্সের ইন্সপেকশনের রিপোর্টে গিয়ে এ. জি. দৃষ্টি আকর্ষণ করেন এবং কোনও কাগজে বেরয়।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেরয় যে সমস্ত তহবিল লুঠপাট হয়ে যাচ্ছে। আমি ৮টি কেসের এক এক করে জবাব দিচ্ছি। প্রথম কেসটি হ'ল, ফায়ার সার্ভিসের ক্ষেত্রে বলা হ'ল একটি অর্থাঙ্ক—১০ লক্ষের মতো টাকা মিলছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে খবর আমরা পেলাম, ক্ষিপ্রতার সঙ্গে অর্থ দপ্তর সঙ্গে সঙ্গে এনকোয়ারি শেষ করলেন এবং দপ্তর ধরে করা হল। এখানে দেখা গেল যে কোনও ইমব্যালেন্স নেই। দুটো চেক এনক্যাস হয়নি। সেই চেকের যোগফল হচ্ছে ঠিক তাই। কোথাও কোনও গরমিল নেই। দেখুন কোনও একটা কাগজ লিখতে পারে সিন্ধুক থেকে টাকা

লোপাট, ঠিক অর্ধেক বলতে পারেন। আর একটা হচ্ছে, পরীক্ষা করে দেখা গেল কোনও গোলমাল নেই। অর্ধেক করে দিলেন। তারপরে আমি প্রত্যেকটি বলে যাচ্ছি মিলিয়ে নেন। এখানে কাউকে কিন্তু আমরা বাঁচানোর চেষ্টা করছি না। এর মধ্যে একটি কেস আছে, ছোট হলেও মিলছে না। সেখানে শাস্তি পেতে হবে। আপনারা সংখ্যাটি মিলিয়ে নিন। ৮টি বলা হয়েছে। আমি প্রত্যেকটি বলছি। উত্তর ২৪ পরগনার জেলা শাসকের ওখানে বলা হল তহবিল থেকে টাকা উধাও, বোধ হয় ৬৯ হাজার ৫২ টাকা। অর্থ দপ্তর সঙ্গে সঙ্গে এনকোয়ারি কমপ্লিট করলেন এবং করে ওখানে বলা হল কি হয়েছে? আমরা সঙ্গে সঙ্গে জবাব পেলাম। কিছু অফিসার ট্রেনিংয়ে যাবার জন্য অ্যাডভান্স নিয়েছিল টিকিট কাটার জন্য সেটা অ্যাডজাস্ট করেননি। অ্যাডজাস্ট করাতে এটা মিলিয়ে সঙ্গে সঙ্গে আমরা এ. জি.-কে জানিয়ে দিলাম। একেবারে এই সময়ের মধ্যে হয়ে গেছে, কোনও গোলমাল নেই। কিন্তু কাগজে কি বের হল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমি প্রত্যেকটি জিনিস বলতে চাই। তার মধ্যে একটা ক্ষেত্রে ফিশ ফিশারি ডিপার্টমেন্টের যা বেরিয়েছে তাতে দেখা গেল ২৩ হাজার টাকার হিসাব মিলছে না। সেখানে ঐ দপ্তর আলোচনা করে ঐ অফিসারকে বলে দিয়েছে যে, হয় আপনি এটা বোঝান, তা না হলে আমাদের শাস্তি দিতে হবে। এই ভাবে কিন্তু আমরা এগোব। এখানে এস. আর. পি. শিয়ালদা মনে পড়ে গেল। এস. আর. পি. শিয়ালদায় বলা হয়েছিল যে কিছু নেই, ক্যাস বইটা শেষ করে দেখা গেল যে না, ওখানে কোনও কম নেই, ২ টাকা ২৫ পয়সা অতিরিক্ত হয়েছে। সেটা এ. জি.-কে বলা হল যে আপনি আবার মিলিয়ে দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দাঁড়িয়ে কেউ বলতে পারেন, আপনি কাগজকে বলুন না, যে কাগজ বলেছে। আমার অভিজ্ঞতার কথা বলি যেটা বোধ হয় সৌগতবাবু বললেন যে আপনি এ. জি.-কে কি বলেছেন ইত্যাদি ইত্যাদি। কাগজে ২/৩ দিন যখন বেরুচ্ছে, অর্থ দপ্তর থেকে আমরা তথ্য সংস্কৃত দপ্তরের মাধ্যমে যেভাবে জানাই, আমাদের সম্বন্ধে বলা হচ্ছে এই পি. এল. অ্যাকাউন্ট বন্ধ করে দিতে, এদের মিটিং করে—এগুলি ঘটনা নয়। আপনারা দয়া করে যেহেতু প্রথম পাতায় ছেপেছেন, ঐ জায়গায় ছাপুন আমরা যেটা বলছি। কিন্তু সেটা ছাপাননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কি স্বাধীনতা? এটা কি কণ্ঠরোধ করা নয়? অর্ধেক একটা খবর বেরোল, আর আমরা যেটা বললাম সেটা বেরল না। এটাই কি চলবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দাঁড়িয়ে বলছি, এখানে আর একটা পদ্ধতি আছে যেটা সৌগতবাবু বলেছেন, আর একটা করতে পারি, আমি খুব খোলাখুলি ভাবে বলছি, আমাকে আরও কিছু কাগজ বলেছে, আমাদের কাগজে বলতে শুরু করুন না কিন্তু আমি পারিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মনে করি যে অ্যাসেম্বলির কাছে কথা বলার ক্ষেত্রে আমাদের দায়বদ্ধতা আছে। আমাকে অনেক কাগজ বলেছে, কিন্তু আমি পারিনি। আজকে অর্ধ সত্য, বিকৃত সত্য বেরিয়ে যাচ্ছে। আমার মনে হচ্ছে কোনও কোনও সময়ে যে একটা চক্রান্ত কাজ করছে। কারণ আজকে যেটা বেরিয়েছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাকে বলতে হবে, যেহেতু মুখ্যমন্ত্রী বললেন, আমি বলছি। আমি খুব বিস্মিত হলাম যে, সচিবরা একটা চিঠি পেয়েছেন, বলে রাখি এটা কিন্তু একটা ইন্সপেকশন রিপোর্ট। সি. এ. জি. যখন এনকোয়ারি করে সেই স্তরের—আপনারা সি. এ. জি., এ. জি. বলছেন, প্রত্যেক ইন্সপেকশন রিপোর্ট যার ছত্রে ছত্রে রিপোর্ট যাবে, আমরা পেলাম না। আজ সকালে আমি

চিফ সেক্রেটারিকে ফোন করেছিলাম যে আপনি কি পেয়েছেন, অর্থ সচিবকে জিজ্ঞাসা করেছিলাম যে আপনি কি পেয়েছেন? কেউ পাননি। কিন্তু একটা কাগজ পেয়ে গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কাগজ পেয়ে গেল। আমরা স্বাভাবিকভাবে এ. জি.-র দৃষ্টি আকর্ষণ করেছি যে কিভাবে এটা হচ্ছে? এটা অ্যাসেম্বলির মাধ্যমে সৎ থেকে আমরা কাজ করব, না কি বারে বারে এক তরফা ভাবে বলা হবে, এরা সকলে এক সঙ্গে এসে বলবেন যে অর্থমন্ত্রী পদত্যাগ করুন, সি. বি. আই করুন। এর মধ্যে দেখা যাচ্ছে যে একটা ফর্মুলা অনুযায়ী যাওয়া হচ্ছে। এই ফর্মুলা আমাদের চেনা। যেহেতু পঞ্চায়েত নির্বাচন আসছে এই ফর্মুলা আমাদের চেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দাঁড়িয়ে একটা কথা বলে যাচ্ছি।

[5-50 — 6-00 p.m.]

কিন্তু একই সঙ্গে বলছি, পঞ্চায়েতের ক্ষেত্রে...(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)....মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা যখন বলেছেন কেউ বাধা দেননি। আমি কিভাবে বিতর্ক চালিয়ে যাব?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে পঞ্চায়েতের ক্ষেত্রে যা যা খবর আমরা পেয়েছি তার শতকরা হিসেবটা কি? পঞ্চায়েত মন্ত্রিসভায় নেই, একটি বিশেষ কাজে তিনি বেরিয়েছেন। তার বাজেটে নিশ্চয়ই তিনি এটা বলবেন। তাতে আমরা দেখতে পেয়েছি, মিলিয়ন ওয়েলস স্কীমে যে সব জেলাতে জওহর রোজগার যোজনার টাকা খরচ হয়েছে, হিসাব যা বেরিয়েছে, যে টাকা খরচ হয়েছে তার মধ্যে ৩.৬ শতাংশ টাকা হয়ত কুঁয়োর জায়গায় টিউবওয়েল করা হয়েছে। এটা কি পাবলিক পারপাসে ক-এর জায়গায় খ হয়েছে, নাকি সেখানে কোনও ম্যালাফাইড ইনটেন্ট ছিল? আমরা তদন্ত করে দেখেছি, সেক্ষেত্রে তাদের কোনও ম্যালাফাইড ইনটেন্ট ছিল না। যদি কোথায়ও সেটা পাই, কাউকে ছেড়ে দেব না, সে সি. পি. এমই হোক, বা কংগ্রেস হোক। শতকরা হিসাবে যা বললাম—৩.৬ পারসেন্ট টাকা তারা খরচ করেছেন এইভাবে।

শেষ করছি এটা বলে—সত্য বাপুলি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—এরপর বলা উচিত গণতান্ত্রিক প্রক্রিয়ার কথা। সেখানে কয়েকটি ধাপে ভীষণ দেরি হচ্ছে। এই দেরি যৌথভাবে কমাতে হবে এবং সেটা এ. জি. এবং সরকার—উভয়ের দিক থেকে। অ্যাসেম্বলির দিক থেকে এক্ষেত্রে যদি কিছু করার থাকে সেটা তারা করবেন। প্রতিটি অ্যাকাউন্ট ঠিক সময়ে জমা দেবার ক্ষেত্রে আমাদের খুবই দেরি হয়েছিল। কিন্তু আমাদের বলা হল যে, ভারতবর্ষের দু-একটি রাজ্যের মধ্যে আমরা মাসের ১০ তারিখের মধ্যে প্রায় প্রতিটি দপ্তর এবং ৩১শে মার্চের মধ্যে খরচের হিসেবটা জমা দিতে পারছি। সি. এ. জি.-র একটা চিঠি আছে, তাতে ওরা আমাদের অ্যাপ্রিশিয়েট করে লিখেছেন। এরজন্য আমরা এ. জি. এবং সি. এ. জি.-কে ধন্যবাদ জানাই। তারপর এ. জি., সি. এ. জি. ওদের অডিট রিপোর্ট জমা দিচ্ছেন। আমি এই অডিট রিপোর্টের ব্যাপারে খোলাখুলি বলছি যে, অডিটের একটা জায়গায় ৫ বছর, আর একটি জায়গায় ১০ বছর দেরি হয়েছে এ. জি.-র দিক থেকে। এখন ওরা কাজটা করতে চাইছেন—এতে আমরা খুশি। এখন ওরা ওদের কাজটা তাড়াতাড়ি করুন।

লোকের মুখ চলে—পঞ্চায়েতে অডিট হচ্ছে না, সি. পি. এম. এবং বামফ্রন্ট সরকার কাজটা করাচ্ছেন না। যেটা বামফ্রন্টের করার কথা সেটা অনেক এগিয়ে আছে। কিন্তু দেরিটা যে এ. জি.-র দিক থেকে বেশি হচ্ছে সেটা বিধানসভার মাধ্যমে মানুষকে বলতে হবে। এক্ষেত্রে এ. জি.র যেটা করবার কথা সেটা পিছিয়ে আছে। আমি সংখ্যাতত্ত্ব দিয়ে দিলাম।

তারপর এক্সেস এক্সপেন্ডিচার স্টেটমেন্ট—এটা অনেক দিন পড়ে ছিল, কারণ আমাদের ৫০টি দপ্তর এবং তাদের সবার সেটা দেবার কথা। মাননীয় বাপুলি মহাশয় গত সেসনে একটি প্রশ্ন করে জানতে চেয়েছিলেন যে, এই এক্সেস এক্সপেন্ডিচারের হিসেবটা কবে জমা দিতে পারবেন। ৮ বছরের একসেস এক্সপেন্ডিচার স্টেটমেন্ট বাকি ছিল—১৯৮৪ থেকে ১৯৯২ পর্যন্ত। আমি তখন বলেছিলাম, এখন নয়—প্রায় ৩ মাস আগে বলেছিলাম—আমি আপ্রাণ চেষ্টা করব সেটা আপনাকে দিয়ে দিতে। আজকে আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি, ঐ ৮ বছরের বিগত এক্সেস এক্সপেন্ডিচার স্টেটমেন্ট গত তিন মাস ধরে ৫০টি দপ্তরের মন্ত্রী এবং সচিবদের সঙ্গে বসে তৈরি করে সেটা জমা দিয়ে দিচ্ছি এবং সেটা আজকেই পৌঁছে যাবে। এই একসেস এক্সপেন্ডিচার সম্বন্ধে আপনারা মাঝেই শুনিয়ে থাকেন—আর্থিক শৃঙ্খলা ভেঙে যাচ্ছে, এক্ষেত্রে এক্সেস এক্সপেন্ডিচার একটা নিরিখ। এক্সেস এক্সপেন্ডিচার মানে হ'ল, বাজেট যেটা অনুমোদিত হয়েছে—বাজেট আমরা পেশ করি ২১-২২ তারিখে ৩১শে মার্চের মধ্যে যদি তার বেশি খরচ হয়ে থাকে সেটা বুঝিয়ে দিতে হবে।

আমি দেখতে পাচ্ছি সাপ্লিমেন্টারি সমেত রিভাইজ নিয়ে আর. ই. সমেত সর্বশেষটা বলছি ১৯৯৪-৯৫ সালে গোটা বাজেটে একসেস এক্সপেন্ডিচার ২.৫ শতাংশ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৬-৭৭ সালে যেটা আপনাদের শেষ সময় তখন এক্সেস এক্সপেন্ডিচার হয়েছিল আপনাদের বাজেটের ৭.৯ শতাংশ। অর্থাৎ যদি বলেন আর্থিক শৃঙ্খলা, ২.৫ শতাংশের তিন গুণের বেশি উৎশৃঙ্খলা আপনারা ছিলেন। আপনাদের উৎশৃঙ্খলতার ৩ ভাগের এক ভাগে আমরা কমিয়ে ফেলেছি। আরও কমাব। এক্সেস এক্সপেন্ডিচার আপনাদের শেষ বছরে

(তুমুল গোলমাল)

৭.৯ শতাংশ হয়েছিল এটা আপনারা চেঁচিয়ে আমাকে থামাবেন, আমাকে যুক্তি দিয়ে থামাতে পারবেন না। আপনাদের চেঁচিয়ে থামাতে হবে, আমি যে তথ্য দিচ্ছি সেই তথ্য আপনারা সামলাতে পারবেন না। তাই আপনাদের চেঁচিয়ে থামাতে হবে। আপনাদের সময় একসেস এক্সপেন্ডিচার ছিল বাজেটে ৭.৯ শতাংশ আর আমাদের সময় কমে হয়েছে ২.৫ শতাংশ। আপনাদের উৎশৃঙ্খলতা আমরা কমিয়ে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পর একটা জায়গা আছে, আরও একটু দেরি করে কমানো দরকার। সেটা হচ্ছে যে অ্যাডভান্স নেওয়া হয়—আমাদের এই ৫০টি দপ্তর আছে, তাতে প্রায় সাড়ে বারো হাজার ডি. ডি. ও. আছেন, অ্যাডভান্স যে কোনও সরকার অফিস চালাতে গেলে নিতে হয়, অ্যাডভান্স নেওয়াটা বেআইনি

নয়, কিন্তু অ্যাডভান্সটা অ্যাডজাস্ট করতে দেরি করা উচিত নয়। এই দেরিটা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসকে বলতে চাই, আমরা সমস্ত মন্ত্রী মিলে, মুখ্যমন্ত্রীর নির্দেশে ওর সঙ্গে আলোচনা আমরা করছি—আমরা চেষ্টা করব যেখানে অ্যাডভান্স নেওয়া হয়েছে সেই দেরিটা কমিয়ে আনতে। যখন এর পর বাজেট সেসন হবে আমি উত্তরটা দিয়ে দেব কতটা কমাতে পারলাম যে ভাবে এক্সেস এক্সপেন্ডিচার সেশন হবে আমি উত্তরটা দিয়ে দেব কতটা কমাতে পারলাম যে ভাবে এক্সেস এক্সপেন্ডিচার কমাচ্ছি। এর পর সর্বশেষ থাকছে পাবলিক অ্যাকাউন্ট কমিটি। পাবলিক অ্যাকাউন্ট কমিটিতে অনেক দিন রিপোর্ট পড়েছিল। উনি একটা ভাল সিদ্ধান্ত নিয়েছেন এ. জি.-র সঙ্গে আলোচনা করে, আমি ওনাকে সাধুবাদ জানাই, যেগুলি পুরানো সেইগুলি আলাদা করে নূতনগুলিকে এক সঙ্গে নিয়ে আসুন আমরা একত্রিত একটা চেষ্টা করি। আপনারা ১৯৯০-৯১ থেকে যেটা চেয়েছিলেন সেই এক্সেস এক্সপেন্ডিচার আমরা দিয়ে দিলাম। প্রত্যেক মন্ত্রী মহাশয় আপনার সঙ্গে সহযোগিতা করতে চাই, আপনি যদি প্রশ্ন করেন সেটা দপ্তর থেকে যাবে। একটা চেষ্টা আমরা করতে পারি, আগামী যে বাজেট তার মাঝখানে ৭ মাস—খুব বেশি সময় নেই—আপনার রিপোর্টটা আসুন আমরা সকলে মিলে আপটু ডেট করি। আমি এ. জি. কেও বলছি আপনারা কো-অপারেট করুন, সেটা নিয়ে এখানে বিতর্ক হোক, চুলচেরা বিতর্ক হোক। এইভাবে আমরা দায়বদ্ধ থাকতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক সঙ্গে যেখানে সি. এ. জি. নেই গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে সেখানে আমরা অন্য একটা জিনিস গত ২ বছর ধরে শুরু করেছি। একেবারে গ্রাম পঞ্চায়েত নয় গ্রাম সংসদ, গ্রাম স্তরে খোলা মিটিং, যেহেতু প্রশ্ন আসবে সেই হেতু আমি লিখে এনেছি কটা মিটিং কোথায় হয়েছে—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জেলা ধরে ধরে বলে দিচ্ছি। উত্তর থেকে বলছি তার মানে উত্তরবঙ্গ থেকে বলছি। কোচবিহার, গত নভেম্বর মাসের হিসাব, ১৪৬৯টি গ্রাম স্তরের মিটিং, তার মধ্যে ১৪৫১ টি জায়গায় হয়েছে। জলপাইগুড়ি ১,৩৩৫টির মধ্যে ১,৩২৮টি জায়গায় হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে লক্ষ্যণীয়, এখানে যা চাচ্ছিলেন এই সংখ্যাটা বাড়ছে এবং এই খানে যে হিসাবটা মানুষকে সরাসরি দিতে চাচ্ছি তা হল কি টাকা এসেছে, কি খরচ হয়েছে এবং কোন কোন কাজ হয়েছে। আমরা একেবারে স্বচ্ছতার সঙ্গে যেখানে সি. এ. জি. আছে সেখানে বিধানসভা যেখানে সি. এ. জি. নেই সেখানে মানুষের কাছে সরাসরি দিতে চাচ্ছি। যখন গ্রাম পঞ্চায়েতে জড়ো হচ্ছে সেখানে কিন্তু সংবিধানের কোনও বাধা নেই, মাননীয় সাংবাদিকরা পাবেন, সি. এ. জি. ছাড়া মাননীয় সাংবাদিকরা যে কোনও জায়গায় যেতে পারেন, কোনও বাধা নেই, কোনও স্বাধীনতা হরণ নেই। আমার শুধু একটা বক্তব্য, আপনারা একটা সিদ্ধান্ত নিন এই ভাবে অ্যাসেম্বলির মাধ্যমে যখন সি. এ. জি.-র রিপোর্ট নিয়ে আলোচনা করতে চাইছি সেই পদ্ধতি চলতে থাকবে নাকি মাঝে মাঝে বিক্রিত ভাবে অর্ধেকভাবে কাগজে চলে যাওয়া চালু থাকবে। যদি একটা বলেন তাহলে দ্বিতীয়টা কখনও চালু থাকতে পারে না। যদি সংবিধানের নীতি মেনে থাকি তাহলে—কাউকে অসম্মান করার জন্য নয়—আর এটা কিন্তু চলতে পারে না।

[6-00 — 6-10 p.m.]

আমি সেটা দৃষ্টি আকর্ষণ করেছি, কারা কণ্ঠরোধ করার জন্য বলে। অ্যাসেম্বলির যাতে কণ্ঠরোধ না হয়, অ্যাসেম্বলির নিয়মটা যাতে লঙ্ঘিত না হয় তা দেখা দরকার। সংবিধান এবং বিধানসভার উর্ধ্বে কেউ নয়। এখানে দায়বদ্ধতার মাধ্যমে মানুষের কাছে দায়বদ্ধতা আমি জানিয়ে গেলাম।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি অসীমবাবুর প্রায় এক ঘন্টার বক্তৃতা শুনলাম। এটা ক্রিকেট খেলা হলে আমি বলতাম, এক ঘন্টা ব্যাট করে উনি একটিও বাউন্ডারি মারতে পারলেন না এক ঘন্টার বক্তৃতায়। ওর আজহারউদ্দিনের মতো বাদ পড়া উচিত। আমার যে মূল চার্জ ছিল সমস্ত পি. এল. অ্যাকাউন্ট এ. জি.-র পার্মিশন না নিয়ে যা খোলা হয়েছে তা অবৈধ এবং সেগুলো বন্ধ করে দিতে হবে। এই মূল অভিযোগের কোনও জবাব উনি দেননি। আমি দ্বিতীয় কথা বলেছি যে, অ্যাপ্রোপ্রিয়েশনের যে টাকা উনি অ্যাপ্রোপ্রিয়েট করেছেন ৩১শে মার্চের মধ্যে খরচ না করে এবং পি. এল. অ্যাকাউন্টের টাকা ফেরত না দিয়ে, এটা সংবিধান বিরোধী, নিয়ম বিরোধী। ফিন্যান্সিয়াল ইরেগুলারিটিজের জবাব উনি দেননি। উনি উল্টে এই হাউসকে মিসলিড করেছেন। ধরুন জওহর রোজগার যোজনার ব্যাপারে উনি বলেছেন সমস্ত জেলা পরিষদগুলোর লোকাল ফান্ডের কথা। উনি উল্লেখ করেছেন এস. আর. ৩৯ ইত্যাদি ইত্যাদি। আসল কথা উনি বলেনি। '৬৪ সালে যে লোকাল ফান্ড অ্যাকাউন্ট হয়েছিল, তখন কেন্দ্র থেকে ডাইরেক্ট টাকা আসত না। জেলা পরিষদ, পঞ্চায়েতগুলো চৌকিদারদের মাইনে দিত। আজকে জওহর রোজগার যোজনার রুল কি, যেটা অসীমবাবু ভায়োলেট করেছেন? আমি নাম করতে চাই না, একজন অথরিটি কমেন্ট করেছেন যে, রুলস হচ্ছে, জওহর রোজগার যোজনার টাকা ব্যাঙ্কে সেপারেট এস. বি. অ্যাকাউন্ট করে রাখতে হবে যাতে ইন্টারেস্ট বিয়ারিং হয়। এটা কমেনটেড হয়েছে যে ৩ কোটি ৭৭ লক্ষ টাকা সরকার লুজ করেছেন। শুধু চারটি জেলায়—বীরভূম, হুগলি, মালদা এবং মুর্শিদাবাদ জেলা পরিষদ ইন্টারেস্টের মাধ্যমে সরকার লুজ করেছে। উনি লোকাল ফান্ড অ্যাকাউন্ট বুঝিয়েছেন। বুঝলাম না, উনি কেন পি. এল. অ্যাকাউন্টগুলো বন্ধ করছেন না? তার কোনও জবাব উনি আমাদের দেননি। উনি বললেন, একটা চক্রান্ত চলছে পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে। আমি তাই বলছি, এই যে টাকাগুলো বেরিয়ে যাচ্ছে, আগামী বছরের পঞ্চায়েত নির্বাচনের জন্য সি. পি. এম. প্রস্তুত হচ্ছে। এটাই চক্রান্ত। চক্রান্ত আমাদের দিক থেকে নয়। এই টাকাগুলো পি. এল. অ্যাকাউন্ট থেকে তুলে নিজেদের বশ... অফিসারদের দিয়ে খরচ করবেন, এটার জন্যই আমাদের বক্তব্য। পশ্চিমবাংলায় অডিটের অবস্থাটা কি? দশ বছর পঞ্চায়েত সমিতিতে অডিট হয়নি। পাঁচ বছর জেলা পরিষদগুলোর অডিট হয়নি। অডিট মানে আপনাদের মনে রাখতে হবে, কোনও টোটাল অডিট করে না। স্যাম্পেল অডিট করে। পশ্চিমবাংলায় দীর্ঘদিন ইন্টিগ্রেটেড অডিট হয়নি।

এই বছরে সি. এ. জি. অর্ডার দিয়েছেন টোটাল অডিটের। টোটাল অডিট যদি হয়, কোনও হিসাব পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদগুলোর নেই। কার দোষে হিসাব নেই, আমি জানি না। সি. এ. জি. একটা কনস্টিটিউশনাল সংস্থা, তাকে দিয়ে অডিট করাননি।

অডিট না হবার জন্য বিরোধী দল দায়ি নয়। অডিট না হবার জন্য সংবাদপত্র দায়ী নয়। যেটুকু অডিটের রিপোর্ট আমরা পেয়েছি, সেগুলো নিয়ে আমি বলব। দক্ষিণ দিনাজপুরে ৩০টি পি. এল. অ্যাকাউন্ট রয়েছে। তপন ব্লকে ডিফলকেশন হয়েছে ৫ লক্ষ ২০ হাজার টাকা। হাওড়ায় ফিশারিজ ডিপার্টমেন্টে ১ কোটি ১ লক্ষ ৪৭ হাজার টাকার হিসাব পাওয়া যাচ্ছে না। উত্তর দিনাজপুরে বেআইনি পি. এল. অ্যাকাউন্টে ১০ কোটি টাকা রয়েছে।

আমি আবার বলছি ১৯৯৪-৯৫ সালে অ্যাকর্ডিং টু স্টেটমেন্ট নং ১৬তে লেখা আছে যে, ২ হাজার ৬১৫ কোটি টাকার ক্যাশ ব্যালেন্স ২২১টি পি. এল. অ্যাকাউন্টে, এটা থাকতে পারে না এবং এটা যে বেআইনি একথা আমি বারে বারে বলার চেষ্টা করেছি, এরজন্য এই টাকার ডিফালকেশনের প্রশ্নও এসেছে। আমরা বারে বারে জিজ্ঞাসা করেছিলাম যে, কত টাকার ডিফালকেশন হয়েছে সেটা জানান। পুরোপুরি ইরেগুলারিটি হয়েছে এবং আড়াই হাজার কোটি টাকার বেশি ডিফালকেশন হয়েছে। কত ঠিক ডিফালকেশন হয়েছে সেটা অডিট করলেই বোঝা যাবে। অসীমবাবু, আপনি তো ধোওয়া তুলসি পাতা, আপনি বলুন না সি. বি. আইকে দিয়ে দেব। অত অডিটের ঝামেলার দরকার নেই। তাহলে আমরাও সব মেনে নিতে পারব যে যতটুকু হয়েছে তাতে ৬ কোটি টাকার হিসাব বিভিন্ন ট্রেজারিতে পাওয়া যাচ্ছে না। কোনও রাজ্য আছে যেখানে এ. সি. বিল আছে আর ডি. সি. বিল নেই। ড্রইং এবং ডিসবার্সিং অফিসারের যে চেষ্ট আছে, সেই সিন্দুকে টাকা নেই। উত্তর ২৪ পরগনার কথা বলেছিলাম সেখানে ৬৯ হাজার টাকা আর হাওড়া ফিশারিজ ডিপার্টমেন্টের কথা বলেছিলাম যে সেখানেও ক্যাশ ব্যালেন্স মেলানো হয়েছে, সিন্দুক থেকে দেখা গেছে যে টাকা উধাও হয়ে গেছে। এখানে দাঁড়িয়ে ১০ বছর আগে আমি বলেছিলাম আলিপুর ট্রেজারি কেলেঙ্কারির কথা। তখন মুখ্যমন্ত্রীর আপ্ত সহায়ক ডি. সি. আর. নিয়ে চলে গেছিলেন। আজ পর্যন্ত বি. সি. মুখার্জি কমিটির রিপোর্ট পেশ করেননি। এই সরকারের ফিনান্সিয়াল ইরেগুলারিটিজ সিজ করুন। একটা কন্সপিরিসি নিয়ে আয়রন কার্টেন চলছে। রাশিয়াকে বলা হয়েছিল আয়রন কার্টেন, জ্যোতিবাবুর গভর্নমেন্টের আয়রন কার্টেন বললে বেশি সম্মান দেওয়া হবে। চায়নাকে বলা হয়েছিল ব্যাম্বু কার্টেন, সেটাও এদেরকে বললে বেশি সম্মান দেওয়া হয়। এরা হচ্ছে চটের কার্টেন। চটে ফুটো আছে তাই তো ওদের সব জায়গাতে দগদগে ঘা বেরিয়ে যাচ্ছে। আর আপনারা কি করছেন—সংবাদপত্রের বিরুদ্ধে লেগে বেড়াচ্ছেন। অসীমবাবু আজকে এমন অবস্থায় এসেছেন যে, ১৯৯০-৯১ সাল পর্যন্ত পি. এল. অ্যাকাউন্ট খোলেননি। ১৯৭৯ সালে ডেলিগেশন অব ফিনান্সিয়াল পাওয়ার রুল্‌স অনুযায়ী ডিপার্টমেন্টকে যে পাওয়ার দেওয়া হয়েছিল সেই টাকা তারা খরচ করতে পারেন না। সেই অধিকার অসীমবাবু তাদের কাছ থেকে কেড়ে নিয়েছেন। উনিই সমস্ত টাকা মনিটারিং করবেন এবং বছরের শেষে রামের টাকা শ্যামকে আর শ্যামের টাকা যদুকে দেবেন। আর সেটা দিতে গিয়ে কখনও পুরো মাইনে দিচ্ছেন, কখনও পুরো দিতে পারছেন না, মাইনেতে শর্ট পড়ছে। মাইনের শর্ট পড়লেই তিনি পি. এল. অ্যাকাউন্টের ডেভেলপমেন্টের টাকা তুলে মাইনে দিচ্ছেন। আবার মাইনে শর্ট পড়লে সেন্ট্রালি স্পন্সর্ড স্কীমের টাকা তুলেও ওখানে পূরণ করছেন। এইভাবে কত টাকা যে নয়ছয় হচ্ছে তার কোনও হিসাব নেই। বিহারের পশুপালন কেলেঙ্কারির জন্য সি. বি. আই. এনকোয়ারি

হল। এখানেও যদি সি. বি. আই. এনকোয়ারি না হয় তাহলে অসীমবাবুর বিরুদ্ধে আমরা সেন্সার মোশন আনব। ওনার বিরুদ্ধে ব্যক্তিগত নিন্দা প্রস্তাব আনব। এই সেশনের শেষেই আমরা সরকারের বিরুদ্ধে নো কনফিডেন্স মোশন আনব। ওনার ওপরে আমাদের আর কোনও ভরসা নেই। আমার সব কটা প্রশ্নই তিনি এড়িয়ে গেছেন, জবাব দেননি। অসীমবাবু আপনার কাছে শেষ জবাব চাই—আপনার তো সৎ সাহস আছে, দিল্লির মন্ত্রীদের বিরুদ্ধে সি. বি. আই. তদন্ত হয়েছে, বিহারে, উত্তরপ্রদেশে সি. বি. আই. তদন্ত হয়েছে, আপনি আজকে হাত তুলে বলুন যে, আমাদের কোনও ভয় নেই, আমাদের খাতা খোলা আছে। আমাদের পি. এল. অ্যাকাউন্ট স্বচ্ছ। আপনি বলুন সি. বি. আইকে দিয়ে তদন্ত করার, আপনি বলুন, বলতেই হবে সি. বি. আইকে দিয়ে তদন্ত করাবেন কি না। আপনাদের বলতেই হবে, তা না হলে আমরা শুনব না, আপনাদের বলতেই হবে সি. বি. আইকে দিয়ে তদন্ত করাবেন কি না। তুমুল হট্টগোল।

(এই সময়ে কংগ্রেস সদস্যরা স্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন।)

...(Noise)...

(At this stage the Congress (I) members walked out)

The motion of Shri Saugata Roy that the Statement made by the MIC of the Finance Department on important procedural issues regarding consideration of the Report of CAG and related matters be taken into consideration was then put and lost.

## Adjournment

The House was then adjourned at 6-10 p.m. till 11-00 a.m. on Friday the 20th June, 1997, in the Assembly House, Calcutta.

# INDEX TO THE

# West Bengal Legislative Assembly Proceedings

# (Official Report)

**Vol : 109 No-IV (One hundred and Ninth Session, 1997)**

(The 6th, 10th, 11th, 12th, 13th, 16th, 17th, 18th & 19 June, 1997)

**Bill**

The Registration (West Bengal Amendment) Bill, 1997 P-103

i) The Siliguri Municipal Corporation (Amendment) Bill, 1997

ii) The Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997

iii) The Asansol Municipal Corporation (Amendment) Bill, 1997 PP-151-152

The Vidyasagar University (Amendment) Bill, 1997 P-106

**Demand for Grants**

Voting on Demand for Grants—Demand Nos. 26 & 90 PP-586-627

Voting on Demand for Grants—Demand Nos. 32, 33, 34 PP-276-329

Voting on Demand for Grants—Demand No. 39 PP-193-194

Voting on Demand for Grants—Demand Nos. 30 & 45 P-479

Voting on Demand for Grants—Demand Nos. 47, 48, 55 & 58 PP-387-388

**Discussion on Motion under Rule 319 regarding the disapproval of the statement made by the MIC of the Finance Deptt. on Important procedural issues regarding consideration of the report of the CAG and related matters.**

by—Shri Abdul Mannan P-64

by—Dr. Asim Kumar Dasgupta PP-641-656

by—Shri Atish Chandra Sinha PP-633-635

by—Shri Deba Prasad Sarkar PP-635-637

by—Shri Satya Ranjan Bapuli PP-637-641

by—Shri Saugata Roy PP-629-633, PP-656-658

**Discussion on the Vidyasagar University (Amendment) Bill, 1997**

by—Shri Jayanta Kumar Biswas PP-108-109

by—Shri Mrinal Kanti Roy PP-107-108

by—Shri Purnendu Sengupta PP-109-110

by—Shri Rampada Samanta PP-110-111

by—Satya Sadhan Chakrabortty PP-111-113

**Discussion on the following Bills held together**

i) The siliguri Municipal corporation (Amendment) Bill, 1997

ii) The Chandernagore Municipal Corporation (Amendment) Bill, 1997

iii) The Asansol Municipal Coropration (Amendment) Bill, 1997 PP-160-162

by—Shri Jayanta Kumar Biswas PP-154-155

by—Shri Kaliprasad Biswas PP-155-157

by—Shri Md. Yakub PP-157-158

by—Shri Pelab Kabi PP-158-160

by—Shri Prakash Minj PP-152-154

**Discussion on the Registration (West Bengal Amendment) Bill, 1997**

by—Shri Amar Chowdhury P-105

by—Dr. Asim Dasgupta PP-105-106

by—Shri Mursalin Mollah PP-103-105

Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 47, 48, 55 & 58

by—Shri Asit Kumar Mal PP-410-411

by—Shri Asit Mitra PP-404-407

by—Shri Atish Chandra Sinha PP-388-397

by—Shri Birendra Kumar Moitra PP-430-433

by—Shri Debnarayan Murmu PP-429-430

by—Shri Gopal Krishna De PP-415-417

by—Shri Hafiz Alam Sairani PP-401-404

by—Shri Himangsu Dutta PP-397-400

by—Shri Kamakhya Nandan Das Mahapatra PP-411-414

by—Shri Mozammel Haque PP-417-418

by—Shri Nandadulal Majhi PP-424-426

by—Shri Narendra Nath Dey PP-433-438

by—Shri Nirmal Das PP-407-410

by—Shri Pravanjan Mondal PP-419-422

by—Shri Rabin Mukherjee PP-400-401

by—Dr. Ram Chandra Mondal PP-418-419

by—Shri Sailaja Kumar Das PP-422-424

by—Shri Sukumar Das PP-426-429

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 32, 33 & 34**

by—Shri Ajoy De PP-285-287

by—Shri Ashok Kumar Deb PP-287-289

by—Shri Asit Kumar Mal PP-293-296

by—Shri Asit Mitra PP-299-301

by—Shri Brahamamoy Nanda PP-314-315

by—Shri Chittaranjan Das Thakur PP-307-309

by—Shri Deba Prasad Sarkar PP-312-314

by—Shri Id Mohammed PP-296-299

by—Shri Pankaj Banerjee PP-276-281

by—Smt. Minoti Ghosh PP-315-319

by—Shri Nishi Kanta Mehta PP-289-291

by—Shri Partha De PP-319-326

by—Shri Pravin Kumar Shaw PP-281-285

by—Shri Pramatha Nath Roy PP-310-312

by—Shri Sasanka Sekhar Biswas PP-291-297

by—Shri Sobhandeb Chattopadhyay PP-305-307

by—Shri Sudhir Bhattacharya PP-309-310

by—Dr. Tapati Saha PP-302-305

Discussion on Voting on Demand for Grants—Demand Nos. 30 & 45

by—Shri Abu Sufian Sarkar PP-497-499

by—Smt. Anju Kar PP-530-534

by—Shri Ajit Khanra PP-515-518

by—Shri Ashok Kumar Deb PP-505-507

by—Shri Ashok Kumar Giri PP-526-527

by—Shri Asit Mitra PP-490-492

by—Shri Bangsa Gopal Chowdhury PP-535-538

by—Shri Brahmamoy Nanda P-530

by—Shri Chittaranjan Das Thakur PP-509-511

by—Shri Deba Prasad Sarkar PP-511-515

by—Shri Hafiz Alam Sairani PP-494-497

by—Shri Jayanta Biswas PP-502-505

by—Shri Kanti Biswas PP-538-545

by—Shri Md. Sohrab PP-499-502

by—Shri Mustafa Bin Quasem PP-485-490

by—Shri Nemai Mal PP-534-535

by—Shri Paresh Nath Das PP-518-520

by—Shri Pramath Nath Ray PP-527-530

by—Shri Rampada Samanta PP-521-523

by—Shri Sanjib Kumar Das PP-479-485

by—Shri Satya Sadhan Chakraborty PP-545-550

by—Smt. Shanta Chhetri PP-492-494

by—Shri Sk. Daulat Ali PP-523-526

by—Shri Sudhir Bhattacharjee PP-507-509

by—Shri Tushar Kanti Mondal PP-520-521

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 29 & 90**

by—Shri Ambica Banerjee PP-590-594

by—Shri Ashok Bhattacharjee PP-620-626

by—Shri Ashok Kumar Deb PP-607-609

by—Shri Chittaranjan Das Thakur PP-609-611

by—Shri Jatu Lahiri PP-595-596

by—Shri Jyoti Chaudhuri PP-601-603

by—Smt. Kanika Ganguly PP-617-619

by—Shri Md. Yaqub PP-597-599

by—Shri Narayan Mukherjee PP-613-614

by—Shri Nirmal Chandra Das PP-603-605

by—Shri Nirmal Ghosh PP-615-617

by—Shri Nirmal Mukherjee PP-587-590

by—Shri Pritam Chatterjee PP-619-620

by—Shri Ramjanam Majhi PP-611-613

by—Smt. Shanta Chettri PP-600-601

by—Shri Tarak Bandyopadhyay PP-605-607

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 39**

by—Shri Amar Chowdhury PP-227-229

by—Smt. Chhaya Bera PP-238-246

by—Shri Debabrata Banerjee PP-201-204

by—Shri Deba Prasad Sarkar PP-230-234

by—Shri Jyoti Chowdhury PP-209-212

by—Shri Lagan Deo Singh PP-235-238

by—Shri Md. Yakub PP-207-209

by—Shri Nanda Rani Dal PP-212-214

by—Shri Nirmal Ghosh PP-214-218

by—Shri Pankaj Banerjee PP-204-207

by—Shri Purnendu Sengupta PP-218-220

by—Shri Robin Mukherjee PP-220-222

by—Dr. Ram Chandra Mondal PP-234-235

by—Shri Ramjanam Majhi PP-225-227

by—Shri Ranjit Kundu PP-222-225

by—Shri Saugata Roy PP-194-201

**Laying of Reports**

Annual Reports and Audited Accounts of the West Bengal Forest Development Corporation Limited for the years 1990-91 and 1991-92 P-314

Audited Annual Report of the Webel Telecommunication Industries Limited for the period from the 1st April 1994 to 31st December 1994 P-94

The 21st and the 22nd Annual Reports of the West Bengal Essential

Commodities supply Corporation Limited for the years 1994-95 and 1995-96 respectively P-94

Audit Report of the West Bengal Housing Board for the years 1992-93 and 1993-94 P-375

Audit Reports of the Calcutta Metropolitan Development Authority for the year 1992-93 P-375

Annual Budget of the Damodar Valley Corporation for the year 1997-98 P-375

**Laying of Rules**

Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974 P-186

**Mention Cases** PP-461-472

PP-272-275

PP-375-382

PP-98-102

PP-144-150

PP-186-193

**OBITUARY REFERENCE**

of—Shri Bojoy Singh PP-349-351

of—Shri Biju Patnaik PP-4-5

of—Shri Biswanath Chakraborty PP-2-3

of—Dr. Durgadas Basu PP-6-7

of—Shri Kamakhya Charan Ghosh P-2

of—Shri Mihir Sen P-165

Obituary Reference PP-9-10

of—Smt. Renuka Ray PP-1-2

of—Shri Sambhu Mitra PP-5-6

of—Shri Surendra Bhattacharjee PP-3-4

of—Shri Trilochan Das P-3

**Presentation of Report**

Twenteeth Report of the Business Advisory Committee P-10

Twenty-first Report of the Business Advisory Committee PP-229-230

Presentation of the 22nd Report of the Business Advisory Committee PP-627-628

Presentation of the 7th and 8th Reports of the Subject Committee on Agriculture, Agriculture (M), Food & Supplies, Food Processing and Horticulture, Fisheries, Forest and Animal Resources on pre-voting Budget Scrutiny for 1997-98 P-93

Presentation of the 12th Report of the Subject Committee on Agriculture, Agriculture (M), Food & Supplies, Horticulture, Forest, Fisheries, and Animal Resources Development, 1996-97 P-579

Presentation of the Thirty-ninth, Fortieth and Forty first Reports of the

Committee on Public Undertakings (1996-97), WBLA PP-579-580

Presentation of the 1st Report of the Subject Committee on Labour Commerce & Industries, Reconstruction, Cottage and Small Scale Industries 1996-97 P-93

Presentation of the Fourteenth and Fifteenth Reports of the Subject Committee on panchayat Rural Development Land Reforms and Co-operation (1996-97), West Bengal Legislative Assembly, P-93

Presentation of the 10th Report of the Subject Committee on Relief, Refugee Relief & Rehabilitation, Tourism and Welfare, 1997-98 P-144

Presentation of the 3rd and 4th Reports of the Subject Committee on Education, Information and Cultural Affairs, Sports and youth services 1996-97 P-144

Presentation of the Fourteenth Report of the subject Committee on Health & Family Welfare and public Health Engineering 1996-97 P-185

Presentation of the First, Second and Third Reports of the subject Committee on Irrigation and Waterways and water Investigation & Development (1996-97) P-186

Presentation of the 9th Report (on pre-voting Budget Scrutiry) of the Subject Committee on Agriculture, Agriculture Marketing, Food & Supplies, Food Processing, Forests, Fisheries, Horticulture and Animal Resources Development P-186

Presentation of the First Report of the Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing (1997-98) P-185

Presentation of the First Report of the Subject Committee on Transport and Public Works P-272

Presentation of the Second Report of the subject Committee on Labour, Commerce and Industries, Industrial Reconstruction and Cottage and Small Scale Industries P-272

Presentation of the First and Second Reports of the subject Committee on Environment, Power, Science and Technology and Non-conventional Energy 1996-97 P-185

Presentation of the Tenth and Eleventh Reports (on pre-voting Budget Serutiry) of the subject Committee on Agriculture, Agriculture (Marketing) Food & Supplies, Food Processing, Horticulture, Forest, Fisheries and Animal Resources Development P-272

**Privelege Motion** PP-583-584

PP-140-141

P-184

Average Daily Income of CSTC

by—Shri Pankaj Banerjee PP-340-341

Damaged & Rundown Buses

by—Shri Gayan Singh Shoanpal PP-347-348

De-requisiton of Land

by—Shri Pankaj Banerjee PP-36-37

Development of Barrackpore Surendranath College

by—Dr. Pravin Kumar Shaw PP-84-85

Electricity Generation Capacity of Durgapur Project Ltd.

by—Shri Pankaj Banerjee P-36

Expenditure Incurred by the W.B.E.C.S.C. Ltd.

by—Shri Nirmal Ghosh P-61

Hawker Melas arrengement by C.M.C.

by—Shri Pankaj Banerjee P-183

High Courts order about Noise Pollution

by—Shri Saugata Roy PP-136-138

I.A.S. officers waiting in the State Governments Pannel

by—Shri Pankaj Banerjee P-569

Introduction of Family Court

by—Shri Sultan Ahmed PP-338-339

Loss-making Public Undertakings

by—Shri Saugata Roy PP-28-29

No Hawking Zones in Calcutta

by—Shri Saugata Roy PP-563-567

Number of Double Decker Bus in CSTC

by—Shri Pankaj Banerjee P-37

Number of posts reserved for SC and ST

by—Shri Sultan Ahmed P-252

Number of projects for providing flats for LIG/MIG people

by—Shri Pankaj Banerjee P-37

Number of Refugee Rehabilitation Centre

by—Dr. Pravin Kumar Shaw P-139

Schemes for giving flats to the Aged Female Refugee

by—Dr. Pravin Kumar Shaw P-458

Selling of the vacant land

by—Shri Pankaj Banerjee PP-26-27

Shifting of Barrackpore Criminal Court

by—Dr. Pravin Kumar Shaw P-85

Total No. of Mous during the British P.M.'s Visit

by—Shri Saugata Roy P-181

অচল অগভীর নলকূপ

—শ্রী মোজাম্মেল হক PP-11-14

অজয় নদীর বন্যা নিয়ন্ত্রণ

—শ্রী তপন হোড় P-455

অসামাজিক কাজে অভিযুক্ত পুলিশকর্মী

—শ্রী কমল মুখার্জি এবং আব্দুল মান্নান PP-19-21

অঙ্গনওয়াড়ি প্রকল্পের অধীন কেন্দ্রগুলিতে জ্বালানি সরবরাহ

—শ্রী ঈদ মহম্মদ PP-79-80

আইনজীবীদের অবসরকালীন সুযোগ

—শ্রী তপন হোড় PP-336-337

আদাবী সোসাইটি হাই মাদ্রাসায় প্রধান শিক্ষকের শূন্য পদ

—শ্রী জ্যোতি চৌধুরি ও শ্রী আব্দুল মান্নান PP-115-119

আধুনিক ভারতীয় ভাষার উন্নয়ন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-119-124

আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সহায়তায় বন ও বন্য প্রাণী উন্নয়ন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-178-179

আমতলা এলাকায় লোডশেডিং

—ডাঃ নির্মল সিন্‌হা PP-62-63

আমতলা এলাকায় লোড-শেডিং সমস্যা

—শ্রী শঙ্করসরণ নস্কর PP-73-74

আমতলা-বারুইপুর রাস্তার বাস চালানোর পরিকল্পনা

—শ্রী আনন্দকুমার বিশ্বাস PP-74-75

আরামবাগে হিন্দি স্কুল অনুমোদন

—শ্রী শিবপ্রসাদ মালিক P-58

আসানসোল গার্লস কলেজে উচ্চ-মাধ্যমিক কোর্স চালুকরণ

—শ্রী তাপস ব্যানার্জি P-70

আড়ংঘাটায় সরকারি বাস সার্ভিস

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস PP-342-343

২৮টি কলেজ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা

—শ্রী অজয় দে PP-457-458

ই এম বাইপাসে বিজ্ঞাননগরী

—শ্রী অশোককুমার দেব PP-165-166

ইংরাজি মাধ্যম স্কুলকে দিল্লি বোর্ডের অনুমোদন

—শ্রী কমল মুখার্জি PP-453-455

উত্তর দিনাজপুর জেলায় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প

—শ্রী হাফিজ আলাম সৈরানী PP-86-87

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন পরিচালনের সদস্য সংখ্যা

—শ্রী নির্মল দাস P-333

উদ্বাস্তু কলোনির উন্নয়ন

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-456-457

উন্নতমানের বীজ উৎপাদন

—শ্রী ঈদ মহম্মদ P-82

উলুবেড়িয়ার অনুন্নত এলাকায় বিদ্যুৎ সরবরাহ

—শ্রী রামজনম মাঝি PP-67-68

এন বি এস টি সি কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ড

—শ্রী সালিব টোপ্পো P-331

এম এ, এম এস সি এবং বি ও জি এল কারখানায় পুনরুজ্জীবন

—শ্রী দেবব্রত ব্যানার্জি ও শ্রী লক্ষ্মণ বাগদি P-29

এল ৩১ রুটে সরকারি বাসের সংখ্যা বৃদ্ধি

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-56-57

কলকাতা ও তৎসংলগ্ন এলাকায় চালু দোতলা বাসের সংখ্যা

—শ্রী জটু লাহিড়ি P-340

কলকাতা থেকে আগরতলা বাস সার্ভিস

—শ্রী ইউনুস সরকার P-338

কলকাতা থেকে বাগমুন্ডি এস বি এস টি সি-র বাস চালুকরণ

—শ্রীমতী দেবলীনা হেমব্রম P-62

কলকাতা মেডিক্যাল কলেজের বাড়ি সংস্কার

—শ্রী আনন্দগোপাল দাস PP-266-267

কলকাতা শহরের বাইরে ট্রাম চালু

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-335-336

কলকাতা-গেদে বাস চালু

—শ্রী সুশীল বিশ্বাস P-337

কলকাতা-ঝাড়গাম বাস চলাচল

—শ্রী বুদ্ধদেব ভকত P-346

কলকাতা-বাংলাদেশ রাষ্ট্রীয় পরিবহন

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) P-339

কলকাতার জন্য দৈনিক পানীয় জল সরবরাহের পরিমাণ

—শ্রী ব্রহ্মময় নন্দ P-184

কলকাতার বিভিন্ন থানার ভারপ্রাপ্ত মহিলা পুলিশ

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-368-369

কলকাতার তফসিলি জাতি ও উপজাতিদের জন্য ভবন নির্মাণ

—শ্রী নরেন হাঁসদা PP-455-456

কলকাতায় ভূগর্ভস্থ জলের স্তর

—শ্রী তপন হোড় PP-369-370

কাটোয়া-এলাকায় মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্কুলে উন্নীতকরণ

—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি P-76

কারাসমূহের উন্নতি বিধান

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-83-84

"কুষ্ঠ নিবারণ প্রকল্প"

—শ্রী তপন হোড় P-268

কৃষি পেনশন

—শ্রী রবীন্দ্র ঘোষ P-88

কৃষ্ণনগর থেকে বহরমপুর পর্যন্ত ডাবল লাইন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-54

কোন্নগর থেকে বাবুঘাট লঞ্চ সার্ভিস

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-344-345

কোস্ট ক্যানালের জলে সেচের পরিকল্পনা

—শ্রী চক্রধর মাইকাপ P-459

খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় P-52

খানাকুল এলাকায় মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীতকরণ

—শ্রী বংশীবদন মৈত্র P-75

'গবাদি' প্রাণী চিকিৎসা প্রসারে প্রশিক্ষণ

—শ্রী কালিপ্রসাদ বিশ্বাস PP-366-367

গভীর ও অগভীর নলকূপে বিদ্যুৎ সংযোগ

—শ্রী মহবুবুল হক P-72

গাটরা হাসপাতালের ঘর দখল

—শ্রী সুশীল বিশ্বাস P-46

গোকর্ন-এলাকায় ঘূর্ণিঝড়ে মৃতের সংখ্যা

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় PP-89-90

গোয়ালতোড়ে সাব-স্টেশন

—শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে P-347

গ্রামোন্নয়ন খাতে নিয়োজিত অর্থ

—শ্রী অজয় দে PP-63-65

চন্দননগর ও ভদ্রেশ্বর পৌরসভার শূন্যপদের সংখ্যা

—শ্রী কমল মুখার্জি PP-38-39

চন্দননগর পুরসভার অনিয়ম ও দুর্নীতির অভিযোগ

—শ্রী তপন হোড় PP-50-51

চন্দননগর পৌরসভায় এলাকায় পানীয় জলের সঙ্কট

—শ্রী কমল মুখার্জি P-39

চন্দননগরের ইনডোর স্টেডিয়ামের কাজ

—শ্রী কমল মুখার্জি P-38

চাল উৎপাদন হ্রাস

—শ্রী অজয় দে PP-353-354

চালকলগুলি থেকে লেভি সংগ্রহ

—শ্রী জটু লাহিড়ি P-25

চাঁচোল ডিপোয় বাসের সংখ্যা

—শ্রী মহবুবুল হক P-349

চিৎপুর লকগেটের উপর উড়ালপুল

—শ্রী তারক ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-339-34(

ছাতা ও অন্যান্য মরসুমী কারখানায় শ্রমিকদের চাকুরি

—শ্রী সৌগত রায় PP-333-334

জাতীয় পতাকা উত্তোলন

—শ্রী সুকুমার দাস P-27

জুনিয়ার মাদ্রাসার অনুমোদন

—শ্রী অশোককুমার দেব PP-135-136

জেলা পরিকল্পনা কমিটি

—শ্রী তপন হোড় PP-131-134

জৈব সারের প্রস্তুতি ও বিক্রয়

—শ্রী কমল মুখার্জি PP-37-38

"টোল ট্যাক্স"

—শ্রী আব্দুল মান্নান PP-267-268

ডানকুনি এলাকায় বৈদ্যুতিকরণের কাজ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-57

ডিগ্রি কলেজগুলিতে বিভিন্ন ভাষা শিক্ষার ব্যবস্থা

—শ্রী হাফিজ আলম সৈইরানী P-70

ডিগ্রি কলেজ স্থাপন

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-61

ডিপ টিউবওয়েল

—শ্রী বিনয় দত্ত P-28

তফসিলি ও আদিবাসী সার্টিফিকেট প্রদানে বিলম্ব

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-458

তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রদের জন্য ছাত্রনিবাস

—শ্রী নন্দদুলাল মাঝি PP-441-445

তফসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত সরকারি কর্মচারীর, শতকরা হার

—শ্রী সালিব টোপ্পো PP-87-88

তফসিলি জাতি ও উপজাতি ছাত্র ছাত্রীদের ভরণ পোষণ ভাতা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-451-453

তিস্তা ফ্রুট প্রসেসিং কোম্পানি

—শ্রী পঙ্কজ ব্যানার্জি P-134

তৃতীয় ভূমি-সংস্কার আইন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-569

থানার অফিসারদের কতর্ব্যে অবহেলার ঘটনা

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-24-25

দক্ষিণ ২৪ পরগনার আংশিক বিদ্যুতায়িত মৌজাগুলিতে বিদ্যুৎ সরবরাহ

—ডাঃ নির্মল সিন্‌হা P-63

দার্জিলিং পার্বত্য এলাকায় জলকষ্ট

—শ্রী তপন হোড় PP-567-568

দার্জিলিং-এ আই সি ডি এস প্রকল্প

—শ্রীমতী শান্তা ছেত্রী P-367

দিসেরগড়ে ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার পরিকল্পনা

—শ্রী দেবব্রত ব্যানার্জি ও শ্রী পেলব কবি PP-16-17

দীঘায় আধুনিক বাস টার্মিনাস

—শ্রী মৃণালকান্তি রায় P-344

দুঃস্থ সাংস্কৃতিক জগতের মানুষদের জন্য অনুদানের পরিকল্পনা

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-368

দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

—শ্রী কমল মুখার্জি P-135

দেগঙ্গা এলাকায় জুনিয়র হাইস্কুলগুলির আপগ্রেডেশন

—শ্রী মহম্মদ ইয়াকুব PP-52-53

দেগঙ্গায় নারী নির্যাতন

—শ্রী তপন হোড় P-367

দেবোত্তর সম্পত্তি

—শ্রী ঈদ মহম্মদ P-570

দৈনিক দুধের চাহিদা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-369

ধান উৎপাদনে ক্ষতি

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-32-33

নতুন ডিগ্রি কলেজ স্থাপন

—শ্রী আব্দুল মান্নান PP-445-451

নদীয়া জেলার তাহেরপুর প্রজ্ঞাপিত অঞ্চলের উন্নয়ন

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস PP-68-69

নদীয়া জেলায় তাহেরপুর স্বাস্থ্যকেন্দ্রের চালু শয্যা সংখ্যা

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-68

নদীয়ায় কৃষি-ভিত্তিক শিল্পের পরিকল্পনা

—শ্রী সুশীল বিশ্বাস P-568

নন্দীগ্রাম-কলকাতা বাস সার্ভিস

—শ্রী দেবীশঙ্কর পান্ডা P-346

নবগ্রামে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ-সংযোগ

—শ্রী রবীন্দ্র ঘোষ PP-72-73

নয়াগ্রাম ব্লকে বৈদ্যুতিকরণ

—শ্রী সুভাষচন্দ্র সরেন P-340

নামখানা থেকে সীতারামপুর ফেরি সার্ভিস

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-348-349

নিয়ন্ত্রিত বাজার

—শ্রী ঈদ মহম্মদ PP-29-30

নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-26

নুঙ্গী পার বাংলা এলাকায় হাসপাতাল স্থাপন

—শ্রী অশোককুমার দেব P-46

'ন্যায়-পঞ্চায়েত' গঠন

—শ্রী অশোককুমার দেব PP-553-555

পরিবেশ দূষণরোধের সরকারি ব্যবস্থা

—শ্রী সুকুমার দাস PP-48-49

পলাশী সুগার মিলের জমি লিজ

—শ্রী তপন হোড় P-180

পানাকুয়া গ্রাম পঞ্চায়েত বিভাজন

—শ্রী আনন্দকুমার বিশ্বাস P-90

পাণ্ডুয়া শহরে পর্যটন আবাস তৈরির পরিকল্পনা

—শ্রী রবীন মুখার্জি P-89

পূজালি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন

—শ্রী অশোককুমার দেব PP-49-50

পুনর্নিযুক্ত অবসরপ্রাপ্ত আধিকারিকের সংখ্যা

—শ্রী শীতলকুমার সরদার P-182

পুরসভাকে মেগাসিটি প্রকল্পের আওতাভুক্তিকরণ

—শ্রী আব্দুল মান্নান P-34

পুরুলিয়ায় প্রত্নতাত্ত্বিক নিদর্শন

—শ্রী তপন হোড় P-27

পুলিশ প্রশাসনের আধুনিকীকরণ

—শ্রী সুকুমার দাস PP-21-24

পুলিশ মিউজিয়াম

—শ্রী সুকুমার দাস PP-363-366

প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-30-31

প্রতিবন্ধী সংখ্যা

—শ্রী কমল মুখার্জি PP-88-89

প্রধানমন্ত্রীর রোজগার যোজনা

—শ্রী অজয় দে P-336

প্রাথমিক বিদ্যালয়হীন গ্রাম

—শ্রী লক্ষ্মীরাম কিস্কু PP-124-128

প্রাথমিক স্বাস্থ্য বিধান

—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস PP-459-460

ফলতা এলাকায় প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে-মিল চালুকরণ

—শ্রী সুধীর ভট্টাচার্য P-75

ফলতায় অবাধ বাণিজ্যকেন্দ্র

—শেখ দৌলত আলি PP-569-570

ফার্মাসিস্টের শূন্যপদ

—শ্রী ঈদ মহম্মদ P-80

বজবজ এলাকায় কেরোসিন তেল বিক্রয় কেন্দ্র

—শ্রী অশোককুমার দেব P-50

বজবজ এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

—শ্রী অশোককুমার দেব P-46

বজবজ ও সাতগাছিয়া সরকারি হাসপাতাল স্থাপন

—শ্রী অশোককুমার দেব P-53

বজবজ তাপবিদ্যুৎকেন্দ্রে কর্মী নিয়োগ

—শ্রী অশোককুমার দেব PP-53-54

বর্ডার-উইং-হোমগার্ডদের চাকুরি সংক্রান্ত সমস্যা

—শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র PP-570-571

বর্তমান বর্ষে ছাত্র [illegible] সমস্যা

—শ্রী শক্তিপদ খাঁড়া PP-458-459

বন্ধ লবণ কারখানা

—শ্রী মৃণালকান্তি রায় PP-166-167

বর্ধমানে পর্যটক আবাস

—শ্রী আবু আয়েশ মন্ডল P-33

বন্যায় শস্যহানির পরিমাণ

—শ্রী সুকুমার দাস PP-128-129

বরাকরে এস বি এস টি সি-র বাস ডিপো নির্মাণ

—শ্রী শ্যামাদাস ব্যানার্জি এবং শ্রী আব্দুল মান্নান PP-34-35

বহরমপুর থেকে কলকাতা লঞ্চ সার্ভিস

—শ্রী আবু সুফিয়ান সরকার PP-346-347

বয়স্ক হাইস্কুল

—শ্রী অশোককুমার দেব P-53

বাউরিয়া ময়লাপুকুর হাসপাতালের অচল-অবস্থা

—শ্রী রামজনম মাঝি P-79

বাধ্যতামূলক বাংলা ছবির প্রদর্শন

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-28

বামানন্দপুর হাই মাদ্রাসা স্কুলের অনুমোদন

—শ্রী শিবপ্রসাদ মালিক P-58

বাংলাদেশে গরু মহিষ পাচার

—শ্রী তপন হোড় P-31

বাঁকুড়া জেলায় পর্যটনকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা

—শ্রী মনোরঞ্জন পাত্র PP-78-79

বাঁকুড়ার বিহারীনাথ পাহাড়ে পর্যটনকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা

—শ্রী অঙ্গদ বাউড়ি P-77

বাঁশবেড়িয়া এলাকায় সাব-স্টেশন নির্মাণের কাজ

—শ্রী রবীন মুখার্জি P-87

ব্যাঙ্ক ড্রাফট ভাঙ্গানোর গাফিলতি

—শ্রী দেবপ্রসাদ সরকার P-342

বিদ্যাসাগর সেতু থেকে বাসচলাচল বাবদ আয়

—শ্রী সুকুমার দাস P-49

বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বিদেশি কোম্পানির সঙ্গে চুক্তি

—শ্রী সুলতান আহমেদ P-55

বিদ্যুৎবিহীন মৌজা

—শ্রী শ্যামাদাস ব্যানার্জি PP-47-48

বিধিবদ্ধ রেশনিং এলাকাতে অনিয়মিত গম সরবরাহ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-270-271

বেসরকারি ম্যারেজ অফিসার নিয়োগ

—শ্রী কমল মুখার্জি PP-337-338

বৈদ্যুতিকরণের জন্য গৃহীত স্কীম

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-341

ভারত সরকারের কাছে গঙ্গা দূষণরোধে প্রকল্পের অনুমোদন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-170-173

ভিজিলেন্স কমিশনের প্রতিবেদন

—শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-173-178

ভুতনী দিয়ারা ফিশারি লিজ

—শ্রী সমর মুখার্জি PP-334-335

ভূ-গর্ভস্থ জলসেচের কাজে নিষেধাজ্ঞা

—শ্রী মৃণালকান্তি রায় P-78

ভৈরত নদীর ভাঙ্গন

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) P-135

ভোটারদের জন্য সচিত্র পরিচয়পত্র

—শ্রী সুকুমার দাস PP-560-563

মহিলাদের পৈতৃক সম্পত্তির প্রাপ্ত অংশ

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) PP-181-182

ময়ূরাক্ষী ক্যানালের জলাধার

—শ্রী আনন্দগোপাল দাস P-136

মৎস্য চাষীদের অনুদান

—শ্রী নন্দদুলাল মাঝি P-343

মাইথন ও বর্ধমানে যুব আবাস নির্মাণের পরিকল্পনা

—শ্রী শ্যামাপ্রসাদ পাল PP-69-70

মাইথনে যুব আবাস তৈরির পরিকল্পনা

—শ্রী দেবব্রত ব্যানার্জি P-76

মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক উন্নীতকরণ

—শ্রীমতী মমতা মুখার্জি P-459

মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ছাত্র ভর্তির সমস্যা

—শ্রী অজয় দে P-67

মালদহ্ জেলার অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন

—শ্রী মহবুবুল হক P-71

মালদা জেলার গ্রামীণ বৈদ্যুতিকরণ

—শ্রী সমর মুখার্জি P-344

মালদহ্ জেলায় জুনিয়র হাই ও হাই মাদ্রাসা স্থাপন

—শ্রী মহবুবুল হক P-71

মুর্শিদাবাদে সরকারি বাসের সংখ্যা

—শ্রী আবু সুফিয়ান সরকার PP-57-58

মুসলিম মেয়েদের শিক্ষার হার

—শ্রী মুরসালিন মোল্লা P-139

মেগাসিটি প্রকল্পে জন-প্রতিনিধিদের প্রস্তাব গ্রহণ

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় P-51

মেগাসিটি প্রকল্পে দক্ষিণ ২৪ পরগনার মৌজা অন্তর্ভূক্তি

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় PP-51-52

মেদিনীপুর জেলায় অনাথ আশ্রম

—শ্রী ব্রহ্মময় নন্দ P-84

মেদিনীপুরের মুসলিম ছাত্রী নিবাসটি চালু না হওয়ার কারণ

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত P-89

রতুয়া বিধানসভাকেন্দ্রে ভূমি-সংস্কার কাজ

—শ্রী সমর মুখার্জি PP-55-56

রাজগ্রাম মহামায়া উচ্চ বিদ্যালয়কে উচ্চতর বিদ্যালয়ে উন্নীতকরণ

—ডাঃ মোতাহার হোসেন P-60

রাজ্য সরকারি পরিবহন পরিষেবা বৃদ্ধি

—শ্রী অজয় দে PP-66-67

রাজ্য সরকারের কাছে নদীয়া জেলা পরিষদের বকেয়া পাওনা

—শ্রী সুশীল বিশ্বাস PP-180-181

রাজ্যে অপরাধমূলক কাজ

—শ্রী আব্দুল মান্নান PP-14-19

রাজ্যে আর এল আই সেন্টারের সংখ্যা

—শ্রী ঈদ মহম্মদ PP-80-81

রাজ্যে এন ডি এফ-এর সংখ্যা

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) P-570

রাজ্যে গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) PP-252-253

রাজ্যে ডব্লিউ বি আই ডি সি-র সহযোগিতায় শিল্প প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-555-560

রাজ্যে থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা

—শ্রী সুভাষ নস্কর P-270

রাজ্যে নতুন রেশন কার্ড বণ্টন

[illegible] বিশ্বাস PP-259-263

রাজ্যে নথিভুক্ত বেকার ইঞ্জিনিয়ারের সংখ্যা

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-270

রাজ্যে নারী ধর্ষণ ও বধু হত্যার সংখ্যা

—শ্রী কমল মুখার্জি PP-367-368

রাজ্যে প্রতিবন্ধীদের বিনামূল্যে সহায়ক সামগ্রী প্রদান

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-31-32

রাজ্যে বনরক্ষা কমিটি

—শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে PP-182-183

রাজ্যে বাঘ ও হাতির সংখ্যা

—শ্রী কমল মুখার্জি PP-167-170

রাজ্যে মাছের চাহিদা ও উৎপাদন

—শ্রী আবু আয়েশ মন্ডল এবং শ্রী পেলব কবি P-334

রাজ্যে শিশু শ্রমিকদের সংখ্যা

—শ্রী অজয় দে PP-58-59

রাজ্যে সৌর চুল্লির সংখ্যা

—শ্রী নির্মল ঘোষ PP-345-346

রাজ্যে হাসপাতালগুলিতে চিকিৎসকের শূন্যপদ

—শ্রী কমল মুখার্জি PP-263-266

রাজ্যের জমিতে ভারত সরকারের অধীনস্থ খনি

—শ্রী পেলব কবি P-571

রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প

—শ্রী আব্দুঃ মান্নান P-335

রায়না বিদ্যুৎ সাব-স্টেশন চালুকরণ

—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-69

রূপনারায়ণ নদে চিংড়ি চাষ

—শ্রী বংশীবদন মৈত্র PP-82-83

লোক-সংস্কৃতি গ্রাম

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-354-358

শহরের পার্কের নতুনভাবে রূপান্তর

—শ্রী সুকুমার দাস PP-179-180

শান্তিপুরে অগ্নি-নির্বাপককেন্দ্র স্থাপন

—শ্রী অজয় দে PP-65-66

শালতোড়া কো-অপারেটিভ সোসাইটিতে গোডাউন তৈরি

—শ্রী অঙ্গদ বাউড়ি P-77

শাঁকতোড়িয়া ও বেগুনিয়া জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীতকরণ

—শ্রী মানিকলাল আচার্য PP-59-60

শিল্পাঞ্চলে কর্মরত মানুষের মধ্যে পেশাগত রোগ

—শ্রী দেবব্রত ব্যানার্জি PP-268-269

শিক্ষিত বেকারের সংখ্যা

—শ্রী হাফিজ আলম সৈইরানী PP-70-71

শুশুনিয়া পাহাড়ের পাদদেশে স্বাস্থ্যকেন্দ্র খোলার পরিকল্পনা

—শ্রী সুভাষ গোস্বামী P-90

সবুজ দ্বীপে পর্যটনকেন্দ্র

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-134

সব্জি সংরক্ষণের পরিকল্পনা

—শ্রী বংশীবদন মৈত্র P-82

সব্জির মূল্যবৃদ্ধি

—শ্রী পঙ্কজ ব্যানার্জি PP-358-363

সরকার নিয়ন্ত্রিত পরিবহনে লাভ-লোকসান

—শ্রী শ্যামাদাস ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-332-333

সরকারি দুধের মূল্য

—শ্রী আব্দুল মান্নান PP-25-26

সরকারি হাসপাতালে সিটি স্ক্যান

—শ্রী পঙ্কজ ব্যানার্জি PP-35-36

সাগরদীঘির তাপবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী ঈদ মহম্মদ P-384

সাবমারসিবল টিউবওয়েল বসানোর পদ্ধতি

—শ্রী ঈদ মহম্মদ P-80

সালানপুর বরাবনী ব্লকে বৈদ্যুতিকরণ

—শ্রী মানিক উপাধ্যায় PP-343-344

সিঙ্গুরে ইন্দিরা আবাস প্রকল্পে নির্মিত বাড়ির সংখ্যা

—শ্রী কমল মুখার্জি PP-39-40

সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত নৌকা

—শ্রী সুভাষ নস্কর P-349

সুবর্ণরেখা সেচপ্রকল্প

—শ্রী আব্দুল মান্নান PP-129-131

সেতু থেকে টোল ট্যাক্স

—শ্রী শ্যামাদাস ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান P-251

হলদিয়ায় সার কারখানা

—শ্রী তপন হোড় P-370

হাওড়া জেলায় সরকারি জমি বেআইনিভাবে বিক্রি

—শ্রী রবীন্দ্র ঘোষ PP-183-184

হাজারদুয়ারিতে আলো আর ধ্বনির মাধ্যমে ঐতিহাসিক ঘটনাবলী প্রদর্শন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-55

হাসপাতালে পরিষেবার গুণগত মান উন্নয়ন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-253-258

হাঁসখালি উপস্বাস্থ্যকেন্দ্রে ঘর জবর দখল

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-60

হিমঘরের সংখ্যা

—শ্রী হাফিজ আলম সৈরানী P-86

হুগলি জেলায় ত্রাণ সামগ্রী বিলি

—শ্রী কমল মুখার্জি PP-40-45

হুগলি জেলায় দেবানন্দপুরে পর্যটন আবাস

—শ্রী রবীন মুখার্জি P-87

হুগলি নদীতে সেতু নির্মাণ

—শ্রী সুকুমার দাস PP-269-270

**Ruling from Chair** PP-585-586

**Statement Under Rule-346**

Regarding the report of the Comptroller and Auditor General of India for the year 1995-96

by—Dr. Asim Kumar Dasgupta PP-94-97

Regarding the demolition of historic buildings in Calcutta

by—Shri Ashok Bhattacharya PP-574-579

**STATEMENT ON CALLING ATTENTION**

Regarding the reported Looting of rifles, cartidges etc. from Prasadpur

Police Camp at Sonarpur, South 24-Parganas

by—Shri Asok Bhattacharyay PP-572-574

Statement on Calling Attention regarding murder of one Kalipada Sarkar on 6.6.97 in North 24 Parganas District

by—Shri Buddhadeb Bhattacharjee PP-372-374

Regarding the Steps taken by the Calcutta Corporation to clean up Calcutta

by—Shri Asok Bhattacharyay PP-572-574

**Zero Hour** PP-150-151

PP-580-581

PP-473-476

PP-102-103

PP-382-387

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006